লেকচার

Short সিলেবাসে

HSC সৃজনশীল

# MADE EASY

with Test Papers

# হিসাববিজ্ঞান

## প্রথম পত্র

অধিকতর ও Smart প্রস্তুতির জন্য

ডাউনলোড করতে QR Code টি স্ক্যান করো

অধিক অনুশীলনের জন্য এইচএসসিসহ মডেল টেস্ট ও শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা

পর্যায়ক্রমে আপলোড হবে...

# বিস্তারিত সূচি

● পৃষ্ঠা নং দেখে কাঙ্ক্ষিত বিষয়টির অবস্থান জেনে নিই


## এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল ---- ৪–৩৯

১. ঢাকা বোর্ড ২০২২ ....৪
২. রাজশাহী বোর্ড ২০২২ ....৬
৩. যশোর বোর্ড ২০২২ .... ৮
৪. কুমিল্লা বোর্ড ২০২২....১০
৫. চট্টগ্রাম বোর্ড ২০২২ ....১২
৬. সিলেট বোর্ড ২০২২....১৪
৭. বরিশাল বোর্ড ২০২২ ....১৬
৮. দিনাজপুর বোর্ড ২০২২ ....১৮
৯. ময়মনসিংহ বোর্ড ২০২২ ....২০
১০. ঢাকা বোর্ড ২০২১ ....২২
১১. রাজশাহী বোর্ড ২০২১ ....২৪
১২. যশোর বোর্ড ২০২১ ....২৬
১৩. কুমিল্লা বোর্ড ২০২১ ....২৮
১৪. চট্টগ্রাম বোর্ড ২০২১.... ৩০
১৫. সিলেট বোর্ড ২০২১ ....৩২
১৬. বরিশাল বোর্ড ২০২১ .... ৩৪
১৭. দিনাজপুর বোর্ড ২০২১ ....৩৬
১৮. ময়মনসিংহ বোর্ড ২০২১.... ৩৮

## এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি---- ৪০–৫৭

১৯. ঢাকা বোর্ড ২০২২ ....৪০
২০. রাজশাহী বোর্ড ২০২২ ....৪১
২১. যশোর বোর্ড ২০২২ ....৪২
২২. কুমিল্লা বোর্ড ২০২২.... ৪৩
২৩. চট্টগ্রাম বোর্ড ২০২২ ....৪৪
২৪. সিলেট বোর্ড ২০২২....৪৫
২৫. বরিশাল বোর্ড ২০২২ ....৪৬
২৬. দিনাজপুর বোর্ড ২০২২ ....৪৭
২৭. ময়মনসিংহ বোর্ড ২০২২ .... ৪৮
২৮. ঢাকা বোর্ড ২০২১ ....৪৯
২৯. রাজশাহী বোর্ড ২০২১ .... ৫০
৩০. যশোর বোর্ড ২০২১ ....৫১
৩১. কুমিল্লা বোর্ড ২০২১ ....৫২

৩২. চট্টগ্রাম বোর্ড ২০২১ ........ ৫৩
৩৩. সিলেট বোর্ড ২০২১ ........ ৫৪
৩৪. বরিশাল বোর্ড ২০২১ ........ ৫৫
৩৫. দিনাজপুর বোর্ড ২০২১ ........ ৫৬
৩৬. ময়মনসিংহ বোর্ড ২০২১ ........ ৫৭

## শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল ---------- ৫৮–৬৯

৩৭. আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা ........ ৫৮
৩৮. কুমিল্লা সরকারি মহিলা কলেজ ........ ৬০
৩৯. বি এ এফ শাহীন কলেজ, চট্টগ্রাম ........ ৬২
৪০. সিলেট ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট ........ ৬৪
৪১. অমৃত লাল দে মহাবিদ্যালয়, বরিশাল ........ ৬৬
৪২. দিনাজপুর সরকারি কলেজ ........ ৬৮

## শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি ---------- ৭০–৮২

৪৩. মাইলস্টোন কলেজ, ঢাকা ........ ৭০
৪৪. মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা ........ ৭১
৪৫. ঢাকা ইমপিরিয়াল কলেজ ........ ৭২
৪৬. আব্দুল কাদির মোল্লা, সিটি কলেজ, নরসিংদি ........ ৭৩
৪৭. খুলনা সরকারি মহিলা কলেজ, খুলনা ........ ৭৪
৪৮. ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, খুলনা ........ ৭৫
৪৯. কুমিল্লা সরকারি মহিলা কলেজ ........ ৭৬
৫০. বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম ........ ৭৭
৫১. জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট ........ ৭৮
৫২. সিলেট সরকারি কলেজ ........ ৭৯
৫৩. পটুয়াখালী সরকারি মহিলা কলেজ ........ ৮০
৫৪. পুলিশ লাইন্স স্কুল এন্ড কলেজ, রংপুর ........ ৮১
৫৫. শহীদ সৈয়দ নজরুল ইসলাম কলেজ, ময়মনসিংহ ........ ৮২

## এক্সক্লুসিভ মডেল টেস্ট : সৃজনশীল ---------- ৮৩–৮৮

৫৬. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১ ........ ৮৩
৫৭. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২ ........ ৮৫
৫৮. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩ ........ ৮৭

## এক্সক্লুসিভ মডেল টেস্ট ও উত্তরমালা : বহুনির্বাচনি ---------- ৮৯–৯১

৫৯. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪ ........ ৮৯
৬০. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৫ ........ ৯০
৬১. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৬ ........ ৯১

Part 02

# এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল

প্রশ্নের ধরন ও মানের ধারণার জন্য প্রদত্ত

## ১ ✓ ঢাকা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

**হিসাববিজ্ঞান প্রথম পত্র ⊙ সৃজনশীল প্রশ্ন**

পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ ধানসিঁড়ি এন্ড কোং-এর ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিল ও অন্যান্য তথ্য নিম্নরূপ :

**ধানসিঁড়ি এন্ড কোং-এর**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| পণ্য ক্রয় | ২,২৫,০০০ | |
| পণ্য বিক্রয় | | ৪,৬০,৮০০ |
| অফিস সরঞ্জাম | ২,৮০,০০০ | |
| আসবাবপত্র | ১,৩০,০০০ | |
| মজুদ পণ্য (১-১-২১) | ২২,৫০০ | |
| ফেরত | ৫,০০০ | ২,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৯৫,০০০ | ৬৮,০০০ |
| আমদানি শুল্ক | ১৫,০০০ | |
| পরিবহন খরচ | ১২,০০০ | |
| ভাড়া খরচ | ৩৫,৫০০ | |
| মনিহারি | ৪,০০০ | |
| উত্তোলন | ৫,০০০ | |
| ১০% ঋণ | | ১,০০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | | ৬৫,০০০ |
| মজুরি খরচ | ২৪,০০০ | |
| বেতন খরচ | ২২,৮০০ | |
| মূলধন | | ১,৮০,০০০ |
| | ৮,৭৫,৮০০ | ৮,৭৫,৮০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ২৮,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে; (২) প্রারম্ভিক মজুদের মধ্যে ৫০০ টাকা এবং সমাপনী মজুদের মধ্যে ১,৫০০ টাকার মনিহারি দ্রব্যাদির মূল্য অন্তর্ভুক্ত রয়েছে; (৩) মজুরি ৬,০০০ টাকা এবং বেতন ৭,২০০ টাকা বকেয়া রয়েছে; (৪) প্রচারের উদ্দেশ্যে ৫,০০০ টাকার পণ্য বিনামূল্যে ভোক্তাদের মধ্যে বিতরণ করা হয়েছে যা হিসাবভুক্ত হয়নি; (৫) প্রাপ্য হিসাবের ৩,০০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্টাংশের উপর ৫% হারে অনাদায়ি পাওনা সঞ্চিতি ধার্য কর।

ক. চলতি বছরের মনিহারি খরচের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ধানসিঁড়ি এন্ড কোং এর বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪
গ. নিট লাভ ৯৯,২০০ টাকা ধরে ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে ধানসিঁড়ি এন্ড কোং-এর মালিকানাস্বত্ব ও মোট দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▸ স্বাধীন রিপেয়ার'স সার্ভিস এর ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে নিম্নোক্ত রেওয়ামিল ও অন্যান্য তথ্য প্রদত্ত হলো :

**স্বাধীন রিপেয়ার'স সার্ভিসের**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| আসবাবপত্র | ৫০,০০০ | |
| যন্ত্রপাতি | ৭২,০০০ | |
| সেবা আয় | | ৯৫,০০০ |
| সাপ্লাইজ | ৬,০০০ | |
| প্রাপ্য হিসাব | ২৮,০০০ | |
| প্রদেয় হিসাব | | ২১,০০০ |
| উত্তোলন | ৬,০০০ | |
| অনুপার্জিত সেবা আয় | | ২৫,০০০ |
| পুঞ্জীভূত অবচয় (আসবাবপত্র) | | ৫,০০০ |
| বেতন খরচ | ১৫,০০০ | |
| উপভাড়া | | ৮,০০০ |
| বিনিয়োগ | ৪০,০০০ | |
| মূলধন | | ৭৫,০০০ |
| ভাড়া খরচ | ১২,০০০ | |
| | ২,২৯,০০০ | ২,২৯,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) মাসিক বেতন খরচের পরিমাণ ১,৫০০ টাকা; (২) ধারে সেবা প্রদান করা হয়েছে ১৫,০০০ টাকা, যা হিসাবভুক্ত হয়নি; (৩) অনুপার্জিত সেবা আয়ের ২/৫ অংশ অর্জিত হয়েছে; (৪) বছর শেষে অব্যবহৃত সাপ্লাইজের পরিমাণ ছিল ২,৫০০ টাকা; (৫) আসবাবপত্রের উপর ১০% হারে অবচয় ধার্য কর।

ক. মোট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের স্বাধীন রিপেয়ার'স সার্ভিসের বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. উপর্যুক্ত তারিখে স্বাধীন রিপেয়ার'স সার্ভিসের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

### খ বিভাগ

৩ ▸ সোনালি ট্রেডার্স ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ১,৫০,০০০ টাকা, আসবাবপত্র ৩০,০০০ টাকা এবং ৭০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় আরম্ভ করে। উক্ত মাসে প্রতিষ্ঠানটির অন্যান্য লেনদেন নিম্নরূপ ছিল :

২০২১
জানু. ৫ পণ্য ক্রয় ৪৮,০০০ টাকা।
" ১২ বাকিতে পণ্য বিক্রয় ৩৫,০০০ টাকা।
" ১৯ উত্তোলন ৬,০০০ টাকা।
" ২৫ ভাড়া প্রদান ১৫,০০০ টাকা।
" ৩০ কমিশন পাওয়া গেল ৩,০০০ টাকা।

ক. সোনালি ট্রেডার্সের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. জানুয়ারি ১, ১২, ১৯ ও ৩০ তারিখের লেনদেনগুলোর কারণসহ ডেবিট ক্রেডিট নির্ণয় কর। ৪
গ. জানুয়ারি ১, ৫, ১২ ও ১৯ তারিখের লেনদেনগুলোর হিসাব সমীকরণের উপর প্রভাব দেখাও। ৪

৪ ▸ শঙ্খচিল ট্রেডিং ২০২১ সালের ১ জুলাই নগদ ৮০,০০০ টাকা, আসবাবপত্র ৪০,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ৫০,০০০ টাকা নিয়ে ব্যবসায় আরম্ভ করে। সংশ্লিষ্ট মাসে ব্যবসায়ের অন্যান্য লেনদেন নিম্নরূপ ছিল :

২০২১
জুলাই ৩ ১০% বাট্টায় জনাব আকাশের নিকট বিক্রয় ৪০,০০০ টাকা।
" ৯ ৫% বাট্টায় নগদ ক্রয় ৩০,০০০ টাকা।
" ১৫ ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন ৮,০০০ টাকা।
" ২০ পুরাতন আসবাবপত্র বিক্রয় ১৫,০০০ টাকা।
" ২৩ রূপালি লিমিটেডের শেয়ার ক্রয় ৫০,০০০ টাকা।
" ২৭ জুলাই ৩ তারিখে পাওনা ৫% বাট্টায় পূর্ণ নিষ্পত্তিতে আদায় হলো।
" ৩০ নগদ বিক্রয় ২৫,০০০ টাকা।

ক. নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. জুলাই ৯, ১৫, ২৩ ও ২৭ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪
গ. চলমান জের ছকে আসবাবপত্র হিসাব ও বিক্রয় হিসাব প্রস্তুত কর। ৪

**৫** ▸ ২০২১ সালের এপ্রিল মাসে জনাব সৈকতের ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপ :

২০২১

| | | |
|---|---|---|
| এপ্রিল | ১ | জনাব সৈকত নগদ ৪৫,০০০ টাকা ও ৬৫,০০০ টাকার ব্যাংক জমা নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। |
| ” | ৫ | উর্মি ট্রেডার্সের নিকট হতে পণ্য ক্রয় ৫০,০০০ টাকা, যার মধ্যে নগদ ২০,০০০ টাকার, চেক মারফত ১৫,০০০ টাকার এবং ধারে ১৫,০০০ টাকার পণ্য। |
| ” | ১২ | ব্যাংকে নগদ জমা দেওয়া হলো ২৫,০০০ টাকা। |
| ” | ১৮ | জনাব সাগরের নিকট পণ্য বিক্রয় ২৮,০০০ টাকা। |
| ” | ২১ | নগদে পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা। |
| ” | ২২ | উর্মি ট্রেডার্সের নিকট আমাদের দেনা ১৫,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ১৪,৫০০ টাকা পরিশোধ করা হলো। |
| ” | ২৭ | জনাব সাগরের নিকট পাওনা টাকার ৫% বাট্টায় পূর্ণ নিষ্পত্তিতে আদায় হলো। |
| ” | ৩০ | চেক মারফত কর্মচারীর বেতন প্রদান ১২,০০০ টাকা। |

ক. প্রদত্ত নগদ বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা একটি উপযুক্ত নগদান বই প্রস্তুত কর। ৪

**৬** ▸ ব্রহ্মপুত্র এন্ড কোং এর ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্তের পরিমাণ ছিল ৫২,৪০০ টাকা। কিন্তু ব্যাংক বিবরণীতে এর ভিন্নতা দেখা যায়, যার কারণসহ নিম্নরূপ :

(i) পরিশোধের জন্য চেক ইস্যু করা হয়েছে ১৫,০০০ টাকা যা উপর্যুক্ত তারিখের মধ্যে ব্যাংকে উপস্থাপিত হয়নি।

(ii) আদায়ের জন্য ব্যাংকে ৮,০০০ টাকা ও ১২,০০০ টাকার দুটি চেক জমা দেওয়া হয়েছিল, ব্যাংক উপর্যুক্ত তারিখ পর্যন্ত ১ম চেকটির টাকা আদায় করেছে।

(iii) ব্যাংক কর্তৃক প্রাপ্য হিসাবের টাকা সরাসরি আদায় ২০,০০০ টাকা যা নগদান বইতে লিপিবদ্ধ হয়নি

(iv) ৮,০০০ টাকার একটি প্রাপ্য বিল ৪০০ টাকা বাট্টায় ব্যাংকে বাট্টাকরণ করা হয়েছে, কিন্তু নগদান বইতে পূর্ণমূল্য দ্বারা ডেবিট করা হয়েছে।

(v) ব্যাংক কর্তৃক সুদ মঞ্জুর ১,৫০০ টাকা এবং ধার্যকৃত চার্জ ৫০০ টাকা।

(vi) অফিস ভাড়া ৬,০০০ টাকা ব্যাংক কর্তৃক পরিশোধ করা হয়েছে যা নগদান বইতে লিপিবদ্ধ হয়নি।

ক. (iv) নং দফায় ব্যাংকে কত টাকা কম লেখা হয়েছে? ২

খ. উপর্যুক্ত তথ্যাবলি দ্বারা একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. ব্রহ্মপুত্র এন্ড কোং এর বইতে (iii), (v) এবং (vi) নং লেনদেনসমূহের জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

**৭** ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে আফতাব এন্ড মাহতাব কোং এর খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| আসবাবপত্র | ৯০,০০০ |
| উত্তোলন | ২০,০০০ |
| ট্রেডমার্ক | ১,৩০,০০০ |
| মজুদ পণ্য (১-১-২১) | ৪৪,৫০০ |
| পরিবহন খরচ | ১৬,৫০০ |
| শিক্ষানবিশ সেলামি | ১২,০০০ |
| পণ্য ক্রয় | ৩,২০,০০০ |
| পণ্য বিক্রয় | ৫,৭৫,০০০ |
| বিমা সেলামি | ৩২,০০০ |
| অগ্রিম উপভাড়া | ২৪,০০০ |
| মজুরি | ২২,০০০ |
| প্রাপ্য হিসাব | ৭৮,০০০ |
| বেতন | ৩০,০০০ |
| প্রদেয় হিসাব | ৬২,০০০ |
| মূলধন | ২,৩০,০০০ |
| সুনাম | ৮০,০০০ |
| বিজ্ঞাপন | ৪০,০০০ |
| মজুদ পণ্য (৩১-১২-২০২১) | ৫৮,৫০০ |

ক. অস্পর্শনীয় সম্পদের মোট পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত খতিয়ান উদ্বৃত্ত হতে একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

গ. মুনাফাজাতীয় ব্যয় ও আয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

**৮** ▸ রূপালী ট্রেডার্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিল প্রস্তুতের পর নিম্নোক্ত ভুলগুলো ধরা পড়ে :

(i) ১০,০০০ টাকার মেশিন বিক্রয় করে বিক্রয় হিসাবকে ক্রেডিট করা হয়েছে।

(ii) ধারে বিক্রয় ৩০,০০০ টাকা ভুলবশত বিক্রয় হিসাবে ৩,০০০ টাকা লেখা হয়েছে।

(iii) ২০,০০০ টাকা বেতন প্রদান করে বেতন হিসাবে দু'বার ডেবিট করা হয়েছে।

(iv) স্বত্বাধিকারী কর্তৃক পণ্য উত্তোলন ৮,০০০ টাকা ভুলবশত হিসাবের বইতে লেখা হয়নি।

ক. নীতিগত ভুলের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ভুলগুলোর সংশোধনী দাখিলা দাও। ৪

গ. বিক্রয় হিসাবের জের ২,৮৩,০০০ টাকা ধরে বিক্রয় হিসাব এবং অনিশ্চিত হিসাবের ক্রেডিট জের ৪৭,০০০ টাকা ধরে অনিশ্চিত হিসাব প্রস্তুত কর। ৪

**৯** ▸ মেসার্স রংধনু ট্রেডার্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের রেওয়ামিল নিম্নরূপ :

**মেসার্স রংধনু ট্রেডার্সের**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| আসবাবপত্র | ৩৩,০০০ | |
| সেবা আয় | | ১,১৮,০০০ |
| বেতন খরচ | ৩২,০০০ | |
| সাপ্লাইজ | ৮,০০০ | |
| অগ্রিম বিমা | ৩০,০০০ | |
| অনুপার্জিত আয় | | ৪৫,০০০ |
| মূলধন | | ১,০০,০০০ |
| ভূমি ও দালান | ১,৬০,০০০ | |
| | ২,৬৩,০০০ | ২,৬৩,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) বেতন বকেয়া রয়েছে ১০,০০০ টাকা; (২) অগ্রিম বিমার ২৪,০০০ টাকার মেয়াদ উত্তীর্ণ হয়েছে; (৩) ব্যবহৃত সাপ্লাইজের পরিমাণ ৫,০০০ টাকা; (৪) আসবাবপত্রের উপর ১০% হারে অবচয় ধার্য কর।

ক. বছর শেষে সাপ্লাইজের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত সমন্বয়গুলোর জাবেদা দাখিলা দাও। ৪

গ. একটি ১০ ঘর বিশিষ্ট কার্যপত্র প্রস্তুত কর। ৪

**১০** ▸ ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে আবীর এন্ড সন্স ৩,২০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে। মেশিনটির পরিবহন খরচ ৩০,০০০ টাকা এবং সংস্থাপন ব্যয় ৫০,০০০ টাকা। মেশিনটির কার্যকর আয়ুষ্কাল ৫ বছর এবং উক্ত বছর শেষে এটি ২০,০০০ টাকায় বিক্রয় করা যাবে বলে প্রতীয়মান হয়। প্রতিষ্ঠানটি প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে তার হিসাব সমাপ্ত করে। বার্ষিক ২০% হারে সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়।

ক. মেশিনটির অবচয়যোগ্য মূল্য নির্ণয় কর। ২

খ. ২০২০ এবং ২০২১ সালের জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

গ. ২০২০ ও ২০২১ সালের জন্য মেশিন হিসাব ও অবচয় খরচ হিসাব প্রস্তুত কর। ৪

**১১** ▸ চৌধুরী এন্ড কোং ২০১৮ সালের ১ জুলাই তারিখে ৪,২০,০০০ টাকা মূল্যে একটি যন্ত্র ক্রয় করে। যন্ত্রটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৫০,০০০ টাকা। প্রতিষ্ঠানটি দ্বৈত ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করে থাকে। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব সমাপ্ত হয়।

ক. অবচয়ের হার নির্ণয় কর। ২

খ. প্রথম ৪ বছরের একটি অবচয় তালিকা তৈরি কর। ৪

গ. ২০১৮ সাল থেকে ২০২১ সাল পর্যন্ত পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

## ২ রাজশাহী বোর্ড ২০২২

বিষয় কোড : 253

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট

**হিসাববিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন**

পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▶ জনাব সাদ হিমেল একজন কনসালটেন্ট। তিনি ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে 'হিমেল কনসালটেন্সি ফার্ম' নামক একটি সেবাধর্মী ব্যবসায় প্রতিষ্ঠান শুরু করেন। ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রতিষ্ঠানটির রেওয়ামিল ছিল নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ ও ব্যাংক | ১,২০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৮০,০০০ | |
| বিমা প্রিমিয়াম | ১০,০০০ | |
| অফিস সরঞ্জাম | ১,৭০,০০০ | |
| সেবা আয় | | ১,৪০,০০০ |
| মূলধন | | ১,৯৩,৫০০ |
| উত্তোলন | ৩,৫০০ | |
| অনুপার্জিত সেবা আয় | | ৩০,০০০ |
| ১০% ঋণ (০১-০৭-২০২১) | | ১,৫০,০০০ |
| সাপ্লাইজ | ১২,০০০ | |
| প্রদেয় হিসাব | | ১৫,০০০ |
| উপযোগ খরচ | ১০,০০০ | |
| বেতন | ১,১৬,০০০ | |
| ভাড়া | ৭,০০০ | |
| | ৫,২৮,৫০০ | ৫,২৮,৫০০ |

**সমন্বয়সমূহ :** (১) ব্যবহৃত সাপ্লাইজের পরিমাণ ৫,০০০ টাকা; (২) বিমা প্রিমিয়াম ২ বছরের জন্য প্রদান করা হয়েছে; (৩) স্থায়ী সম্পত্তির উপর ৫% হারে অবচয় ধার্য কর; (৪) অনুপার্জিত সেবা আয়ের ২০,০০০ টাকা উপার্জিত হয়েছে।

ক. ঋণের সুদ নির্ণয় কর। ২

খ. ৩১-১২-২০২১ তারিখে সমাপ্ত বছরের আয় বিবরণী তৈরি কর। ৪

গ. ৩১-১২-২০২১ তারিখে ব্যবসায়ের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

২ ▶ মেসার্স জুনাকী ট্রেডার্সের রেওয়ামিলটি নিম্নরূপ :

**মেসার্স জুনাকী ট্রেডার্সের রেওয়ামিল**

৩০ জুন, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ৫,০৯,০০০ |
| উত্তোলন | ১০,০০০ | |
| নগদ ও ব্যাংক জমা | ১,৮১,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২,৫০,০০০ | |
| ব্যাংক ঋণ | | ২,৫০,০০০ |
| ১০% বিনিয়োগ | ২,০০,০০০ | |
| ক্রয় (১৫% ভ্যাটসহ) | ৪,৭২,০০০ | |
| বিক্রয় (১৫% ভ্যাটসহ) | | ৮,২০,০০০ |
| বেতন | ৫০,০০০ | |
| মজুরি | ৬০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ২,৬০,০০০ | |
| প্রদেয় হিসাব | | ৩,৫০,০০০ |
| ভ্যাট চলতি হিসাব | | ২৪,০০০ |
| স্থায়ী সম্পত্তি | ৪,৮০,০০০ | |
| বিনিয়োগের সুদ | | ১০,০০০ |
| | ১৯,৬৩,০০০ | ১৯,৬৩,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) বেতন ১০,০০০ টাকা অগ্রিম প্রদান করা হয়েছে; (২) সমাপনী মজুদ পণ্য ১,৫০,০০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে; (৩) অনাদায়ি পাওনা হিসাবে ২,০০০ টাকা অবলোপন কর; (৪) স্থায়ী সম্পত্তির উপর ৭.৫% হারে অবচয় ধার্য কর।

ক. ভ্যাট চলতি হিসাব প্রস্তুত কর। ২

খ. মেসার্স জুনাকী ট্রেডার্সের আয় বিবরণী তৈরি কর। ৪

গ. ৩০-৬-২০২১ তারিখে চলতি সম্পদ ও চলতি দায় নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▶ জনাব সালাহউদ্দিন একজন ব্যবসায়ী। তিনি ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ১,০০,০০০ টাকা এবং ৫০,০০০ টাকার যন্ত্রপাতি নিয়ে ব্যবসা আরম্ভ করেন। জানুয়ারি মাসে তার ব্যবসায়ে নিম্নবর্ণিত লেনদেনগুলো সংঘটিত হয় :

জানু. ৪ ধারে পণ্য ক্রয় ৮০,০০০ টাকা।
" ৭ সৈকতের নিকট পণ্য বিক্রয় ১,০০,০০০ টাকা।
" ১২ নগদে পণ্য বিক্রয় ৩০,০০০ টাকা।
" ১৫ ক্রয়কৃত পণ্য ফেরত প্রদান ১০,০০০ টাকা।
" ২০ ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ৪,৫০০ টাকা।
" ২৫ সৈকতের নিকট থেকে ২% বাট্টা প্রদান সাপেক্ষে পাওনা টাকা আদায় করা হলো।
" ৩০ কর্মচারীদের বেতন প্রদান ১২,০০০ টাকা।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ক্রয় হিসাব এবং প্রাপ্য হিসাব প্রস্তুত কর। ৪

গ. জানুয়ারি মাসের ১৫, ২০, ২৫ এবং ৩০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা তৈরি কর। ৪

৪ ▶ সিমিন এন্টারপ্রাইজ তার খুচরা নগদান বই অগ্রদত্ত পদ্ধতিতে সংরক্ষণ করে। ২০২১ সালের মে মাসে তার ব্যবসায়ের খুচরা নগদসংক্রান্ত তথ্য নিম্নরূপ :

২০২১

মে ১ খুচরা নগদ উদ্বৃত্ত ১৫০ টাকা। প্রধান ক্যাশিয়ার থেকে প্রাপ্তি ৬৫০ টাকা।
" ৫ কাগজ ক্রয় ৬০ টাকা।
" ৮ রিকশা ভাড়া প্রদান ৩০ টাকা।
" ১১ কম্পিউটার ক্রয় ২০,০০০ টাকা।
" ১৫ ইন্টারনেট বিল ১০০ টাকা।
" ১৬ বিজ্ঞাপন বিল ২,৫০০ টাকা।
" ২১ মনিহারি খরচ ৮০ টাকা।
" ২৬ পিয়নকে বকশিশ প্রদান ২৫ টাকা।
" ৩০ কলম ক্রয় ৭০ টাকা।

ক. খুচরা নগদান বহির্ভূত লেনদেনগুলো চিহ্নিত কর। ২

খ. অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই প্রস্তুত কর। ৪

গ. খুচরা ব্যয়গুলোর খতিয়ান হিসাব তৈরি কর। ৪

**৫ ▸** ৩১-১২-২০২১ তারিখে রিমি স্টোর এর হিসাব বইতে রেওয়ামিল তৈরির পূর্বে নিম্নবর্ণিত ভুলগুলো ধরা পড়ে :

(১) শ্যামা এর নিকট থেকে প্রাপ্ত ৫০,০০০ টাকা ইমার হিসাব খাতে ক্রেডিট করা হয়েছে।
(২) স্বত্বাধিকারী কর্তৃক পণ্য উত্তোলন ১০,০০০ টাকা বিক্রয় বইয়ে লেখা হয়েছে।
(৩) বাকিতে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা বহিঃফেরত বইয়ে লেখা হয়েছে।
(৪) ১০,০০০ টাকার পণ্য ক্রয় বিক্রয় বইয়ে লেখা হয়েছে।

ক. ১ ও ২নং ভুলের শ্রেণি উল্লেখ কর। ২
খ. ভুলগুলোর জন্য সংশোধনী জাবেদা তৈরি কর। ৪
গ. বিক্রয় হিসাবের প্রারম্ভিক উদ্বৃত্ত ২৫,০০০ টাকা ধরে রিমি স্টোর এর বিক্রয় হিসাব প্রস্তুত কর। ৪

**৬ ▸** জনাব জাহেদ ইকবাল নগদ ৩০,০০০ টাকা এবং ২০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ১-১-২০২১ তারিখে ব্যবসা আরম্ভ করেন। জানুয়ারি মাসে তার ব্যবসায়ের লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

২০২১
জানু. ২ নগদ ১০,০০০ টাকা এবং ধারে ১৫,০০০ টাকার পণ্য ক্রয়।
" ১০ ক্রয় পরিবহন পরিশোধ ৭০০ টাকা।
" ১৫ ক্রয় ফেরত ১,০০০ টাকা।
" ২০ ধারে পণ্য বিক্রয় ২২,০০০ টাকা।
" ৩০ বেতন পরিশোধ ২,০০০ টাকা।

ক. নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. জানুয়ারি মাসের ২, ১০, ২০ এবং ৩০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা তৈরি কর। ৪
গ. টেবুলার ছকে হিসাব সমীকরণের উপর লেনদেনগুলোর প্রভাব দেখাও। ৪

**৭ ▸** জনাব আজম বুলবুলের ব্যবসায়ের হিসাব বই থেকে নিম্নবর্ণিত লেনদেনগুলো উপস্থাপন করা হলো :

২০২১
মে ১ ব্যাংক জমা ৮০,০০০ টাকা এবং নগদ উদ্বৃত্ত ৩০,০০০ টাকা।
" ৬ ৫% বাট্টায় নগদে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা।
" ৯ চেক মারফত বিজ্ঞাপন ব্যয় পরিশোধ ২,০০০ টাকা।
" ১৪ ব্যাংক হতে উত্তোলন ১০,০০০ টাকা।
" ২২ পল্লবকে ৫% বাট্টা মঞ্জুর করে তার নিকট থেকে ২,৮৫০ টাকার চেক পাওয়া গেল।
" ৩০ বিনা মূল্যে পণ্য বিতরণ ৬০০ টাকা।

ক. প্রদত্ত বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২
খ. মে মাসের একটি তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪
গ. নগদ প্রদান জাবেদা তৈরি কর। ৪

**৮ ▸** ঐশী ট্রেডার্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো নিচে দেওয়া হলো :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| মূলধন | ৮০,০০০ |
| নগদ ও ব্যাংক | ২২,০০০ |
| ক্রয় | ৫০,০০০ |
| বিক্রয় | ৮৫,০০০ |
| প্রাপ্য হিসাব | ১০,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ৬০,০০০ |
| আসবাবপত্র | ২০,০০০ |
| বেতন | ৩০,০০০ |
| কমিশন প্রাপ্তি | ৫,০০০ |
| মজুরি | ২০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১৫,০০০ |
| প্রারম্ভিক নগদ তহবিল | ১২,০০০ |

ক. কোন কোন দফাগুলো রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না চিহ্নিত কর। ২
খ. মুনাফাজাতীয় আয় ও ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. ৩১-১২-২০২১ তারিখে একটি রেওয়ামিল তৈরি কর। ৪

**৯ ▸** জনাব শাকিল রাব্বী ০১-০১-২০২০ তারিখে চীন থেকে ১,০০,০০০ টাকা মূল্যের একটি যন্ত্র আমদানি করেন। মেশিনটির আমদানি শুল্ক ১০,০০০ টাকা। বহন খরচ ও সংস্থাপন ব্যয় যথাক্রমে ২৫,০০০ টাকা এবং ৩৫,০০০ টাকা। মেশিনটির আনুমানিক জীবনকাল ১০ বছর। ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাবকার্য সমাপ্ত করা হয়।

ক. যন্ত্রটির অবচয়যোগ্য মূল্য নির্ণয় কর। ২
খ. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে ৪ বছরের অবচয় নির্ণয় কর। ৪
গ. স্থিরকিস্তি পদ্ধতিতে ৪ বছরের মেশিন হিসাব প্রস্তুত কর। ৪

**১০ ▸** ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে তিতলি ট্রেডার্সের নগদ বইয়ের উদ্বৃত্ত ছিল ২৮,০০০ টাকা। কিন্তু ব্যাংক বিবরণীর সাথে নগদ উদ্বৃত্তের পার্থক্য পরিলক্ষিত হয়। পরীক্ষা-নিরীক্ষার পর নিম্নবর্ণিত গরমিলগুলো পাওয়া যায় :

(১) পরিশোধের জন্য ৬,৫০০ টাকা এবং ৩,৫০০ টাকার দুইটি চেক ইস্যু করা হয়েছে কিন্তু প্রথম চেকটি এখনও ব্যাংকে উপস্থাপন করা হয়নি।
(২) আদায়ের জন্য ব্যাংকে ৩,০০০ টাকার একটি চেক জমা দেওয়া হয়েছে কিন্তু তা নগদান বহিতে লেখা হয়নি।
(৩) ২,৫০০ টাকার একটি প্রদেয় বিল ব্যাংক কর্তৃক পরিশোধিত হয়েছে কিন্তু নগদ বহিতে লেখা হয়নি।
(৪) ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ ১৫০ টাকা নগদ বইয়ে লেখা হয়নি।

ক. ১নং আইটেম অনুযায়ী কত টাকার চেক ব্যাংক পরিশোধ করেছে। ২
খ. নগদান বইয়ে লেখা হয়নি এরূপ টাকার পরিমাণ নির্ণয় কর। ৪
গ. একটি ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি কর। ৪

**১১ ▸** ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে ABC কোং এর একটি রেওয়ামিল নিচে দেওয়া হলো :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ৬০,০০০ |
| বিক্রয় | | ১,৪০,০০০ |
| আসবাবপত্র | ২০,০০০ | |
| যন্ত্রপাতি | ৬০,০০০ | |
| বিক্রীত পণ্যের ব্যয় | ৬৫,০০০ | |
| প্রাপ্য হিসাব | ২৫,০০০ | |
| মজুরি | ১৫,০০০ | |
| বেতন | ৩০,০০০ | |
| প্রদেয় হিসাব | | ১৫,০০০ |
| | ২,১৫,০০০ | ২,১৫,০০০ |

**অতিরিক্ত তথ্য :** (১) আসবাবপত্রের উপর ১০% হারে অবচয় ধার্য কর; (২) মজুরি ২,০০০ টাকা বকেয়া রয়েছে; (৩) ৫% হারে অনাদায়ি পাওনা ধার্য কর।

ক. বকেয়া মজুরির জন্য সমন্বয় জাবেদা প্রস্তুত কর। ২
খ. একটি ৮ ঘরবিশিষ্ট কার্যপত্র তৈরি কর। ৪
গ. সমাপনী জাবেদাগুলো প্রস্তুত কর। ৪

# ৩ যশোর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

## হিসাববিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ মি. সাকিবের ৩১ ডিসেম্বর ২০২১ সালের রেওয়ামিল নিম্নরূপ :

রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ তহবিল | ৩০,০০০ | |
| বেতন | ১২,০০০ | |
| উত্তোলন | ৫,০০০ | |
| আসবাবপত্র | ৮০,০০০ | |
| ১০% প্রদেয় নোট | | ১৫,০০০ |
| অগ্রিম বিমা | ২০,০০০ | |
| সাপ্লাইজ | ৭,০০০ | |
| উপযোগ খরচ | ৮,০০০ | |
| প্রদেয় হিসাব | | ১০,০০০ |
| পুঞ্জীভূত অবচয় (আসবাবপত্র) | | ৪,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | | ২০,০০০ |
| বিজ্ঞাপন | ২১,০০০ | |
| সেবা আয় | | ৮০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৩২,০০০ | |
| মূলধন | | ৮৬,০০০ |
| | ২,১৫,০০০ | ২,১৫,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সেবা প্রদান করা হয়েছে কিন্তু আদায় হয়নি ২০,০০০ টাকা; (২) প্রতি মাসে বিমা খরচ অতিক্রান্ত হয়েছে ১,০০০ টাকা; (৩) সাপ্লাইজ মজুদ রয়েছে ২,০০০ টাকা; (৪) অনুপার্জিত সেবা আয়ের ৫,০০০ টাকা উপার্জিত হয়েছে; (৫) আসবাবপত্রের উপর ৫% হারে অবচয় ধার্য কর।

ক. ব্যবহৃত সাপ্লাইজের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য নিট আয় বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. প্রতিষ্ঠানের ৩১ ডিসেম্বর ২০২১ সালের আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

২ ▸ মাশরাফি ট্রেডার্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| উত্তোলন | ৫০,০০০ | |
| হাতে নগদ | ১,৫০,০০০ | |
| মজুদ পণ্য (১-১-২০২১) | ১,০০,০০০ | |
| মজুরি | ৪০,০০০ | |
| ইজারা সম্পত্তি (১০ বছর) | ৩,০০,০০০ | |
| পণ্য ক্রয় (১৫% ভ্যাটসহ) | ২,৩০,০০০ | |
| বেতন | ৬০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১,৪৫,০০০ | |
| মূলধন | | ৪,৫০,০০০ |
| ভ্যাট চলতি হিসাব | ৫০,০০০ | |
| অনাদায়ি দেনা | ৫,০০০ | |
| পণ্য বিক্রয় (১৫% ভ্যাটসহ) | | ৪,৬০,০০০ |
| প্রদেয় হিসাব | | ২,০০,০০০ |
| অনাদায়ি দেনা সঞ্চিতি | | ৮,০০০ |
| উপভাড়া | | ১২,০০০ |
| | ১১,৩০,০০০ | ১১,৩০,০০০ |

**সমন্বয় :** (১) সমাপনী মজুদ পণ্য ১,৫০,০০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে; (২) প্রাপ্য হিসাবের উপর ১০% অনাদায়ি পাওনা সঞ্চিতি তৈরি কর; (৩) বেতন বকেয়া আছে ১০,০০০ টাকা, উপভাড়া অনাদায়ি আছে ৮,০০০ টাকা; (৪) অগ্রিম মজুরি প্রদান ১০,০০০ টাকা।

ক. ভ্যাট চলতি হিসাব তৈরি কর। ২

খ. মোট লাভ নির্ণয় কর। ৪

গ. মোট লাভ ১,১০,০০০ টাকা ধরে চলতি বছরের নিট লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▸ জনাব কামাল ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ৫০,০০০ টাকা, ২০,০০০ টাকার পণ্যদ্রব্য এবং ৩০,০০০ টাকা ঋণ নিয়ে কারবার শুরু করেন। উক্ত মাসে তার কারবারের অন্যান্য লেনদেনসমূহ ছিল নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| জানু. | ৫ | তামিমের নিকট নগদে মাল বিক্রয় ৪০,০০০ টাকা। |
| " | ৮ | নগদে আসবাবপত্র ক্রয় ১০,০০০ টাকা। |
| " | ১২ | ভ্যাটসহ নগদে মাল ক্রয় ৩৪,৫০০ টাকা। |
| " | ১৫ | বহিঃফেরত ৭,০০০ টাকা। |
| " | ২০ | কমিশন পাওয়া গেল ৫,০০০ টাকা। |
| " | ২৩ | রুবেলের নিকট হতে পণ্য ক্রয় ১৫,০০০ টাকা। |
| " | ২৭ | ভাড়া প্রদান ১২,০০০ টাকা। |
| " | ৩০ | রুবেলকে তার পাওনা টাকার পূর্ণ নিষ্পত্তিতে ১১,৫০০ টাকা প্রদান করা হলো। |

ক. জনাব কামালের প্রারম্ভিক মূলধন গণনাসহ নির্ণয় কর। ২

খ. ১২, ১৫, ২০ ও ৩০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

গ. ৫, ৮, ২৩ ও ২৭ তারিখের লেনদেনগুলোর সাহায্যে টেবুলার ছকে হিসাব সমীকরণের প্রভাব দেখাও। ৪

৪ ▸ জনাব রহিম মিয়া ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ১,০০,০০০ টাকা এবং ৫০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে কারবার শুরু করেন। উক্ত মাসে তার অন্যান্য লেনদেনসমূহ ছিল নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| জানু. | ৩ | মাসিক ১২,০০০ টাকা বেতনে একজন কর্মচারী নিয়োগ প্রদান করা হলো। |
| " | ৮ | নগদে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা। |
| " | ১৫ | ধারে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা। |
| " | ১৮ | আলমের নিকট পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা। |
| " | ২৫ | নিজস্ব তহবিল থেকে রহিম মিয়া জীবন বিমা প্রিমিয়াম প্রদান করেন ৫০০ টাকা। |
| " | ৩০ | কর্মচারীর বেতন প্রদান ১২,০০০ টাকা। |

ক. যে সকল ঘটনা লেনদেন নয় এমন ঘটনার মোট টাকার পরিমাণ গণনাসহ নির্ণয় কর। ২

খ. যে সকল ঘটনা লেনদেন সেগুলোর হিসাবখাত উল্লেখপূর্বক আধুনিক পদ্ধতিতে শ্রেণিবিন্যাস করে দেখাও। ৪

গ. চলমান জের ছকে নগদান হিসাব এবং মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৫ ▸ আলম ব্রাদার্সের ব্যাংকসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :
(১) নগদান বই মোতাবেক ৩১ ডিসেম্বর ২০২১ ব্যাংক জমার উদ্বৃত্ত ২০,০০০ টাকা।
(২) জমাকৃত চেক কিন্তু ব্যাংক বিবরণীতে ক্রেডিট করা হয়নি ৩,০০০ টাকা।
(৩) ইস্যুকৃত চেক ব্যাংকে উপস্থাপন করা হয়নি ২,০০০ টাকা।
(৪) ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ ৫০ টাকা।
(৫) ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ ৪০ টাকা।
(৬) ব্যাংকে জমাকৃত চেক অমর্যাদা হয়ে ফেরত এসেছে ২,০০০ টাকা।
(৭) দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমা ৫,০০০ টাকা, যা নগদান বইতে লেখা হয়নি।
(৮) আদায়ের জন্য ব্যাংকে জমাকৃত চেক যা আদায় হয়নি ৩,০০০ টাকা।
(৯) ব্যাংক ৫০০ টাকা প্রদেয় বিলের অর্থ পরিশোধ করেছে, যা নগদান বইতে লেখা হয়নি।

ক. ব্যাংক বিবরণীতে লেখা হয়নি এরূপ লেনদেনের মোট টাকার পরিমাণ কত? ২
খ. ১, ২, ৩, ৪ ও ৫নং লেনদেন দ্বারা একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. ৪, ৫, ৬, ও ৭নং লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

৬ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সোনালী ব্রাদার্সের হিসাব বই থেকে নিম্নোক্ত তথ্যাবলি নেওয়া হয়েছে :
(১) পাস বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৩০,০০০ টাকা।
(২) প্রাপ্য হিসাব কর্তৃক সরাসরি ব্যাংকে জমা ৭,০০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।
(৩) ৭,৫০০ টাকার চেক ইস্যু করা হয়েছে যা ব্যাংকে এখনও উপস্থাপন হয়নি।
(৪) ব্যাংক প্রাপ্য বিলের টাকা আদায় করেছে ৫,০০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।
(৫) ৬,৫০০ টাকার চেক ব্যাংকে জমা দেওয়া হয়েছে যা ব্যাংক কর্তৃক এখনও আদায় হয়নি।
(৬) ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ ৩৫০ টাকা এবং মঞ্জুরিকৃত সুদ ৪০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।

ক. ২ ও ৪নং দফার লেনদেনগুলোর জন্য আমানতকারীর বইতে জাবেদা দাও। ২
খ. শুধুমাত্র ব্যাংক বিবরণীতে লেখা হয়েছে এমন লেনদেনসমূহের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখে উপরিউক্ত লেনদেনগুলো নিয়ে একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

৭ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সাগর ব্রাদার্সের খতিয়ান উদ্বৃত্ত নিম্নরূপ :

মূলধন ১,০০,০০০ টাকা, কলকব্জা ৮০,০০০ টাকা, প্রদেয় বিল ১৭,০০০ টাকা, মজুরি ৫,০০০ টাকা, শিক্ষানবিশ সেলামি ১০,০০০ টাকা, ক্রয় ৪৫,০০০ টাকা, প্রাপ্য হিসাব ২৫,০০০ টাকা, প্রদেয় হিসাব ১৫,০০০ টাকা, ট্রেডমার্ক ৫০,০০০ টাকা, বিক্রয় ৭৫,০০০ টাকা, ডক চার্জ ৪,৫০০ টাকা, ব্যাংক জমাতিরিক্ত ২৩,০০০ টাকা, আমদানি শুল্ক ৫,০০০ টাকা, হাতে নগদ ২৫,৫০০ টাকা।

ক. মুনাফাজাতীয় আয় নির্ণয় কর। ২
খ. রেওয়ামিল প্রস্তুত কর। ৪
গ. চলতি সম্পত্তি ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৮ ▸ হাফিজ অ্যান্ড সন্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| নগদ তহবিল | ৯০০ | ক্রয় | ৫২,০০০ |
| ব্যাংক জমা | ১,২০০ | প্রারম্ভিক মজুদ পণ্য | ১৫,০০০ |
| প্রাপ্য হিসাব | ১০,০০০ | যন্ত্রপাতি | ৩২,০০০ |
| আসবাবপত্র | ২৫,০০০ | মজুরি | ১৩,০০০ |
| মূলধন | ৭৯,০০০ | বিক্রয় ফেরত | ১,৬০০ |
| নগদ তহবিল (১-১-২১) | ১,০০০ | বেতন | ১৭,০০০ |
| অব্যবহৃত মনিহারি | ৫০০ | শিক্ষানবিশ ভাতা | ২,০০০ |
| বিক্রয় | ৮৮,৭০০ | | |
| কমিশন প্রাপ্তি | ২,০০০ | | |

ক. রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না, এমন লেনদেনসমূহের পরিমাণ নির্ণয় কর। ২
খ. মুনাফাজাতীয় আয় ও ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের জন্য একটি রেওয়ামিল তৈরি কর। ৪

৯ ▸ কর্ণফুলি ট্রেডার্সের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| হাতে নগদ | ২,৪২০ | |
| আসবাবপত্র | ১১,৫০০ | |
| প্রাপ্য হিসাব | ২,৪০০ | |
| ভাড়া | ২০,৫০০ | |
| বেতন | ১১,২০০ | |
| মূলধন | | ২৩,৫২০ |
| প্রদেয় হিসাব | | ১,১০০ |
| বিক্রয় | | ২৩,৪০০ |
| | ৪৮,০২০ | ৪৮,০২০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) ধারে বিক্রয় ৫,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি; (২) বকেয়া বেতন ৪,০০০ টাকা।

ক. ১ ও ২নং সমন্বয়ের জাবেদা দাও। ২
খ. উল্লিখিত তথ্যের ভিত্তিতে একটি কার্যপত্র প্রস্তুত কর। (সমন্বিত রেওয়ামিল পর্যন্ত) ৪
গ. সমাপনী জাবেদা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

১০ ▸ মোহনা ট্রেডার্সের ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে ২,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করেন। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর। আয়ুষ্কাল শেষে মেশিনটির ভগ্নাবশেষ মূল্য হবে ২০,০০০ টাকা। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানি হিসাব বন্ধ করে এবং স্থির কিস্তি পদ্ধতিতে অবচয় ধার্য করে।

ক. বার্ষিক অবচয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২০২০ ও ২০২১ সালের অবচয়সংক্রান্ত জাবেদা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪
গ. ২০২০ ও ২০২১ সালের পুঞ্জীভূত অবচয় হিসাব তৈরি কর। ৪

১১ ▸ ২০১৯ সালের ১ জানুয়ারি তারিখে হামিম ট্রেডার্স ৪,০০,০০০ টাকার একটি মেশিন ক্রয় করে। পরিবহন ব্যয় ৪০,০০০ টাকা এবং সংস্থাপন ব্যয় ৬০,০০০ টাকা প্রদান করল। মেশিনটির আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ১,৫০,০০০ টাকা। হামিম ট্রেডার্স ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করে।

ক. অবচয়ের হার এবং প্রথম বছরের অবচয় নির্ণয় কর। ২
খ. প্রথম দুই বছরের মেশিন হিসাব এবং অবচয় হিসাব তৈরি কর। ৪
গ. প্রথম দুই বছরের পুঞ্জীভূত অবচয় হিসাব তৈরি কর। ৪

# ৪ কুমিল্লা বোর্ড ২০২২

বিষয় কোড : 253

## হিসাববিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট পূর্ণমান—৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▶ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে শরীফ এন্ড ব্রাদার্সের রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো :

**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| উত্তোলন ও মূলধন | ৪,০০০ | ৮০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২১,০০০ | |
| পণ্য ক্রয় ও পণ্য বিক্রয় | ২০,০০০ | ৪৫,০০০ |
| আন্তঃফেরত ও বহিঃফেরত | ২,০০০ | ১,০০০ |
| বিক্রয়ের উপর বাট্টা ও ক্রয়ের উপর বাট্টা | ৩,০০০ | ২,০০০ |
| বেতন খরচ (৮০%) | ৮,০০০ | |
| বিজ্ঞাপন খরচ | ৬,০০০ | |
| শিক্ষানবিশ সেলামি | | ৪,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৩০,০০০ | ১৫,০০০ |
| ব্যাংক চার্জ ও কমিশন | ৪,০০০ | |
| কলকব্জা ও যন্ত্রপাতি | ৪০,০০০ | |
| প্রাপ্ত বাট্টা | | ৬,০০০ |
| ব্যাংক জমা | ১৫,০০০ | |
| | ১,৫৩,০০০ | ১,৫৩,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ১৫,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে যার বাজার মূল্য ১২,০০০ টাকা; (২) শিক্ষানবিশ সেলামি ১,০০০ টাকা এখনও উপার্জন হয়নি; (৩) বিজ্ঞাপনের দুই-তৃতীয়াংশ অবলোপন করতে হবে; (৪) কলকব্জা ও যন্ত্রপাতির উপর ৫% হারে অবচয় ধার্য করতে হবে; (৫) ধারে পণ্য বিক্রয় ৫,০০০ টাকা এখনও হিসাবভুক্ত হয়নি।

ক. নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. মোট মুনাফা ১৯,০০০ টাকা ধরে বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। (মালিকানাস্বত্ব ৮৪,০০০ টাকা ধরে) ৪

২ ▶ শিশির সার্ভিসিং সেন্টারের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য সমন্বয়সমূহ নিম্নরূপ :

**শিশির সার্ভিসিং সেন্টারের রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| হাতে নগদ | ৩৫,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৬০,০০০ | |
| অগ্রিম বিমা | ১০,০০০ | |
| বেতন খরচ | ৭,০০০ | |
| ভাড়া খরচ | ১৫,০০০ | |
| সাপ্লাইজ | ২৪,০০০ | |
| আসবাবপত্র | ৩৫,০০০ | |
| উত্তোলন | ২,০০০ | |
| মূলধন | | ৯০,০০০ |
| সেবা আয় | | ৬৫,০০০ |
| পুঞ্জীভূত অবচয় (আসবাবপত্র) | | ৫,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | | ৮,০০০ |
| প্রদেয় হিসাব | | ২০,০০০ |
| | ১,৮৮,০০০ | ১,৮৮,০০০ |

**সমন্বয়সমূহ :** (i) অনুপার্জিত সেবা আয়ের ৬,০০০ টাকা অর্জিত হয়েছে; (ii) প্রতিমাসে বিমা খরচের পরিমাণ ৭৫০ টাকা; (iii) আসবাবপত্রের উপর ১০% হারে অবচয় ধার্য করতে হবে; (iv) সাপ্লাইজ এখনও হাতে রয়েছে ৩,৫০০ টাকা।

ক. নিট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. নিট সেবা আয় ৮০,০০০ টাকা বিবেচনাপূর্বক নিট আয় বা নিট ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪
গ. নিট মুনাফা ১৬,০০০ টাকা বিবেচনাপূর্বক আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

### খ বিভাগ

৩ ▶ শতাব্দী ট্রেডার্সের ৩০ জুন ২০২১ সালের হিসাবের উদ্বৃত্তগুলো নিম্নরূপ : নগদ ৪০,০০০ টাকা, অফিস সরঞ্জাম ৫০,০০০ টাকা; প্রাপ্য হিসাব ৩০,০০০ টাকা, প্রদেয় হিসাব ২০,০০০ টাকা। জুলাই মাসে তার ব্যবসায়ে সম্পাদিত লেনদেনগুলো নিম্নরূপ :

জুলাই ২ মালিক নগদ ৫০,০০০ টাকা ও ২৫,০০০ টাকার অফিস সরঞ্জাম ব্যবসায়ের বিনিয়োগ করলেন।
" ৫ পণ্য ক্রয় ৫০,০০০ টাকা (যার ৬০% নগদে ও ৪০% ধারে)
" ১০ বেতন পরিশোধ ২০,০০০ টাকা।
" ১৫ ৫ তারিখের ধারে ক্রয়ের অর্থ পরিশোধ করা হলো।
" ২০ পণ্য বিক্রয় করা হলো ১,০০,০০০ টাকা (যার ৮০% নগদে ও ২০% ধারে)
" ৩০ ভাড়া পরিশোধ করা হলো ২৫,০০০ টাকা।

ক. শতাব্দী ট্রেডার্সের প্রারম্ভিক জাবেদা দাখিলা দাও। ২
খ. ২, ৫, ১৫ ও ৩০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪
গ. উদ্দীপকে উল্লিখিত লেনদেনগুলোর সাহায্যে টেবুলার ছকে হিসাব সমীকরণে প্রভাব দেখাও। ৪

৪ ▶ মি. নাঈম আইন শাস্ত্রে স্নাতক পাসের পর নগদ ১,০০,০০০ টাকা এবং ৫০,০০০ টাকা মূল্যের আইনের বই নিয়ে ১ জানুয়ারি ২০২১ তারিখে আইন পেশা শুরু করেন। প্রথম মাসে তার সম্পাদিত লেনদেনগুলো নিম্নরূপ :

জানু. ৫ নগদে অফিস সরঞ্জাম ক্রয় ২০,০০০ টাকা।
" ১০ চেম্বারের ভাড়া পরিশোধ ১৮,০০০ টাকা।
" ১২ ধারে সাপ্লাইজ ক্রয় ৫,০০০ টাকা।
" ১৫ মক্কেলকে আইনি সেবা প্রদান করে নগদ প্রাপ্তি ৫০,০০০ টাকা।
" ২০ মক্কেলকে সেবা প্রদানের লক্ষ্যে অগ্রিম গ্রহণ ১৫,০০০ টাকা।
" ২২ ধারে আইনি সেবা প্রদান ২৫,০০০ টাকা এবং নগদে আইনি সেবা প্রদান ৫,০০০ টাকা।
" ৩০ উপযোগ খরচ পরিশোধ ৩,০০০ টাকা।

ক. জানুয়ারি মাসে মোট সেবা আয় নির্ণয় কর। ২
খ. জানুয়ারি ১, ১৫, ২০ ও ২২ তারিখের লেনদেনগুলো জাবেদাভুক্ত কর। ৪
গ. চলমান জের ছকে নগদান হিসাব ও সেবা আয় হিসাব তৈরি কর। ৪

৫ ▶ মারুফ ট্রেডার্স অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই সংরক্ষণ করে। মাসিক অগ্রদত্ত টাকার পরিমাণ ১,২০০ টাকা। ২০২১ সালের জুন মাসের খুচরা খরচের পরিমাণ ছিল ৮০০ টাকা। জুলাই মাসে উক্ত প্রতিষ্ঠানের খুচরা লেনদেনগুলো নিম্নরূপ :

জুলাই ১ প্রধান ক্যাশিয়ারের কাছ থেকে অগ্রদত্ত টাকা পূরণের জন্য চেক প্রাপ্তি।
" ৩ কাগজ ও কলম ক্রয় ৩১০ টাকা।
" ৫ ডাকটিকিট ক্রয় ৩০ টাকা।
" ৭ পিয়নকে বকশিশ প্রদান ২০ টাকা
" ১০ রিকশা ভাড়া প্রদান ৪০ টাকা।
" ১৮ মনিহারি ক্রয় ৭০ টাকা।
" ২২ কুরিয়ার ব্যয় ১০০ টাকা।
" ৩০ বাস ভাড়া ৯০ টাকা।

ক. প্রারম্ভিক খুচরা তহবিলের পরিমাণ নির্ণয় কর। ২
খ. অগ্রদত্ত পদ্ধতিতে একটি খুচরা নগদান বই প্রস্তুত কর। ৪
গ. মাস শেষে খুচরা নগদান বইয়ের লেনদেনগুলো জাবেদায় লিপিবদ্ধ কর। ৪

৬ ▸ মিঠু রহমানের হিসাব বই থেকে ৩১ ডিসেম্বর ২০২১ তারিখে নিম্নলিখিত তথ্যসমূহ দেওয়া হয়েছে :

(১) নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ১,০০,০০০ টাকা।
(২) ১৫,০০০ টাকার ১টি চেক আদায়ের জন্য ব্যাংকে জমা দেওয়া হয়েছে কিন্তু ব্যাংক কর্তৃক এখনও আদায় হয়নি।
(৩) ১০,০০০ টাকার একটি ইস্যুকৃত চেক পরিশোধের জন্য এখনও ব্যাংকে উপস্থাপিত হয়নি।
(৪) দেনাদার কর্তৃক ২০,০০০ টাকা সরাসরি ব্যাংকে জমা দেওয়া হয়েছে কিন্তু নগদান বইতে লিপিবদ্ধ হয়নি।
(৫) ইস্যুকৃত চেক ব্যাংক কর্তৃক প্রত্যাখ্যাত ৫,০০০ টাকা।
(৬) ব্যাংক কর্তৃক লভ্যাংশ আদায় যা নগদান বইতে লেখা হয়নি ১,৫০০ টাকা।
(৭) ব্যাংক কর্তৃক মঞ্জুরকৃত সুদ ১,০০০ টাকা ও ধার্যকৃত চার্জ ৪০০ টাকা নগদান বইতে লেখা হয়নি।

ক. ব্যাংক বিবরণীতে লেখা হয়নি এরূপ লেনদেনগুলোর তালিকা তৈরি কর। ২
খ. উপরিউক্ত তথ্যাবলি থেকে একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

৭ ▸ ৩১ ডিসেম্বর ২০২১ তারিখে ফাহমিদ ট্রেডার্সের খতিয়ান উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| বিক্রয় | ২,০০,০০০ |
| আসবাবপত্র | ২,৫০,০০০ |
| মূলধন | ৩,৮০,০০০ |
| প্রাপ্য নোট | ৫০,০০০ |
| আয়কর | ২০,০০০ |
| প্রদেয় নোট | ৩০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৮০,০০০ |
| প্রদেয় হিসাব | ৪০,০০০ |
| দীর্ঘমেয়াদি ঋণ | ১,৪০,০০০ |
| হাতে নগদ | ৫০,০০০ |
| ব্যাংক জমা | ১,২০,০০০ |
| সমন্বিত ক্রয় | ১,৫৫,০০০ |
| শিক্ষানবিশ সেলামি | ১০,০০০ |
| সমাপনী মজুদ | ৬০,০০০ |
| অব্যবহৃত সাপ্লাইজ | ১৫,০০০ |

ক. উপর্যুক্ত তথ্যাবলি থেকে মোট আয় নির্ণয় কর। ২
খ. ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখে একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪
গ. চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণের পার্থক্য নির্ণয় কর। ৪

৮ ▸ অতনু ট্রেডার্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের একটি অশুদ্ধ রেওয়ামিল নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ১,৭০,০০০ |
| ইজারা সম্পত্তি (১০ বছরের জন্য) | | ৮০,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | | ৫০,০০০ |
| খুচরা যন্ত্রাংশ | ৮,০০০ | |
| আসবাবপত্র | ৬০,০০০ | |
| কলকব্জা | ৯৭,৫০০ | |
| পণ্য ক্রয় | | ১,৪৮,৫০০ |
| মজুরি | ১০,০০০ | |
| বেতন | ১২,০০০ | |
| পণ্য বিক্রয় | ২,৮১,০০০ | |
| ভাড়া | ২০,০০০ | |
| বিজ্ঞাপন | | ৭,০০০ |
| ক্রয় পরিবহন | | ২,০০০ |
| বিক্রয় পরিবহন | ৪,০০০ | |
| অনাদায়ি পাওনা | ২,০০০ | |
| অনিশ্চিত হিসাব | | ৩৭,০০০ |
| | ৪,৯৪,৫০০ | ৪,৯৪,৫০০ |

ক. স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত তথ্যের আলোকে একটি শুদ্ধ রেওয়ামিল প্রস্তুত কর। ৪
গ. উপর্যুক্ত রেওয়ামিল হতে মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৯ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সাহিদ ট্রাভেল এজেন্সির রেওয়ামিল নিম্নরূপ :

**সাহিদ ট্রাভেল এজেন্সির রেওয়ামিল**
**৩১ ডিসেম্বর, ২০২১**

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ | ১১,২০০ | |
| প্রাপ্য হিসাব | ৫,৬২০ | |
| মনিহারি | ১,০৫০ | |
| অগ্রিম বিমা | ২,৪০০ | |
| অফিস সরঞ্জাম | ৩০,০০০ | |
| প্রদেয় বিল | | ১০,০০০ |
| প্রদেয় হিসাব | | ১২,৩৫০ |
| মূলধন | | ২২,০০০ |
| উত্তোলন | ৬০০ | |
| সেবা আয় | | ১১,৪২০ |
| বেতন খরচ | ২,২০০ | |
| পরিবহন খরচ | ১,৩০০ | |
| ভাড়া খরচ | ১,২০০ | |
| বিবিধ খরচ | ২০০ | |
| | ৫৫,৭৭০ | ৫৫,৭৭০ |

**সমন্বয়সমূহ :** (১) বছর শেষে অব্যবহৃত মনিহারি ৭৫০ টাকা; (২) বছর শেষে অফিস সরঞ্জামের অবচয় ধরা হয়েছে ৫০০ টাকা; (৩) চলতি বছরে বিমা খরচের পরিমাণ ৪০০ টাকা; (৪) সেবা আয় ৫৮০ টাকা এখনও বকেয়া রয়েছে।

ক. মোট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. কার্যপত্রের মাধ্যমে নিট মুনাফা/নিট ক্ষতি নির্ণয় কর। ৪
গ. সমাপনী দাখিলা দাও। ৪

১০ ▸ মুশফিক এন্টারপ্রাইজ ২০২০ সালের ১ জানুয়ারি ৮,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন বিদেশ থেকে আমদানি করে। মেশিনটির সংস্থাপন ব্যয় হয়েছিল ২,০০,০০০ টাকা, যার মধ্যে মজুরি অন্তর্ভুক্ত ছিল ৫০,০০০ টাকা। মেশিনটির ভগ্নাবশেষ মূল্য ৫০,০০০ টাকা অনুমান করা হয়। মেশিনটির কার্যকর আয়ুষ্কাল ১০ বছর। প্রতিষ্ঠানটির হিসাব বছর শেষ হয় প্রতি বছর ৩১ ডিসেম্বর। সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ক. মেশিনটির অবচয়যোগ্য মূল্য কত? ২
খ. প্রথম দুই বছরের জন্য জাবেদা দাখিলা দাও। ৪
গ. প্রথম দুই বছরের জন্য মেশিন হিসাব ও পুঞ্জীভূত অবচয় মেশিন হিসাব প্রস্তুত কর। ৪

১১ ▸ ২০১৯ সালের ১ জানুয়ারি তারিখে শিশির ট্রেডার্সের যন্ত্রপাতি হিসাবের উদ্বৃত্ত ৪,০০,০০০ টাকা (ক্রয়মূল্য) এবং পুঞ্জীভূত অবচয় হিসাবের উদ্বৃত্ত ছিল ৫০,০০০ টাকা। ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে ৮,০০,০০০ টাকার একটি নতুন মেশিন ক্রয় করা হয়। প্রতিষ্ঠানটি ১০% হারে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করে থাকে। হিসাব বন্ধের তারিখ ৩১ ডিসেম্বর।

ক. ২০১৯ ও ২০২০ সালের অবচয় নির্ণয়ের সারণি প্রস্তুত কর। ২
খ. ২০১৯ ও ২০২০ সালের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪
গ. ২০১৯ ও ২০২০ সালের অবচয় খরচ হিসাব ও পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

## ৫ ✓ চট্টগ্রাম বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট | হিসাববিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান–৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে আজাদ ট্রেডার্সের রেওয়ামিল নিম্নরূপ :

**আজাদ ট্রেডার্সের রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মজুদ পণ্য (০১-০১-২০২১) | ৪৫,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৪,২৬,০০০ | ৬,৪৮,৫০০ |
| মূলধন | | ৫,৫০,০০০ |
| উত্তোলন | ৪০,০০০ | |
| হাতে নগদ | ২৫,০০০ | |
| প্রাপ্য হিসাব | ২,৮০,০০০ | |
| ১০% বিনিয়োগ | ১,৫০,০০০ | |
| বেতন (১৫ মাস) | ২৫,৫০০ | |
| অনাদায়ি পাওনা এবং অনাদায়ি পাওনা সঞ্চিতি | ৯,০০০ | ১৫,০০০ |
| আসবাবপত্র | ১,২০,০০০ | |
| ব্যাংকে জমা | ৮৫,০০০ | |
| মজুরি | ১০,০০০ | |
| বহিঃফেরত | | ২,০০০ |
| | ১২,১৫,৫০০ | ১২,১৫,৫০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (i) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ১,৭০,০০০ টাকা; (ii) মালিক কর্তৃক নিজ প্রয়োজনে ৮,০০০ টাকার পণ্য উত্তোলন করেছেন যা হিসাবভুক্ত হয়নি; (iii) প্রাপ্য হিসাবের উপর ৮% অনাদায়ি পাওনা সঞ্চিতি তৈরি কর।

ক. অনাদায়ি পাওনার পরিমাণ নির্ণয় কর। ২
খ. আজাদ ট্রেডার্সের মোট লাভ নির্ণয় কর। ৪
গ. ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে আর্থিক অবস্থার বিবরণীর সম্পদের দিক প্রদর্শন কর। ৪

২ ▸ **রবি ট্রেডার্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :**

**রবি ট্রেডার্সের রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| সাপ্লাইজ | ৩০,০০০ | |
| অগ্রিম বিমা | ২৫,০০০ | |
| হাতে নগদ | ২১,০০০ | |
| মূলধন | | ১,২৫,০০০ |
| প্রাপ্য হিসাব | ২৬,০০০ | |
| আসবাবপত্র | ৯০,০০০ | |
| বেতন | ২২,০০০ | |
| ভাড়া | ৮,০০০ | |
| সেবা আয় | | ৯০,০০০ |
| প্রদেয় হিসাব | | ২৩,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | | ১৮,০০০ |
| ব্যাংকে জমা | ৩৪,০০০ | |
| | ২,৫৬,০০০ | ২,৫৬,০০০ |

**সমন্বয়সমূহ :** (i) ব্যবহৃত সাপ্লাইজের পরিমাণ ২০,০০০ টাকা; (ii) অগ্রিম বিমার ৩/৫ অংশ মেয়াদ অতিক্রান্ত হয়েছে; (iii) সেবা প্রদান করা হয়েছে ১২,০০০ টাকা কিন্তু এখনও পাওয়া যায়নি; (iv) অনুপার্জিত সেবা আয়ের ১/২ অংশ অর্জিত হয়েছে।

ক. ১ ও ২নং সমন্বয়ের জাবেদা দাখিলা দাও। ২
খ. ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের জন্য বিশদ আয় বিবরণী তৈরি কর। ৪
গ. বছর শেষে মোট সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▸ জনাব তাসকিন ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ১,৫০,০০০ টাকা এবং ৮০,০০০ টাকার সরঞ্জাম নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসে তাঁর অন্যান্য লেনদেনসমূহ নিম্নরূপ ছিল :

জানু. ২ মাসিক ৭,৫০০ টাকা বেতনে একজন কর্মচারী নিয়োগ করা হলো।
" ৫ নগদে পণ্য ক্রয় ২২,০০০ টাকা।
" ১২ নগদে পণ্য বিক্রয় ২৮,০০০ টাকা।
" ১৮ ধারে পণ্য ক্রয় ৩৫,০০০ টাকা।
" ২২ ধারে পণ্য বিক্রয় ১৮,০০০ টাকা।
" ২৫ নিজস্ব তহবিল থেকে মেয়ের স্কুলের বেতন দেওয়া হলো ২,০০০ টাকা।
" ৩০ কর্মচারীর বেতন পরিশোধ করা হলো।

ক. যে সকল ঘটনা লেনদেন নয় সেসব ঘটনার মোট টাকার পরিমাণ নির্ণয় কর। ২
খ. যে সকল ঘটনা লেনদেন সে সকল লেনদেনগুলোর আধুনিক পদ্ধতিতে শ্রেণিবিন্যাসসহ হিসাবখাত নির্ণয় কর। ৪
গ. চলমান জের ছকে নগদান হিসাব এবং বিক্রয় হিসাব প্রস্তুত কর। ৪

৪ ▸ মিন্টু ব্রাদার্স ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ১,৮০,০০০ টাকা, ৭০,০০০ টাকার আসবাবপত্র এবং ৬০,০০০ টাকা ঋণ নিয়ে কারবার আরম্ভ করেন। উক্ত মাসে তাঁর কারবারে অন্যান্য লেনদেনসমূহ ছিল নিম্নরূপ :

জানু. ২ আশিকের নিকট থেকে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা।
" ৭ সোনালি ব্যাংকে একটি চলতি হিসাব খোলা হলো ৫০,০০০ টাকা।
" ১০ ধারে ৪৫,০০০ টাকার একটি নতুন আলমারি ক্রয় করা হলো।
" ১৫ তুহিনের নিকট নগদে পণ্য বিক্রয় ১২,০০০ টাকা।
" ১৮ আশিকের পাওনার পূর্ণ নিষ্পত্তিতে ২৪,০০০ টাকা নগদে প্রদান করা হলো।
" ৩০ বিনিয়োগের সুদ পাওয়া গেল ৬,০০০ টাকা।

ক. মিন্টু ব্রাদার্সের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ১, ২, ১৫ এবং ১৮ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪
গ. ১, ৭, ১০ এবং ৩০ তারিখের লেনদেনগুলোর সাহায্যে টেবুলার ছকে হিসাব সমীকরণে প্রভাব দেখাও। ৪

৫ ▸ নিম্নলিখিত লেনদেনগুলো ২০২১ সালের এপ্রিল মাসের রেজাউল ট্রেডার্সের হিসাব বই হতে নেওয়া হয়েছে :

এপ্রিল ১ নগদ উদ্বৃত্ত ৯০,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ৭৫,০০০ টাকা।
" ৪ আজাদের পাওনা ২০,০০০ টাকা ৫% বাট্টা বাদে ৫০% নগদে এবং ৫০% চেকে পরিশোধ করা হলো।
" ১২ দেনাদার হাসিমের নিকট থেকে ১২,০০০ টাকা পাওনার পূর্ণ নিষ্পত্তিতে ৬,০০০ টাকা নগদে এবং ৫,৭০০ টাকার একখানি চেক পাওয়া গেল, চেকটি ঐ দিনই ব্যাংকে জমা দেওয়া হলো।
" ১৭ নগদ উত্তোলন ৯,০০০ টাকা এবং পণ্য উত্তোলন ২,০০০ টাকা।
" ২২ কারবার হতে মালিকের ছেলের কলেজের বেতন প্রদান ১,০০০ টাকা।
" ২৪ ব্যাংকে জমা দেওয়া হলো ৮,০০০ টাকা।
" ২৫ নগদে একটি ল্যাপটপ ক্রয় করা হয়েছে ৪৫,০০০ টাকা।
" ২৮ আসবাবপত্রের অবচয় ধার্য করা হলো ১,০০০ টাকা।
" ৩০ নগদে পণ্য ক্রয় ৭,০০০ টাকা।

ক. যে সকল লেনদেন নগদান বইয়ের অন্তর্ভুক্ত হবে না, সেসব লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ২
খ. ১, ৪, ১২ এবং ২৪ তারিখের লেনদেনগুলোকে নিয়ে একটি তিনঘরা নগদান বই তৈরি কর। ৪
গ. ১৭, ২২, ২৫ এবং ৩০ তারিখের লেনদেনগুলোর অবলম্বনে একটি নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

৬ ▶ আবির ট্রেডার্স খুচরা খরচের জন্য খুচরা নগদান বই সংরক্ষণ করে। ২০২১ সালের জুন মাসে তাঁর ব্যবসায়ে সম্পাদিত লেনদেনগুলো নিম্নরূপ :

জুন ১ প্রারম্ভিক খুচরা নগদ তহবিল ৬০০ টাকা। প্রধান ক্যাশিয়ারের নিকট থেকে প্রাপ্তি ১,৮০০ টাকা।
" ৩ কাগজ ক্রয় ১৪০ টাকা।
" ৫ প্যাকিং খরচ ৬০ টাকা।
" ৭ ইন্টারনেট খরচ ২০০ টাকা।
" ৮ বিজ্ঞাপনের উদ্দেশ্যে পণ্য বিতরণ ১,২০০ টাকা।
" ৯ আপ্যায়ন খরচ ৮০ টাকা।
" ১০ কাগজ ও কলম ক্রয় ১৩০ টাকা।
" ১১ রিকশা ও বাস ভাড়া প্রদান ২৮০ টাকা।
" ১৪ নগদে পণ্য ক্রয় ২,০০০ টাকা।
" ১৮ টেলিগ্রাম খরচ ২৫ টাকা।
" ২৫ ডাক খরচ ১২ টাকা।
" ৩০ পুরাতন খবরের কাগজ বিক্রয় ১৮০ টাকা।

ক. খুচরা নগদান বই বহির্ভূত লেনদেনগুলোর পরিমাণ নির্ণয় কর। ২
খ. ৩, ৯, ১১ এবং ১৮ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪
গ. অগ্রদত্ত পদ্ধতিতে একটি খুচরা নগদান বই তৈরি কর। ৪

৭ ▶ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে হানিফ এন্টারপ্রাইজের নগদান বই ও ব্যাংক বিবরণীর গরমিলের কারণসমূহ নিম্নে বর্ণিত হলো :

(১) নগদান বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্তের পরিমাণ ১,৬০,০০০ টাকা।
(২) ৩০,০০০ টাকার ইস্যুকৃত একটি চেক পরিশোধের জন্য এখনও ব্যাংকে উপস্থাপিত হয়নি।
(৩) ব্যাংক কর্তৃক প্রদেয় হিসাবের ৫৫,০০০ টাকা পরিশোধ করা হয়েছে যা নগদান বইতে লেখা হয়নি।
(৪) ব্যাংক কর্তৃক লভ্যাংশ আদায় ১২,০০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।
(৫) ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ ১,০০০ টাকা যা নগদান বইতে লিপিবদ্ধ হয়নি।
(৬) ব্যাংক কর্তৃক প্রাপ্য হিসাবের ২০,০০০ টাকা সরাসরি আদায় যা নগদান বইতে লেখা হয়নি।
(৭) ৮০,০০০ টাকার একটি চেক আদায়ের জন্য ব্যাংকে জমা দেওয়া হয়েছে কিন্তু ব্যাংক কর্তৃক এখনও আদায় হয়নি।

ক. ব্যাংক বিবরণীতে লেখা হয়নি এরূপ লেনদেনের মোট টাকার পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপরিউক্ত তথ্যাবলি হতে একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. ব্যাংক বিবরণীতে লিপিবদ্ধ হয়েছে এরূপ লেনদেনসমূহের জাবেদা দাখিলা দাও। ৪

৮ ▶ রকি ট্রেডার্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে খতিয়ানের উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| মজুদ (০১-০১-২০২১) | ৪৫,০০০ |
| বিক্রয় | ২,৪০,০০০ |
| হাতে নগদ (০১-০১-২০২১) | ২৫,০০০ |
| ক্রয় | ২,১০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ১৭,৫০০ |
| প্রাপ্য হিসাব | ১০,৫০০ |
| বহিঃফেরত | ৪,৫০০ |
| প্রদেয় হিসাব | ৪২,০০০ |
| মূলধন | ৩,০৬,৫০০ |
| মজুদ পণ্য (৩১-১২-২০২১) | ৯০,০০০ |
| শিক্ষানবিশ ভাতা | ৯,০০০ |
| ব্যাংক জমাতিরিক্তের সুদ | ১,৫০০ |
| আসবাবপত্র | ২,০৪,০০০ |
| হাতে নগদ (৩১-১২-২০২১) | ১৫,০০০ |
| সম্ভাব্য দায় | ৯৫,০০০ |
| বকেয়া ভাড়া | ৩,৫০০ |
| ১০% বাদশাকে প্রদত্ত ঋণ | ১,০০,০০০ |
| অগ্রিম বেতন | ৮,০০০ |
| উত্তোলন | ১১,০০০ |

ক. রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না এমন দফাগুলোর পরিমাণ নির্ণয় কর। ২
খ. একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪
গ. চলতি সম্পদ ও চলতি দায়ের পার্থক্য নির্ণয় কর। ৪

৯ ▶ মেসার্স সজিব ট্রেডার্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো :

**মেসার্স সজিব ট্রেডার্সের রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ৮৫,০০০ |
| সেবা আয় | | ৬০,০০০ |
| আসবাবপত্র | ১,৬৫,০০০ | |
| পুঞ্জীভূত অবচয় (আসবাবপত্র) | | ৩০,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | | ২৫,০০০ |
| মনিহারি | ৪,০০০ | |
| অগ্রিম বিমা | ২০,০০০ | |
| হাতে নগদ | ১১,০০০ | |
| | ২,০০,০০০ | ২,০০,০০০ |

**সমন্বয়সমূহ :** (i) অব্যবহৃত মনিহারি ১,৫০০ টাকা; (ii) সেবা প্রদান ৮,০০০ টাকা যা এখনও পাওয়া যায়নি; (iii) হিসাবকাল শেষে অনুপার্জিত সেবা আয় ১৩,০০০ টাকা ছিল; (iv) অগ্রিম বিমা প্রতি মাসে ১,০০০ টাকা করে মেয়াদ উত্তীর্ণ হয়।

ক. মোট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপরিউক্ত সমন্বয়গুলোর সমন্বয় দাখিলা দাও। ৪
গ. একটি ১০ ঘরবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত কর। ৪

১০ ▶ রাফি এন্টারপ্রাইজ ২০২০ সালের ১ জানুয়ারি ১৬,৫০,০০০ টাকা মূল্যের একটি মেশিন জাপান থেকে আমদানি করে। মেশিনটির আমদানি শুল্ক ২,০০,০০০ টাকা, পরিবহন খরচ ১,০০,০০০ টাকা এবং সংস্থাপন ব্যয় ৫০,০০০ টাকা একই তারিখে নির্বাহ করা হয়েছে। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর। আয়ুষ্কাল শেষে মেশিনটির ভগ্নাবশেষ মূল্য ধরা হয়েছে ২,৫০,০০০ টাকা। প্রতিষ্ঠানটি প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বন্ধ করে। রাফি এন্টারপ্রাইজ স্থির কিস্তি পদ্ধতিতে অবচয় ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. ২০২০ সালের বার্ষিক অবচয় খরচের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২০২০ সালের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪
গ. ২০২০ এবং ২০২১ সালের জন্য মেশিন হিসাব এবং পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

১১ ▶ জনাব সামাদ ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে ১০,০০,০০০ টাকার একটি নতুন মেশিন ক্রয় করেন। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ৮ বছর। আয়ুষ্কাল শেষে ভগ্নাবশেষ মূল্য ধরা হয় ১,২০,০০০ টাকা। জনাব সামাদ প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে তাঁর হিসাব বন্ধ করেন। তিনি ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করেন।

ক. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয়ের হার নির্ণয় কর। ২
খ. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে প্রথম চার বছরের অবচয় তালিকা তৈরি কর। ৪
গ. ২০১৮ এবং ২০১৯ সালের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪

## ৬ সিলেট বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট

### হিসাববিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▶ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সাকিব ব্রাদার্সের রেওয়ামিল নিম্নরূপ :

**সাকিব ব্রাদার্সের**
**রেওয়ামিল**

ডেবিট ৩১ ডিসেম্বর, ২০২১ ক্রেডিট

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| মজুদ পণ্য (০১-০১-২১) | ৫০,০০০ | সাকিবের মূলধন | ১,০৫,০০০ |
| আসবাবপত্র | ৪০,০০০ | বিক্রয় | ৫,২০,০০০ |
| ব্যাংক হিসাবের উদ্বৃত্ত | ২৪,০০০ | প্রদেয় হিসাব | ২৯,০০০ |
| নগদ তহবিল | ৩৬,০০০ | বাট্টা প্রাপ্তি | ৬,০০০ |
| ক্রয় | ৩,৭০,০০০ | ৬% ঋণ (০১-০১-২১) | ৪০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৮৫,০০০ | ক্রয় বাট্টা | ২৫,০০০ |
| ক্রয় পরিবহন | ৪,৪০০ | | |
| মজুরি | ১০,০০০ | | |
| বিক্রয় বাট্টা | ২০,০০০ | | |
| বেতন | ৫১,০০০ | | |
| বাট্টা প্রদান | ৯,০০০ | | |
| ভাড়া | ২৫,৬০০ | | |
| | ৭,২৫,০০০ | | ৭,২৫,০০০ |

**সমন্বয়সমূহ :** (i) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৪৫,০০০ টাকা; (ii) ভাড়া অগ্রিম প্রদান করা হয়েছে ৫,৬০০ টাকা; (iii) বকেয়া রয়েছে : বেতন ৭,০০০ টাকা ও মজুরি ৯,০০০ টাকা; (iv) আসবাবপত্রের ওপর ১০% অবচয় ধার্য কর; (v) অনাদায়ি পাওনা সঞ্চিতি ৫% সৃষ্টি করতে হবে।

ক. প্রত্যক্ষ ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. মোট পরিচালন ব্যয় নির্ণয় কর। ৪
গ. নিট আয় ৩৪,৯৫০ টাকা ধরে মালিকানাস্বত্বের পরিমাণ ও মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▶ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে রায়হান ট্রেডার্সের রেওয়ামিল নিম্নরূপ :

**রায়হান ট্রেডার্সের**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৩০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ১,৬২,০০০ | ২,৩০,০০০ |
| বিক্রয় ফেরত | ৫,০০০ | |
| উত্তোলন ও মূলধন | ২০,০০০ | ২,১০,০০০ |
| মজুরি | ৮,০০০ | |
| ক্রয় পরিবহন | ১০,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৬০,০০০ | ৪২,০০০ |
| বিক্রয় বাট্টা | ২,০০০ | |
| আসবাবপত্র | ১,৬০,০০০ | |
| বিক্রয় পরিবহন | ৫,০০০ | |
| বেতন (১০ মাস) | ২০,০০০ | |
| | ৪,৮২,০০০ | ৪,৮২,০০০ |

**সমন্বয়সমূহ :** (i) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৫০,০০০ টাকা যার মধ্যে ৩,৫০০ টাকার বিক্রীত পণ্য অন্তর্ভুক্ত রয়েছে; (ii) মালিক নিজ প্রয়োজনে ৩,০০০ টাকার পণ্য উত্তোলন করেছেন যা হিসাবভুক্ত হয়নি; (iii) নিম্নমানের জন্য সরবরাহকারীকে ২,০০০ টাকার পণ্য ফেরত প্রদান করা হয়েছে যা হিসাবভুক্ত হয়নি।

ক. নিট ক্রয় ও নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য একটি আয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে মোট সম্পদ ও মোট দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▶ রোহান টেডার্সের ২০২১ সালের জানুয়ারি মাসে সংঘটিত লেনদেনসমূহ নিম্নে উপস্থাপন করা হলো :

২০২১

| | | |
|---|---|---|
| জানু. | ১ | ব্যাংক জমা ৬৫,০০০ টাকা, নগদ ৭০,০০০ টাকা এবং ৪০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় শুরু করলেন। |
| ” | ৫ | কবিরের নিকট হতে ধারে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা। |
| ” | ৭ | মনিরের নিকট পণ্য বিক্রয় ৩৫,০০০ টাকা। |
| ” | ৯ | নগদে বিক্রয় ৩০,০০০ টাকা। |
| ” | ১৭ | কবিরের নিকট হতে চেক পাওয়া গেল ১০,০০০ টাকা। |
| ” | ১৯ | বিনামূল্যে পণ্য বিতরণ ৪,০০০ টাকা। |
| ” | ৩১ | ব্যাংক কর্তৃক সুদ মঞ্জুর ২,০০০ টাকা। |

ক. রোহান ট্রেডার্সের নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ১, ১৭, ১৯ ও ৩১ তারিখের লেনদেনসংশ্লিষ্ট হিসাব খাতগুলো দেখাও। ৪
গ. বিবরণী ছকে হিসাব সমীকরণের উপর লেনদেনগুলোর প্রভাব দেখাও। ৪

৪ ▶ জামাল এন্ড সন্সের নিম্নোক্ত লেনদেনসমূহ ২০২০ সালের জুন মাসের :

| | | |
|---|---|---|
| জুন | ১ | নগদ উদ্বৃত্ত ১৭,০০০ টাকা ও ব্যাংক উদ্বৃত্ত ১২,০০০ টাকা। |
| ” | ৫ | সুজনের নিকট বিক্রয় ৭,০০০ টাকা। |
| ” | ৭ | চেকের মাধ্যমে ক্রয় ৫,০০০ টাকা। |
| ” | ১০ | দেনাদারের নিকট হতে ৫,৫০০ টাকা, দেনার পূর্ণনিস্পত্তিতে ৫,২০০ টাকার চেক প্রাপ্তি। |
| ” | ১৪ | প্রদেয় বিলের অর্থ পরিশোধ করা হলো ৫,০০০ টাকা। |
| ” | ১৬ | ব্যাংকে জমা দেওয়া হলো ৪,০০০ টাকা। |
| ” | ২০ | ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন ২,০০০ টাকা। |
| ” | ২৫ | ব্যাংক সুদ মঞ্জুর করল ৩০০ টাকা। |
| ” | ২৮ | ঋণ গ্রহণ করা হলো ২০,০০০ টাকা। |
| ” | ৩০ | বহিঃফেরত ১,০০০ টাকা। |

ক. ধারে লেনদেনসমূহের জাবেদা দাখিলা দাও। ২
খ. সংশ্লিষ্ট লেনদেনসমূহের ভিত্তিতে নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪
গ. ১, ১০, ১৬ ও ২৫ তারিখের লেনদেনের ভিত্তিতে তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

৫ ▶ মনির ট্রেডিং কোং-এর একটি স্বতন্ত্র নগদান বিভাগ আছে। এই বিভাগ প্রত্যেক সপ্তাহে অগ্রদত্ত নিয়মে খুচরা নগদান বই সংরক্ষণ করে থাকে। নিম্নলিখিত তথ্যাবলি ২০২১ সালের নভেম্বর মাসে সংঘটিত হয় :

২০২১

| | | |
|---|---|---|
| নভে. | ১ | প্রধান ক্যাশিয়ারের নিকট হতে নগদ প্রাপ্তি ৩০০ টাকা। |
| ” | ২ | আসবাবপত্র মেরামত ১৫ টাকা। |
| ” | ২ | টেলিফোন বিল প্রদান ২০ টাকা। |
| ” | ৩ | পেন্সিল ক্রয় ৬ টাকা। |
| ” | ৪ | কার্বন ক্রয় ২০ টাকা। |
| ” | ৪ | টাইপরাইটার মেরামত বাবদ ব্যয় ১৩ টাকা। |
| ” | ৫ | বৈদ্যুতিক বাল্ব ক্রয় ১৮ টাকা। |
| ” | ৬ | ডাক ও তার খরচ প্রদান ৯ টাকা। |
| ” | ৭ | রিকশা ভাড়া প্রদান ২১ টাকা। |

ক. নভেম্বর ১ তারিখের লেনদেনের জাবেদা দাও। ২
খ. উপরিউক্ত তথ্যাবলি অনুসরণ করে অগ্রদত্ত নিয়মে খুচরা নগদান বই তৈরি কর। ৪
গ. খুচরা নগদান বইতে লিপিবদ্ধ হিসাবগুলো খতিয়ানে স্থানান্তর দেখাও। ৪

৬ ▸ নিচের খতিয়ান উদ্বৃত্তগুলো ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে মেসার্স জমির এন্ড কোং-এর হিসাব বই হতে নেওয়া হয়েছে :

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| মূলধন | ৯০,০০০ | সুনাম | ২৫,০০০ |
| পণ্য ক্রয় | ৮০,৫০০ | প্রাপ্য হিসাব | ২১,০০০ |
| মজুদ পণ্য (০১-০১-২১) | ২০,০০০ | নগদ তহবিল (৩১-১২-২১) | ৫,০০০ |
| ক্রয় পরিবহন | ২,০০০ | মজুদ পণ্য (৩১-১২-২১) | ৮,০০০ |
| অগ্রিম গ্রহণ | ১২,০০০ | বিক্রয় পরিবহন | ৩,০০০ |
| উত্তোলন | ১০,০০০ | ক্রয় ফেরত | ১,০০০ |
| পণ্য বিক্রয় | ১,১০,০০০ | বিক্রয় ফেরত | ২,০০০ |
| অনাদায়ি পাওনা সঞ্চিতি | ২,০০০ | শিক্ষানবিশ সেলামি | ৩,০০০ |
| বকেয়া বেতন | ৫০০ | আসবাবপত্র | ১০,০০০ |
| নগদ তহবিল (০১-০১-২১) | ৭,০০০ | কলকব্জা | ৪০,০০০ |

ক. যে সমস্ত দফাসমূহ রেওয়ামিলের অন্তর্ভুক্ত হবে না তাদের সমষ্টি নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত উদ্বৃত্তসমূহ থেকে রেওয়ামিল তৈরি কর। ৪
গ. স্থায়ী সম্পদ ও চলতি সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

৭ ▸ জনাব সিফাতের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ৯৪,০০০ |
| বিমা সেলামি | ৫,০০০ | |
| বেতন | ১০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৩০,০০০ | |
| কমিশন প্রাপ্তি | | ২,০০০ |
| প্রদেয় হিসাব | | ২০,০০০ |
| উত্তোলন | ১০,০০০ | |
| ক্রয় | ৩০,০০০ | |
| বিনিয়োগ | ১৫,০০০ | |
| ব্যাংক জমার সুদ | | ৫০০ |
| আসবাবপত্র | ৪০,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২৫,০০০ | |
| ব্যাংক জমা | ৬,০০০ | |
| বিনিয়োগের সুদ | | ৩,০০০ |
| বিক্রয় | | ৬৫,০০০ |
| আমদানি শুল্ক | ৩,৫০০ | |
| অনিশ্চিত হিসাব | ১০,০০০ | |
| | ১,৮৪,৫০০ | ১,৮৪,৫০০ |

**হিসাবের প্রাথমিক বই ও খতিয়ান পরীক্ষা করে নিম্নলিখিত ভুলগুলো ধরা পড়ল :**

(i) ক্রয় হিসাবের যোগফল কম দেখানো হয়েছে ৫,০০০ টাকা।
(ii) বেতন পরিশোধ ৩,০০০ টাকা নগদান হিসাবে ক্রেডিট করা হলেও বেতন হিসাবে ডেবিট করা হয়নি।
(iii) বিক্রয় হিসাবের যোগফল বেশি দেখানো হয়েছে ২,০০০ টাকা।
(iv) আসবাবপত্র মেরামত ৩,০০০ টাকা, আসবাবপত্র হিসাবে ডেবিট করা হয়েছে।

ক. (i) ও (iv) নং ভুলের জন্য জাবেদা দাখিলা দাও। ২
খ. অনিশ্চিত হিসাব প্রস্তুত কর। ৪
গ. ভুল সংশোধনের পর সংশোধিত রেওয়ামিল তৈরি কর। ৪

৮ ▸ জনাব রহিম একজন ব্যবসায়ী। ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে তার ব্যবসায়ের ব্যাংক হিসাব এবং নগদান বই পর্যালোচনা করে নিম্নলিখিত তথ্যাবলি পাওয়া গেল :

(i) নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৩২,৫০০ টাকা কিন্তু ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ২১,৫০০ টাকা।
(ii) পাওনাদার বরাবর ইস্যুকৃত মোট ৬০,০০০ টাকার তিনটি চেকের মধ্যে মোট ৪৫,০০০ টাকার দুটি চেক ডিসেম্বর মাসে ব্যাংক কর্তৃক পরিশোধিত হয়েছে।
(iii) দেনাদারের নিকট হতে প্রাপ্ত মোট ৪৫,০০০ টাকার দুটি চেক এবং ২০,০০০ টাকার একটি প্রাপ্য বিল ব্যাংকে জমা দেওয়া হলেও এই হিসাব বছরে শুধুমাত্র প্রাপ্য বিলের টাকা ব্যাংক কর্তৃক আদায় হয়েছে।
(iv) ৩,০০০ টাকার একখানা প্রাপ্য বিল ২,৫০০ টাকায় বাট্টা করা হলেও নগদান বইতে পূর্ণমূল্যে লিপিবদ্ধ করা হয়েছে।
(v) বিনিয়োগের সুদ ১৫,৫০০ টাকা ব্যাংক কর্তৃক সরাসরি আদায় হয়েছে কিন্তু নগদানভুক্ত হয়নি।
(vi) আদায়ের জন্য ৫,৫০০ টাকার চেক ব্যাংকে জমা দিলেও তা নগদানভুক্ত হয়নি।
(vii) ব্যাংক জমার সুদ ১,০০০ টাকা এবং ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ ২,৫০০ টাকা নগদানভুক্ত হয়নি।

ক. অপরিশোধিত চেক এবং অনাদায়ি চেকের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪

৯ ▸ পদ্মা এন্টারপ্রাইজের ২০২১ সালের ৩০ জুন তারিখে রেওয়ামিল ছিল নিম্নরূপ :

**পদ্মা এন্টারপ্রাইজের**
**রেওয়ামিল**
৩০ জুন, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ তহবিল | ৬,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৮,০০০ | |
| মজুদ পণ্য (৩০-০৬-২০২১) | ৪,০০০ | |
| প্রদেয় হিসাব | | ২,০০০ |
| মূলধন | | ১১,০০০ |
| বিক্রয় | | ৬০,০০০ |
| বিক্রীত পণ্যের ব্যয় | ৪০,০০০ | |
| পরিচালন ব্যয় | ১৫,০০০ | |
| | ৭৩,০০০ | ৭৩,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (i) ধারে বিক্রয়ের পরিমাণ ৬,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি; (ii) মালিক কর্তৃক মূলধন আনয়ন ৭,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি।

ক. পদ্মা এন্টারপ্রাইজের বইতে প্রয়োজনীয় সমন্বয় জাবেদা দাখিলা দাও। ২
খ. পদ্মা এন্টারপ্রাইজের বইতে ১০ কলাম বিশিষ্ট একখানা কার্যপত্র প্রস্তুত কর। ৪
গ. পদ্মা এন্টারপ্রাইজের বইতে হিসাবকাল শেষে প্রয়োজনীয় সমাপনী দাখিলা দাও। ৪

১০ ▸ সাদিয়া এন্টারপ্রাইজ ১ জানুয়ারি ২০১৬ সালে ২,৫০,০০০ টাকায় একটি যন্ত্রপাতি ক্রয় করে। যন্ত্রপাতির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং আয়ুষ্কাল শেষে এর ভগ্নাবশেষ মূল্য হবে ৫০,০০০ টাকা। ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করা হয় এবং হিসাব বছর শেষ হয় ৩১ ডিসেম্বর তারিখে।

ক. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয়ের হার নির্ণয় কর। ২
খ. প্রথম চার বছরের অবচয় তালিকা প্রস্তুত কর। ৪
গ. প্রথম চার বছরের পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

১১ ▸ ফাহাদ ট্রেডার্স ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে ১০,০০,০০০ টাকা দিয়ে একটি মেশিন ক্রয় করে। মেশিনটির পরিবহন ও সংস্থাপন বাবদ আরও ১,০০,০০০ টাকা ব্যয় করেন। ২০১৮ সালের ১ এপ্রিল তারিখে প্রতিষ্ঠানটি ৩,০০,০০০ টাকা দিয়ে আরও একটি মেশিন ক্রয় করেন যার ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। উভয় মেশিনের আয়ুষ্কাল ১০ বছর। সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্যের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। প্রতিবছরের ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বন্ধ করা হয়।

ক. দ্বিতীয় মেশিনের অবচয়যোগ্য মূল্য নির্ণয় কর। ২
খ. প্রথম দুই বছরের জাবেদা দাখিলা দাও। ৪
গ. ২০১৮ ও ২০১৯ সালের অবচয় খরচ হিসাব এবং পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

## ৭ ✓ বরিশাল বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট

### হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

**ক বিভাগ**

১ ▶ বাবুল ট্রেডার্সের রেওয়ামিলটি নিম্নরূপ :

**বাবুল ট্রেডার্সের রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ব্যাংক জমা | ৭০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৪২,০০০ | |
| যন্ত্রপাতি | ৫৬,০০০ | |
| পুঞ্জীভূত অবচয় – যন্ত্রপাতি | | ৫,৬০০ |
| প্রদেয় হিসাব | | ২৪,০০০ |
| ৬% ঋণপত্র (০১-০৯-২০২১) | | ৫০,০০০ |
| মজুদ পণ্য (০১-০১-২০২১) | ৭৫,০০০ | |
| পণ্য ক্রয় ও বিক্রয় | ৪,৫২,০০০ | ৬,৯০,০০০ |
| পণ্য ফেরত | ১২,০০০ | ৮,০০০ |
| মনিহারি | ৮,০০০ | |
| আন্তঃপরিবহন | ২৫,০০০ | |
| বহিঃপরিবহন | ৪০,০০০ | |
| বিক্রয়কর্মীর কমিশন | ১৫,০০০ | |
| বিজ্ঞাপন | ৯০,০০০ | |
| মূলধন | | ১,৫০,০০০ |
| উত্তোলন | ৩৮,০০০ | |
| অনাদায়ি দেনা | ৭,০০০ | |
| অনাদায়ি দেনা সঞ্চিতি | | ২,৪০০ |
| | ৯,৩০,০০০ | ৯,৩০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ১,১০,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে যার মধ্যে ৬,০০০ টাকার অব্যবহৃত মনিহারি অন্তর্ভুক্ত আছে; (২) অলিখিত বিক্রয় ৮,০০০ টাকা এবং ধারে পণ্য ক্রয় ৬,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি; (৩) প্রাপ্য হিসাবের ৫,০০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট প্রাপ্য হিসাবের ১০% অনাদায়ি পাওনা সঞ্চিতি রাখতে হবে; (৪) বিজ্ঞাপনের $^1/_4$ অংশ অবলোপন করতে হবে; (৫) যন্ত্রপাতির ওপর ৫% অবচয় ধার্য করতে হবে।

ক. বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. মোট মুনাফা ২,৪০,০০০ টাকা ধরে ২০২১ সালের জন্য প্রতিষ্ঠানের আয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার বিবরণীতে মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▶ ২০২১ সালের ৩১ ডিসেম্বর সুন্দরবন ট্রেডার্সের রেওয়ামিল নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ তহবিল | ৫০,০০০ | |
| মনিহারি | ১০,২০০ | |
| প্রদেয় হিসাব | | ৭,০০০ |
| অনুপার্জিত আয় | | ১৮,০০০ |
| ১০% বিনিয়োগ (০১-০৭-২০২১) | ১,০০,০০০ | |
| মূলধন | | ১,৩৮,০০০ |
| উত্তোলন | ৪৯,৮০০ | |
| কমিশন আয় | | ১০,০০০ |
| সেবা আয় | | ৮৪,০০০ |
| বেতন (১০ মাস) | ২৫,০০০ | |
| প্রদত্ত ভাড়া | ২৭,০০০ | |
| সুদ আয় | | ৫,০০০ |
| | ২,৬২,০০০ | ২,৬২,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) হিসাবকাল শেষে মনিহারি অব্যবহৃত আছে ৭০০ টাকা; (২) সেবা প্রদান করা হয়েছে কিন্তু এখনো বিল পাওয়া যায়নি ২,০০০ টাকা; (৩) বছর শেষে সেবা আয় অনুপার্জিত রয়েছে ৬,০০০ টাকা; (৪) ভাড়া অগ্রিম প্রদান ২,০০০ টাকা।

ক. মোট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. একধাপবিশিষ্ট আয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

**খ বিভাগ**

৩ ▶ ২০২২ সালের ১ মার্চ তারিখে মিস অহনা নগদ ৭০,০০০ টাকা, ৩০,০০০ টাকার যন্ত্রপাতি ও রিমার নিকট হতে ৪০,০০০ টাকা কর্জ নিয়ে কারবার আরম্ভ করেন। উক্ত মাসে তার ব্যবসায়ের সম্পাদিত লেনদেনসমূহ নিম্নরূপ :

মার্চ ২ ১৫% ভ্যাটসহ নগদে মাল ক্রয় ৬৯,০০০ টাকা।
" ৭ রাজিবের নিকট নগদে মাল বিক্রয় ৭০,০০০ টাকা।
" ১০ বহিঃফেরত ৬,০০০ টাকা।
" ১৮ নগদে ল্যাপটপ ক্রয় ৩০,০০০ টাকা।
" ২০ আরিফের নিকট পণ্য বিক্রয় ২০,০০০ টাকা।
" ২৬ ভাড়া প্রদান ১০,০০০ টাকা।
" ৩১ আরিফের নিকট পাওনার পূর্ণনিষ্পত্তিতে ১৯,০০০ টাকা পাওয়া গেল।

ক. মিস অহনার ব্যবসায়ের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২, ১০, ২০ ও ৩১ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাও (ব্যাখ্যা ব্যতীত)। ৪
গ. ১, ৭, ১৮ ও ২৬ তারিখের লেনদেনগুলোর হিসাব সমীকরণে প্রভাব টেবিলের মাধ্যমে উপস্থাপন কর। ৪

৪ ▶ ২০২২ সালের ১ ফেব্রুয়ারি তারিখে মিস এশা নগদ উদ্বৃত্ত ৩০,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ৭,৮০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপ :

ফেব্রু ৫ নগদে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা যার তিন-চতুর্থাংশ ব্যাংকে জমা দেওয়া হলো।
" ৭ শিউলির পাওনা ৮,০০০ টাকা ৫% বাট্টায়, ৬০% নগদে ও অবশিষ্টাংশ চেকে পরিশোধ করা হলো।
" ১০ মাহিনের নিকট হতে ২০,০০০ টাকা পাওনার ৩% বাট্টায়, ৯,৪০০ টাকা নগদে ও অবশিষ্ট টাকা চেকে পাওয়া গেল এবং চেকখানি ঐ দিনই ব্যাংকে জমা দেওয়া হলো।
" ১২ স্বীকৃত বিলের মাধ্যমে পণ্য বিক্রয় ১৫,০০০ টাকা ও ধারে ক্রয় ১২,০০০ টাকা।
" ১৫ ইমনের নিকট ৮% বাট্টায় ১০,০০০ টাকার পণ্য নগদে ক্রয় করা হলো।
" ২২ জয়ের নিকট পাওনা ৪,২০০ টাকার প্রেক্ষিতে ৪,০০০ টাকার চেক পেয়ে বিজয়ের ৪,১০০ টাকা দেনা পরিশোধিত হলো।
" ২৫ রুমাকে চেকে পরিশোধ ৪,৮৫০ টাকা, বাট্টা পাওয়া গেল ১৫০ টাকা।

ক. নগদান বইতে লিপিবদ্ধ হবে না এমন দফাগুলো চিহ্নিত কর। ২
খ. ৭, ১০, ১২ ও ১৫ তারিখের লেনদেনের জাবেদা দাখিলা দাও। ৪
গ. ১, ৫, ১০, ২২ ও ২৫ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি তিনঘরা নগদান বই তৈরি কর। ৪

৫ ▶ ১ নভেম্বর, ২০২১ তারিখে প্রিয়ন্তী ট্রেডার্সের প্রদেয় হিসাব সম্পর্কিত সহকারী খতিয়ানের জেরসমূহ ছিল নিম্নরূপ :

জামান এন্ড সন্স ১২,০০০ টাকা, আবুল এন্ড সন্স ১৫,০০০ টাকা নভেম্বর মাসের নগদ প্রদান সম্পর্কিত লেনদেনগুলো নিম্নরূপ :

নভে. ১ মালিক কর্তৃক অতিরিক্ত মূলধন আনয়ন ২০,০০০ টাকা।
" ২ তিন মাসের ভাড়া অগ্রিম প্রদান ১,৫০০ টাকা।
" ৭ আবুল এন্ড সন্সের নিকট ১০,০০০ টাকা দেনা ৩% বাট্টা বাদে প্রদান করা হলো।
" ১০ কমিশন পাওয়া গেল ২০০ টাকা।
" ১৫ নগদে পণ্য ক্রয় ৬,০০০ টাকা।
" ২০ জামান এন্ড সন্সের নিকট আমাদের দেনা ৭,০০০ টাকা ২% বাট্টা বাদে পরিশোধ করা হলো।
" ২৮ মেয়াদ শেষে প্রদেয় নোটের ৩,০০০ টাকা প্রদান করা হলো।

ক. যে সকল লেনদেন নগদ প্রদান জাবেদা বইতে লিপিবদ্ধ হবে না তার পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত লেনদেনসমূহ দ্বারা একটি নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪
গ. সাধারণ খতিয়ানে প্রদেয় হিসাব এবং প্রদেয় হিসাব সম্পর্কিত সহকারী খতিয়ানগুলো তৈরি কর। ৪

৬ ▸ সাহা স্টোরস-এর ব্যাংকসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :
(১) নগদান বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত (৩১-০৩-২০২২) ৩০,০০০ টাকা।
(২) আদায়ের জন্য জমাকৃত চেক কিন্তু ব্যাংক বিবরণীতে ক্রেডিট করা হয়নি ৭,০০০ টাকা।
(৩) চেক কাটা হয়েছে, যা ব্যাংকে উপস্থাপন করা হয়নি ৫,০০০ টাকা।
(৪) ব্যাংক কর্তৃক লভ্যাংশ আদায় ২,০০০ টাকা।
(৫) ব্যাংক চার্জ ১,২০০ টাকা।
(৬) জমাকৃত চেক যা অমর্যাদাকৃত হয়ে ফেরত এসেছে ৩,০০০ টাকা।
(৭) ৬,০০০ টাকার একখানি প্রাপ্য বিল ৫,৭০০ টাকায় ব্যাংকে বাট্টা করা হলেও নগদান বইতে পূর্ণমূল্যে লিপিবদ্ধ করা হয়েছে।
(৮) ব্যাংক কর্তৃক সরাসরি প্রদেয় বিল পরিশোধ করেছে, যা এখন পর্যন্ত নগদান বইতে লিপিবদ্ধ হয়নি ১,০০০ টাকা।
(৯) দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমা, যা নগদান বইতে লেখা হয়নি ৩,০০০ টাকা।

ক. ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ডেবিট মেমোরেন্ডামের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপরিউক্ত লেনদেন দ্বারা একটি ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি কর। ৪
গ. ব্যাংক বিবরণীতে লিপিবদ্ধ হয়েছে এরূপ লেনদেনসমূহের জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪

৭ ▸ গড়াই কোম্পানির ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তসমূহ নিচে দেওয়া হলো :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| নগদ তহবিল (৩১-১২-২০২১) | ৬০০ |
| ব্যাংকে জমা (৩১-১২-২০২১) | ২,০০০ |
| প্রাপ্য হিসাব (৩১-১২-২০২১) | ১৩,০০০ |
| প্রাপ্য হিসাব (০১-০১-২০২১) | ২০,০০০ |
| নগদ তহবিল (০১-০১-২০২১) | ৮০০ |
| মজুদ পণ্য (০১-০১-২০২১) | ১০,০০০ |
| মজুদ পণ্য (৩১-১২-২০২১) | ১২,০০০ |
| প্রদত্ত ঋণ | ১৬,০০০ |
| মূলধন | ৫২,০০০ |
| ক্রয় | ৬০,২০০ |
| অব্যবহৃত মনিহারি | ৩০০ |
| যন্ত্রপাতি | ৩২,৭০০ |
| মজুরি | ৪,০০০ |
| বিক্রয় ফেরত | ২,৫০০ |
| বকেয়া বেতন | ৩,০০০ |
| শিক্ষানবিশ ভাতা | ১,৫০০ |
| বিক্রয় | ৮২,৫০০ |
| কমিশন প্রাপ্তি | ৩,৩০০ |
| অনাদায়ি বিনিয়োগের সুদ | ৫০০ |
| শিক্ষানবিশ সেলামি | ২,২০০ |

ক. রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না এমন লেনদেনসমূহের পরিমাণ কত? ২
খ. মুনাফাজাতীয় আয় ও ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের জন্য উপরিউক্ত উদ্বৃত্তগুলো নিয়ে একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

৮ ▸ রূপসা ট্রেডার্সের ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ :

**রূপসা ট্রেডার্সের রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২০

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| সেবা আয় | | ৮০,০০০ |
| মূলধন | | ৭০,০০০ |
| উত্তোলন | ২১,৩০০ | |
| বেতন | ৪০,০০০ | |
| বিমা খরচ | ৩৬,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৯০,০০০ | |
| প্রদেয় হিসাব | | ১৮,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | | ২২,০০০ |
| সাপ্লাইজ | ২,৭০০ | |
| | ১,৯০,০০০ | ১,৯০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) অব্যবহৃত সাপ্লাইজ ৭০০ টাকা; (২) বিমা খরচের ১২,০০০ টাকা পরবর্তী বছরের জন্য; (৩) অনুপার্জিত সেবা আয়ের $^{৩}/_{৪}$ অংশ অর্জিত হয়েছে; (৪) বেতন বকেয়া আছে ২ মাসের।

ক. (২) ও (৩) নং সমন্বয়ের জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যা ব্যতীত) ২
খ. উপর্যুক্ত তথ্যাবলি হতে একটি কার্যপত্র প্রস্তুত কর। ৪
গ. উপর্যুক্ত তথ্যের আলোকে সমাপনী দাখিলা দাও। ৪

৯ ▸ ২০১৯ সালের ১ জানুয়ারি নবগঙ্গা ট্রেডার্স ৩,৯০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করেন এবং ৫০,০০০ টাকার সংস্থাপন ব্যয় নির্বাহ করে। যার আয়ুষ্কাল ৫ বছর শেষে ২০,০০০ টাকা পাওয়া যাবে। কোম্পানি সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করে এবং ৩১ ডিসেম্বর তারিখে প্রতিবছর হিসাব বছর শেষ করে। ২০২১ সালের ৩১ অক্টোবর তারিখে মেশিনটি ৩,২০,০০০ টাকায় বিক্রয় করা হয়।

ক. মেশিন বিক্রয়জনিত লাভ/ক্ষতি নির্ণয় কর। ২
খ. প্রথম ৩ বছরের জাবেদা দাখিলা দাও। ৪
গ. প্রথম ৩ বছরের অবচয় হিসাব ও যন্ত্রপাতি হিসাব প্রস্তুত কর। ৪

১০ ▸ ২০২১ সালের ১ জুন তারিখে জনাব সিয়াম নগদ ৭০,০০০ টাকা এবং ৪০,০০০ টাকা মূল্যের আসবাবপত্র মূলধনস্বরূপ আনয়ন করে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার ব্যবসায়ে সংঘটিত ঘটনাগুলো নিম্নরূপ :

২০২১
জুন ২ আসাদ স্টোরের নিকট ১৫,০০০ টাকার পণ্য ক্রয়ের ফরমায়েশ দেওয়া হলো।
" ৫ নগদে পণ্য ক্রয় ২০,০০০ টাকা।
" ১২ ব্যক্তিগত প্রয়োজনে কারবার হতে পণ্য উত্তোলন ৭,০০০ টাকা।
" ২০ নিজস্ব তহবিল হতে ছেলের জন্য একটি ল্যাপটপ ক্রয় করলেন ৩৫,০০০ টাকা।
" ২৫ মিরাজের নিকট নগদে পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা।
" ৩০ কর্মচারী মতিনকে চলতি মাসের বেতন প্রদান ১৬,০০০ টাকা।

ক. যে ঘটনাগুলো লেনদেন নয় সেগুলো শনাক্ত করে তার পরিমাণ নির্ণয় কর। ২
খ. লেনদেনগুলোর সাথে সংশ্লিষ্ট হিসাবগুলোর আধুনিক পদ্ধতিতে কারণসহ শ্রেণিবিন্যাস দেখাও। ৪
গ. চলমান জের ছক অনুযায়ী নগদান হিসাব ও ক্রয় হিসাব তৈরি কর। ৪

১১ ▸ আযম এন্টারপ্রাইজের হিসাব বইতে রেওয়ামিল তৈরির পর নিম্নলিখিত ভুলগুলো ধরা পড়ে :
(১) যন্ত্রপাতি ক্রয় ২০,০০০ টাকা, যা ক্রয় হিসাবে ডেবিট করা হয়েছে।
(২) বিক্রয় হিসাবের যোগফল ৭,০০০ টাকা কম দেখানো হয়েছে।
(৩) জীবন বিমা প্রিমিয়াম ২,৩০০ টাকা প্রদান করে বিমা হিসাবে ডেবিট করা হয়েছে।
(৪) যন্ত্রপাতি মেরামত ব্যয় ২,৭০০ টাকা যন্ত্রপাতি হিসাবে ডেবিট করা হয়েছে।
(৫) ৯,৫০০ টাকার পুরাতন যন্ত্রপাতি বিক্রয় করে যন্ত্রপাতি হিসাবে ৮,৭০০ লেখা হয়েছে।
(৬) প্রদেয় হিসাব পরিশোধ ৩,০০০ টাকা কিন্তু তার হিসাবে লেখা হয়নি।

ক. উপরিউক্ত তথ্যাবলি হতে নীতিগত ভুল/ভুলসমূহ চিহ্নিত করে তার পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২, ৩, ৪ ও ৫নং তথ্যগুলোর ভুল সংশোধনী জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. অনিশ্চিত হিসাবের ক্রেডিট জের ৪,৮০০ টাকা ধরে একটি অনিশ্চিত হিসাব তৈরি কর। ৪

## ৮ ✓ দিনাজপুর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

### হিসাববিজ্ঞান প্রথম পত্র ▽ সৃজনশীল প্রশ্ন

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট পূর্ণমান–৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

#### ক বিভাগ

১ ▸ আবির ট্রেডার্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিল নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| সুদ খরচ | ৫,০০০ | |
| মূলধন | | ৭৫,০০০ |
| আসবাবপত্র | ৮৫,০০০ | |
| মজুদ পণ্য (০১-০১-২০২১) | ২০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৭০,০০০ | ১,৫০,০০০ |
| ফেরতসমূহ | ৪,০০০ | ২,০০০ |
| অনাদায়ি পাওনা সঞ্চিতি | | ৩,০০০ |
| ডেলিভারি খরচ | ৬,০০০ | |
| মজুরি | ১৫,০০০ | |
| অফিস খরচ | ১৪,০০০ | |
| হাতে নগদ | ১১,০০০ | |
| | ২,৩০,০০০ | ২,৩০,০০০ |

**অতিরিক্ত তথ্যাবলি :** (১) হিসাবকাল শেষে মজুদ পণ্য ২২,০০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে; (২) পণ্য ধারে বিক্রয় হয়েছে কিন্তু হিসাবভুক্ত হয়নি ৫,০০০ টাকা; (৩) অনাদায়ি পাওনা সঞ্চিতি ৫,০০০ টাকায় উন্নীত করতে হবে; (৪) আসবাবপত্রের ওপর ৫% অবচয় ধরতে হবে।

ক. আবির ট্রেডার্সের নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ৩১ ডিসেম্বর ২০২১ তারিখে সমাপ্ত বছরের বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

গ. মোট মুনাফার পরিমাণ ৭০,০০০ টাকা ধরে নিয়ে বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪

২ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে 'শাকিল এন্টারপ্রাইজের' রেওয়ামিল নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মজুদ পণ্য (০১-০১-২০২১) | ৭৫,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ১,৫০,০০০ | ৩,০০,০০০ |
| ফেরত | ৫,০০০ | ৬,০০০ |
| মজুরি | ৭,০০০ | |
| ক্রয় পরিবহন | ১৪,০০০ | |
| উত্তোলন ও মূলধন | ১৫,০০০ | ২,৫০,০০০ |
| প্রশাসনিক ও বিক্রয় খরচ | ৯০,০০০ | |
| ১০% বিনিয়োগ | ২,০০,০০০ | |
| | ৫,৫৬,০০০ | ৫,৫৬,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ৭০,০০০ টাকা (বাজারমূল্য ৬০,০০০ টাকা); (২) বছর শেষে বিক্রয়কৃত ৮,০০০ টাকার পণ্য ক্রেতাকে সরবরাহ করা হয়নি যা সমাপনী মজুদের অন্তর্ভুক্ত আছে। উক্ত পণ্যের ক্রয়মূল্য ৬,০০০ টাকা এবং বাজারমূল্য ৫,১০০ টাকা; (৩) মালিক কর্তৃক প্রদত্ত ৫,০০০ টাকা বিক্রয়ের মধ্যে অন্তর্ভুক্ত আছে; (৪) মজুরি অপ্রদত্ত রয়েছে ৩,০০০ টাকা।

ক. সমাপনী মজুদ পণ্যের প্রকৃত মূল্যের পরিমাণ কত টাকা? ২

খ. ২০২১ সালে সমাপ্ত বছরের আয় বিবরণীর মাধ্যমে মোট লাভের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. নিট লাভ ২৪,০০০ টাকা ধরে নিয়ে একটি মালিকানাস্বত্ব বিবরণী তৈরি কর। ৪

#### খ বিভাগ

৩ ▸ জনাব খোকন ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ৪০,০০০ টাকা এবং ১০,০০০ টাকার খুচরা যন্ত্রাংশ নিয়ে একটি 'মোবাইল সার্ভিসিং সেন্টার' নামে প্রতিষ্ঠান আরম্ভ করেন। উক্ত মাসে তার প্রতিষ্ঠানে নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয় :

জানু. ২ দোকান ভাড়া বাবদ নগদ ৪,০০০ টাকা প্রদান করেন।

" ১০ জনাব খোকন একটি মেশিন ক্রয় করেন ৫০,০০০ টাকা যার মধ্যে ২০,০০০ টাকা নগদ প্রদান করেন এবং অবশিষ্ট টাকার জন্য একটি প্রদেয় নোটে স্বীকৃতি দেন।

" ১৫ তিনি এক বছরের বিমা প্রিমিয়াম বাবদ নগদ ২,৪০০ টাকা প্রদান করেন।

" ১৮ পত্রিকায় বিজ্ঞাপন প্রদান ২,০০০ টাকা; যা এখনো পরিশোধ করা হয়নি।

" ৩১ মোবাইল সেবা বাবদ এ মাসে ২৪,০০০ টাকা পাওয়া গেল।

ক. প্রারম্ভিক সম্পত্তির পরিমাণ নির্ণয় কর। ২

খ. জানুয়ারি ২, ১০, ১৫ ও ১৮ তারিখের লেনদেনসমূহের আধুনিক পদ্ধতিতে হিসাবের শ্রেণিবিভাগ দেখাও। ৪

গ. জানুয়ারি ১, ২, ১০ ও ৩১ তারিখের লেনদেনসমূহ নিয়ে ছক আকারে হিসাব সমীকরণে লেনদেনের প্রভাব দেখাও। ৪

৪ ▸ ABC কোম্পানি ২০১৯ সালের ১ জানুয়ারি তারিখে ৬,০০,০০০ টাকা দিয়ে একটি মেশিন ক্রয় করেছিল। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৬০,০০০ টাকা। প্রতিবছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বছর শেষ হয়। প্রতিষ্ঠানটি সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. অবচয়ের হার নির্ণয় কর। ২

খ. প্রথম ৪ বছরের জন্য অবচয় সারণি তৈরি কর। ৪

গ. প্রথম ২ বছরের জন্য অবচয় হিসাব ও পুঞ্জীভূত অবচয় হিসাব তৈরি কর। ৪

৫ ▸ সুজন এন্টারপ্রাইজ ১ এপ্রিল ২০২১ সালে ব্যবসায় আরম্ভ করেন। এপ্রিল ৩০ তারিখে তার রেওয়ামিল নিম্নরূপ :

রেওয়ামিল
এপ্রিল ৩০, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| অগ্রিম বিমা | ৩৬,০০০ | |
| স্থায়ী সম্পদসমূহ | ২,৮০,০০০ | |
| ১২% প্রদেয় নোট | | ১,০০,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | | ৪২,০০০ |
| সেবা আয় | | ৭৪,০০০ |
| মূলধন | | ১,০০,০০০ |
| | ৩,১৬,০০০ | ৩,১৬,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) ১ এপ্রিল হতে দুই বছরের জন্য বিমা খরচ প্রদত্ত হয়েছে; (২) প্রদেয় নোটের ওপর ১ মাসের সুদ বকেয়া হয়েছে; (৩) অনুপার্জিত সেবা আয়ের ২০,০০০ টাকা অর্জিত হয়েছে; (৪) সেবা প্রদান করা হয়েছে কিন্তু বিল করা হয়নি ১০,০০০ টাকা।

ক. মেয়াদ উত্তীর্ণ বিমা খরচের পরিমাণ কত? ২

খ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে প্রয়োজনীয় সমন্বয় দাখিলা দেখাও। ৪

গ. একটি ১০ ঘরবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত কর। ৪

৬ ▶ জনাব শাহীন ২০১৯ সালের ১ জানুয়ারি তারিখে ৯,০০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করেছিলেন। মেশিনটির সংস্থাপন ব্যয় হয়েছিল ৯০,০০০ টাকা এবং বহন খরচ বাবদ ৪০,০০০ টাকা পরিশোধ করা হয়। মেশিনটির আনুমানিক ভগ্নাবশেষ মূল্য ধরা হয় ৩০,০০০ টাকা। উক্ত যন্ত্রপাতির উৎপাদন একক যথাক্রমে ২০১৯ — ১০,০০০ একক; ২০২০ — ১৫,০০০ একক; ২০২১ — ১০,০০০ একক; ২০২২ — ৮,০০০ একক এবং ২০২৩ — ৭,০০০ একক।

ক. মেশিনটির অবচয়যোগ্য মূল্য নির্ণয় কর। ২

খ. উৎপাদন একক পদ্ধতিতে এককপ্রতি অবচয়ের হার নির্ণয়পূর্বক প্রথম দুই বছরের প্রয়োজনীয় জাবেদা লিখন দেখাও। ৪

গ. যন্ত্রপাতিটির আয়ুষ্কাল ৫ বছর ধরে নিয়ে বর্ষ সংখ্যা সমষ্টি পদ্ধতিতে অবচয় সারণি প্রস্তুত কর। ৪

৭ ▶ জনাব নাজমুলের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| নাজমুলের মূলধন | ৩০,০০০ |
| যন্ত্রপাতি | ৩,০০০ |
| ক্রয় | ১,০৭,২০০ |
| আন্তঃপরিবহন | ১,০০০ |
| বিজ্ঞাপন | ৭০০ |
| বেতন | ৬,০০০ |
| বিক্রয় | ১,৩৪,৮০০ |
| মজুরি | ৭,০০০ |
| ভাড়া ও কর | ৯০০ |
| প্রাপ্য হিসাবাদি | ১৮,৬০০ |
| প্রদেয় হিসাবাদি | ১০,৪০০ |
| বিনিয়োগ | ১৪,০০০ |
| নগদ ও ব্যাংক জমা | ১৩,৪০০ |
| প্রাপ্য সুদ | ৪,০০০ |
| প্রাপ্ত কমিশন | ১,০০০ |

ক. চলতি সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

গ. মুনাফাজাতীয় আয় এবং মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৮ ▶ মি. জামানের ২০২১ সালের ১ জুন তারিখে নগদ ২০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ৪৫,০০০ এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ২৫,০০০ টাকা ছিল। উক্ত মাসে তার অন্যান্য লেনদেনসমূহ নিম্নরূপ :

জুন ২ নগদে পণ্য বিক্রয় ১৫,০০০ টাকা।
" ৫ অতিরিক্ত মূলধন আনয়ন ৪০,০০০ টাকা।
" ১০ স্বীকৃত নোটের মাধ্যমে পণ্য ক্রয় ৫,০০০ টাকা।
" ১৪ মাসুমের নিকট পণ্য বিক্রয় ১০,০০০ টাকা।
" ১৮ নগদে পুরাতন আসবাবপত্র বিক্রয় ১৫,০০০ টাকা।
" ২৬ নাহিদের নিকট হতে ১০,০০০ টাকার পূর্ণনিষ্পত্তি সাপেক্ষে ৯,৫০০ টাকা পাওয়া গেল।

ক. নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না এমন লেনদেনের মোট টাকার পরিমাণ কত? ২

খ. ২, ৫, ১৮ ও ২৬ তারিখের লেনদেনগুলোর সাহায্যে নগদ প্রাপ্তি জাবেদা তৈরি কর। ৪

গ. উপর্যুক্ত লেনদেনের আলোকে সাধারণ খতিয়ান বইতে নগদান হিসাব এবং প্রাপ্য হিসাব প্রস্তুত কর। ৪

৯ ▶ ২০২১ সালের ৩১ জুলাই তারিখে শাফিন ট্রেডার্সের নগদান বইয়ের উদ্বৃত্ত ছিল ২৫,০০০ টাকা এবং ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ২১,৩২০ টাকা, গরমিলের কারণসমূহ নিম্নরূপ :

(১) দেনাদার কর্তৃক সরাসরি জমাদান ১,৩০০ টাকা যা নগদানভুক্ত হয়নি।
(২) ব্যাংকে জমাকৃত চেক আদায় হয়নি ৯,২০০ টাকা।
(৩) মালিক কর্তৃক ব্যাংক হতে উত্তোলন ১৫০ টাকা; যা নগদান বইতে লিপিবদ্ধ হয়নি।
(৪) ইস্যুকৃত চেক যা এখনো ভাঙানো হয়নি ৩,৬০০ টাকা।
(৫) ব্যাংক কর্তৃক লভ্যাংশ আদায় ৭৭০ টাকা।

ক. ব্যাংক বিবরণীতে লিপিবদ্ধ হয়নি এমন লেনদেনের পরিমাণ কত? ২

খ. উপর্যুক্ত লেনদেনগুলোর প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. উভয় জের সংশোধন পদ্ধতিতে একটি ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি কর। ৪

১০ ▶ নিয়ামুল ট্রেডার্সের ২০২১ সালের নভেম্বর মাসে নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয় :

নভে. ১ প্রারম্ভিক নগদ উদ্বৃত্ত ৫০,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ৪০,০০০ টাকা।
" ৬ নগদে পণ্য ক্রয় ১০,০০০ টাকা।
" ১১ ব্যাংকে জমা দেওয়া হলো ২৫,০০০ টাকা।
" ১৬ বাকিতে পণ্য ক্রয় ২০,০০০ টাকা।
" ২২ ইসলাম ট্রেডার্সের নিকট হতে ২০,০০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ১৯,৮০০ টাকা পাওয়া গেল।
" ২৪ আসবাবপত্রের অবচয় ধার্য করা হলো ৫,০০০ টাকা।
" ২৬ নাবা ট্রেডার্সকে ১৫,০০০ টাকা দেনার পূর্ণনিষ্পত্তিতে ১৪,৫০০ টাকার চেক প্রদান করা হলো।
" ৩০ বেতন প্রদান ৫,০০০ টাকা।
" ৩০ ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন ৫,০০০ টাকা।

ক. নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না এমন দফাগুলোর পরিমাণ নির্ণয় কর। ২

খ. নভেম্বর ১৬, ২২, ২৪ ও ২৬ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

গ. উপর্যুক্ত তথ্যাবলির আলোকে একটি তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

১১ ▶ নিম্নোক্ত তথ্যাদি জনাব নাহিদের হিসাব বই থেকে ৩১ ডিসেম্বর ২০২১ তারিখে নেওয়া হয়েছে :

(১) নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ২০,০০০ টাকা।
(২) ইস্যুকৃত চেক যা ব্যাংকে উপস্থাপন হয়নি ২,০০০ টাকা।
(৩) ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ ৫০ টাকা।
(৪) ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ ৪০ টাকা।
(৫) ব্যাংকে জমাকৃত চেক অমর্যাদাকৃত হয়ে ফেরত এসেছে ২,০০০ টাকা।
(৬) দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমা ৫,০০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।
(৭) আদায়ের জন্য জমাকৃত চেক যা ব্যাংক কর্তৃক আদায় হয়নি ৬,০০০ টাকা।
(৮) ব্যাংক কর্তৃক স্থায়ী নির্দেশনা মোতাবেক বিমা প্রিমিয়াম পরিশোধ ১,০০০ টাকা যা নগদানভুক্ত হয়নি।

ক. ব্যাংকের ডেবিট মেমোরেন্ডামের পরিমাণ কত টাকা? ২

খ. উপর্যুক্ত তথ্যাবলির আলোকে সনাতন পদ্ধতিতে ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতপূর্বক ব্যাংক বিবরণী মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত নির্ণয় কর। ৪

গ. ৩, ৪, ৫ ও ৬নং তথ্যাবলির আলোকে জাবেদা প্রস্তুত কর (ব্যাখ্যার দরকার নেই)। ৪

## ৯ ময়মনসিংহ বোর্ড ২০২২

বিষয় কোড : 253

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট

### হিসাববিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে শওকত ট্রেডার্স-এর রেওয়ামিল নিম্নরূপ :

**শওকত ট্রেডার্স রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় (১৫% ভ্যাটসহ) | ৮০,৫০০ | ১,১৫,০০০ |
| মজুরি | ৩,০০০ | |
| কু-ঋণ | ১০,০০০ | |
| কু-ঋণ সঞ্চিতি | | ২,৫০০ |
| বিজ্ঞাপন | ৮,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ২০,০০০ | ১২,০০০ |
| মূলধন | | ১,৫০,০০০ |
| উত্তোলন | ৫,০০০ | |
| যন্ত্রপাতি | ১,৩০,০০০ | |
| বেতন | ৩,০০০ | |
| | ২,৭৯,৫০০ | ২,৭৯,৫০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ২৫,০০০ টাকা; (২) বেতন ১০ মাসের প্রদত্ত হয়েছে; (৩) মালিক কর্তৃক পণ্য উত্তোলন ১,৫০০ টাকা হিসাবভুক্ত হয়নি; (৪) যন্ত্রপাতির উপর ৭$\frac{1}{2}$% অবচয় ধার্য কর।

ক. নিট ক্রয়ের পরিমাণ কত? ২

খ. মোট লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. নিট লাভ ৩০,০০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

২ ▸ **কাসেম ব্রাদার্স-এর রেওয়ামিল**
৩১ মার্চ, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ৫,০০,০০০ |
| উত্তোলন | ৮,০০০ | |
| সেবা আয় | | ৮০,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | | ১০,০০০ |
| মজুরি ও বেতন | ৫,০০০ | |
| বিমা সেলামি | ১২,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৪০,০০০ | ৩৫,০০০ |
| ১০% বিনিয়োগ (০১-০৬-২০২০) | ২,০০,০০০ | |
| বকেয়া বেতন | | ৫,০০০ |
| হাতে নগদ | ৩,৪০,০০০ | |
| মনিহারি খরচ | ২৫,০০০ | |
| | ৬,৩০,০০০ | ৬,৩০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) অনুপার্জিত সেবা আয়ের ৪,০০০ টাকা অর্জিত হয়েছে; (২) বছর শেষে অব্যবহৃত মনিহারি ১২,০০০ টাকা; (৩) মূলধনের উপর ১০% সুদ ধরতে হবে; (৪) বিজ্ঞাপন বাবদ ২,৫০০ টাকা খরচ হয়, যা হিসাবভুক্ত হয়নি; (৫) সেবা প্রদান করা হয়েছে কিন্তু বিল পাওয়া যায়নি ১০,০০০ টাকা।

ক. নিট সেবা আয়ের পরিমাণ কত? ২

খ. আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

### খ বিভাগ

৩ ▸ জনাব হাসিব ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ৫০,০০০ টাকা; ৭০,০০০ টাকার যন্ত্রপাতি এবং ৩০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসে তার লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

২০২০

| | | |
|---|---|---|
| জানু. | ৩ | নগদে পণ্য ক্রয় ২০,০০০ টাকা। |
| ” | ৬ | সোনালী ব্যাংকে একটি চলতি হিসাব খোলা হলো ৫,০০০ টাকা। |
| ” | ৮ | তানজিলার নিকট ৫০,০০০ টাকার পণ্য বিক্রয় করে ৫০% নগদে ও ৫০% চেকে প্রাপ্তি। |
| ” | ১৪ | জীবন বিমার প্রিমিয়াম প্রদান করা হলো ২,০০০ টাকা। |
| ” | ১৮ | তানজিলার চেকটি ব্যাংকে জমা দেওয়া হলো। |
| ” | ২৩ | ব্যাংক হতে উত্তোলন ২,০০০ টাকা। |
| ” | ৩১ | ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ ১,৫০০ টাকা। |

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত? ২

খ. জানুয়ারি ১, ৮, ১৪ ও ১৮ তারিখের লেনদেনগুলোর ডেবিট-ক্রেডিট নির্ণয় কর। ৪

গ. জানুয়ারি ১, ৬, ৮, ২৩ ও ৩১ তারিখের লেনদেনগুলোর প্রভাব হিসাব সমীকরণে দেখাও। (টেবুলার ছকে) ৪

৪ ▸ পদ্মা ট্রেডার্স-এর ২০২০ সালের ১ জানুয়ারি নগদ উদ্বৃত্ত ১,২০,০০০ টাকা এবং ব্যাংক উদ্বৃত্ত ৮০,০০০ টাকা ছিল। উক্ত মাসের লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

২০২০

| | | |
|---|---|---|
| জানু. | ২ | ১৫% ভ্যাটসহ পণ্য ক্রয় ২৩,০০০ টাকা। |
| ” | ৩ | তিন মাসের ভাড়া প্রদান ৩০,০০০ টাকা। |
| ” | ৭ | ২২,০০০ টাকার পণ্য ক্রয় করে ১০,০০০ টাকা নগদে এবং ১০,০০০ টাকা চেকে প্রদান। |
| ” | ১১ | ১০% বাট্টায় নগদে পণ্য বিক্রয় ৬০,০০০ টাকা। |
| ” | ১৬ | একজন দেনাদার সরাসরি ব্যাংকে টাকা জমা দিল ৮,০০০ টাকা। |
| ” | ২২ | বিনামূল্যে পণ্য বিতরণ ২,৫০০ টাকা। |
| ” | ৩০ | মুনাফাবিহীন বিক্রয় ৩,০০০ টাকা। |

ক. ৩১ জানুয়ারি তারিখে ব্যাংক হিসাবের উদ্বৃত্ত কত? ২

খ. জানুয়ারি ৩, ৭, ১১ ও ২২ তারিখের লেনদেনগুলোর আধুনিক পদ্ধতিতে হিসাবের শ্রেণি উল্লেখ কর। ৪

গ. জানুয়ারি ২, ৭, ১১ ও ৩০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪

৫ ▸ শিরিন ট্রেডার্স-এর ২০২১ সালের মার্চ মাসের লেনদেনগুলো নিম্নরূপ :

২০২১

| | | |
|---|---|---|
| মার্চ | ১ | নগদে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা। |
| ” | ২ | বাকিতে পণ্য বিক্রয় ১০,০০০ টাকা। |
| ” | ৪ | দুই বছরের জন্য বিমা প্রিমিয়াম প্রদান ২,৪০০ টাকা। |
| ” | ৮ | কমিশন পাওয়া গেল ৪,০০০ টাকা। |
| ” | ১০ | রূপায়ণ ট্রেডার্স-এর কাছ থেকে ১২,০০০ টাকার পণ্য ক্রয়। |
| ” | ১৩ | সাদাবকে তার পাওনা ৪,৫০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৪,২০০ টাকা প্রদান। |
| ” | ১৬ | নগদে পণ্য বিক্রয় ৩০,০০০ টাকা। |
| ” | ১৯ | রাকিবের দেনা ৫,০০০ টাকা পূর্ণ নিষ্পত্তি সাপেক্ষে ৪,৭৫০ টাকা প্রাপ্তি। |

" ২৩ ঋণের সুদ প্রদত্ত হলো ২,৫০০ টাকা।
" ৩০ বাকিতে আসবাবপত্র ক্রয় ১০,০০০ টাকা।

ক. অনগদ লেনদেনের পরিমাণ কত? ২
খ. নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪
গ. নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

৬ ▶ জনাব শহিদুলের ব্যবসায়ের রেওয়ামিলটি নিম্নরূপ :

**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | ১,৮০,০০০ | |
| আয়কর | ২,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | | ২৮,০০০ |
| পণ্য ক্রয় | ৫০,০০০ | |
| পণ্য বিক্রয় | | ২,০০,০০০ |
| বহিঃফেরত | ২,৫০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | ৩০,০০০ | |
| বিবিধ দেনাদার | | ৪০,০০০ |
| বিবিধ পাওনাদার | ৫০,০০০ | |
| আন্তঃপরিবহন | | ৮,০০০ |
| বকেয়া বেতন | ৩,৫০০ | |
| বিমা খরচ | | ২০,০০০ |
| প্রাপ্য সুদ | | ৩০,০০০ |
| ইজারা সম্পত্তি (৫ বছর) | | ৫০,০০০ |
| আসবাবপত্র | ৫৮,০০০ | |
| | ৩,৭৬,০০০ | ৩,৭৬,০০০ |

ক. চলতি দায়ের পরিমাণ কত? ২
খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪
গ. ৩১ ডিসেম্বর ২০২১ তারিখে সঠিক রেওয়ামিলটি প্রস্তুত কর। ৪

৭ ▶ ২০১৭ সালের ১ মার্চ তারিখে শামীম এন্ড কোং ১,৮০,০০০ টাকার একটি মেশিন ক্রয় করে। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। মেশিনটি আনয়ন বাবদ পরিবহন ব্যয় ৩০,০০০ টাকা এবং সংস্থাপন বাবদ ৪০,০০০ টাকা পরিশোধ করা হয়। ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়। হিসাব বন্ধকাল ৩১ ডিসেম্বর।

ক. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে বার্ষিক অবচয় হার নির্ণয় কর। ২
খ. ২০১৭ ও ২০১৮ সালের জাবেদা দাখিলা দাও। ৪
গ. মেশিন হিসাব ও অবচয় হিসাব প্রস্তুত কর। (দুই বছরের জন্য)। ৪

৮ ▶ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে শাপলা ট্রেডার্স-এর নগদান বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত ৮৮,২০০ টাকা ছিল। কিন্তু উক্ত তারিখে ব্যাংক বিবরণী মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্তের মিল ছিল না। অনুসন্ধান করে নিম্নলিখিত কারণগুলো খুঁজে পাওয়া যায় :

(১) ইস্যুকৃত চেক ভাঙানো হয়নি ৫,০০০ টাকা।
(২) দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংক জমা ৩,০০০ টাকা যা নগদানভুক্ত হয়নি।
(৩) আদায়ের জন্য জমাকৃত ১০,০০০ টাকা ব্যাংক কর্তৃক আদায় হয়নি।
(৪) ব্যাংক কর্তৃক প্রত্যাখ্যাত চেক ৮,০০০ টাকা।
(৫) ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ ১,৫০০ টাকা।
(৬) ব্যাংক চার্জ ৩০০ টাকা নগদান বইতে লিপিবদ্ধ হয়নি।

ক. ক্রমিক নং ৪ এর জাবেদা দাখিলা দাও। ২
খ. প্রচলিত পদ্ধতিতে ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. কেবলমাত্র ব্যাংক বিবরণীতে লিপিবদ্ধ হয়েছে এমন লেনদেনের পরিমাণ কত? ৪

৯ ▶ ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে হাবিব ব্রাদার্স-এর মেশিন হিসাব ও পুঞ্জীভূত অবচয় হিসাবের উদ্বৃত্ত ছিল যথাক্রমে ২,০০,০০০ টাকা ও ৫০,০০০ টাকা। ২০২০ সালের ১ জুন তারিখে ১,২০,০০০ টাকায় নতুন একটি মেশিন ক্রয় করা হয়, যার সংস্থাপন ব্যয় ১০,০০০ টাকা নির্বাহ করা হয়। ২০২১ সালের ১ মার্চ তারিখে নতুন আরও একটি মেশিন ৫০,০০০ টাকায় ক্রয় করা হয়। সরলরৈখিক পদ্ধতিতে বার্ষিক ১৫% অবচয় ধার্য করা হয়। হিসাব বন্ধকাল ৩১ ডিসেম্বর।

ক. ২০২০ সালের অবচয় নির্ণয় কর। ২
খ. প্রথম ২ বছরের জাবেদা দাখিলা দাও। ৪
গ. অবচয় হিসাব ও পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর (২ বছরের)। ৪

১০ ▶ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সুরমা লি.-এর রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি ছিল নিম্নরূপ :

**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| হাতে নগদ | ৪০,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ২৫,০০০ | ৪০,০০০ |
| সাপ্লাইজ | ২০,০০০ | |
| দালানকোঠা | ১,০০,০০০ | |
| মূলধন | | ১,৩৫,০০০ |
| উত্তোলন | ৭,০০০ | |
| সেবা আয় | | ৭৫,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | | ৮,০০০ |
| বেতন খরচ | ২৪,০০০ | |
| বিজ্ঞাপন খরচ | ১৩,০০০ | |
| উপযোগ খরচ | ২৯,০০০ | |
| | ২,৫৮,০০০ | ২,৫৮,০০০ |

**সমন্বয়সমূহ :** (i) বছর শেষে ৫,০০০ টাকার সাপ্লাইজ অব্যবহৃত রয়েছে; (ii) সেবা প্রদান করা হয়েছে কিন্তু বিল পাওয়া যায়নি ৩,০০০ টাকা; (iii) বেতন বকেয়া ২,০০০ টাকা; (iv) দালানকোঠার অবচয় ১০,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।

ক. নিট সেবা আয়ের পরিমাণ কত? ২
খ. সমন্বয় জাবেদা দাও। ৪
গ. ১০ ঘরবিশিষ্ট একটি কার্যপত্র তৈরি কর। ৪

১১ ▶ কবীর ট্রেডার্স অগ্রদত্ত পদ্ধতিতে নগদান বই সংরক্ষণ করে। ২০২১ সালের মার্চ মাসে তার ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপ :

২০২১
মার্চ ১ প্রধান ক্যাশিয়ারের কাছ থেকে প্রাপ্তি ৫,০০০ টাকা।
" ৩ কাগজ ও কলম ক্রয় ৫০ টাকা।
" ৪ রিকশা ভাড়া প্রদান ৩০ টাকা।
" ৭ টেলিগ্রাম খরচ ২৫ টাকা।
" ১১ আপ্যায়ন খরচ ১০০ টাকা।
" ১৮ কাগজ ক্রয় ২০ টাকা।
" ২০ পুরাতন আসবাবপত্র বিক্রয় ৫,০০০ টাকা।
" ২১ ডাক খরচ ৪০ টাকা।
" ২৮ নগদে পণ্য বিক্রয় ১০,০০০ টাকা।

ক. খুচরা নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না এমন লেনদেনগুলো চিহ্নিত কর। ২
খ. খুচরা নগদান বই প্রস্তুত কর। ৪
গ. মনিহারি হিসাব, ডাক ও তার হিসাব প্রস্তুত কর। ৪

## ১০ ঢাকা বোর্ড ২০২১

বিষয় কোড : 2 5 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **হিসাববিজ্ঞান প্রথম পত্র • সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ মুন লাইট সার্ভিস এজেন্সি-এর ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিচে দেয়া হলো :

**মুন লাইট সার্ভিস এজেন্সি-এর রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২০

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| হাতে নগদ | ৩০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৮০,০০০ | |
| অফিস সরঞ্জাম | ১,২০,০০০ | |
| পুঞ্জীভূত অবচয়-অফিস সরঞ্জাম | | ১২,০০০ |
| প্রদেয় হিসাব | | ৩৬,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | | ১২,০০০ |
| মূলধন | | ১,৩০,০০০ |
| উত্তোলন | ১৬,০০০ | |
| সেবা আয় | | ১,৫০,০০০ |
| ১০% বিনিয়োগ (১-১-২০২০) | ৪০,০০০ | |
| সাধারণ খরচ | ৩৬,০০০ | |
| অগ্রিম বিমা | ৮,০০০ | |
| সাপ্লাইজ | ১০,০০০ | |
| | ৩,৪০,০০০ | ৩,৪০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) অনুপার্জিত সেবা আয়ের ৮,০০০ টাকা উপার্জিত হয়েছে। (২) প্রতি মাসে ৫০০ টাকা করে বিমা খরচ অতিক্রান্ত হয়েছে। (৩) সাপ্লাইজ ৩,০০০ টাকা মজুদ আছে। (৪) অফিস সরঞ্জামের ওপর ১০% অবচয় ধরতে হবে।

ক. চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখে মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▸ জনতা ট্রেডার্সের ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

**জনতা ট্রেডার্সের রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২০

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ ও ব্যাংক | ৫০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৩০,০০০ | |
| মজুদ পণ্য (১-১-২০২০) | ১৬,০০০ | |
| কলকব্জা | ৮০,০০০ | |
| প্রদেয় হিসাব | | ২৫,০০০ |
| শিক্ষানবিশ সেলামি (৩ বছরের জন্য) | | ৬,০০০ |
| ১০% ঋণ (১-৭-২০২০) | | ২০,০০০ |
| মূলধন | | ১,০০,০০০ |
| উত্তোলন | ১০,০০০ | |
| পণ্য বিক্রয় | | ২,৭৫,০০০ |
| পণ্য ক্রয় | ১,৮০,০০০ | |
| ভাড়া (১০ মাসের) | ১০,০০০ | |
| বিজ্ঞাপন | ৩৮,৫০০ | |
| মজুরি | ১১,৫০০ | |
| | ৪,২৬,০০০ | ৪,২৬,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ২১,৫০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে; যার মধ্যে ১,৫০০ টাকার অব্যবহৃত সাপ্লাইজ অন্তর্ভুক্ত আছে। (২) বিজ্ঞাপনের উদ্দেশ্যে ১,৫০০ টাকা মূল্যের পণ্য বিনামূল্যে ভোক্তাদের মধ্যে বিতরণ করা হয়েছে, যা এখনও হিসাবভুক্ত হয়নি। মোট বিজ্ঞাপন খরচের দুই-পঞ্চমাংশ অবলোপন করতে হবে। (৩) মালিক কর্তৃক ৫,০০০ টাকার পণ্য উত্তোলন করা হয়েছে; যা হিসাবভুক্ত হয়নি।

ক. বিলম্বিত বিজ্ঞাপনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের মোট মুনাফা নির্ণয় কর। ৪

গ. নিট মুনাফা ৬৭,০০০ টাকা ধরে ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের দায় ও মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▸ ২০২০ সালের জানুয়ারি মাসে জনাব হাবিবের ব্যবসায়ে নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয়েছে :

জানু. ১ জনাব হাবিব নগদ ৫০,০০০ টাকা, যন্ত্রপাতি ৩০,০০০ টাকা এবং ব্যাংক হতে ২০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় আরম্ভ করেন।

" ৮ একজন মক্কেলকে ২৫,০০০ টাকার সেবা প্রদান করে ১৫,০০০ টাকা পাওয়া গেল।

" ১৫ নগদে সাপ্লাইজ ক্রয় করা হলো ৫,০০০ টাকা।

" ২৫ ব্যাংক ঋণ পরিশোধ করা হলো ১০,০০০ টাকা

" ৩০ সাপ্লাইজ ব্যবহৃত হয়েছে ২,০০০ টাকা।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. জানুয়ারি ৮,১৫, ২৫ ও ৩০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলো হতে জানুয়ারি ১, ৮, ১৫ ও ২৫ তারিখের লেনদেনগুলো টেবুলার ছকে হিসাব সমীকরণের প্রভাব দেখাও। ৪

৪ ▸ ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে জনাব আলমের ব্যবসায়ে নগদ উদ্বৃত্ত ছিল ৫০,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ছিল ৪০,০০০ টাকা।

জানু. ২ নগদে ১২,০০০ টাকার এবং চেকে ৫,০০০ টাকার পণ্য ক্রয়।

" ১০ ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন ১০,০০০ টাকা।

" ১৫ একজন দেনাদারের নিকট হতে পাওনা ১৬,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ১৫,৬০০ টাকার একটি চেক প্রাপ্তি।

" ২০ নগদে দেনা পরিশোধ ৮,০০০ টাকা।

" ২৫ ১৫ তারিখের চেকটি প্রত্যাখ্যাত হলো।

" ৩০ ব্যবসায়ের স্থায়ী সম্পদের অবচয় ধার্য করা হলো ২,০০০ টাকা।

ক. অনগদ লেনদেনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২, ১০, ১৫ ও ২৫ জানুয়ারি তারিখের লেনদেনের জাবেদা দাখিলা দাও। ৪

গ. উপর্যুক্ত তথ্যের আলোকে একটি তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

৫ ▸ স্বপ্না ট্রেডার্সের ২০২০ সালের জুলাই মাসের লেনদেনগুলো নিম্নরূপ :

জুলা. ১ নগদ ১,৫০,০০০ টাকা ব্যবসায়ে বিনিয়োগ করা হলো।

" ৫ পাওনাদার রহমান ট্রেডার্সকে ৬,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৫,৪০০ টাকা প্রদান করা হলো।

" ১০ নগদে পণ্য ক্রয় ১২,০০০ টাকা।

" ১২ আলমের নিকট নগদে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা।

" ১৫ নগদে আসবাবপত্র ক্রয় ১৫,০০০ টাকা।

" ২০ রহমানের নিকট হতে চেক প্রাপ্তি ১০,০০০ টাকা।

" ২৮ জনতা ট্রেডার্সের নিকট হতে পাওনা ১১,৫০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ১১,০০০ টাকা পাওয়া গেল।

" ৩০ শামীম এন্টারপ্রাইজকে তাদের পাওনা ৮,০০০ টাকা পরিশোধ করা হলো।

ক. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে নগদ প্রাপ্তি জাবেদা তৈরি কর। ৪

গ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে নগদ প্রদান জাবেদা তৈরি কর। ৪

৬ ▸ ২০২০ সালের ৩০ জুন তারিখে সাব্বির অ্যান্ড কোং-এর নগদান বই মোতাবেক ব্যাংক জমার পরিমাণ ৮৭,৩০০ টাকা ছিল। কিন্তু উক্ত উদ্বৃত্তের সাথে ব্যাংক বিবরণী মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্তের মিল ছিল না। অনুসন্ধান করে দুই বইয়ের উদ্বৃত্তের গরমিলের নিম্নলিখিত কারণগুলো খুঁজে পাওয়া যায় :

(১) জুন মাসে ব্যাংক সার্ভিস চার্জ কর্তন করেছে ৩৫০ টাকা।
(২) ব্যাংক প্রদেয় নোট পরিশোধ করেছে ১,২০০ টাকা।
(৩) ব্যাংক কর্তৃক লভ্যাংশ আদায় হয়েছে ৬,৫০০ টাকা।
(৪) ব্যাংকে জমাকৃত চেক অমর্যাদাকৃত হয়েছে ১০,০০০ টাকা
(৫) ব্যাংক সুদ মঞ্জুর করেছে ৭০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্য অনুযায়ী ব্যাংক কত টাকার ক্রেডিট মেমোরেন্ডাম ইস্যু করেছে তার পরিমাণ নির্ণয় কর। ২

খ. ১, ২, ৩ ও ৪ নং তথ্যের আলোকে সাব্বির অ্যান্ড কোং-এর হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪

গ. ২০২০ সালের ৩০ জুন তারিখে ব্যাংক বিবরণী মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্তের পরিমাণ নির্ণয় কর। ৪

৭ ▸ ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে আরাফাত অ্যান্ড কোং-এর নগদান বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত ৫০,০০০ টাকা। কিন্তু এই উদ্বৃত্তের সাথে ব্যাংক বিবরণী মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্তের গরমিল পরিলক্ষিত হয়। অনুসন্ধান করে গরমিলের নিম্নলিখিত কারণসমূহ পাওয়া যায় :

(১) ইস্যুকৃত চেক ভাঙানো হয়নি ২,০০০ টাকা।
(২) জমাকৃত কিন্তু ব্যাংক বিবরণীতে ক্রেডিট হয়নি এমন চেকসমূহ ৪,০০০ টাকা।
(৩) দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংক জমা ৩,০০০ টাকা।
(৪) ব্যাংকে জমাকৃত চেক প্রত্যাখ্যাত হয়েছে ২,৫০০ টাকা।
(৫) আদায়ের জন্য ব্যাংকে প্রেরিত প্রাপ্য নোট আদায় হয়নি ১,৫০০ টাকা।
(৬) একজন পাওনাদারকে ১,১০০ টাকার একটি চেক ইস্যু করে ভুলে নগদান বইতে ১,০০০ টাকা লেখা হয়েছে।
(৭) ব্যাংক মঞ্জুরিকৃত সুদ ৬০০ টাকা।
(৮) ব্যাংক চার্জসমূহ ৪০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্য হতে ব্যাংক কত টাকার ডেবিট মেমোরেন্ডাম ইস্যু করেছে তার পরিমাণ নির্ণয় কর। ২

খ. ১, ২, ৭ ও ৮ নং তথ্য অবলম্বনে একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. ৩, ৪, ৫ ও ৬ নং তথ্য অবলম্বনে একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

৮ ▸ পদ্মা ট্রেডার্সের ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ানের উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| মূলধন | ৯০,০০০ |
| কলকব্জা | ৪৫,০০০ |
| নগদ ও ব্যাংক | ৬০,০০০ |
| পণ্য ক্রয় | ১,০০,০০০ |
| ভাড়া প্রাপ্তি | ৪,০০০ |
| শিক্ষানবিশ ভাতা | ৬,০০০ |
| অগ্রিম বিমা | ৮,০০০ |
| প্রদেয় নোট | ৪,০০০ |
| পণ্য বিক্রয় | ১,৩০,০০০ |
| ঋণের সুদ | ৬,০০০ |
| আমানতের সুদ | ৫,০০০ |
| বকেয়া বেতন | ৭,০০০ |
| প্রাপ্য হিসাব | ১২,০০০ |
| প্রাপ্ত বাট্টা | ৩,০০০ |
| বিক্রয় পরিবহন | ৮,০০০ |
| অনাদায়ি পাওনা সঞ্চিতি | ২,০০০ |

ক. চলতি সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত তথ্যের আলোকে একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

গ. উপর্যুক্ত রেওয়ামিল হতে আয় ও ব্যয়ের পার্থক্য নির্ণয় কর। ৪

৯ ▸ শাপলা ট্রেডার্সের হিসাব বইতে নিম্নলিখিত ভুলগুলো রেওয়ামিল তৈরির পর ধরা পড়ে :

(১) আসবাবপত্র ক্রয় ১০,০০০ টাকা, ক্রয় হিসাবে ডেবিট করা হয়েছে।
(২) বিক্রয় হিসাবের যোগফল ৫,০০০ টাকা কম দেখানো হয়েছে।
(৩) জীবন বিমা প্রিমিয়াম ১,২০০ টাকা প্রদান করে বিমা হিসাবে ডেবিট করা হয়েছে।
(৪) যন্ত্রপাতি সংস্থাপন ব্যয় ৩,৫০০ টাকা যন্ত্রপাতি মেরামত হিসাবে লেখা হয়েছে।
(৫) ৬,৫০০ টাকার পুরাতন আসবাবপত্র বিক্রয় করে আসবাবপত্র হিসাবে ৫,৬০০ টাকা লেখা হয়েছে।
(৬) পাওনাদারকে প্রদত্ত ২,০০০ টাকা হিসাবের বইতে লেখা হয়নি।

ক. উপর্যুক্ত তথ্য হতে নীতিগত ভুল/ভুলগুলো চিহ্নিত করে পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২, ৩, ৪ ও ৫নং তথ্যগুলোর ভুল সংশোধনী দাখিলা দেখাও (ব্যাখ্যার প্রয়োজন নাই)। ৪

গ. অনিশ্চিত হিসাবের ক্রেডিট জের ৫,৯০০ টাকা ধরে নিয়ে অনিশ্চিত হিসাব প্রস্তুত কর। ৪

১০ ▸ মুশফিক এন্টারপ্রাইজ ২০১৯ সালের ১ জানুয়ারি তারিখে ২,১০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে। মেশিনটির আয়ুষ্কাল ধরা হয় ৫ বছর এবং আয়ুষ্কাল শেষে এর ভগ্নাবশেষ মূল্য হবে ১০,০০০ টাকা। প্রতিষ্ঠানটির হিসাব প্রতিবছর ৩১ ডিসেম্বর তারিখে শেষ হয়।

ক. সরলরৈখিক পদ্ধতিতে বার্ষিক অবচয় নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত তথ্যের আলোকে ২০১৯ ও ২০২০ সালের জাবেদা দাখিলা দেখাও (ব্যাখ্যার প্রয়োজন নাই)। ৪

গ. ২০১৯ ও ২০২০ সালের অবচয় হিসাব ও মেশিন হিসাব প্রস্তুত কর। ৪

১১ ▸ সানলাইট ইঞ্জিনিয়ারিং ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে ৪,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করে। মেশিনটির সংস্থাপন ব্যয় হয়েছিল ৪০,০০০ টাকা। মেশিনটির কার্যকর আয়ুষ্কাল ৫ বছর ধরা হয় এবং ৫ বছর পর ভগ্নাবশেষ মূল্য পাওয়া যেতে পারে ৩০,০০০ টাকা। বার্ষিক ২০% হারে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করার সিদ্ধান্ত হয়। প্রতিবছর ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির হিসাব বছর শেষ হয়।

ক. মেশিনটির অবচয়যোগ্য মূল্য নির্ণয় কর। ২

খ. প্রথম চার বছরের জন্য অবচয় সারণি তৈরি কর। ৪

গ. প্রথম চার বছরের পুঞ্জীভূত অবচয় হিসাব তৈরি কর। ৪

## ১১ রাজশাহী বোর্ড ২০২১

বিষয় কোড : 2 5 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

**হিসাববিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন**

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ উর্মী রিসোর্টের হিসাবের বই হতে ২০২০ সালের ৩১ মার্চ সমাপ্ত তিন মাসের নিম্নোক্ত তথ্যাবলি নেয়া হলো :

**উর্মী রিসোর্টের রেওয়ামিল**

ডেবিট ৩১ মার্চ, ২০২০ ক্রেডিট

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| নগদ | ৪,০০,০০০ | পুঞ্জীভূত অবচয়-অফিস | |
| অগ্রিম বিমা | ১,৮০,০০০ | সরঞ্জাম | ১,৪০,০০০ |
| প্রাপ্য হিসাব | ২,২০,০০০ | প্রদেয় হিসাব | ১,৬০,০০০ |
| সাপ্লাইজ | ২০,০০০ | মূলধন | ৬,৫০,০০০ |
| অফিস সরঞ্জাম | ৩,০০,০০০ | ভাড়া আয় | ৪,৫০,০০০ |
| উত্তোলন | ৫০,০০০ | | |
| বিজ্ঞাপন খরচ | ১,১০,০০০ | | |
| উপযোগ খরচ | ১,২০,০০০ | | |
| | ১৪,০০,০০০ | | ১৪,০০,০০০ |

**অতিরিক্ত তথ্যাবলি :** (১) ৩১ মার্চ তারিখে মজুদ সাপ্লাইয়ের পরিমাণ ৬,০০০ টাকা। (২) ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে ৫ বছরের জন্য বিমা করা হয়েছিল। রেওয়ামিলের অগ্রিম বিমা তারই অংশ। (৩) অফিস সরঞ্জামের ক্রয়মূল্যের ওপর ১০% হারে অবচয় ধার্য কর।

ক. ২০২০ সালের ৩১ মার্চ তারিখে সাপ্লাইজ খরচ ও বিমা খরচের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উর্মী রিসোর্টের ৩১ মার্চ ২০২০ সালে সমাপ্ত তিন মাসের জন্য আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. উর্মী রিসোর্টের ৩১ মার্চ ২০২০ তারিখে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

২ ▸ ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে রূপায়ণ ট্রেডার্সের রেওয়ামিল নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ | ৫৫,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৭০,০০০ | |
| মজুদ পণ্য (১-১-২০২০) | ২৫,০০০ | |
| জমি ও দালান | ৪,৫০,০০০ | |
| অফিস সরঞ্জাম (১-৪-২০২০) | ১,৫০,০০০ | |
| প্রদেয় হিসাব | | ১,৫০,০০০ |
| মূলধন | | ৪,৩০,০০০ |
| উত্তোলন | ৩০,০০০ | |
| বিক্রয় (১৫% ভ্যাটসহ) | | ৫,৯২,২৫০ |
| ক্রয় (১৫% ভ্যাটসহ) | ৩,৫০,৭৫০ | |
| বিক্রয় ফেরত ও ক্রয় ফেরত | ১২,০০০ | ১০,০০০ |
| বেতন | ৩০,০০০ | |
| বিক্রয় প্রতিনিধির কমিশন | ৪,৫০০ | |
| আমদানি শুল্ক | ২,০০০ | |
| অনাদায়ি পাওনা | ৩,০০০ | |
| | ১১,৮২,২৫০ | ১১,৮২,২৫০ |

**সমন্বয়সমূহ :** (১) ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্তি মজুদের মূল্যায়ন করা হয় ৪৫,০০০ টাকা, কিন্তু উক্ত মজুদের বাজারমূল্য ছিল ৫০,০০০ টাকা। (২) জমি ও দালানের ওপর ৩% এবং অফিস সরঞ্জামের ওপর ৫% অবচয় ধর। (৩) প্রাপ্য হিসাবের ওপর সন্দেহজনক পাওনা সঞ্চিতি বাবদ ৫% সংরক্ষণ কর।

ক. স্থায়ী সম্পত্তির অবচয় নির্ণয় কর। ২

খ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের বিক্রীত দ্রব্যের ব্যয় নির্ণয় কর। ৪

গ. রূপায়ণ ট্রেডার্সের ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪

### খ বিভাগ

৩ ▸ ২০২০ সালের জানুয়ারি ১ তারিখে জনাব ইশরাক নগদ ১,০০,০০০ টাকা, আসবাবপত্র ৫০,০০০ টাকা এবং ৩০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় শুরু করল। জানুয়ারি মাসে নিম্নোক্ত ঘটনা ও লেনদেনগুলো সম্পন্ন হয় :

জানু. ২ মাসিক ১০,০০০ টাকা বেতনে দোকানের জন্য একজন ম্যানেজার নিয়োগ করা হলো।
" ৫ নগদে ২০,০০০ টাকার পণ্য ক্রয় করা হলো।
" ১০ ধারে অফিস সরঞ্জাম ক্রয় ১০,০০০ টাকা।
" ১৫ ৩০,০০০ টাকায় ধারে পণ্য বিক্রয় করা হলো।
" ২২ জানুয়ারি ১০ তারিখে ক্রীত সরঞ্জামের মূল্য পাওনাদারকে পরিশোধ করা হলো।
" ২৬ নগদ বিক্রয় ৮,০০০ টাকা।
" ৩০ ভাড়া বাবদ পরিশোধ ৩,০০০ টাকা।
" ৩১ ম্যানেজারের বেতন পরিশোধ করা হলো।

ক. জনাব ইশরাকের প্রারম্ভিক মূলধন নির্ণয় কর। ২

খ. জানুয়ারি ৫, ১০, ১৫ ও ৩১ তারিখের লেনদেনগুলোর জাবেদা দেখাও। (ব্যাখ্যা পরিহার কর) ৪

গ. নগদান হিসাব (T ছক ব্যবহার কর) তৈরি করে জানুয়ারির শেষে নগদ জেরের পরিমাণ নির্ণয় কর। ৪

৪ ▸ ইস্টার্ন রিপেয়ার সপের ব্যবসায়ের মার্চ, ২০২১ সালের লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

মার্চ ১ নগদ ৭২,০০০ টাকা এবং ২৫,০০০ টাকার সরঞ্জাম ব্যবসায়ে বিনিয়োগ করা হলো।
" ৭ বাকিতে ২,০০০ টাকার সাপ্লাইজ ক্রয় করা হলো।
" ১২ খরিদ্দারদের সেবা প্রদানপূর্বক নগদ ১৭,০০০ টাকা পাওয়া গেল এবং খরিদ্দারদের ওপর ৬,০০০ টাকার বিল করা হলো।
" ২০ ১,৪০০ টাকার উপযোগ বিল পাওয়া গেল যা পরবর্তী মাসে পরিশোধ করতে হবে।
" ২৫ ২ বছর মেয়াদি বিমার জন্য ১২,০০০ টাকা অগ্রিম প্রদান করা হলো।
" ২৮ বাড়ির মালিককে মার্চ মাসের ভাড়া বাবদ ৪,০০০ টাকা প্রদান করা হলো।
" ৩০ খরিদ্দারদের নিকট হতে পাওনা ৪০% নগদে পাওয়া গেল।
" ৩১ মার্চ মাসে মালিক কর্তৃক উত্তোলন ছিল ৫,০০০ টাকা।

ক. মাস শেষে নিট প্রাপ্য হিসাবের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মার্চ ১, ৭, ২৫ এবং ৩১ তারিখের লেনদেনগুলোর টেবুলার ছকে হিসাব সমীকরণের ওপর প্রভাব দেখাও। ৪

গ. মার্চ ১২, ২০, ২৮ এবং ৩০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা কর। ৪

৫ ▸ শিরিন ট্রেডার্স তাদের খুচরা খরচের জন্য খুচরা নগদান বই সংরক্ষণ করে। জুলাই মাসে নিম্নোক্ত লেনদেনগুলো সম্পন্ন হয় :

২০২০
জুলাই ১ খুচরা নগদ তহবিল (প্রারম্ভিক জের) ৫০০ টাকা।
" ২ টেলিগ্রাম খরচ ২৫ টাকা।
" ৩ কাগজ ক্রয় ২০ টাকা।
" ৫ নগদে পণ্য বিক্রয় ৫০০ টাকা।
" ৬ ডাক খরচ ১০ টাকা।

” ৭ কার্বন, কালি ইত্যাদি ২৮ টাকা।
” ৯ আপ্যায়ন খরচ ২৫ টাকা।
” ১২ পুরাতন অফিস সরঞ্জাম বিক্রয় ২৫০ টাকা।
” ১৫ টেলিগ্রাম খরচ ৩৫ টাকা।
” ১৭ কাগজ ক্রয় ৪২ টাকা।
” ২০ রিকশা ভাড়া ২০ টাকা।
” ২৪ ডাক খরচ ৩০ টাকা।
” ২৮ কলম, কালি ইত্যাদি ৪৫ টাকা।

ক. খুচরা নগদান বই বহির্ভূত লেনদেনগুলো চিহ্নিত কর। ২
খ. অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই প্রস্তুত কর। ৪
গ. মনিহারি হিসাব, ডাক ও তার হিসাব, যাতায়াত হিসাব এবং আপ্যায়ন হিসাব প্রস্তুত কর। ৪

৬ ▶ ২০২০ সালের ১ জুন তারিখে সানফ্লাওয়ার কোম্পানির প্রাপ্য হিসাব সম্পর্কিত সহকারী খতিয়ানের নিম্নোক্ত জেরসমূহ ছিল :
দবির অ্যান্ড সন্স ৭,০০০ টাকা, ফেয়ারলি কোম্পানি ১৪,৫০০ টাকা।
জুন মাসের নগদ প্রাপ্তি সম্পর্কিত লেনদেনগুলো ছিল নিম্নরূপ :
জুন ১ মালিক কর্তৃক অতিরিক্ত মূলধন বিনিয়োগ ১০,০০০ টাকা।
” ৮ ফেয়ারলি কোম্পানির নিকট হতে ৮,০০০ টাকা পাওনা ২% বাট্টা বাদে আদায় করা হলো।
” ১৫ নগদে পণ্য বিক্রয় ৬,০০০ টাকা।
” ১৮ দবির অ্যান্ড সন্সের নিকট হতে আমাদের পাওনা ৫,০০০ টাকা ২% বাট্টা বাদে আদায় করা হলো।
” ২৫ মেয়াদ শেষে প্রাপ্য নোটের ৪,০০০ টাকা আদায় হলো।
” ২৮ ভাড়া প্রাপ্তি ৩,০০০ টাকা।

ক. জুন মাসের বিক্রয় বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২
খ. জুন মাসের নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪
গ. সাধারণ খতিয়ানে প্রাপ্য হিসাব এবং প্রাপ্য হিসাব সম্পর্কিত সহকারী খতিয়ানগুলো তৈরি কর। ৪

৭ ▶ নিচে উল্লিখিত তথ্যগুলো ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে রাফিদ কোম্পানির সাথে সম্পর্কিত :
(১) নগদান বই অনুযায়ী ব্যাংক জমা ১০,০০০ টাকা।
(২) চলতি মাসে ৭,০০০ টাকার চেক ব্যাংকে জমা দেয়া হয়েছে, কিন্তু ব্যাংক কর্তৃক ২০২১ সালের ৪ জানুয়ারি ক্রেডিট করা হয়েছে।
(৩) চলতি মাসে ২,২০০ টাকার চেক ইস্যু করা হয়েছে, কিন্তু ৩১ ডিসেম্বর পর্যন্ত ব্যাংকে উপস্থাপিত হয়নি।
(৪) ব্যাংক কর্তৃক ১,৫০০ টাকার প্রাপ্য নোট আদায় হয়েছে কিন্তু নগদান বইতে লিপিবদ্ধ হয়নি।
(৫) আদায়ের জন্য প্রেরিত ১,৫০০ টাকার একটি চেক প্রত্যাখ্যাত হয়ে ফেরত এসেছে কিন্তু নগদান বইতে লেখা হয়নি।
(৬) ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ ২০০ টাকা এবং সার্ভিস চার্জ ৫০ টাকা এখনও নগদান বইতে লেখা হয়নি।

ক. ব্যাংক বিবরণীতে ক্রেডিটকৃত অর্থের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখে ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। (একক জের পদ্ধতি অনুযায়ী) ৪
গ. ৪, ৫ এবং ৬নং লেনদেনগুলোর জাবেদা দাখিলা কর। ৪

৮ ▶ রাফি ট্রেডার্সের অনভিজ্ঞ হিসাবরক্ষক নিম্নোক্ত রেওয়ামিলটি প্রস্তুত করেন কিন্তু রেওয়ামিল মিলে নাই :

**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২০

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ | ১৪,০০০ | |
| অগ্রিম বিমা | | ৩,৫০০ |
| প্রাপ্য হিসাবসমূহ | ১২,০০০ | |
| প্রদেয় হিসাবসমূহ | | ৩,০০০ |
| ১০% প্রদেয় নোট | | ৭,০০০ |
| অনুপার্জিত আয় | ২,২০০ | |
| রাফির মূলধন | | ২২,০০০ |
| রাফির উত্তোলন | | ৪,৫০০ |
| সেবা আয় | | ২৫,৬০০ |
| বেতন খরচ | ১৯,৯০০ | |
| ভাড়া খরচ | | ২,৪০০ |
| বিজ্ঞাপন খরচ | ২,০০০ | |
| উপযোগ খরচ | ৮০০ | |
| সুদ খরচ | ৭০০ | |
| | ৫১,৬০০ | ৬৮,০০০ |

ক. ২০২০ সালের মোট পরিচালন খরচের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে সঠিক রেওয়ামিল প্রস্তুত কর। ৪
গ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে চলতি সম্পত্তি ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৯ ▶ স্বপন পাবলিশার্স ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে ৩,৮০,০০০ টাকায় একটি প্রিন্টিং মেশিন ক্রয় করে। কোম্পানি উক্ত মেশিনটির আনয়ন ও সংস্থাপন বাবদ ২০,০০০ টাকা পরিশোধ করে। আশা করা হয় যে, কার্যকর আয়ুষ্কাল ৪ বছর শেষে ৯৬,০৪০ টাকা ভগ্নাবশেষ মূল্য পাওয়া যাবে। কোম্পানি অবচয় নির্ণয়ের জন্য ক্রমহ্রাসমান জের পদ্ধতি ব্যবহার করে। অবচয় হার ৩০%।

ক. মেশিনটির অবচয়যোগ্য মূল্য নির্ণয় কর। ২
খ. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে চার বছরের জন্য অবচয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. কোম্পানির বইতে মেশিনের ব্যয়ের জাবেদা ও ২০১৮, ২০১৯ এবং ২০২০ সালের অবচয় হিসাবভুক্ত করার জন্য বর্ষশেষে সমন্বয় দাখিলা দেখাও। (পুঞ্জীভূত অবচয় হিসাব ব্যবহার কর) ৪

১০ ▶ ২০১৮ সালের শুরুতে সিটি এন্টারপ্রাইজ ৫,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করে। মেশিনটির আয়ুষ্কাল ধরা হয় ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য অনুমান করা হয় ১,০০,০০০ টাকা। সিটি এন্টারপ্রাইজ সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করে এবং তাদের হিসাবকাল পঞ্জিকাবর্ষ অনুযায়ী ধরা হয়। আর্থিক সংকটের কারণে কোম্পানি ৩০ জুন, ২০২১ তারিখে ২,৮০,০০০ টাকায় মেশিনটি বিক্রি করে দেয়।

ক. সরলরৈখিক পদ্ধতিতে বার্ষিক অবচয়ের হার নির্ণয় কর। ২
খ. প্রথম দুই বছরের জন্য অবচয় হিসাব ও পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪
গ. মেশিন বিক্রয়জনিত লাভ বা ক্ষতি নির্ণয় কর এবং ৩০ জুন, ২০২১ তারিখে মেশিন বিক্রয়ের জাবেদা দাখিলা দাও। ৪

১১ ▶ জনাব শহীদ ২০২১ সালে ৩১ মার্চ তারিখে চূড়ান্ত হিসাব তৈরির পূর্বমুহূর্তে রেওয়ামিল প্রস্তুত করে ১,৭১২ টাকা পার্থক্য দেখতে পান এবং অনিশ্চিত হিসাব খুলে রেওয়ামিল মিলকরণ করেন। পরবর্তীতে পুনঃপরীক্ষার পর নিম্নলিখিত ভুলগুলো উদঘাটিত হয় :
(১) ২০২১ সালের ৩০ মার্চ তারিখে জনাব রাশিদের নিকট হতে ১,০০০ টাকা পাওয়া যায় যা নগদান বইতে লিপিবদ্ধ হয়নি।
(২) ৩,০০০ টাকায় অফিসের জন্য একটি টেবিল ক্রয় করা হয় যা ভুলবশত ক্রয় বইয়ের মাধ্যমে লিপিবদ্ধ করা হয়।
(৩) ২০২১ সালের মার্চ মাসে ক্রয় বইয়ের যোগফল ১,০০০ টাকা কম লেখা হয়েছে।
(৪) যন্ত্রপাতি সংস্থাপন বাবদ ৩,৭৫০ টাকা মজুরি পরিশোধ করা হয় যা মজুরি হিসাবে লিপিবদ্ধ করা হয়েছে।
(৫) ৬৭১ টাকার পণ্য ক্রয় পাওনাদার শিমুলের হিসাবে ৬১৭ টাকা দ্বারা ডেবিট করা হয়েছে।
(৬) কামাল কোম্পানির নিকট ২,০০০ টাকার পণ্য বিক্রয় তাদের হিসাবে ক্রেডিট করা হয়েছে।
(৭) ১,০০০ টাকার পণ্য বিক্রয় ক্রয় বইতে লিপিবদ্ধ করা হয়েছে, তবে দেনাদার হিসাবে সঠিকভাবে ডেবিট করা হয়েছে।

ক. নীতিগত ভুল চিহ্নিত কর। ২
খ. ৩, ৫, ৬ ও ৭নং ভুলগুলোর সংশোধনী জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. অনিশ্চিত হিসাব তৈরি কর। ৪

## ১২ যশোর বোর্ড ২০২১

বিষয় কোড : 2 5 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ মেসার্স আইমান ট্রেডার্সের ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

**মেসার্স আইমান ট্রেডার্সের রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২০

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ক্রয় ও বিক্রয় | ৪,৫৭,০০০ | ৬,০০,০০০ |
| বিক্রয় ফেরত | ৬,০০০ | |
| ক্রয় ফেরত | | ৫,০০০ |
| বেতন | ৬০,০০০ | |
| আন্তঃপরিবহন | ৩,০০০ | |
| বহিঃপরিবহন | ১,৮০০ | |
| বিমা সেলামি | ৫,০০০ | |
| বিজ্ঞাপন | ১২,০০০ | |
| নগদ | ১,২০,০০০ | |
| আইমানের মূলধন | | ৭,০০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৫০,০০০ | |
| প্রদেয় হিসাব | | ৩০,০০০ |
| যন্ত্রপাতি | ৪,০০,০০০ | |
| ভূমি | ৫,০০,০০০ | |
| ১২% ঋণ (১-১-২০২০) | | ৩,০০,০০০ |
| পুঞ্জীভূত অবচয় | | ৪০,০০০ |
| অনাদায়ি পাওনা সঞ্চিতি | | ১,০০০ |
| মজুদ পণ্য (১-১-২০২০) | ৬১,২০০ | |
| | ১৬,৭৬,০০০ | ১৬,৭৬,০০০ |

**সমন্বয়সমূহ :** (i) সমাপনী মজুদ পণ্য ৮০,০০০ টাকা; বাজারমূল্য ৮২,০০০ টাকা। (ii) যন্ত্রপাতির ওপর ৫% হারে অবচয় ধার্য করতে হবে। (iii) বেতন বকেয়া ১০,০০০ টাকা। (iv) অগ্রিম বিমা ১,০০০ টাকা। (v) অনাদায়ি পাওনাস্বরূপ অবলোপন ৫,০০০ টাকা। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ওপর ৫% হারে অনাদায়ি পাওনা সঞ্চিতি ধার্য কর।

ক. নিট প্রাপ্য হিসাবের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট লাভ নির্ণয় কর। ৪

গ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য নিট লাভ/ক্ষতি নির্ণয় কর। ৪

২ ▸ জনাব শাকিরের ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য সমন্বয়সমূহ নিম্নরূপ :

**শাকির সার্ভিসিং সেন্টার রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২০

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন – শাকির | | ১,৭০,০০০ |
| উত্তোলন – শাকির | ৪,০০০ | |
| হাতে নগদ | ৬০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১,২০,০০০ | |
| অগ্রিম বিমা | ২০,০০০ | |
| বেতন খরচ | ২৪,০০০ | |
| ভাড়া খরচ | ৩০,০০০ | |
| মনিহারি | ৪৮,০০০ | |
| আসবাবপত্র | ৮০,০০০ | |
| সেবা আয় | | ১,৪০,০০০ |
| পুঞ্জীভূত অবচয় – আসবাবপত্র | | ১০,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | | ১৬,০০০ |
| প্রদেয় হিসাব | | ৫০,০০০ |
| | ৩,৮৬,০০০ | ৩,৮৬,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (i) প্রতি মাসে বিমা খরচ ১,৫০০ টাকা। (ii) বছর শেষে ৮,০০০ টাকার মনিহারি অব্যবহৃত রয়েছে। (iii) অনুপার্জিত আয় অর্জিত হয়েছে ১২,০০০ টাকা। (iv) আসবাবপত্রের ওপর ১০% অবচয় ধার্য করতে হবে।

ক. নিট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. নিট সেবা আয় ১,৬০,০০০ টাকা বিবেচনাপূর্বক নিট লাভ বা লোকসানের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

### খ বিভাগ

৩ ▸ মি. দুলাল একজন সিভিল ইঞ্জিনিয়ার। ১ জানুয়ারি ২০২০ তারিখে তিনি নগদ ১,৫০,০০০ টাকা, ২০,০০০ টাকার আসবাবপত্র এবং ১০,০০০ টাকা ঋণ নিয়ে একটি সেবা ফার্ম শুরু করেন। উক্ত মাসের লেনদেনগুলো নিম্নরূপ :

জানু. ২ ধারে সেবা প্রদান ২৫,০০০ টাকা।
" ৫ ধারে সাপ্লাইজ ক্রয় ২,০০০ টাকা।
" ১৬ ভাড়া প্রদান ৫,০০০ টাকা।
" ৩১ ঋণ পরিশোধ ৫,০০০ টাকা।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪

গ. টেবুলার বিশ্লেষণের মাধ্যমে হিসাব সমীকরণের ওপর লেনদেনগুলোর প্রভাব দেখাও। ৪

৪ ▸ নিম্নোক্ত তথ্যাবলি মেসার্স আক্তার ব্রাদার্সের ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের—

(i) নগদান বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত ৩০,০০০ টাকা।

(ii) ইস্যুকৃত চেক সালমা ১৬,০০০ টাকা, ইমা ১২,০০০ টাকা, মুনিমের সপক্ষে ১৪,০০০ টাকা, যার মধ্যে শেষ দুটি চেক ৩১ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত ব্যাংকে উপস্থাপিত হয়নি।

(iii) চেক ব্যাংকে জমা দেয়া হয়েছিল কিন্তু ব্যাংক কর্তৃক এখনও আদায় হয়নি রাহাত ৬,০০০ টাকা, কামরান ১২,০০০ টাকা এবং জামিল ২২,০০০ টাকা।

(iv) ব্যাংক কর্তৃক সুদ মঞ্জুর করা হয়েছে ২৬০ টাকা।

(v) ব্যাংক চার্জের পরিমাণ ২০০ টাকা।

(vi) খরিদ্দার কর্তৃক সরাসরি ৪,৫০০ টাকা ব্যাংকে জমা দেয়া হয়েছে কিন্তু আমরা ৬-১-২০২১ তারিখে জানতে পারি।

(vii) ব্যাংক কর্তৃক বকেয়া বাড়িভাড়া পরিশোধ ৩,৫০০ টাকা কিন্তু অনুবেদন গৃহীত হয় ৭-১-২০২১ তারিখে।

ক. ব্যাংক কর্তৃক আদায় হয়নি এমন টাকার পরিমাণ নির্ণয় কর। (ট্রানজিটে জমা) ২

খ. নগদান বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত নিয়ে একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. যেসব লেনদেন নগদানভুক্ত হয়নি তার জাবেদা দাখিলা দেখাও। ৪

৫ ▸ জনাব আজাদ ১ নভেম্বর ২০২০ তারিখে নগদ ১,২০,০০০ টাকা এবং ৮০,০০০ টাকার পণ্য নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসের লেনদেনগুলো নিম্নরূপ :

২০২০
নভে. ৫ নগদে ক্রয় ২০,০০০ টাকা।
" ১০ বিজ্ঞাপন খরচ প্রদান ১৫,০০০ টাকা।
" ১৫ বাকিতে ক্রয় ২০,০০০ টাকা।
" ২০ নমুনা পণ্য বিতরণ ১০,০০০ টাকা।
" ৩০ মালিক ৩০,০০০ টাকা অতিরিক্ত মূলধন বিনিয়োগ করেন।

ক. প্রারম্ভিক মূলধন নির্ণয় কর। ২
খ. ১ থেকে ১৫ নভেম্বর তারিখের লেনদেনগুলো জাবেদাভুক্ত কর। ৪
গ. ক্রয় হিসাব এবং বিজ্ঞাপন হিসাব প্রস্তুত কর। ৪

৬ ▸ সেপ্টেম্বর ১, ২০২০ তারিখে জনাব আজহার নগদ ৫৫,০০০ টাকা এবং ৪৫,০০০ টাকার ব্যাংক উদ্বৃত্ত নিয়ে ব্যবসায় শুরু করেন। সেপ্টেম্বর মাসে নিম্নলিখিত লেনদেনগুলো সম্পন্ন হয় :

সেপ্টে. ৫ নগদে ক্রয় ৭,০০০ টাকা এবং বাকিতে ক্রয় ৫,০০০ টাকা।
" ৭ নাহিদকে চেকে পরিশোধ ১৫,০০০ টাকা এবং বাট্টা পাওয়া গেল ১৫০ টাকা।
" ৮ অফিসের জন্য ব্যাংক হতে উত্তোলন ৮,০০০ টাকা।
" ১০ বাশারকে তার ১০,০০০ টাকার পাওনার পূর্ণ নিষ্পত্তিতে ৯,৮০০ টাকা প্রদান করা হলো।
" ১৫ ব্যাংকে জমা দেওয়া হলো ১৫,০০০ টাকা।
" ২০ মাহবুবের নিকট ২০,০০০ টাকার পাওনার পূর্ণ নিষ্পত্তিতে ১৯,৮০০ টাকা পাওয়া গেল।
" ২৫ বিমা সেলামি প্রদান ২,০০০ টাকা। হাবিবের নিকট হতে চেক গ্রহণ ৫,০০০ টাকা।
" ৩০ ব্যাংক কর্তৃক সুদ মঞ্জুর ১,০০০ টাকা এবং সুদ চার্জ করা হলো ১,৫০০ টাকা।

ক. বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২
খ. জাবেদা দাখিলা দাও। সেপ্টেম্বর ৭, ৮, ১৫, ২০ তারিখের লেনদেনের জন্য। ৪
গ. যথোপযুক্ত কলামবিশিষ্ট নগদান বই প্রস্তুত কর। সেপ্টেম্বর ১, ৫, ১০, ২৫ ও ৩০ তারিখের লেনদেনের জন্য। ৪

৭ ▸ ২০১৯ সালের ১ জানুয়ারি তারিখে "ফিরোজ ট্রেডার্স"-এর যন্ত্রপাতি হিসাবের উদ্বৃত্ত ছিল ২,০০,০০০ টাকা (ক্রয়মূল্য) এবং পুঞ্জীভূত অবচয় হিসাবের উদ্বৃত্ত ছিল ৩০,০০০ টাকা। ২০২০ সালের ১ জুলাই তারিখে ৪,০০,০০০ টাকায় একটি নতুন মেশিন ক্রয় করা হয়। প্রতিষ্ঠানটি ১০% হারে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করে থাকে। হিসাব বন্ধের তারিখ ৩১ ডিসেম্বর।

ক. ২০১৯ ও ২০২০ সালের অবচয় নির্ণয় কর। ২
খ. ২০১৯ ও ২০২০ সালের জাবেদা দাখিলা দাও। ৪
গ. যন্ত্রপাতি হিসাব ও পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

৮ ▸ সুমন ব্রাদার্সের ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নে দেওয়া হলো :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| হাতে নগদ (১-১-২০২০) | ১০,০০০ |
| হাতে নগদ (৩১-১২-২০২০) | ২০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৫,০০০ |
| পুস্তক ঋণ | ৩৫,০০০ |
| প্রদেয় হিসাব | ২৫,০০০ |
| বকেয়া ভাড়া | ৬,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ৯,০০০ |
| মূলধন | ৮০,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ১০,০০০ |
| বিনিয়োগের প্রাপ্য সুদ | ৫,০০০ |
| লগ্নি (দীর্ঘমেয়াদি) | ৬০,০০০ |
| অগ্রিম প্রদত্ত বিমা খরচ | ৬,০০০ |
| ব্যাংক জমা | ২৪,০০০ |
| ১০% বন্ধকি ঋণ | ৩৫,০০০ |

ক. যে সকল দফা রেওয়ামিলে আসবে না তার পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিল প্রস্তুত কর। ৪
গ. চলতি সম্পত্তি ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৯ ▸ জনাব তুষার ২০২০ সালের ১ জুলাই নগদ ১,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন।

জুলা. ২ ১০% কারবারি বাট্টায় তানভীরের কাছ থেকে পণ্য ক্রয় ৫০,০০০ টাকা। শর্ত ২/১০, নিট ৩০। চালান নং-১০০।
" ৮ ৫% কারবারি বাট্টায় রহিমের কাছে পণ্য বিক্রয় ১,২০,০০০ টাকা। শর্ত ৩/১০ নিট ৩০।
" ১২ ২ তারিখের ধারে ক্রয়ের অর্থ পরিশোধ।
" ১৫ নগদে পণ্য ক্রয় ২০,০০০ টাকা।
" ২০ ৫% কারবারি বাট্টায় বাকিতে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা। যার পরিবহন খরচ ৩০০ টাকা। চালান নং-১০৫।
" ২৫ বিজ্ঞাপন খরচ প্রদান ৫,০০০ টাকা।
" ৩০ ব্যাংকে জমা দেয়া হলো ১৫,০০০ টাকা।

ক. জুলাই ৮ ও ৩০ তারিখের লেনদেনগুলো জাবেদাভুক্ত কর। ২
খ. ক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪
গ. নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

১০ ▸ সামিয়া ট্রেডার্সের ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| উত্তোলন | ২,৪০০ |
| কলকব্জা | ৫০,০০০ |
| প্রাপ্য হিসাব | ১৪,০০০ |
| ক্রয় | ৮০,০০০ |
| বিক্রয় | ১,৫০,০০০ |
| বেতন | ১৮,০০০ |
| উপভাড়া | ১০,০০০ |
| আসবাবপত্র | ২০,০০০ |
| প্রদেয় হিসাব | ২০,০০০ |
| মনিহারি | ৪,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ২০,০০০ |
| বিজ্ঞাপন | ২০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১৫,০০০ |
| মূলধন | ৩৮,৪০০ |
| প্রদেয় নোট | ২৫,০০০ |
| ১০% বিনিয়োগ | ২০,০০০ |

ক. সমন্বিত ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত খতিয়ান উদ্বৃত্তসমূহ নিয়ে একটি রেওয়ামিল তৈরি কর। ৪
গ. মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

১১ ▸ যমুনা ট্রেডার্স ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে চেকের মাধ্যমে ১,৫০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করে। মেশিনটির সম্ভাব্য আয়ুষ্কাল ধরা হয় ১০ বছর। ধারণা করা হয় আয়ুষ্কাল শেষে ভগ্নাবশেষ মূল্য হবে ১০,০০০ টাকা।

ক. সরলরৈখিক পদ্ধতিতে অবচয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২০২০ ও ২০২১ সালের জাবেদা দাখিলা দাও। ৪
গ. বিশদ আয় বিবরণী ও আর্থিক অবস্থার বিবরণীতে লেনদেনসমূহের উপস্থাপন দেখাও। ৪

# ১৩ কুমিল্লা বোর্ড ২০২১

বিষয় কোড : 2 5 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

## হিসাববিজ্ঞান প্রথম পত্র ◆ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ আবরার ট্রেডার্সের হিসাব বই থেকে নিম্নোক্ত তথ্যাবলি নেওয়া হয়েছে :

**আবরার ট্রেডার্সের রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২০

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ তহবিল | ১৬,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৪,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৬,০০০ | |
| যন্ত্রপাতি | ১,০০,০০০ | |
| ১০% বিনিয়োগ (১-১-২০১৯) | ৮০,০০০ | |
| ৮% ঋণ | | ১,০০,০০০ |
| পুঞ্জীভূত অবচয় – যন্ত্রপাতি | | ৫,০০০ |
| প্রদেয় হিসাব | | ৮,০০০ |
| মূলধন | | ৮১,০০০ |
| উত্তোলন | ১৪,০০০ | |
| ক্রয় | ৪০,০০০ | |
| বিক্রয় | | ৮০,০০০ |
| বেতন ও ভাড়া | ১২,০০০ | |
| ঋণের সুদ | ৪,০০০ | |
| বিনিয়োগের সুদ | | ২,০০০ |
| | ২,৭৬,০০০ | ২,৭৬,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ পণ্য ৪০,০০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে। (২) প্রাপ্য হিসাবের ওপর ১০% অনাদায়ি পাওনা সঞ্চিতি রাখতে হবে। (৩) যন্ত্রপাতির ওপর ১০% হারে অবচয় ধরতে হবে।

ক. বিনিয়োগের অনাদায়ি সুদ ও ঋণের বকেয়া সুদ নির্ণয় কর। ২

খ. মোট মুনাফা ৭৪,০০০ টাকা ধরে নিট মুনাফা বা নিট ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▸ শওকত এন্টারপ্রাইজের হিসাব বই হতে নিচের রেওয়ামিলটি নেওয়া হয়েছে :

**শওকত এন্টারপ্রাইজের রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২০

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ তহবিল | ২০,০০০ | |
| আসবাবপত্র | ১,৪০,০০০ | |
| অগ্রিম বিমা | ১৬,০০০ | |
| সাপ্লাইজ | ১২,০০০ | |
| পুঞ্জীভূত অবচয় – আসবাবপত্র | | ১০,০০০ |
| মূলধন – শওকত | | ১,০৮,০০০ |
| সেবা আয় | | ১,৫০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৭০,০০০ | |
| বেতন | ৪০,০০০ | |
| অনুপার্জিত সেবা আয় | | ৩০,০০০ |
| উপযোগ খরচ | ১৪,০০০ | |
| প্রদেয় হিসাব | | ২০,০০০ |
| ১০% প্রদেয় নোট (১-৭-২০২০) | | ২৪,০০০ |
| উত্তোলন | ৬,০০০ | |
| ভাড়া খরচ | ২৪,০০০ | |
| | ৩,৪২,০০০ | ৩,৪২,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (i) সেবা প্রদান করা হয়েছে কিন্তু বিল পাওয়া যায় নাই ২০,০০০ টাকা। (ii) সাপ্লাইজ মজুদ রয়েছে ৬,০০০ টাকা। (iii) প্রতি মাসে বিমা খরচ অতিক্রান্ত হয়েছে ১,০০০ টাকা। (iv) অনুপার্জিত আয় অর্জিত হয়েছে ২০,০০০ টাকা। (v) আসবাবপত্রের ওপর ১০% অবচয় ধার্য করতে হবে।

ক. মূলধন ও উত্তোলনের ওপর ১০% হারে সুদ নির্ণয় কর। ২

খ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য নিট মুনাফা বা নিট ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. প্রতিষ্ঠানের চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▸ জনাব মনিরুল একটি দোকানের মালিক। ২০২০ সালের ১ মে তারিখে তার বিভিন্ন হিসাবের উদ্বৃত্ত ছিল :

নগদ ৪০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ৭০,০০০ টাকা, মজুদপণ্য ৬০,০০০ টাকা, প্রদেয় হিসাব ৩০,০০০ টাকা। মে মাসে সম্পাদিত ঘটনাগুলো ছিল নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| মে | ৩ | পণ্য ক্রয় নগদে ৩০,০০০ টাকা, বাকিতে ২৫,০০০ টাকা। |
| ” | ১৩ | পণ্য বিক্রয় নগদে ৩০,০০০ টাকা, বাকিতে ২০,০০০ টাকা। |
| ” | ২০ | মাসিক ১০,০০০ টাকা বেতনে একজন বিক্রয়কর্মী নিয়োগ করেন। |
| ” | ৩১ | ভাড়া পরিশোধ করেন ৫,০০০ টাকা। |

ক. ২০২০ সালের ১ মে তারিখের মূলধন নির্ণয় কর। ২

খ. হিসাব সমীকরণে লেনদেনগুলোর প্রভাব দেখাও। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪

৪ ▸ নাফিসা এন্টারপ্রাইজের ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে ব্যাংক সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

(i) নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৪৫,০০০ টাকা।

(ii) একজন পাওনাদারকে ১৮,০০০ টাকার চেক ইস্যু করা হলেও চেকখানা এখনও ব্যাংকে উপস্থাপিত হয়নি।

(iii) আদায়ের জন্য জমাকৃত চেক ১২,০০০ টাকা এখনও আদায় হয়নি।

(iv) একজন খরিদ্দার সরাসরি ব্যাংকে ১৫,০০০ টাকার চেক জমা দিলেও নগদান বইতে লেখা হয়নি।

(v) আদায়ের জন্য ব্যাংকে জমাকৃত ৫,০০০ টাকার চেক প্রত্যাখ্যাত হয়েছিল, যা নগদান বইতে হিসাবভুক্ত হয়নি।

(vi) ব্যাংক থেকে একখানা ৪,০০০ টাকার প্রদেয় বিল পরিশোধ করা হলেও নগদান বইতে লেখা হয়নি।

(vii) ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ ৪০০ টাকা।

ক. আমানতকারীর নগদান বইতে লেখা হয়নি তার পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপরের তথ্যাবলির আলোকে ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. iv, v, vi এবং vii নং দফাগুলোর আমানতকারীর হিসাব বইতে জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪

৫ ▸ ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে রাজিব ট্রেডার্সের খতিয়ান উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

| হিসাব খাত | টাকা |
|---|---|
| মূলধন | ২,০০,০০০ |
| বিক্রয় | ১,০০,০০০ |
| আসবাবপত্র | ১,৫০,০০০ |
| আয়কর | ২০,০০০ |
| প্রাপ্য বিল | ৫০,০০০ |

| | |
|---|---|
| প্রদেয় বিল | ৩০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৮০,০০০ |
| প্রদেয় হিসাব | ৪০,০০০ |
| স্বল্পমেয়াদি ঋণ | ৬০,০০০ |
| হাতে নগদ | ৫০,০০০ |
| ব্যাংকে জমা | ২০,০০০ |
| ক্রয় | ৭০,০০০ |
| শিক্ষানবিশ সেলামি | ১০,০০০ |
| সমাপনী মজুদ | ৬০,০০০ |
| অব্যবহৃত সাপ্লাইজ | ১৬,০০০ |

ক. মোট আয় নির্ণয় কর। ২

খ. রেওয়ামিল প্রস্তুত কর। ৪

গ. চলতি সম্পদ ও চলতি দায়ের পার্থক্য নির্ণয় কর। ৪

৬ ▸ জনাব আনোয়ারের ব্যবসায়ের রেওয়ামিলটি ছিল নিম্নরূপ :

**জনাব আনোয়ার রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২০

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ১,৫৪,০০০ |
| উত্তোলন | ২৭,৪০০ | |
| আসবাবপত্র | ৩৫,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৩,৬০০ | |
| নগদ তহবিল | ১৬,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৪৩,৫০০ | |
| ক্রয় | ১,০৫,০০০ | |
| বিক্রয় | | ১,৫০,৫০০ |
| আন্তঃপরিবহন | ৩,৫০০ | |
| মজুরি | ১৮,০০০ | |
| বিক্রয় ফেরত | ২,৫০০ | |
| প্রদেয় হিসাব | | ৩,০০০ |
| বেতন | ৪,০০০ | |
| যন্ত্রপাতি | ৬০,০০০ | |
| অফিস খরচ | ৪,০০০ | |
| শিক্ষানবিশ সেলামি | | ১৫,০০০ |
| | ৩,২২,৫০০ | ৩,২২,৫০০ |

রেওয়ামিল তৈরির পর নিম্নলিখিত ভুলগুলো ধরা পড়ে :

(i) আসবাবপত্র বিক্রয় ৫,০০০ টাকা বিক্রয় হিসাবে লিপিবদ্ধ করা হয়েছে।

(ii) ক্রয় ৮,০০০ টাকা লিপিবদ্ধকরণ বাদ পড়েছে।

ক. উপর্যুক্ত ভুলগুলোর সংশোধনী দাখিলা দাও। ২

খ. ভুল সংশোধনের সাথে সম্পর্কিত খতিয়ান হিসাবগুলো তৈরি কর। ৪

গ. ভুল সংশোধনের পর সংশোধিত রেওয়ামিল প্রস্তুত কর। ৪

৭ ▸ মেসার্স অর্পিতা এন্টারপ্রাইজ ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে ৪,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন আমদানি করে। এই মেশিনের ওপর আমদানি শুল্ক ও জাহাজ ভাড়া যথাক্রমে ৪০,০০০ টাকা ও ৩০,০০০ টাকা পরিশোধ করে। মেশিনটি ৩১ মার্চ তারিখে ২০,০০০ টাকা ব্যয় করে সংস্থাপন করা হয়। মেশিনটির সম্ভাব্য আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৮০,০০০ টাকা অনুমান করা হয় :

ক. মেশিনটির অর্জিত মূল্য নির্ণয় কর। ২

খ. সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করে ২০২০ সালের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪

গ. ২০২০ সালের অবচয় হিসাব এবং পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

৮ ▸ ১ জানুয়ারি ২০১৯ তারিখ রাইয়ান কোম্পানি ৬,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করে। মেশিনটির আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৮০,০০০ টাকা। প্রতিষ্ঠানটি ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করে।

ক. ২০% হারে প্রথম দুই বছরের অবচয় নির্ণয় কর। ২

খ. প্রথম দুই বছরের জন্য পুঞ্জীভূত অবচয় হিসাব তৈরি কর। ৪

গ. রাইয়ান কোম্পানির প্রথম দুই বছরের আর্থিক অবস্থার বিবরণীতে মেশিন হিসাব দেখাও। ৪

৯ ▸ ২০২০ সালের মে মাসে জনাব সাদমানের ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপ :

মে ১ তিনি নগদ ২,০০,০০০ টাকা ও ১,০০,০০০ টাকার ব্যাংক জমা নিয়ে ব্যবসায় আরম্ভ করেন।
" ৫ চেকে পণ্য ক্রয় ১০,০০০ টাকা।
" ৮ ৩% বাট্টায় নগদে পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা।
" ১০ বেতন প্রদান ২০,০০০ টাকা।
" ১৩ আনাসের নিকট পাওনা ৪০,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৩৯,২০০ টাকা পাওয়া গেল ।
" ১৫ ব্যাংকে জমা দেওয়া হলো ১২,০০০ টাকা।
" ১৮ আসবাবপত্র ক্রয় ৩০,০০০ টাকা।
" ২৫ সুদ পাওয়া গেল ৫,০০০ টাকা।
" ৩০ আদিয়ানের ২০,০০০ টাকা দেনার পূর্ণ নিষ্পত্তিতে ১৯,৮০০ টাকা প্রদান করা হলো।

ক. মোট নগদ বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা একটি নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

১০ ▸ জনাব আলী রেজার হিসাব বইতে ২০২০ সালের জুন মাসে নিম্নলিখিত লেনদেনগুলো সম্পাদিত হয় :

জুন ১ নগদ উদ্বৃত্ত ৫০,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ২০,০০০ টাকা।
" ৩ পণ্য বিক্রয় করা হলো ২৪,০০০ টাকা যার ১০,০০০ টাকা নগদে ও অবশিষ্ট টাকা চেকে পাওয়া গেল।
" ৬ আদিবার নিকট হতে ২০,০০০ টাকার পণ্য ক্রয় করে চেক প্রদান ১৪,০০০ টাকা।
" ১০ ব্যাংক হতে অফিসের প্রয়োজনে ৬,০০০ টাকা ও ব্যক্তিগত প্রয়োজনে ২,০০০ টাকা উত্তোলন করা হলো।
" ১২ আসবাবপত্রের ওপর অবচয় ধার্য করা হলো ৩,০০০ টাকা।
" ১৫ নাসিরের নিকট হতে পণ্য ক্রয় ২০,০০০ টাকা।
" ২০ মালিক কর্তৃক ১,০০০ টাকার পণ্য উত্তোলন করা হলো।
" ২৫ ব্যাংক সুদ মঞ্জুর করল ৫০০ টাকা।
" ৩০ সোমার নিকট হতে ১০,০০০ টাকা পাওনার পূর্ণ নিষ্পত্তি সাপেক্ষে ৯,৪০০ টাকার চেক পাওয়া গেল।

ক. নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না এমন লেনদেনগুলোর পরিমাণ নির্ণয় কর। ২

খ. জনাব আলী রেজার ব্যবসায়ের জুন মাসের জন্য একটি তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

গ. জনাব আলী রেজার হিসাব বইতে জুন ১০, ২০, ২৫ ও ৩০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪

১১ ▸ জনাব আলম ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে ৫০,০০০ টাকা নগদ, ২০,০০০ টাকার আসবাবপত্র এবং ৩০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসে তার ব্যবসায়ের কতিপয় লেনদেন নিম্নরূপ :

জানু. ৫ নগদে পণ্য ক্রয় ২০,০০০ টাকা।
" ১৫ ধারে পণ্য বিক্রয় ২৮,০০০ টাকা।
" ২৮ প্রাপ্য হিসাবের ১৫,০০০ টাকা নগদে পাওয়া গেল।

ক. জনাব আলমের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪

গ. উপর্যুক্ত তথ্যাবলি হতে নগদান হিসাব ও প্রাপ্য হিসাব প্রস্তুত কর। ৪

## ১৪ ✔ চট্টগ্রাম বোর্ড ২০২১

বিষয় কোড : 2 5 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **হিসাববিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে মেসার্স মুন ট্রেডার্সের রেওয়ামিলটি নিম্নে দেওয়া হলো :

**মেসার্স মুন ট্রেডার্সের রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২০

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ তহবিল | ৪৫,০০০ | |
| ক্রয় পরিবহন | ২,০০০ | |
| মজুরি | ২,৭০০ | |
| বিজ্ঞাপন | ৪০০ | |
| ক্রয়ের ওপর বাট্টা | | ৪,০০০ |
| বেতন (১০ মাস) | ২,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১২,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৬৪,০০০ | ৮৮,০০০ |
| আন্তঃফেরত ও বহিঃফেরত | ৫,০০০ | ৪,০০০ |
| মূলধন | | ৯০,০০০ |
| ইজারা সম্পদ (১০ বছর) | ৩০,০০০ | |
| জাহাজ ভাড়া | ৪০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৩,০০০ | ২,০০০ |
| আসবাবপত্র | ১১,৫০০ | |
| কলকব্জা | ১০,০০০ | |
| | ১,৮৮,০০০ | ১,৮৮,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ পণ্য ১৭,০০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে। (২) ধারে বিক্রয় ৫০০ টাকা বিক্রয় বইতে লিপিবদ্ধ হয়নি। (৩) একটি নতুন কলকব্জার সংস্থাপন ব্যয় ২,০০০ টাকা মজুরির অন্তর্ভুক্ত রয়েছে। ১-৭-২০২০ তারিখে কলকব্জা সংস্থাপন করা হয়েছিল। (৪) কলকব্জার ওপর ১০% অবচয় ধার্য কর।

ক. পরিচালন ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত সমাপ্ত বছরের জন্য মুন ট্রেডার্সের ব্যবসায়ের মোট লাভ/ক্ষতি নির্ণয় কর। ৪
গ. বছর শেষে মুন ট্রেডার্সের মোট সম্পত্তির পরিমাণ দেখাও। ৪

২ ▸ রহমান ব্রাদার্সের খতিয়ান উদ্বৃত্ত থেকে ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে নিচের রেওয়ামিলটি প্রস্তুত করা হয়েছে :

**রহমান ব্রাদার্সের রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২০

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১৫,০০০ | |
| মূলধন ও উত্তোলন | ৫,০০০ | ১,০০,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ১,২০,০০০ | ২,১০,০০০ |
| প্রদেয় হিসাব | | ৪০,৫০০ |
| পণ্য ফেরত | ৩,০০০ | ২,০০০ |
| ৬% ঋণ | | ২৫,০০০ |
| ভাড়া ব্যয় | ৫,০০০ | |
| অনাদায়ি পাওনা | ১০,০০০ | |
| অফিস সরঞ্জাম | ১,৬০,০০০ | |
| বেতন ব্যয় | ১০,০০০ | |
| ঋণের সুদ | ৫০০ | |
| শিক্ষানবিশ সেলামি | | ৬,০০০ |
| অনাদায়ি পাওনা সঞ্চিতি | | ৪,০০০ |
| আয়কর | ৫,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৫৪,০০০ | |
| | ৩,৮৭,৫০০ | ৩,৮৭,৫০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্যের মূল্য ৯০,০০০ টাকা কিন্তু এর বর্তমান বাজারমূল্য ৯৫,০০০ টাকা। (২) বেতন ১,০০০ টাকা বকেয়া রয়েছে; পক্ষান্তরে ভাড়া ৩০০ টাকা অগ্রিম প্রদত্ত হয়েছে। (৩) প্রাপ্য হিসাবের ১০% আদায়যোগ্য নয় বলে বিবেচনা করা হয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ৫% ধরে অনাদায়ি পাওনা সঞ্চিতি তৈরি কর। (৪) বিজ্ঞাপনের উদ্দেশ্যে ২,০০০ টাকার পণ্য বিনামূল্যে বিতরণ করা হয়েছে যা এখনও হিসাবভুক্ত করা হয়নি।

ক. নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. মোট মুনাফা ১,৫০,০০০ টাকা ধরে নিট মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪
গ. বছর শেষে রহমান ব্রাদার্সের মোট দায় ও মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▸ ২০২০ সালের ১ জুলাই তারিখে মি. নাসির নগদ ১,২৪,০০০ টাকা এবং ৫০,০০০ টাকা মূল্যের যন্ত্রপাতি মূলধনস্বরূপ আনয়ন করে ব্যবসায় আরম্ভ করলেন। উক্ত মাসে তার ব্যবসায়ে নিম্নলিখিত ঘটনাগুলো সংঘটিত হয়।

২০২০
জুলা. ৩ সোনালী ট্রেডার্সের নিকট ৫,০০০ টাকার পণ্য ক্রয়ের ফরমায়েশ দিলেন।
" ৭ নগদে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা।
" ১০ ব্যক্তিগত ব্যবহারের জন্য উত্তোলন ২,০০০ টাকা।
" ১৮ মাসিক ১০,০০০ টাকা বেতনে জনাব জামানকে ম্যানেজার নিয়োগ করলেন।
" ৩০ কর্মচারীদের বেতন প্রদান করা হয়েছে ৩,০০০ টাকা।

ক. যে ঘটনাগুলো লেনদেন নয় তার পরিমাণ নির্ণয় কর। ২
খ. কারণসহ লেনদেনগুলোর সাথে সংশ্লিষ্ট হিসাবগুলোর আধুনিক পদ্ধতিতে শ্রেণিবিন্যাস দেখাও। ৪
গ. চলমান জের ছকে নগদান হিসাব ও মূলধন হিসাব তৈরি কর। ৪

৪ ▸ ২০২০ সালে জানুয়ারির ১ তারিখে মি. মাসুদ নগদ ১,০০,০০০ টাকা এবং ৭০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। জানুয়ারি মাসে তার ব্যবসায়ে নিম্নলিখিত লেনদেনগুলো সম্পন্ন হয়েছে :

২০২০
জানু. ৩ নগদ বিক্রয় ৩০,০০০ টাকা।
" ৫ মি. রহিমের নিকট হতে মাল ক্রয় ১,৫০০ টাকা।
" ১০ ব্যাংকে জমা দেওয়া হলো ১২,০০০ টাকা।
" ১২ আসবাবপত্র ক্রয় ১৭,০০০ টাকা।
" ১৯ বিজ্ঞাপন বাবদ প্রদান ৫,০০০ টাকা।
" ২৮ পুরাতন আসবাবপত্র বিক্রয় ১,০০০ টাকা।
" ৩১ ব্যাংক হতে উত্তোলন করা হয়েছে ২৫,০০০ টাকা।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. জানুয়ারি ৩, ১০, ১৯ ও ২৮ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪
গ. ১, ৫, ১২ এবং ৩১ তারিখের লেনদেনগুলোর সাহায্যে টেবুলার ছকে হিসাব সমীকরণের প্রভাব দেখাও। ৪

৫ ▸ নিম্নোক্ত লেনদেনগুলো মুনতাসির ট্রেডার্সের ব্যবসায়ে ২০২০ সালের জানুয়ারি মাসে সংঘটিত হয়েছে :

২০২০
জানু. ১ নগদ তহবিল ১,২০,০০০ টাকা ব্যাংক জমার উদ্বৃত্ত ৬০,০০০ টাকা।
" ৫ নগদ মাল ক্রয় ১০,০০০ টাকা।
" ৭ নগদ মাল বিক্রয় ২০,০০০ টাকা।
" ১০ আসবাবপত্রের ওপর অবচয় ধার্য করা হলো ২,০০০ টাকা।
" ১৫ ব্যাংকে জমা দেয়া হলো ১০,০০০ টাকা।
" ১৮ মাসুদের নিকট হতে নগদ প্রাপ্তি ১০,০০০ টাকা।

" ২০ ভাড়া পাওয়া গেল ১৪,০০০ টাকা।
" ২৫ হামিদের নিকট পণ্য বিক্রয় ৪,০০০ টাকা।
" ২৮ সজিবের নিকট পাওনা ২০,০০০ টাকায় পূর্ণ নিষ্পত্তিতে ১৯,০০০ টাকার একটি চেক পাওয়া গেল।
" ৩০ তারিখের দেনা ১৪,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ১৩,৭০০ টাকার চেক দেয়া হলো।
" ৩১ নগদে বেতন প্রদান ১০,০০০ টাকা।

ক. নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না এমন লেনদেনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. মুনতাসির ট্রেডার্সের হিসাবের বইতে একটি নগদ প্রাপ্তি জাবেদা তৈরি কর। ৪
গ. উপরিউক্ত তথ্যের ভিত্তিতে একটি তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

**৬** ▸ মিতা ট্রেডার্সের ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে খতিয়ানের উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

| হিসাবের নাম | পরিমাণ টাকা |
|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২০,০০০ |
| বিনিয়োগ | ১৮,০০০ |
| মূলধন | ৫৯,০০০ |
| ক্রয় | ২০,০০০ |
| শিক্ষানবিশ ভাতা | ২০০ |
| সমাপনী মজুদ পণ্য | ৫,০০০ |
| ব্যাংক ঋণ | ১৬,০০০ |
| প্রাপ্য হিসাব | ৮,০০০ |
| দালান-কোঠা | ৬,০০০ |
| শিক্ষানবিশ সেলামি | ১,০০০ |
| মজুরি ব্যয় | ৩০০ |
| প্রদেয় হিসাব | ১৪,০০০ |
| আসবাবপত্র | ১২,০০০ |
| নগদ তহবিল | ৩০,০০০ |
| ব্যাংক চার্জ | ২,৫০০ |
| বকেয়া বেতন | ৩,০০০ |
| বিক্রয় | ২৯,০০০ |
| ঋণের সুদ | ১,৫০০ |
| ভাড়া ব্যয় | ৩০০ |
| প্রাপ্য কমিশন | ২,০০০ |
| উত্তোলন | ১,২০০ |

ক. মুনাফাজাতীয় আয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপরিউক্ত খতিয়ান উদ্বৃত্ত হতে একটি রেওয়ামিল তৈরি কর। ৪
গ. কার্যকরী মূলধন নির্ণয় কর। ৪

**৭** ▸ মেসার্স তানজীম এন্টারপ্রাইজের হিসাব বইতে রেওয়ামিল তৈরির পর নিম্নলিখিত ভুলগুলো ধরা পড়ে :
(১) ১৫,০০০ টাকার যন্ত্রপাতি ক্রয়, ক্রয় বইতে লিপিবদ্ধ করা হয়েছে।
(২) বিক্রয় বহির যোগফল ১৮,০০০ টাকা বেশি দেখানো হয়েছে।
(৩) আসবাবপত্র বিক্রয় ৪,০০০ টাকা ভুলবশত বিক্রয় হিসাবে ক্রেডিট করা হয়েছে।
(৪) ক্রয় বইয়ের যোগফল ১,৪০০ টাকা কম দেখানো হয়েছে।
(৫) মনিহারি ক্রয় ৭০০ টাকা ভুলবশত ক্রয় হিসাবে ডেবিট করা হয়েছে।
(৬) ৫০০ টাকা প্রাপ্ত কমিশন ভুলে কমিশন হিসাবে ডেবিট করা হয়েছে।

ক. নীতিগত ভুলের লেনদেন ও পরিমাণ নির্ণয় কর। ২
খ. লেনদেন ক্রমিক নং ১, ৩, ৪ ও ৫ এর জন্য মেসার্স তানজীম এন্টারপ্রাইজের হিসাবের বইতে সংশোধনী জাবেদা দাখিলা দাও। ৪
গ. উপরিউক্ত লেনদেন থেকে একটি অনিশ্চিত হিসাব প্রস্তুত কর। ৪

**৮** ▸ ২০১৯ সালের ডিসেম্বর ৩১ তারিখে মারুফ ব্রাদার্সের নগদান বই অনুযায়ী ব্যাংক উদ্বৃত্তের পরিমাণ ছিল ৬৮,০০০ টাকা। উক্ত তারিখে নগদান বই অনুযায়ী ব্যাংক উদ্বৃত্তের সাথে ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক উদ্বৃত্তের পার্থক্য পরিলক্ষিত হয়। যথারীতি পরীক্ষার পর নিচে উল্লিখিত ভুলগুলো ধরা পড়ল :
(১) পাওনাদারকে ১৩,০০০ টাকার একটি চেক ইস্যু করা হয়েছে কিন্তু চেকটি ৩১-১২-২০১৯ তারিখের মধ্যে পরিশোধের জন্য ব্যাংকে উপস্থাপন করা হয়নি।
(২) ব্যাংকে বাট্টাকৃত ১২,০০০ টাকার একটি প্রাপ্য নোট প্রত্যাখ্যাত হয়েছে কিন্তু এটি নগদানভুক্ত করা হয়নি।
(৩) ২০-১২-২০১৯ তারিখে ৫,০০০ টাকা এবং ৩,০০০ টাকার দুটি চেক ব্যাংকে জমা দেয়া হয়। কিন্তু দ্বিতীয় চেকটি ৩-১-২০২০ তারিখে আদায় হয়েছে।
(৪) ব্যাংক ২,৫০০ টাকা সুদ মঞ্জুর করেছে এবং ব্যাংক চার্জ বাবদ ১,০০০ টাকা কর্তন করেছে, যা নগদান বইতে লেখা হয়নি।
(৫) ব্যাংক বিনিয়োগের সুদ বাবদ ৫,০০০ টাকা আদায় করে ব্যাংক বিবরণীতে ক্রেডিট করেছে, কিন্তু নগদান বইতে এর জন্য কোনো দাখিলা দেয়া হয়নি।
(৬) দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমাকৃত ৬,০০০ টাকা নগদানভুক্ত করা হয়নি।

ক. ক্রেডিট মেমোরেন্ডামের (CM) পরিমাণ নির্ণয় কর। ২
খ. নগদান বইতে লিপিবদ্ধ হয়নি এরূপ লেনদেনের সমষ্টি নির্ণয় কর। ৪
গ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

**৯** ▸ ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে মমিন ব্রাদার্সের নগদান বই অনুযায়ী ব্যাংক জমাতিরিক্তের পরিমাণ ছিল ২০,৫০০ টাকা। নগদান বই ও ব্যাংক বিবরণী পরীক্ষা করে নিম্নোক্ত তথ্যাবলি উদঘাটিত হলো :
(১) চেক জমা দেওয়া হয়েছে, কিন্তু ব্যাংক কর্তৃক আদায় হয় নাই ১,৪০০ টাকা।
(২) চেক ইস্যু হয়েছে কিন্তু ব্যাংকে উপস্থাপিত হয়নি ২,৮০০ টাকা।
(৩) ব্যাংক বিনিয়োগের সুদ আদায় করেছে ৫০০ টাকা যা এখনও নগদান বইতে লেখা হয়নি।
(৪) জমাতিরিক্ত উত্তোলনের সুদ ২০০ টাকা নগদান বইতে লেখা হয় নাই।
(৫) লভ্যাংশ বাবদ ৪০০ টাকা ব্যাংক সরাসরি আদায় করেছে, কিন্তু নগদান বইতে লেখা হয়নি।
(৬) ব্যাংক ২,১০০ টাকার একটি বিলের বিপরীতে ২,০০০ টাকা আদায় করেছে। কিন্তু উক্ত বিলের সম্পূর্ণ মূল্য দ্বারা নগদানভুক্ত হয়েছে।
(৭) ব্যাংকে জমা দেওয়া ৩,০০০ টাকার একটি চেক প্রত্যাখ্যাত হয়েছে যা নগদান বইতে লিপিবদ্ধ হয় নাই।

ক. বিল আদায় বাবদ মোট ব্যয়ের পরিমাণ কত? ২
খ. লেনদেন ক্রমিক নং ৩, ৪, ৫ এবং ৭ এর জন্য মমিন ব্রাদার্সের হিসাবের বইতে জাবেদা দাখিলা দাও। ৪
গ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

**১০** ▸ ১ জানুয়ারি ২০১৮ তারিখে অহনা কোম্পানি লি. ৯,০০,০০০ টাকা মূল্যের একটি নতুন মেশিন ক্রয় করে, ঐ একই তারিখে কোম্পানিটি বহন খরচ ও বসানো খরচ বাবদ যথাক্রমে ১০,০০০ টাকা এবং ২০,০০০ টাকা নির্বাহ করে। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৫০,০০০ টাকা। প্রতিবছর ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানিটি তার হিসাব বই বন্ধ করে। কোম্পানি মেশিনটির ওপর সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. মেশিনটির অবচয়যোগ্য মূল্য কত টাকা? ২
খ. ২০১৮ সাল থেকে ২০২০ সাল পর্যন্ত সময়ের কোম্পানির হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪
গ. প্রথম তিন বছরের পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

**১১** ▸ মুনতাসির কোম্পানি মার্চ ১, ২০১৭ তারিখে একটি আসবাবপত্র ক্রয় করল। আসবাবপত্রটির ক্রয়মূল্য ২,০০,০০০ টাকা। আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৫,০০০ টাকা।
কোম্পানিটি প্রতিবছর ৩১ ডিসেম্বর তারিখে তার হিসাব বই সমাপ্ত করে। কোম্পানি আসবাবপত্রটির ওপর ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. অবচয়ের শতকরা হার নির্ণয় কর। ২
খ. প্রথম তিন বছরের অবচয় তালিকা তৈরি কর। ৪
গ. প্রথম তিন বছরের আসবাবপত্র হিসাব ও অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

## ১৫ সিলেট বোর্ড ২০২১

বিষয় কোড : 253

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

**হিসাববিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন**

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▶ সুরমা সার্ভিসিং সেন্টারের ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্য নিম্নরূপ :

**সুরমা সার্ভিসিং সেন্টার রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২০

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ব্যাংক জমা | ৮০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৩০,০০০ | |
| আসবাবপত্র | ২০,০০০ | |
| অগ্রিম বিমা | ১২,০০০ | |
| বেতন খরচ | ১০,০০০ | |
| ভাড়া খরচ | ১৫,০০০ | |
| সাপ্লাইজ | ২০,০০০ | |
| উত্তোলন | ৫,০০০ | |
| মূলধন | | ৮৫,০০০ |
| সেবা আয় | | ৭৫,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | | ৫,০০০ |
| অবচয় সঞ্চিতি হিসাব | | ১০,০০০ |
| প্রদেয় হিসাব | | ১৫,০০০ |
| শিক্ষানবিশি সেলামি | | ২,০০০ |
| | ১,৯২,০০০ | ১,৯২,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) প্রতি মাসে বিমা খরচ ৮০০ টাকা। (২) বছর শেষে অব্যবহৃত সাপ্লাইজ ৫,০০০ টাকা। (৩) অনুপার্জিত সেবা আয় সম্পূর্ণ অর্জিত হয়েছে। (৪) আসবাবপত্রের ওপর ১০% অবচয় ধার্য কর।

ক. নিট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. সেবা আয় ৮০,০০০ টাকা ধরে নিট আয়/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. নিট আয় ৩৫,৪০০ টাকা ধরে ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে সুরমা সার্ভিসিং সেন্টারের আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

২ ▶ অগ্রণী ট্রেডার্সের ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

**অগ্রণী ট্রেডার্সের রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২০

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ তহবিল | ১৫,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৬০,০০০ | ৫০,০০০ |
| যন্ত্রপাতি | ৩,০০,০০০ | |
| অফিস সাপ্লাইজ | ৯,০০০ | |
| ৫% বিনিয়োগ (১-৩-২০২০) | ৬০,০০০ | |
| বেতন খরচ | ২৬,০০০ | |
| ভাড়া খরচ | ১০,০০০ | |
| পুঞ্জীভূত অবচয় (যন্ত্রপাতি) | | ১০,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ৯০,০০০ | ১,৬০,০০০ |
| মজুরি | ৪০,০০০ | |
| উত্তোলন ও মূলধন | ১০,০০০ | ৪,০০,০০০ |
| | ৬,২০,০০০ | ৬,২০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৬০,০০০ টাকা। (২) ১০,০০০ টাকার মাল ক্রয় করা হয়েছে যা হিসাববভুক্ত হয়নি এবং মূল্যও পরিশোধ হয়নি। (৩) মুনাফাবিহীন পণ্য বিক্রয় ৫,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি। (৪) যন্ত্রপাতির ওপর ৫% অবচয় ধার্য কর। (৫) অফিস সাপ্লাইজ খরচ হয়েছে ৫,০০০ টাকা।

ক. নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট লাভ ৮৫,০০০ টাকা ধরে নিট লাভ/ক্ষতি নির্ণয় কর। ৪

গ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে অগ্রণী ট্রেডার্সের মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▶ জনাব বশির ২০২০ সালের ১ জানুয়ারি নগদ ৪০,০০০ টাকা, আসবাবপত্র ৩০,০০০ টাকা এবং ব্যাংক ঋণ ২০,০০০ টাকা নিয়ে কারবার শুরু করেন। উক্ত মাসে তার লেনদেনগুলো নিম্নরূপ :

২০২০

| | | |
|---|---|---|
| জানু. | ২ | ধারে মাল ক্রয় ৫০,০০০ টাকা। |
| " | ৫ | নগদে মাল বিক্রয় ৮০,০০০ টাকা। |
| " | ৭ | দোকান ভাড়া প্রদান ১০,০০০ টাকা। |
| " | ১০ | ধারে মাল বিক্রয় ৩০,০০০ টাকা। |
| " | ১২ | নগদে আসবাবপত্র ক্রয় ৫,০০০ টাকা। |
| " | ৩১ | কর্মচারীদের বেতন প্রদান ১৫,০০০ টাকা। |

ক. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে ১ জানুয়ারি ২০২০ তারিখে জনাব বশিরের প্রারম্ভিক মূলধন নির্ণয় কর। ২

খ. ২, ৭, ১০ এবং ১২ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাও। ৪

গ. বিবরণী ছকে ১, ২, ১০ এবং ৩১ তারিখের লেনদেনের হিসাব সমীকরণে প্রভাব দেখাও। ৪

৪ ▶ জনাব কামাল ২০২০ সালের ১ মার্চ তারিখে নগদ ৫০,০০০ টাকা, ব্যাংক জমা ৩০,০০০ টাকা এবং ২০,০০০ টাকার পণ্যদ্রব্য নিয়ে কারবার শুরু করেন। উক্ত মাসে তার ব্যবসায়ে নিম্নলিখিত ঘটনা ঘটে :

২০২০

| | | |
|---|---|---|
| মার্চ | ২ | ব্যাংক হতে উত্তোলন ১৫,০০০ টাকা। |
| " | ৫ | পণ্য ক্রয় ৩০,০০০ টাকা। (৫০% ধারে) |
| " | ১০ | মাসিক ১০,০০০ টাকা বেতনে ১ জন কর্মচারী নিয়োগ। |
| " | ১৫ | ৪০,০০০ টাকার পণ্য বিক্রয়ের ফরমায়েশ প্রাপ্তি। |
| " | ২০ | ৫ তারিখের ক্রয় বাবদ পাওনা পরিশোধ করা হলো। |
| " | ৩০ | জনাব কামাল তার ব্যক্তিগত গাড়ি ৫০,০০০ টাকা বিক্রি করে কারবারে ৩০,০০০ টাকা প্রদান করেন। |

ক. ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনার সমষ্টি নির্ণয় কর। ২

খ. ব্যবসায়িক লেনদেন এমন ঘটনাগুলোর জাবেদা দাখিলা দাও। ৪

গ. জনাব কামালের কারবারের জন্য উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে নগদান হিসাব ও মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৫ ▶ সাত্তার অ্যান্ড ব্রাদার্স অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই সংরক্ষণ করে। ২০২০ সালের জুন মাসে তার নিম্নলিখিত খুচরা নগদান সম্পন্ন হয় :

২০২০

| | | |
|---|---|---|
| জুন | ১ | খুচরা নগদ তহবিল ১৫০ টাকা। |
| " | ১ | অগ্রদত্ত টাকার সমতা বিধানের জন্য প্রধান ক্যাশিয়ারের নিকট হতে প্রাপ্তি ৩৫০ টাকা। |
| " | ৫ | রিকশা ভাড়া প্রদান করা হলো ৪০ টাকা। |
| " | ৭ | কুলি ও বহন খরচ প্রদান ১০০ টাকা। |
| " | ৮ | মনিহারি ক্রয় ২০ টাকা। |
| " | ১০ | যাতায়াত খরচ প্রদান ৩০ টাকা। |
| " | ২০ | মাল বহনের খরচ ১০ টাকা। |

" ২২ বাস ভাড়া প্রদান ১৫ টাকা।
" ২৫ ভিক্ষুককে প্রদান ৫ টাকা।

ক. অগ্রদত্ত টাকার পরিমাণ নির্ণয় কর। ২
খ. জুন ১, ৭, ১০ এবং ২৫ তারিখের লেনদেনের জাবেদা দাখিলা দাও। ৪
গ. যথাযথ পদ্ধতিতে একটি খুচরা নগদান বই প্রস্তুত কর। ৪

৬ ▶ মি. আতিকের ২০২০ সালের মার্চ ১ তারিখে নগদ ২০,০০০ টাকা এবং ব্যাংক জমার ক্রেডিট উদ্বৃত্ত ৫,০০০ টাকা ছিল। উক্ত মাসে তার অন্যান্য লেনদেন নিম্নরূপ ছিল :

মার্চ ৩ পণ্য ক্রয় ৩০,০০০ টাকা। (৫০% নগদে ৩০% চেকে এবং ২০% ধারে)
" ৪ মি. রহিমের পাওনা ১০,০০০ টাকা ৫% বাট্টায় ৫০% নগদে ও ৫০% চেকের মাধ্যমে পরিশোধ করা হলো।
" ৫ নগদে বিক্রয় ৪০,০০০ টাকা, যার অর্ধেক সাথে সাথে ব্যাংকে জমা দেওয়া হলো।
" ৮ দেনাদার মিজানের কাছ থেকে ২% বাট্টায় ২০,০০০ টাকার পাওনা নগদে ৯,৬০০ টাকা এবং অবশিষ্ট টাকার চেক পাওয়া গেল, চেকটি সাথে সাথে ব্যাংকে জমা দেওয়া হলো।
" ১০ স্বীকৃত বিলের মাধ্যমে ক্রয় ১০,০০০ টাকা।
" ১২ মাসুমের নিকট হতে ৫% বাট্টায় ১০,০০০ টাকার পণ্য ধারে ক্রয় করা হলো।
" ১৫ মাসুমের পাওনা ৩০০ টাকা বাট্টায় নগদে ৫০% এবং চেকের মাধ্যমে ৫০% পরিশোধ করা হলো।
" ২৫ ব্যাংক চার্জ ধার্য করা হলো ২০০ টাকা।

ক. নগদ বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২
খ. মার্চ ৩, ৪, ৫ ও ১২ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪
গ. একটি তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

৭ ▶ ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে পদ্মা অ্যান্ড কোং-এর নগদান বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত ৬০,০০০ টাকা। কিন্তু ব্যাংক বিবরণী অনুযায়ী উক্ত উদ্বৃত্ত সঠিক ছিল না। অনুসন্ধান করে নিম্নোক্ত গরমিলগুলো পাওয়া যায় :

(১) আদায়ের জন্য জমাকৃত চেক ১০,০০০ টাকা কিন্তু ব্যাংক কর্তৃক আদায় হয়নি।
(২) পাওনাদারকে প্রদত্ত ৮,০০০ টাকার চেক ব্যাংক কর্তৃক পরিশোধ হয়নি।
(৩) ৮,০০০ টাকার একটি প্রাপ্য নোট ব্যাংক কর্তৃক আদায় হয়েছে যা নগদানভুক্ত হয়নি।
(৪) ১০,০০০ টাকার ইস্যুকৃত চেক নগদান বইতে লেখা হয়নি।
(৫) ব্যাংক কর্তৃক পাওনাদারকে ৫,০০০ টাকা পরিশোধ করা হয়েছে যা নগদানভুক্ত হয়নি।
(৬) ব্যাংক ভুলবশত অন্য হিসাবের ৪,০০০ টাকার চেক আমাদের হিসাবে জমা করেছে।

ক. নগদান বইতে লেখা হয়নি এমন দফাগুলো চিহ্নিত কর। ২
খ. ২, ৪, ৫ এবং ৬নং দফার জাবেদা দাখিলা দাও। ৪
গ. ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে পদ্মা অ্যান্ড কোং-এর একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

৮ ▶ জনাব জামালের হিসাব বই থেকে নিম্নোক্ত খতিয়ানের উদ্বৃত্তসমূহ নেওয়া হয়েছে (৩১-১২-২০২০) :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| সমাপনী মজুদ পণ্য | ৪০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২০,০০০ |
| মূলধন | ৬,০০,০০০ |
| পণ্য ক্রয় | ৭০,০০০ |
| পণ্য বিক্রয় | ১,০০,০০০ |
| ক্রয় ফেরত | ৫,০০০ |
| বিক্রয় ফেরত | ৪,০০০ |
| ব্যাংক জমার উদ্বৃত্ত (১-১-২০২০) | ১৮,০০০ |
| ব্যাংক জমার উদ্বৃত্ত (৩১-১২-২০২০) | ৩০,০০০ |
| শিক্ষানবিশি সেলামি | ১৫,০০০ |
| আসবাবপত্র | ৮৫,০০০ |
| দালানকোঠা | ৪,১০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৮২,০০০ |
| প্রদেয় হিসাব | ৩৫,০০০ |
| প্রাপ্ত কমিশন | ৭,০০০ |
| শিক্ষানবিশ ভাতা | ৩,০০০ |
| অনাদায়ি পাওনা সঞ্চিতি | ৪,০০০ |
| মজুরি | ২৪,০০০ |
| বকেয়া বেতন | ১২,০০০ |
| নগদ তহবিল | ৩০,০০০ |
| সাপ্লাইজ | ২০,০০০ |

ক. যে সকল উদ্বৃত্ত রেওয়ামিলে যাবে না তার পরিমাণ নির্ণয় কর। ২
খ. বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. উল্লিখিত উদ্বৃত্ত দিয়ে ৩১-১২-২০২০ তারিখে একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

৯ ▶ ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে নিম্নলিখিত ভুলগুলো হানিফ এন্টারপ্রাইজের হিসাব বইতে রেওয়ামিল প্রস্তুতের পর উদঘাটিত হয় :

(১) বেতন খরচের যোগফল ৮,০০০ টাকা কম দেখানো হয়েছে।
(২) ৫০,০০০ টাকার যন্ত্রপাতি ক্রয় করে অফিস সরঞ্জাম হিসাবে ডেবিট করা হয়েছে।
(৩) ৪০,০০০ টাকার আসবাবপত্র ক্রয় ভুলে আসবাবপত্র হিসাবে ৪,০০,০০০ টাকা দেখানো হয়েছে।
(৪) বিনামূল্যে পণ্য বিতরণ ১০,০০০ টাকা ভুলে হিসাবের বইতে লেখা হয়নি।
(৫) অফিস খরচ ৩,০০০ টাকা ব্যবসায় খরচ হিসাবে দেখানো হয়েছে।
(৬) সাধারণ খরচ ১,০০০ টাকা ভুলে উক্ত হিসাবে ডেবিট করা হয়নি।
(৭) ভাড়া প্রদান ৪,০০০ টাকা ভাড়া খরচ হিসাবে দুবার ডেবিট করা হয়েছে।
(৮) পণ্য উত্তোলন ২,০০০ টাকা ভুলে উত্তোলন হিসাবে ডেবিট করা হয়নি।

ক. বেদাখিলার ভুলের পরিমাণ নির্ণয় কর। ২
খ. একতরফা ভুলগুলোর সংশোধনী দাখিলা দাও। ৪
গ. দুতরফা ভুলগুলোর সংশোধনী দাখিলা দাও। ৪

১০ ▶ জনাব রহমান তার ব্যবসায়ের জন্য ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে ৪,৫০,০০০ টাকা দিয়ে একটি মেশিন ক্রয় করেন। মেশিনটির বহন খরচ ১০,০০০ টাকা এবং সংস্থাপন খরচ ৪০,০০০ টাকা। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ১,০০,০০০ টাকা। ২০২০ সালের ১ জুলাই মেশিনটি ৩,৫০,০০০ টাকায় বিক্রয় করা হয়। প্রতিবছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব সমাপ্ত করা হয়। সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়।

ক. মেশিন বিক্রয়জনিত লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২০২০ সালের ৩০ জুন পর্যন্ত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪
গ. ২০২০ সালের ৩০ জুন পর্যন্ত মেশিন হিসাব প্রস্তুত কর। ৪

১১ ▶ যমুনা ট্রেডার্স ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে ১০,০০,০০০ টাকা দিয়ে একটি মোটরগাড়ি ক্রয় করে। গাড়িটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ২,০০,০০০ টাকা আশা করা যায়। ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধরা হয় এবং প্রতিবছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব সমাপ্ত করা হয়।

ক. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয়ের হার নির্ণয় কর। ২
খ. ২০১৮ ও ২০১৯ সালের অবচয় তালিকা ও অবচয় হিসাব প্রস্তুত কর। ৪
গ. ২০১৮ ও ২০১৯ সালের পুঞ্জীভূত অবচয় ও মোটরগাড়ি হিসাব প্রস্তুত কর। ৪

## ১৬ বরিশাল বোর্ড ২০২১

বিষয় কোড : 2 5 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **হিসাববিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে জনতা ট্রাভেল এজেন্সির রেওয়ামিল নিম্নরূপ :

**জনতা ট্রাভেল এজেন্সির রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২০

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ | ২০,০০০ | |
| সেবা রাজস্ব | | ৬০,০০০ |
| অগ্রিম বিমা | ১,৮০০ | |
| যন্ত্রপাতি | ৪০,০০০ | |
| বিজ্ঞাপন খরচ | ১,০০০ | |
| বেতন খরচ | ২,৫০০ | |
| অফিস সাপ্লাইজ | ৭,০০০ | |
| উত্তোলন | ২,০০০ | |
| ব্যাংক জমা | ৫,৭০০ | |
| প্রাপ্য হিসাব | ৫,০০০ | |
| ১০% ঋণ (৩১-০৫-২০২০) | | ১৫,০০০ |
| মূলধন | | ১২,০০০ |
| ভাড়া প্রদান | ২,০০০ | |
| | ৮৭,০০০ | ৮৭,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) ব্যবহৃত অফিস সাপ্লাইজের পরিমাণ ৩,৫০০ টাকা। (২) ৫,০০০ টাকার সেবা রাজস্ব অর্জিত হয়েছে কিন্তু হিসাবভুক্ত হয়নি। (৩) অগ্রিম বিমার ১,২০০ টাকা মেয়াদ উত্তীর্ণ হয়েছে। (৪) যন্ত্রপাতির ওপর ৫% হারে অবচয় ধর। (৫) ব্যাংক জমার মধ্যে ২,০০০ টাকার একটি চেক অমর্যাদাকৃত চেক হিসেবে অন্তর্ভুক্ত আছে।

ক. ঋণের সুদের পরিমাণ নির্ণয় কর। ২
খ. একধাপ আয় বিবরণী তৈরি কর। ৪
গ. ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে জনতা ট্রাভেল এজেন্সির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

২ ▸ 'তানিশা এন্টারপ্রাইজের' ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

**তানিশা এন্টারপ্রাইজের রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২০

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| হাতে নগদ | ৭৫,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | | ৩৫,০০০ |
| মজুদ পণ্য (১-১-২০২০) | ২,৫০,০০০ | |
| ৯% বিনিয়োগ (১-৭-২০১৯) | ২,৫০,০০০ | |
| যন্ত্রপাতি | ২,০০,০০০ | |
| অবচয় সঞ্চিতি – যন্ত্রপাতি | | ৪৫,০০০ |
| ১০% বন্ধকি ঋণ (১-৯-২০১৮) | | ৩,০০,০০০ |
| প্রাপ্য হিসাব | ২,৭৫,৫০০ | |
| প্রদেয় হিসাব | | ১,১৯,০০০ |
| মূলধন | | ৩,৪০,০০০ |
| উত্তোলন | ৫৫,০০০ | |
| ক্রয় পরিবহন | ৪০,০০০ | |
| বেতন খরচ | ৬০,০০০ | |
| বিজ্ঞাপন খরচ | ১,০০,০০০ | |
| পণ্য ক্রয় (১৫% ভ্যাটসহ) | ৫,০০,০০০ | |
| পণ্য বিক্রয় (১৫% ভ্যাটসহ) | | ৯,০০,০০০ |
| ভ্যাট চলতি হিসাব | | ৬৫,০০০ |
| বিনিয়োগের সুদ | | ২০,০০০ |
| ঋণের সুদ | ১৯,০০০ | |
| ক্রয় ফেরত | | ৫,০০০ |
| বিক্রয় ফেরত | ৪,৫০০ | |
| | ১৮,২৯,০০০ | ১৮,২৯,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) হিসাবকাল শেষে মজুদ পণ্য ৩,৫০,০০০ টাকায় মূল্যায়ন হয়েছে। (২) প্রচারের জন্যে ১০,০০০ টাকার পণ্য বিনামূল্যে বিতরণ করা হয়েছে। (৩) প্রদত্ত বিজ্ঞাপন খরচের মধ্যে ৫,০০০ টাকা পরবর্তী হিসাবকালের জন্য প্রদান করা হয়েছে। (৪) প্রাপ্য হিসাবের ওপর ১% হারে সন্দেহজনক সঞ্চিতির ব্যবস্থা কর।

ক. ভ্যাট চলতি হিসাব প্রস্তুত কর। ২
খ. ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে সমাপ্ত বছরের মোট লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪
গ. ৩১ ডিসেম্বর ২০২০ তারিখের চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▸ জনাব আজরফ ১ জুন ২০২০ তারিখে নগদ ৪০,০০০ টাকা; ১২,০০০ টাকার পণ্যদ্রব্য; ৩০,০০০ টাকার ব্যাংক জমা নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসে তাঁর অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপ :

জুন ৪ বাবুলের নিকট নগদে পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা।
" ৭ নগদে অফিস সরঞ্জাম ক্রয় ১০,০০০ টাকা।
" ১০ নগদে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা।
" ১৪ ক্রয় ফেরত ৬,০০০ টাকা।
" ১৮ কমিশন পাওয়া গেল ৫,০০০ টাকা।
" ২৮ সুমির নিকট থেকে পণ্য ক্রয় ১২,০০০ টাকা।
" ২৯ ভাড়া নগদে প্রদান ১০,০০০ টাকা।
" ৩০ সুমির পাওনার পূর্ণ নিষ্পত্তিতে ১০,৫০০ টাকা প্রদান।

ক. জনাব আজরফের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ১০, ১৪, ১৮ ও ৩০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪
গ. ৪, ৭, ২৮ ও ২৯ তারিখের লেনদেনগুলোর সাহায্যে টেবুলার ছকে হিসাব সমীকরণে প্রভাব দেখাও। ৪

৪ ▸ ২০২০ সালের জুলাই মাসে মি. রাহাত খানের লেনদেনগুলো নিম্নরূপ :

২০২০
জুলাই ১ প্রারম্ভিক নগদ ৫,০০০ টাকা এবং ব্যাংক জমাতিরিক্ত ২,০০০ টাকা।
" ৩ ১১,৫০০ টাকার পণ্য বিক্রয় করে নগদে ৫,৫০০ টাকা এবং ৬,০০০ টাকার চেক প্রাপ্ত হয়ে সাথে সাথে ব্যাংকে জমা দেয়া হলো।
" ৬ মি. রায়ের নিকট থেকে ১,২০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ১,১৪০ টাকার চেক পাওয়া গেল।
" ১০ ৬ তারিখের প্রাপ্ত চেকটি ব্যাংকে জমা দেয়া হলো।
" ১৪ সফিনার নিকট থেকে নগদে পণ্য ক্রয় ৫,০০০ টাকা।
" ১৮ ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন ২,০০০ টাকা।
" ২৪ রুনাকে নগদে ২,২০০ টাকা এবং চেকে ২,৮০০ টাকা প্রদান।
" ২৮ নগদে বেতন প্রদান ১,৫০০ টাকা এবং চেকে ভাড়া প্রদান ১,০০০ টাকা।
" ৩১ ব্যাংক ধার্যকৃত চার্জ ২৫ টাকা।

ক. প্রদত্ত নগদ বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২
খ. নগদ প্রাপ্তি জাবেদা তৈরি কর। ৪
গ. তিনঘরা নগদান বই প্রস্তুত কর (ব্যাখ্যা ব্যতীত)। ৪

**৫** ▸ মিসেস সিফাত 'সিফাত অ্যান্ড ফ্রেন্ডসের' স্বত্বাধিকারী। ২০২০ সালের সেপ্টেম্বর মাসে তার প্রতিষ্ঠানে সম্পাদিত লেনদেনগুলো নিম্নরূপ :

২০২০
সেপ্টে. ২ অগ্রণী ব্যাংকে ২০,০০০ টাকা দিয়ে একটি হিসাব খোলা হলো।
" ৩ আসবাবপত্র ও সরঞ্জাম ক্রয় ৮,০০০ টাকা।
" ৫ রিফাতের নিকট পণ্য বিক্রয় ১২,০০০ টাকা।
" ১০ কবিরের নিকট নগদে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা।
" ১৫ চামেলীর নিকট থেকে পণ্য ক্রয় ১৫,০০০ টাকা।
" ২৭ রিফাতের নিকট থেকে ৮,০০০ টাকার চেক পেয়ে সঙ্গে সঙ্গে ব্যাংকে জমা দেওয়া হলো।
" ৩০ জামেলীকে চেক প্রদান ৫,০০০ টাকা।

ক. ৩০ সেপ্টেম্বর তারিখের ব্যাংকে উদ্বৃত্তের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ৩, ১০, ১৫ ও ২৭ তারিখের লেনদেনগুলো জাবেদাভুক্ত কর। ৪
গ. ক্রয় হিসাব ও নগদান হিসাব প্রস্তুত কর (চলমান জের ছকে)। ৪

**৬** ▸ সোনালী ট্রেড্রার্স অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই সংরক্ষণ করে। ২০২০ সালের মে মাসে তার ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপ :

২০২০
মে ১ প্রধান ক্যাশিয়ারের নিকট থেকে প্রাপ্তি ৪,০০০ টাকা।
" ৪ কাগজ ও কলম ক্রয় ২১০ টাকা।
" ৬ রিকশা ভাড়া প্রদান ৩০ টাকা।
" ৮ বাকিতে একটি টেবিল ক্রয় ২,০০০ টাকা।
" ১০ ২টি চিঠি কুরিয়ারে প্রেরণ ৭৫ টাকা।
" ১৬ ফটোকপি ও কম্পোজ ১৯০ টাকা।
" ১৮ চা নাস্তা বাবদ খরচ ৩১৫ টাকা।
" ২১ বাসভাড়া প্রদান ৮৭০ টাকা।
" ২৬ ১ ডজন কোর্ট ফাইল ক্রয় ৬০০ টাকা।
" ২৮ টেক্সি ভাড়া প্রদান ৪০০ টাকা।
" ৩০ অফিস সহায়ক কর্মচারীকে বকশিশ প্রদান ২০০ টাকা।
" ৩১ বিজ্ঞাপনের উদ্দেশ্যে পণ্য বিতরণ ২০০ টাকা।

ক. খুচরা নগদান বহির্ভূত লেনদেনগুলোর পরিমাণ নির্ণয় কর। ২
খ. অগ্রদত্ত পদ্ধতিতে একটি খুচরা নগদান তৈরি কর। ৪
গ. খুচরা খরচগুলোর জন্য সংশ্লিষ্ট খতিয়ান তৈরি কর। ৪

**৭** ▸ মি. আহসানের ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৪৬,০০০ টাকা। পরবর্তীতে নিম্নোক্ত বিষয়গুলো ধরা পড়ে :

(১) ৪,০০০ টাকার একটি প্রাপ্য নোট ৩,৫০০ টাকায় ব্যাংকে বাট্টা করা হয়েছে। মেয়াদ শেষে নোটটি প্রত্যাখ্যাত হয়েছিল, যার জন্য নগদান বইতে কোনো দাখিলা দেয়া হয়নি।
(২) আহসান নিজ প্রয়োজনে ব্যাংক হতে ২,৮০০ টাকা উত্তোলন করেছেন যা নগদান বইতে লেখা হয়নি।
(৩) চেক ইস্যু করা হয়েছে কিন্তু ভাঙানো হয়নি ১১,০০০ টাকা।
(৪) ব্যাংক কর্তৃক ৬,৩০০ টাকায় একটি নোটের বিপরীতে ৬,০০০ টাকা আদায় হয়েছে, কিন্তু সম্পূর্ণ অর্থ নগদানভুক্ত হয়েছে।
(৫) ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ ২,০০০ টাকা এবং ধার্যকৃত চার্জ ১,৫০০ টাকা।
(৬) ব্যাংক একজন পাওনাদারকে ৭,০০০ টাকা পরিশোধ করেছে, যা নগদানভুক্ত হয়নি।
(৭) ব্যাংক কর্তৃক লভ্যাংশ আদায় ৫,২০০ টাকা, যা নগদানভুক্ত হয়নি।

ক. প্রাপ্য নোট আদায় এবং বাট্টাকরণ বাবদ মোট কত টাকা ব্যয় হয়েছে দেখাও। ২
খ. একটি ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি কর। ৪
গ. নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৩২,০০০ টাকা ধরে ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

**৮** ▸ মেসার্স সেলিম অ্যান্ড সন্সের ৩০ জুন ২০২১ তারিখের কতিপয় হিসাব উদ্বৃত্ত নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৪২,৫০০ | |
| ক্রয় | ১,২৫,০০০ | |
| বেতন প্রদান | ১৫,০০০ | |
| প্রদেয় হিসাব | ৫০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ২০,০০০ | |
| ব্যাংক জমার উদ্বৃত্ত | | ৫৬,২৫০ |
| আন্তঃফেরত | ৩,৭৫০ | |
| বহির্মুখী বহন খরচ | | ৬,২৫০ |
| প্রদেয় নোট | ২৫,০০০ | |
| গৃহীত ঋণ | | ১৬,২৫০ |
| দালানকোঠা | ৬৮,৭৫০ | |
| মজুরিকৃত বাট্টা | | ১২,৫০০ |
| মূলধন | | ৮৩,৭৫০ |
| বিক্রয় | | ১,৭৫,০০০ |
| | ৩,৫০,০০০ | ৩,৫০,০০০ |

ক. মেসার্স সেলিম অ্যান্ড সন্সের মূলধনজাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত তথ্যের আলোকে মেসার্স সেলিম অ্যান্ড সন্সের মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. উপরিউক্ত উদ্দীপকের আলোকে মেসার্স সেলিম অ্যান্ড সন্সের একটি শুদ্ধ রেওয়ামিল প্রস্তুত কর। ৪

**৯** ▸ মোহনা কোম্পানির হিসাব বইতে ৩০ জুন ২০২১ তারিখে নিম্নোক্ত ভুলগুলো ধরা পড়ে :

(১) বিক্রয় ফেরত ৮০০ টাকা ভুলবশত দৈনিক ক্রয় বইতে লেখা হয়েছে।
(২) কমিশন বাবদ প্রাপ্ত ৩,২০০ টাকা ভুলে কমিশন হিসাবে ডেবিট করা হয়েছে।
(৩) ২০,০০০ টাকার যন্ত্রপাতি ক্রয় ভুলে ক্রয় হিসাবে ডেবিট করা হয়েছে।
(৪) আসবাবপত্রের মেরামত খরচ ১,২০০ টাকা আসবাবপত্র হিসাবে ডেবিট করা হয়েছে।
(৫) তুহিনের নিকট ২,৫০০ টাকার পণ্য ফেরত ভুলে বিক্রয় বইয়ের মাধ্যমে হিসাবভুক্ত করা হয়েছে।

ক. ১নং লেনদেনটির ভুল দাখিলা কী দেয়া হয়েছিল? ২
খ. উপর্যুক্ত ভুলগুলোর সংশোধনী দাখিলা দাও। ৪
গ. উপর্যুক্ত লেনদেনগুলোর শুদ্ধ দাখিলা কী হওয়া উচিত ছিল? ৪

**১০** ▸ কুশিয়ারা এন্টারপ্রাইজ ১ জানুয়ারি ২০১৯ তারিখে ১০,০০,০০০ টাকায় একটি যন্ত্র ক্রয় করে। ১ জুলাই ২০১৯ তারিখে ৩,০০,০০০ টাকায় আরও একটি যন্ত্র ক্রয় করে। নতুন যন্ত্রের বহন খরচ বাবদ ৩০,০০০ টাকা এবং সংস্থাপন ব্যয় বাবদ ২০,০০০ টাকা খরচ হয়। কুশিয়ারা এন্টারপ্রাইজ যন্ত্রের ওপর ১০% হারে অবচয় ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করে। ৩১ ডিসেম্বর তারিখে বাৎসরিক হিসাবকাল শেষ হয়।

ক. কুশিয়ারা এন্টারপ্রাইজের ব্যবসায়ে যন্ত্র ক্রয় ও আনয়নের জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ২
খ. সরলরৈখিক পদ্ধতিতে ২০১৯ ও ২০২০ সালের অবচয় নির্ণয় কর। ৪
গ. ২০১৯ ও ২০২০ সালের জন্য যন্ত্র হিসাব ও অবচয় সঞ্চিতি হিসাব দেখাও। ৪

**১১** ▸ ১ জুলাই ২০১৯ তারিখে মিস রত্না ১,২০,০০০ টাকা মূল্যের অফিস সরঞ্জাম ক্রয় করেন। ফিটিং বাবদ আরও ৫,০০০ টাকা ব্যয় হয়। ১ অক্টোবর তারিখে আরও ৬০,০০০ টাকার অফিস সরঞ্জাম ক্রয় করা হয়। পরিবহন ও ফিটিং বাবদ যথাক্রমে ২,০০০ টাকা ও ৩,০০০ টাকা খরচ হয়। হিসাব বছর ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত হয়। ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে ২০% হারে অবচয় ধার্য করা হয়।

ক. ২০১৯ সালের অবচয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২০১৯ সালের জন্য প্রয়োজনীয় জাবেদা লিখন দাও। ৪
গ. ২০১৯ ও ২০২০ সালের জন্য অফিস সরঞ্জাম হিসাব ও অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

## ১৭ দিনাজপুর বোর্ড ২০২১

বিষয় কোড : 2 5 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **হিসাববিজ্ঞান প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ স্বপ্নীল ট্রেডার্সের রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো :

**স্বপ্নীল ট্রেডার্সের রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২০

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৮০,০০০ | |
| পণ্য ক্রয় ও পণ্য বিক্রয় | ২,৩০,০০০ | ৩,৯০,০০০ |
| পণ্য ফেরত | ১,৫০০ | ১,৮০০ |
| বেতন | ১৮,০০০ | |
| ভাড়া | ৬,০০০ | |
| বিজ্ঞাপন | ১২,০০০ | |
| সাপ্লাইজ | ৫,৩০০ | |
| ৬% ব্যাংক ঋণ (১-৩-২০২০) | | ৭৫,০০০ |
| মূলধন | | ২,৭৫,০০০ |
| উত্তোলন | ৪০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৪২,০০০ | |
| প্রদেয় হিসাব | | ২৫,০০০ |
| অনাদায়ি পাওনা সঞ্চিতি | | ৪,০০০ |
| নগদ তহবিল | ৭০,০০০ | |
| মজুরি | ১৬,০০০ | |
| আসবাবপত্র | ২,৫০,০০০ | |
| | ৭,৭০,৮০০ | ৭,৭০,৮০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ২৪,০০০ টাকা যার মধ্যে ১,৩০০ টাকার সাপ্লাইজ অন্তর্ভুক্ত আছে। (২) ৩,০০০ টাকার পণ্য ধারে ক্রয় হিসাবভুক্ত হয়নি। (৩) প্রাপ্য হিসাবের ৫,০০০ টাকা আদায়যোগ্য নয়। (৪) আসবাবপত্রের ওপর অবচয় ৫% ধার্য কর।

ক. ঋণের সুদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট লাভ নির্ণয় কর। ৪

গ. নিট লাভ ২৬,৭৫০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

২ ▸ অন্দ্রিলা অ্যান্ড সন্স-এর ৩১ ডিসেম্বর ২০২০ তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

**অন্দ্রিলা অ্যান্ড সন্সের রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২০ তারিখের

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ তহবিল | ১২,০০০ | |
| অগ্রিম ভাড়া | ১৪,০০০ | |
| বিমা খরচ | ৬,০০০ | |
| মূলধন | | ৫০,০০০ |
| ১০% প্রদেয় নোট | | ১০,০০০ |
| উত্তোলন (১-৫-২০২০) | ৫,০০০ | |
| প্রদেয় হিসাব | | ১২,০০০ |
| অফিস যন্ত্রপাতি | ৭০,০০০ | |
| সেবা আয় | | ৭৪,০০০ |
| বেতন খরচ | ১৮,০০০ | |
| উপযোগ খরচ | ৬,০০০ | |
| পুঞ্জীভূত অবচয়-অফিস যন্ত্রপাতি | | ১৪,০০০ |
| প্রাপ্য হিসাব | ৪৪,০০০ | |
| অনুপার্জিত সেবা আয় | | ১৫,০০০ |
| | ১,৭৫,০০০ | ১,৭৫,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সেবা প্রদান করা হয়েছে কিন্তু বিল পাওয়া যায়নি ৮,৫০০ টাকা। (২) প্রতি মাসে ভাড়া খরচ অতিক্রান্ত হয়েছে ১,০০০ টাকা। (৩) অনুপার্জিত আয় অর্জিত হয়েছে ১২,০০০ টাকা। (৪) অফিস যন্ত্রপাতির ওপর ১০% হারে অবচয় ধার্য কর।

ক. মূলধন ও উত্তোলনের ওপর সুদ নির্ণয় কর। ২

খ. আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. প্রতিষ্ঠানের চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▸ ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে মি. হিমাদ্রী ৩৫,০০০ টাকা নগদ এবং ৩০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসে অন্যান্য লেনদেনগুলো হলো নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| জানু. | ৩ | মি. রহমানের নিকট হতে নগদে পণ্য ক্রয় ২০,০০০ টাকা। |
| ” | ৫ | মি. স্বপনের নিকট নগদে পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা। |
| ” | ১০ | বিজ্ঞাপনের উদ্দেশ্যে পণ্য বিতরণ ৫০০ টাকা। |
| ” | ১৪ | ব্যাংকে চলতি হিসাব খোলা হলো ৪৫,০০০ টাকা। |
| ” | ১৮ | চেক মারফত পণ্য ক্রয় করা হলো ৩০,০০০ টাকা। |
| ” | ২৩ | ব্যাংক হতে উত্তোলন করা হলো ৫,০০০ টাকা। |
| ” | ২৯ | লাভবিহীন পণ্য বিক্রয় ৪,০০০ টাকা। |

ক. মি. হিমাদ্রীর ব্যবসায়ের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. জানুয়ারি ৩, ১০, ১৪ ও ২৯ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

গ. মি. হিমাদ্রীর ব্যবসায়ের ক্রয় হিসাব এবং ব্যাংক হিসাব প্রস্তুত কর। ৪

৪ ▸ ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে জনাব মিল্টন নগদ ১,৫০,০০০ টাকা এবং ৪০,০০০ টাকা মূল্যের অফিস সরঞ্জাম নিয়ে সেবাকার্য আরম্ভ করলেন। উক্ত মাসে তার লেনদেনসমূহ নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| জানু. | ৩ | চারমাসের ভাড়া প্রদান ৮,০০০ টাকা। |
| ” | ৫ | নগদে সেবা প্রদান ২৫,০০০ টাকা এবং ধারে সেবা প্রদান ১৫,০০০ টাকা। |
| ” | ৭ | ধারে অফিস সাপ্লাইজ ক্রয় ৪,০০০ টাকা। |
| ” | ৮ | মাসিক ২০,০০০ টাকা বেতনে ম্যানেজার নিয়োগ। |
| ” | ১০ | বিমা সেলামি প্রদান ২,০০০ টাকা। |
| ” | ১৫ | ৭ তারিখের প্রদেয় অর্থ পরিশোধ করা হলো। |
| ” | ২০ | বিজ্ঞাপন বাবদ নগদ প্রদান ৫,০০০ টাকা। |
| ” | ৩১ | অফিস যন্ত্রপাতির অবচয় ৫০০ টাকা। |

ক. অনগদ লেনদেনগুলো চিহ্নিত কর। ২

খ. ১, ৫, ৭ এবং ১৫ তারিখের লেনদেনগুলো দ্বারা বিবরণী ছকে হিসাব সমীকরণের ওপর লেনদেনের প্রভাব দেখাও। ৪

গ. জানুয়ারি ৩, ৭, ১৫ ও ৩১ তারিখের লেনদেনগুলো জাবেদাভুক্ত কর। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

৫ ▸ ২০২০ সালের জুন মাসে মি. অরিন্দমের ব্যবসায় নিম্নলিখিত লেনদেনগুলো সম্পাদিত হয় :

| | | |
|---|---|---|
| জুন | ১ | প্রারম্ভিক নগদ তহবিল ৩০,০০০ টাকা এবং ব্যাংক জমার ক্রেডিট জের ১৫,০০০ টাকা ছিল। |
| ” | ৫ | পণ্য ক্রয় : নগদে ১৫,০০০ টাকা, ধারে ৫,০০০ টাকা ও চেকের মাধ্যমে ৯,০০০ টাকা। |
| ” | ১০ | পণ্য বিক্রয় : নগদে ৩৫,০০০ টাকা, প্রাপ্য নোটের মাধ্যমে ৮,০০০ টাকা এবং ধারে ২৫,০০০ টাকা। |
| ” | ১৫ | ব্যাংক কর্তৃক প্রাপ্য বিল আদায় ২৪,৫০০ টাকা। |

” ১৮ ব্যাংকে জমা প্রদান ৩০,০০০ টাকা।
” ২০ প্রদেয় হিসাবের অর্ধ ৩% বাট্টা সাপেক্ষে পরিশোধ করা হলো।
” ২৫ ৫% কারবারি বাট্টায় মুহিতের নিকট হতে পণ্য ক্রয় ২০,০০০ টাকা।
” ৩০ ব্যাংক চার্জ ও ব্যাংক জমাতিরিক্তের সুদ যথাক্রমে ২৫০ টাকা ৪৫০ টাকা।

ক. নগদান বইতে লিপিবদ্ধ হবে না এমন লেনদেনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ৫, ১০, ১৫ ও ২০ তারিখের লেনদেনগুলোর জন্য জাবেদা দাখিলা দাও। ৪
গ. উপর্যুক্ত লেনদেনগুলোর সমন্বয়ে একটি তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

**৬ ▸** ২০২১ সালের মে মাসে মাহবুবা এন্টারপ্রাইজের ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপ :

মে ১ মালিক কর্তৃক ব্যবসায়ে অতিরিক্ত মূলধন বিনিয়োগ ৪০,০০০ টাকা।
” ৫ নগদে পণ্য ক্রয় ২০,০০০ টাকা।
” ৭ নগদ বিক্রয় ৩০,০০০ টাকা।
” ১২ প্রচার খরচ বাবদ প্রদান ৩,০০০ টাকা।
” ১৫ সিমির নিকট পাওনা ২০,০০০ টাকার পূর্ণ নিস্পত্তি সাপেক্ষে ১৯,৭৫০ টাকা নগদে পাওয়া গেল।
” ১৮ তুলির নিকট দেনা ১৫,০০০ টাকার পূর্ণ নিস্পত্তি সাপেক্ষে ১৪,৭০০ টাকা নগদে প্রদত্ত হলো।
” ২১ সিয়ামের নিকট হতে অফিস সরঞ্জামাদি ক্রয় ২৫,০০০ টাকা (৬০% নগদে ও ৪০% ধারে)।
” ২৫ শিমুলের নিকট ধারে বিক্রয় বাবদ প্রাপ্য ৩০,০০০ টাকার পূর্ণ নিস্পত্তি সাপেক্ষে ২৯,৪৫০ টাকা পাওয়া গেল।
” ২৮ বিনিয়োগের সুদ প্রাপ্তি ৪,৫০০ টাকা।
” ৩০ অভির নিকট দেনা ১২,৫০০ টাকার পূর্ণ নিস্পত্তি সাপেক্ষে ১২,২৫০ টাকা প্রদত্ত হলো।

ক. প্রদত্ত বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা একটি নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪
গ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা একটি নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

**৭ ▸** শাপলা ট্রেডার্সের হিসাব বই হতে ২০২০ সালের ৩০ জুন তারিখে নিম্নোক্ত লেনদেনসমূহ নেয়া হয়েছে :

(১) নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ১২,৫০০ টাকা।
(২) ব্যাংক কর্তৃক পরিশোধিত ৩,৪৫০ টাকার প্রদেয় মোট নগদান বইতে লেখা হয়নি।
(৩) ব্যাংকে জমাকৃত ২,৮৫০ টাকার একটি চেক এখনও ব্যাংক কর্তৃক আদায় হয়নি।
(৪) একজন খরিদ্দার কর্তৃক সরাসরি ব্যাংকে জমাদান ৩,৬৫০ টাকা নগদান বইতে লেখা হয়নি।
(৫) প্রদেয় হিসাব বরাবরে ইস্যুকৃত ৭,০০০ টাকার মোট দুটি চেক ব্যাংকে প্রেরণ করা হয়েছে। যার মধ্যে ১,২৫০ টাকার চেকটি ব্যাংকে উপস্থাপিত হয়নি।
(৬) ব্যাংক সুদ ২৫০ টাকা এবং ব্যাংক চার্জ ২৪০ টাকা নগদান বইতে লেখা হয়নি।

ক. ৬নং ক্রমিকের জন্য আমানতকারীর বইতে জাবেদা দাও। ২
খ. কেবলমাত্র পাস বইতে লিপিবদ্ধ হয়েছে এমন টাকার মোট পরিমাণ নির্ণয় কর। ৪
গ. উপর্যুক্ত তথ্যের আলোকে প্রচলিত পদ্ধতিতে একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

**৮ ▸** জয়তি ট্রেডার্সের হিসাব বইতে রেওয়ামিল তৈরির পর নিম্নলিখিত ভুলগুলো ধরা পড়ে :

(১) ৩,৫০০ টাকার পণ্য বিক্রয় ৩৫,০০০ টাকায় বিক্রয় হিসাবে লেখা হয়েছে।
(২) ক্রয় বইয়ের যোগফল ২,৫৫০ টাকা কম দেখানো হয়েছে।
(৩) মনিহারি দ্রব্যাদি ক্রয় ১,৫০০ টাকা, ভুলবশত ক্রয় হিসাবে লিপিবদ্ধ হয়েছে।
(৪) যন্ত্রপাতির মেরামত ব্যয় ২,৫০০ টাকা, যন্ত্রপাতি হিসাবে ডেবিট করা হয়েছে।

ক. উপর্যুক্ত ভুলগুলো হতে নীতিগত ভুলের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত ভুলগুলোর সংশোধনী জাবেদা দাখিলা দাও। ৪
গ. উপর্যুক্ত ভুলের কারণে মুনাফাজাতীয় ব্যয় ও মুনাফাজাতীয় আয় কত টাকা কম বা বেশি দেখানো হয়েছে তার পরিমাণ নির্ণয় কর। ৪

**৯ ▸** ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে হাবিব ব্রাদার্সের খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| নগদ তহবিল | ২৬,৫০০ |
| কলকব্জা | ৬০,০০০ |
| মূলধন | ৮২,০০০ |
| প্রদেয় নোট | ১২,০০০ |
| মজুরি | ৫,০০০ |
| শিক্ষানবিশ সেলামি | ১৫,০০০ |
| পণ্য ক্রয় | ৫৫,০০০ |
| প্রদেয় হিসাব | ২৫,০০০ |
| সরবরাহ যান | ৬০,০০০ |
| বিক্রয় | ৮৫,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১৫,৫০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ২৪,০০০ |
| আমদানি শুল্ক | ৬,৫০০ |
| প্রাপ্য হিসাব | ১৭,০০০ |
| প্রদেয় বেতন | ২,৫০০ |

ক. মুনাফাজাতীয় আয় নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত তথ্যের আলোকে একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪
গ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে হাবিব ব্রাদার্সের চলতি সম্পদ ও চলতি দায়ের মধ্যে পার্থক্য নির্ণয় কর। ৪

**১০ ▸** ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে বন্ধু ভাণ্ডার ৮৬,০০০ টাকায় একটি ওজন মেশিন ক্রয় করে। যার পরিবহন ব্যয় ৩,০০০ টাকা ও ১,০০০ টাকা সংস্থাপন ব্যয় প্রদান করে। মেশিনটির আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৯,০০০ টাকা। একটি আধুনিক ওজন মেশিন ক্রয়ের উদ্দেশ্যে ২০২০ সালের ১ জুলাই তারিখে ২০১৮ সালের ক্রয়কৃত মেশিনটি ৬৮,০০০ টাকায় বিক্রয় করা হয়। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বন্ধ করা হয়। সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়।

ক. পুরাতন মেশিন বিক্রয়ের লাভ বা ক্ষতি নির্ণয় কর। ২
খ. ২০২০ সালের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪
গ. ২০১৮ সাল হতে ২০২০ সাল পর্যন্ত উপর্যুক্ত তথ্যের আলোকে মেশিন হিসাব প্রস্তুত কর। ৪

**১১ ▸** ২০১৭ সালের ১ জানুয়ারি তারিখে মি. সজল ১,৮০,০০০ টাকা মূল্যের একটি মোটরযান ক্রয় করেন। উক্ত মোটর যানের নিবন্ধন ফি বাবদ ব্যয় হয় ২০,০০০ টাকা। বার্ষিক ২০% হারে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে মোটর যানের ওপর অবচয় ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। প্রতি বছর ৩১ ডিসেম্বর হিসাবকাল শেষ হয়।

ক. প্রথম তিন বছরের অবচয় সারণি নির্ণয় কর। ২
খ. ২০১৭ ও ২০১৮ সালের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪
গ. উপর্যুক্ত তথ্যের আলোকে প্রথম তিন বছরের জন্য অবচয় হিসাব ও অবচয় সঞ্চিতি হিসাব প্রস্তুত কর। ৪

## ১৮ ময়মনসিংহ বোর্ড ২০২১

বিষয় কোড : 2 5 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

**হিসাববিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন**

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে শফিক ট্রেডার্সের রেওয়ামিল নিম্নরূপ :

**শফিক ট্রেডার্সের রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২০

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মজুদ পণ্য (১-১-২০২০) | ২০,০০০ | |
| পণ্য ক্রয় ও বিক্রয় (১৫% ভ্যাটসহ) | ৮০,৫০০ | ১,১৫,০০০ |
| মজুরি | ৫,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৩০,০০০ | ২০,০০০ |
| অনাদায়ি পাওনা | ২,০০০ | |
| ৮% ঋণ | | ৫০,০০০ |
| মূলধন | | ৪২,৫০০ |
| হাতে নগদ ও ব্যাংক জমা | ৯০,০০০ | |
| | ২,২৭,৫০০ | ২,২৭,৫০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ২৭,০০০ টাকা। (২) ধারে বিক্রয় ৪৬,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি। (৩) প্রাপ্য হিসাবের ৫% অনাদায়ি পাওনা সঞ্চিতি রাখতে হবে।

ক. ভ্যাট চলতি হিসাব প্রস্তুত কর। ২

খ. মোট মুনাফা বা মোট ক্ষতি নির্ণয় কর। ৪

গ. মোট দায় ও মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▸ **স্বপ্না সার্ভিসিং সেন্টারের রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২০

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ১,৩০,০০০ |
| উত্তোলন | ২০,০০০ | |
| অনুপার্জিত সেবা আয় | | ১,৪০,০০০ |
| অফিস সরঞ্জাম | ১,৬০,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৪০,০০০ | ৬০,০০০ |
| হাতে নগদ ও ব্যাংক জমা | ১,৪০,০০০ | |
| ১০% বিনিয়োগ | ২০,০০০ | |
| বিমা সেলামি | ৫,০০০ | |
| উপযোগ খরচ | ৭৩,০০০ | |
| ভাড়া | ২২,০০০ | |
| সেবা আয় | | ১,৫০,০০০ |
| | ৪,৮০,০০০ | ৪,৮০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) উপযোগ খরচ বকেয়া আছে ১,০০০ টাকা। (২) ভাড়া অগ্রিম প্রদান করা হয়েছে ২,০০০ টাকা। (৩) অনুপার্জিত সেবা আয় অর্জিত হয়েছে ৭০,০০০ টাকা। (৪) অফিস সরঞ্জামের ওপর ১০% অবচয় ধার্য কর।

ক. নিট মুনাফা ৯৩,০০০ টাকা ধরে মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে চলতি সম্পদ ও চলতি দায়ের পার্থক্য নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▸ রহিম ব্রাদার্স ২০২০ সালের ১ জানুয়ারি নগদ ৫০,০০০ টাকা, আসবাবপত্র ৩০,০০০ টাকা এবং ২০,০০০ টাকার ব্যাংক জমা নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসে প্রতিষ্ঠানের কতিপয় লেনদেন ছিল নিম্নরূপ :

২০২০

| | | |
|---|---|---|
| জানু. | ২ | রাব্বির নিকট থেকে পণ্য ক্রয় ১৫,০০০ টাকা। |
| " | ৮ | পণ্য বিক্রয় ২০,০০০ টাকা। |
| " | ১০ | বেতন প্রদান ৫,০০০ টাকা। |
| " | ২০ | ব্যাংক চার্জ ধার্য করল ৩০০ টাকা। |

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. জানুয়ারি ২, ৮, ১০ ও ২০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাও। ৪

গ. জানুয়ারি ১, ২, ৮ ও ১০ তারিখের লেনদেনগুলো নিয়ে টেবুলার ছকের মাধ্যমে হিসাব সমীকরণে প্রভাব দেখাও। ৪

৪ ▸ জনাব মনিরের ২০২০ সালের মার্চ মাসের লেনদেনগুলো নিম্নরূপ :

২০২০

| | | |
|---|---|---|
| মার্চ | ১ | জনাব মনির নগদ ১,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। |
| " | ২ | আসবাবপত্র ক্রয় ৩০,০০০ টাকা। |
| " | ৫ | ধারে পণ্য ক্রয় ২০,০০০ টাকা। |
| " | ১০ | অগ্রিম বেতন প্রদান ৬,০০০ টাকা। |
| " | ১২ | মালিকের ছেলের স্কুলের বেতন পরিশোধ করা হলো ৪,০০০ টাকা। |
| " | ১৫ | অফিসের জন্য কম্পিউটার ক্রয় ২০,০০০ টাকা। |
| " | ১৮ | জীবন বিমার প্রিমিয়াম প্রদান ৬,০০০ টাকা। |
| " | ২০ | নগদে পণ্য ক্রয় ১৫,০০০ টাকা। |

ক. মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ১, ৫, ১৫ ও ১৮ তারিখের লেনদেনগুলোর ডেবিট ক্রেডিট নির্ণয় কর। ৪

গ. নগদান হিসাব প্রস্তুত কর। ৪

৫ ▸ নিলীমা অ্যান্ড কোং-এর হিসাব বইতে ২০২০ সালের এপ্রিল মাসে নিম্নলিখিত দেনদেনগুলো সম্পাদিত হয় :

২০২০

| | | |
|---|---|---|
| এপ্রি. | ১ | নগদ উদ্বৃত্ত ৪০,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ৩০,০০০ টাকা। |
| " | ৫ | দুলালের নিকট থেকে পণ্য ক্রয় ২০,০০০ টাকা। |
| " | ৮ | মাসুদকে তার পাওনা ৬,০০০ টাকার পূর্ণ নিস্পত্তিতে নগদ ২,০০০ টাকা ও ৩,৫০০ টাকার চেক প্রদান করা হলো। |

লেকচার

" ১৫ ব্যাংক হতে উত্তোলন অফিস প্রয়োজনে ১০,০০০ টাকা ও ব্যক্তিগত প্রয়োজনে ৫,০০০ টাকা।
" ২৫ ৫% বাট্টায় ৫ তারিখের লেনদেনটি নিষ্পত্তি করা হলো।
" ২৬ বিনামূল্যে পণ্য বিতরণ করা হলো ১,৫০০ টাকা।
" ২৭ অনাদায়ি পাওনা ধার্য করা হলো ২,০০০ টাকা।
" ৩০ যন্ত্রপাতির অবচয় ধার্য কর ৫০০ টাকা।

ক. মোট প্রাপ্ত বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২
খ. একটি তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪
গ. নগদান বইতে অন্তর্ভুক্ত নয় এমন লেনদেনগুলো জাবেদাভুক্ত কর। ৪

৬ ▸ জনাব স্বপ্নার ব্যবসায় প্রতিষ্ঠানে ২০২০ সালের মে মাসে নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয় :

২০২০
মে ১ জনাব স্বপ্না ব্যবসায়ে ৮০,০০০ টাকা বিনিয়োগ করেন।
" ৬ নগদে পণ্য ক্রয় ১০,০০০ টাকা।
" ৭ দুই মাসের অগ্রিম ভাড়া প্রদান ১৫,০০০ টাকা।
" ১৫ পণ্য বিক্রয় ২০,০০০ টাকা যার ৮০% নগদে এবং ২০% ধারে।
" ২০ ২% বাট্টায় ধারে বিক্রয়ের টাকা পাওয়া গেল।
" ২৫ কমিশন পাওয়া গেল ১,৮০০ টাকা।
" ২৬ ইকবালকে তার পাওনা ৫,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৪,৮০০ টাকা প্রদান করা হলো।
" ৩১ কর্মচারী রাফিকে বেতন প্রদান ৫,০০০ টাকা।

ক. মে ১৫ তারিখের লেনদেনটির জাবেদা দাখিলা দাও। ২
খ. নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪
গ. নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

৭ ▸ জনাব মান্নানের হিসাব বই হতে ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে নিম্নলিখিত তথ্যসমূহ নেওয়া হয়েছে :

(i) নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৮০,০০০ টাকা।
(ii) ইস্যুকৃত চেক ৮,০০০ টাকা, যা এখনও ব্যাংকে উপস্থাপিত হয়নি।
(iii) চেক আদায়ের জন্য ব্যাংকে জমা ১০,০০০ টাকা কিন্তু এখনও আদায় হয়নি।
(iv) প্রাপ্য হিসাব কর্তৃক সরাসরি ১৫,০০০ টাকা ব্যাংকে জমা দেয়া হয়েছে যা নগদান বইতে হিসাবভুক্ত হয়নি।
(v) ইস্যুকৃত চেক ব্যাংক কর্তৃক প্রত্যাখ্যাত হয়েছে ২,০০০ টাকা।
(vi) ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ ২০০ টাকা যা নগদান বইতে হিসাবভুক্ত হয়নি।

ক. ব্যাংকের হিসাব বইতে লিপিবদ্ধ হয়নি এরূপ লেনদেনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপরিউক্ত তথ্যগুলোর মাধ্যমে ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. আমানতকারীর হিসাব বইতে (iii), (iv), (v) ও (vi) নং লেনদেনগুলো জাবেদাভুক্ত কর। ৪

৮ ▸ ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে রবি এন্টারপ্রাইজের খতিয়ান উদ্বৃত্ত নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| মূলধন | ৪০,৬০০ | কমিশন প্রাপ্তি | ১,০০০ |
| মজুদ পণ্য | ২০,০০০ | প্রাপ্য হিসাব | ৮০.০০০ |
| বিলম্বিত বিজ্ঞাপন | ৫,০০০ | ক্রয় | ১,১১,০০০ |
| উপভাড়া প্রাপ্তি | ৪,০০০ | বিক্রয় | ২,০০,০০০ |
| বিনিয়োগের সুদ | ৪০০ | ১০% বিনিয়োগ | ৩০,০০০ |
| অফিস সরঞ্জাম | ২০,০০০ | প্রদেয় হিসাব | ২০,০০০ |

ক. স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২
খ. মোট আয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে রবি এন্টারপ্রাইজের রেওয়ামিল প্রস্তুত কর। ৪

৯ ▸

**আবির ট্রেডার্স**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২০

ডেবিট ক্রেডিট

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| যন্ত্রপাতি | ৮০,০০০ | মূলধন | ১,৩৩,০০০ |
| ক্রয় | ২,০০,০০০ | বিক্রয় | ২,৫০,০০০ |
| মজুরি | ৫০,০০০ | প্রদেয় হিসাব | ১৫,০০০ |
| প্রাপ্য হিসাব | ৭০,০০০ | অনিশ্চিত হিসাব | ৪২,০০০ |
| হাতে নগদ ও ব্যাংক জমা | ৪০,০০০ | | |
| | ৪,৪০,০০০ | | ৪,৪০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (i) পণ্য ক্রয় ২,০০০ টাকা ভুলক্রমে হিসাবে ৪,০০০ টাকা লিপিবদ্ধ হয়েছে। (ii) যন্ত্রপাতির সংস্থাপন ব্যয় ৫,০০০ টাকা মজুরির অন্তর্ভুক্ত হয়েছে। (iii) প্রাপ্য হিসাব আদায় ১০,০০০ টাকা ভুলক্রমে 'প্রাপ্য হিসাবে' ডেবিট করা হয়েছে। (iv) পণ্য বিক্রয় ২৮,০০০ টাকা ভুলে বিক্রয় হিসাবে ৮,০০০ টাকা লেখা হয়েছে।

ক. নীতিগত ভুলের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ভুলগুলোর জন্য সংশোধনী জাবেদা দাখিলা প্রদান কর। ৪
গ. উপরিউক্ত তথ্যের ভিত্তিতে সংশোধিত রেওয়ামিল প্রস্তুত কর। ৪

১০ ▸ ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে আলতাফ অ্যান্ড সন্স ৩,০০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে। এর সংস্থাপন ব্যয় বাবদ আরও ২০,০০০ টাকা প্রদান করে। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বছর সমাপ্ত হয়।

ক. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয়ের হার নির্ণয় কর। ২
খ. ২০১৮ সালের জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. ২০১৮ ও ২০১৯ সালের পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

১১ ▸ ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে নাদিম অ্যান্ড সন্স ৩,৫০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে। মেশিনটির আমদানি শুল্ক ১৫,০০০ টাকা, জাহাজ ভাড়া ৫,০০০ টাকা ও সংস্থাপন খরচ ৩০,০০০ টাকা। মেশিনটির আনুমানিক জীবনকাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। প্রতিষ্ঠানটির হিসাবকাল শেষ হয় ৩১ ডিসেম্বর। উক্ত প্রতিষ্ঠান সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করে।

ক. মেশিনটির অর্জন মূল্য নির্ণয় কর। ২
খ. ২০১৮ ও ২০১৯ সালের অবচয় হিসাব প্রস্তুত কর। ৪
গ. ২০১৮ ও ২০১৯ সালের মেশিন হিসাব প্রস্তুত কর। ৪

Part 01

# এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

প্রশ্নের ধরন ও মানের ধারণার জন্য প্রদত্ত

## ১৯ ঢাকা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

সময়—২০ মিনিট **হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান—১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **১৫টি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. হিসাবের স্থায়ী ধাপ কোনটি?**
K জাবেদা L সমীকরণ
M খতিয়ান N রেওয়ামিল

**■ উদ্দীপকটি পড়ে ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :**
৩১ ডিসেম্বর তারিখে সমাপনী মজুদের মূল্যায়ন করা হয় ৪০,০০০ টাকা। কিন্তু ঐ তারিখে সমাপনী মজুদের বাজার মূল্য ছিল ৫০,০০০ টাকা।

**২. সমাপনী মজুদ পণ্যের মূল্য বাবদ কত টাকা আর্থিক বিবরণীতে অন্তর্ভুক্ত হবে?**
K ৪০,০০০ L ৯০,০০০
M ৫০,০০০ N ১০,০০০

**৩. সমাপনী মজুদ মূল্যায়নে কোন নীতি অনুসরণ করা হয়েছে?**
K ব্যয়নীতি L কালান্তিক ধারণা
M স্বত্ব ধারণা N রক্ষণশীলতার নীতি

**৪. ব্যবসায় সংগঠনের নিটলাভ নির্দেশ করে—**
K সম্পদ L বহির্দায়
M অভ্যন্তরীণ দায় N উৎপাদন

**৫. ব্যাংক সমন্বয় বিবরণীর উদ্দেশ্য কী?**
K নগদ প্রাপ্তি জানা L নগদ প্রদান জানা
M ব্যাংক উদ্বৃত্ত জানা N গরমিলের কারণ জানা

**৬. হিসাববিজ্ঞান হলো—**
i. একটি তথ্য ব্যবস্থা
ii. ব্যবস্থাপকীয় সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করা
iii. আর্থিক অবস্থা পরিমাপ করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৭. বাট্টা সাধারণত কত প্রকার হয়?**
K ১ L ২ M ৩ N ৪

**৮. FASB এর পূর্ণরূপ কী?**
K Financial Accounting Standard Board
L Final Accounting Standard Board
M Fundamental Accounting Standard Board
N Financial Accounting Standard Bureau

**৯. রেওয়ামিলের ডেবিট পাশে দেখানো হয়—**
K সকল সম্পদ ও আয় L সকল সম্পদ ও ব্যয়
M সকল ব্যয় ও আয় N সকল সম্পদ ও দায়

**১০. যদি কর্মচারীর বেতন পরিশোধ করা হয় তাহলে হিসাব সমীকরণের ওপর কী প্রভাব পড়ে?**
K সম্পদ ও মালিকানাস্বত্ব বৃদ্ধি পায়
L দায় ও মূলধন বৃদ্ধি পায়
M সম্পদ ও মালিকানাস্বত্ব হ্রাস পায়
N দায় ও মূলধন হ্রাস পায়

**১১. নগদান বইয়ে লেখা হয়—**
K সকল নগদ প্রদান L সকল নগদ প্রাপ্তি
M নগদ বিক্রয় N নগদ প্রাপ্তি ও প্রদান

**১২. সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্যের সময় বিবেচনা করা হয়—**
i. সম্পত্তির ক্রয়মূল্য
ii. সম্পত্তির বিক্রয়মূল্য
iii. সম্পত্তির আনুমানিক আয়ুষ্কাল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৩. আধুনিক পদ্ধতিতে হিসাবকে কয় ভাগে ভাগ করা হয়?**
K ২ L ৪
M ৫ N ৩

**■ উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
একটি ব্যবসায় প্রতিষ্ঠানের প্রারম্ভিক মজুদ পণ্য ১০,০০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ১৫,০০০ টাকা, আন্তঃপরিবহন ১,০০০ টাকা, বহিঃপরিবহন ৫০০ টাকা, ক্রয় ৫০,০০০ টাকা, বিক্রয় ১,০০,০০০ টাকা, ভাড়া ১,৫০০ টাকা।

**১৪. মোট লাভের পরিমাণ কত?**
K ৫০,০০০ টাকা L ৫৪,০০০ টাকা
M ৬০,০০০ টাকা N ৪৫,০০০ টাকা

**১৫. পরোক্ষ ব্যয়ের পরিমাণ কত?**
K ১,০০০ টাকা L ২,০০০ টাকা
M ২,৫০০ টাকা N ১০,০০০ টাকা

**১৬. কোন পদ্ধতিতে প্রত্যেক আর্থিক বছরে অবচয়ের পরিমাণ সমান হয়?**
K সরলরৈখিক পদ্ধতি
L ক্রমহ্রাসমান পদ্ধতি
M উৎপাদন একক পদ্ধতি
N বর্ষ সংখ্যার যোগফল পদ্ধতি

**১৭. হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী কে?**
K সরকার L শেয়ারহোল্ডার
M পাওনাদার N আয়কর কর্তৃপক্ষ

**১৮. যদি বকেয়া খরচের সমন্বয় দাখিলা দেয়া না হয় তাহলে হিসাবের ওপর কী প্রভাব পড়বে?**
i. লাভ বেশি দেখানো হবে
ii. ব্যয় কম দেখানো হবে
iii. লাভ কম দেখানো হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M i, ii ও iii N ii ও iii

**১৯. ব্যবসায়ের অভ্যন্তরীণ দায় কোনটি?**
K ব্যাংক ঋণ L মূলধন
M পাওনাদার N ঋণপত্র

**২০. A = L + OE সমীকরণটিতে OE কী নির্দেশ করে?**
K সম্পদ L মালিকানাস্বত্ব
M দায় N মুনাফা

**২১. নিচের কোনটি আর্থিক বিবরণীতে দেখানো হয় না?**
K মূলধন সঞ্চিতি L বিশেষ সঞ্চিতি
M সাধারণ সঞ্চিতি N গোপন সঞ্চিতি

**■ উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
যন্ত্রপাতির ক্রয়মূল্য ২,০০,০০০ টাকা, যন্ত্রপাতির সংস্থাপন ব্যয় ২০,০০০ টাকা, আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা।

**২২. সংস্থাপন ব্যয় কোন ধরনের ব্যয়?**
K মুনাফাজাতীয় ব্যয় L মূলধনজাতীয় ব্যয়
M বিলম্বিত ব্যয় N নিমজ্জিত ব্যয়

**২৩. ক্রমহ্রাসমান পদ্ধতিতে প্রথম দুই বছরের অবচয়ের পরিমাণ কত?**
K ২০,০০০ ও ৩০,০০০ টাকা
L ১৫,০০০ ও ২৫,০০০ টাকা
M ২২,০০০ ও ১৯,৮০০ টাকা
N ২০,০০০ ও ১৮,০০০ টাকা
*[বি.দ্র. সঠিক উত্তর : **৪৪,০০০ ও ৩৫,২০০ টাকা।**]

**২৪. যদি কমিশন প্রাপ্তি ১,০০০ টাকা ডেবিট করা হয়, তাহলে এটি কোন ধরনের ভুল?**
K বাদ পড়ার ভুল L লেখার ভুল
M বেদাখিলার ভুল N নীতিগত ভুল

**২৫. সমাপনী দাখিলা কেন প্রয়োজন?**
i. ব্যয় বন্ধ করার জন্য
ii. আয় বন্ধের জন্য
iii. মূলধন জাতীয় ব্যয় বন্ধের জন্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৬. বহুল ব্যবহৃত কার্যপত্র তৈরি করতে কয়টি কলামের প্রয়োজন?**
K ১২ L ১০ M ৮ N ৬

**২৭. b/d এর পূর্ণরূপ কোনটি?**
K Bring down L Brought down
M Balance down N Brought discount

**২৮. নিচের কোনটি স্পর্শনীয় স্থায়ী সম্পদ?**
K বিলম্বিত বিজ্ঞাপন L সুনাম
M পেটেন্ট N দালানকোঠা

**২৯. প্রারম্ভিক মজুদ + নিট ক্রয় + আন্তঃপরিবহন – সমাপনী মজুদ = ?**
K বিক্রয় L বিক্রীত পণ্যের ব্যয়
M ক্রয়মূল্য N উৎপাদন ব্যয়

**৩০. নগদান বই হলো—**
i. জাবেদা
ii. খতিয়ান
iii. রেওয়ামিল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | K | ৩ | N | ৪ | M | ৫ | N | ৬ | N | ৭ | L | ৮ | K | ৯ | L | ১০ | M | ১১ | N | ১২ | L | ১৩ | M | ১৪ | L | ১৫ | L |
| ১৬ | K | ১৭ | L | ১৮ | K | ১৯ | L | ২০ | L | ২১ | N | ২২ | L | ২৩ | * | ২৪ | M | ২৫ | K | ২৬ | L | ২৭ | L | ২৮ | N | ২৯ | L | ৩০ | K |

## ২০ রাজশাহী বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

সময়—২০ মিনিট

### হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **১৫টি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. অবচয় নির্ধারণে কোনটি বিবেচ্য নয়?**
K ক্রয়মূল্য L বাজারমূল্য
M ভগ্নাবশেষ মূল্য N অবচয়যোগ্য মূল্য

**২. অবচয় হলো—**
i. অনগদ লেনদেন
ii. অদৃশ্যমান লেনদেন
iii. স্থায়ী সম্পত্তির ব্যয় বণ্টন প্রক্রিয়া
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
পদ্মা লি.-এর যন্ত্রপাতির ক্রয়মূল্য ৪,০০,০০০ টাকা, সংস্থাপন ব্যয় ৪০,০০০ টাকা এবং ১৫% ভ্যাট প্রদান করেন। যন্ত্রটির আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা।

**৩. সরলরৈখিক পদ্ধতিতে বার্ষিক অবচয়ের পরিমাণ কত?**
K ৪০,০০০ টাকা L ৪৪,০০০ টাকা
M ৪৮,০০০ টাকা N ৫০,০০০ টাকা

**৪. সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্যের ফলে আর্থিক বিবরণীতে প্রভাব পড়বে—**
i. সম্পত্তির মূল্য হ্রাস পাবে
ii. মুনাফা বৃদ্ধি পাবে
iii. মালিকানাস্বত্ব হ্রাস পাবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৫. বিক্রয় দ্বারা বৃদ্ধি পায়—**
i. মালিকানাস্বত্ব
ii. সম্পত্তি
iii. দায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৬. কোনটি বিপরীত সম্পদ?**
K সুনাম L পুঞ্জীভূত অবচয়
M প্রাথমিক খরচাবলি N বিনিয়োগ

**৭. ১৫% ভ্যাটসহ পণ্য ক্রয় ৬৯,০০০ টাকা হলে ভ্যাটের পরিমাণ কত?**
K ৬,৯০০ টাকা L ৯,০০০ টাকা
M ১০,৩৫০ টাকা N ৬০,০০০ টাকা

**৮. ডেবিট নোট কে তৈরি করে?**
K ক্রেতা L বিক্রেতা
M ব্যাংক N বিনিয়োগকারী

**৯. ধারে ক্রয়ের ফলে কালান্তিক মজুদ পদ্ধতিতে হিসাব সমীকরণের (A = L + OE) কোন উপাদানের পরিবর্তন হবে?**
K A ও OE L A ও L
M L ও OE N A, L ও OE

**১০. প্রকৃত জাবেদায় লিপিবদ্ধ হয় কোনটি?**
K ক্রয় জাবেদা L প্রারম্ভিক জাবেদা
M বিক্রয় জাবেদা N নগদ প্রাপ্তি জাবেদা

**১১. হিসাববিজ্ঞানের উদ্দেশ্য হলো—**
i. মুনাফা নির্ধারণ
ii. ব্যয় নিয়ন্ত্রণ
iii. আর্থিক অবস্থা নির্ণয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১২. হিসাবচক্রের দ্বিতীয় ধাপ কোনটি?**
K জাবেদা L খতিয়ান
M রেওয়ামিল N লেনদেন শনাক্তকরণ

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
২০২২ সালের ১ জানুয়ারি তারিখে মি. রহিম ২৫,০০০ টাকার পণ্য ধারে ক্রয় করে, শর্ত ২/১০, n/৩০।

**১৩. ১০ জানুয়ারি তারিখে পাওনাদারকে পরিশোধ করলে বাট্টার পরিমাণ কত হবে?**
K ২৫০ টাকা L ৫০০ টাকা
M ১,২৫০ টাকা N ২,৫০০ টাকা

**১৪. ১২ জানুয়ারি তারিখে পাওনাদারকে পরিশোধ করলে নিট কত টাকা পরিশোধ করতে হবে?**
K ২২,৫০০ টাকা L ২৪,৫০০ টাকা
M ২৪,৭৫০ টাকা N ২৫,০০০ টাকা

**১৫. সাধারণত ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করে—**
i. আয়
ii. ব্যয়
iii. সম্পদ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
বিক্রীত পণ্যের ব্যয় ৬,০০,০০০ টাকা
পরিচালন ব্যয় ৫৫,০০০ টাকা
মূলধনের সুদ ২০,০০০ টাকা
বিক্রয়ের উপর মুনাফার হার ২০%

**১৬. বিক্রয়মূল্য কত?**
K ২,৫০,০০০ টাকা L ৭,০০,০০০ টাকা
M ৭,২০,০০০ টাকা N ৭,৫০,০০০ টাকা

**১৭. নিট মুনাফার পরিমাণ কত?**
K ৭৫,০০০ টাকা L ১,০৫,০০০ টাকা
M ১,২০,০০০ টাকা N ৫,২৫,০০০ টাকা

**১৮. ৮ ঘরা কার্যপত্রে নিচের কোন শিরোনাম প্রয়োজন নাই?**
K সমন্বয় জাবেদা L সমন্বিত রেওয়ামিল
M আয় বিবরণী N উদ্বর্তপত্র

**১৯. কার্যপত্র—**
i. হিসাবচক্রের ঐচ্ছিক ধাপ
ii. ৮/১০/১২ ঘর বিশিষ্ট হতে পারে
iii. বছরের শুরুতে প্রস্তুত করা হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২০. খতিয়ানের সমাপনী উদ্বৃত্তের তালিকাকে কী বলে?**
K কার্যপত্র L রেওয়ামিল
M সমন্বিত রেওয়ামিল
N সমাপনীত্তোর রেওয়ামিল

**২১. কোনটি মুনাফাজাতীয় আয়?**
K অতিরিক্ত মূলধন L সম্পদ বিক্রয়
M ঋণ গ্রহণ N বিনিয়োগের সুদ

**২২. কোনটি রেওয়ামিলের ডেবিট দিকে দেখানো হয়?**
K অনুপার্জিত আয় L শিক্ষানবিশ ভাতা
M পেনশন ফান্ড N বিনিয়োগ সঞ্চিতি

■ **উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
২০২২ সালের ১ মে তারিখে মি. ফাহিম নগদ ১,০০,০০০ টাকা, আসবাবপত্র ৫০,০০০ টাকা এবং ১০% ব্যাংক ঋণ ২৫,০০০ টাকা নিয়ে কারবার শুরু করেন। উক্ত মাসে তার লেনদেনগুলো নিম্নরূপ :
মে ৫, নগদে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা
১০, পণ্য বিক্রয় ৫০,০০০ টাকা
৩০, বেতন প্রদান ১০,০০০ টাকা

**২৩. মি. ফাহিমের প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত টাকা?**
K ১,০০,০০০ টাকা L ১,৫০,০০০ টাকা
M ১,৭৫,০০০ টাকা N ২,০০,০০০ টাকা

**২৪. মি. ফাহিমের সমাপনী মূলধনের পরিমাণ কত টাকা?**
K ১,২০,০০০ টাকা L ১,৫০,০০০ টাকা
M ১,৬০,০০০ টাকা N ২,৪০,০০০ টাকা

**২৫. ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করেন কে?**
K ব্যাংক কর্তৃপক্ষ L বিনিয়োগকারী
M আমানতকারী N ঋণগ্রহণকারী

**২৬. নগদান বই ও ব্যাংক বিবরণীর ব্যালেন্সের গরমিলের কারণ—**
i. ব্যাংক কর্তৃক সরাসরি আদায়
ii. ব্যাংক কর্তৃক সরাসরি পরিশোধ
iii. ব্যাংকে জমাকৃত চেক প্রত্যাখ্যান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
যমুনা ট্রেডার্সের পাস বহি অনুযায়ী ব্যাংক জমার পরিমাণ ৬০,৮০০ টাকা।
(i) চেক ইস্যু করা হয়েছে কিন্তু উপস্থাপন হয়নি ১৪,৮০০ টাকা (ii) ব্যাংক লভ্যাংশ আদায় করেছে ১৩,২০০ টাকা যা নগদান বইতে হিসাবভুক্ত হয়নি (iii) ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ ৪,০০০ টাকা।

**২৭. যমুনা ট্রেডার্সের নগদান বহি অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত কত হবে?**
K ২৮,৮০০ টাকা L ৩২,৮০০ টাকা
M ৩৬,৮০০ টাকা N ৫৫,২০০ টাকা

**২৮. যমুনা ট্রেডার্সের নগদান বহি অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৫০,০০০ টাকা হলে পাস বহি অনুযায়ী ব্যাংক উদ্বৃত্ত কত?**
K ৫৯,২০০ টাকা L ৬০,৮০০ টাকা
M ৭০,০০০ টাকা N ৭৪,০০০ টাকা

**২৯. অনিশ্চিত হিসাব কোন ধরনের হিসাব?**
K স্থায়ী L সাময়িক M মূলধন N মুনাফা

**৩০. রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয়—**
i. প্রারম্ভিক মনিহারি
ii. প্রারম্ভিক মজুদ পণ্য
iii. প্রারম্ভিক ব্যাংক জমা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | N | ৩ | M | ৪ | L | ৫ | K | ৬ | L | ৭ | L | ৮ | K | ৯ | M | ১০ | L | ১১ | N | ১২ | K | ১৩ | L | ১৪ | N | ১৫ | M |
| ১৬ | N | ১৭ | K | ১৮ | L | ১৯ | K | ২০ | L | ২১ | N | ২২ | L | ২৩ | L | ২৪ | M | ২৫ | M | ২৬ | N | ২৭ | M | ২৮ | N | ২৯ | L | ৩০ | K |

## ২১ ✓ যশোর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

### হিসাববিজ্ঞান প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—২০ মিনিট পূর্ণমান—১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **১৫টি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতকরণের সময় ব্যাংক হিসাবের জের হতে নিম্নের কোনটি বিয়োগ করতে হবে?**
K বকেয়া চেকসমূহ
L ব্যাংক সার্ভিস চার্জ
M ব্যাংক কর্তৃক লভ্যাংশ আদায়
N দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমা

**২. অগ্রিম প্রাপ্ত আয় কারবারের জন্য—**
K আয় L দায় M সম্পদ N ব্যয়

**৩. নিম্নের কোনটি আলগা পাতায় প্রস্তুত করা হয়?**
K জাবেদা L খতিয়ান
M রেওয়ামিল N কার্যপত্র

**৪. জনাব জামান তাঁর প্রতিষ্ঠানে অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই সংরক্ষণ করেন। নির্ধারিত অগ্রদত্ত টাকার পরিমাণ ৬,৫০০ টাকা। ২০২১ সালের জুন মাসে মোট খুচরা খরচের পরিমাণ ৪,২০০ টাকা, জুলাই, ২০২১ মাসের শুরুতে পেটি ক্যাশিয়ার প্রধান ক্যাশিয়ারের নিকট থেকে খুচরা খরচের জন্য কত টাকার চেক পাবে?**
K ২,৩০০ টাকা L ৪,২০০ টাকা
M ৬,৫০০ টাকা N ১০,৭০০ টাকা

**৫. রহমান ব্রাদার্সের নিকট ২/১০, নিট/৩০ শর্তে ৪০,০০০ টাকার পণ্য ক্রয় করা হলো, এতে—**
i. ১০ দিনের মধ্যে মূল্য পরিশোধ করলে ৮০০ টাকা বাট্টা পাওয়া যাবে
ii. ২ দিনের মধ্যে মূল্য পরিশোধ করলে ৪,০০০ টাকা বাট্টা পাওয়া যাবে
iii. ৩০ দিনের মধ্যে অবশ্যই মূল্য পরিশোধ করতে হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
মুনতাসির কোম্পানি ১ জানুয়ারি ২০২০ তারিখে একটি মেশিন ক্রয় করল। মেশিনটির ক্রয়মূল্য ১,০০,০০০ টাকা; আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৫,০০০ টাকা।

**৬. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে বার্ষিক অবচয়ের হার কত হবে?**
K ১০% L ২০% M ৩০% N ৪০%

**৭. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে ২য় বছরের অবচয় কত টাকা?**
K ১০,০০০ L ১৬,০০০
M ১৯,০০০ N ২০,০০০

**৮. ইতালির কোন শহরে সর্বপ্রথম দু'তরফা দাখিলা পদ্ধতির প্রচলন হয়?**
K ভ্যাটিক্যানসিটি L রোম
M ভেনিস N ফ্লোরেন্স

**৯. হিসাববিজ্ঞানের মুখ্য উদ্দেশ্য কী?**
K হিসাব তথ্য সরবরাহ করা
L লেনদেনের সুষ্ঠ লিপিবদ্ধকরণ
M খরচসমূহ লিপিবদ্ধ করা
N লেনদেনের ডেবিট ও ক্রেডিট বর্ণনা করা

**১০. পুঞ্জীভূত অবচয় হিসাব একটি—**
K সম্পদ হিসাব L দায় হিসাব
M বিপরীত দায় হিসাব N বিপরীত সম্পদ হিসাব

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ১,৫০,০০০ টাকা এবং বাজারমূল্য ১,৭০,০০০ টাকা। উক্ত মজুদ পণ্যের ৬,০০০ টাকা মূল্যের পণ্য আগুনে বিনষ্ট হয়েছে; যা বিমা করা ছিল। বিমা কোম্পানি ৫০% ক্ষতিপূরণ দিতে সম্মত হয়েছে। সমাপনী মজুদ পণ্যের মধ্যে ৪,০০০ টাকার অব্যবহৃত মনিহারি দ্রব্যাদি অন্তর্ভুক্ত ছিল।

**১১. আর্থিক অবস্থার বিবরণীতে সমাপনী মজুদ বাবদ কত টাকা দেখাতে হবে?**
K ১,৪০,০০০ L ১,৪৪,০০০
M ১,৪৬,০০০ N ১,৬০,০০০

**১২. চলতি বছরে আগুনে বিনষ্ট ব্যয় বাবদ আয় বিবরণীতে কত টাকা দেখাতে হবে?**
K ৬,০০০ টাকা L ৪,০০০ টাকা
M ৩,০০০ টাকা N ২,০০০ টাকা

**১৩. লেনদেনের কাঠামোগত পরিবর্তন হবে—**
i. পণ্যদ্রব্য ক্রয় করা হলে
ii. জমি ক্রয় করা হলে
iii. বহির্মূল্যে যন্ত্রপাতি বিক্রয় করা হলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৪. জনাব কাসেম ৫০,০০০ টাকার পণ্য বিক্রি করেন। বিক্রয়ের উপর ১৫% হারে ভ্যাট ধার্য করা হলে প্রাপ্য হিসাবের পরিমাণ কত?**
K ৭,৫০০ টাকা L ৪২,৫০০ টাকা
M ৫০,০০০ টাকা N ৫৭,৫০০ টাকা

**১৫. আসবাবপত্র ক্রয়, ক্রয় হিসাবে ডেবিট করা হয় এটা কোন ধরনের ভুল?**
K নীতিগত ভুল L লেখার ভুল
M পরিপূরক ভুল N বাদপড়ার ভুল

**১৬. স্থায়ী সম্পত্তি ৬০,০০০ টাকা, মোট দায় ৫০,০০০ টাকা, মালিকানাস্বত্ব ৯০,০০০ টাকা হলে, চলতি সম্পত্তির পরিমাণ কত?**
K ২০,০০০ টাকা L ৮০,০০০ টাকা
M ১,০০,০০০ টাকা N ২,০০,০০০ টাকা

**১৭. A কোম্পানি B কোম্পানি থেকে ১৫,০০০ টাকার যন্ত্রপাতি নগদে ক্রয় করেছে। A কোম্পানির হিসাব সমীকরণে কী প্রভাব পড়বে?**
K সম্পদ এবং দায় বৃদ্ধি
L সম্পদ এবং দায় হ্রাস
M সম্পদ বৃদ্ধি এবং সম্পদ হ্রাস
N দায় বৃদ্ধি এবং দায় হ্রাস

**১৮. ব্যাংক তার গ্রাহককে সেবা প্রদানের জন্য ৬০০ টাকা ব্যাংক চার্জ ধার্য করেছে; যা গ্রাহক এখনও জানে না। ব্যাংক মিলকরণ বিবরণীতে এ সেবা সম্পর্কীয় হিসাব কীভাবে দেখাবে?**
K ব্যাংক ব্যালেন্স থেকে ৬০০ টাকা বিয়োগ
L নগদ ব্যালেন্সের সাথে ১,২০০ টাকা যোগ
M ব্যাংক ব্যালেন্সের সাথে ৬০০ টাকা যোগ
N নগদ ব্যালেন্স থেকে ৬০০ টাকা বিয়োগ

**১৯. প্রারম্ভিক মজুদ পণ্য + নিট ক্রয়– সমাপনী মজুদ পণ্য=?**
K ক্রয় L সমন্বিত ক্রয়
M বিক্রয় N প্রদেয় হিসাব

**২০. সম্পত্তি দীর্ঘদিন ব্যবহারের ফলে মূল্যহ্রাসকে বলে—**
K অপচয় L মুনাফা
M অবচয় N খরচ

**২১. কোনটি মুনাফাজাতীয় খরচ?**
K মেশিন ক্রয়ের জন্য ব্যয়
L মেশিনের সংস্থাপন মজুরি
M মেশিনের জাহাজ ভাড়া
N মেশিনের বার্ষিক বিমা খরচ

**২২. ব্যাংক সমন্বয় বিবরণী কে প্রস্তুত করেন?**
K আমানতকারী L নিরীক্ষক
M প্রাপ্য হিসাব N ব্যাংক হিসাব

**২৩. সরলরৈখিক পদ্ধতিতে বার্ষিক অবচয় ধার্যে যে বিষয়টি বিবেচনা করা হয় না তা হলো—**
K সম্পত্তির ক্রয়মূল্য
L সম্পত্তির আনুমানিক নিঃশেষিত মূল্য
M সম্পত্তির আনুমানিক কার্যকাল
N সম্পত্তির উপর জমাকৃত অবচয়ের জের

**২৪. ট্রেডমার্ক কোন ধরনের সম্পত্তি?**
K স্থায়ী সম্পদ L চলতি সম্পদ
M অস্পর্শনীয় সম্পদ N অলীক সম্পদ

**২৫. হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী—**
K ব্যবস্থাপনা কর্তৃপক্ষ L সরকার
M বিনিয়োগকারী N কর কর্তৃপক্ষ

**২৬. একটি হিসাবের জের ৯০ টাকা, যা রেওয়ামিলের ভুল পার্শ্বে বসানো হয়েছে। অন্যান্য সবকিছু সঠিক হলে রেওয়ামিলের দুই পার্শ্বের পার্থক্য কত হবে?**
K ৪৫ টাকা L ৯০ টাকা
M ১৩৫ টাকা N ১৮০ টাকা

**২৭. কন্ট্রা বা বিপরীত দাখিলা হবে—**
i. দেনাদার কর্তৃক ব্যাংকে জমাদান
ii. নগদ টাকা ব্যাংকে জমাদান
iii. কারবারের প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৮. কার্যপত্র তৈরি করা হয় সাধারণত—**
K খতিয়ান তৈরির পর
L রেওয়ামিল তৈরির পূর্বে
M আর্থিক বিবরণী তৈরির পূর্বে
N আর্থিক বিবরণী তৈরির পর

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
বিজ্ঞাপন খরচ ৫০,০০০ টাকা এবং বিনামূল্যে পণ্য বিতরণ ১০,০০০ টাকা যা ৫ বছরে অবলোপন করতে হবে।

**২৯. চলতি বছরের বিজ্ঞাপন খরচ কত টাকা?**
K ৬০,০০০ টাকা L ৪০,০০০ টাকা
M ১২,০০০ টাকা N ১০,০০০ টাকা

**৩০. বিলম্বিত বিজ্ঞাপনের সমন্বয় দাখিলা কোনটি?**
K বিজ্ঞাপন হিসাব ১০,০০০
  বিলম্বিত বিজ্ঞাপন হিসাব ১০,০০০
L বিজ্ঞাপন হিসাব ১২,০০০
  বিলম্বিত বিজ্ঞাপন হিসাব ১২,০০০
M বিলম্বিত বিজ্ঞাপন হিসাব ৪০,০০০
  বিজ্ঞাপন হিসাব ৪০,০০০
N বিলম্বিত বিজ্ঞাপন হিসাব ৪৮,০০০
  বিজ্ঞাপন হিসাব ৪৮,০০০

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | L | ৩ | N | ৪ | L | ৫ | L | ৬ | L | ৭ | L | ৮ | M | ৯ | K | ১০ | N | ১১ | K | ১২ | M | ১৩ | M | ১৪ | N | ১৫ | K |
| ১৬ | L | ১৭ | M | ১৮ | N | ১৯ | L | ২০ | M | ২১ | N | ২২ | K | ২৩ | N | ২৪ | * | ২৫ | K | ২৬ | N | ২৭ | M | ২৮ | M | ২৯ | M | ৩০ | N |

## ২২ কুমিল্লা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

### হিসাববিজ্ঞান প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—২০ মিনিট পূর্ণমান—১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **১৫টি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. বাংলাদেশে মূসকের প্রচলন হয় কোন তারিখে?**
K ১ জুলাই, ১৯৯০ L ১ জুলাই, ১৯৯১
M ১ জুলাই, ১৯৯২ N ১ জুলাই, ১৯৯৩

**২. IAS-এর পূর্ণরূপ কোনটি?**
K International Accounting Standard
L International Accounting Standards
M Internationally Accounting Standard
N Internationally Accounting Standards

**৩. নগদ প্রাপ্তি জাবেদায় লিপিবদ্ধ হয়—**
i. নগদে বিক্রয়
ii. সুদ প্রাপ্তি
iii. ঋণ গ্রহণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব ইশরাক ১ জুলাই, ২০২১ সালে নগদ ২,০০,০০০ টাকা, আসবাবপত্র ৩০,০০০ টাকা এবং ৪০,০০০ টাকা ব্যাংক ঋণ নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার লেনদেনগুলো নিম্নরূপ :

| | |
|---|---|
| পণ্য ক্রয় | ৬০,০০০ টাকা |
| ভাড়া প্রদান | ৫,০০০ টাকা |
| ধারে পণ্য বিক্রয় | ৮০,০০০ টাকা |
| আয়কর পরিশোধ | ২৫,০০০ টাকা |

**৪. জনাব ইশরাকের স্বত্বাধিকারের পরিমাণ কত?**
K ২,০০,০০০ টাকা L ২,২০,০০০ টাকা
M ২,৪০,০০০ টাকা N ২,৭০,০০০ টাকা

**৫. ধারে পণ্য বিক্রয়ের জন্য হিসাব সমীকরণ A = L + OE এর কোন উপাদানের পরিবর্তন ঘটবে?**
K A ও L L A ও OE
M L ও OE N A, L ও OE

**৬. ব্যাংক সমন্বয় বিবরণী কে প্রস্তুত করেন?**
K ব্যাংক L আমানতকারী
M প্রাপ্য হিসাব N ব্যাংক ও আমানতকারী

**৭. একটি সম্পদের আয়ুষ্কাল ৮ বছর হলে উক্ত সম্পদের সরলরৈখিক পদ্ধতিতে আয়ের হার কত?**
K ১০% L ১২% M ১২.৫% N ২৫%

**৮. আর্থিক বিবরণী প্রস্তুতের Road Map কোনটিকে বলা হয়?**
K খতিয়ান L রেওয়ামিল
M কার্যপত্র N আর্থিক বিবরণী

**৯. রেওয়ামিলে বিমা প্রিমিয়াম ২,৪০০ টাকা এবং সমন্বয়ে বলা ছিল প্রত্যেক বছর ৩১ মার্চ তারিখে বাৎসরিক ভিত্তিতে প্রদান করা হয়। আয় বিবরণীতে বিমার প্রিমিয়াম কত হবে?**
K ১,৬০০ টাকা L ১,৮০০ টাকা
M ২,৪০০ টাকা N ৩,০০০ টাকা

**১০. সমাপনী জাবেদার পর কোন হিসাবের জের শূন্য হবে?**
K বকেয়া বেতন L অগ্রিম ভাড়া
M সেবা আয় N পুঞ্জীভূত অবচয়

**১১. আর্থিক বিবরণী তথ্য সরবরাহ করে—**
i. আর্থিক ফলাফলের
ii. আর্থিক অবস্থার
iii. নগদ প্রবাহের
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১২. আসবাবপত্রের ক্রয়মূল্য ৩,৫০০ টাকা এবং অবচয়ের হার ১০% (সরলরৈখিক পদ্ধতি) পুঞ্জীভূত অবচয়ের পরিমাণ ২,১০০ টাকা হলে আসবাবপত্রটি কত বছর পূর্বে ক্রয় করা হয়েছিল?**
K ২ বছর L ৪ বছর
M ৫ বছর N ৬ বছর

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
পায়রা ট্রেডার্স ৩১ ডিসেম্বর ২০২১ সালের আর্থিক অবস্থার বিবরণীতে মূলধন ৫,০০,০০০ টাকা, ১২% ঋণ ১,০০,০০০ টাকা, ঋণের বকেয়া সুদ ১২,০০০ টাকা, প্রদেয় হিসাব ৪০,০০০ টাকা, অগ্রিম প্রাপ্ত ভাড়া ৪,০০০ টাকা এবং স্থায়ী সম্পদ ৩,০০,০০০ টাকা উল্লেখ আছে।

**১৩. বছর শেষে চলতি দায়ের পরিমাণ কত?**
K ৫২,০০০ টাকা L ৫৬,০০০ টাকা
M ১,০০,০০০ টাকা N ১,৫৬,০০০ টাকা

**১৪. প্রতিষ্ঠানটির মোট সম্পদের পরিমাণ কত হবে?**
K ৫,০০,০০০ টাকা L ৬,০০,০০০ টাকা
M ৬,৫৬,০০০ টাকা N ১,৫৬,০০০ টাকা

**১৫. আর্থিক বিবরণীকে সর্বজন গ্রাহ্য করার জন্য গৃহীত মান কোনটি?**
K GAAP L GAAS M GAAT N IASC

**১৬. হিসাববিজ্ঞানের প্রবেশ দ্বার কোনটি?**
K জাবেদা L খতিয়ান
M রেওয়ামিল N নগদান বই

**১৭. মৌলিক হিসাব সমীকরণ হিসাববিজ্ঞানের কোন ধারণার উপর প্রতিষ্ঠিত?**
K সত্তা ধারণা L মিলকরণ ধারণা
M হিসাবকাল ধারণা N চলমান ধারণা

**১৮. অবচয়যোগ্য মূল্যকে আয়ুষ্কাল দ্বারা ভাগ করলে কী পাওয়া যায়?**
K অবচয় L ক্ষতি M অপচয় N লাভ

**১৯. হিসাব তথ্যের বাহ্যিক ব্যবহারকারী কারা—**
i. পাওনাদার
ii. ব্যবস্থাপক
iii. সরকার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২০. 'দুটি পক্ষ ব্যতীত লেনদেন হয় না''— লেনদেনের এ বৈশিষ্ট্যকে কী বলে?**
K দাতা-গ্রহীতা L স্বয়ংসম্পূর্ণতা
M পরিপূর্ণতা N দ্বৈতসত্তা

**২১. মি. আবিদের সমাপনী মূলধন ৩০,০০০ টাকা যা প্রারম্ভিক মূলধনের চেয়ে ২০% কম। মূলধনের সুদ ৫% হলে সুদের পরিমাণ কত?**
K ১,২০০ টাকা L ১,৫০০ টাকা
M ১,৮০০ টাকা N ১,৮৭৫ টাকা

**২২. নিচের কোনটি অলীক সম্পত্তি?**
K প্রাথমিক খরচাবলি L পেটেন্ট
M সুনাম N গ্রন্থস্বত্ব

**২৩. ব্যাংক বিবরণী ও নগদান বইয়ের মধ্যে গরমিলের কারণ—**
i. ইস্যুকৃত চেক ব্যাংকে উপস্থাপিত না হলে
ii. ব্যাংকে জমাকৃত চেক আদায় হলে
iii. তৃতীয় পক্ষের চেক সরাসরি ব্যাংকে জমা হলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৪. ব্যাংক কলামের ক্রেডিট জের কী নির্দেশ করে?**
K ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন
L ব্যাংক জমা বাদ পড়া
M ব্যাংক জমা
N ব্যাংক কলামের ডেবিট উদ্বৃত্ত

**২৫. মুনাফাজাতীয় হিসাব বন্ধ করার জন্য যে দাখিলার প্রয়োজন হয় —**
K সংশোধনী জাবেদা L সমন্বয় জাবেদা
M সমাপনী জাবেদা N প্রারম্ভিক জাবেদা

**২৬. কখন সমাপনী মজুদ পণ্য রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয়?**
K ধারে ক্রয় থাকলে L ধারে বিক্রয় থাকলে
M প্রারম্ভিক মজুদ না থাকলে
N সমন্বিত ক্রয় থাকলে

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রাকিব একজন ব্যবসায়ী। তিনি ৫% কারবারি বাট্টার ১০,০০০ টাকার পণ্য ধারে ক্রয় করেন। পরবর্তীতে উক্ত পণ্যের মূল্য ১০% নগদ বাট্টায় পরিশোধ করা হয়।

**২৭. ক্রয় হিসাবে কত টাকা লেখা হবে?**
K ৮,৫০০ টাকা L ৯,০০০ টাকা
M ৯,৫০০ টাকা N ১০,০০০ টাকা

**২৮. মি. রাকিব নগদ কত টাকা পরিশোধ করেন?**
K ৯,৫০০ টাকা L ৯,২৫০ টাকা
M ৯,০০০ টাকা N ৮,৫৫০ টাকা

**২৯. রেওয়ামিলের অন্যতম প্রধান উদ্দেশ্য হচ্ছে—**
i. আর্থিক অবস্থা নির্ণয় করা
ii. চূড়ান্ত হিসাব প্রণয়নে সহায়তা করা
iii. হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. উদ্বর্তপত্র মিলে যায় কেন?**
K দুতরফা দাখিলা পদ্ধতির কারণে
L রেওয়ামিলের যোগফল সমান হওয়ার কারণে
M হিসাব চক্রের ধাপ অনুসরণ করার কারণে
N সকল লেনদেন হিসাবভুক্ত হওয়ার কারণে

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | L | ৩ | N | ৪ | L | ৫ | L | ৬ | L | ৭ | M | ৮ | M | ৯ | M | ১০ | M | ১১ | N | ১২ | N | ১৩ | L | ১৪ | M | ১৫ | K |
| ১৬ | K | ১৭ | K | ১৮ | K | ১৯ | L | ২০ | N | ২১ | N | ২২ | K | ২৩ | L | ২৪ | K | ২৫ | M | ২৬ | N | ২৭ | M | ২৮ | N | ২৯ | M | ৩০ | K |

## ২৩ চট্টগ্রাম বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

### হিসাববিজ্ঞান প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—২০ মিনিট | পূর্ণমান—১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো ১৫টি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. সম্পত্তি, দায় ও মূলধনের মধ্যে সম্পর্ক প্রকাশ করে—**
K ডেবিট এবং ক্রেডিট L দ্বৈতসত্তা
M উদ্বৃত্তপত্র N হিসাব সমীকরণ

**২. হিসাববিজ্ঞানের মূল ভিত্তি কী?**
K চালান L ক্যাশমেমো
M লেনদেন N ভাউচার

**৩. সাপ্লাইজ কোন শ্রেণির হিসাব?**
K দায় L মালিকানাস্বত্ব
M সম্পদ N ব্যয়

**৪. আকিবের নিকট নগদে মাল বিক্রয় ২৫,০০০ টাকা। এ লেনদেনটির জন্য ব্যবহৃত প্রামাণ্য দলিল—**
i. ক্যাশমেমো
ii. ক্রেডিট নোট
iii. ক্রেডিট ভাউচার
**নিচের কোনটি সঠিক?**
K i ও iii L i ও ii M ii ও iii N i, ii ও iii

**৫. মালিকানাস্বত্ব হ্রাসের কারণ হচ্ছে—**
K উত্তোলন ও নগদ কমে যাওয়া
L উত্তোলন ও খরচ বেড়ে যাওয়া
M খরচ ও দায় কমে যাওয়া
N খরচ ও দায় বেড়ে যাওয়া

**৬. ক্রয় জাবেদায় কোন ধরনের লেনদেন লেখা হয়?**
K সম্পদ ক্রয় L চেকে ক্রয়
M নগদে ক্রয় N ধারে ক্রয়

**৭. কোন সম্পর্কটি সঠিক?**
K ক্রয় বাট্টা ও প্রদেয় হিসাব
L ক্রয় বাট্টা ও প্রাপ্য হিসাব
M ক্রয় বাট্টা ও বিক্রয় বাট্টা
N বিক্রয় বাট্টা ও প্রদেয় হিসাব

**৮. প্রাপ্য হিসাব প্রভাবিত হবে এমন লেনদেন—**
i. ধারে বিক্রয়
ii. বিক্রয় ফেরত
iii. প্রাপ্য হিসাব আদায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৯. মাসের শুরুতে পেটি ক্যাশিয়ারের হাতে নগদ ছিল ২০০ টাকা। এ মাসে পেয়েছেন ৮০০ টাকা। তার অগ্রদত্ত টাকার পরিমাণ কত?**
K ১,০০০ টাকা L ৮০০ টাকা
M ৬০০ টাকা N ২০০ টাকা

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব অরন্য একজন ব্যবসায়ী। তিনি জনাব সুমনের নিকট ৪০,০০০ টাকার পণ্য ৫% বাট্টায় বিক্রয় করে নগদ ১০,০০০ টাকা এবং ২০,০০০ টাকার একটি চেক পেলেন। পরবর্তীতে তিনি জনাব সুমনকে ২০০ টাকা বাট্টা প্রদান করে অবশিষ্ট অর্থ নগদে গ্রহণ করেন।

**১০. ধারে বিক্রয়ের পরিমাণ কত?**
K ৮,০০০ টাকা L ১০,০০০ টাকা
M ২৮,০০০ টাকা N ৩০,০০০ টাকা

**১১. বাট্টা প্রদানের ফলে প্রতিষ্ঠানের আর্থিক বিবরণীতে—**
i. ব্যয় বৃদ্ধি ১,২০০ টাকা; সম্পদ হ্রাস ২০০ টাকা
ii. সম্পদ হ্রাস ২০০ টাকা; ব্যয় বৃদ্ধি ২০০ টাকা
iii. নগদ বৃদ্ধি ৭,৮০০ টাকা; মালিকানাস্বত্ব হ্রাস ২০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
K i ও iii L i ও ii M ii ও iii N i, ii ও iii

**১২. পর্যাপ্ত ফান্ডের অভাবে অমর্যাদাকৃত চেককে কী বলে?**
K বাহক চেক L একাউন্ট পেয়ি চেক
M দাগকাটা চেক N এন এস এফ চেক

**১৩. ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ—**
i. পাস বইতে ক্রেডিট করা হয়
ii. পাস বইতে ডেবিট করা হয়
iii. নগদান বইতে ডেবিট করা হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৪. আসিফ ট্রেডার্সের ব্যাংক বিবরণী অনুযায়ী ডেবিট ব্যালেন্স ১০,০০০ টাকা। ব্যাংক বিবরণীর এ ডেবিট ব্যালেন্স আসিফ ট্রেডার্সের জন্য কী?**
K আয় L ব্যয় M সম্পত্তি N দায়

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রোহানের হিসাব বই অনুযায়ী ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ছিল ২৮,০০০ টাকা। অনুসন্ধানে দেখা যায়, ২,৭৫০ টাকার একটি চেক ইস্যু করা হয়েছিল কিন্তু ব্যাংকে উপস্থাপন করা হয়নি। ৭৫০ টাকা লভ্যাংশ ব্যাংক কর্তৃক আদায় হয়েছে কিন্তু নগদানভুক্ত হয়নি।

**১৫. নগদান বই ও ব্যাংক বিবরণীর মধ্যে গরমিলের পরিমাণ কত?**
K ৭৫০ টাকা L ২,০০০ টাকা
M ২,৭৫০ টাকা N ৩,৫০০ টাকা

**১৬. ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত কত?**
K ২৪,৫০০ টাকা L ২৫,২৫০ টাকা
M ২৬,০০০ টাকা N ২৮,৭৫০ টাকা
*[বি.দ্র. : সঠিক উত্তর : ৩১,৫০০ টাকা।]

**১৭. নিচের কোন হিসাব রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে?**
K প্রারম্ভিক মজুদ, সমন্বিত ক্রয় ও শিক্ষানবিশ সেলামি
L মোট মুনাফা, সমাপনী মজুদ পণ্য ও অগ্রিম বিমা
M প্রারম্ভিক, মনিহারি মজুদ, অব্যবহৃত মনিহারি ও প্রদেয় মজুরি
N প্রারম্ভিক মজুদ, বিক্রীত পণ্যের ব্যয় ও উত্তোলন

**১৮. দুতরফা দাখিলা পদ্ধতির উদ্ভব কোন দেশে?**
K ইটালি L গ্রিস M ইংল্যান্ড N ফ্রান্স

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রাহাত একজন আসবাবপত্র ব্যবসায়ী। তিনি ৩,০০,০০০ টাকার আসবাবপত্র ১০% বাট্টায় 'স্টার ফার্নিচার' এর নিকট হতে ক্রয় করে ভুলবশত আসবাবপত্র হিসাব ডেবিট করেন। তিনি ৩,০০০ টাকা মূল্যের একটি টেবিল ব্যবসায় ব্যবহারের জন্য গ্রহণ করেন এবং ক্রয়কৃত পণ্যের অর্ধাংশ ১,৫০,০০০ টাকায় বিক্রয় করেন যার পরিবহন ব্যয় ৬০০ টাকা নির্বাহ করা হয়।

**১৯. জনাব রাহাতের হিসাব সংরক্ষণে কোন ধরনের ভুল সংঘটিত হয়েছে?**
K করণিক ভুল L নীতিগত ভুল
M পরিপূরক ভুল N বাদ পড়ার ভুল

**২০. লেনদেনের জন্য প্রতিষ্ঠানের নিট মুনাফা কত হবে?**
K ১১,৪০০ টাকা L ১২,০০০ টাকা
M ১৪,৪০০ টাকা N ১৫,০০০ টাকা

**২১. কোনটি হিসাব সংরক্ষণের কোনো স্থায়ী রেকর্ড নয়?**
K নগদান বই L খতিয়ান
M আর্থিক বিবরণী N কার্যপত্র

**২২. সমাপনী দাখিলা দ্বারা—**
i. নামিক হিসাব বন্ধ করা হয়
ii. উত্তোলনকে মূলধনে সমন্বয় করা হয়
iii. চলতি সম্পদ হিসাব বন্ধ করা হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৩. বকেয়া খরচ সমন্বয় করা না হলে—**
K মুনাফা বেশি ও খরচ কম দেখানো হবে
L খরচ কম ও মুনাফা কম দেখানো হবে
M মুনাফা কম ও খরচ বেশি দেখানো হবে
N খরচ বেশি ও মুনাফা বেশি দেখানো হবে

**২৪. নিচের কোন হিসাবটি চলতি সম্পদ?**
K পুঞ্জীভূত অবচয় L নগদান হিসাব
M ১০% বিনিয়োগ N কলকব্জা

**২৫. নিচের কোনটি প্লান্ট সম্পত্তি?**
K মজুদ পণ্য L সরঞ্জাম
M প্রাপ্য হিসাব N অগ্রিম ভাড়া

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
পদ্মা কোম্পানির ক্রয়কৃত যন্ত্রপাতির অবচয়যোগ্য মূল্য ১,৮০,০০০ টাকা এবং ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। অবচয়ের হার ১০%। ১ম বছরের বার্ষিক অবচয় ২০,০০০ টাকা।

**২৬. পদ্মা কোম্পানির ক্রয়কৃত যন্ত্রপাতির ক্রয়মূল্য কত?**
K ১,৬০,০০০ টাকা L ১,৮০,০০০ টাকা
M ২,০০,০০০ টাকা N ২,২০,০০০ টাকা

**২৭. পদ্মা কোম্পানি কোন পদ্ধতিতে অবচয় ধার্য করে?**
K সরলরৈখিক পদ্ধতি
L ক্রমহ্রাসমান পদ্ধতি
M উৎপাদন একক পদ্ধতি
N বর্ষসংখ্যার সমষ্টি পদ্ধতি

**২৮. আয় বিবরণীতে নিচের কোনটি দেখানো হয়?**
K অগ্রিম খরচ L প্রদত্ত খরচ
M প্রদেয় খরচ N প্রাপ্য আয়

**২৯. মাহিম ট্রেডার্সের ৩১ ডিসেম্বর তারিখে ঋণের পরিমাণ ৭০,০০০ টাকা; যার ২০,০০০ টাকা পরবর্তী বছরে পরিশোধ করতে হবে। মাহিম ট্রেডার্সের দীর্ঘমেয়াদি দায়ের পরিমাণ কত?**
K ২০,০০০ টাকা L ৫০,০০০ টাকা
M ৭০,০০০ টাকা N ৯০,০০০ টাকা

**৩০. ২০,০০০ টাকা বিজ্ঞাপন খরচের $\frac{৩}{৫}$ অংশ অবলোপন করা হলে বিলম্বিত বিজ্ঞাপন ব্যয় কত হবে?**
K ৪,০০০ টাকা L ৮,০০০ টাকা
M ১২,০০০ টাকা N ১৬,০০০ টাকা

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | M | ৩ | M | ৪ | K | ৫ | L | ৬ | N | ৭ | K | ৮ | N | ৯ | K | ১০ | K | ১১ | M | ১২ | N | ১৩ | L | ১৪ | N | ১৫ | N |
| ১৬ | * | ১৭ | L | ১৮ | K | ১৯ | L | ২০ | M | ২১ | N | ২২ | K | ২৩ | K | ২৪ | L | ২৫ | L | ২৬ | M | ২৭ | L | ২৮ | L | ২৯ | L | ৩০ | L |

## ২৪ সিলেট বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

সময়—২০ মিনিট

### হিসাববিজ্ঞান প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **১৫টি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. প্রাপ্ত ভাড়া ৫,০০০ টাকা ভাড়া হিসাবে ডেবিট করা হলে এটি কোন ধরনের ভুল?**
K লেখার ভুল L নীতিগত ভুল
M বাদ পড়ার ভুল N বেদাখিলার ভুল

**২. দায় পদ্ধতিতে অগ্রিম আয় সমন্বয় করার ফল কী হবে?**
K সম্পদ বৃদ্ধি ও ব্যয় হ্রাস
L সম্পদ হ্রাস ও ব্যয় বৃদ্ধি
M দায় হ্রাস ও আয় বৃদ্ধি
N দায় বৃদ্ধি ও আয় হ্রাস

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
একটি প্রতিষ্ঠানের অফিস সরঞ্জামের অবচয়ের হার ১০%, অফিস সরঞ্জামের পুস্তক মূল্য ৫০,০০০ টাকা এবং অফিস সরঞ্জামের পুঞ্জীভূত অবচয়ের উদ্বৃত্ত ১০,০০০ টাকা।

**৩. অফিস সরঞ্জামের ক্রয়মূল্যের পরিমাণ কত টাকা?**
K ৪০,০০০ টাকা L ৫০,০০০ টাকা
M ৬০,০০০ টাকা N ৬৬,০০০ টাকা

**৪. যদি অফিস সরঞ্জামটি ৪০,০০০ টাকায় বিক্রয় করা হয় তবে কত টাকা লাভ বা ক্ষতি হবে?**
K ১০,০০০ টাকা লাভ হবে
L ১০,০০০ টাকা ক্ষতি হবে
M ২০,০০০ টাকা লাভ হবে
N ২০,০০০ টাকা ক্ষতি হবে

**৫. প্রাপ্য বিনিয়োগের সুদ কোন জাতীয় হিসাব?**
K সম্পদ হিসাব L দায় হিসাব
M আয় হিসাব N ব্যয় হিসাব

**৬. ব্যাংক বিবরণীর ডেবিট উদ্বৃত্ত দ্বারা বোঝায়—**
K ব্যাংক উদ্বৃত্ত L ব্যাংক জমাতিরিক্ত
M নগদ উদ্বৃত্ত N নগদ উত্তোলন

**৭. সদ্য ক্রয়কৃত মেশিনের সংস্থাপন ব্যয় কোন ধরনের ব্যয়?**
K মুনাফাজাতীয়
L বিলম্বিত মুনাফাজাতীয়
M মূলধনজাতীয়
N মূলধন ও মুনাফাজাতীয়

**৮. অতি দ্রুত নগদে রূপান্তরযোগ্য সম্পদকে কী বলে?**
K তরল সম্পদ L অলীক সম্পদ
M স্পর্শনীয় সম্পদ N অস্পর্শনীয় সম্পদ

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
চিত্রা ট্রেডার্সের আর্থিক বছরের বিক্রয়মূল্য ২,০০,০০০ টাকা। সমাপনী মজুদ মূল্য ৩০,০০০ টাকা। প্রতিষ্ঠানের বিক্রীত পণ্যের ব্যয় ১,৪০,০০০ টাকা এবং পরিচালনা ব্যয় বিক্রীত পণ্য ব্যয়ের ৫০%।

**৯. চিত্রা ট্রেডার্সের মোট লাভের পরিমাণ কত হবে?**
K ৩০,০০০ টাকা L ৬০,০০০ টাকা
M ৯০,০০০ টাকা N ১,০০,০০০ টাকা

**১০. প্রতিষ্ঠানের বিশদ আয় বিবরণীর ফলাফলের প্রভাবে—**
i. ১০,০০০ টাকার মূলধন হ্রাস পাবে
ii. উত্তোলন ১০,০০০ টাকা বৃদ্ধি পাবে
iii. ব্যবসায়ের অন্তঃদায় ১০,০০০ টাকা হ্রাস পাবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১১. বিক্রয়মূল্যের মধ্যে অন্তর্ভুক্ত ভ্যাট কোন ধরনের হিসাব?**
K আয় L ব্যয় M দায় N সম্পদ

**১২. সুনামের অবলোপন কোন ধরনের লেনদেন?**
K আন্তঃলেনদেন L বহিঃলেনদেন
M নগদ লেনদেন N দৃশ্যমান লেনদেন

**১৩. নিচের কোনটি অনগদ লেনদেন?**
K প্রাপ্ত কমিশন L প্রাপ্ত সুদ
M প্রাপ্ত ভাড়া N নগদ বাট্টা

**১৪. কোন ধারণার ভিত্তিতে হিসাবচক্রের পুনরাবৃত্তি ঘটে?**
K হিসাবকাল ধারণা
L ঐতিহাসিক মূল্যধারণা
M সামঞ্জস্যতা ধারণা
N চলমান ব্যবসায় ধারণা

**১৫. খতিয়ানের উদ্বৃত্ত দ্বারা রেওয়ামিল প্রস্তুতের কাজকে কী বলে?**
K চিহ্নিতকরণ L শ্রেণিবদ্ধকরণ
M স্থানান্তরকরণ N সংক্ষিপ্তকরণ

**১৬. আমানতকারীকে বিভিন্ন সেবা প্রদানের জন্য ব্যাংক কর্তন করে—**
i. কমিশন
ii. ব্যাংক চার্জ
iii. মঞ্জুরিকৃত সুদ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
যদি ১ জানুয়ারি তারিখে ব্যাংক উদ্বৃত্ত ৩০,০০০ টাকা হয়, ১০ জানুয়ারি ১০,০০০ টাকার চেক পেয়ে ব্যাংকে জমা দেয়া হয় পক্ষান্তরে ১৫ জানুয়ারি তারিখে উক্ত চেকটি ব্যাংক হতে প্রত্যাখ্যাত হয়।

**১৭. ১৫ জানুয়ারি তারিখে প্রতিষ্ঠানের ব্যাংক উদ্বৃত্ত ছিল কত টাকা?**
K ১০,০০০ টাকা L ২০,০০০ টাকা
M ৩০,০০০ টাকা N ৪০,০০০ টাকা

**১৮. চেকটি প্রত্যাখ্যানের কারণে—**
i. প্রাপ্য হিসাব ডেবিট হবে
ii. প্রদেয় হিসাব ক্রেডিট হবে
iii. ব্যাংক হিসাব ক্রেডিট হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯. ১৫% ভ্যাটসহ মনিহারি ক্রয় ২,৩০০ টাকা এক্ষেত্রে মনিহারি হিসাবে কত টাকা ডেবিট হবে?**
K ১,৯৫৫ টাকা L ২,০০০ টাকা
M ২,৩০০ টাকা N ২,৬৪৫ টাকা

**২০. যদি প্রারম্ভিক মজুদ ৪০,০০০ টাকা ও সমাপনী মজুদ ৬০,০০০ টাকা এবং বিক্রীত পণ্য ব্যয়ের পরিমাণ ২,০০,০০০ টাকা হয় তবে পণ্যের ক্রয়মূল্য হবে কত টাকা?**
K ১,৮০,০০০ টাকা L ২,২০,০০০ টাকা
M ২,৪০,০০০ টাকা N ২,৬০,০০০ টাকা

**২১. লেনদেনের কাঠামোগত পরিবর্তন হয়—**
i. অগ্রিম বিমা খরচ হলে
ii. যন্ত্রপাতি নগদে ক্রয় হলে
iii. আসবাবপত্র নগদে বিক্রয় হলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২২. সমাপনী জাবেদা প্রস্তুতের কারণে নিচের কোন হিসাবের উদ্বৃত্ত শূন্য হবে?**
K সেবা আয় L অনুপার্জিত আয়
M বিলম্বিত বিজ্ঞাপন N অগ্রিম বেতন

**২৩. 'পুঞ্জীভূত অবচয়' কোন ধরনের হিসাব?**
K বিপরীত সম্পত্তি L দায়
M বিপরীত দায় N মালিকানাস্বত্ব

**২৪. প্রভা লি. এর অগ্রদত্ত অর্থের পরিমাণ ৫,০০০ টাকা। জুন মাসের শেষে হাতে অগ্রদত্ত নগদ উদ্বৃত্ত ১,৫০০ টাকা হলে জুন মাসের খুচরা খরচের পরিমাণ কত টাকা?**
K ১,৫০০ L ৩,৫০০ M ৫,০০০ N ৬,৫০০

■ **উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
অর্পা ৯৫০ টাকার সাপ্লাইজ ক্রয় করে সাপ্লাইজ হিসাবে ৯০০ টাকা লিখেন। তাই সাপ্লাইজ হিসাবে ৫০ টাকা কম দেখানো হয়।

**২৫. উপর্যুক্ত কারণে সংশোধনী জাবেদা নিচের কোনটি?**
K সাপ্লাইজ হিসাব ডেবিট ৫০ টাকা
অনিশ্চিত হিসাব ক্রেডিট ৫০ টাকা
L সাপ্লাইজ হিসাব ডেবিট ৫০ টাকা
নগদান হিসাব ক্রেডিট ৫০ টাকা
M সাপ্লাইজ হিসাব ডেবিট ৯০০ টাকা
অনিশ্চিত হিসাব ক্রেডিট ৯০০ টাকা
N সাপ্লাইজ হিসাব ডেবিট ৯৫০ টাকা
অনিশ্চিত হিসাব ক্রেডিট ৯৫০ টাকা

**২৬. ভুলের কারণে—**
i. রেওয়ামিলে ডেবিট যোগফল ৫০ টাকা কম হবে
ii. রেওয়ামিলে ক্রেডিট যোগফল ৫০ টাকা বেশি
iii. রেওয়ামিলে ডেবিট ৫০ অনিশ্চিত হিসাব দিয়ে মিলবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৭. পুস্তকমূল্য বা বইমূল্য বলতে কী বোঝায়?**
K ক্রয়মূল্য-আনুষঙ্গিক ব্যয়
L ক্রয়মূল্য-অবচয় ব্যয়
M ক্রয়মূল্য-পুঞ্জীভূত অবচয়
N ক্রয়মূল্য-ভগ্নাবশেষ মূল্য

**২৮. আন্তঃফেরত কোন ধরনের হিসাব?**
K দায় হিসাব L সম্পদ হিসাব
M আয় হিসাব N বিপরীত আয় হিসাব

**২৯. প্রাপ্য হিসাবের টাকা দ্রুত আদায়ের জন্য বাট্টা ধার্য হয় তাকে কোন বাট্টা বলে?**
K প্রদত্ত বাট্টা L প্রাপ্ত বাট্টা
M ক্রয় বাট্টা N বিক্রয় বাট্টা

**৩০. বকেয়া বেতন পরিশোধের কারণে হিসাব সমীকরণের প্রভাব নিচের কোনটি?**
K A ও L বৃদ্ধি L A ও L হ্রাস
M L বৃদ্ধি OE হ্রাস N L হ্রাস OE বৃদ্ধি

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | M | ৩ | M | ৪ | L | ৫ | K | ৬ | L | ৭ | M | ৮ | K | ৯ | L | ১০ | L | ১১ | M | ১২ | K | ১৩ | N | ১৪ | N | ১৫ | N |
| ১৬ | K | ১৭ | M | ১৮ | L | ১৯ | M | ২০ | L | ২১ | N | ২২ | K | ২৩ | K | ২৪ | L | ২৫ | K | ২৬ | N | ২৭ | M | ২৮ | N | ২৯ | K | ৩০ | L |

## ২৫ বরিশাল বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 3

### হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

সময়—২০ মিনিট পূর্ণমান—১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **১৫টি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী কে?**
K পাওনাদার L কর কর্তৃপক্ষ
M ব্যবস্থাপক N ব্যাংক

**২. 'আগুনে বিনষ্ট পণ্য' হিসাব সমীকরণে এর প্রভাব কী?**
K A হ্রাস L OE বৃদ্ধি এবং হ্রাস
M A এবং OE হ্রাস N L হ্রাস

**৩. কোনটি ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করে?**
K সাধারণ সঞ্চিতি L দেনাদার বাট্টা সঞ্চিতি
M অনাদায়ি পাওনা
N অনাদায়ি পাওনা সঞ্চিতি

**৪. কোনটি ব্যক্তিগত হিসাবের ক্রেডিট জের প্রকাশ করে?**
K সম্পদ L দায় M আয় N খরচ

**৫. জাবেদা এর বিকল্প নাম—**
i. সহকারী বই
ii. পাকা বই
iii. প্রাথমিক বই
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৬. দুতরফা দাখিলা পদ্ধতির মূলনীতি হলো—**
i. দাতা ও গ্রহীতা দুটি পক্ষ থাকে
ii. গ্রহীতার হিসাব ডেবিট এবং দাতার হিসাব ক্রেডিট
iii. ডেবিট অঙ্ক সর্বদা ক্রেডিট অঙ্কের সমান হয়
খ. উপরের ভুলগুলোর সংশোধন জাবেদা দাখিলা দাও এবং অনিশ্চিত হিসাব প্রস্তুত কর। ৪

গ. সংশোধন পরবর্তী রেওয়ামিল প্রস্তুত কর। ৪

৯ ▶ বিকাশ ফ্যাশন সেন্টারের ডিসেম্বর ৩১, ২০১৩ তারিখে সমাপ্ত বছরের রেওয়ামিল ছিল নিম্নরূপ :

**বিকাশ ফ্যাশনের**
**রেওয়ামিল**
২০১৩ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ | ৮০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৬০,০০০ | |
| মজুদ পণ্য | ৪০,০০০ | |
| যন্ত্রপাতি | ১,৬০,০০০ | |
| পুঞ্জীভূত অবচয়-যন্ত্রপাতি | | ৩২,০০০ |
| প্রদেয় নোট | | ৮০,০০০ |
| প্রদেয় হিসাব | | ২০,০০০ |
| বিকাশ-মূলধন | | ১,১৮,০০০ |
| বিকাশ-উত্তোলন | ২৫,০০০ | |
| বিক্রয় | | ৭,০০,০০০ |
| বিক্রীত পণ্যের ব্যয় | ৫,০০,০০০ | |
| বেতন খরচ | ৮৫,০০০ | |
| | ৯,৫০,০০০ | ৯,৫০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) মজুদ পণ্যের প্রকৃত পরিমাণ ৩৫,০০০ টাকা; (২) প্রাপ্য হিসাবের ওপর ১০% হারে অনাদায়ি পাওনা সঞ্চিতি রাখতে হবে; (৩) প্রদেয় নোটের ওপর ১২% হারে ৬ মাসের সুদ অপরিশোধিত রয়েছে; (৪) যন্ত্রপাতির বার্ষিক অবচয় ১৬,০০০ টাকা।

ক. ১ ও ২ নং সমন্বয়ের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ২

খ. উপর্যুক্ত তথ্যের আলোকে কার্যপত্রের বিশদ আয় বিবরণীর ধাপ পর্যন্ত প্রস্তুত কর। ৪

গ. উপর্যুক্ত তথ্যের আলোকে প্রয়োজনীয় সমাপনী দাখিলা দাও। ৪

১০ ▶ ২০১৬ সালের ১ জানুয়ারি আভি লিমিটেড ৫,৬০,০০০ টাকায় একটি যন্ত্র ক্রয় করে। উক্ত যন্ত্রটির সংস্থাপন ব্যয় বাবদ ৪০,০০০ টাকা নির্বাহ করা হয়। যন্ত্রটির আনুমানিক আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৪০,০০০ টাকা। ২০১৮ সালের ১ অক্টোবরে যন্ত্রটি ৩,২০,০০০ টাকায় বিক্রয় করা হয়। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব সমাপ্ত করা হয়। সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়।

ক. যন্ত্র বিক্রয়জনিত লাভ-ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০১৭ ও ২০১৮ সালের জাবেদা দাখিলা দাও। ৪

গ. ২০১৬ থেকে ২০১৮ সালের অবচয় হিসাব এবং পুঞ্জীভূত অবচয় তৈরি কর। ৪

১১ ▶ ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে বন্ধু ভাণ্ডার ৮৬,০০০ টাকায় একটি ওজন মেশিন ক্রয় করে। যার পরিবহন ব্যয় ৩,০০০ টাকা ও ১,০০০ টাকা সংস্থাপন ব্যয় প্রদান করে। মেশিনটির আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৯,০০০ টাকা। একটি আধুনিক ওজন মেশিন ক্রয়ের উদ্দেশ্যে ২০২০ সালের ১ জুলাই তারিখে ২০১৮ সালের ক্রয়কৃত মেশিনটি ৬৮,০০০ টাকায় বিক্রয় করা হয়। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বন্ধ করা হয়। সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়।

ক. পুরাতন মেশিন বিক্রয়ের লাভ বা ক্ষতি নির্ণয় কর। ২

খ. ২০২০ সালের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. ২০১৮ সাল হতে ২০২০ সাল পর্যন্ত উপর্যুক্ত তথ্যের আলোকে মেশিন হিসাব প্রস্তুত কর। ৪

## ৪০ সিলেট ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট

বিষয় কোড : 2 5 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **হিসাববিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। আর্থিক বিবরণী হতে **দুইটি** বাধ্যতামূলকসহ মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▶ প্রীতি ট্রেডার্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্য নিচে দেওয়া হলো :

**প্রীতি ট্রেডার্সের**
**রেওয়ামিল**
২০২১ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| হাতে নগদ | ৩,০০০ | |
| মূলধন | | ৬০,০০০ |
| বিনিয়োগ | ৫০,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২৭,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ১,৩৬,০০০ | ১,৯৫,০০০ |
| বিক্রয় বাট্টা ও ক্রয় বাট্টা | ৭,০০০ | ৫,০০০ |
| মজুরি ও বেতন | ১৩,০০০ | |
| ভাড়া (১০ মাসের) | ২৮,০০০ | |
| কমিশন | ৫,০০০ | ৬,০০০ |
| বিমা সেলামি (৩১-০৩-২০২১ পর্যন্ত ১ বছরের জন্য) | ৬,০০০ | |
| দেনাদার ও পাওনাদার | ২২,০০০ | ৪২,০০০ |
| শিক্ষানবিশ সেলামি | | ৬,০০০ |
| শিক্ষানবিশ ভাতা | ৫,০০০ | |
| বিজ্ঞাপন | ১০,০০০ | |
| জলযান ভাড়া | ২,০০০ | |
| | ৩,১৪,০০০ | ৩,১৪,০০০ |

**অন্যান্য তথ্য :** (i) সমাপনী মজুদ পণ্য ৫৪,০০০ টাকা; (ii) ধারে পণ্য ক্রয় ১২,০০০ টাকা ও ধারে পণ্য বিক্রয় ১৫,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি; (iii) প্রচারের জন্য বিনামূল্যে পণ্য বিতরণ ৫,০০০ টাকা; (iv) মালিক কর্তৃক বিক্রয়মূল্যে পণ্য উত্তোলন ৩,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি; (v) ক্রয় ফেরত ৩,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।

ক. প্রীতি ট্রেডার্সের নিট বিক্রয়মূল্য নির্ণয় কর। ২

খ. মোট মুনাফা ৮৩,০০০ টাকা ধরে নিট মুনাফা নির্ণয় কর। ৪

গ. উপর্যুক্ত তথ্যের আলোকে প্রীতি ট্রেডার্সের মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▶ প্রাপ্তি ট্রেডার্স-এর রেওয়ামিল ও অন্যান্য তথ্য নিম্নরূপ :

**প্রাপ্তি ট্রেডার্স**
**রেওয়ামিল**
২০২১ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| হাতে নগদ | ৩২,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১৬,০০০ | |
| সাপ্লাইজ | ২২,০০০ | |
| অগ্রিম বিমা | ২০,০০০ | |
| আসবাবপত্র | ৮০,০০০ | |
| বেতন খরচ | ১২,০০০ | |
| ভাড়া খরচ | ১০,০০০ | |
| মূলধন | | ৮০,০০০ |
| সেবা আয় | | ৬৮,০০০ |
| পুঞ্জীভূত অবচয় - আসবাবপত্র | | ১৬,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | | ১২,০০০ |
| প্রদেয় হিসাব | | ১৬,০০০ |
| | ১,৯২,০০০ | ১,৯২,০০০ |

**সমন্বয়সমূহ :** (i) ২,০০০ টাকার সাপ্লাইজ অব্যবহৃত রয়েছে, যা হিসাবভুক্ত হয়নি; (ii) চলতি বছরে ভ্রমণ খরচ বাবদ ৮,০০০ টাকা ব্যয় করা হয়েছে, যা হিসাবভুক্ত হয়নি; (iii) ৬,০০০ টাকার সেবা ধারে প্রদান করা হয়েছে, যা হিসাবভুক্ত হয়নি; (iv) আসবাবপত্রের আনুমানিক আয়ুষ্কাল ৫ বছর।

ক. চলতি বছরের সাপ্লাইজ খরচের পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রাপ্তি ট্রেডার্সের নিট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪

গ. প্রতিষ্ঠানের চলতি দায় ও স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▶ জনাব করিম ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ১,০০,০০০ টাকা ও ৮০,০০০ টাকার ব্যাংক ঋণ নিয়ে একটি ব্যবসায় আরম্ভ করেন। তার ব্যবসায়ের অন্যান্য লেনদেন ছিল নিম্নরূপ :

জানু. ২ ২% বাট্টায় পণ্য ক্রয় করা হলো ১০,০০০ টাকা।
" ৪ জীবন বিমা প্রিমিয়াম প্রদান করা হলো ৫,০০০ টাকা।
" ৮ অনাদায়ি পাওনা ধার্য করা হলো ৫০০ টাকা।
" ১০ অফিস কর্মীকে বেতন প্রদান করা হলো ১০,০০০ টাকা।
" ১২ অফিসের জন্য একটি কম্পিউটার ক্রয় করা হলো ৪০,০০০ টাকা।
" ২০ নিজ প্রয়োজনে পণ্য উত্তোলন ৫,০০০ টাকা।
" ২৫ ব্যবসায়ের উদ্দেশ্যে একটি ডেলিভারি ভ্যান ক্রয় করা হলো ১,০০,০০০ টাকা।

ক. জনাব করিমের উত্তোলনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২, ৪, ১২ ও ২৫ তারিখের লেনদেনগুলো দ্বারা জাবেদা প্রস্তুত কর। ৪

গ. উল্লিখিত লেনদেনগুলো হিসাব সমীকরণে কী প্রভাববিস্তার করে সেটা টেবুলার ফর্মে দেখাও। ৪

৪ ▶ ২০২১ সালে মে মাসে জনাব সাকিবের ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপ :

মে ১ তিনি নগদ ৫০,০০০ টাকা ও ৮০,০০০ টাকার ব্যাংক জমা নিয়ে ব্যবসায় আরম্ভ করেন।
" ৬ চেকে পণ্য ক্রয় ২,০০০ টাকা।
" ৮ ২% বাট্টায় নগদে পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা।
" ১০ বেতন প্রদান ৮,০০০ টাকা।
" ১২ আশরাফুলের নিকট পাওনা ৪০,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৩৯,২০০ টাকা পাওয়া গেল।
" ১৫ ব্যাংকে জমা দেওয়া হলো ১০,০০০ টাকা।
" ২০ আসবাবপত্র ক্রয় ২০,০০০ টাকা।
" ২৫ সুদ পাওয়া গেল ২,০০০ টাকা।
" ২৮ আলমের ২০,০০০ টাকা দেনার পূর্ণনিষ্পত্তিতে ১৯,৮০০ টাকা প্রদান করা হলো।

ক. মোট নগদ বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা একটি নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

৫ ▶ জনাব মাশরাফি বিন মর্তুজার ব্যবসায়ে ২০২১ সালের জুন মাসে নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয়েছিল :

২০২১

জুন ১ নগদ তহবিল ৭০,০০০ টাকা ও ব্যাংক জমার ডেবিট উদ্বৃত্ত ৮০,০০০ টাকা।
" ২ চেকের মাধ্যমে ভাড়া পরিশোধ ৫০০ টাকা।
" ৫ জাহিদকে চেক দ্বারা বেতন পরিশোধ ১,০০০ টাকা।
" ৮ ব্যাংকে জমা দেওয়া হলো ৫,০০০ টাকা।
" ১০ ব্যাংক দ্বারা প্রদেয় বিলের অর্থ পরিশোধ ৩,০০০ টাকা।
" ১১ ব্যাংক কর্তৃক প্রাপ্য বিল আদায় ২০,০০০ টাকা।
" ১২ অফিসের জন্য ব্যাংক হতে উত্তোলন ৬,০০০ টাকা।
" ১৫ ব্যাংক চার্জ ১০০ টাকা।
" ২৫ ৩% বাট্টা বাদ দেওয়ার পর মিনার নিকট হতে পাওয়া গেল ৫,০০০ টাকা।
" ৩০ নগদ উদ্বৃত্তের ৫০০ টাকা হাতে রেখে বাকি টাকা ব্যাংকে জমা দেওয়া হলো।

ক. ২৫ তারিখের লেনদেন দ্বারা বাট্টা নির্ণয় কর। ২
খ. ২, ৫, ৮ ও ১০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দেখাও। ৪
গ. ৫ ও ২৫ তারিখের লেনদেন বাদে অন্যান্য লেনদেন দ্বারা একটি দুইঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

৬ ▶ আলম ব্রাদার্সের ব্যাংকসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

i) নগদান বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত (৩১-১২-২১) ২০,০০০ টাকা।
ii) জমাকৃত চেক কিন্তু ব্যাংক বিবরণীতে ক্রেডিট করা হয়নি ৩,০০০ টাকা।
iii) ইস্যুকৃত চেক যা ব্যাংকে উপস্থাপন করা হয়নি ২,০০০ টাকা।
iv) ব্যাংক কর্তৃক মঞ্জুরকৃত সুদ ৫০ টাকা।
v) ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ ৪০ টাকা।
vi) ব্যাংকে জমাকৃত চেক অমর্যাদাকৃত হয়ে ফেরত এসেছে ২,০০০ টাকা।
vii) দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমা ৫,০০০ টাকা, যা নগদান বইতে লেখা হয়নি।
viii) আদায়ের জন্য ব্যাংকে জমাকৃত চেক, যা আদায় হয়নি ৩,০০০ টাকা।
ix) ব্যাংক প্রদেয় বিলের অর্থ পরিশোধ করেছে, যা নগদান বইতে লেখা হয়নি ৫০০ টাকা।

ক. ব্যাংক যত টাকার ডেবিট মেমোরেন্ডাম ইস্যু করেছে তার পরিমাণ নির্ণয় কর। ২
খ. ১, ২, ৩, ৪ ও ৫ নং লেনদেন দ্বারা একটি ব্যাংক জমার সমন্বয় বিবরণী তৈরি কর। ৪
গ. ৪, ৫, ৬ ও ৭ নং লেনদেন দ্বারা জাবেদা প্রস্তুত কর। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪

৭ ▶ মিতা ট্রেডার্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| অফিস খরচ | ৭,০০০ | প্যাকিং খরচ | ১,০০০ |
| বিবিধ খরচ | ৫,০০০ | ছাপা ও মনিহারি | ৩,৫০০ |
| বিনিয়োগ | ২০,০০০ | মূলধন | ৯৫,০০০ |
| ভূমি | ৪০,০০০ | ইজারা সম্পত্তি | ৩০,০০০ |
| শেয়ার অধিহার | ১০,০০০ | অফিস সরঞ্জাম | ১০,০০০ |
| বিক্রয় | ৩০,০০০ | উত্তোলন | ৪,৫০০ |
| বিক্রয় ফেরত | ৪,০০০ | ক্রয় | ১০,০০০ |
| জীবন বিমা প্রিমিয়াম | ৫,০০০ | কুঋণ সঞ্চিতি | ৫,০০০ |

ক. উল্লিখিত তথ্যের আলোকে পরোক্ষ খরচগুলোর সমষ্টি নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত তথ্যের আলোকে একটি রেওয়ামিল তৈরি কর। ৪
গ. প্রস্তুতকৃত রেওয়ামিল হতে মূলধনজাতীয় প্রাপ্তি ও স্থায়ী সম্পত্তির পরিমাণ নির্ণয় কর। ৪

৮ ▶ ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে জনাব শামীম নগদ ১,৮০,০০০ টাকা, ১,২০,০০০ টাকার যন্ত্রপাতি ও ব্যাংক হতে ১,০০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় শুরু করেন। তাঁর কারবারের লেনদেনসমূহ নিম্নরূপ :

২০২১

জানু. ৫ ভ্যাটসহ নগদে মাল ক্রয় ৫৭,৫০০ টাকা।
" ১০ জনাব কাজলের নিকট ১০% বাট্টায় ৮০,০০০ টাকার পণ্য বিক্রয় করে নগদে ৪০,০০০ টাকা পাওয়া গেল।
" ১৫ আন্তঃফেরত ৪,০০০ টাকা।
" ২০ কমিশন পাওয়া গেল ১০,০০০ টাকা।
" ২৫ অফিসের জন্য ৯৫,০০০ টাকা মূল্যের যন্ত্রপাতি ক্রয়, পরিবহন খরচ ২,০০০ টাকা এবং সংস্থাপন ব্যয় ৩,০০০ টাকা পরিশোধ।
" ৩০ কাজলের অবশিষ্ট টাকা নগদে প্রাপ্তি।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ১, ১০, ১৫ ও ২০ তারিখের লেনদেনগুলোর কারণসহ ডেবিট-ক্রেডিট নির্ণয় কর। ৪
গ. ৫, ২০, ২৫ ও ৩০ তারিখের লেনদেনগুলোর আধুনিক শ্রেণি নির্ণয় কর। ৪

৯ ▶ শান্তা লিমিটেড ১ জানুয়ারি ২০১৮ সালের ৪,৩৫,০০০ টাকার ১টি যন্ত্রপাতি ক্রয় করেন এবং যন্ত্রপাতিটির বহন খরচ প্রদান করেন ১৫,০০০ টাকা। যন্ত্রপাতিটির আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য হবে ৫০,০০০ টাকা। ক্রমহ্রাসমান জের পদ্ধতি ব্যবহার কর।

ক. অবচয়ের হার ও ১ম বছরের অবচয় নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও (ব্যাখ্যা ব্যতীত)। ৪
গ. অবচয় খরচ হিসাব প্রস্তুত কর ও পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর (২ বছরের জন্য)। ৪

১০ ▶ ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে রহিম লিমিটেড ২,৮০,০০০ টাকার একটি মেশিন ক্রয় করে। মেশিনটির সংস্থাপন ব্যয় ২০,০০০ টাকা। মেশিনের আনুমানিক আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। ২০২০ সালের ১ অক্টোবর তারিখে মেশিনটি ১,৬০,০০০ টাকায় বিক্রয় করা হয়। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাববর্ষ শেষ হয়। সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়।

ক. মেশিন বিক্রয়ের লাভ/ক্ষতি নির্ণয় কর। ২
খ. ২০২০ সালের অবচয়সংক্রান্ত লেনদেনের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪
গ. ২০১৮ সাল হতে ২০২০ সাল পর্যন্ত সময়ের অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

১১ ▶ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্ত নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| নগদ তহবিল (১-১-২১) | ১৮,০০০ | নগদ তহবিল (৩১-১২-২১) | ২৫,০০০ |
| মজুদ পণ্য (১-১-২১) | ২০,০০০ | মজুদ পণ্য (৩১-১২-২১) | ৩০,০০০ |
| প্রাপ্য হিসাব (১-১-২১) | ২৭,০০০ | প্রাপ্য হিসাব (৩১-১২-২১) | ২৩,০০০ |
| মনিহারি (১-১-২১) | ৩,০০০ | মনিহারি (৩১-১২-২১) | ২,০০০ |
| প্রদেয় হিসাব | ১৫,০০০ | বহিঃফেরত | ২,০০০ |
| ক্রয় | ১,০০,০০০ | আন্তঃফেরত | ৩,৫০০ |
| বিক্রয় | ২,৫০,০০০ | বিক্রয় পরিবহন | ২,৫০০ |
| বন্ধকি ঋণ | ৩০,০০০ | প্রাথমিক খরচ | ৫০,০০০ |
| প্রশাসনিক খরচ | ৪০,০০০ | মূলধন | ৮০,০০০ |

ক. যে সমস্ত দফা রেওয়ামিলে আসবে না তা লেখ। ২
খ. রেওয়ামিল তৈরি কর। ৪
গ. মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

## ৪১ অমৃত লাল দে মহাবিদ্যালয়, বরিশাল

বিষয় কোড : 2 5 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

**হিসাববিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন**

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। আর্থিক বিবরণী হতে **দুইটি** বাধ্যতামূলকসহ মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ মেসার্স চন্দ্রদ্বীপ ট্রেডার্সের ২০২১ সালের মার্চ মাসের কয়েকটি লেনদেন নিম্নরূপ :

২০২১

মার্চ ২ সারস ট্রেডার্স, খুলনার কাছে মাল বিক্রয়।
সাদা কাগজ প্রতি রিম ১,৫০০ টাকা করে ১০ রিম
লেজার কাগজ প্রতি রিম ১,০০০ টাকা করে ১৫ রিম
কারবারি বাট্টা ১০%।

" ৫ শতরূপ স্টেশনারি, ঝিনাইদহ থেকে মাল ক্রয় :
প্রতি বক্স ১৫০ টাকা করে ৩০ বক্স শর্ত ২/১০, N/৩০, চালান নং-২০০
প্রতি প্যাকেট ২,০০০ টাকা করে ১০ প্যাকেট ফটোকপি কাগজ ক্রয় শর্ত ২/১০, N/৩০, চালান নং-৩২০

" ১০ মাল ক্রয় ৩,০০০ টাকা ১৫% ভ্যাট প্রদান।

" ১৫ মাল বিক্রয় ১০,০০০ টাকা ১৫% ভ্যাট আদায়।

" ২০ বিনামূল্যে কিছু রঙিন কাগজ ক্রেতাদের মধ্যে বিতরণ ৩০০ টাকা।

" ২৫ মালিক নিজ প্রয়োজনে কারবার থেকে পণ্য উত্তোলন ১,২০০ টাকা।

ক. মার্চ ২ তারিখের দফা দুটির কারবারি বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

খ. মার্চ ৫ তারিখের দফা দুটির নির্ধারিত ছকে ক্রয় জাবেদা তৈরি কর। ৪

গ. মার্চ ১০, ১৫, ২০ ও ২৫ তারিখের লেনদেন কয়টির জাবেদা দাখিলা দাও। ৪

২ ▶ ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে জনাব রিফাত নগদ ১,০০,০০০ টাকা, আসবাবপত্র ৭০,০০০ টাকা এবং ব্যাংক ঋণ ৫০,০০০ টাকা নিয়ে কারবার শুরু করলেন। উক্ত মাসে তার ব্যবসায়ের অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপ :

২০২১

জানু. ৩ ধারে ক্রয় ৫০,০০০ টাকা।

" ৮ নগদ বিক্রয় ৩০,০০০ টাকা।

" ১২ যন্ত্রপাতি ক্রয় ৪০,০০০ টাকা।

" ১৬ ব্যাংকে জমা দেওয়া হলো ২০,০০০ টাকা।

" ১৮ ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন ১০,০০০ টাকা।

" ২১ ভাড়া প্রদান ৮,০০০ টাকা।

" ২৮ বহিঃফেরত ৫,০০০ টাকা।

" ৩১ প্রাপ্য হিসাব হতে পাওয়া গেল ১০,০০০ টাকা।

ক. প্রারম্ভিক মূলধন নির্ণয় কর। ২

খ. ৩, ১২, ১৮ ও ২৮ তারিখের লেনদেনগুলো হিসাব সমীকরণের উপাদানগুলোর প্রভাব দেখাও। ৪

গ. ৮, ১৬, ২১ ও ৩১ তারিখের লেনদেনগুলোর টেবুলার ছকে হিসাব সমীকরণের প্রভাব দেখাও। ৪

৩ ▶ জনাব সাদমানের ২০২১ সালের মার্চ মাসের লেনদেনগুলো নিম্নরূপ :

২০২১

মার্চ ২ ভ্যাটসহ পণ্য ক্রয় ৫০,০০০ টাকা।

" ৮ নগদে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা।

" ১৫ ভ্যাটসহ ক্রয়কৃত পণ্য ফেরত দেওয়া হলো ৪,০০০ টাকা।

" ২০ ব্যাংক থেকে নগদ উত্তোলন ১৫,০০০ টাকা।

" ২৫ চেকের মাধ্যমে ভাড়া পরিশোধ ১০,০০০ টাকা।

" ৩০ দাগকাটা চেকের মাধ্যমে কারবারের জন্য একটি কম্পিউটার ক্রয় ৪৫,০০০ টাকা।

ক. নিট ক্রয়ের ওপর ভ্যাট নির্ণয় কর। ২

খ. ৮, ২০, ২৫ ও ৩০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪

গ. নগদান হিসাব ও ব্যাংক হিসাব প্রস্তুত কর। ৪

৪ ▶ সুমন ট্রেডার্স, ৫৩ নিউ মার্কেট, ঢাকা ১ জুন, ২০১১ মেসার্স আনোয়ার এন্ড কোং, পাবনা-এর নিকট বাকিতে কিছু পণ্য বিক্রি করেন। প্রতি ড্রাম ১০,০০০ টাকা দরে ১০ ড্রাম নারকেল তেল, প্রতি ড্রাম ৮,০০০ টাকা দরে ৫০ ড্রাম সরিষার তেল বিক্রয় করেন এবং ১০% কারবারি বাট্টা মঞ্জুর করেন। ৪ ড্রাম সরিষার তেল মানসম্মত না হওয়ায় ক্রেতা যথানিয়মে ফেরত দেন।

ক. সুমন ট্রেডার্সের কারবারি বাট্টা নির্ণয় কর। ২

খ. সুমন ট্রেডার্সের পক্ষে একটি চালান তৈরি কর। ৪

গ. সুমন ট্রেডার্সের পক্ষে একটি ক্রেডিট নোট তৈরি কর। ৪

৫ ▶ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে জামান ট্রেডার্সের নগদান বইয়ের ডেবিট উদ্বৃত্ত ১,২০,০০০ টাকা। কিন্তু ওই জের পাস বইয়ের উদ্বৃত্তের সাথে মিলেনি। সমস্ত হিসাব যাচাই করে নিম্নের পার্থক্যগুলো পাওয়া গেল :

(১) ২৮,০০০ টাকার পাঁচটি চেক এবং ২২,০০০ টাকার একখানি প্রাপ্ত বিল আদায়ের জন্য ব্যাংকে জমা দেওয়া হলেও ব্যাংক ৩০ ডিসেম্বরের মধ্যে আদায় করতে পারেনি।

(২) ১৮,০০০ টাকার একখানা প্রাপ্য বিল ব্যাংক থেকে বাট্টা করা হয় ১৬,৮০০ টাকায় কিন্তু নগদান বইতে উহা পূর্ণমূল্যে লিপিবদ্ধ করা হয়।

(৩) ব্যাংক কর্তৃক ১৫,০০০ টাকার প্রদেয় বিল পরিশোধিত হয়েছে কিন্তু নগদান বইতে লিপিবদ্ধ হয়নি।

(৪) খরিদ্দার সরাসরি ২০,০০০ টাকা ব্যাংকে জমা দিয়েছে যা নগদান বইতে লিপিবদ্ধ হয়নি।

(৫) ১০,০০০ টাকার একখানা চেক আদায়ের জন্য ব্যাংকে জমা দেওয়া হয়েছিল কিন্তু নগদান বইতে লিপিবদ্ধ হয়নি।

(৬) ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ ১,৫০০ টাকা এবং ধার্যকৃত চার্জ ১,০০০ টাকা যা নগদান বইতে লিপিবদ্ধ হয়নি।

ক. নগদান বইতে লিপিবদ্ধ হয়নি এমন লেনদেনগুলোর মোট টাকার পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপরিউক্ত তথ্য হতে প্রচলিত পদ্ধতিতে একটি ব্যাংক জমার সমন্বয় বিবরণী তৈরি কর। ৪

গ. ৩, ৪, ৫ ও ৬নং দফার আমানতকারীর বইতে জাবেদা দাখিলা দাও। ৪

৬ ▶ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে 'মুন এন্টারপ্রাইজ' এর হিসাব বইতে রেওয়ামিল তৈরির পূর্বে নিম্নলিখিত অশুদ্ধিগুলো ধরা পড়ে।

(১) লিজার নিকট হতে প্রাপ্ত ১০,০০০ টাকা রেজার হিসাবে ক্রেডিট করা হয়েছে।

(২) মালিক কর্তৃক ৬,০০০ টাকার পণ্য উত্তোলন বিক্রয় বইতে লিপিবদ্ধ হয়েছে।

(৩) জনাব জামানের নিকট বাকিতে পণ্য বিক্রয় ১২,০০০ টাকা ভুলবশত বহিঃফেরত বইতে লিপিবদ্ধ করা হয়েছে।

(৪) রূপকের নিকট হতে ধারে ৫,০০০ টাকার পণ্যক্রয় ভুলবশত বিক্রয় বইতে লিপিবদ্ধ করা হয়েছে।

ক. ১ ও ২নং ভুলের শ্রেণি উল্লেখপূর্বক সমষ্টি নির্ণয় কর। ২

খ. উদঘাটিত ভুলের সংশোধনী জাবেদা দাও। ৪

গ. বিক্রয় হিসাবের প্রারম্ভিক উদ্বৃত্ত ৩০,০০০ টাকা বিবেচনা করে বিক্রয় হিসাব তৈরি কর। ৪

৭ ▸ সিমলা এন্টারপ্রাইজের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল

**সিমলা এন্টারপ্রাইজের রেওয়ামিল**

২০২১ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| নগদ তহবিল | | ৩৫,০০০ | |
| ইক্যুইপমেন্টস | | ৪০,০০০ | |
| সেবা আয় | | | ৭০,০০০ |
| মূলধন | | | ৯০,০০০ |
| বেতন | | ২৫,০০০ | |
| উপযোগ খরচ | | ১২,০০০ | |
| সাপ্লাইজ | | ১৮,০০০ | |
| ভাড়া | | ৩০,০০০ | |
| | | ১,৬০,০০০ | ১,৬০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) বেতন বাবদ ৩,০০০ টাকা অগ্রিম পরিশোধ করা হয়েছে; (২) উপযোগ খরচ ৬,০০০ টাকা অপরিশোধিত রয়েছে; (৩) সেবা প্রদান করা হলেও পাওয়া যায়নি ৯,০০০ টাকা; (৪) ইক্যুইপমেন্টসের ওপর অবচয় ধরতে হবে ১০% হারে।

ক. ১নং ও ২নং সমন্বয়ের সমন্বয়ী জাবেদা দাখিলা দেখাও। ২

খ. কার্যপত্র প্রস্তুত করার লক্ষে সমন্বিত রেওয়ামিল তৈরি কর। ৪

গ. মুনাফাজাতীয় ব্যয় খাতগুলোর সমাপনী দাখিলা দেখাও। ৪

৮ ▸ মেসার্স সানরাইজ কোম্পানি ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে ৫,০০,০০০ টাকার একটি মেশিন ক্রয় করে। মেশিনটির পরিবহন ব্যয় ৭০,০০০ টাকা এবং সংস্থাপন ব্যয় ১,০০,০০০ টাকা। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৫০,০০০ টাকা। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বন্ধ করা হয়। এই প্রতিষ্ঠান অবচয় ধার্য করার পদ্ধতি হিসেবে ক্রমহ্রাসমান জের পদ্ধতি গ্রহণ করেছে।

ক. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয়ের হার নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা লিখন দেখাও। ৪

গ. ২০২১ সালের মেশিন হিসাব ও অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

৯ ▸ নিম্নলিখিত লেনদেনগুলো রিয়া এন্ড কোং এর তিনঘরা নগদান বইতে লিপিবদ্ধ কর।

২০২১

জানু. ১ নগদ তহবিল ১২,৫০০ টাকা ও ব্যাংক (ক্রেডিট) ৫,০০০ টাকা।

" ২ আসবাবপত্র ক্রয় ৫,৫০০ টাকা, যার ৫০% নগদে ৫০% চেকে পরিশোধ।

" ৭ পণ্য ক্রয় নগদে ৪,২০০ টাকা ও চেকে ২,৫০০ টাকা।

" ৮ ব্যাংক হতে ব্যক্তিগত বাড়িভাড়া ৫,০০০ টাকা ও ব্যবসায়ের জন্য ৩,০০০ টাকা উত্তোলন।

" ১০ প্রদেয় বিলের ২,৫০০ টাকা ব্যাংক কর্তৃক পরিশোধিত।

" ১৫ পণ্য বিক্রয় ১২,০০০ টাকা যার নগদ প্রাপ্তি ৪,০০০ টাকা ও চেকে ৫,০০০ টাকা। (চেকখানা ঐ দিনই ব্যাংকে জমা দেওয়া হলো)।

" ২০ দেনাদার রাব্বির ৫,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৪,৮০০ টাকার চেক পেয়ে পাওনাদার মামুনকে অনুমোদন করা হলো।

" ২৫ পাওনাদার মামুনকে ৫,০০০ টাকার পাওনা ৪% বাট্টায় ৫০% নগদে ও ৫০% চেকে পরিশোধ করা হলো।

" ২৮ ব্যাংক কর্তৃক ৭,০০০ টাকার বিল আদায়, আদায় খরচ ব্যাংক ৫০ টাকা দাবি করে।

" ৩১ নগদ উদ্বৃত্তের ১,০০০ টাকা হাতে রেখে অবশিষ্ট টাকা ব্যাংকে জমা দেওয়া হলো।

ক. কন্ট্রা এন্ট্রি থাকলে তার জাবেদা দেখাও। ২

খ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে নগদ প্রাপ্তি জাবেদা দেখাও। ৪

গ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

১০ ▸ অর্পা ট্রেডার্স তার খুচরা নগদান বই অগ্রদত্ত পদ্ধতিতে সংরক্ষণ করেন। এই অগ্রদত্ত টাকার পরিমাণ ২,০০০ টাকা। ২০২১ সালের জুন মাসে তার ব্যবসায়ের খুচরা খরচের পরিমাণ ১,৮০০ টাকা। জুলাই মাসের নিম্নোক্ত লেনদেনগুলো দেওয়া হলো–

২০২১

জুলাই ১ প্রধান ক্যাশিয়ারের নিকট হতে অগ্রদত্ত অঙ্কন পূরণের জন্য চেক প্রাপ্তি।

" ৩ কাগজ ও কালি ক্রয় ১০০ টাকা।

" ৫ ডাকটিকিট ক্রয় ৬০ টাকা।

" ৯ পিয়নকে বকশিশ প্রদান ৪০ টাকা।

" ১৫ রিকশা ভাড়া প্রদান ৮০ টাকা।

" ২০ মনিহারি দ্রব্যাদি ক্রয় ১৪০ টাকা।

" ২৫ টেলিগ্রাম ব্যয় ১৬০ টাকা।

" ২৮ বাস ভাড়া ১২০ টাকা।

ক. প্রারম্ভিক খুচরা নগদ তহবিলের পরিমাণ নির্ণয় কর। ২

খ. অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বহি প্রস্তুত কর। ৪

গ. ৩, ৯, ১৫, ২৫ পরিমেয় লেনদেন ক্রয় জাবেদা দাখিলা দেখাও। ৪

১১ ▸ রায়হান ব্রাদার্সের নিম্নলিখিত খতিয়ান উদ্বৃত্তসমূহ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের–

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| সেবা আয় | ৩,৪৮,০০০ | আইনের বই | ২০,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | ৬০,০০০ | আয়কর | ৭০,০০০ |
| মনিহারি ক্রয় | ২০,০০০ | চালানি কারবারে পণ্য প্রেরণ | ৮০,০০০ |
| উত্তোলন হিসাব | ১,০০,০০০ | সমাপনী মনিহারি | ১৬,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৭৫,০০০ | মূলধন | ২,০০,০০০ |
| অফিস সরঞ্জাম | ১,০০,০০০ | আসবাবপত্র | ৬০,০০০ |
| বিক্রয় খতিয়ান জের | ৫০,০০০ | চেম্বার ভাড়া | ৪৮,০০০ |
| অফিসের বিনষ্ট পণ্য | ১৬,০০০ | প্রদেয় হিসাব | ৪০,০০০ |
| বিজ্ঞাপন | ১৬,০০০ | দালানকোঠা | ৭৫,০০০ |
| প্রারম্ভিক মনিহারি | ৮,০০০ | বেতন হিসাব | ৬০,০০০ |

ক. মনিহারি খরচের পরিমাণ নির্ণয় কর। ২

খ. স্থায়ী সম্পদ ও চলতি দায় নির্ণয় কর। ৪

গ. রেওয়ামিল প্রস্তুত কর। ৪

## ৪২ ✓ দিনাজপুর সরকারি কলেজ

বিষয় কোড : 2 5 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **হিসাববিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। আর্থিক বিবরণী হতে **দুইটি** বাধ্যতামূলকসহ মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▶ মুন লাইট সার্ভিস এজেন্সির ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিচে দেওয়া হলো :

**মুন লাইট সার্ভিস এজেন্সির**
**রেওয়ামিল**
২০২০ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| হাতে নগদ | ৩০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৮০,০০০ | |
| অফিস সরঞ্জাম | ১,২০,০০০ | |
| পুঞ্জীভূত অবচয় - অফিস সরঞ্জাম | | ১২,০০০ |
| প্রদেয় হিসাব | | ৩৬,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | | ১২,০০০ |
| মূলধন | | ১,৩০,০০০ |
| উত্তোলন | ১৬,০০০ | |
| সেবা আয় | | ১,৫০,০০০ |
| ১০% বিনিয়োগ (০১-০১-২০২০) | ৪০,০০০ | |
| সাধারণ খরচ | ৩৬,০০০ | |
| অগ্রিম বিমা | ৮,০০০ | |
| সাপ্লাইজ | ১০,০০০ | |
| | ৩,৪০,০০০ | ৩,৪০,০০০ |

**অন্যান্য তথ্য :** (১) অনুপার্জিত সেবা আয়ের ৮,০০০ টাকা উপার্জিত হয়েছে; (২) প্রতি মাসে ৫০০ টাকা করে বিমা খরচ অতিক্রান্ত হয়েছে; (৩) সাপ্লাইজ ৩,০০০ টাকা মজুদ আছে; (৪) অফিস সরঞ্জামের ওপর ১০% অবচয় ধরতে হবে।

ক. চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের আয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখে মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▶ জনতা ট্রেডার্সের ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

**জনতা ট্রেডার্স**
**রেওয়ামিল**
২০২০ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ ও ব্যাংক | ৫০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৩০,০০০ | |
| মজুদ পণ্য (০১-০১-২০২০) | ১৬,০০০ | |
| কলকব্জা | ৮০,০০০ | |
| প্রদেয় হিসাব | | ২৫,০০০ |
| শিক্ষানবিশ সেলামি (৩ বছরের জন্য) | | ৬,০০০ |
| ১০% ঋণ (০১-০৭-২০২০) | | ২০,০০০ |
| মূলধন | | ১,০০,০০০ |
| উত্তোলন | ১০,০০০ | |
| পণ্য বিক্রয় | | ২,৭৫,০০০ |
| পণ্য ক্রয় | ১,৮০,০০০ | |
| ভাড়া (১০ মাসের) | ১০,০০০ | |
| বিজ্ঞাপন | ৩৮,৫০০ | |
| মজুরি | ১১,৫০০ | |
| | ৪,২৬,০০০ | ৪,২৬,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ২১,৫০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে; যার মধ্যে ১,৫০০ টাকার অব্যবহৃত সাপ্লাইজ অন্তর্ভুক্ত আছে; (২) বিজ্ঞাপনের উদ্দেশ্যে ১,৫০০ টাকা মূল্যের পণ্য বিনামূল্যে ভোক্তাদের মধ্যে বিতরণ করা হয়েছে, যা এখনও হিসাবভুক্ত হয়নি। মোট বিজ্ঞাপন খরচের দুই-পঞ্চমাংশ অবলোপন করতে হবে; (৩) মালিক কর্তৃক ৫,০০০ টাকার পণ্য উত্তোলন করা হয়েছে, যা হিসাবভুক্ত হয়নি।

ক. বিলম্বিত বিজ্ঞাপনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের মোট মুনাফা নির্ণয় কর। ৪
গ. নিট মুনাফা ৬৭,০০০ টাকা ধরে ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের দায় ও মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▶ মি. আলতাফ মাহমুদ ২০২০ সালের ১ মে যন্ত্রপাতি ৯০,০০০ টাকা, আসবাবপত্র ৮০,০০০ টাকা, নগদ ৭০,০০০ টাকা এবং ব্যাংক ঋণ ৩৫,০০০ টাকা নিয়ে ব্যবসায়িক কার্যক্রম শুরু করলেন। জনাব মাহমুদের মে মাসের লেনদেনগুলো নিম্নরূপ :

২০২০
মে ২ মাল ক্রয় নগদে ২৫,০০০ টাকা এবং বাকিতে ৪০,০০০ টাকা।
" ৪ মাল বিক্রয় নগদে ৫৫,০০০ টাকা এবং বাকিতে ৯০,০০০ টাকা।
" ৮ বাকিতে আসবাবপত্র ক্রয় ৫৬,০০০ টাকা।
" ১২ সাপ্লাইজ ক্রয় ৭,০০০ টাকা।
" ১৫ কর্মচারীদের বেতন দেওয়া হলো ৪০,০০০ টাকা।
" ২০ পত্রিকায় বিজ্ঞাপন বাবদ নগদ পরিশোধ ১৫,০০০ টাকা।
" ২৫ নিজ প্রয়োজনে কারবার থেকে নগদ উত্তোলন ৮,০০০ টাকা।
" ৩১ প্রদেয় হিসাবের অর্ধ পরিশোধ ২০,০০০ টাকা।

ক. মি. আলতাফ মাহমুদের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২, ৪, ২০ এবং ২৫ তারিখের লেনদেনগুলোর সাথে জড়িত হিসাবসমূহের আধুনিক পদ্ধতিতে শ্রেণিবিভাগ দেখাও। ৪
গ. ১, ৮, ১২ এবং ৩১ তারিখের লেনদেন কয়টি ট্যাবুলার ছকে হিসাব সমীকরণের প্রভাব দেখাও। ৪

৪ ▶ জনাব মাশরাফী নগদ ৩,০০,০০০ টাকা, ৪০,০০০ টাকার আসবাবপত্র এবং ১০,০০০ টাকার পণ্য নিয়ে ১ জানুয়ারি ২০২১ ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার ব্যবসায়ের অন্যান্য লেনদেন নিম্নরূপ :

২০২১
জানু. ৫ পণ্য ক্রয় ১,০০,০০০ টাকা।
" ১০ কম্পিউটার ক্রয় ৪০,০০০ টাকা।
" ১৫ সঞ্চয়পত্র ক্রয় ৫০,০০০ টাকা।
" ২২ শরীফের কাছে বিক্রয় ৩০,০০০ টাকা।
" ২৭ ধারে ক্রয় ৬৪,০০০ টাকা।
" ৩১ ব্যক্তিগত ব্যবহারের জন্য পণ্য উত্তোলন ৪,০০০ টাকা।

ক. জানুয়ারি ১ তারিখের লেনদেনটির হিসাব খাত চিহ্নিত করে ডেবিট-ক্রেডিট নির্ণয় কর। ২
খ. জানুয়ারি ১৫ থেকে ৩১ তারিখ পর্যন্ত লেনদেনগুলোর জাবেদা দাও। ৪
গ. ক্রয় হিসাব ও নগদান হিসাব প্রস্তুত কর। ৪

৫ ▶ সৌরভ এন্ড কোং এর নিম্নলিখিত লেনদেনগুলো ২০২১ সালের ফেব্রুয়ারি মাসে সংঘটিত হয়েছে :

২০২১
ফেব্রু. ১ প্রারম্ভিক নগদ তহবিল ১৫,০০০ টাকা এবং ব্যাংক জমাতিরিক্ত ১,২৫০ টাকা।
" ৫ মি. রকিবের কাছ থেকে তার ৬০০ টাকা দেনার পূর্ণ নিষ্পত্তিতে ৫৭০ টাকার একটি চেক পাওয়া গেছে।
" ১৫ আসলামের কাছে ৫,০০০ টাকার মাল বিক্রয় করা হয়েছে এবং তাকে ১০% হারে বাট্টা প্রদান করা হয়েছে।
" ১৮ মালিকের ব্যক্তিগত প্রয়োজনে ১,০০০ টাকা ব্যাংক থেকে উত্তোলন করা হয়েছে।
" ২৭ আসলামের কাছ থেকে ২% বাট্টা বাদে ৪,৪১০ টাকা পাওয়া গেছে।
" ২৮ করিমকে ৫% বাট্টায় নগদ প্রদান ৯,৫০০ টাকা।

ক. মোট কারবারি বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২
খ. মোট নগদ বাট্টার পরিমাণ নির্ণয় কর। ৪
গ. লেনদেনগুলো দ্বারা একটি তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

৬ ▸ ২০২১ সালের এপ্রিল মাসে মেসার্স সোনালী এন্টারপ্রাইজের ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপ :

২০২১
এপ্রিল ১ মালিক ৫০,০০০ টাকা ব্যবসায়ে অতিরিক্ত বিনিয়োগ করেন।
" ৫ নগদে পণ্য ক্রয় ১০,০০০ টাকা।
" ৬ নগদ বিক্রয় ২০,০০০ টাকা।
" ১২ বিজ্ঞাপন খরচ প্রদান ৫,০০০ টাকা।
" ১৬ সিমলার কাছে পাওনা ১৫,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তি সাপেক্ষে ১৪,৭৫০ টাকা নগদে পাওয়া গেল।
" ১৮ ইমনের কাছে দেনা ১২,৫০০ টাকার পূর্ণ নিষ্পত্তি সাপেক্ষে ১২,৪০০ টাকা নগদে প্রদত্ত হলো।
" ২২ আশরাফের কাছ থেকে অফিস সরঞ্জামাদি ক্রয় ৪০,০০০ টাকা (৫০% নগদে ও ৫০% ধারে)
" ২৬ শিহাবের কাছে ধারে বিক্রয় বাবদ প্রাপ্য ২০,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তি সাপেক্ষে ১৯,৫৫০ টাকা পাওয়া গেল।
" ২৮ সুদ পাওয়া গেল ৩,০০০ টাকা।
" ৩০ সাদমানের কাছে দেনা ১৭,৫০০ টাকার পূর্ণ নিষ্পত্তি সাপেক্ষে ১৭,২৫০ টাকা প্রদত্ত হলো।

ক. নগদ প্রাপ্তি ও প্রদান জাবেদায় লিপিবদ্ধ হবে না এমন লেনদেনের সাধারণ জাবেদা দেখাও। ২
খ. উপরিউক্ত লেনদেনগুলো দ্বারা একটি নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪
গ. উপরিউক্ত লেনদেনগুলো দ্বারা একটি নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

৭ ▸ জনাব তাসনিমের হিসাব বই থেকে ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে নিম্নলিখিত তথ্যসমূহ নেওয়া হয়েছে :

১. নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৫০,০০০ টাকা।
২. ১৫,০০০ টাকার ইস্যুকৃত একটি চেক পরিশোধের জন্য এখনও ব্যাংকে উপস্থাপিত হয়নি।
৩. ২০,০০০ টাকার একটি চেক আদায়ের জন্য ব্যাংকে জমা দেওয়া হয়েছে কিন্তু ব্যাংক কর্তৃক এখনও আদায় হয়নি।
৪. ব্যাংক কর্তৃক লভ্যাংশ আদায় ৫,০০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।
৫. ব্যাংক কর্তৃক প্রদেয় হিসাবের ১০,০০০ টাকা পরিশোধ যা নগদান বইতে লেখা হয়নি।
৬. ব্যাংক কর্তৃক প্রাপ্য হিসাবের ২,৫০০ টাকা সরাসরি আদায় যা নগদান বইতে লেখা হয়নি।
৭. ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ ৫০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।

ক. ব্যাংক বিবরণীতে লেখা হয়নি এরূপ লেনদেনের মোট টাকার পরিমাণ কত? ২
খ. ব্যাংক বিবরণীতে লিপিবদ্ধ হয়েছে এরূপ লেনদেনসমূহের জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. উপরিউক্ত তথ্যাবলি হতে একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

৮ ▸ মিলন ট্রেডার্সের ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে খতিয়ানের উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| মূলধন | ১,০০,০০০ |
| উত্তোলন | ৫,০০০ |
| কলকব্জা | ৮০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২৫,০০০ |
| হাতে নগদ | ১৭,০০০ |
| প্রদেয় হিসাব | ৫,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ২০,০০০ |
| বিক্রয় | ৯০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৮,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৩,০০০ |
| পণ্য ক্রয় | ৬০,০০০ |
| ঋণের সুদ | ২,০০০ |
| বকেয়া ভাড়া | ৩,০০০ |
| শিক্ষানবিশ ভাতা | ২,০০০ |
| প্রদেয় নোট | ৪,০০০ |
| বিক্রয় বাট্টা | ১,০০০ |
| বিক্রয় পরিবহন | ৫,০০০ |

ক. সমন্বিত ক্রয়ের পরিমাণ গণনাসহ নির্ণয় কর। ২
খ. মুনাফাজাতীয় ব্যয় ও চলতি দায়ের পরিমাণ গণনাসহ নির্ণয় কর। ৪
গ. সমন্বিত ক্রয়কে অন্তর্ভুক্ত করে রেওয়ামিল প্রস্তুত কর। ৪

৯ ▸ ২০২১ সালের ৩০ জুন তারিখে জনাব জলিলের খতিয়ান উদ্বৃত্ত থেকে রেওয়ামিল প্রস্তুতের পর নিম্নোক্ত ভুলগুলো ধরা পড়ে :

১. কলকব্জা মেরামত খরচ ৫,০০০ টাকা ভুলবশত মেরামত খরচ ডেবিট না করে কলকব্জা।
২. সোহানার হিসাবে ৫,০০০ টাকা লেখার পরিবর্তে ৫০০ টাকা ডেবিট করা হয়েছে। অপরদিকে রুমেলের হিসাবে ৫,০০০ টাকার পরিবর্তে ৫০০ টাকা ক্রেডিট করা হয়েছে।
৩. কালামের কাছ থেকে ২০,০০০ টাকা নগদ প্রাপ্তি ভুলে সালামের হিসাবকে ক্রেডিট করা হয়েছে।
৪. রতনের কাছে ৫,০০০ টাকার পণ্য বিক্রয় ভুলে ক্রয় হিসাবে ৫০,০০০ টাকায় লিপিবদ্ধ করা হয়।
৫. আপনের কাছে ৫০০ টাকা মাল ধারে বিক্রয়, বিক্রয় বহিতে লেখা হয়নি।

ক. উপর্যুক্ত ভুলসমূহ থেকে পরিপূরক ভুল ও বেদাখিলার ভুল শনাক্ত কর। ২
খ. ২, ৩, ৪, ৫নং লেনদেনের সংশোধনী জাবেদা দেখাও। ৪
গ. ১, ২, ৪ ও ৫নং ভুলগুলোর নামকরণ কর এবং কারণ ব্যাখ্যা কর। ৪

১০ ▸ শফিক ট্রেডার্সের ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্য নিম্নরূপ :

**শফিক ট্রেডার্সের**
**রেওয়ামিল**
২০২০ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| সেবা আয় | | ১,৮০,০০০ |
| মূলধন | | ১,৩০,০০০ |
| উত্তোলন | ৪৫,০০০ | |
| বেতন | ৭০,০০০ | |
| অগ্রিম বিমা | ৪২,০০০ | |
| প্রাপ্য হিসাব | ২,০০,০০০ | |
| প্রদেয় হিসাব | | ২০,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | | ৩০,০০০ |
| সাপ্লাইজ খরচ | ৩,০০০ | |
| | ৩,৬০,০০০ | ৩,৬০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) অব্যবহৃত সাপ্লাইজ ৫০০ টাকা; (২) অগ্রিম বিমার মেয়াদ উত্তীর্ণ হয়েছে ২০,০০০ টাকা; (৩) সেবা আয় অনুপার্জিত হয়েছে ১৫,০০০ টাকা; (৪) দুই মাসের বেতন বকেয়া রয়েছে।

ক. ১ ও ৩নং সমন্বয়ের প্রয়োজনীয় জাবেদা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ২
খ. উপরিউক্ত তথ্যাবলি হতে একটি সমন্বিত রেওয়ামিল প্রস্তুত কর। ৪
গ. উপরিউক্ত তথ্যাবলির সমাপনী দাখিলা দাও। ৪

১১ ▸ স্বপন পাবলিশার্স ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে ৩,৮০,০০০ টাকায় একটি প্রিন্টিং মেশিন ক্রয় করে। কোম্পানি উক্ত মেশিনটির আনয়ন ও সংস্থাপন বাবদ ২০,০০০ টাকা পরিশোধ করে। আশা করা হয় যে, কার্যকর আয়ুষ্কাল ৪ বছর শেষে ৯৬,০৪০ টাকা ভগ্নাবশেষ মূল্য পাওয়া যাবে। কোম্পানির অবচয় নির্ণয়ের জন্য ক্রমহ্রাসমান জের পদ্ধতি ব্যবহার কর। অবচয় হার ৩০%।

ক. মেশিনটির অবচয়যোগ্য মূল্য নির্ণয় কর। ২
খ. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে চার বছরের জন্য অবচয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. কোম্পানির বইতে মেশিনের ব্যয়ের জাবেদা ও ২০১৮, ২০১৯ এবং ২০২০ সালের অবচয় হিসাবভুক্ত করার জন্য বর্ষশেষে সমন্বয় দাখিলা দেখাও। (পুঞ্জীভূত অবচয় হিসাব ব্যবহার কর) ৪

# শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ৪৩ ✓ মাইলস্টোন কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 5 3

সময়– ৩০ মিনিট **হিসাববিজ্ঞান প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. প্রাথমিক খরচ কোন জাতীয় হিসাব?**
K আয় L ব্যয়
M দায় N সম্পদ

**২. ব্যাংক সমন্বয় বিবরণী কে তৈরি করেন?**
K আমানতকারী L বিনিয়োগকারী
M ঋণ গ্রহণকারী N ব্যাংক কর্তৃপক্ষ

**৩. ১৫% ভ্যাটসহ মাল ক্রয় ২৫,০০০ টাকা, ক্রয় ফেরত ২,০০০ টাকা। ভ্যাটের পরিমাণ কত?**
K ৫,০০০ টাকা L ৩,৭৫০ টাকা
M ৩,৪৫০ টাকা N ৩,০০০ টাকা

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
বিডি লিমিটেড এর ব্যবস্থাপক মি. রনির বেতনসংক্রান্ত তথ্যাবলি নিচে দেওয়া হলো:

| বিবরণ | টাকা |
|---|---|
| মূল বেতন | ১০,০০০ |
| অতিরিক্ত সময়ের বেতন | ১,০০০ |
| অগ্রিম বেতন বাবদ কর্তন | ৫০০ |
| আয়কর বাবদ কর্তন | ১০% |

**৪. মোট উপার্জনের পরিমাণ কত?**
K ১০,০০০ টাকা L ১১,০০০ টাকা
M ৯,৫০০ টাকা N ১১,৫০০ টাকা

**৫. মোট কর্তনের পরিমাণ কত?**
K ৫০০ টাকা L ১,০০০ টাকা
M ২,০০০ টাকা N ১,৫০০ টাকা

**৬. প্রাপ্ত কমিশনকে কমিশন হিসেবে ডেবিট করা হলে কোন জাতীয় ভুল হয়?**
K লেখার ভুল L বাদ পড়ার ভুল
M বেদাখিলার ভুল N নীতিগত ভুল

**৭. নিট মুনাফার মাধ্যমে কী বাড়ে?**
K আয় L সম্পদ
M দায় N মালিকানাস্বত্ব

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
জনতা ট্রেডার্স ২০,০০,০০০ টাকা দিয়ে একটি মেশিন ক্রয় করে এবং আমদানি শুল্ক ও ডকচার্জ প্রদান করেন ২,০০,০০০ টাকা এবং সংস্থাপন ব্যয় প্রদান করেন ৫০,০০০ টাকা। আয়ুষ্কাল ৫ বছর শেষে এর ভগ্নাবশেষ মূল্য ধরা হয় ১,৫০,০০০ টাকা।

**৮. মেশিন হিসাবে মেশিনের মূল্য কত টাকা দেখাতে হবে?**
K ১৮,৫০,০০০ L ২০,০০,০০০
M ২১,৫০,০০০ N ২২,৫০,০০০

**৯. সরলরৈখিক পদ্ধতিতে বার্ষিক অবচয়ের হার কত?**
K ১০% L ৫%
M ২০% N ৪০%

**১০. ভাউচার কে অনুমোদন করেন?**
K ক্যাশিয়ার L ব্যবসায়ী
M ব্যবস্থাপক N বিক্রেতা

**১১. মূল মজুরি ৪,৫০০ টাকা, মহার্ঘ ভাতা ২০%, বাড়িভাড়া ভাতা ২৫%। মোট উপার্জন কত?**
K ৪,৫০০ টাকা L ৫,৪০০ টাকা
M ৬,৫২৫ টাকা N ৭,০০০ টাকা

**১২. সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্যের সময় কোন বিষয় বিবেচনা করতে হয়?**
i. সম্পত্তির ক্রয়মূল্য
ii. ভগ্নাবশেষ মূল্য
iii. আয়ুষ্কাল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৩. কোন পদ্ধতিতে মজুদ মালের মজুদ সম্পর্কে যেকোনো সময় জানা যায়?**
K FIFO পদ্ধতি
L LIFO পদ্ধতি
M কালান্তিক মজুদ পদ্ধতি
N অবিরত মজুদ পদ্ধতি

**১৪. বিন কার্ডে কী উল্লেখ থাকে?**
K মালের মূল্য
L বাট্টার পরিমাণ
M বিক্রীত পণ্যের পরিমাণ
N মালের আগমন ও নির্গমনের পরিমাণ

**১৫. নিচের কোনটি একটি প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটায়?**
K কারবারি বাট্টা L ক্রয় বাট্টা
M বিক্রয় বাট্টা N নগদ বাট্টা

**১৬. মোট উপার্জনের প্রধান অংশ কোনটি?**
K বাড়িভাড়া ভাতা L ওভার টাইম
M চিকিৎসা ভাতা N মূল বেতন

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
মি. জামানের পাওনাদারের পরিমাণ ১ জানুয়ারি ৪০,০০০ টাকা।
জানুয়ারি ১০ বাকিতে ক্রয় ২০,০০০ টাকা।
জানুয়ারি ১৫ ক্রয়ফেরত ৩,০০০ টাকা।
জানুয়ারি ২০ পাওনাদারকে পরিশোধ ৫,০০০ টাকা।

**১৭. জানুয়ারি মাস শেষে পাওনাদারের পরিমাণ কত টাকা?**
K ৩৭,০০০ L ৬৮,০০০
M ৫২,০০০ N ৫৮,০০০

**১৮. জানুয়ারি ১৫ তারিখের জন্য নিচের কোনটি সঠিক?**
K নগদান হিসাব ডেবিট
L পাওনাদার হিসাব ডেবিট
M ক্রয় ফেরত হিসাব ডেবিট
N ক্রয় হিসাব ডেবিট

**১৯. হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই করা হয়–**
K জাবেদায় L খতিয়ানে
M রেওয়ামিলে N লেনদেনে

**২০. মেশিনের সংস্থাপন ব্যয় মজুরির অন্তর্ভুক্ত কোন জাতীয় ভুল?**
K বাদ পড়ার ভুল L বেদাখিলার ভুল
M পরিপূরক ভুল N নীতিগতভুল

**২১. আধুনিক হিসাববিজ্ঞানের যাত্রা শুরু কত শতাব্দীতে?**
K পঞ্চদশ L দ্বাদশ
M সপ্তদশ N উনবিংশ

**২২. নগদান বই কত প্রকার?**
K ৪ প্রকার L ২ প্রকার
M ৩ প্রকার N ৫ প্রকার

**২৩. বছরের মাঝামাঝি ১০% বিনিয়োগ ৭৫,০০০ টাকা। সুদের পরিমাণ কত?**
K ৭,৫০০ টাকা L ৫,০০০ টাকা
M ৩,৭৫০ টাকা N ৩,০০০ টাকা

■ **উদ্দীপকটি পড়ে ২৪, ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
মি. হক ২০২০ সালের ১ জানুয়ারি নগদ ১,০০,০০০ টাকা, ব্যাংক ঋণ ৫,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন। এই মাসে আরও লেনদেন হলো–
i. ধারে বিক্রয় ১,২০,০০০
ii. আয়কর প্রদান ২,০০০ টাকা।

**২৪. মালিকানাস্বত্বের পরিমাণ কত?**
K ১,০০,০০০ L ১,০৫,০০০
M ২,২০,০০০ N ২,১৮,০০০

**২৫. ধারে বিক্রয়ের কারণে হিসাব সমীকরণের কোনটি প্রভাবিত হয়েছে?**
K A এবং OE বৃদ্ধি L L এবং A হ্রাস
M A এবং OE হ্রাস N A এবং L বৃদ্ধি

**২৬. আয়কর প্রদানের কারণে হিসাব সমীকরণের কোনটি প্রভাবিত হয়েছে?**
K A এবং OE বৃদ্ধি L A এবং OE হ্রাস
M A এবং L হ্রাস N A এবং L বৃদ্ধি

**২৭. বেতন ২,০০০ টাকা রেওয়ামিলের ক্রেডিট পাশে লিপিবদ্ধ করার কারণে কী পরিমাণ টাকা অনিশ্চিত হিসাব হতে পারে?**
K ২,০০০ L ১,০০০
M ৪,০০০ N ৬,০০০

**২৮. রবি এন্ড কোং ২০,০০০ টাকার পণ্য ধারে ক্রয় করেছে এবং এর উপর ১৫% ভ্যাট ধার্য করা হয়েছে। পাওনাদারের পরিমাণ কত?**
K ১৭,০০০ L ২০,০০০
M ৩,০০০ N ২৩,০০০

**২৯. ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন কোন ধরনের হিসাব?**
K দায় L সম্পদ
M ব্যয় N মালিকানাস্বত্ব

**৩০. ব্যবসায়ের অনগদ লেনদেন কোনটি?**
K মজুরি L বেতন
M কমিশন N অবচয়

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | K | ৩ | N | ৪ | L | ৫ | N | ৬ | M | ৭ | N | ৮ | N | ৯ | M | ১০ | M | ১১ | M | ১২ | N | ১৩ | N | ১৪ | N | ১৫ | N |
| ১৬ | N | ১৭ | M | ১৮ | L | ১৯ | M | ২০ | N | ২১ | K | ২২ | K | ২৩ | M | ২৪ | N | ২৫ | K | ২৬ | L | ২৭ | M | ২৮ | N | ২৯ | K | ৩০ | N |

## ৪৪ মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 5 3

সময়– ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. হিসাববিজ্ঞানের জনক কে?**
K জে আর বাটলিবয় L আর এন কার্টার
M লুকা প্যাসিওলি N হারমেনসন

**২. নিট বিক্রয়- মোট লাভ =?**
K মোট ক্রয় L পরিচালন মুনাফা
M নিট লাভ N বিক্রীত পণ্যের ব্যয়

**৩. যদি প্রারম্ভিক মজুদ পণ্য ৩৫,০০০ টাকা, ক্রয় ৮৫,০০০ টাকা, বিক্রয় ১,৫০,০০০ টাকা এবং মোট লাভের হার ৩০% হয় তবে সমাপনী মজুদ পণ্যের মূল্য কত হবে?**
K ১৫,০০০ টাকা L ৩০,০০০ টাকা
M ৩৫,০০০ টাকা N ১,০৫,০০০ টাকা

**৪. হিসাব সমীকরণের সঠিক বর্ধিত রূপ নিচের কোনটি?**
K সম্পত্তি = দায় – মূলধন + আয় + উত্তোলন – ব্যয়
L সম্পত্তি = দায় + মূলধন + আয় – ব্যয় – উত্তোলন
M সম্পত্তি = দায় + মূলধন –আয় + ব্যয় – উত্তোলন
N সম্পত্তি = দায় – মূলধন – আয় + ব্যয় – উত্তোলন

**৫. আর্থিক বিবরণীর ধাপ–**
i. বিশদ আয় বিবরণী
ii. নগদ প্রবাহ বিবরণী
iii. মালিকানাস্বত্ব বিবরণী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৬. কোনটি উদ্বর্তপত্রে প্রদর্শন হয় না?**
K সাধারণ সঞ্চিতি L বিশেষ সঞ্চিতি
M গোপন সঞ্চিতি N মূলধন সঞ্চিতি

**৭. N.S.F চেক কোনটি?**
K জমাকৃত চেক প্রত্যাখ্যান
L জমাকৃত চেক আদায়
M ইস্যুকৃত চেক প্রত্যাখ্যাত
N ইস্যুকৃত চেক পরিশোধ

**৮. নিচের কোনটি হিসাব তথ্যের বাহ্যিক ব্যবহারকারী?**
K মালিক পক্ষ L ব্যবস্থাপনা কর্তৃপক্ষ
M কর্মচারী N প্রদেয় হিসাব

**৯. কে কোম্পানি কর্তৃক এর প্রদেয় হিসাব রবিনকে একটি ৭৮৫ টাকার চেক প্রদান করা হলো। কিন্তু নগদান বহিতে লিপিবদ্ধ করার সময় ভুলবশত ৬৫৮ টাকা লেখা হলো। ব্যাংক চেকটি সঠিকভাবে লিপিবদ্ধ করেছে। ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতকালে উক্ত ভুলের জন্য কী করতে হবে?**
K নগদান বইয়ের জেরের সাথে ৭৮৫ টাকা যোগ করতে হবে
L নগদান বইয়ের জের হতে ৬৫৮ টাকা বিয়োগ করতে হবে
M পাশ বইয়ের জের হতে ৭৮৫ টাকা বিয়োগ করতে হবে
N নগদান বইয়ের জের হতে ১২৭ টাকা বিয়োগ করতে হবে

**১০. যদি প্রারম্ভিক মজুদ পণ্য ৩০,০০০ টাকা, পণ্য ক্রয় ১,৫০,০০০ টাকা, বিক্রয়মূল্য ২,০০,০০০ টাকা এবং মোট লাভের হার বিক্রয়মূল্যের ৩০% হয় তবে সমাপনী মজুদ পণ্যের মূল্য কত টাকা হবে?**
K ১০,০০০ টাকা L ২০,০০০ টাকা
M ৪০,০০০ টাকা N ৫০,০০০ টাকা

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
৩১ ডিসেম্বর তারিখে জনাব শিমুলের নগদান বই অনুযায়ী ব্যাংক জমা ছিল ৮০,০০০ টাকা। ডিসেম্বর মাসে তিনি ২৫,০০০ টাকা ও ১০,০০০ টাকার দুখানি চেক আদায়ের জন্য ব্যাংকে জমা দেন যা জানুয়ারি মাসের ৪ ও ৯ তারিখে যথাক্রমে আদায় হয়।

**১১. ৩১ ডিসেম্বর তারিখে জনাব শিমুলের পাস বই অনুযায়ী ব্যাংক ব্যালেন্স কত?**
K ১,১৫,০০০ টাকা L ৯০,০০০ টাকা
M ৪৫,০০০ টাকা N ৩৫,০০০ টাকা

**১২. জানুয়ারি মাসের ৪ তারিখে পাস বই, অনুযায়ী ব্যাংক ব্যালেন্স কত?**
K ৪৫,০০০ টাকা L ৫৫,০০০ টাকা
M ৭০,০০০ টাকা N ১,০৫,০০০ টাকা

**১৩. কাল্পা সম্পদ কোনটি?**
K পুঞ্জীভূত অবচয় L দালান
M পেটেন্ট N সুনাম

**১৪. সাধারণত কোন সম্পত্তির অবচয় হয় না?**
K ভূমি L দালানকোঠা
M মোটরগাড়ি N যন্ত্রপাতি

**১৫. অবচয় নির্ধারণে বিবেচ্য বিষয়–**
i. ক্রয়মূল্য ii. বাজারমূল্য
iii. ভগ্নাবশেষ মূল্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৬. সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করার সময় আমরা বিবেচনা করি–**
i. সম্পত্তির ক্রয়মূল্য
ii. সম্পত্তির প্রত্যাশিত আয়ুষ্কাল
iii. সম্পত্তির পুস্তক মূল্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৭. কোনটি অস্পর্শনীয় স্থায়ী সম্পদ?**
K খনিজ সম্পদ L অগ্রিম বিমা
M ভূমি ও দালানকোঠা N ট্রেডমার্ক ও পেটেন্ট

**১৮. একটি যন্ত্রের ক্রয়মূল্য ৩,২০,০০০ টাকা। ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে ২৫% হারে অবচয় ধার্য করা হলে দুই বছর শেষে সম্পত্তির বই মূল্য কত হবে?**
K ১,২০,০০০ টাকা L ১,৬০,০০০ টাকা
M ১,৮০,০০০ টাকা N ২,২৪,০০০ টাকা

**১৯. রেওয়ামিলের ডেবিট দিকে দেখানো হয়–**
K সম্পদ, খরচ, অগ্রিম আয় ও অগ্রিম খরচ
L সম্পদ, খরচ, বকেয়া আয় ও অগ্রিম খরচ
M সম্পদ, খরচ, বকেয়া খরচ ও অগ্রিম আয়
N দায়, আয়, বকেয়া খরচ ও অগ্রিম আয়

**২০. কোনটি রেওয়ামিলের ক্রেডিট দিকে বসে?**
K মজুরি L কর্মচারীর বেতন
M আসবাবপত্র N সাধারণ সঞ্চিতি

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
একটি রেওয়ামিলে ক্রয় ৫৫,০০০ টাকার স্থলে ৫০,০০০ টাকা এবং বিক্রয় ৪৫,০০০ টাকার স্থলে ৪০,০০০ টাকা লেখা হওয়ায় ভুল থাকা সত্ত্বেও রেওয়ামিল মিলে গেল।

**২১. রেওয়ামিল তৈরিতে কোন ধরনের ভুল হয়েছে?**
K লেখার L পরিপূরক
M নীতিগত N বাদ পড়া

**২২. রেওয়ামিলের যোগফল কত টাকা কমবেশি দেখানো হয়েছে?**
K ১০,০০০ টাকা বেশি L ১০,০০০ টাকা কম
M ৫,০০০ টাকা বেশি N ৫,০০০ টাকা কম

**২৩. অনিশ্চিত হিসাব কোন ধরনের হিসাব?**
K স্থায়ী L অস্থায়ী ও সাময়িক
M অধিকাংশ স্থায়ী N চিরস্থায়ী

**২৪. হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই করা হয় হিসাবচক্রের কোন ধাপে?**
K জাবেদাভুক্তকরণ L খতিয়ানভুক্তকরণ
M রেওয়ামিল প্রস্তুতকরণ
N আর্থিক বিবরণী প্রস্তুতকরণ

**২৫. ক্রয় ফেরতের পক্ষে নিম্নের কোন দলিলটি ব্যবহৃত হয়?**
K ভাউচার L চালান
M ক্রেডিট নোট N ডেবিট নোট

**২৬. হিসাবচক্রের প্রথম ধাপ কোনটি?**
K জাবেদাভুক্তিকরণ L লেনদেন শনাক্তকরণ
M শ্রেণিবিন্যাসকরণ N সংক্ষিপ্তকরণ

**২৭. ব্যবহারের জন্য ১৫% ভ্যাটসহ ৬৯,০০০ টাকায় মেশিন ক্রয় করে এর বহন খরচ প্রদান করা হয় ১,০০০ টাকা। কলকজা হিসাবে কত টাকায় ডেবিট করতে হবে?**
K ৬০,০০০ L ৬১,০০০
M ৬৯,০০০ N ৭০,০০০

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
কার্যপত্রের রেওয়ামিল বেতন ২৫,০০০ টাকা, বকেয়া বেতন ৫,০০০ টাকা।

**২৮. ১০ ঘরা কার্যপত্রে সমন্বিত রেওয়ামিলে বেতন কত টাকা দেখাতে হবে?**
K ৫,০০০ টাকা L ২০,০০০ টাকা
M ২৫,০০০ টাকা N ৩০,০০০ টাকা

**২৯. ১০ ঘরা কার্যপত্রে বকেয়া বেতন কোথায় দেখাতে হবে?**
K সমন্বয়, আয় বিবরণী ও আর্থিক অবস্থার বিপরীতে
L সমন্বিত রেওয়ামিল, আয় বিবরণী ও আর্থিক অবস্থার বিবরণীতে
M সমন্বয়, সমন্বিত রেওয়ামিল ও আয় বিবরণীতে
N সমন্বয়, সমন্বিত রেওয়ামিল ও আর্থিক অবস্থার বিবরণীতে

**৩০. ডেবিট নোটে উল্লেখ থাকে–**
i. মালের পরিমাণ
ii. মালের দর
iii. মালের মূল্য
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | N | ৩ | K | ৪ | L | ৫ | L | ৬ | M | ৭ | K | ৮ | N | ৯ | N | ১০ | M | ১১ | M | ১২ | L | ১৩ | K | ১৪ | K | ১৫ | M |
| ১৬ | K | ১৭ | N | ১৮ | M | ১৯ | L | ২০ | N | ২১ | L | ২২ | N | ২৩ | L | ২৪ | M | ২৫ | N | ২৬ | L | ২৭ | N | ২৮ | N | ২৯ | M | ৩০ | N |

## ৪৫ ✓ ঢাকা ইমপিরিয়াল কলেজ

বিষয় কোড : 2 5 3

### হিসাববিজ্ঞান প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়— ৩০ মিনিট | পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. মালিকানাস্বত্বের উপাদান হলো—**
i. মূলধন
ii. সঞ্চিতি
iii. উত্তোলন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২. নিচের কোন লেনদেনের ফলে স্বত্বাধিকার বাড়বে এবং দায়হ্রাস পাবে?**
K পাওনাদারকে পরিশোধ করা হলে
L কারবারে অতিরিক্ত মূলধন বিনিয়োগ করা হলে
M অনুপার্জিত আয় উপার্জিত হলে
N ধারে পণ্য বিক্রয় করা হলে

**৩. কখন সমাপনী মজুদ পণ্য রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয়?**
K যদি রেওয়ামিলে বিক্রীত পণ্যের ব্যয় অন্তর্ভুক্ত হয়
L যদি ক্রয় ও বিক্রয় রেওয়ামিলে প্রদর্শিত হয়
M যদি সমন্বিত ক্রয় রেওয়ামিলে অন্তর্ভুক্ত না হয়
N যদি রেওয়ামিলে ক্রয় ফেরত ও বিক্রয় ফেরত অন্তর্ভুক্ত হয়

**৪. ব্যাংকে জমাকৃত চেক প্রত্যাখ্যান হলে প্রভাবিত হয়—**
i. ব্যাংক হিসাব
ii. দেনাদার হিসাব/প্রাপ্য হিসাব
iii. পাওনাদার প্রদেয় হিসাব
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৫. অবচয় ধার্যের উদ্দেশ্য হচ্ছে—**
i. ব্যয় বণ্টন করা
ii. প্রকৃত লাভ-ক্ষতি নির্ণয়
iii. সঠিক কর দায় নির্ণয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রাজন একজন কাপড়ের ব্যবসায়ী। ২০১৬ সালের ৩০ জুন তারিখে তার ব্যবসায়ের আর্থিক বিবরণী প্রস্তুত করার সময় দেখতে পায় জুন মাসের বেতন বাবদ ৫,০০০ টাকা এখনও পরিশোধ করা হয়নি এবং মনিহারি অব্যবহৃত রয়েছে ৭০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি।

**৬. উপরিউক্ত সমন্বয় দুটি না করা হলে মি. রাজনের ব্যবসায়ের নিট লাভ কত টাকা কম বা বেশি দেখানো হবে?**
K ৭০০ কম L ৪,৩০০ বেশি
M ৫,০০০ বেশি N ৫,৭০০ কম

**৭. হিসাববিজ্ঞানের কোন ধারণার কারণে উপরিউক্ত সমন্বয় দুটি করা প্রয়োজন?**
K বকেয়া L মিলকরণ
M রাজস্ব স্বীকৃতি N ঐতিহাসিক ব্যয়

**৮. ক্রয় জাবেদা থেকে জানা যায়—**
i. মোট ক্রয়ের পরিমাণ
ii. প্রদেয় হিসাবের পরিমাণ
iii. মোট ধারে ক্রয়ের পরিমাণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৯. নিচের কোনটি তৈরি করা ঐচ্ছিক?**
K খতিয়ান L নগদান বই
M আর্থিক বিবরণী N কার্যপত্র

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
মি. আসাদ চেকের মাধ্যমে ৫০,০০০ টাকার পণ্য বিক্রয় করেন। তিনি চেকটি আদায়ের জন্য ব্যাংকে জমা করেন। পরবর্তীতে চেকটি অমর্যাদাকৃত হয়ে ফেরত আসে।

**১০. মি. আসাদের অমর্যাদাকৃত চেকটি কোন বইতে লিপিবদ্ধ হবে?**
K নগদান বই L ক্রয় বই
M বিক্রয় বই N বহিঃফেরত বই

**১১. মি. আসাদের চেক অমর্যাদার লেনদেনটি প্রভাবিত করবে—**
i. প্রদেয় হিসাব
ii. প্রাপ্য হিসাব
iii. ব্যাংক হিসাব
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১২. $\frac{২}{১০}$, $\frac{নিট}{৩০}$ কোন ধরনের শর্ত?**
K নগদ বাট্টা L কারবারি বাট্টা
M প্রাপ্ত বাট্টা N প্রদত্ত বাট্টা

**১৩. ব্যাংক কর্তৃক মঞ্জুরীকৃত সুদ ৮৯০ টাকা নগদান বইতে দুইবার ডেবিট করা হয়েছে। নগদান বইতে কত টাকা বেশি দেখানো হয়েছে?**
K ৪৪৫ টাকা L ৭৯০ টাকা
M ৮৯০ টাকা N ২,৩৯০ টাকা

**১৪. কোনটি বাট্টা করা যায়?**
K চেক L পে-অর্ডার
M ডেবিট কার্ড N বিনিময় বিল

**১৫. IASC-এর পূর্ণরূপ কোনটি?**
K International Auditing Standards Committee
L International Accounting Standards Committee
M International Association of Standards Committee
N International Acceptable Standards Committee

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
একটি রেওয়ামিলে ক্রয় ৫৫,০০০ টাকার স্থলে ৫০,০০০ টাকা এবং বিক্রয় ৪৫,০০০ টাকার স্থলে ৪০,০০০ টাকা লেখা হওয়ায় ভুল থাকা সত্ত্বেও রেওয়ামিল মিলে গেল।

**১৬. রেওয়ামিল তৈরিতে কোন ধরনের ভুল হয়েছে?**
K লেখার L পরিপূরক
M নীতিগত N বাদ পড়ার

**১৭. রেওয়ামিলের যোগফল কত টাকা কম বা বেশি দেখানো হয়েছে?**
K ১০,০০০ টাকা বেশি L ১০,০০০ টাকা কম
M ৫,০০০ টাকা বেশি N ৫,০০০ টাকা কম

**১৮. ব্যাংক কর্তৃক ব্যবহৃত দলিল DM মানে কী?**
K Debit Memorandum L Direct Material
M District Manager N Direct Manager

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
একটি ব্যবসায়ের প্রারম্ভিক মজুদপণ্য ১০,০০০ টাকা, ক্রয়কৃত পণ্য ৫০,০০০ টাকা, সমাপনী মজুদপণ্য ২০,০০০ টাকা, ক্রয় পরিবহন ৫,০০০ টাকা, মজুরি ৫,০০০ টাকা, বিক্রয় পরিবহন ২,০০০ টাকা, বেতন ৪,০০০ টাকা, ভাড়া ১,০০০ টাকা এবং বিক্রয় ১,০০,০০০ টাকা।

**১৯. বিক্রীত পণ্যের ব্যয় কত?**
K ৫০,০০০ টাকা L ৬০,০০০ টাকা
M ৭০,০০০ টাকা N ৭২,০০০ টাকা

**২০. পরোক্ষ ব্যয়ের পরিমাণ কত?**
K ৭,০০০ টাকা L ১২,০০০ টাকা
M ১৬,০০০ টাকা N ১৭,০০০ টাকা

**২১. সমন্বিত ক্রয় = ?**
i. বিক্রয় – সমাপনী মজুদপণ্য
ii. বিক্রয়যোগ্য পণ্য – সমাপনী মজুদপণ্য
iii. প্রারম্ভিক মজুদপণ্য + ক্রয় – সমাপনী মজুদপণ্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২২. স্থির কিস্তি পদ্ধতিতে অবচয় ধার্য করার ক্ষেত্রে বিবেচনা করা হয়—**
i. সম্পত্তির ক্রয়মূল্য
ii. সম্পত্তির বহিমূল্য
iii. আনুমানিক আয়ুষ্কাল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৩. 'পুঞ্জীভূত অবচয়' কোন ধরনের হিসাব?**
K সম্পত্তি L দায়
M বিপরীত সম্পত্তি N মালিকানাস্বত্ব

**২৪. হিসাববিজ্ঞানের মৌলিক সমীকরণ কোনটি?**
K A – L = OE L A – OE = L
M A = L + C + A – E – D
N A = L + OE

**২৫. হিসাববিজ্ঞানের তিনটি 'C' দ্বারা কী বোঝায়?**
K Cost, Control, Convention
L Cost, Conservatism, Consistency
M Cost, Consistency, Consumer
N Cost, Communicating, Customer

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মোস্তাফিজ ১ জানুয়ারি ২০১৬ তারিখে নগদ ৫০,০০০ টাকা ও ১০,০০০ টাকার সোফাসেট, ১০% ব্যাংক ঋণ ২০,০০০ টাকা নিয়ে ব্যবসা শুরু করলেন।

**২৬. মালিকানাস্বত্ব এর পরিমাণ কত টাকা হবে?**
K ৩৫,০০০ টাকা L ৫৫,০০০ টাকা
M ৬০,০০০ টাকা N ৭৫,০০০ টাকা

**২৭. জনাব মোস্তাফিজ ১০% ব্যাংক ঋণ নেয়ায় ব্যবসায়ের কোন খাত প্রভাবিত হবে?**
K মোস্তাফিজ হিসাব ও ব্যাংক ঋণ হিসাব
L মালিকানাস্বত্ব ও ব্যাংক ঋণ হিসাব
M মূলধন হিসাব ও ব্যাংক ঋণ হিসাব
N ব্যাংক হিসাব ও ব্যাংক ঋণ হিসাব

**২৮. ১০,০০০ টাকার প্রদেয় হিসাব পূর্ণ নিষ্পত্তিতে ৯,৮৫০ টাকায় নিষ্পত্তি করা হলো। হিসাব সমীকরণে লেনদেনটির প্রভাব—**
i. সম্পত্তিহ্রাস পাবে
ii. দায়হ্রাস পাবে
iii. মালিকানাস্বত্বহ্রাস পাবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২৯. জীবন বিমা প্রদানের সঠিক জাবেদা কোনটি?**
K জীবন বিমা হি. ডেবিট, নগদান হি. ক্রেডিট
L উত্তোলন হি. ডেবিট, নগদান হি. ক্রেডিট
M ব্যাংক হি. ডেবিট, নগদান হি. ক্রেডিট
N উত্তোলন হি. ডেবিট, মূলধন হি. ক্রেডিট

**৩০. কারবারি বাট্টা কোন বইতে লিপিবদ্ধ করা হয়?**
K দু'ঘরা নগদান বইতে L তিনঘরা নগদান বইতে
M খুচরা নগদান বইতে N হিসাবভুক্ত হয় না

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | M | ৩ | K | ৪ | K | ৫ | N | ৬ | L | ৭ | L | ৮ | M | ৯ | N | ১০ | K | ১১ | L | ১২ | K | ১৩ | M | ১৪ | N | ১৫ | L |
| ১৬ | L | ১৭ | N | ১৮ | K | ১৯ | K | ২০ | K | ২১ | L | ২২ | L | ২৩ | M | ২৪ | N | ২৫ | L | ২৬ | M | ২৭ | N | ২৮ | K | ২৯ | L | ৩০ | N |

## ৪৬ আব্দুল কাদির মোল্লা, সিটি কলেজ, নরসিংদী

বিষয় কোড : 2 5 3

### হিসাববিজ্ঞান প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়– ৩০ মিনিট পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. চালান কার নিকট প্রেরণ করা হয়?**
K ক্রেতা L বিক্রেতা
M শেয়ারহোল্ডার N বিক্রয় কর্মকর্তা

**২. নিচের কোন হিসাব শুধু ডেবিট দিককে প্রভাবিত করে?**
K সম্পত্তি, খরচ, দায়
L সম্পত্তি, খরচ, আয়
M সম্পত্তি, খরচ, উত্তোলন
N উত্তোলন, আয়, সম্পত্তি

**৩. নিচের কোন আয় নগদে প্রাপ্ত হবে না?**
K প্রাপ্ত কমিশন L প্রাপ্ত বাট্টা
M সুদ প্রাপ্তি
N অনুপার্জিত সেবা আয়

**৪. ১০ কলাম কার্যপত্রে কোন অংশটি করা হয় না?**
K সমন্বয় L আয় বিবরণী
M মালিকানাস্বত্ব বিবরণী
N আর্থিক অবস্থার বিবরণী

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
মালেক ট্রেডার্স ২০২১ সালের ১ জুলাই তারিখে ধারে বিক্রয় করেন ১,০০০ টাকা ও কর্মচারীকে ১০% সুদে ১০,০০০ টাকা ঋণ প্রদান করেন। মালিক কর্তৃক বিক্রয়মূল্যে পণ্য উত্তোলন ১,০০০ টাকা। হিসাবকাল শেষ হয় ৩১ ডিসেম্বর তারিখে।

**৫. ৩১ ডিসেম্বর, ২০২১ সালে নিট আয়ের পরিমাণ কত টাকা?**
K ১,০০০ L ১,৫০০
M ২,০০০ N ২,৫০০

**৬. ৩১ ডিসেম্বর, ২০২১ সালে মোট সম্পত্তির পরিমাণ কত টাকা?**
K ১০,০০০ L ১১,০০০
M ১১,৫০০ N ১২,০০০

**৭. সমাপনী দাখিলা দেওয়া হয়–**
i. আয়সমূহের
ii. ব্যয়সমূহের
iii. সম্পত্তিসমূহের
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৮. হিসাববিজ্ঞানের সর্বজনস্বীকৃত নীতিমালা কোনটি?**
K GAP L GAAS
M GASB N GAAP

**৯. ব্যবসায়ের মোট সম্পত্তির ওপর অধিকার থাকে–**
i. মালিকপক্ষের
ii. পাওনাদারদের
iii. দেনাদারদের
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১০. আর্থিক বিবরণীর Road Map বলা হয়–**
K কার্যপত্র L জাবেদা
M খতিয়ান N রেওয়ামিল

**১১. স্থায়ী সম্পত্তি হিসাবভুক্ত করা হয় IAS কত অনুসারে?**
K ০১ L ০৭
M ১২ N ১৬

**১২. অবচয় কোন ধরনের প্রক্রিয়া?**
K মূল্যায়ন L মূল্য বিশ্লেষণ
M ক্রয়মূল্য বণ্টন N বিক্রয়মূল্য বণ্টন

**১৩. অবচয় ধার্যের বিবেচ্য বিষয় হলো–**
i. ক্রয়মূল্য
ii. ভগ্নাবশেষ মূল্য
iii. আয়ুষ্কাল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
একটি মেশিনের ক্রয়মূল্য ৫,০০,০০০ টাকা। সংস্থাপন ব্যয় ১০,০০০ টাকা। আয়ুষ্কাল ৫ বছর। ভগ্নাবশেষ মূল্য ১০,০০০ টাকা।

**১৪. সরলরৈখিক পদ্ধতিতে ১ম বছরের অবচয় কত টাকা?**
K ৫০,০০০ L ১,০০,০০০
M ১,৫০,০০০ N ২,০০,০০০

**১৫. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে ১ম বছর শেষে পুস্তক মূল্য কত টাকা?**
K ২,০৮,০০০ L ২,৫৪,০০০
M ৩,০৬,০০০ N ৩,৫৪,০০০

**১৬. ব্যাংক বিবরণী কে তৈরি করে?**
K ব্যাংক L বিনিয়োগকারী
M আমানতকারী N সমন্বয়কারী

**১৭. ব্যাংক সমন্বয় বিবরণী কে তৈরি করে?**
K আমানতকারী L বিনিয়োগকারী
M ব্যাংক কর্তৃপক্ষ N ব্যাংকের ম্যানেজার

**১৮. NSF বলতে কী বোঝায়?**
K ইস্যুকৃত চেক প্রত্যাখ্যান
L জমাকৃত চেক প্রত্যাখ্যান
M প্রাপ্য বিল প্রত্যাখ্যান
N প্রদেয় বিল প্রত্যাখ্যান

**১৯. ইস্যুকৃত চেক প্রত্যাখ্যান এর সঠিক জাবেদা কোনটি?**
K নগদান হিসাব ডেবিট, ব্যাংক হিসাব ক্রেডিট
L ব্যাংক হিসাব ডেবিট, প্রাপ্য হিসাব ক্রেডিট
M প্রদেয় হিসাব ডেবিট, ব্যাংক হিসাব ক্রেডিট
N ব্যাংক হিসাব ডেবিট, প্রদেয় হিসাব ক্রেডিট

**২০. ব্যাংক চার্জ ৩৬০ টাকা নগদান বইয়ে ভুলক্রমে ৬৩০ টাকা ডেবিট করা হয়েছে। এর ফলে গরমিলের পরিমাণ কত টাকা?**
K ১৭০ L ২৭০
M ৭৯০ N ৯৯০

**২১. নিচের কোনটি আর্থিক বিবরণী উপাদান নয়?**
K আর্থিক অবস্থার বিবরণী
L মালিকানাস্বত্ব বিবরণী
M উৎপাদন ব্যয় বিবরণী
N নগদ প্রবাহ বিবরণী

**২২. অন্যান্য আয় হলো–**
i. বাট্টা প্রাপ্তি
ii. শিক্ষানবিশ সেলামি
iii. উপভাড়া
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৩. রেওয়ামিলে ভ্যাটসহ পণ্য বিক্রয় ২,৮৭,০০০ টাকা এবং বিক্রয় ফেরত ৭,০০০ টাকা দেওয়া আছে। বিক্রয় ভ্যাটের পরিমাণ কত টাকা?**
K ৪২,০০০ L ৪৩,০৫০
M ৩৫,০০০ N ৩৬,৫২২

**২৪. নিচের কোনটি রেওয়ামিলে আসবে না?**
K মজুদ পণ্য (১.১.২১)
L প্রাপ্য হিসাব (৩১.১২.২১)
M ব্যাংক জমাতিরিক্ত (৩১.১২.২১)
N নগদ তহবিল (১.১.২১)

■ **উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
আসিফ ট্রেডার্সের প্রারম্ভিক মজুদ পণ্য ১৫,০০০ টাকা। পণ্য ক্রয় ১,০০,০০০ টাকা, ক্রয় ফেরত ৭,৫০০ টাকা, ক্রয় বাট্টা ২,৫০০ টাকা, মজুরি ৩,০০০ টাকা, আমদানি শুল্ক ১২,০০০ টাকা ও সমাপনী মজুদ পণ্য ২৫,০০০ টাকা। প্রতিষ্ঠানটি বিক্রয়মূল্যের ওপর ২০% লাভ করে।

**২৫. আসিফ ট্রেডার্সের বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ কত টাকা?**
K ৮৩,০০০ L ৯২,০০০
M ৯৫,০০০ N ১,২০,০০০

**২৬. প্রতিষ্ঠানটির মোট লাভের পরিমাণ কত টাকা?**
K ২০,০০০ L ২৫,০০০
M ২৩,৫০০ N ২৩,৭৫০

**২৭. হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী কে?**
K ব্যবস্থাপনা কর্তৃপক্ষ L বিনিয়োগকারী
M শ্রমিক সংঘ N ভোক্তা সংঘ

**২৮. রেওয়ামিলের ক্রেডিট কলামে লিপিবদ্ধ হয়–**
K অগ্রিম খরচ ও অগ্রিম আয়
L অগ্রিম খরচ ও বকেয়া আয়
M বকেয়া খরচ ও অগ্রিম আয়
N বকেয়া খরচ ও বকেয়া আয়

**২৯. ধারে ক্রয়ের অর্থ পরিশোধ ২০,০০০ টাকা। এই লেনদেনের কারণে হিসাব সমীকরণে প্রভাব কী?**
K A বৃদ্ধি ও OE বৃদ্ধি L A হ্রাস ও OE হ্রাস
M A হ্রাস ও L হ্রাস N A বৃদ্ধি ও L বৃদ্ধি

**৩০. বাট্টা প্রদান এর সঠিক জাবেদা কোনটি?**
K প্রদত্ত বাট্টা ডেবিট, প্রাপ্য হিসাব ক্রেডিট
L প্রদেয় হিসাব ডেবিট, প্রাপ্ত বাট্টা ক্রেডিট
M প্রদেয় বাট্টা ডেবিট, নগদান ক্রেডিট
N প্রদত্ত বাট্টা ডেবিট, নগদান ক্রেডিট

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | M | ৩ | L | ৪ | M | ৫ | L | ৬ | L | ৭ | K | ৮ | N | ৯ | K | ১০ | K | ১১ | N | ১২ | M | ১৩ | N | ১৪ | L | ১৫ | M |
| ১৬ | K | ১৭ | K | ১৮ | L | ১৯ | M | ২০ | N | ২১ | M | ২২ | N | ২৩ | N | ২৪ | N | ২৫ | M | ২৬ | N | ২৭ | K | ২৮ | M | ২৯ | M | ৩০ | K |

## ৪৭ খুলনা সরকারি মহিলা কলেজ, খুলনা

বিষয় কোড : 2 5 3

সময়– ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান প্রথম পত্র বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. দুতরফা দাখিলা পদ্ধতি কোন দেশে প্রবর্তিত হয়?**
K ইংল্যান্ডে L ইতালিতে
M জাপানে N আমেরিকায়

**২. কোন পদ্ধতিতে হিসাবরক্ষণে অধিক সময়ের প্রয়োজন?**
K একতরফা L দুতরফা
M অসম্পূর্ণ হিসাব N সনাতন

**৩. লেজ শব্দের অর্থ কী?**
K আলনা L তাক/শেলফ
M খোপ/বক্স N সিঁড়ি

**৪. খুচরা নগদান বই কোন জাবেদার অন্তর্ভুক্ত?**
K প্রাথমিক জাবেদা L বিশেষ জাবেদা
M সাধারণ জাবেদা N প্রকৃত জাবেদা

**৫. লেজার শব্দের উৎপত্তি কোথা থেকে?**
K ল্যাটিন ভাষা L রোমান ভাষা
M ইংরেজি ভাষা N ফরাসি ভাষা

**৬. ধারে ক্রয়কৃত পণ্য ফেরত পাঠানোর কারণ—**
i. নমুনামাফিক না হলে
ii. নিম্নমানের হলে
iii. ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা থাকলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৭. অফিস সরঞ্জাম হিসাব ডেবিট হবে—**
i. কম্পিউটার ক্রয় করলে
ii. মোটরগাড়ি ক্রয় করলে
iii. ফ্যান ক্রয় করলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৮. আবশ্যিক দাখিলা নয় কোনটি?**
i. সমাপনী দাখিলা
ii. সমন্বয় দাখিলা
iii. বিপরীত দাখিলা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৯. মুনাফাবিহীন বিক্রয়ের জাবেদা কোনটি?**
i. বিক্রয় হিসাব ডেবিট
ii. ক্রয় হিসাব ক্রেডিট
iii. মজুদ পণ্য হিসাব ক্রেডিট
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১০. অবচয় কোন ধরনের লেনদেন?**
i. অনগদ
ii. অদৃশ্যমান
iii. নগদ
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M i ও ii N i, ii ও iii

**১১. বিপরীত সম্পত্তি কী ধরনের জের প্রকাশ করে?**
K ক্রেডিট
L ডেবিট
M শূন্য
N ডেবিট এবং ক্রেডিট দুটোই

**১২. নিচের কোনটির জন্য সমন্বয় দাখিলা প্রয়োজন হয় না?**
K অগ্রিম খরচ L বকেয়া আয়
M বকেয়া ব্যয় N অর্জিত আয়

**১৩. কোন হিসাবটি বছরের শেষে বন্ধ করে দেওয়া হয়?**
K ক্রয় ফেরত
L অনুপার্জিত রাজস্ব আয়
M পুঞ্জীভূত অবচয়
N কুঋণ সঞ্চিতি

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
২০২০ সালের ১ জানুয়ারি ৫০,০০০ টাকা মূলধন বিনিয়োগ করেন। জানুয়ারি ১০ তারিখ ধারে পণ্য বিক্রয় ৮,০০০ টাকা। জানুয়ারি ১২ তারিখ নগদে পণ্য ক্রয় ৪,০০০ টাকা। জানুয়ারি ২৫ তারিখ বিক্রীত পণ্য ফেরত আসল ১,০০০ টাকা।

**১৪. জানুয়ারি মাসের শেষে নগদ উদ্বৃত্ত কত টাকা হবে?**
K ৫০,০০০ L ৪৬,০০০
M ৪৫,০০০ N ৪২,০০০

**১৫. প্রাপ্য হিসাবের পরিমাণ কত টাকা হবে?**
K ৭,০০০ L ৮,০০০
M ১২,০০০ N ১৩,০০০

**১৬. কখন ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি করা হয়?**
K হিসাবকাল শেষে
L একটি নির্দিষ্ট তারিখে
M প্রতি মাস শেষে
N প্রতি বছর শেষে

**১৭. কোনটি চলতি সম্পদ?**
K নগদ L সুনাম
M প্রাথমিক খরচ N গবেষণা ব্যয়

**১৮. সংশোধিত জের পদ্ধতিতে কোনটি ব্যাংক বিবরণীতে যোগ হয়?**
K পরিবহনাধীন চেক
L প্রত্যাখ্যাত চেক
M ব্যাংক সার্ভিস চার্জ
N ব্যাংক জমাতিরিক্ত সুদ

**১৯. নতুন আয়কর সঞ্চিতি কোথায় দেখানো হয়?**
K উৎপাদন ব্যয় বিবরণীতে
L রক্ষিত আয় বিবরণীতে
M আয় বিবরণীতে
N আয় বিবরণী ও আর্থিক অবস্থার বিবরণীতে

**২০. কোন নীতির উপর ভিত্তি করে স্থায়ী সম্পদের মূল্যায়ন করা হয়?**
K ক্রয়মূল্য L মিলকরণ
M আয়-ব্যয় সংযোগ N পুনঃপ্রকাশ

**২১. যদি বিক্রয় ২৫,০০০ টাকা এবং মুনাফার হার ক্রয়মূল্যের ওপর ২৫% হয় তবে বিক্রীত পণ্যের ব্যয় কত টাকা?**
K ২০,০০০ L ২২,৫০০
M ২৩,৭৫০ N ২৫,০০০

**২২. ১৫% হারে ১ বছরের বিনিয়োগের সুদ ৯,০০০ টাকা হলে, বিনিয়োগের পরিমাণ কত টাকা?**
K ৫০,০০০ L ৬০,০০০
M ৯০,০০০ N ১,২০,০০০

**২৩. অবচয় নির্ণয় করার সময় ভগ্নাবশেষ মূল্য বিবেচিত হয় না কোন পদ্ধতিতে?**
K সরলরৈখিক L ক্রমহ্রাসমান জের
M বছর সংখ্যা সমষ্টি N কর্মঘণ্টা

**২৪. একই অর্থবোধক নয় কোনটি?**
K ক্রয় পরিবহন/আন্তঃপরিবহন
L আন্তঃফেরত/বিক্রয় ফেরত
M বাট্টা/কমিশন
N দেনাদার/বিক্রয় খতিয়ানের জের

**২৫. সুনাম কী?**
K বিনিয়োগ L চলতি সম্পদ
M অলীক সম্পদ N অস্পর্শনীয় সম্পদ

**২৬. ১০% হারে ৫ বছরের জন্য সঞ্চয়পত্র ক্রয়, এটি কোন ধরনের সম্পদ?**
K চলতি L স্থায়ী
M দীর্ঘমেয়াদি N কাল্পনিক

**২৭. কখন রেওয়ামিল প্রস্তুত করা হয়?**
K প্রত্যেক দিন
L মাসের শেষে
M নির্দিষ্ট দিনে
N বছরের যেকোনো দিন

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
রেওয়ামিলে বিজ্ঞাপন ১৩,০০০ টাকা এবং সমন্বয়ে বিনামূল্যে পণ্য বিতরণ ৪,০০০ টাকা ও বিজ্ঞাপন বাবদ বকেয়া ব্যয় ৩,০০০ টাকার উল্লেখ আছে।

**২৮. মোট বিজ্ঞাপনের ২৫% অবলোপন করলে কত টাকা পরিচালন ব্যয় হিসেবে বসবে?**
K ৫,০০০ L ১০,০০০
M ১৫,০০০ N ১২,৫০০

**২৯. মোট বিজ্ঞাপনের ৫৫% বিলম্বিত করলে কত টাকা পরিচালন ব্যয় হিসেবে বসবে?**
K ১৫,০০০ L ৯,০০০
M ১১,০০০ N ১২,৫০০

**৩০. ৮ ঘর বিশিষ্ট কার্যপত্রে কোনটি থাকে না?**
K সমন্বয়
L সমন্বিত রেওয়ামিল
M আয়-বিবরণী
N আর্থিক অবস্থার বিবরণী

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | L | ৩ | L | ৪ | L | ৫ | M | ৬ | N | ৭ | M | ৮ | N | ৯ | K | ১০ | M | ১১ | K | ১২ | N | ১৩ | K | ১৪ | L | ১৫ | K |
| ১৬ | L | ১৭ | K | ১৮ | K | ১৯ | N | ২০ | K | ২১ | K | ২২ | L | ২৩ | L | ২৪ | M | ২৫ | N | ২৬ | M | ২৭ | M | ২৮ | K | ২৯ | L | ৩০ | N |

## ৪৮ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, খুলনা

বিষয় কোড : 2 5 3

সময়– ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান প্রথম পত্র বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. আধুনিক হিসাববিজ্ঞানের উৎপত্তি স্থান কোথায়?**
K আমেরিকা L ভারত
M ইতালি N ইংল্যান্ড

**২. কোন বিষয়টিকে ব্যবসায়ের ভাষা বলা হয়?**
K ব্যবস্থাপনা L ব্যবসায় উদ্যোগ
M হিসাববিজ্ঞান N অর্থনীতি

**৩. হিসাববিজ্ঞান কী?**
K কলা
L বিশুদ্ধ বিজ্ঞান
M কলা ও বিজ্ঞান উভয়ই
N আচরণগত বিজ্ঞান

**৪. হিসাববিজ্ঞান মূল্যবোধ সৃষ্টিতে ভূমিকা রাখে–**
i. সুষ্ঠুভাবে হিসাব সংরক্ষণের মাধ্যমে
ii. নিয়মিতভাবে সরকারকে কর প্রদানের মাধ্যমে
iii. মালিককে অধিক মুনাফা অর্জনে সহায়তার মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রহমান সুবর্ণ এন্টারপ্রাইজের দৈনন্দিন সংঘটিত লেনদেন লিপিবদ্ধ করেন। তিনি প্রতি মাসে ৫০,০০০ টাকা পর্যন্ত খরচ করার ক্ষমতা রাখেন। কিন্তু মে মাসে ব্যবসায়ের কর্মকাণ্ড বৃদ্ধি পাওয়ায় ৬৫,০০০ টাকা খরচ হবে বলে তিনি ধারণা করেছেন।

**৫. জনাব রহমানের কাজটি মূলত–**
K হিসাবরক্ষণ
L আর্থিক অবস্থা নিরূপণ
M টাকা-পয়সা জমা রাখা
N কারবারের আসবাবপত্র কেনা

**৬. এ অবস্থায় জনাব রহমানের দৃষ্টি দিতে হবে–**
K ব্যয়হ্রাসকরণে L বাজেট প্রণয়নে
M জবাবদিহিতায় N সঞ্চয় প্রবণতায়

**৭. কারবারি লেনদেন নয় কোনটি?**
K ক্রয় ফেরত L অবচয়
M কারবারে একজন হিসাবরক্ষক নিয়োগ
N ইজারা সম্পত্তির অবলোপন

**৮. ধারে পণ্য ক্রয় করা হলে হিসাব সমীকরণের উপাদানের পরিবর্তন হয়–**
i. OE-এর
ii. A-এর
iii. L-এর
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৯. অনাদায়ি শিক্ষানবিশ সেলামি কোন জাতীয় হিসাব?**
K আয় L দায়
M সম্পদ N ব্যয়

**১০. অনিঃশেষিত ব্যয় কী?**
K সম্পদ L ব্যয়
M দায় N মালিকানাস্বত্ব

**১১. অব্যবহৃত মনিহারি একটি–**
i. আয় হিসাব
ii. সম্পত্তিবাচক হিসাব
iii. ব্যয় হিসাব
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M ii ও iii N i, ii ও iii

**১২. প্রারম্ভিক মূলধন ৭০,০০০ টাকা, সমাপনী মূলধন ৯০,০০০ টাকা হলে লাভ-ক্ষতির পরিমাণ কত টাকা?**
K লাভ ২০,০০০ L ক্ষতি ২০,০০০
M ক্ষতি ৭০,০০০ N লাভ ৭০,০০০

**১৩. নিট লাভ দ্বারা কী বৃদ্ধি পায়?**
K আয় L সম্পদ
M দায় N স্বত্বাধিকার

**১৪. জনাব করিমের দায় ছিল ২০,০০০ টাকা এবং মালিকানাস্বত্ব ছিল ৩০,০০০ টাকা। তাঁর সম্পত্তি ছিল কত?**
K ১০,০০০ টাকা L ২০,০০০ টাকা
M ৩০,০০০ টাকা N ৫০,০০০ টাকা

**১৫. দুতরফা দাখিলা পদ্ধতির বৈশিষ্ট্য হলো–**
i. লেনদেনে দাতা ও গ্রহীতা থাকে
ii. সমান অঙ্কের আদান-প্রদান করা হয়
iii. ক্ষেত্রবিশেষে লেনদেনের একপক্ষ হিসাবভুক্ত করা হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আলম সাহেব ২০১৯ সালের ১ মার্চ তারিখে ৫০,০০০ টাকা নিয়ে মুগদায় একটি বহুশাখা বিপণি স্থাপন করেন। ৭ মার্চ তারিখে ১,০০,০০০ টাকার পণ্য ক্রয় করে ব্যবসায়িক কার্যক্রম শুরু করেন। অল্প দিনে ব্যবসায়ে লাভ হওয়ায় ২৮,০০০ টাকা ব্যাংক হিসাবে জমা করে রাখেন যেন প্রয়োজনে কাজে লাগানো যায়।

**১৬. মূলধন আনয়ন দ্বারা কোন হিসাব ডেবিট হবে?**
K নগদান হিসাব L আলম হিসাব
M মালিক হিসাব N মূলধন হিসাব

**১৭. উদ্দীপকের শেষোক্ত লেনদেন দুতরফা দাখিলা পদ্ধতিতে–**
i. ডেবিট-ক্রেডিট উভয় পক্ষে লিপিবদ্ধ হবে
ii. সমপরিমাণ অঙ্কে লিখিত হবে
iii. সুবিধা গ্রহণকারী ও প্রদানকারী নির্ধারণ করতে হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৮. বিক্রয়ের উদ্দেশ্যে আসবাবপত্র ক্রয় করা হলে নিচের কোন হিসাবটি ডেবিট হবে?**
K আসবাবপত্র L ক্রয়
M অফিস সরঞ্জাম N সম্পত্তি

**১৯. দৈনিক বই হলো–**
i. জাবেদা
ii. চূড়ান্ত হিসাব
iii. খতিয়ান
**নিচের কোনটি সঠিক?**
K i L iii
M i ও iii N ii ও iii

**২০. দুঘরা নগদান বইতে ব্যাংক জমাতিরিক্ত লেখা হয়–**
K ডেবিট দিকে L ক্রেডিট দিকে
M ভবিষ্যৎ প্রাপ্তির N নগদ প্রাপ্তির

**২১. নগদ টাকার বিকল্প হিসাবে কাজ করে কোনটি?**
K শেয়ার L ঋণপত্র
M স্টক N চেক

**২২. ব্যাংক সমন্বয় বিবরণীর উদ্দেশ্য কী?**
K নগদ প্রাপ্তির পরিমাণ জানা
L নগদ উদ্বৃত্তের পরিমাণ জানা
M গরমিলের কারণ জানা
N ব্যাংক উদ্বৃত্তের কারণ জানা

**২৩. নিচের কোনটি রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয় না?**
K সমাপনী নগদ তহবিল
L সমাপনী ব্যাংক ব্যালেন্স
M প্রারম্ভিক ব্যাংক ব্যালেন্স
N প্রারম্ভিক মজুদ পণ্য

**২৪. রেওয়ামিলের ক্রেডিট দিকে বসে কোনটি?**
K শিক্ষানবিশ ভাতা
L বিমা সেলামি
M পাওনাদারদের বাট্টা সঞ্চিতি
N প্রাপ্ত সুদ

**২৫. কোন সঞ্চিতিটি রেওয়ামিলের ডেবিট পাশে বসবে?**
K সাধারণ সঞ্চিতি
L অনাদায়ি পাওনা সঞ্চিতি
M পাওনাদারের বাট্টা সঞ্চিতি
N প্রাপ্য হিসাব বাট্টা সঞ্চিতি

**২৬. অনুপার্জিত আয় একটি–**
K আয় L দায়
M সম্পদ N স্বত্বাধিকার

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
ফারুক ট্রেডার্স ২০১৫ সালে ১ জানুয়ারিতে ১,৯০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে। মেশিনটির সংস্থাপন ব্যয় ১০,০০০ টাকা। বার্ষিক ১০% হারে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়।

**২৭. ২০১৫ সালের অবচয়ের পরিমাণ কত?**
K ১,০০০ টাকা L ১৮,০০০ টাকা
M ১৯,০০০ টাকা N ২০,০০০ টাকা

**২৮. তিন বছর পর মেশিনটির পুস্তকমূল্য কত হবে?**
K ১,৪০,০০০ টাকা L ১,৪৫,৮০০ টাকা
M ১,৮০,০০০ টাকা N ২,০০,০০০ টাকা

**২৯. কোনটির বৃদ্ধিতে ব্যবসায়ের মূলধন বাড়বে?**
K ব্যয় L উত্তোলন
M আয় N মূলধনের সুদ

**৩০. নিচের কোনটি অন্তর্দায়?**
K মূলধন L ঋণ
M সম্ভাব্য দায় N প্রদেয় হিসাব

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | M | ৩ | M | ৪ | K | ৫ | K | ৬ | N | ৭ | M | ৮ | L | ৯ | M | ১০ | K | ১১ | L | ১২ | K | ১৩ | N | ১৪ | N | ১৫ | K |
| ১৬ | K | ১৭ | N | ১৮ | L | ১৯ | K | ২০ | L | ২১ | N | ২২ | M | ২৩ | M | ২৪ | N | ২৫ | M | ২৬ | L | ২৭ | N | ২৮ | L | ২৯ | M | ৩০ | K |

## ৪৯ ✓ কুমিল্লা সরকারি মহিলা কলেজ

বিষয় কোড : 2 5 3

সময়– ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. চালানে দেখানো হয় কোন বাট্টা?**
K প্রাপ্ত বাট্টা L প্রদত্ত বাট্টা
M পরিমাণ বাট্টা N কারবারি বাট্টা

**২. হিসাব সমীকরণের সঠিক রূপ কোনটি?**
K A – L = OE L A = L + OE
M A – OE = L N L + OE = A

**৩. ব্যবসায়ের মোট সম্পদ থেকে বহির্দায় বাদ দিলে যা অবশিষ্ট থাকে তাকে কী বলে?**
K চলতি মূলধন L মালিকানাস্বত্ব
M নিট মুনাফা N স্থায়ী সম্পদ

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
অহনা ট্রেডার্স ১ জুন, ২০১৬, ৮,০০০ টাকার পণ্য ১০% বাট্টায় বাকিতে ক্রয় করে। ৮ জুন উক্ত প্রদেয় হিসাবের অর্ধেক ২% বাট্টায় পরিশোধ করে।

**৪. অহনা ট্রেডার্স এর হিসাবভুক্ত বাট্টার পরিমাণ কত?**
K ৭২ টাকা L ৮০ টাকা
M ১৪৪ টাকা N ১৬০ টাকা

**৫. মূল্য পরিশোধের ফলে উক্ত লেনদেনের অবশিষ্ট দায়ের পরিমাণ কত?**
K ৩,৬০০ টাকা L ৪,০০০ টাকা
M ৭,২০০ টাকা N ৭,৬০০ টাকা

**৬. নিচের কোন হিসাবটি ক্রেডিট জের প্রদর্শন করে?**
K অবচয় L শেয়ার অবহার
M সাপ্লাইজ N প্রাপ্ত সুদ

**৭. আমানতকারীকে বিভিন্ন সেবা প্রদানের জন্য ব্যাংক কর্তন করে–**
i. কমিশন
ii. ব্যাংক চার্জ
iii. উৎস কর
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৮. ব্যাংক কর্তৃক মঞ্জুরীকৃত সুদ ৮৯০ টাকা নগদান বইতে দুইবার ডেবিট করা হয়েছে। নগদান বইতে কত টাকা বেশি দেখানো হয়েছে?**
K ৪৪৫ টাকা L ৭৯০ টাকা
M ৮৯০ টাকা N ২,৩৯০ টাকা

**৯. ব্যাংক কর্তৃক ব্যবহৃত দলিল DM মানে কী?**
K Debit Memorandum
L Ditect Material
M District Manager
N Direct Manager

**১০. একটি নতুন যন্ত্রপাতি সংস্থাপন মজুরি, মজুরি হিসাবে লিপিবদ্ধ করলে হিসাববিজ্ঞানে কোন ধরনের ভুল হয়?**
K লেখার ভুল L পরিপূরক
M করণিক ভুল N নীতিগত ভুল

**১১. নিচের কোনটি রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে?**
K প্রারম্ভিক নগদ তহবিল
L প্রারম্ভিক ব্যাংক তহবিল
M সমাপনী ব্যাংক জমাতিরিক্ত
N সমাপনী মজুদ পণ্য

**১২. সংস্থাপন ব্যয় মজুরি হিসাবে ডেবিট করা হলে আয় বিবরণীতে কী প্রভাব পড়বে?**
K মোট আয় হ্রাস পাবে
L নিট আয় বৃদ্ধি পাবে
M যন্ত্রপাতির মূল্য বৃদ্ধি পাবে
N মোট সম্পদ বৃদ্ধি পাবে

**১৩. নিচের কোনটি চলতি সম্পদ?**
K দেনাদার L সুনাম
M আসবাবপত্র N ট্রেডমার্ক

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
রাকি লি. ১ জানুয়ারি ২০১৫ তারিখে ৪০,০০০ টাকা মূল্যের যন্ত্রপাতি আছে। কোম্পানি ১ জুলাই, ২০১৫ তারিখে আরও ২০,০০০ টাকার যন্ত্রপাতি ক্রয় করে। এ যন্ত্রপাতি সংস্থাপন ব্যয় ২,০০০ টাকা। কোম্পানি ১০% হারে সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করে। প্রতি বছর কোম্পানির আর্থিক হিসাবকাল শেষ হয় ৩১ ডিসেম্বর।

**১৪. ২০১৫ সালের যন্ত্রপাতি অবচয় কত?**
K ১,৫০০ টাকা L ৪,০০০ টাকা
M ৫,১০০ টাকা N ৬,২০০ টাকা

**১৫. ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে যন্ত্রপাতির পুস্তকমূল্য কত?**
K ৫৬,০০০ টাকা L ৫৬,৯০০ টাকা
M ৫৮,০০০ টাকা N ৬০,০০০ টাকা

**১৬. নোটিং চার্জ কী?**
K পণ্য ক্রয় বিক্রয়জনিত খরচ
L পণ্যের আমদানি খরচ
M প্রাপ্য নোট প্রত্যাখ্যাতজনিত খরচ
N করসংক্রান্ত খরচ

**১৭. ঋণপত্র কোম্পানির কোন ধরনের দায়?**
K চলতি দায় L স্বল্পমেয়াদি দায়
M বহিঃদায় N অন্তঃদায়

**১৮. ১৫% ভ্যাটসহ পণ্য ক্রয় ৩৬,৫০০ টাকা এবং ক্রয় ফেরত ২,০০০ টাকা হলে ক্রয় ভ্যাটের পরিমাণ কত টাকা?**
K ৪,৫০০ টাকা L ৫,১৭৫ টাকা
M ৫,৪৭৫ টাকা N ৫,৭৭৫ টাকা

**১৯. বৈদ্যুতিক সংস্থাপন ব্যয় একটি–**
i. বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয়
ii. মুনাফাজাতীয় ব্যয়
iii. মূলধনজাতীয় ব্যয়
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M iii N i, ii ও iii

**২০. স্টেশনারি প্রারম্ভিক মজুদ ১,৫০০ টাকা ক্রয় ৪,৫০০ টাকা। সমাপনী মজুদ ৫০০ টাকা হলে স্টেশনারি ব্যয়ের পরিমাণ কত?**
K ১,০০০ L ৫,৫০০
M ৬,০০০ N ৬,৫০০

**২১. বিপরীত দাখিলা কখন দেওয়া হয়?**
K হিসাবকালের প্রথম তারিখে
L সমন্বয় দাখিলার পূর্বে
M হিসাবকালের শেষ তারিখ
N আর্থিক বিবরণী তৈরির পূর্বে

■ **উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
২০১৬ সালের ১ এপ্রিল মিম এন্টারপ্রাইজ ৬০,০০০ টাকার একটি যন্ত্রপাতি ক্রয় করে এবং ১০,০০০ টাকায় সংস্থাপন করে। যন্ত্রপাতিটির আয়ুষ্কাল ধরা হয় ৬ বছর এবং আয়ুষ্কাল শেষে ভগ্নাবশেষ মূল্য ৪,০০০ টাকা। প্রতিষ্ঠানটি ৩১ ডিসেম্বর তারিখে হিসাব শেষ করে।

**২২. সরলরৈখিক পদ্ধতিতে ২০১৬ সালের অবচয়ের পরিমাণ কত টাকা?**
K ৮,২৫০ L ১১,০০০
M ১২,০০০ N ১৪,০০০

**২৩. যদি প্রতিষ্ঠানটি ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করে তবে অবচয়ের হার কত হবে?**
K ২০% L ২৫%
M ৩০% N ৩৩.৩৩%

**২৪. অবচয় ধার্যের উদ্দেশ্য হচ্ছে–**
i. ব্যয় বণ্টন করা
ii. প্রকৃত লাভ-ক্ষতি নির্ণয়
iii. সঠিক কর দায় নির্ণয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৫. বিলম্বিত বিজ্ঞাপন ব্যবসায়ের একটি–**
K চলতি সম্পদ L ব্যয়
M ভুয়া সম্পদ N দায়

**২৬. নিচের কোনটি আর্থিক বিবরণীর উপাদান নয়?**
K সংরক্ষিত আয় বিবরণী
L মালিকানাস্বত্ব বিবরণী
M নগদ প্রবাহ বিবরণী
N আয় বিবরণী

**২৭. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয়ে কোনটি অন্তর্ভুক্ত হয়?**
K অবচয় L আমদানি শুল্ক
M বহিঃপরিবহন N রপ্তানি শুল্ক

**২৮. একটি প্রতিষ্ঠানের রেওয়ামিলে বিজ্ঞাপন ১২,০০০ টাকা উল্লেখ রয়েছে। এছাড়া সমন্বয়ে বলা হয়েছে পণ্য বিতরণ ৪,০০০ টাকা, মোট বিজ্ঞাপন খরচের ৩/৪ অংশ বিলম্বিত কর। এক্ষেত্রে বিশদ আয় বিবরণীতে বিজ্ঞাপন বাবদ কত টাকা অবলোপন করতে হবে?**
K ৪,০০০ টাকা L ৯,০০০ টাকা
M ১২,০০০ টাকা N ১৬,০০০ টাকা

**২৯. কোন মূলধনের ওপর সুদ ধরা হয়?**
K বিনিয়োজিত মূলধন
L সমাপনী মূলধন
M প্রারম্ভিক মূলধন
N কার্যকরী মূলধন

**৩০. সহকারী খতিয়ানের ক্রেডিট জের দ্বারা কী বোঝায়?**
K দেনা L পাওনা
M মূলধন N ব্যয়

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | L | ৩ | L | ৪ | K | ৫ | K | ৬ | N | ৭ | K | ৮ | M | ৯ | K | ১০ | N | ১১ | M | ১২ | K | ১৩ | K | ১৪ | M | ১৫ | L |
| ১৬ | M | ১৭ | M | ১৮ | K | ১৯ | M | ২০ | L | ২১ | K | ২২ | K | ২৩ | N | ২৪ | N | ২৫ | M | ২৬ | K | ২৭ | L | ২৮ | K | ২৯ | M | ৩০ | K |

## ৫০ বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম

বিষয় কোড : 2 5 3

সময়— ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান প্রথম পত্র — বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. নগদ ক্রয় ৪,০০০ টাকা, ধারে ক্রয় ২০,০০০ টাকা, কারবারি বাট্টা ১০%, ক্রয়সংক্রান্ত প্যাকিং খরচ ৫০০ টাকা, বিমা খরচ ১,০০০ টাকা এবং পরিবহন খরচ ২০০ টাকা। ক্রয় বহিতে কত টাকা লিখতে হবে?**
K ১৮,৭০০ টাকা  L ১৯,৭০০ টাকা
M ২৩,৩০০ টাকা  N ২৩,৭০০ টাকা

**২. অফিস সরঞ্জাম ক্রয় যদি পণ্য ক্রয় হিসাবে ডেবিট করা হয় তবে ইহা কোন ধরনের ভুল?**
K লেখার ভুল  L পরিপূরক ভুল
M নীতিগত ভুল  N বাদ পড়ার ভুল

**৩. প্রত্যক্ষ খরচের হিসাবগুলো বন্ধ করার জন্য নিচের কোন বিবরণী ব্যবহার করা হয়?**
K আয় বিবরণী
L মালিকানাস্বত্ব বিবরণী
M আর্থিক অবস্থার বিবরণী
N নগদ প্রবাহ বিবরণী

**৪. সমাপনী মজুদ পণ্যের মূল্য বেশি হলে—**
K ব্যয় ও সম্পত্তি কম হয়
L ব্যয় বেশি ও সম্পত্তি কম হয়
M আয় ও সম্পত্তি কম হয়
N আয় ও সম্পত্তি বেশি হয়

**৫. ব্যাংক কখন ক্রেডিট মেমোরেন্ডাম ইস্যু করে?**
i. ব্যাংক কর্তৃক সরাসরি অর্থ আদায়
ii. ব্যাংক কর্তৃক বিনিয়োগের সুদ আদায়
iii. ব্যাংক কর্তৃক প্রদেয় বিল পরিশোধ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মুস্তাফিজ পণ্য বিক্রয়ের ১৫,০০০ টাকা চেকের মাধ্যমে আদায় করে ব্যাংক হিসাবে জমা করেন। পরবর্তীতে চেকটি ব্যাংক হতে অমর্যাদা হয়ে ফেরত আসে।

**৬. জনাব মুস্তাফিজ অমর্যাদাকৃত চেকটি কোন বইতে লিপিবদ্ধ করবেন?**
K নগদান বই  L ক্রয় বই
M বিক্রয় বই  N বিক্রয় ফেরত বই

**৭. জনাব মুস্তাফিজের অমর্যাদাকৃত চেক দ্বারা প্রভাবিত হয়—**
i. প্রাপ্য হিসাব
ii. বিক্রয় হিসাব
iii. ব্যাংক হিসাব
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

**৮. আন্তঃফেরত ভুলবশত ক্রয় হিসাবে লেখা হলে সংশোধনী জাবেদা হবে—**
K আন্তঃফেরত ডেবিট, প্রাপ্য হিসাব ক্রেডিট
L ক্রয় হিসাব ডেবিট, আন্তঃফেরত ক্রেডিট
M আন্তঃফেরত ডেবিট, ক্রয় হিসাব ক্রেডিট
N ক্রয় হিসাব ডেবিট, নগদান ক্রেডিট

**৯. যদি প্রারম্ভিক মজুদ পণ্য ৩০,০০০ টাকা, পণ্য ক্রয় ১,৫০,০০০ টাকা, বিক্রয়মূল্য ২,০০,০০০ টাকা এবং মোট লাভের হার বিক্রয়মূল্যের ৩০% হয় তবে সমাপনী মজুদ পণ্যের মূল্য কত টাকা হবে?**
K ১০,০০০ টাকা  L ২০,০০০ টাকা
M ৪০,০০০ টাকা  N ৫০,০০০ টাকা

**১০. আর্থিক অবস্থার বিবরণীতে প্রাপ্য হিসাব কোন মূল্যে দেখানো হয়?**
K মোট আদায়যোগ্য মূল্য
L নিট আদায়যোগ্য মূল্য
M লিখিত মূল্য  N বিক্রয়মূল্য

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মুশফিক ২০২০ সালের ১ জানুয়ারি ব্যাংক উদ্বৃত্ত ২,০০,০০০ টাকা, ৫০,০০০ টাকার আসবাবপত্র ও ৩০,০০০ টাকার পণ্যদ্রব্য নিয়ে ব্যবসা আরম্ভ করেন এবং উক্ত মাসে ১,০০,০০০ টাকা ব্যাংক হতে ঋণ গ্রহণ করেন।

**১১. জনাব মুশফিকের প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত টাকা?**
K ১,৮০,০০০ টাকা  L ২,৮০,০০০ টাকা
M ৩,৫০,০০০ টাকা  N ৩,৮০,০০০ টাকা

**১২. ১,০০,০০০ টাকার লেনদেনের দ্বারা জনাব মুশফিকের কী বৃদ্ধি পেয়েছে?**
K দীর্ঘমেয়াদি দায়  L চলতি দায়
M মূলধন হিসাব  N মালিকানাস্বত্ব

**১৩. মালিক কর্তৃক বিক্রয়মূল্যে পণ্য উত্তোলন করলে কী জাবেদা হবে?**
K উত্তোলন ডেবিট, ক্রয় ক্রেডিট
L উত্তোলন ডেবিট, নগদান ক্রেডিট
M বিক্রয় ডেবিট, উত্তোলন ক্রেডিট
N উত্তোলন ডেবিট, বিক্রয় ক্রেডিট

**১৪. সহকারী খতিয়ানের ডেবিট জের দ্বারা কী বোঝায়?**
K দেনা  L পাওনা  M মূলধন  N উত্তোলন

**১৫. বকেয়া চেক বলতে কী বোঝায়?**
K ইস্যুকৃত চেক ব্যাংকে উপস্থাপিত না হওয়া
L জমাকৃত চেক প্রত্যাখ্যান হওয়া
M ইস্যুকৃত চেক ব্যাংক কর্তৃক প্রত্যাখ্যান
N জমাকৃত চেক ব্যাংক কর্তৃক আদায় না হওয়া

**১৬. হিসাবের মেয়াদান্তে হাতে নগদের সাথে নিচের কোন টাকার পরিমাণ যোগ করলে খুচরা নগদান বহিতে অগ্রদত্ত টাকার সমান হবে?**
K প্রারম্ভিক নগদ উদ্বৃত্ত  L নগদ প্রাপ্তি
M মোট খরচের পরিমাণ  N মোট প্রাপ্তি

**১৭. আসবাবপত্র হিসাবকে ডেবিট করার পরিবর্তে যদি ভুলবশত ক্রেডিট করা হয় সংশোধনী জাবেদায় আসবাবপত্র হিসাবকে কী বলতে হবে?**
K দ্বিগুণ টাকায় ডেবিট করতে হবে
L দ্বিগুণ টাকায় ক্রেডিট করতে হবে
M সমপরিমাণ টাকায় ডেবিট করতে হবে
N সমপরিমাণ টাকায় ক্রেডিট করতে হবে

**১৮. অবচয় ধার্যের ফলে নিচের কোনটি হ্রাস-বৃদ্ধি পায়?**
K সম্পদ হ্রাস ও মালিকানাস্বত্ব বৃদ্ধি পায়
L সম্পদ বৃদ্ধি ও মালিকানাস্বত্ব হ্রাস পায়
M সম্পদ ও মালিকানাস্বত্ব বৃদ্ধি পায়
N সম্পদ ও মালিকানাস্বত্ব হ্রাস পায়

**১৯. হিসাব প্রক্রিয়ায় খতিয়ান কোন কাজটি করে?**
K লিপিবদ্ধকরণ  L সংক্ষিপ্তকরণ
M শ্রেণিবিন্যাসকরণ  N আর্থিক ফলাফল নির্ণয়

■ **উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব ডেল্টা ২০১৯ সালের ১ জানুয়ারি তারিখে একটি মেশিনের ক্রয় ও সংস্থাপন ব্যয় যথাক্রমে ৫,০০,০০০ টাকা এবং ২০,০০০ টাকা। মেশিনটির আয়ুষ্কাল ১০ বছর ও ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। প্রতিষ্ঠানটি স্থিরকিস্তি পদ্ধতিতে অবচয় ধার্য করে।

**২০. মেশিনটির বার্ষিক অবচয়ের পরিমাণ কত টাকা?**
K ৪৮,০০০ টাকা  L ৫০,০০০ টাকা
M ৫২,০০০ টাকা  N ৫৪,০০০ টাকা

**২১. যদি ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে বার্ষিক অবচয় ধার্য করা হয় তবে প্রথম বছরে স্থিরকিস্তি পদ্ধতির তুলনায় আর্থিক অবস্থার বিবরণীতে সম্পদের পরিমাণ কত টাকা হ্রাস পাবে?**
K ৪২,০০০ টাকা  L ৪৬,০০০ টাকা
M ৫০,০০০ টাকা  N ৫৪,০০০ টাকা

**২২. লেনদেন সর্বপ্রথম কোন বইতে লিপিবদ্ধ করা হয়?**
K নগদান বই  L খতিয়ান
M জাবেদা  N রেওয়ামিল

**২৩. হিসাব সংরক্ষণের ক্ষেত্রে আবশ্যিক দাখিলা হলো—**
i. সমন্বয় দাখিলা
ii. সমাপনী দাখিলা
iii. বিপরীত দাখিলা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

**২৪. অনুপার্জিত আয় কোন জাতীয় হিসাব?**
K অব্যক্তিবাচক হিসাব
L স্বাভাবিক ব্যক্তিবাচক হিসাব
M কৃত্রিম ব্যক্তিবাচক হিসাব
N প্রতিনিধিত্বমূলক ব্যক্তিবাচক হিসাব

**২৫. হিসাবচক্রের ঐচ্ছিক ধাপ হলো—**
i. কার্যপত্র প্রস্তুত করা
ii. বিপরীত দাখিলা প্রস্তুত করা
iii. সমাপনী উত্তর রেওয়ামিল প্রস্তুত করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
২০২০ সালের ৩১ ডিসেম্বর রেওয়ামিলে উল্লেখ আছে অগ্রিম বিমা সেলামি ৬,০০০ টাকা। বিমা পলিসিটি ২০১৯ সালের ১ জানুয়ারি তারিখে চার বছরের জন্য নেওয়া হয়েছিল।

**২৬. ২০২০ সালের বিমা খরচ কত টাকা?**
K ১,৫০০ টাকা  L ২,০০০ টাকা
M ৩,০০০ টাকা  N ৬,০০০ টাকা

**২৭. যদি ২০২০ সালের বিমা খরচ ৬,০০০ টাকা দেখানো হয় তবে আর্থিক অবস্থার বিবরণীর সম্পত্তিতে কী প্রভাব পড়বে?**
K ২,০০০ টাকা সম্পদ হ্রাস পাবে
L ৪,০০০ টাকা সম্পদ হ্রাস পাবে
M ৪,৫০০ টাকা সম্পদ হ্রাস পাবে
N ৬,০০০ টাকা সম্পদ হ্রাস পাবে

**২৮. পুঞ্জীভূত অবচয় কোন ধরনের হিসাব?**
K সম্পদ হিসাব  L দায় হিসাব
M কন্ট্রা খরচ হিসাব  N কন্ট্রা সম্পদ হিসাব

**২৯. ব্যাংক সমন্বয় বিবরণীর উদ্দেশ্য কী?**
K ব্যাংক উদ্বৃত্তের কারণ জানা
L নগদ প্রাপ্তির পরিমাণ জানা
M গরমিলের কারণ জানা
N নগদ উদ্বৃত্তের পরিমাণ জানা

**৩০. বিক্রয় ফেরতের জন্য কোন দলিল ব্যবহার করা হয়?**
K চালান  L ক্যাশ ম্যামো
M ডেবিট নোট  N ক্রেডিট নোট

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | M | ৩ | K | ৪ | N | ৫ | K | ৬ | K | ৭ | L | ৮ | M | ৯ | M | ১০ | L | ১১ | L | ১২ | K | ১৩ | N | ১৪ | L | ১৫ | K |
| ১৬ | M | ১৭ | K | ১৮ | N | ১৯ | M | ২০ | L | ২১ | N | ২২ | M | ২৩ | K | ২৪ | N | ২৫ | K | ২৬ | L | ২৭ | L | ২৮ | N | ২৯ | M | ৩০ | N |

## ৫১ জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট

বিষয় কোড : 2 5 3

সময়– ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান প্রথম পত্র বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. A = L + OE এর বর্ধিত বাংলা রূপ কোনটি?**
K সম্পদ = দায় + মূলধন – আয় + খরচ – উত্তোলন
L সম্পদ = দায় + মূলধন + আয় – খরচ – উত্তোলন
M সম্পদ = দায় – মূলধন – আয় + খরচ – উত্তোলন
N সম্পদ = দায় – মূলধন + আয় – খরচ + উত্তোলন

**২. ৩/৭, n/৩০ দ্বারা কী বুঝায়?**
K ৭ দিনের মধ্যে টাকা পরিশোধ করলে ৩% বাট্টা পায়
L ৩০ দিনের মধ্যে টাকা পরিশোধ করলে ৩% বাট্টা পায়
M ৩ দিনের মধ্যে টাকা পরিশোধ করলে ৩% বাট্টা পায়
N ৩০ দিনের মধ্যে টাকা পরিশোধ করলে ৭% বাট্টা পায়

**৩. ব্যাংক বিবরণী প্রস্তুত করেন কে?**
K গ্রাহক L বিনিয়োগকারী
M আয়কর কর্তৃপক্ষ N ব্যাংক কর্তৃপক্ষ

**৪. ব্যবসায়ের কোন ধরনের সম্পদের উপর অবচয় ধার্য করা হয়?**
K বিনিয়োগ L স্থায়ী সম্পদ
M অস্পর্শনীয় সম্পদ N অলীক সম্পদ

**৫. বিক্রয় ফেরতের জন্য কোন দলিল ব্যবহার করা হয়?**
K ভাউচার L চালান
M ক্রেডিট নোট N ডেবিট নোট

**৬. কোনটি হিসাবচক্রের ২য় ধাপ?**
K জাবেদা ভুক্তিকরণ
L লেনদেন শনাক্তকরণ
M শ্রেণিবিন্যাসকরণ
N সংক্ষিপ্তকরণ

**৭. হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী কে?**
K ব্যাংক L পাওনাদার
M ব্যবস্থাপক N দেনাদার

**৮. কোনটি কন্ট্রা সম্পত্তি?**
K বকেয়া ব্যয় L অবচয় সঞ্চিতি
M অগ্রিম ব্যয় N উত্তোলন

**৯. কোনটি পরোক্ষ খরচ?**
K আন্তঃপরিবহন L মেরামত খরচ
M ডক চার্জ N আমদানি শুল্ক

**১০. ব্যাংক বিবরণীর ক্রেডিট উদ্বৃত্ত দ্বারা কী বোঝায়?**
K ব্যাংক জমা L নগদ জমা
M ব্যাংক জমাতিরিক্ত N নগদ উদ্বৃত্ত

**১১. কোনটি রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয় না?**
K অব্যবহৃত সাপ্লাইজ L বকেয়া বেতন
M প্রারম্ভিক নগদ N অনুপার্জিত আয়

**১২. বিক্রেতার নিকট ভ্যাট কী?**
K আয় L ব্যয়
M দায় N সম্পদ

**১৩. প্রকৃত জাবেদায় কোনটি লিপিবদ্ধ হয়?**
K প্রারম্ভিক জাবেদা
L বিক্রয়সংক্রান্ত জাবেদা
M প্রদেয় বিলসংক্রান্ত জাবেদা
N ক্রয়সংক্রান্ত জাবেদা

■ **উদ্দীপকটি পড়ে ১৪, ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
সৌম্য কোং. লি. ১ এপ্রিল ২০১৭ সালে ২,৩৫,০০০ টাকায় একটি যন্ত্রপাতি ক্রয় করে এবং বহন খরচ ২৫,০০০ টাকা প্রদান করে। যন্ত্রপাতির আয়ুষ্কাল ৮ বছর এবং যন্ত্রপাতির ভগ্নাবশেষে মূল্য ৩০,০০০ টাকা। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বন্ধ করা হয়।

**১৪. সরলরৈখিক পদ্ধতিতে অবচয়যোগ্য যন্ত্রপাতির মূল্য কত?**
K ১,৯৫,০০০ টাকা
L ২,৩০,০০০ টাকা
M ২,৩৫,০০০ টাকা
N ২,৬০,০০০ টাকা

**১৫. ২০১৭ সালে সরলরৈখিক পদ্ধতিতে যন্ত্রপাতির অবচয় কত টাকা?**
K ১৯,২১৯ টাকা L ২১,৫৬৩ টাকা
M ২২,০৩১ টাকা N ২৮,৭৫০ টাকা

**১৬. ২০১৭ সালে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে যন্ত্রপাতির অবচয় কত?**
K ৩৮,৪৩৭ টাকা L ৪৩,৭২৫ টাকা
M ৪৪,০৬২ টাকা N ৪৮,৭৫০ টাকা

**১৭. আর্থিক অবস্থার বিবরণী থেকে জানা যায়–**
i. স্থায়ী ও চলতি সম্পদের পরিমাণ
ii. স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি দায়ের পরিমাণ
iii. মালিকের মূলধনের পরিমাণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৮. লেনদেনের উৎস কী?**
K ক্রয় L বিক্রয়
M লেনদেন N ঘটনা

**১৯. জাবেদার অপরিহার্য বিষয় কী?**
K ব্যাখ্যা L শিরোনাম
M সমষ্টি নির্ণয় N ক্রমিক নং

**২০. কারবারি বাট্টা কোথায় দেখানো যৌক্তিক?**
K নগদান বই L জাবেদা
M চালান N খতিয়ান

**২১. কোনটি অস্পর্শনীয় সম্পদ?**
K খনিজ সম্পদ
L অগ্রিম বিমা
M ভূমি ও দালানকোঠা
N ট্রেড মার্ক ও পেটেন্ট

**২২. অনুপার্জিত রাজস্ব হিসাব কী?**
K সম্পদ L দায়
M আয় N ব্যয়

**২৩. ডেবিট ব্যালেন্স সাধারণত নির্দেশ করে কোনটি?**
K সম্পদ ও খরচ L আয় ও খরচ
M সম্পদ ও দায় N আয় ও দায়

■ **উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৫০,০০০ টাকা কিন্তু বাজারে পণ্যের ঘাটতি হওয়ায় সমাপনী মজুদ পণ্যের মূল্য ১০,০০০ টাকা বৃদ্ধি পায়।

**২৪. আর্থিক অবস্থার বিবরণীতে সমাপনী মজুদ পণ্যের মূল্য কত প্রদর্শিত হবে?**
K ১০,০০০ টাকা L ৪০,০০০ টাকা
M ৫০,০০০ টাকা N ৬০,০০০ টাকা

**২৫. হিসাববিজ্ঞানের সর্বজনস্বীকৃত কোন নীতির ভিত্তিতে সমাপনী মজুদ পণ্যে রমূল্য বিবেচনা করা হবে?**
K ক্রয়মূল্য নীতি L রক্ষণশীল নীতি
M সামঞ্জস্য নীতি N মিলকরণ নীতি

**২৬. কোন দাখিলার মাধ্যমে মুনাফাজাতীয় ব্যয় হিসাব বন্ধ করা হয়?**
K সমাপনী দাখিলা L প্রারম্ভিক দাখিলা
M সমন্বয় দাখিলা N বিপরীত দাখিলা

**২৭. কোন দলিলের উপর ভিত্তি করে ক্রয় জাবেদা প্রস্তুত করা হয়?**
K ক্রেডিট নোট L ভাউচার
M চালান N ডেবিট নোট

**২৮. ব্যাংক কর্তৃক মঞ্জুরকৃত সুদ ৭৩ টাকা যা নগদান বইতে ৩৭ টাকা ডেবিট করা হয়েছে। এতে উভয় বহির জেরের মধ্যে কত টাকা গরমিল হবে?**
K ১৪৬ টাকা L ১১০ টাকা
M ৭৩ টাকা N ৩৬ টাকা

**২৯. প্রাপ্য হিসাবে ছাড় দেওয়া হলে তাকে কী বলে?**
K প্রদত্ত বাট্টা L প্রাপ্ত বাট্টা
M কারবারি বাট্টা N পরিমাণ বাট্টা

**৩০. একটি সম্পত্তির বিক্রয়মূল্য ও বই মূল্যের পার্থক্যকে কী বলা হয়?**
K বাজারমূল্য L প্রকৃত মূল্য
M ভগ্নাবশেষ মূল্য N লাভ/ক্ষতি

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | K | ৩ | N | ৪ | L | ৫ | M | ৬ | K | ৭ | M | ৮ | L | ৯ | L | ১০ | K | ১১ | M | ১২ | M | ১৩ | K | ১৪ | L | ১৫ | L |
| ১৬ | N | ১৭ | N | ১৮ | N | ১৯ | L | ২০ | M | ২১ | N | ২২ | L | ২৩ | K | ২৪ | M | ২৫ | L | ২৬ | K | ২৭ | M | ২৮ | L | ২৯ | K | ৩০ | N |

## ৫২ সিলেট সরকারি কলেজ

বিষয় কোড : 2 5 3

### হিসাববিজ্ঞান প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়– ৩০ মিনিট পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. আয় বিবরণী প্রস্তুত করা হয় কোন নীতি অনুযায়ী?**
K রাজস্ব স্বীকৃতি নীতি
L মিলকরণ নীতি
M চলমান প্রতিষ্ঠান ধারণা
N হিসাবকাল ধারণা

**২. হিসাববিজ্ঞানের আন্তর্জাতিক শীর্ষ সংস্থা কোনটি?**
K GAAP L FASB
M AICPA N SEC

**৩. ব্যবসায়ের সম্পদের ওপর মালিকের অধিকারকে কী বলে?**
K মালিকানাস্বত্ব L সম্পদ
M দায় N আয়

**৪. অনাদায়ি পাওনা প্রভাবিত করে—**
i. আয় বিবরণীকে
ii. আর্থিক অবস্থার বিবরণীতে সম্পত্তির দিকে
iii. প্রাপ্য হিসাবকে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৫. প্রদেয় হিসাবের কাছ থেকে ছাড় পেলে তাকে কী বলে?**
K প্রদত্ত বাট্টা L প্রাপ্ত বাট্টা
M কারবারি বাট্টা N পরিমাণ বাট্টা

**৬. অতিরিক্ত অবচয় ধার্য করা হলে—**
i. সম্পত্তি কম দেখানো হয়
ii. মালিকানাস্বত্ব কম দেখানো হয়
iii. আয় বেশি দেখানো হয়
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও ii
M ii ও iii N i, ii ও iii

**৭. একটি সম্পত্তির মোট ক্রয়মূল্য ও পুঞ্জীভূত অবচয়ের পার্থক্যকে কী বলা হয়?**
K বাজারমূল্য L প্রকৃত মূল্য
M ভগ্নাবশেষ মূল্য N বই মূল্য

**৮. নিচের কোনটি হিসাবচক্রের অপরিহার্য ধাপ নয়?**
K খতিয়ান
L কার্যপত্র
M আর্থিক অবস্থার বিবরণী
N সমাপনী দাখিলা

**৯. অনুপার্জিত আয় একটি—**
K আয় L দায়
M সম্পদ N স্বত্বাধিকার

**১০. বাকিতে পণ্য বিক্রয় হিসাব সমীকরণে কী প্রভাব ফেলবে?**
K সম্পদ ও মালিকানাস্বত্ব বৃদ্ধি
L দায় ও মালিকানাস্বত্ব বৃদ্ধি
M সম্পদ ও মালিকানাস্বত্ব হ্রাস
N দায় ও মালিকানাস্বত্ব হ্রাস

**১১. ডেবিট নোটের জন্য কোন বই প্রয়োজন?**
K ক্রয় ফেরত L বিক্রয় ফেরত
M ক্রয় N বিক্রয়

**১২. হিসাববিজ্ঞানের উদ্দেশ্য হলো—**
i. ফলাফল নির্ণয় করা
ii. আর্থিক অবস্থা নিরূপণ করা
iii. লেনদেনের স্থায়ী হিসাব রাখা
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M i ও ii N i, ii ও iii

**১৩. কোন দাখিলার মাধ্যমে মুনাফাজাতীয় হিসাব বন্ধ করা হয়?**
K সমাপনী দাখিলা L প্রারম্ভিক দাখিলা
M সমন্বয় দাখিলা N বিপরীত দাখিলা

**১৪. যন্ত্রপাতি ক্রয় ৩০,০০০ টাকা, বহন খরচ ৩,০০০ টাকা এবং সংস্থাপন ব্যয় ৭,০০০ টাকা হলে যন্ত্রপাতি হিসাব কত টাকা ডেবিট হবে?**
K ৪০,০০০ টাকা L ৩৭,০০০ টাকা
M ৩৩,০০০ টাকা N ৩০,০০০ টাকা

**১৫. কোন দলিলের ওপর ভিত্তি করে বিক্রয় জাবেদা প্রস্তুত করা হয়?**
K ক্রেডিট নোট L ভাউচার
M চালান N ডেবিট নোট

**১৬. নগদ ২৫,০০০ টাকা ও ৫,০০০ টাকা ব্যক্তিগত ঋণ নিয়ে ব্যবসায় শুরু করলে, মূলধন হিসাবে কত টাকা ক্রেডিট হবে?**
K ৩০,০০০ টাকা L ২৫,০০০ টাকা
M ২০,০০০ টাকা N ৫,০০০ টাকা

**১৭. নিচের কোনটি অদৃশ্যমান লেনদেন?**
K কমিশন L বাট্টা
M অবচয় N ধারে বিক্রয়

**১৮. বিলম্বিত বিজ্ঞাপন ব্যয় ব্যবসায়ের একটি—**
K আয় L ব্যয়
M সম্পদ N দায়

**১৯. প্রত্যেক মাসের প্রথম তারিখে উত্তোলন করলে কত মাসের সুদ ধরতে হবে?**
K ২.৫ L ৫.৫
M ৬ N ৬.৫

**২০. হিসাব তথ্য অভ্যন্তরীণ ব্যবহারকারী কারা?**
K কর কর্তৃপক্ষ L শ্রমিক সংঘ
M পাওনাদার N ব্যবস্থাপক

**২১. নগদান বই এ ব্যাংক বিবরণী জেরের গরমিলের কারণ নয় কোনটি?**
K ইস্যুকৃত চেক উপস্থাপিত হয়নি
L ব্যাংক কর্তৃক সুদ মঞ্জুর যা নগদান বইতে লেখা হয়নি
M ব্যাংকে নগদ জমা দেওয়া হলো
N ব্যাংক প্রাপ্য বিল আদায় করেছে যা নগদান বইতে লেখা হয়নি

**২২. ব্যাংক কর্তৃক মঞ্জুরকৃত সুদ ৭৩ টাকা যা নগদান বইতে ৩৭ টাকা ক্রেডিট করা হয়েছে। এতে উভয় বহির জেরের মধ্যে কত টাকা গরমিল হবে?**
K ১৪৬ টাকা L ১১০ টাকা
M ৭৩ টাকা N ৩৭ টাকা

**২৩. খতিয়ানের ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করে—**
i. সম্পদ
ii. খরচ
iii. আয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৪. বিক্রীত পণ্যের ব্যয় ১,০০,০০০ টাকা এবং বিক্রয়ের ওপর মোট লাভের হার ২০% হলে বিক্রয়ের পরিমাণ কত?**
K ১,০০,০০০ টাকা L ১,১৬,৬৬৭ টাকা
M ১,২০,০০০ টাকা N ১,২৫,০০০ টাকা

■ **উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
বিজ্ঞাপন খরচ ৪০,০০০ টাকা এবং বিনামূল্যে পণ্য বিতরণ ১০,০০০ টাকা, যা ৪ বছরে অবলোপন করতে হবে।

**২৫. চলতি বছরের বিজ্ঞাপন খরচ কত?**
K ৫০,০০০ টাকা L ৪০,০০০ টাকা
M ১২,৫০০ টাকা N ১০,০০০ টাকা

**২৬. চলতি বছরের শেষে বিলম্বিত বিজ্ঞাপন কত টাকা?**
K ১০,০০০ টাকা L ১২,৫০০ টাকা
M ২৫,০০০ টাকা N ৩৭,৫০০ টাকা

**২৭. ৩২৫ টাকার জায়গায় ৩৫২ টাকা লেখাকে কী ধরনের ভুল বলে?**
K পরিপূরক L নীতিগত
M বাদ পড়ার N লেখার

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
রেওয়ামিলে দেওয়া আছে মনিহারি ৭,০০০ টাকা। প্রারম্ভিক মজুদের মধ্যে মনিহারি অন্তর্ভুক্ত আছে ১,০০০ টাকা এবং সমাপনী মজুদের মধ্যে মনিহারি দ্রব্য আছে ২,০০০ টাকা।

**২৮. আয় বিবরণীতে মনিহারি খরচ কত টাকা দেখাতে হবে?**
K ৮,০০০ টাকা L ৭,০০০ টাকা
M ৬,০০০ টাকা N ৫,০০০ টাকা

**২৯. আর্থিক অবস্থার বিবরণীতে অব্যবহৃত মনিহারি কত হবে?**
K ১,০০০ টাকা L ২,০০০ টাকা
M ৪,০০০ টাকা N ৫,০০০ টাকা

**৩০. মজুরি প্রদান ৫০০ টাকা যা ভাড়া হিসাবে ডেবিট করা হয়েছে। সংশোধনী জাবেদা কী হবে?**
K অনিশ্চিত হিসাব Dr. ৫০০ টাকা
মজুরি হিসাব Cr. ৫০০ টাকা
L অনিশ্চিত হিসাব Dr. ৫০০ টাকা
ভাড়া হিসাব Cr. ৫০০ টাকা
M মজুরি হিসাব Dr. ৫০০ টাকা
ভাড়া হিসাব Cr. ৫০০ টাকা
N ভাড়া হিসাব Dr. ৫০০ টাকা
মজুরি হিসাব Cr. ৫০০ টাকা

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | L | ৩ | K | ৪ | N | ৫ | L | ৬ | L | ৭ | N | ৮ | L | ৯ | L | ১০ | K | ১১ | K | ১২ | N | ১৩ | K | ১৪ | K | ১৫ | M |
| ১৬ | K | ১৭ | M | ১৮ | M | ১৯ | N | ২০ | N | ২১ | M | ২২ | L | ২৩ | K | ২৪ | N | ২৫ | M | ২৬ | N | ২৭ | N | ২৮ | M | ২৯ | L | ৩০ | M |

## ৫৩ ✓ পটুয়াখালী সরকারি মহিলা কলেজ

বিষয় কোড : 2 5 3

### হিসাববিজ্ঞান প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়– ৩০ মিনিট পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. উত্তোলন হিসাব কোন ধরনের হিসাব?**
K স্থায়ী হিসাব L সাময়িক হিসাব
M ব্যয় হিসাব N নামিক হিসাব

**২. ধারে বিক্রয়ের ফলে হিসাব সমীকরণ (A = L + OE) এর কোন উপাদানের পরিবর্তন হবে?**
K A ও L L A ও OE
M L ও OE N AL ও OE

**৩. হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী কে?**
K আয়কর কর্তৃপক্ষ L পাওনাদার
M ব্যবস্থাপক N বিনিয়োগকারী

**৪. নিজের কাজের জন্য অন্যের নিকট দায়বদ্ধতাকে কী বলে?**
K মূল্যবোধ L নৈতিকতা
M জবাবদিহিতা N ভাবমূর্তি

**৫. সমাপনী প্রাপ্য হিসাবের উদ্বৃত্ত–**
K আয় L দায়
M ব্যয় N সম্পদ

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
মাল ক্রয় ২,৮০,০০০ টাকা; প্রারম্ভিক মজুদ ১০,০০০ টাকা; বিক্রীত পণ্যের ব্যয় ২,৫০,০০০ টাকা এবং মোট মুনাফা ৪০,০০০ টাকা।

**৬. সমাপনী মজুদের পরিমাণ কত?**
K ৩০,০০০ টাকা L ৪০,০০০ টাকা
M ৭০,০০০ টাকা N ১,৭০,০০০ টাকা

**৭. বিক্রয়ের পরিমাণ কত?**
K ২,৯০,০০০ টাকা
L ২,৪০,০০০ টাকা
M ২,৩০,০০০ টাকা
N ২,২০,০০০ টাকা

**৮. রেওয়ামিলের ক্রেডিট কলামে কোন দফাগুলো লিপিবদ্ধ হয়?**
K অগ্রিম খরচ ও বকেয়া আয়
L অগ্রিম খরচ ও অগ্রিম আয়
M বকেয়া খরচ ও অগ্রিম আয়
N বকেয়া খরচ ও বকেয়া আয়

**৯. কখন সমাপনী মজুদ পণ্য রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয়?**
K যদি রেওয়ামিলে বিক্রীত পণ্যের ব্যয় অন্তর্ভুক্ত হয়
L যদি ক্রয় ও বিক্রয় রেওয়ামিলে প্রদর্শিত হয়
M যদি সমন্বিত ক্রয় রেওয়ামিলে অন্তর্ভুক্ত না হয়
N যদি রেওয়ামিলে ক্রয় ফেরত ও বিক্রয় ফেরত অন্তর্ভুক্ত হয়

**১০. অগ্রিম বিমা উত্তীর্ণ হয়েছে এর জন্য সমন্বয় দাখিলায় ক্রেডিট হবে কোনটি?**
K অগ্রিম বিমা হিসাব L জীবন বিমা হিসাব
M অগ্নি বিমা হিসাব N বিমা হিসাব

**১১. বিপরীত দাখিলা কখন দেওয়া হয়?**
K হিসাবকালের প্রথম তারিখ
L সমন্বয় দাখিলার পূর্বে
M হিসাবকালের শেষ তারিখ
N আর্থিক বিবরণী তৈরির পূর্বে

**১২. হিসাবচক্রের কোন ধাপটি ঐচ্ছিক?**
K জাবেদা L খতিয়ান
M কার্যপত্র N আর্থিক বিবরণী

**১৩. ব্যবসায়ের মূলধনজাতীয় উপাদানসমূহ দ্বারা কোনটি প্রস্তুত করা হয়?**
K আয় বিবরণী
L আর্থিক অবস্থার বিবরণী
M নগদ প্রবাহ বিবরণী
N মালিকানাস্বত্ব বিবরণী

**১৪. বিক্রয়মূল্যের ওপর মুনাফার হার ২০% হলে বিক্রীত পণ্যের ব্যয়ের ওপর শতকরা হার কত?**
K ১৬.৬৭% L ১৮%
M ২৫% N ৩৩.৩৩%

**১৫. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয়ে কোনটি অন্তর্ভুক্ত হয়?**
K অবচয় L আমদানি শুল্ক
M বহিঃপরিবহন N রপ্তানি শুল্ক

**১৬. কোনটির বৃদ্ধিতে ব্যবসায়ের মূলধন বাড়বে?**
K আয় L ব্যয়
M উত্তোলনের সুদ N উত্তোলন

**১৭. নিট লাভ দ্বারা কী বৃদ্ধি পায়?**
K আয় L সম্পত্তি
M স্বত্বাধিকার N দায়

**১৮. ব্যবসায়ের অভ্যন্তরীণ দায় কোনটি?**
K বকেয়া ঋণের সুদ L প্রদেয় হিসাব
M ব্যাংক ঋণ N মূলধন

**১৯. হিসাব তথ্যের বাহ্যিক ব্যবহারকারী হলো–**
K মালিকপক্ষ L অভ্যন্তরীণ নিরীক্ষক
M বিনিয়োগকারী N ব্যবস্থাপনা কর্তৃপক্ষ

**২০. অনাদায়ি পাওনা কোন জাতীয় হিসাব?**
K আয় L সম্পদ
M ব্যয় N দায়

**২১. বাকিতে পণ্য বিক্রয় হলো কোন ধরনের লেনদেন?**
K নগদ লেনদেন L অদৃশ্য লেনদেন
M আন্তঃলেনদেন N বহিঃলেনদেন

**২২. নিচের কোনটি ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করে?**
K সাধারণ সঞ্চিতি
L দেনাদার বাট্টা সঞ্চিতি
M পাওনাদার বাট্টা সঞ্চিতি
N অনাদায়ি পাওনা সঞ্চিতি

**২৩. নগদ প্রাপ্তি জাবেদার বৈশিষ্ট্য–**
i. নগদ লেনদেন
ii. বিশেষ জাবেদা
iii. ডেবিট উদ্বৃত্ত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৪. হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই করার জন্য হিসাববিজ্ঞানের কোন পদ্ধতিটি তুমি প্রয়োগ করবে?**
K একতরফা দাখিলা পদ্ধতি
L বকেয়াভিত্তিক হিসাব পদ্ধতি
M নগদভিত্তিক হিসাব পদ্ধতি
N দুতরফা দাখিলা পদ্ধতি

**২৫. হাসানকে ঋণ প্রদানের জাবেদা–**
K নগদান ডেবিট, হাসান ক্রেডিট
L হাসান ডেবিট, ঋণ ক্রেডিট
M নগদান ডেবিট, হাসানের ঋণ ক্রেডিট
N হাসানের ঋণ ডেবিট, নগদান ক্রেডিট

**২৬. অন্যান্য ব্যয়–**
i. বিনিয়োগের সুদ
ii. ঋণের সুদ
iii. বিবিধ ক্ষতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৭. আর্থিক বিবরণী প্রস্তুত করা হয় IAS কত অনুযায়ী?**
K IAS-1 L IAS-2 M IAS-7 N IAS-27

**২৮. অবচয় ধার্য করার ক্ষেত্রে বিবেচনা করা হয়–**
i. সম্পত্তির ক্রয়মূল্য
ii. সম্পত্তির ভগ্নাবশেষ মূল্য
iii. আনুমানিক আয়ুষ্কাল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
করিমন লি.-এর প্রতিষ্ঠানের যন্ত্রপাতির ওপর ১০% হারে অবচয় ধার্য করে। ৩০,০০০ টাকা পুস্তকমূল্যের একটি যন্ত্রপাতির পুঞ্জীভূত অবচয় ২০,০০০ টাকা।

**২৯. যন্ত্রটির ক্রয়মূল্য কত টাকা?**
K ১০,০০০ টাকা L ২০,০০০ টাকা
M ৩০,০০০ টাকা N ৫০,০০০ টাকা

**৩০. যন্ত্রটির বর্তমান বিক্রয়মূল্য ৩৫,০০০ টাকা হলে কত টাকা লাভ বা ক্ষতি হবে?**
K ৫,০০০ টাকা লাভ হবে
L ৫,০০০ টাকা ক্ষতি হবে
M ১৫,০০০ টাকা লাভ হবে
N ১৫,০০০ টাকা ক্ষতি হবে

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | L | ৩ | M | ৪ | M | ৫ | N | ৬ | L | ৭ | K | ৮ | M | ৯ | K | ১০ | N | ১১ | K | ১২ | M | ১৩ | L | ১৪ | M | ১৫ | L |
| ১৬ | K | ১৭ | M | ১৮ | N | ১৯ | M | ২০ | M | ২১ | N | ২২ | M | ২৩ | N | ২৪ | N | ২৫ | N | ২৬ | M | ২৭ | K | ২৮ | N | ২৯ | N | ৩০ | K |

## ৫৪ পুলিশ লাইন্স স্কুল এন্ড কলেজ, রংপুর

বিষয় কোড : 2 5 3

### হিসাববিজ্ঞান প্রথম পত্র — বহুনির্বাচনি অভীক্ষা

সময়– ৩০ মিনিট পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. কোনটিকে হিসাবচক্রের ঐচ্ছিক ধাপ বলা হয়?**
K রেওয়ামিল L কার্যপত্র
M জাবেদা N খতিয়ান

**২. কারবারি বাট্টা কোন বইতে লিপিবদ্ধ করা হয়?**
K দুইঘরা নগদান বইতে
L তিনঘরা নগদান বইতে
M খুচরা নগদান বইতে
N হিসাবভুক্ত হয় না

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
মি. জারিফ তার ব্যবসায়ের জন্য ৫% বাট্টায় ২০,০০০ টাকার পণ্য ক্রয় করে তা মি. রিপনের নিকট ৩% বাট্টায় বিক্রয় করেন। উক্ত টাকা তিনি ৫০% নগদে এবং অবশিষ্ট টাকা চেকে আদায় করেন।

**৩. মি. জারিফ কী ধরনের বাট্টা প্রদান করেন?**
K নগদ বাট্টা L কারবারি বাট্টা
M বাকি বাট্টা N কোনোটিই নয়

**৪. মি. জারিফের বইতে ক্রয় হিসাব ডেবিট হবে–**
K ২০,০০০ টাকা L ১৫,০০০ টাকা
M ২১,০০০ টাকা N ১৯,০০০ টাকা

**৫. হিসাব বছরের শুরুতে ব্যবসায়ের সম্পত্তির পরিমাণ ছিল ৯০০ টাকা এবং স্বত্বাধিকার ছিল ৮১৮ টাকা। সারা বছরে সম্পত্তি বৃদ্ধি পেয়েছে ৬০ টাকা এবং দায় হ্রাস পেয়েছে ২০ টাকা। বছর শেষে স্বত্বাধিকারের পরিমাণ কত?**
K ৮৯৮ টাকা L ৮১৮ টাকা
M ৮৪০ টাকা N ৯৮০ টাকা

**৬. হিসাববিজ্ঞানের স্থায়ী বই কোনটি?**
K আর্থিক বিবরণী L লেনদেন
M জাবেদা N খতিয়ান

**৭. ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি করেন কে?**
K ব্যাংক L আমানতকারী
M দেনাদার N পাওনাদার

**৮. রিয়াদ ট্রেডার্সের নগদান বই অনুযায়ী ব্যাংক জমা ৪৫,০০০ টাকা। ব্যাংকে জমাকৃত ৫,০০০ টাকা নগদান বইতে দুইবার ডেবিট করা হয়েছে। ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক ব্যালেন্স কত?**
K ৫,০০০ টাকা L ৪০,০০০ টাকা
M ৪৫,০০০ টাকা N ১০,০০০ টাকা

**৯. নগদান বইয়ের ব্যাংক উদ্বৃত্ত ও ব্যাংক বিবরণীর জেরের মধ্যে পার্থক্যের কারণ হলো–**
i. ইস্যুকৃত চেক ব্যাংকে যথাসময়ে উপস্থাপিত হয়নি
ii. ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ নগদানভুক্ত হয়নি
iii. আদায়ের জন্য জমাকৃত চেক ব্যাংক কর্তৃক আদায় হয়েছে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
সাকিব কোং লি.-এর পাস বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৩০,৪০০ টাকা। চেক কাটা হয়েছে কিন্তু ভাঙানো হয়নি ৭,৪০০ টাকা ও ব্যাংক লভ্যাংশ আদায় করেছে ৬,৬০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি। ব্যাংক কর্তৃক ব্যাংক চার্জ পরিশোধ ২,০০০ টাকা।

**১০. সাকিব কোং লি.-এর নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত কত?**
K ১৪,৪০০ টাকা L ১৬,৪০০ টাকা
M ২৭,৬০০ টাকা N ১৮,৪০০ টাকা

**১১. সাকিব কোং লি.-এর নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ২৫,০০০ টাকা হলে, পাস বই অনুযায়ী উদ্বৃত্ত কত হবে?**
K ২৯,৬০০ টাকা L ৩০,৪০০ টাকা
M ৩৭,০০০ টাকা N ৩৯,০০০ টাকা

**১২. কোনটি কন্ট্রা সম্পত্তি?**
K বকেয়া ব্যয়
L অনাদায়ি পাওনা সঞ্চিতি
M পাওনাদার বাট্টা সঞ্চিতি
N অগ্রিম আয়

**১৩. ব্যবসায়ের অভ্যন্তরীণ দায় কোনটি?**
K বকেয়া ঋণের সুদ L প্রদেয় হিসাব
M ব্যাংক ঋণ N মূলধন

**১৪. অনিশ্চিত হিসাব হলো একটি–**
i. সাময়িক হিসাব
ii. অস্থায়ী হিসাব
iii. নামিক হিসাব
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
প্রারম্ভিক মজুদ পণ্য ৫০,০০০ টাকা, ক্রয়ের পরিমাণ ১,৩২,০০০ টাকা, বহিঃফেরত ৫,০০০ টাকা, ক্রয় বাট্টা ২,০০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ১৫,০০০ টাকা।

**১৫. সমন্বিত ক্রয়ের পরিমাণ কত?**
K ১,৬০,০০০ টাকা L ১,১০,০০০ টাকা
M ১,৪০,০০০ টাকা N ৯০,০০০ টাকা

**১৬. সমাপনী মজুদ পণ্যের বাজারমূল্য ১০,০০০ টাকা হলে মোট লাভের ওপর কী প্রভাব পড়বে?**
K ৫,০০০ টাকা বৃদ্ধি পায়
L ৫,০০০ টাকা হ্রাস পায়
M ১০,০০০ টাকা হ্রাস পায়
N ১০,০০০ টাকা বৃদ্ধি পায়

**১৭. অপরিচালন আয় হলো–**
i. বাট্টা প্রাপ্তি
ii. শিক্ষানবিশ সেলামি
iii. উপভাড়া
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৮. মূলধনের পরিমাণ ১,২০,০০০ টাকা, সাধারণ সঞ্চিতি ৩০,০০০ টাকা, ঋণ ২০,০০০ টাকা, বিবিধ পাওনাদার ৪৫,০০০ টাকা হলে বহির্দায়ের পরিমাণ কত?**
K ২০,০০০ টাকা L ৪৫,০০০ টাকা
M ৫০,০০০ টাকা N ৬৫,০০০ টাকা

**১৯. রেওয়ামিল হিসাবচক্রের কোন ধাপ?**
K প্রথম ধাপ L দ্বিতীয় ধাপ
M তৃতীয় ধাপ N চতুর্থ ধাপ

**২০. নিচের কোনটি নগদ টাকায় পাওয়া যায় না?**
K প্রাপ্ত বাট্টা L প্রাপ্ত সুদ
M প্রাপ্ত কমিশন N প্রাপ্ত ভাড়া

**২১. বিক্রেতার নিকট ভ্যাট কী?**
K আয় L ব্যয়
M দায় N সম্পদ

■ **উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
G লি. এর যন্ত্রপাতির ক্রয়মূল্য ৫,০০,০০০ টাকা, সংস্থাপন ব্যয় ২৫,০০০ টাকা এবং ১৫% হারে ভ্যাট প্রদান করেন। যন্ত্রটির আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৫০,০০০ টাকা অনুমান করে অবচয় ধার্য করেন।

**২২. সরলরৈখিক পদ্ধতিতে বার্ষিক অবচয়ের পরিমাণ কত?**
K ৫০,০০০ টাকা L ৫২,৫০০ টাকা
M ৫৫,০০০ টাকা N ৬০,০০০ টাকা

**২৩. যদি ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে ২০% হারে অবচয় ধার্য করা হয় তবে আর্থিক অবস্থার কী পরিবর্তন হয়?**
i. মালিকানাস্বত্ব হ্রাস পায়
ii. স্থায়ী সম্পদের মূল্য হ্রাস পায়
iii. দীর্ঘমেয়াদি দায় হ্রাস পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৪. স্থায়ী সম্পদের মূল্যকে আনুমানিক আয়ুষ্কালের মধ্যে যুক্তিসংগত ভিত্তিতে বণ্টন করার পদ্ধতিকে কী বলা হয়?**
K অবলোপন L অবচয়
M প্রভিশন N নিঃশেষকরণ

**২৫. অতিরিক্ত অবচয় ধার্য করা হলে–**
i. সম্পত্তি কম দেখানো হয়
ii. মালিকানাস্বত্ব কম দেখানো হয়
iii. আয় বেশি দেখানো হয়
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও ii M ii ও iii N i, ii ও iii

**২৬. ব্যাংক বিবরণীর ক্রেডিট উদ্বৃত্ত দ্বারা কী বুঝায়?**
K ব্যাংক জমাতিরিক্ত L ব্যাংক জমার উদ্বৃত্ত
M ব্যাংকের স্থায়ী জমা N ব্যাংক ঋণ

**২৭. একটি ফার্মের বিক্রীত পণ্যের ব্যয় ৫,৪০,০০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ৩৫,০০০ টাকা এবং প্রারম্ভিক মজুদ পণ্য ২৫,০০০ টাকা হলে চলতি বছরের ক্রয়ের পরিমাণ কত?**
K ৬,০০,০০০ টাকা L ৫,৫০,০০০ টাকা
M ৫,৩০,০০০ টাকা N ৪,৮০,০০০ টাকা

**২৮. ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ–**
i. নগদান বইতে ক্রেডিট করা হয়
ii. ব্যাংক বিবরণীতে ডেবিট করা হয়
iii. ব্যাংক বিবরণীতে ক্রেডিট করা হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৯. পুঞ্জীভূত অবচয় কোন ধরনের হিসাব?**
K সম্পদ হিসাব L দায় হিসাব
M কন্ট্রা দায় হিসাব N কন্ট্রা সম্পদ হিসাব

**৩০. মূলধনের সুদ কারবারের জন্য কী?**
K আয় L দায়
M ব্যয় N সম্পদ

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | N | ৩ | L | ৪ | N | ৫ | K | ৬ | N | ৭ | L | ৮ | L | ৯ | K | ১০ | N | ১১ | M | ১২ | L | ১৩ | N | ১৪ | K | ১৫ | K |
| ১৬ | L | ১৭ | M | ১৮ | N | ১৯ | N | ২০ | K | ২১ | M | ২২ | M | ২৩ | K | ২৪ | L | ২৫ | L | ২৬ | L | ২৭ | L | ২৮ | K | ২৯ | N | ৩০ | M |

## ৫৫ শহীদ সৈয়দ নজরুল ইসলাম কলেজ, ময়মনসিংহ

বিষয় কোড : 2 5 3

### হিসাববিজ্ঞান প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়— ৩০ মিনিট পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. হিসাববিজ্ঞানকে বলা হয়—**
K ব্যবসায়ের চালিকাশক্তি
L ব্যবসায়ের পরিভাষা
M ব্যবসায়ের হাতিয়ার
N ব্যবসায়ের ভাষা

**২. বিনিময় প্রথা চালু হয় কখন?**
K মুদ্রা প্রচলনের পূর্ববর্তী সময়ে
L মুদ্রা প্রচলনের পরবর্তী সময়ে
M কৃষিকাজ আরম্ভ করার সময়ে
N সভ্যতার সূচনা লগ্নে

**৩. সম্পত্তি-বহির্দায় =?**
K কার্যকরী মূলধন L মালিকানাস্বত্ব
M স্থায়ী সম্পদ N চলতি সম্পদ

**৪. হিসাব তথ্যের বাহ্যিক ব্যবহারকারী হলো—**
i. ব্যবস্থাপক
ii. সরকার
iii. পাওনাদার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সৌরভ নগদ ১,০০,০০০ টাকা; পণ্যদ্রব্য ৬০,০০০ টাকা (ধারে ক্রয়কৃত) এবং ব্যক্তিগত ঋণ ৪০,০০০ টাকা নিয়ে ব্যবসা আরম্ভ করেন।

**৫. জনাব সৌরভের প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত?**
K ১,০০,০০০ টাকা L ১,৪০,০০০ টাকা
M ১,৬০,০০০ টাকা N ২,০০,০০০ টাকা

**৬. ধারে ক্রয়ের ফলে হিসাব সমীকরণে—**
i. মালিকানাস্বত্ব হ্রাস পায়
ii. সম্পত্তির হ্রাস ঘটে
iii. দায় বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৭. কে চালান প্রস্তুত করেন?**
K পাওনাদার L বিনিয়োগকারী
M ক্রেতা N বিক্রেতা

**৮. হিসাববিজ্ঞানের কোন নীতি অনুযায়ী স্থায়ী সম্পদ লিপিবদ্ধ করা হয়?**
K পূর্ণ প্রকাশ L রক্ষণশীল
M ঐতিহাসিক N সামঞ্জস্য

**৯. খতিয়ানের যোগফলের নিচে দুটি সমান্তরাল রেখা টানা হয় কেন?**
K হিসাব শুরু করার জন্য
L হিসাব বন্ধ করার জন্য
M টাকার পরিমাণ সমান দেখানোর জন্য
N অসমান টাকার পরিমাণ নির্ণয়ের জন্য

**১০. একটি পণ্যের তালিকা মূল্য ৪৫,০০০ টাকা। কারবারি বাট্টা ১০% এবং নগদ বাট্টা ৫% অনুমোদন করা হলে, নগদ বাট্টার পরিমাণ কত?**
K ২,০২৫ টাকা L ২,১৭৫ টাকা
M ৪,৫০০ টাকা N ৬,৭৫০ টাকা

**১১. ইস্যুকৃত কিন্তু উপস্থাপিত হয়নি এমন চেককে কী বলে?**
K মেয়াদোত্তীর্ণ চেক L প্রত্যাখ্যাত চেক
M বকেয়া চেক N অগ্রিম চেক

**১২. ব্যাংক ক্রেডিট মেমোরেন্ডাম ইস্যু করে—**
i. ব্যাংক কর্তৃক সরাসরি প্রাপ্য হিসাবের অর্থ আদায়ের জন্য
ii. ব্যাংক কর্তৃক সুদ মঞ্জুরের জন্য
iii. ব্যাংক কর্তৃক সরাসরি পরিশোধের জন্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৩. চেক প্রস্তুতকারীকে কী বলে?**
K প্রাপক L স্বীকৃতিকারী
M আদিষ্ট N আদেষ্টা

**১৪. শাহানা ট্রেডার্সের নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৯০,০০০ টাকা। ব্যাংক জমা ১০,০০০ টাকা নগদান বইতে দু'বার ডেবিট করা হয়েছে। ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক ব্যালেন্স কত?**
K ১০,০০০ টাকা L ৮০,০০০ টাকা
M ৯০,০০০ টাকা N ১,০০,০০০ টাকা

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
আবীর এন্ড কোং-এর ব্যবসায় স্থাপনাটি নতুন করে তৈরি করে এবং এ দালানটি তৈরির জন্য ৫,০০,০০০ টাকা খরচ হয় এছাড়াও দালান রং করার জন্য আরও ২০,০০০ টাকা খরচ করে। দালানের রং খরচের জন্য মেরামত হিসাবকে ডেবিট করেছে। আসলে এটি একটি অনিচ্ছাকৃত ভুল।

**১৫. উপর্যুক্ত ভুলটির সংশোধনী জাবেদা হবে—**
K দালানকোঠা হিসাব ডেবিট নগদান হিসাব ক্রেডিট
L দালানকোঠা হিসাব ডেবিট মেরামত হিসাব ক্রেডিট
M অনিশ্চিত হিসাব ডেবিট মেরামত হিসাব ক্রেডিট
N মেরামত হিসাব ডেবিট অনিশ্চিত হিসাব ক্রেডিট

**১৬. উপর্যুক্ত ভুলটি কোন ধরনের?**
K বাদ পড়ার ভুল L পরিপূরক ভুল
M নীতিগত ভুল N লেখার ভুল

**১৭. রেওয়ামিল কখন তৈরি করা হয়?**
K কোনো নির্দিষ্ট দিনে L ৩১ ডিসেম্বর তারিখে
M ৩০ জুন তারিখে N প্রতি মাসের শেষে

**১৮. কোন ভুলটির কারণে রেওয়ামিল অমিল হবে?**
K পণ্য বিক্রয় হিসাবের বইতে লেখা হয় নি
L মজুরি হিসাবের পরিবর্তে যন্ত্রপাতি হিসাব ডেবিট করা
M নগদান ও বিক্রয় উভয় হিসাবে ৫,০০০ টাকা কম লেখা
N ২,০০০ টাকা বেতন প্রদান, বেতন হিসাবে দু'বার ডেবিট করা

**১৯. ভুল সংশোধনী দাখিলা হিসাববিজ্ঞানের কোন নীতি অনুযায়ী দিতে হয়?**
K রক্ষণশীলতার নীতি L পূর্ণপ্রকাশের নীতি
M মিলকরণ নীতি N বস্তুনিষ্ঠতার নীতি

■ **উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
সুমেশ্বরী এন্টারপ্রাইজের সমাপনী মজুদ পণ্য ৬০,০০০ টাকা মূল্যায়ন করা হয় যার মধ্যে আগুনে বিনষ্ট পণ্য ১৫,০০০ টাকা অন্তর্ভুক্ত রয়েছে। বিমা কোম্পানি ২০% বিমা দাবি স্বীকার করেছে।

**২০. আগুনে বিনষ্ট ক্ষতি বা বিবিধ ক্ষতি বাবদ বিশদ আয় বিবরণীতে কত টাকা দেখাতে হবে?**
K ১৮,০০০ টাকা L ১৫,০০০ টাকা
M ১২,০০০ টাকা N ৩,০০০ টাকা

**২১. যদি আগুনে বিনষ্ট পণ্য ৩,০০০ টাকায় ভগ্নাবশেষ মূল্যে বিক্রি করা যায় তাহলে বিমা কোম্পানি কত টাকা ক্ষতিপূরণ করবে?**
K ২,৪০০ টাকা L ৩,০০০ টাকা
M ১২,০০০ টাকা N ১৫,০০০ টাকা

**২২. কার্যপত্রের মূল বৈশিষ্ট্য কী?**
K হিসাবের স্থায়ী বই
L হিসাবের খসড়া বই
M হিসাবের অপরিহার্য বই
N হিসাবের চূড়ান্ত বই

**২৩. সমাপনী জাবেদা প্রস্তুত করা হয়—**
i. আয়ের হিসাব বন্ধ করার জন্য
ii. খরচের হিসাব বন্ধ করার জন্য
iii. লাভ বা ক্ষতি মূলধন হিসাবে স্থানান্তরের জন্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৪. অবচয় কোন ধরনের লেনদেন?**
K ধারে লেনদেন L নগদ লেনদেন
M অদৃশ্যমান লেনদেন N দৃশ্যমান লেনদেন

**২৫. সুজন এন্ড কোং সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করে। প্রতিষ্ঠানটির সরঞ্জামের ৫ বছরের পুঞ্জীভূত অবচয় ২৫,০০০ টাকা। সরঞ্জামটির ক্রয়মূল্য ছিল ৫০,০০০ টাকা এবং বার্ষিক লাইসেন্স ফি ১০,০০০ টাকা, সরঞ্জামের বার্ষিক অবচয় কত?**
K ২,৫০০ টাকা L ৪,০০০ টাকা
M ৫,০০০ টাকা N ৬,০০০ টাকা

**২৬. কোন পদ্ধতিতে অবচয় নির্ণয় আয়কর আইন দ্বারা স্বীকৃত?**
K অবচয় ভাণ্ডার পদ্ধতি
L ক্রমহ্রাসমান জের পদ্ধতি
M স্থির কিস্তি পদ্ধতি
N বার্ষিক বিমা কিস্তি পদ্ধতি

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
রহমান ট্রেডার্স ২০২১ সালে ভোক্তাদের মধ্যে ১০,০০০ টাকার পণ্য বিনামূল্যে বিতরণ করে যা হিসাবভুক্ত হয়নি। প্রতিষ্ঠানটির মোট বিজ্ঞাপন খরচ ৩ বছরে অবলোপন করতে হবে। (রেওয়ামিলে প্রদর্শিত বিজ্ঞাপন ৮০,০০০ টাকা।)

**২৭. রহমান ট্রেডার্সের মোট বিজ্ঞাপনের পরিমাণ কত?**
K ১,০০,০০০ টাকা L ৯০,০০০ টাকা
M ৮০,০০০ টাকা N ১০,০০০ টাকা

**২৮. ২০২১ সালে বিলম্বিত বিজ্ঞাপনের পরিমাণ কত?**
K ৬০,০০০ টাকা L ৫৩,৩৩৩ টাকা
M ৩০,০০০ টাকা N ২৬,৬৬৭ টাকা

**২৯. আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়—**
i. আর্থিক ফলাফল নির্ণয় করার জন্য
ii. আর্থিক অবস্থা নিরূপণের জন্য
iii. বিভিন্ন পক্ষের নিকট তথ্য সরবরাহের জন্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. সোনালী ট্রেডার্সের বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ ৫,০০,০০০ টাকা। প্রতিষ্ঠানটির বিক্রয়ের ওপর মোট লাভের হার ২০%। সোনালী ট্রেডার্সের বিক্রয়ের পরিমাণ কত?**
K ৫,৫০,০০০ টাকা L ৫,৭৫,০০০ টাকা
M ৬,০০,০০০ টাকা N ৬,২৫,০০০ টাকা

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | K | ৩ | L | ৪ | M | ৫ | N | ৬ | L | ৭ | M | ৮ | M | ৯ | L | ১০ | K | ১১ | M | ১২ | K | ১৩ | N | ১৪ | L | ১৫ | L |
| ১৬ | M | ১৭ | K | ১৮ | N | ১৯ | L | ২০ | M | ২১ | K | ২২ | L | ২৩ | N | ২৪ | M | ২৫ | M | ২৬ | M | ২৭ | L | ২৮ | K | ২৯ | N | ৩০ | N |

# এক্সক্লুসিভ মডেল টেস্ট : সৃজনশীল

## ৫৬ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১

বিষয় কোড : 2 5 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

**হিসাববিজ্ঞান প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন**

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ শিফাত টেলিকম সার্ভিস-এর ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ :

**শিফাত টেলিকম সার্ভিস-এর**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখের

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ১,৪০,০০০ |
| সেবা আয় | | ৭৪,০০০ |
| বেতন খরচ | ২০,০০০ | |
| অগ্রিম বিমা | ১৪,০০০ | |
| মেরামত সামগ্রী | ৪৫,০০০ | |
| অনুপার্জিত সেবা আয় | | ২৫,০০০ |
| টেলিকম সরঞ্জাম | ১,৮০,০০০ | |
| উত্তোলন | ১০,০০০ | |
| পুঞ্জীভূত অবচয় ও টেলিকম সরঞ্জাম | | ৯,০০০ |
| প্রদেয় নোট | | ৫২,০০০ |
| আসবাবপত্র | ১৬,০০০ | |
| নগদ তহবিল | ১৫,০০০ | |
| | ৩,০০,০০০ | ৩,০০,০০০ |

**সমন্বয়সমূহ :** (i) অতিক্রান্ত বিমা সেলামি ১২,০০০ টাকা। (ii) অব্যবহৃত মেরামত সামগ্রীর মজুদের পরিমাণ ৫,০০০ টাকা। (iii) টেলিকম সরঞ্জামের ওপর ৫% অবচয় নির্ণয় কর। (iv) অনুপার্জিত সেবা আয়ের ২১,০০০ টাকা উপার্জিত হয়েছে।

ক. সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় সমন্বয় দাখিলা দাও। ৪

গ. নিট মুনাফার পরিমাণ ১৪,০০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

২ ▸ মুন লাইট সার্ভিস এজেন্সি-এর ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিচে দেয়া হলো :

**মুন লাইট সার্ভিস এজেন্সি-এর**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২০

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| হাতে নগদ | ৩০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৮০,০০০ | |
| অফিস সরঞ্জাম | ১,২০,০০০ | |
| পুঞ্জীভূত অবচয়-অফিস সরঞ্জাম | | ১২,০০০ |
| প্রদেয় হিসাব | | ৩৬,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | | ১২,০০০ |
| মূলধন | | ১,৩০,০০০ |
| উত্তোলন | ১৬,০০০ | |
| সেবা আয় | | ১,৫০,০০০ |
| ১০% বিনিয়োগ (১-১-২০২০) | ৪০,০০০ | |
| সাধারণ খরচ | ৩৬,০০০ | |
| অগ্রিম বিমা | ৮,০০০ | |
| সাপ্লাইজ | ১০,০০০ | |
| | ৩,৪০,০০০ | ৩,৪০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) অনুপার্জিত সেবা আয়ের ৮,০০০ টাকা উপার্জিত হয়েছে। (২) প্রতি মাসে ৫০০ টাকা করে বিমা খরচ অতিক্রান্ত হয়েছে। (৩) সাপ্লাইজ ৩,০০০ টাকা মজুদ আছে। (৪) অফিস সরঞ্জামের ওপর ১০% অবচয় ধরতে হবে।

ক. চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখে মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

৩ ▸ জনাব কামাল ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ৫০,০০০ টাকা, ২০,০০০ টাকার পণ্যদ্রব্য এবং ৩০,০০০ টাকা ঋণ নিয়ে কারবার শুরু করেন। উক্ত মাসে তার কারবারের অন্যান্য লেনদেনসমূহ ছিল নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| জানু. | ৫ | তামিমের নিকট নগদে মাল বিক্রয় ৪০,০০০ টাকা। |
| " | ৮ | নগদে আসবাবপত্র ক্রয় ১০,০০০ টাকা। |
| " | ১২ | ভ্যাটসহ নগদে মাল ক্রয় ৩৪,৫০০ টাকা। |
| " | ১৫ | বহিঃফেরত ৭,০০০ টাকা। |
| " | ২০ | কমিশন পাওয়া গেল ৫,০০০ টাকা। |
| " | ২৩ | রুবেলের নিকট হতে পণ্য ক্রয় ১৫,০০০ টাকা। |
| " | ২৭ | ভাড়া প্রদান ১২,০০০ টাকা। |
| " | ৩০ | রুবেলকে তার পাওনা টাকার পূর্ণ নিষ্পত্তিতে ১১,৫০০ টাকা প্রদান করা হলো। |

ক. জনাব কামালের প্রারম্ভিক মূলধন গণনাসহ নির্ণয় কর। ২

খ. ১২, ১৫, ২০ ও ৩০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

গ. ৫, ৮, ২৩ ও ২৭ তারিখের লেনদেনগুলোর সাহায্যে টেবুলার ছকে হিসাব সমীকরণের প্রভাব দেখাও। ৪

৪ ▸ শঙ্খচিল ট্রেডিং ২০২১ সালের ১ জুলাই নগদ ৮০,০০০ টাকা, আসবাবপত্র ৪০,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ৫০,০০০ টাকা নিয়ে ব্যবসায় আরম্ভ করে। সংশ্লিষ্ট মাসে ব্যবসায়ের অন্যান্য লেনদেন নিম্নরূপ ছিল :

২০২১

| | | |
|---|---|---|
| জুলাই | ৩ | ১০% বাট্টায় জনাব আকাশের নিকট বিক্রয় ৪০,০০০ টাকা। |
| " | ৯ | ৫% বাট্টায় নগদ ক্রয় ৩০,০০০ টাকা। |
| " | ১৫ | ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন ৮,০০০ টাকা। |
| " | ২০ | পুরাতন আসবাবপত্র বিক্রয় ১৫,০০০ টাকা। |
| " | ২৩ | রূপালি লিমিটেডের শেয়ার ক্রয় ৫০,০০০ টাকা। |
| " | ২৭ | জুলাই ৩ তারিখে পাওনা ৫% বাট্টায় পূর্ণ নিষ্পত্তিতে আদায় হলো। |
| " | ৩০ | নগদ বিক্রয় ২৫,০০০ টাকা। |

ক. নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. জুলাই ৯, ১৫, ২৩ ও ২৭ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

গ. চলমান জের ছকে আসবাবপত্র হিসাব ও বিক্রয় হিসাব প্রস্তুত কর। ৪

৫ ▸ সাত্তার অ্যান্ড ব্রাদার্স অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই সংরক্ষণ করে। ২০২০ সালের জুন মাসে তার নিম্নলিখিত খুচরা নগদান সম্পন্ন হয় :

২০২০

জুন ১ খুচরা নগদ তহবিল ১৫০ টাকা।
" ১ অগ্রদত্ত টাকার সমতা বিধানের জন্য প্রধান ক্যাশিয়ারের নিকট হতে প্রাপ্তি ৩৫০ টাকা।
" ৫ রিকশা ভাড়া প্রদান করা হলো ৪০ টাকা।
" ৭ কুলি ও বহন খরচ প্রদান ১০০ টাকা।
" ৮ মনিহারি ক্রয় ২০ টাকা।
" ১০ যাতায়াত খরচ প্রদান ৩০ টাকা।
" ২০ মাল বহনের খরচ ১০ টাকা।
" ২২ বাস ভাড়া প্রদান ১৫ টাকা।
" ২৫ ভিক্ষুককে প্রদান ৫ টাকা।

ক. অগ্রদত্ত টাকার পরিমাণ নির্ণয় কর। ২
খ. জুন ১, ৭, ১০ এবং ২৫ তারিখের লেনদেনের জাবেদা দাখিলা দাও। ৪
গ. যথাযথ পদ্ধতিতে একটি খুচরা নগদান বই প্রস্তুত কর। ৪

৬ ▸ ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে সাকিবের নিম্নলিখিত তথ্যাবলি হতে প্রশ্নগুলোর উত্তর দাও :

(১) পাস বই অনুযায়ী ব্যাংক জমাতিরিক্ত ৫০,০০০ টাকা; (২) ১৫,০০০ টাকার ইস্যুকৃত একটি চেক পরিশোধের জন্য এখনও ব্যাংকে উপস্থাপিত হয়নি; (৩) ২০,০০০ টাকার একটি চেক আদায়ের জন্য ব্যাংকে জমা দেওয়া হয়েছে কিন্তু ব্যাংক কর্তৃক এখনও আদায় হয়নি; (৪) ব্যাংক কর্তৃক লভ্যাংশ আদায় ৫,০০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি; (৫) ব্যাংক কর্তৃক প্রদেয় হিসাবের ১০,০০০ টাকা পরিশোধ যা নগদান বইতে লেখা হয়নি; (৬) ব্যাংক কর্তৃক প্রাপ্য হিসাবের ২,৫০০ টাকা সরাসরি আদায় যা নগদান বইতে লেখা হয়নি; (৭) ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ ৫০০ টাকা যা নগদান বইতে লিখা হয়নি।

ক. ব্যাংক বিবরণীতে লেখা হয়নি এরূপ লেনদেনের মোট টাকার পরিমাণ কত? ২
খ. ব্যাংক বিবরণীতে লিপিবদ্ধ হয়েছে এরূপ লেনদেনসমূহের জাবেদা দাখিলা দাও। ৪
গ. উপরিউক্ত তথ্যাবলি হতে ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

৭ ▸ মনি ট্রেডার্স এর ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ানের উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| মূলধন | ১,০০,০০০ |
| উত্তোলন | ৫,০০০ |
| কলকব্জা | ৮০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২৫,০০০ |
| হাতে নগদ | ১৭,০০০ |
| প্রদেয় হিসাব | ৫,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ২০,০০০ |
| বিক্রয় | ৯০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৮,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৩,০০০ |
| পণ্য ক্রয় | ৬০,০০০ |
| ঋণের সুদ | ২,০০০ |
| বকেয়া ভাড়া | ৩,০০০ |
| শিক্ষানবিশ ভাতা | ২,০০০ |
| প্রদেয় নাট | ৪,০০০ |
| বিক্রয় বাট্টা | ১,০০০ |
| বিক্রয় পরিবহন | ৫,০০০ |

ক. সমন্বিত ক্রয়ের পরিমাণ গণনাসহ নির্ণয় কর। ২
খ. মুনাফাজাতীয় ব্যয় ও চলতি দায়ের পরিমাণ গণনাসহ নির্ণয় কর। ৪
গ. সমন্বিত ক্রয়কে অন্তর্ভুক্ত করে রেওয়ামিল প্রস্তুত কর। ৪

৮ ▸ শাপলা ট্রেডার্সের হিসাব বইতে নিম্নলিখিত ভুলগুলো রেওয়ামিল তৈরির পর ধরা পড়ে :

(১) আসবাবপত্র ক্রয় ১০,০০০ টাকা, ক্রয় হিসাবে ডেবিট করা হয়েছে।
(২) বিক্রয় হিসাবের যোগফল ৫,০০০ টাকা কম দেখানো হয়েছে।
(৩) জীবন বিমা প্রিমিয়াম ১,২০০ টাকা প্রদান করে বিমা হিসাবে ডেবিট করা হয়েছে।
(৪) যন্ত্রপাতি সংস্থাপন ব্যয় ৩,৫০০ টাকা যন্ত্রপাতি মেরামত হিসাবে লেখা হয়েছে।
(৫) ৬,৫০০ টাকার পুরাতন আসবাবপত্র বিক্রয় করে আসবাবপত্র হিসাবে ৫,৬০০ টাকা লেখা হয়েছে।
(৬) পাওনাদারকে প্রদত্ত ২,০০০ টাকা হিসাবের বইতে লেখা হয়নি।

ক. উপর্যুক্ত তথ্য হতে নীতিগত ভুল/ভুলগুলো চিহ্নিত করে পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২, ৩, ৪ ও ৫নং তথ্যগুলোর ভুল সংশোধনী দাখিলা দেখাও (ব্যাখ্যার প্রয়োজন নাই)। ৪
গ. অনিশ্চিত হিসাবের ক্রেডিট জের ৫,৯০০ টাকা ধরে নিয়ে অনিশ্চিত হিসাব প্রস্তুত কর। ৪

৯ ▸ ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে জনাব ফয়সালের ব্যবসায়ের রেওয়ামিলটি ছিল নিম্নরূপ :

**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখের

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ৮০,০০০ |
| পণ্য ক্রয় | ১,৪০,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৩০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১,০০,০০০ | |
| বিক্রয় | | ২,৪০,০০০ |
| বেতন | ২০,০০০ | |
| অগ্রিম ভাড়া | ৩০,০০০ | |
| | ৩,২০,০০০ | ৩,২০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৮০,০০০ টাকা; (২) ১০,০০০ টাকার ধারে পণ্য বিক্রয় হিসাবভুক্ত হয়নি; (৩) বেতন অগ্রিম প্রদত্ত হয়েছে ৮,০০০ টাকা; (৪) অগ্রিম ভাড়ার ২৪,০০০ টাকা অতিক্রান্ত হয়েছে।

ক. আর্থিক অবস্থার বিবরণীতে প্রদর্শিত অগ্রিম ভাড়ার পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত সমন্বয়গুলোর জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. উপর্যুক্ত তথ্যাবলির আলোকে একটি দশঘরবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত কর। ৪

১০ ▸ মুশফিক এন্টারপ্রাইজ ২০২০ সালের ১ জানুয়ারি ৮,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন বিদেশ থেকে আমদানি করে। মেশিনটির সংস্থাপন ব্যয় হয়েছিল ২,০০,০০০ টাকা, যার মধ্যে মজুরি অন্তর্ভুক্ত ছিল ৫০,০০০ টাকা। মেশিনটির ভগ্নাবশেষ মূল্য ৫০,০০০ টাকা অনুমান করা হয়। মেশিনটির কার্যকর আয়ুষ্কাল ১০ বছর। প্রতিষ্ঠানটির হিসাব বছর শেষ হয় প্রতি বছর ৩১ ডিসেম্বর। সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ক. মেশিনটির অবচয়যোগ্য মূল্য কত? ২
খ. প্রথম দুই বছরের জন্য জাবেদা দাখিলা দাও। ৪
গ. প্রথম দুই বছরের জন্য মেশিন হিসাব ও পুঞ্জীভূত অবচয় মেশিন হিসাব প্রস্তুত কর। ৪

১১ ▸ ২০১৯ সালের ১ জানুয়ারি তারিখে "ফিরোজ ট্রেডার্স"-এর যন্ত্রপাতি হিসাবের উদ্বৃত্ত ছিল ২,০০,০০০ টাকা (ক্রয়মূল্য) এবং পুঞ্জীভূত অবচয় হিসাবের উদ্বৃত্ত ছিল ৩০,০০০ টাকা। ২০২০ সালের ১ জুলাই তারিখে ৪,০০,০০০ টাকায় একটি নতুন মেশিন ক্রয় করা হয়। প্রতিষ্ঠানটি ১০% হারে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করে থাকে। হিসাব বন্ধের তারিখ ৩১ ডিসেম্বর।

ক. ২০১৯ ও ২০২০ সালের অবচয় নির্ণয় কর। ২
খ. ২০১৯ ও ২০২০ সালের জাবেদা দাখিলা দাও। ৪
গ. যন্ত্রপাতি হিসাব ও পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

## ৫৭ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২

বিষয় কোড : 2 5 3

### হিসাববিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে শফিক ট্রেডার্সের রেওয়ামিল নিম্নরূপ :

**শফিক ট্রেডার্সের**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২০

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মজুদ পণ্য (১-১-২০২০) | ২০,০০০ | |
| পণ্য ক্রয় ও বিক্রয় (১৫% ভ্যাটসহ) | ৮০,৫০০ | ১,১৫,০০০ |
| মজুরি | ৫,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৩০,০০০ | ২০,০০০ |
| অনাদায়ি পাওনা | ২,০০০ | |
| ৮% ঋণ | | ৫০,০০০ |
| মূলধন | | ৪২,৫০০ |
| হাতে নগদ ও ব্যাংক জমা | ৯০,০০০ | |
| | ২,২৭,৫০০ | ২,২৭,৫০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ২৭,০০০ টাকা। (২) ধারে বিক্রয় ৪৬,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি। (৩) প্রাপ্য হিসাবের ৫% অনাদায়ি পাওনা সঞ্চিতি রাখতে হবে।

ক. ভ্যাট চলতি হিসাব প্রস্তুত কর। ২
খ. মোট মুনাফা বা মোট ক্ষতি নির্ণয় কর। ৪
গ. মোট দায় ও মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে 'শাকিল এন্টারপ্রাইজের' রেওয়ামিল নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মজুদ পণ্য (০১-০১-২০২১) | ৭৫,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ১,৫০,০০০ | ৩,০০,০০০ |
| ফেরত | ৫,০০০ | ৬,০০০ |
| মজুরি | ৭,০০০ | |
| ক্রয় পরিবহন | ১৪,০০০ | |
| উত্তোলন ও মূলধন | ১৫,০০০ | ২,৫০,০০০ |
| প্রশাসনিক ও বিক্রয় খরচ | ৯০,০০০ | |
| ১০% বিনিয়োগ | ২,০০,০০০ | |
| | ৫,৫৬,০০০ | ৫,৫৬,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ৭০,০০০ টাকা (বাজারমূল্য ৬০,০০০ টাকা); (২) বছর শেষে বিক্রয়কৃত ৮,০০০ টাকার পণ্য ক্রেতাকে সরবরাহ করা হয়নি যা সমাপনী মজুদের অন্তর্ভুক্ত আছে। উক্ত পণ্যের ক্রয়মূল্য ৬,০০০ টাকা এবং বাজারমূল্য ৫,১০০ টাকা; (৩) মালিক কর্তৃক প্রদত্ত ৫,০০০ টাকা বিক্রয়ের মধ্যে অন্তর্ভুক্ত আছে; (৪) মজুরি অপ্রদত্ত রয়েছে ৩,০০০ টাকা।

ক. সমাপনী মজুদ পণ্যের প্রকৃত মূল্যের পরিমাণ কত টাকা? ২
খ. ২০২১ সালে সমাপ্ত বছরের আয় বিবরণীর মাধ্যমে মোট লাভের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. নিট লাভ ২৪,০০০ টাকা ধরে নিয়ে একটি মালিকানাস্বত্ব বিবরণী তৈরি কর। ৪

৩ ▸ জনাব খোকন ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ৪০,০০০ টাকা এবং ১০,০০০ টাকার খুচরা যন্ত্রাংশ নিয়ে একটি 'মোবাইল সার্ভিসিং সেন্টার' নামে প্রতিষ্ঠান আরম্ভ করেন। উক্ত মাসে তার প্রতিষ্ঠানে নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয় :

জানু. ২ দোকান ভাড়া বাবদ নগদ ৪,০০০ টাকা প্রদান করেন।
" ১০ জনাব খোকন একটি মেশিন ক্রয় করেন ৫০,০০০ টাকা যার মধ্যে ২০,০০০ টাকা নগদ প্রদান করেন এবং অবশিষ্ট টাকার জন্য একটি প্রদেয় নোটে স্বীকৃতি দেন।
" ১৫ তিনি এক বছরের বিমা প্রিমিয়াম বাবদ নগদ ২,৪০০ টাকা প্রদান করেন।
" ১৮ পত্রিকায় বিজ্ঞাপন প্রদান ২,০০০ টাকা; যা এখনো পরিশোধ করা হয়নি।
" ৩১ মোবাইল সেবা বাবদ এ মাসে ২৪,০০০ টাকা পাওয়া গেল।

ক. প্রারম্ভিক সম্পত্তির পরিমাণ নির্ণয় কর। ২
খ. জানুয়ারি ২, ১০, ১৫ ও ১৮ তারিখের লেনদেনসমূহের আধুনিক পদ্ধতিতে হিসাবের শ্রেণিবিভাগ দেখাও। ৪
গ. জানুয়ারি ১, ২, ১০ ও ৩১ তারিখের লেনদেনসমূহ নিয়ে ছক আকারে হিসাব সমীকরণে লেনদেনের প্রভাব দেখাও। ৪

৪ ▸ জনাব রহিম মিয়া ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ১,০০,০০০ টাকা এবং ৫০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে কারবার শুরু করেন। উক্ত মাসে তার অন্যান্য লেনদেনসমূহ ছিল নিম্নরূপ :

জানু. ৩ মাসিক ১২,০০০ টাকা বেতনে একজন কর্মচারী নিয়োগ প্রদান করা হলো।
" ৮ নগদে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা।
" ১৫ ধারে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা।
" ১৮ আলমের নিকট পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা।
" ২৫ নিজস্ব তহবিল থেকে রহিম মিয়া জীবন বিমা প্রিমিয়াম প্রদান করেন ৫০০ টাকা।
" ৩০ কর্মচারীর বেতন প্রদান ১২,০০০ টাকা।

ক. যে সকল ঘটনা লেনদেন নয় এমন ঘটনার মোট টাকার পরিমাণ গণনাসহ নির্ণয় কর। ২
খ. যে সকল ঘটনা লেনদেন সেগুলোর হিসাবখাত উল্লেখপূর্বক আধুনিক পদ্ধতিতে শ্রেণিবিন্যাস করে দেখাও। ৪
গ. চলমান জের ছকে নগদান হিসাব এবং মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৫ ▸ মেসার্স রহমান ট্রেডার্স এ নিম্নলিখিত লেনদেনগুলো ২০১১ সালের ডিসেম্বর মাসে সম্পন্ন হয়েছে :

২০১১
ডিসে. ১ নগদ তহবিল ২,৫০০ টাকা ও ব্যাংক জমাতিরিক্ত ৭,০০০ টাকা।
" ৬ নগদ বিক্রয় ৬০,০০০ টাকা।
" ১০ ব্যাংকে জমা দেওয়া হলো ৫,০০০ টাকা।
" ১৫ মাল বিক্রয় ২৫,০০০ টাকা সঙ্গে সঙ্গে ব্যাংকে জমা দেওয়া হলো।
" ১৮ ব্যাংক কর্তৃক প্রাপ্য বিল আদায় ৭,৫০০ টাকা এবং ব্যাংক কর্তৃক প্রদেয় বিল পরিশোধ ৫,০০০ টাকা।
" ২২ জীবনবিমা প্রিমিয়াম প্রদান ২,০০০ টাকা।
" ২৮ ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন ৩,০০০ টাকা।
" ৩১ ব্যাংক উদ্বৃত্ত ২,৫০০ টাকা রেখে অবশিষ্ট অর্থ অফিস প্রয়োজনে উত্তোলন করা হলো।

ক. ২০১১ সালের ডিসেম্বর মাসে মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপরিউক্ত লেনদেনগুলো অবলম্বনে একটি দু'ঘরা নগদান বই তৈরি কর। ৪
গ. বিক্রয় হিসাব ও উত্তোলন হিসাব তৈরি কর। ৪

৬ ▸ মি. আহসানের ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৪৬,০০০ টাকা। পরবর্তীতে নিম্নোক্ত বিষয়গুলো ধরা পড়ে :

(১) ৪,০০০ টাকার একটি প্রাপ্য নোট ৩,৫০০ টাকায় ব্যাংকে বাট্টা করা হয়েছে। মেয়াদ শেষে নোটটি প্রত্যাখ্যাত হয়েছিল, যার জন্য নগদান বইতে কোনো দাখিলা দেয়া হয়নি।

(২) আহসান নিজ প্রয়োজনে ব্যাংক হতে ২,৮০০ টাকা উত্তোলন করেছেন যা নগদান বইতে লেখা হয়নি।

(৩) চেক ইস্যু করা হয়েছে কিন্তু ভাঙানো হয়নি ১১,০০০ টাকা।

(৪) ব্যাংক কর্তৃক ৬,৩০০ টাকায় একটি নোটের বিপরীতে ৬,০০০ টাকা আদায় হয়েছে, কিন্তু সম্পূর্ণ অর্থ নগদানভুক্ত হয়েছে।

(৫) ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ ২,০০০ টাকা এবং ধার্যকৃত চার্জ ১,৫০০ টাকা।

(৬) ব্যাংক একজন পাওনাদারকে ৭,০০০ টাকা পরিশোধ করেছে, যা নগদানভুক্ত হয়নি।

(৭) ব্যাংক কর্তৃক লভ্যাংশ আদায় ৫,২০০ টাকা, যা নগদানভুক্ত হয়নি।

ক. প্রাপ্য নোট আদায় এবং বাট্টাকরণ বাবদ মোট কত টাকা ব্যয় হয়েছে দেখাও। ২

খ. একটি ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি কর। ৪

গ. নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৩২,০০০ টাকা ধরে ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

৭ ▸ মেসার্স সেলিম অ্যান্ড সন্সের ৩০ জুন ২০২১ তারিখের কতিপয় হিসাব উদ্বৃত্ত নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৪২,৫০০ | |
| ক্রয় | ১,২৫,০০০ | |
| বেতন প্রদান | ১৫,০০০ | |
| প্রদেয় হিসাব | ৫০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ২০,০০০ | |
| ব্যাংক জমার উদ্বৃত্ত | | ৫৬,২৫০ |
| আন্তঃফেরত | ৩,৭৫০ | |
| বহির্মুখী বহন খরচ | | ৬,২৫০ |
| প্রদেয় নোট | ২৫,০০০ | |
| গৃহীত ঋণ | | ১৬,২৫০ |
| দালানকোঠা | ৬৮,৭৫০ | |
| মঞ্জুরিকৃত বাট্টা | | ১২,৫০০ |
| মূলধন | | ৮৩,৭৫০ |
| বিক্রয় | | ১,৭৫,০০০ |
| | ৩,৫০,০০০ | ৩,৫০,০০০ |

ক. মেসার্স সেলিম অ্যান্ড সন্সের মূলধনজাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত তথ্যের আলোকে মেসার্স সেলিম অ্যান্ড সন্সের মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. উপরিউক্ত উদ্দীপকের আলোকে মেসার্স সেলিম অ্যান্ড সন্সের একটি শুদ্ধ রেওয়ামিল প্রস্তুত কর। ৪

৮ ▸ মিলন ট্রেডিং এর ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে খতিয়ানের উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| মূলধন | ১,০০,০০০ |
| উত্তোলন | ৫,০০০ |
| কলকব্জা | ৮০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২৫,০০০ |
| হাতে নগদ | ১৭,০০০ |
| প্রদেয় হিসাব | ৫,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ২০,০০০ |
| বিক্রয় | ৯০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৮,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৩,০০০ |
| পণ্য ক্রয় | ৬০,০০০ |
| ঋণের সুদ | ২,০০০ |
| বকেয়া ভাড়া | ৩,০০০ |
| শিক্ষানবিশ ভাতা | ২,০০০ |
| প্রদেয় নোট | ৪,০০০ |
| বিক্রয় বাট্টা | ১,০০০ |
| বিক্রয় পরিবহন | ৫,০০০ |

ক. সমন্বিত ক্রয়ের পরিমাণ গণনাসহ নির্ণয় কর। ২

খ. মুনাফাজাতীয় ব্যয় ও চলতি দায়ের পরিমাণ গণনাসহ নির্ণয় কর। ৪

গ. সমন্বিত ক্রয়কে অন্তর্ভুক্ত করে রেওয়ামিল প্রস্তুত কর। ৪

৯ ▸ মেসার্স রংধনু ট্রেডার্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের রেওয়ামিল নিম্নরূপ :

**মেসার্স রংধনু ট্রেডার্সের**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| আসবাবপত্র | ৩৩,০০০ | |
| সেবা আয় | | ১,১৮,০০০ |
| বেতন খরচ | ৩২,০০০ | |
| সাপ্লাইজ | ৮,০০০ | |
| অগ্রিম বিমা | ৩০,০০০ | |
| অনুপার্জিত আয় | | ৪৫,০০০ |
| মূলধন | | ১,০০,০০০ |
| ভূমি ও দালান | ১,৬০,০০০ | |
| | ২,৬৩,০০০ | ২,৬৩,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) বেতন বকেয়া রয়েছে ১০,০০০ টাকা; (২) অগ্রিম বিমার ২৪,০০০ টাকার মেয়াদ উত্তীর্ণ হয়েছে; (৩) ব্যবহৃত সাপ্লাইজের পরিমাণ ৫,০০০ টাকা; (৪) আসবাবপত্রের উপর ১০% হারে অবচয় ধার্য কর।

ক. বছর শেষে সাপ্লাইজের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত সমন্বয়গুলোর জাবেদা দাখিলা দাও। ৪

গ. একটি ১০ ঘর বিশিষ্ট কার্যপত্র প্রস্তুত কর। ৪

১০ ▸ ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে আলতাফ অ্যান্ড সন্স ৩,০০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে। এর সংস্থাপন ব্যয় বাবদ আরও ২০,০০০ টাকা প্রদান করে। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বছর সমাপ্ত হয়।

ক. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয়ের হার নির্ণয় কর। ২

খ. ২০১৮ সালের জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. ২০১৮ ও ২০১৯ সালের পুঞ্জীভূত অবচয় হিসাব প্রস্তুত কর। ৪

১১ ▸ জনাব আলভীনা জামান ২০১০ সালের ১ জানুয়ারি তারিখে ১,০০,০০,০০০ টাকা মূল্যের একটি ফ্যাশন ডিজাইন মেশিন জাপান থেকে আমদানি করেন। তিনি আমদানি শুল্ক ৫,০০,০০০ টাকা পরিশোধ করেন। তিনি মেশিনটির বহন খরচ ও সংস্থাপন খরচ যথাক্রমে ৪০,০০০ টাকা ও ৬০,০০০ টাকা নির্বাহ করেন। মেশিনটির আনুমানিক জীবনকাল ১০ বছর ধরা হয় এবং অনুমান করা হয় আনুমানিক জীবনকাল শেষে মেশিনটি বিক্রয় করে ১৬,০০,০০০ টাকা পাওয়া যেতে পারে। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাবকার্য সমাপ্ত করা হয়।

ক. মেশিনটির অবচয়যোগ্য মূল্য নিরূপণ কর। ২

খ. দ্বিগুণ ক্রমহ্রাসমান পদ্ধতিতে প্রথম ৩ বছরের অবচয় খরচ হিসাব প্রস্তুত কর। ৪

গ. সরলরৈখিক পদ্ধতিতে প্রথম ৪ বছরের জন্য পুঞ্জীভূত অবচয়– মেশিন হিসাব প্রস্তুত কর। ৪

## ৫৮ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩

বিষয় কোড : 2 5 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ ইউনিক ইলেকট্রিক সার্ভিস এর ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ :

**ইউনিক ইলেকট্রিক সার্ভিস**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর ২০২২

| ক্র. নং | হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| ১. | মূলধন | | ১,০০,০০০ |
| ২. | উত্তোলন | ১০,০০০ | |
| ৩. | নগদ ও ব্যাংক জমা | ১,৬১,০০০ | |
| ৪. | শিক্ষানবিশ সেলামি | | ৫,০০০ |
| ৫. | সাপ্লাইজ | ২৫,০০০ | |
| ৬. | অফিস সরঞ্জাম | ৮০,০০০ | |
| ৭. | ভাড়া খরচ | ২৪,০০০ | |
| ৮. | অগ্রিম বিমা সেলামি | ৭,২০০ | |
| ৯. | সেবা আয় | | ১,৭৫,০০০ |
| ১০. | প্রাপ্য হিসাব | ২০,৮০০ | |
| ১১. | প্রদেয় হিসাব | | ১৬,০০০ |
| ১২. | বিদ্যুৎ খরচ | ২২,০০০ | |
| ১৩. | ১০% ব্যাংক ঋণ (০১-০১-২০২২) | | ৫০,০০০ |
| ১৪. | পুঞ্জীভূত অবচয় (অফিস সরঞ্জাম) | | ৪,০০০ |
| | | ৩,৫০,০০০ | ৩,৫০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সেবা আয়ের ১৫,০০০ টাকা অনুপার্জিত; (২) বিদ্যুৎ খরচ বকেয়া রয়েছে ২,০০০ টাকা; (৩) বছরান্তে অব্যবহৃত সাপ্লাইজ ৫,০০০ টাকা; (৪) মেয়াদ উত্তীর্ণ অগ্রিম বিমা সেলামি ১,৮০০ টাকা; (৫) অফিস সরঞ্জামের উপর ৫% অবচয় ধরতে হবে।

ক. সমাপ্ত বছরের শেষ তারিখে অফিস সরঞ্জামের নিট মূল্য নির্ণয় কর। ২
খ. সমাপ্ত বছরে প্রতিষ্ঠানের বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. সমাপ্ত বছরের শেষ তারিখে চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▸ তুহিন এন্ড সন্সের ৩১ ডিসেম্বর ২০১৪ তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

**তুহিন এন্ড সন্সের রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০১৪ তারিখের

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ক্রয় ও বিক্রয় | ৩৩,০০০ | ৮৫,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২৩,০০০ | |
| আসবাবপত্র | ২০,০০০ | |
| উত্তোলন ও মূলধন | ১৬,০০০ | ৬০,৭০০ |
| বেতন | ১২,০০০ | |
| অনাদায়ি পাওনা ও অনাদায়ি পাওনা সঞ্চিতি | ২,০০০ | ৩,৬০০ |
| প্রাপ্য হিসাব | ৩৪,৫০০ | |
| ভাড়া | ৮,০০০ | |
| কর ও অভিকর (৩১ মার্চ ২০১৫ পর্যন্ত প্রদত্ত) | ৮০০ | |
| | ১,৪৯,৩০০ | ১,৪৯,৩০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (i) সমাপনী মজুদ পণ্য ২০,০০০ টাকা মূল্যায়িত হয়েছে। (ii) মাসিক বেতন প্রদানের হার ১,৫০০ টাকা এবং ভাড়া ৮ মাসের প্রদত্ত হয়েছে। (iii) ক্রয়ের মধ্যে ৫০০ টাকার মনিহারি এবং বিক্রয়ের মধ্যে ২,০০০ টাকার আসবাবপত্র বিক্রয় অন্তর্ভুক্ত আছে। (iv) অনাদায়ি পাওনা ৫০০ টাকা। প্রাপ্য হিসাবের ওপর ৫% হারে অনাদায়ি পাওনা সঞ্চিতি ধরতে হবে।

ক. প্রাপ্য হিসাবের নিট আদায়যোগ্য মূল্যের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উক্ত বছরের ব্যবসায়ের মোট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪
গ. তুহিন এন্ড সন্সের পরিচালন মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

৩ ▸ মি. সিরাত ১ জুন ২০১৪ তারিখে নগদ ৫৫,০০০ টাকা, পণ্যদ্রব্য ১০,০০০ টাকা এবং ১৫,০০০ টাকার ঋণ নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসে তাঁর অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| জুন | ৫ | জিহাদের নিকট পণ্য বিক্রয় ১০,০০০ টাকা যার ৪০% নগদে। |
| ” | ১৫ | তিন মাসের ভাড়া প্রদান ১২,০০০ টাকা। |
| ” | ২০ | ধারে বিক্রয়ের ১০% অনাদায়ি দেনা ধার্য কর। |
| ” | ২৫ | সরঞ্জাম ক্রয় ৩,০০০ টাকা। |
| ” | ৩০ | চেকের মাধ্যমে বেতন পরিশোধ ৩,০০০ টাকা। |

ক. মি. সিরাত এর প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. জুন ৫, ১৫, ২০ ও ২৫ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দেখাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪
গ. জুন ১৫, ২০, ২৫ ও ৩০ তারিখের লেনদেনগুলো দ্বারা হিসাব সমীকরণে কী প্রভাব পড়েছে তা দেখাও। ৪

৪ ▸ কবীর ট্রেডার্স অগ্রদত্ত পদ্ধতিতে নগদান বই সংরক্ষণ করে। ২০২১ সালের মার্চ মাসে তার ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপ :

২০২১

| | | |
|---|---|---|
| মার্চ | ১ | প্রধান ক্যাশিয়ারের কাছ থেকে প্রাপ্তি ৫,০০০ টাকা। |
| ” | ৩ | কাগজ ও কলম ক্রয় ৫০ টাকা। |
| ” | ৪ | রিকশা ভাড়া প্রদান ৩০ টাকা। |
| ” | ৭ | টেলিগ্রাম খরচ ২৫ টাকা। |
| ” | ১১ | আপ্যায়ন খরচ ১০০ টাকা। |
| ” | ১৮ | কাগজ ক্রয় ২০ টাকা। |
| ” | ২০ | পুরাতন আসবাবপত্র বিক্রয় ৫,০০০ টাকা। |
| ” | ২১ | ডাক খরচ ৪০ টাকা। |
| ” | ২৮ | নগদে পণ্য বিক্রয় ১০,০০০ টাকা। |

ক. খুচরা নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না এমন লেনদেনগুলো চিহ্নিত কর। ২
খ. খুচরা নগদান বই প্রস্তুত কর। ৪
গ. মনিহারি হিসাব, ডাক ও তার হিসাব প্রস্তুত কর। ৪

৫ ▸ মেসার্স নাঈম ট্রেডার্স অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই সংরক্ষণ করে। অগ্রদত্ত অর্থের পরিমাণ ১,৫০০ টাকা। ২০১২ সালের আগস্ট মাসের শেষে খুচরা খরচের পরিমাণ ছিল ১,২৫০ টাকা। সেপ্টেম্বর মাসে উক্ত প্রতিষ্ঠানের খরচগুলো ছিল নিম্নরূপ :

২০১২

| | | |
|---|---|---|
| সেপ্টে. | ১ | প্রধান ক্যাশিয়ারের নিকট হতে চেক প্রাপ্তি। |
| ” | ২ | কার্বন পেপার ক্রয় ২১০ টাকা, তথ্য প্রদান খরচ ৮০। |
| ” | ৫ | সেলাই যন্ত্র ক্রয় ৪০, রিবন ক্রয় ১২০। |
| ” | ১২ | বাস ভাড়া ৪০, ট্রাক ভাড়া ১৬০। |
| ” | ১৮ | ডাকটিকিট ক্রয় ২৫, ছাপা ব্যয় ৫০ |

ক. মেসার্স শিপন ট্রেডার্সের সেপ্টেম্বর মাসের শুরুতে খুচরা নগদ তহবিল দেখাও। ২
খ. অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই প্রস্তুত কর। ৪
গ. খুচরা খরচসংক্রান্ত জাবেদা দাখিলা দাও। ৪

৬ ▸ ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে পদ্মা অ্যান্ড কোং-এর নগদান বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত ৬০,০০০ টাকা। কিন্তু ব্যাংক বিবরণী অনুযায়ী উক্ত উদ্বৃত্ত সঠিক ছিল না। অনুসন্ধান করে নিম্নোক্ত গরমিলগুলো পাওয়া যায় :

(১) আদায়ের জন্য জমাকৃত চেক ১০,০০০ টাকা কিন্তু ব্যাংক কর্তৃক আদায় হয়নি।
(২) পাওনাদারকে প্রদত্ত ৮,০০০ টাকার চেক ব্যাংক কর্তৃক পরিশোধ হয়নি।
(৩) ৮,০০০ টাকার একটি প্রাপ্য নোট ব্যাংক কর্তৃক আদায় হয়েছে যা নগদানভুক্ত হয়নি।
(৪) ১০,০০০ টাকার ইস্যুকৃত চেক নগদান বইতে লেখা হয়নি।
(৫) ব্যাংক কর্তৃক পাওনাদারকে ৫,০০০ টাকা পরিশোধ করা হয়েছে যা নগদানভুক্ত হয়নি।
(৬) ব্যাংক ভুলবশত অন্য হিসাবের ৪,০০০ টাকার চেক আমাদের হিসাবে জমা করেছে।

ক. নগদান বইতে লেখা হয়নি এমন দফাগুলো চিহ্নিত কর। ২
খ. ২, ৪, ৫ এবং ৬নং দফার জাবেদা দাখিলা দাও। ৪
গ. ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে পদ্মা অ্যান্ড কোং-এর একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

৭ ▸ রূপালী ট্রেডার্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিল প্রস্তুতের পর নিম্নোক্ত ভুলগুলো ধরা পড়ে :

(i) ১০,০০০ টাকার মেশিন বিক্রয় করে বিক্রয় হিসাবকে ক্রেডিট করা হয়েছে।
(ii) ধারে বিক্রয় ৩০,০০০ টাকা ভুলবশত বিক্রয় হিসাবে ৩,০০০ টাকা লেখা হয়েছে।
(iii) ২০,০০০ টাকা বেতন প্রদান করে বেতন হিসাবে দু'বার ডেবিট করা হয়েছে।
(iv) স্বত্বাধিকারী কর্তৃক পণ্য উত্তোলন ৮,০০০ টাকা ভুলবশত হিসাবের বইতে লেখা হয়নি।

ক. নীতিগত ভুলের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ভুলগুলোর সংশোধনী দাখিলা দাও। ৪
গ. বিক্রয় হিসাবের জের ২,৮৩,০০০ টাকা ধরে বিক্রয় হিসাব এবং অনিশ্চিত হিসাবের ক্রেডিট জের ৪৭,০০০ টাকা ধরে অনিশ্চিত হিসাব প্রস্তুত কর। ৪

৮ ▸ জনাব সামিয়ার ২০১৮ সালে ৩ ডিসেম্বর তারিখের খতিয়ান হতে প্রস্তুতকৃত অশুদ্ধ রেওয়ামিলটি নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| অফিস সরঞ্জাম | | ১,১৮,০০০ |
| হাতে নগদ | ৪৫,০০০ | |
| অফিস সরঞ্জাম বিক্রয়জনিত ক্ষতি | | ২,০০০ |
| সাপ্লাইজ | ৫৫,০০০ | |
| বিদ্যুৎ খরচ | ৮,০০০ | |
| অফিস খরচ | | ১৩,০০০ |
| প্রদেয় নোট | | ৩০,০০০ |
| মূলধন | ১,১২,৫০০ | |
| সেবা আয় | | ৯৭,৪০০ |
| ভাড়া আয় | ৫০০ | |
| সুদ আয় | ৬০০ | |
| | ২,৪১,০০০ | ২,৪১,০০০ |

ক. মুনাফাজাতীয় আয়ের পরিমাণ কত? ২
খ. স্থায়ী সম্পদ ও চলতি দায় নির্ণয় কর। ৪
গ. শুদ্ধ রেওয়ামিল তৈরি কর। ৪

৯ ▸ মিরাজ এন্ড কোং এর ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

**মিরাজ এন্ড কোং-এর রেওয়ামিল**
২০২২ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ৫,০০,০০০ |
| আসবাবপত্র | ৪,০০,০০০ | |
| পুঞ্জীভূত অবচয় (আসবাবপত্র) | | ২০,০০০ |
| অগ্রিম বিমা | ৫৪,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ১৫,০০০ | ১০,০০০ |
| নগদ | ১,৮২,০০০ | |
| সাপ্লাইজ | ৮,০০০ | |
| ভাড়া | ৬০,০০০ | |
| বিজ্ঞাপন খরচ | ১৫,০০০ | |
| বেতন খরচ | ৩৬,০০০ | |
| বিবিধ খরচ | ৫,০০০ | |
| সেবা আয় | | ২,৪৫,০০০ |
| | ৭,৭৫,০০০ | ৭,৭৫,০০০ |

**অন্যান্য তথ্য :** (১) সারা বছর ৬,০০০ টাকার সাপ্লাইজ ব্যবহার করা হয়েছে; (২) দুই মাসের ভাড়া বকেয়া রয়েছে; (৩) ২০২২ সালের ৩১ মার্চ পর্যন্ত ১ বছরের জন্য অগ্রিম বিমা প্রদত্ত হয়েছে; (৪) অনুপার্জিত সেবা আয় ১৫,০০০ টাকা সেবা আয়ের মধ্যে অন্তর্ভুক্ত আছে।

ক. ২০২২ সালের বিমা খরচ এবং ভাড়া খরচ গণনাসহ নির্ণয় কর। ২
খ. উপরিউক্ত সমন্বয়গুলোর সমন্বয় জাবেদা দাও। ৪
গ. ১০ ঘরবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত কর। ৪

১০ ▸ জাকিয়া কোম্পানি লিমিটেড ২০২০ সালের ১ জুলাই তারিখে ৮,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করে এবং এর বহন খরচ বাবদ ১০,০০০ টাকা ব্যয় করে। মেশিনটি ৩০,০০০ ব্যয়ে সংস্থাপন করা হয়। মেশিনটির আয়ুষ্কাল এবং ভগ্নাবশেষ মূল্য যথাক্রমে ১০ বছর ও ৯০,০০০ টাকা অনুমান করা হয়। কোম্পানি প্রতি বৎসর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বন্ধ করে এবং ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করে।

ক. অবচয়ের হার ও ১ম বছরের অবচয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২০২০ ও ২০২১ সালের জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. ১ম দুই বছরের জন্য মেশিন হিসাব ও অবচয় খরচ হিসাব প্রস্তুত কর। ৪

১১ ▸ মিক্স ম্যানুফ্যাকচারিং কোম্পানি ১ জানুয়ারি ২০১৬ সালে ৫,৫০,০০০ টাকায় যন্ত্রপাতি ক্রয় করে এবং যন্ত্রপাতির বহন খরচ মালিক নিজে প্রদান করেন ২০,০০০ টাকা। যন্ত্রপাতিটির আয়ুষ্কাল ১০ বছর এবং আয়ুষ্কাল শেষে যন্ত্রপাতিটির ভগ্নাবশেষ মূল্য হবে ১০,০০০ টাকা। ক্রমহ্রাসমান জের পদ্ধতি ব্যবহার করে অবচয় নির্ণয় কর। ৩০ জুন তারিখে নতুন একটি মেশিন ২,০০,০০০ টাকায় ক্রয় করা হয় যার অবচয়ের হার ১০%।

ক. ১ম মেশিনটির অবচয়ের হার ও ১ বছরের অবচয় নির্ণয় কর। ২
খ. অবচয় সঞ্চিতি হিসাব তৈরি কর। ৪
গ. যন্ত্রপাতি হিসাব তৈরি কর। ৪

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ৫৯ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪

বিষয় কোড : 2 5 3

সময়– ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।।]

**১. হিসাববিজ্ঞানকে বলা হয়–**
K ব্যবসায়ের ভাষা
L একটি তথ্য ব্যবস্থা
M ব্যবসায়ের চালিকা শক্তি
N ব্যবসায়ের প্রাণ

**২. লেনদেনের বৈশিষ্ট্য হলো–**
i. দুটি পক্ষ থাকবে
ii. এটি দৃশ্যমান হবে
iii. এটি অদৃশ্যমান হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৩. হিসাবরক্ষণের মূলভিত্তি কোনটি?**
K জাবেদা L লেনদেন
M খতিয়ান N আর্থিক বিবরণী

**৪. প্রতিটি লেনদেনে কয়টি হিসাব খাত থাকে?**
K ২ L ৩
M ৪ N দুই বা ততোধিক

**৫. হিসাবচক্রের যে ধাপে লেনদেনকে আলাদা আলাদা শিরোনামে লেখা হয় তাকে কী বলে?**
K জাবেদা L খতিয়ান
M রেওয়ামিল N কার্যপত্র

**৬. নগদে আসবাবপত্র ক্রয় কোন জাবেদায় লিপিবদ্ধ হবে?**
K নগদ প্রাপ্তি জাবেদা L নগদ প্রদান জাবেদা
M ক্রয় জাবেদা N বিক্রয় জাবেদা

**৭. প্রাপ্য হিসাব হতে ব্যাংক কর্তৃক সরাসরি আদায় ৫,০০০ টাকার জন্য কোন হিসাবটি ক্রেডিট হবে?**
K প্রাপ্য হিসাব L ব্যাংক হিসাব
M নগদান হিসাব N আদায় হিসাব

**৮. নিচের কোন কোন হিসাব ক্রেডিট উদ্বৃত্ত প্রকাশ করে?**
K সম্পদ, উত্তোলন ও দায়
L আয়, সম্পদ ও উত্তোলন
M ব্যয়, দায় ও মালিকানাস্বত্ব
N আয়, দায় ও মালিকানাস্বত্ব

**৯. দেনা বা পাওনা নিষ্পত্তির সময় উৎপত্তি হয় কোনটির?**
K ক্রয় বাট্টা L বিক্রয় বাট্টা
M কারবারি বাট্টা N নগদান বাট্টা

**১০. কীসের ভিত্তিতে ক্রয় ও বিক্রয় জাবেদা প্রস্তুত করা হয়?**
K ডেবিট নোট L ক্রেডিট নোট
M ভাউচার N চালান

**১১. কোনটি লেনদেনের সর্বশেষ আশ্রয়স্থল?**
K জাবেদা L খতিয়ান
M রেওয়ামিল N চূড়ান্ত হি.

**১২. নগদ প্রদান জাবেদায় লিপিবদ্ধ করা হয় কোনটি?**
K আসবাবপত্র বিক্রয় L প্রাপ্য হিসাব হতে প্রাপ্তি
M ঋণ পরিশোধ N পণ্য বিক্রয়

**১৩. ২/১০, নিট ৩০ দ্বারা কী বুঝায়?**
K ১০ দিনের মধ্যে পরিশোধ করতে হবে
L ৩০ দিনের মধ্যে পরিশোধ করতে হবে
M ১০ দিনের মধ্যে পরিশোধ করলে ২% বাট্টা পাওয়া যাবে এবং ৩০ দিনের মধ্যে অবশ্যই পরিশোধ করতে হবে
N ৩০ দিনের মধ্যে পরিশোধ করলে ২% বাট্টা পাওয়া যাবে এবং অবশ্যই ১০ দিনের মধ্যে পরিশোধ করতে হবে

**১৪. নগদান বই হতে জানা যায়–**
i. মোট নগদ প্রাপ্তি
ii. মোট নগদ প্রদান
iii. নগদ উদ্বৃত্ত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৫. সমন্বিত ক্রয় হচ্ছে–**
K সমাপনী মজুদ + ক্রয় – প্রারম্ভিক মজুদ
L বিক্রয় + সমাপনী মজুদ – ক্রয়
M প্রারম্ভিক মজুদ + ক্রয় – সমাপনী মজুদ
N প্রারম্ভিক মজুদ + সমাপনী মজুদ – ক্রয়

**১৬. তিনঘরা নগদান বই প্রস্তুতের উদ্দেশ্য হলো–**
i. প্রদত্ত ও প্রাপ্ত বাট্টার পরিমাণ জানা যায়
ii. প্রত্যাখ্যাত চেকের পরিমাণ জানা যায়
iii. নগদ ও ব্যাংক জমার পরিমাণ জানা যায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৭. ভাড়া প্রদান ২,৫০০ টাকা রেওয়ামিলে ক্রেডিট দিকে ৫,২০০ টাকা লেখা হয়েছে। অন্যান্য সবকিছু ঠিক থাকলে রেওয়ামিলের উভয় দিকের পার্থক্য কত হবে?**
K ৫,০০০ টাকা L ৭,৫০০ টাকা
M ৭,৭০০ টাকা N ১০,৪০০ টাকা

**১৮. বিক্রয় ফেরত ৪০০ টাকা। এটি একটি লেনদেন কারণ এর ফলে হিসাব সমীকরণে–**
i. A বৃদ্ধি পেয়েছে
ii. A হ্রাস পেয়েছে
iii. OE হ্রাস পেয়েছে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সাগর ২০১২ সালের ১ জানুয়ারি ৯৫,০০০ টাকায় ১টি মেশিন ক্রয় করে ৫,০০০ টাকা পরিবহন ও ২,০০০ টাকা সংস্থাপনে ব্যয় করেন। সম্পত্তির জীবনকাল ১০ বছর শেষে উদ্ধারযোগ্য মূল্য ২,০০০ টাকা। প্রতিবছর ৩১ ডিসেম্বর মাসে হিসাব শেষ হয়।

**১৯. মেশিনটির অবচয়যোগ্য মূল্য কত?**
K ৯৫,০০০ টাকা L ১,০০,০০০ টাকা
M ১,০২,০০০ টাকা N ১,১০,০০০ টাকা

**২০. মেশিনটির বার্ষিক অবচয় কত হবে?**
K ৯,৫০০ টাকা L ৯,৭০০ টাকা
M ১০,০০০ টাকা N ১০,২০০ টাকা

**২১. আয় বিবরণী ডেবিট বেতন ক্রেডিট এটি কোন ধরনের জাবেদা?**
K প্রারম্ভিক জাবেদা L সমাপনী জাবেদা
M সংশোধনী জাবেদা N বিপরীত জাবেদা

**২২. পুঞ্জীভূত অবচয় কোন ধরনের হিসাব?**
K সম্পত্তি L দায়
M বিপরীত সম্পদ N মালিকানাস্বত্ব

**২৩. কোনটি অদৃশ্যমান সম্পত্তি নয়?**
K ট্রেড মার্ক L প্লান্ট সম্পত্তি
M প্রাথমিক খরচ N সুনাম

**২৪. অনুপার্জিত আয় ব্যবসায়ের কী হিসাবে বিবেচিত হয়?**
K আয় L ব্যয়
M সম্পদ N দায়

**২৫. স্থায়ী সম্পত্তির অবচয় ধরার উদ্দেশ্য–**
i. প্রকৃত লাভ-লোকসান নিরূপণ করা
ii. সম্পত্তি পুনঃস্থাপনের ব্যবস্থা করা
iii. আয়কর প্রদান করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
প্রারম্ভিক মজুদ ২৫,০০০ টাকা; ক্রয় ৬০,০০০ টাকা; বিক্রয় ৯০,০০০ টাকা; সংস্থাপন ব্যয় ২২,০০০ টাকা; আমদানি শুল্ক ৯,০০০ টাকা; মজুরি ১৭,০০০ টাকা; পরিচালন ব্যয় ৩,৫০০ টাকা; সমাপনী মজুদ ২০,০০০ টাকা।

**২৬. সমন্বিত ক্রয়ের পরিমাণ কত টাকা?**
K ৬৫,০০০ L ৭৪,০০০
M ৯১,০০০ N ৯৪,৫০০

**২৭. বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ কত টাকা?**
K ৬৫,০০০ L ৭৪,০০০
M ৯১,০০০ N ১,১১,০০০

**২৮. যদি বিক্রয়মূল্যে পণ্য উত্তোলন করা হয় তাহলে কোন হিসাবটি ক্রেডিট করা হবে?**
K প্রদেয় হিসাব L প্রাপ্য হিসাব
M বিক্রয় হিসাব N ক্রয় হিসাব

**২৯. মুনাফা অর্জিত হয়েছে কিন্তু নগদে গ্রহণ এবং লিপিবদ্ধ করা না হলে কোন হিসাবকে ডেবিট করতে হবে?**
K অনুপার্জিত আয় L অগ্রিম আয়
M অর্জিত আয় N প্রাপ্য হিসাব

**৩০. অগ্রদত্ত খুচরা নগদান বইয়ের ক্যাশিয়ারকে মাসের শেষে যে অর্থ দেওয়া হয় তা হলো–**
K মাসের প্রথমে তাকে যা দেওয়া হয়েছিল
L মাসের শেষে যে পরিমাণ আয় হলো
M যে অর্থ প্রদান ক্যাশিয়ার অনুমোদন করে
N মাসের শেষে মোট যা ব্যয় হয়

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | N | ৩ | L | ৪ | N | ৫ | L | ৬ | L | ৭ | K | ৮ | N | ৯ | N | ১০ | N | ১১ | L | ১২ | M | ১৩ | M | ১৪ | N | ১৫ | M |
| ১৬ | L | ১৭ | M | ১৮ | L | ১৯ | L | ২০ | M | ২১ | L | ২২ | M | ২৩ | M | ২৪ | N | ২৫ | N | ২৬ | K | ২৭ | M | ২৮ | M | ২৯ | N | ৩০ | N |

## ৬০ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৫

বিষয় কোড : 2 5 3

সময়– ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. হিসাববিজ্ঞানের উৎপত্তি ও ক্রমবিকাশের প্রাক-বিশ্লেষণ কাল কোনটি?**
K শুরু থেকে ১৪৯৪
L ১৪৯৫ – ১৭৯৯
M ১৮০০ – ১৯৫০
N ১৯৫১ থেকে বর্তমান পর্যন্ত

■ **উদ্দীপকটি পড়ে ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :**
কার্যপত্রে রেওয়ামিলে বেতন ২৫,০০০ টাকা। সমন্বয়ে বকেয়া বেতন ৫,০০০ টাকা।

**২. ১০ ঘরা কার্যপত্রে সমন্বিত রেওয়ামিলে বেতন কত টাকা দেখাতে হবে?**
K ৫,০০০ টাকা L ২০,০০০ টাকা
M ২৫,০০০ টাকা N ৩০,০০০ টাকা

**৩. ১০ ঘরা কার্যপত্রে বকেয়া বেতন কোথায় দেখাতে হবে?**
K সমন্বয়, আয় বিবরণী ও উদ্বর্তপত্রে
L সমন্বিত রেওয়ামিল, আয় বিবরণী ও উদ্বর্তপত্রে
M সমন্বয়, সমন্বিত রেওয়ামিল ও আয় বিবরণীতে
N সমন্বয়, সমন্বিত রেওয়ামিল ও উদ্বর্তপত্রে

**৪. আর্থিক বিবরণীর (IAS-01) ধাপগুলি হলো–**
i. বিশদ আয় বিবরণী ও মালিকানাস্বত্ব বিবরণী
ii. আর্থিক অবস্থার বিবরণী ও নগদ প্রবাহ বিবরণী
iii. আর্থিক অবস্থার বিবরণীতে ব্যবহৃত টীকা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
সাকিব কোং লি.-এর পাস বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৩০,৪০০ টাকা। চেক কাটা হয়েছে কিন্তু ভাঙানো হয়নি ৭,৪০০ টাকা ও ব্যাংক লভ্যাংশ আদায় করেছে ৬,৬০০ টাকা, যা হিসাবভুক্ত হয়নি। ব্যাংক কর্তৃক ব্যাংক চার্জ পরিশোধ ২,০০০ টাকা।

**৫. নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত কত?**
K ১৪,৪০০ টাকা L ১৬,৪০০ টাকা
M ১৮,৪০০ টাকা N ২৭,৬০০ টাকা

**৬. নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ২৫,০০০ টাকা হলে, ব্যাংক বিবরণী অনুযায়ী উদ্বৃত্ত কত হবে?**
K ২৯,৬০০ টাকা L ৩০,৪০০ টাকা
M ৩৭,০০০ টাকা N ৩৯,০০০ টাকা

**৭. হিসাববিজ্ঞানের সর্বশেষ সংযোজন কোনটি?**
K মানবসম্পদ হিসাববিজ্ঞান
L উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান
M মুদ্রাস্ফীতি হিসাববিজ্ঞান
N আর্থিক হিসাববিজ্ঞান

**৮. ব্যাংক বিরণীতে Credit Memorandum কী?**
K আয় বৃদ্ধি L আয়হ্রাস
M ব্যয় বৃদ্ধি N ব্যয়হ্রাস

**৯. প্রদেয় হিসাবের টাকা পরিশোধ করলে, হিসাব সমীকরণে এর প্রভাব কী?**
K সম্পদ বৃদ্ধি ও দায়হ্রাস
L সম্পদহ্রাস ও দায়হ্রাস
M সম্পদহ্রাস ও দায় বৃদ্ধি
N সম্পদ বৃদ্ধি ও দায় বৃদ্ধি

**১০. আধুনিক হিসাববিজ্ঞানে অবচয় হচ্ছে–**
i. এক ধরনের বন্টন প্রক্রিয়া ও মূলধনের নিঃশেষিত অংশ
ii. সেবা ভোগের বর্তমান মূল্য ও মূলধন সংরক্ষণের জন্য প্রয়োজনীয় সংস্থান
iii. তহবিলের উৎস
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১১. ধারে ক্রয় ২,০০,০০০ টাকা, কারবারি বাট্টা ১০% এবং ১৫% ভ্যাট। প্রদেয় ভ্যাট কত হবে?**
K ২৩,৪৭৮ টাকা L ২৬,০৮৭ টাকা
M ২৭,০০০ টাকা N ৩৫,০০০ টাকা

**১২. অনাদায়ি পাওনা কেন সৃষ্টি হয়?**
K দুর্বল মানসিকতার কারণে
L আর্থিক অনটন ও দেউলিয়াপনার কারণে
M সুদ বৃদ্ধির কারণে
N জনসংখ্যা বৃদ্ধির কারণে

**১৩. কন্ট্রা সম্পদ কোনটি?**
K পুঞ্জীভূত অবচয় L দালান
M পেটেন্ট N সুনাম

**১৪. প্রকৃত জাবেদায় কোনটি লিপিবদ্ধ হয়?**
K প্রারম্ভিক জাবেদা
L বিক্রয়সংক্রান্ত জাবেদা
M প্রাপ্য বিলসংক্রান্ত জাবেদা
N ক্রয়সংক্রান্ত জাবেদা

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব করিম ৬০,০০০ টাকার পণ্য বাকিতে বিক্রয় করেন। বিক্রয় বাট্টা ১০%, প্যাকিং খরচ ৫০০ টাকা এবং বিক্রয়মূল্যের ওপর ১৫% ভ্যাট প্রাপ্য ছিল।

**১৫. ভ্যাটসহ বিক্রয়ের পরিমাণ কত?**
K ৬১,০৫০ টাকা L ৬২,১০০ টাকা
M ৬৭,৮২৬ টাকা N ৬৯,০০০ টাকা

**১৬. ভ্যাট চলতি হিসাব কত টাকা ক্রেডিট করতে হবে?**
K ৭,০৫০ টাকা L ৭,৮২৬ টাকা
M ৮,১০০ টাকা N ৯,০০০ টাকা

**১৭. অনাদায়ি দেনা সৃষ্টির ফলে–**
i. সম্পদহ্রাস পায়
ii. দায় বৃদ্ধি পায়
iii. মালিকানাস্বত্বহ্রাস পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৮. প্রাপ্য হিসাবের বিকল্প হিসাব হচ্ছে–**
i. পুস্তক ঋণ হিসাব
ii. দেনাদার হিসাব
iii. ক্রয় খতিয়ানের জের
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯. আয়-ব্যয় হিসাবের উদ্বৃত্ত কোন দাখিলার মাধ্যমে শূন্য হয়?**
K সমাপনী জাবেদা L বিপরীত জাবেদা
M সংশোধনী জাবেদা N প্রারম্ভিক জাবেদা

**২০. IAS-16 এ স্থায়ী সম্পদকে কী নামে অভিহিত করা হয়?**
K Asset and Property
L Plant and Machinery
M Land and Building
N Property, Plant and Machinery

**২১. অফিস কক্ষের চুনকাম দালানকোঠা হিসাবে ডেবিট করা হয়েছে, ইহা কোন ধরনের ভুল?**
K বাদ পড়ার ভুল L লেখার ভুল
M নীতিগত ভুল N পরিপূরক ভুল

■ **উদ্দীপকটি পড়ে ২২, ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
সৌম্য কোং লি. ১ এপ্রিল ২০১৭ সালে ২,৩৫,০০০ টাকায় একটি যন্ত্রপাতি ক্রয় করে এবং বহন খরচ ২৫,০০০ টাকা প্রদান করে। যন্ত্রপাতির আয়ুষ্কাল ৮ বছর এবং যন্ত্রপাতির ভগ্নাবশেষ মূল্য ৩০,০০০ টাকা। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বন্ধ করা হয়।

**২২. উক্ত কোং-এর ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয়যোগ্য যন্ত্রপাতির মূল্য কত?**
K ১,৯৫,০০০ টাকা L ২,৩০,০০০ টাকা
M ২,৩৫,০০০ টাকা N ২,৬০,০০০ টাকা

**২৩. সৌম্য কোং লি.-এর সরলরৈখিক পদ্ধতিতে যন্ত্রপাতির অবচয় কত?**
K ১৯,২১৯ টাকা L ২১,৫৬৩ টাকা
M ২২,০৩১ টাকা N ২৪,৩৭৫ টাকা

**২৪. সৌম্য কোং লি. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে যন্ত্রপাতির অবচয় কত?**
K ৩৮,৪৩৭ টাকা L ৪৩,১২৫ টাকা
M ৪৪,০৬২ টাকা N ৪৮,৭৫০ টাকা

**২৫. প্রদেয় হিসাব কীভাবে সৃষ্টি হয়?**
K শর্তযুক্তভাবে পণ্য ক্রয় করলে
L শর্তবিহীনভাবে পণ্য ক্রয় করলে
M শর্তযুক্তভাবে পণ্য বিক্রয় করলে
N শর্তবিহীনভাবে পণ্য বিক্রয় করলে

**২৬. নিচের কোনটি প্লান্ট সম্পত্তি?**
K প্রাপ্য হিসাব L প্রাপ্য নোটস
M মজুদ পণ্য N সরঞ্জাম

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৫০,০০০ টাকা কিন্তু বাজারে নতুন প্রযুক্তির পণ্য আসায় সমাপনী মজুদ পণ্যের মূল্য ১০,০০০ টাকা হ্রাস পায়। আবার ৫০,০০০ টাকায় ক্রীত শেয়ারের বাজারমূল্য বৃদ্ধি পেয়ে ৬০,০০০ টাকায় উপনীত হয়।

**২৭. আর্থিক অবস্থার বিবরণীতে সমাপনী মজুদ পণ্যের মূল্য কত প্রদর্শিত হবে?**
K ১০,০০০ টাকা L ৪০,০০০ টাকা
M ৫০,০০০ টাকা N ৬০,০০০ টাকা

**২৮. হিসাববিজ্ঞানের সর্বজনস্বীকৃত কোন নীতির ভিত্তিতে সমাপনী মজুদ পণ্যের মূল্য বিবেচনা করা হবে?**
K ক্রয়মূল্য নীতি L রক্ষণশীল নীতি
M সামঞ্জস্য নীতি N আদায়করণ নীতি

**২৯. পাস বইয়ের ডেবিট উদ্বৃত্ত দ্বারা বুঝায়–**
K ব্যাংক জমা L ব্যাংক জমাতিরিক্ত
M নগদ উদ্বৃত্ত N নগদ উত্তোলন

**৩০. যন্ত্রপাতি সংস্থাপন মজুরি যন্ত্রপাতি হিসাবে ডেবিট না করে মজুরি হিসাবে ডেবিট করা কোন জাতীয় ভুল?**
K করণিক ভুল L লেখার ভুল
M পরিপূরক ভুল N নীতিগত ভুল

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | N | ৩ | M | ৪ | N | ৫ | M | ৬ | M | ৭ | K | ৮ | K | ৯ | L | ১০ | L | ১১ | M | ১২ | L | ১৩ | K | ১৪ | K | ১৫ | L |
| ১৬ | M | ১৭ | L | ১৮ | K | ১৯ | K | ২০ | N | ২১ | M | ২২ | N | ২৩ | L | ২৪ | N | ২৫ | K | ২৬ | N | ২৭ | L | ২৮ | L | ২৯ | L | ৩০ | N |

## ৬১ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৬

বিষয় কোড : 2 5 3

সময়– ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. ব্যবসায়ের অভ্যন্তরীণ দায় কোনটি?**
K বকেয়া ঋণের সুদ L প্রদেয় হিসাব
M ব্যাংক ঋণ N মূলধন

**২. বাকিতে পণ্য বিক্রয় হিসাব সমীকরণে কী প্রভাব ফেলবে?**
K সম্পদ ও মালিকানাস্বত্ব বৃদ্ধি
L দায় ও মালিকানাস্বত্ব বৃদ্ধি
M সম্পদ ও মালিকানাস্বত্ব হ্রাস
N দায় ও মালিকানাস্বত্ব হ্রাস

**৩. কোনটি লেনদেনের আবশ্যকীয় বৈশিষ্ট্য নয়?**
K অর্থের মাপকাঠিতে পরিমাপযোগ্য
L দুটি পক্ষ
M আর্থিক অবস্থার পরিবর্তন
N দৃশ্যমানতা

**৪. ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক থেকে টাকা উত্তোলন করা হলে, জাবেদা দাখিলা হবে—**
i. নগদান হিসাব ডেবিট
ii. উত্তোলন হিসাব ডেবিট
iii. ব্যাংক হিসাব ক্রেডিট
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব করিম ৬০,০০০ টাকার পণ্য বাকিতে বিক্রয় করেন। বিক্রয় বাট্টা ১০% ও প্যাকিং খরচ ৫০০ টাকা এবং বিক্রয়মূল্যের ওপর ১৫% ভ্যাট ধার্য করতে হবে।

**৫. ভ্যাটসহ বিক্রয়ের পরিমাণ কত টাকা?**
K ৬১,০৪৩ L ৬২,১০০
M ৬৭,৮২ N ৬৯,০০০

**৬. ভ্যাট চলতি হিসাবে কত টাকা ক্রেডিট করতে হবে?**
K ৭,০৪৩ L ৭,৮২৬
M ৮,১০০ N ৯,০০০

**৭. ক্রয় জাবেদা থেকে জানা যায়—**
i. মোট ক্রয়ের পরিমাণ
ii. প্রদেয় হিসাবের পরিমাণ
iii. মোট ধারে ক্রয়ের পরিমাণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮. হিসাবের মেয়াদান্তে হাতে নগদের সাথে কোন টাকা যোগ করলে অগ্রদত্ত টাকার পরিমাণ সমান হয়?**
K নগদ প্রাপ্তি L প্রারম্ভিক নগদ তহবিল
M অগ্রদত্ত অর্থ N মোট খরচ

**৯. দাগকাটা চেকের মাধ্যমে ১০,০০০ টাকার পণ্য বিক্রয় করা হলে কোন হিসাব ডেবিট করতে হবে?**
K চেক হিসাব L বিক্রয় হিসাব
M ব্যাংক হিসাব N নগদান হিসাব

**১০. ব্যাংক সমন্বয় বিবরণীর উদ্দেশ্য কী?**
K নগদ উদ্বৃত্তের পরিমাণ জানা
L গরমিলের কারণ জানা
M নগদ প্রাপ্তির পরিমাণ জানা
N ব্যাংক উদ্বৃত্তের পরিমাণ জানা

**১১. নগদান বই ও ব্যাংক বিবরণীর জেরের মধ্যে গরমিলের কারণ নয় কোনটি?**
K ব্যাংকে নগদ টাকা জমা দেওয়া হলো
L ব্যাংক চার্জ নগদান বইতে লেখা হয়নি
M পরিবহনাধীন জমা
N ইস্যুকৃত চেক ব্যাংকে উপস্থাপন করা হয়নি

**১২. ব্যাংক বিবরণীর ক্রেডিট ব্যালেন্স দ্বারা কী বোঝায়?**
K ব্যাংক জমার উদ্বৃত্ত L ব্যাংক জমাতিরিক্ত
M ব্যাংক ঋণ N চলতি দায়

**১৩. কোন ধরনের ভুল থাকা সত্ত্বেও রেওয়ামিল মিলে যাবে?**
K করণিক ভুল L নীতিগত ভুল
M যোগের ভুল N উদ্বৃত্ত নিরূপণে ভুল

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
এবি ট্রেডার্স ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে ১,২০,০০০ টাকার একটি মেশিন ক্রয় করে যার সংস্থাপন ব্যয় ২০,০০০ টাকা। মেশিনটির ভগ্নাবশেষ মূল্য ১০,০০০ টাকা এবং আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর।

**১৪. সরলরৈখিক পদ্ধতিতে বার্ষিক অবচয়ের পরিমাণ কত টাকা?**
K ১১,০০০ L ১২,০০০
M ১৩,০০০ N ১৪,০০০

**১৫. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করা হলে প্রথম বছরের অবচয়ের পার্থক্যের পরিমাণ কত টাকা?**
K ১,০০০ L ১৩,০০০
M ১৫,০০০ N ২৭,০০০

**১৬. অনাদায়ি পাওনা সঞ্চিতি কোন প্রকৃতির হিসাব?**
K দায় হিসাব L সম্পত্তি হিসাব
M কন্ট্রা সম্পত্তি হিসাব N আয় হিসাব

**১৭. অবচয় হিসাবভুক্তের জন্য কোন জাবেদা দেওয়া হয়?**
K সমাপনী জাবেদা L স্থানান্তর জাবেদা
M সমন্বয় জাবেদা N প্রারম্ভিক জাবেদা

**১৮. অনগদ ব্যয় হলো—**
i. সম্পত্তির অবচয় খরচ
ii. সুনামের অবচয় খরচ
iii. সুদ খরচ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৯. আসাদ এন্ড কোং এর নিকট থেকে ৪,৫০০ টাকার পণ্য ক্রয় করে ভুলবশত ক্রয় হিসাবে ৪৫০ টাকা লেখা হয়েছে। সংশোধনী জাবেদা হবে—**
K ক্রয় হিসাব ডেবিট এবং প্রাপ্য হিসাব ক্রেডিট
L ক্রয় হিসাব ডেবিট এবং অনিশ্চিত হিসাব ক্রেডিট
M আসাদ এন্ড কোং হিসাব ডেবিট এবং ক্রয় হিসাব ক্রেডিট
N ক্রয় হিসাব ডেবিট এবং প্রদেয় হিসাব ক্রেডিট

**২০. মূলধনী খরচ হলো—**
i. যন্ত্রপাতি ক্রয়
ii. যন্ত্রপাতির সংস্থাপন ব্যয়
iii. যন্ত্রপাতির মেরামত ব্যয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২১. কোনটিকে হিসাবচক্রের ঐচ্ছিক ধাপ বলা হয়?**
K রেওয়ামিল L খতিয়ান
M কার্যপত্র N জাবেদা

**২২. ব্যাংক বিবরণী প্রস্তুত করেন কে?**
K আমানতকারী L বিনিয়োগকারী
M ঋণগ্রহীতা N ব্যাংক কর্তৃপক্ষ

**২৩. ব্যবসায়ের কোন ধরনের সম্পদের ওপর অবচয় ধার্য করা হয়?**
K চলতি সম্পদ L স্থায়ী সম্পদ
M অস্পর্শনীয় সম্পদ N অলীক সম্পদ

**২৪. ক্রয় ফেরতের জন্য কোন দলিল ব্যবহার করা হয়?**
K ভাউচার L চালান
M ক্রেডিট নোট N ডেবিট নোট

**২৫. কোনটি হিসাবচক্রের প্রথম ধাপ?**
K জাবেদাভুক্তিকরণ L লেনদেন শনাক্তকরণ
M শ্রেণিবিন্যাসকরণ N সংক্ষিপ্তকরণ

**২৬. ভগ্নাবশেষ মূল্যকে কী নামে অভিহিত করা যায়?**
K প্রাক্কলিত অপসারণ মূল্য
L সম্পদের নির্দিষ্ট বিক্রয়মূল্য
M আয়ুষ্কাল শেষে সম্পদ থেকে নগদ প্রাপ্তি
N সম্পদ অপসারণকালে প্রদত্ত নগদ অর্থ

**২৭. ২/১০, N/৩০ দ্বারা কী বোঝায়?**
K ২০ দিনের মধ্যে টাকা পরিশোধ করলে ২% বাট্টা পায়
L ৩০ দিনের মধ্যে টাকা পরিশোধ করলে ১০% বাট্টা পায়
M ১০ দিনের মধ্যে টাকা পরিশোধ করলে ২% বাট্টা পায়
N ২০ দিনের মধ্যে টাকা পরিশোধ করলে ১০% বাট্টা পায়

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
প্রারম্ভিক মজুদ ৩৩,৫০০ টাকা, ক্রয় ৬০,০০০ টাকা, ক্রয় ফেরত ৩,০০০ টাকা, ক্রয় বাট্টা ২,০০০ টাকা, মজুরি খরচ ১০,০০০ টাকা, অফিস ভাড়া ৬,০০০ টাকা, মেশিনের বহন খরচ ৫,০০০ টাকা, সমাপনী মজুদ ৭০,০০০ টাকা (বাজারমূল্য ৪৫,০০০ টাকা)

**২৮. উপরিউক্ত তথ্যের আলোকে নিট ক্রয়মূল্য কত টাকা?**
K ৫৩,৫০০ L ৫৫,০০০
M ৬৫,০০০ N ৯৮,৫০০

**২৯. বিক্রীত পণ্যের ব্যয়ের অন্তর্ভুক্ত নয়—**
i. মেশিনের বহন খরচ
ii. অফিস খরচ
iii. মজুরি খরচ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৩০. কখন সমাপনী মজুদ পণ্য রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয়?**
K সমাপনী মজুদ পণ্যের উদ্বৃত্ত থাকলে
L প্রারম্ভিক মজুদ না থাকলে
M সমন্বিত ক্রয়ের উদ্বৃত্ত থাকলে
N মালিক নির্দেশ দিলে

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | K | ৩ | N | ৪ | L | ৫ | L | ৬ | M | ৭ | M | ৮ | N | ৯ | M | ১০ | L | ১১ | K | ১২ | K | ১৩ | L | ১৪ | M | ১৫ | M |
| ১৬ | M | ১৭ | M | ১৮ | K | ১৯ | L | ২০ | K | ২১ | M | ২২ | N | ২৩ | L | ২৪ | N | ২৫ | L | ২৬ | M | ২৭ | M | ২৮ | L | ২৯ | K | ৩০ | M |

........
........

5242011

লেকচার

Short সিলেবাসে

HSC সৃজনশীল

MADE EASY

with Test Papers

# হিসাববিজ্ঞান

## দ্বিতীয় পত্র

অধিকতর ও Smart প্রস্তুতির জন্য

ডাউনলোড করতে QR Code টি স্ক্যান করো

অধিক অনুশীলনের জন্য এইচএসসিসহ মডেল টেস্ট ও শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা

পর্যায়ক্রমে আপলোড হবে...

# বিস্তারিত সূচি

● পৃষ্ঠা নং দেখে কাঙ্ক্ষিত বিষয়টির অবস্থান জেনে নিই


## এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল ---- ৪–৩৯

১. ঢাকা বোর্ড ২০২২ ........ ৪
২. রাজশাহী বোর্ড ২০২২ ........ ৬
৩. যশোর বোর্ড ২০২২ ........ ৮
৪. কুমিল্লা বোর্ড ২০২২ ........ ১০
৫. চট্টগ্রাম বোর্ড ২০২২ ........ ১২
৬. সিলেট বোর্ড ২০২২ ........ ১৪
৭. বরিশাল বোর্ড ২০২২ ........ ১৬
৮. দিনাজপুর বোর্ড ২০২২ ........ ১৮
৯. ময়মনসিংহ বোর্ড ২০২২ ........ ২০
১০. ঢাকা বোর্ড ২০২১ ........ ২২
১১. রাজশাহী বোর্ড ২০২১ ........ ২৪
১২. যশোর বোর্ড ২০২১ ........ ২৬
১৩. কুমিল্লা বোর্ড ২০২১ ........ ২৮
১৪. চট্টগ্রাম বোর্ড ২০২১ ........ ৩০
১৫. সিলেট বোর্ড ২০২১ ........ ৩২
১৬. বরিশাল বোর্ড ২০২১ ........ ৩৪
১৭. দিনাজপুর বোর্ড ২০২১ ........ ৩৬
১৮. ময়মনসিংহ বোর্ড ২০২১ ........ ৩৮

## এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি ---- ৪০–৫৭

১৯. ঢাকা বোর্ড ২০২২ ........ ৪০
২০. রাজশাহী বোর্ড ২০২২ ........ ৪১
২১. যশোর বোর্ড ২০২২ ........ ৪২
২২. কুমিল্লা বোর্ড ২০২২ ........ ৪৩
২৩. চট্টগ্রাম বোর্ড ২০২২ ........ ৪৪
২৪. সিলেট বোর্ড ২০২২ ........ ৪৫
২৫. বরিশাল বোর্ড ২০২২ ........ ৪৬
২৬. দিনাজপুর বোর্ড ২০২২ ........ ৪৭
২৭. ময়মনসিংহ বোর্ড ২০২২ ........ ৪৮
২৮. ঢাকা বোর্ড ২০২১ ........ ৪৯
২৯. রাজশাহী বোর্ড ২০২১ ........ ৫০
৩০. যশোর বোর্ড ২০২১ ........ ৫১
৩১. কুমিল্লা বোর্ড ২০২১ ........ ৫২

৩২. চট্টগ্রাম বোর্ড ২০২১ ........................................ ৫৩
৩৩. সিলেট বোর্ড ২০২১ ........................................ ৫৪
৩৪. বরিশাল বোর্ড ২০২১ ........................................ ৫৫
৩৫. দিনাজপুর বোর্ড ২০২১ ........................................ ৫৬
৩৬. ময়মনসিংহ বোর্ড ২০২১ ........................................ ৫৭

**অন্যান্য তথ্যাবলি :** বছরের মোট লাভের পরিমাণ ৩,৫০,০০০ টাকা, করপূর্ব নিট মুনাফার পরিমাণ ২,১০,০০০ টাকা। কর হার ৪০% এবং বিক্রয়ের পরিমাণ ছিল ১৪,০০,০০০ টাকা।

ক. চলতি অনুপাত নির্ণয় কর। ২

খ. বিনিয়োজিত মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. মোট লাভ এবং নিট লাভ অনুপাত নির্ণয় কর এবং দক্ষতার মূল্যায়ন কর। ৪

**৮** ▶ জনি লিমিটেডের আর্থিক বিবরণী থেকে নিম্নোক্ত তথ্য প্রদত্ত হলো :

| | টাকা |
|---|---|
| প্রারম্ভিক মজুদ | ৮,০০,০০০ |
| ক্রয় | ৩২,০০,০০০ |
| সমাপনী মজুদ | ? |
| শেয়ার মূলধন | ৫০,০০,০০০ |
| বিক্রয় (ধারে ৮০%) | ৪০,০০,০০০ |
| মোট লাভ | ১০,০০,০০০ |
| নিট লাভ | ২,৫০,০০০ |
| বিবিধ দেনাদার | ৮,০০,০০০ |
| মোট সম্পদ | ২০,০০,০০০ |

ক. সমাপনী মজুদ পণ্যের মূল্য নির্ণয় কর। ২

খ. মজুদ আবর্তন অনুপাত ও মোট সম্পত্তির আবর্তন অনুপাত নির্ণয় কর। ৪

গ. দেনাদার আবর্তন অনুপাত ও গড় আদায় সময় নির্ণয় কর। ৪

**৯ ▶ বাদল ট্রেডার্সের উৎপাদন ব্যয় বিশ্লেষণ নিম্নরূপ :**

প্রারম্ভিক মজুদ ৪০ একক প্রতি একক ৫৮০ টাকা

বিক্রয় ২০৫০ একক প্রতি একক ৭৫০ টাকা

কাঁচামাল ব্যয় একক প্রতি ২২০ টাকা

মজুরি ব্যয় ঘণ্টা প্রতি ৫০ টাকা (একক প্রতি মজুরি ৫ ঘণ্টা)

কারখানা উপরিব্যয় মজুরির $\frac{২}{৩}$ অংশ

বিক্রয় উপরিব্যয় ৫,০০০ টাকা

সমাপনী তৈরি মজুদ ৬০ একক

ক. উৎপাদিত পণ্যের পরিমাণ (একক) নির্ণয় কর। ২

খ. বিক্রীত পণ্যের ব্যয় নিরূপণ কর। ৪

গ. আয় বিবরণী তৈরি কর এবং বিক্রয়ের উপর নিট লাভের শতকরা হার নির্ণয় কর। ৪

**১০** ▶ হাবিব ফার্নিচার কোম্পানি ২০২১ সালের ১ মার্চ উৎপাদনসংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ :

প্রারম্ভিক মজুদ ১২৫ একক প্রতি একক ১৬,০০০ টাকা

উৎপাদন ৭৫০ একক

বিক্রয় ৬৫০ একক প্রতি একক ২৮,০০০ টাকা

প্রত্যক্ষ মাল ৫,০০০ টাকা প্রতি একক

প্রত্যক্ষ শ্রম ৩,০০০ টাকা প্রতি একক

কারখানা উপরিব্যয় মজুরির ৭৫%

প্রশাসনিক উপরিব্যয় উৎপাদন ব্যয়ের ২৫% এবং বিক্রয় খরচ ৭৫,০০০ টাকা।

ক. মুখ্য ব্যয় নির্ণয় কর। ২

খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

গ. নিট মুনাফার পরিমাণ নির্ণয় কর এবং বিক্রয়ের উপর মোট মুনাফার শতকরা হার নিরূপণ কর। ৪

**১১** ▶ মিশু এন্ড কোং এর হিসাবকাল শেষে মজুদ পণ্য মূল্যায়ন করে ২০২১ সালে মজুদ, ক্রয় ও বিক্রয়সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| জানু. | ১ | প্রারম্ভিক মজুদ ১০ টাকা দরে ২,০০০ একক। |
| মার্চ | ১০ | ক্রয় ১২ টাকা দরে ২,৫০০ একক। |
| জুন | ১৫ | ক্রয় ১১ টাকা দরে ১,৫০০ একক। |
| আগস্ট | ২০ | ক্রয় ১৩ টাকা দরে ৬,০০০ একক। |
| ” | ২২ | বিক্রয় ৪,০০০ একক। |
| ” | ২৫ | বিক্রয় ৩,০০০ একক। |
| ” | ২৮ | বিক্রয় ৩,৫০০ একক। |

ক. মিশু কোম্পানির সমাপনী মজুদ পণ্যের পরিমাণ নির্ণয় কর। ২

খ. FIFO পদ্ধতিতে মজুদ খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মজুদ খতিয়ান তৈরি কর। ৪

# ৭ বরিশাল বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 4

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে অররা লিমিটেডের রেওয়ামিলসংক্রান্ত তথ্য নিম্নে প্রদত্ত হলো :

**অররা লিমিটেড**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| সংরক্ষিত আয় | | ২০,০০০ |
| সুনাম | ৩,০০,০০০ | |
| শেয়ার মূলধন | | ৭,০০,০০০ |
| আসবাবপত্র | ১,৬০,০০০ | |
| ৭% ডিবেঞ্চার (১-১-২০২০) | | ৮০,০০০ |
| প্রদেয় হিসাব | | ৪৮,০০০ |
| সাধারণ সঞ্চিতি | | ৮০,০০০ |
| অদাবিকৃত লভ্যাংশ | | ২০,০০০ |
| ক্রয় ও বিক্রয় (ভ্যাটসহ ১৫%) | ৩,৪৫,০০০ | ৬,৩২,৫০০ |
| ইজারা | ১,০০,০০০ | |
| ১০% বিনিয়োগ (১-৭-২১) | ৩,৫০,০০০ | |
| বিজ্ঞাপন | ১৬,০০০ | |
| যন্ত্রপাতি | ৮০,০০০ | |
| বেতন | ৭৫,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১,৪০,০০০ | |
| প্রারম্ভিক মজুদ | ১৪,৫০০ | |
| | ১৫,৮০,৫০০ | ১৫,৮০,৫০০ |

**সমন্বয়সমূহ :** (i) সমাপনী মজুদ ৯০,০০০ টাকায় মূল্যায়িত হয়েছে; (ii) অদাবিকৃত লভ্যাংশের ১/২ অবলোপন কর; (iii) সাধারণ সঞ্চিতি তহবিল ১,০০,০০০ টাকায় উন্নীত কর; (iv) প্রস্তাবিত লভ্যাংশ ৩৫,০০০ টাকা।

ক. ভ্যাট চলতি হিসাব প্রস্তুত কর। ২
খ. ১,৫০,০০০ টাকা নিট আয় ধরে সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত ১,৮৫,০০০ টাকা ধরে ৩১ ডিসেম্বর ২০২১ তারিখে আর্থিক বিবরণী এর মূলধন ও দায় পার্শ্ব দেখাও। ৪

**২ ▸ ৩১ ডিসেম্বর ২০২১ সালে বলাকা লিমিটেডের রেওয়ামিল নিম্নরূপ ছিল :**

**বলাকা লিমিটেড**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (১০ টাকা মূল্যের ৩৫,০০০ শেয়ার) | | ৩,৫০,০০০ |
| যন্ত্রপাতি | ২,০০,০০০ | |
| বিক্রয় | | ১৩,৫০,০০০ |
| ক্রয় | ৬,৫০,০০০ | |
| ভাড়া | ৩০,০০০ | |
| নগদ | ২০,০০০ | |
| মজুদ (১-১-২১) | ১,২০,০০০ | |
| ভূমি ও দালান | ৫,৫০,০০০ | |
| অনাদায়ি পাওনা সঞ্চিতি | | ২০,০০০ |
| বেতন | ৬০,০০০ | |
| বিজ্ঞাপন | ৪৫,০০০ | |
| মজুরি | ৫০,০০০ | |
| বকেয়া মজুরি | | ২০,০০০ |
| প্রদেয় হিসাব | | ২,০০,০০০ |
| প্রাপ্য হিসাব | ২,৫০,০০০ | |
| সাধারণ সঞ্চিতি | | ৬০,০০০ |
| আন্তঃপরিবহন | ৩০,০০০ | |
| ডক চার্জ | ৪৫,০০০ | |
| ৮% ঋণ | | ৫০,০০০ |
| | ২০,৫০,০০০ | ২০,৫০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (i) যন্ত্রপাতি এবং ভূমি ও দালানকোঠার উপর যথাক্রমে ১০% ও ৫% হারে অবচয় ধার্য করতে হবে; (ii) বেতন ১০,০০০ টাকা বকেয়া রয়েছে, অন্যদিকে ভাড়া ৫,০০০ টাকা অগ্রিম প্রদত্ত হয়েছে; (iii) প্রাপ্য হিসাবের উপর ১০% হারে অনাদায়ি পাওনা সঞ্চিতি ব্যবস্থা করতে হবে; (iv) সমাপনী মজুদ ১,৯০,০০০ টাকায় মূল্যায়িত হয়েছে, যার মধ্যে ২০,০০০ টাকার বিক্রীত পণ্য অন্তর্ভুক্ত আছে যা এখনও ক্রেতাকে সরবরাহ করা হয়নি।

ক. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২
খ. মোট মুনাফা ৬,৫০,০০০ টাকা ধরে নিট মুনাফা/ক্ষতি নির্ণয় কর। ৪
গ. আর্থিক অবস্থার বিবরণীর সম্পদ পার্শ্ব উপস্থাপন কর। ৪

### খ বিভাগ

৩ ▸ ম্যাক্রন কোম্পানি লিমিটেড ১০ টাকা মূল্যের ৪,০০,০০০ শেয়ারে বিভক্ত ৪০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে গঠিত। কোম্পানি ২০% অধিহারে ২,৫০,০০০ শেয়ার জনগণের উদ্দেশ্যে বিলি করার সিদ্ধান্ত গ্রহণ করে। ৩,২০,০০০ শেয়ার আবেদনের টাকা পাওয়া যায় এবং ২,৫০,০০০ শেয়ার বণ্টিত হয়। অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেওয়া হয়। প্রত্যেক শেয়ারের জন্য অবলেখকের কমিশন ধার্য করা হয়েছে ০.৫০ টাকা।

ক. অবলেখকের কমিশন নির্ণয় কর। ২
খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা প্রস্তুত কর। ৪
গ. আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

৪ ▸ রংধনু লিমিটেড ১০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত, যা ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত। জনসাধারণের জন্য ৭৫% শেয়ার ইস্যুর সিদ্ধান্ত গৃহীত হয়। কোম্পানি ১৫০% শেয়ারের আবেদন পেল। ১০০% শেয়ার যথারীতি আবণ্টিত হলো। অতিরিক্ত শেয়ার আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেওয়া হলো।

ক. আবেদনকৃত শেয়ার এবং ইস্যুকৃত শেয়ারের সংখ্যা নির্ণয় কর। ২
খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৫ ▸ গ্লোব লিমিটেডের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে আর্থিক অবস্থার বিবরণী নিম্নে প্রদত্ত হলো :

**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০২১

| মূলধন ও দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| সাধারণ সঞ্চিতি | ৬০,০০০ | যন্ত্রপাতি | ৫০,০০০ |
| শেয়ার মূলধন | ১,৮০,০০০ | মজুদ পণ্য | ৩০,০০০ |
| ৮% ঋণপত্র | ৬০,০০০ | অবলেখকের কমিশন | ২০,০০০ |

| | | | |
|---|---|---|---|
| প্রদেয় হিসাব | ৭০,০০০ | ভূমি | ১,০০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ২০,০০০ | প্রাপ্য হিসাব | ১,৫০,০০০ |
| বকেয়া বেতন | ১০,০০০ | নগদ তহবিল | ৫০,০০০ |
| | ৪,০০,০০০ | | ৪,০০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** সারা বছরে বিক্রয়ের পরিমাণ ছিল ৫,০০,০০০ টাকা।

ক. মালিকানা তহবিল নির্ণয় কর। ২

খ. তারল্য অনুপাত ও কার্যকরী মূলধন অনুপাত নির্ণয় কর। ৪

গ. দায়-মালিকানা অনুপাত এবং মালিকানা মোট সম্পদ অনুপাত নির্ণয় কর। ৪

৬ ▸ তুহিন এ্যাগ্রো লিমিটেডের আর্থিক অবস্থার বিবরণী নিম্নে দেওয়া হলো :

| মূলধন ও দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| প্রদেয় হিসাব | ২,৫০,০০০ | হাতে নগদ | ২,০০,০০০ |
| প্রদেয় নোটস | ১,০০,০০০ | অগ্রিম বেতন | ৪০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ১,০০,০০০ | মজুদ পণ্য | ৩,০০,০০০ |
| ৯% ডিবেঞ্চার | ৩,৫০,০০০ | সাপ্লাইজ | ১,৫০,০০০ |
| শেয়ার মূলধন | ১১,০০,০০০ | প্রাপ্য হিসাব | ৪,০০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ২,৫০,০০০ | স্থায়ী সম্পদ | ১২,১০,০০০ |
| সংরক্ষিত আয় | ১,৫০,০০০ | | |
| | ২৩,০০,০০০ | | ২৩,০০,০০০ |

কোম্পানি বিক্রীত পণ্যের ব্যয়ের উপর ৩০% মুনাফায় পণ্য বিক্রি করে। বিক্রির পরিমাণ ছিল ৩০,০০,০০০ টাকা। পরিচালন খরচ ২০,০০০ টাকা।

ক. মোট মুনাফা নির্ণয় কর। ২

খ. মোট মুনাফা অনুপাত এবং নিট মুনাফা অনুপাত নির্ণয় কর। ৪

গ. বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত এবং দায় মোট সম্পদ অনুপাত নির্ণয় কর। ৪

৭ ▸ রবি ও বেলাল একটি অংশীদারি কারবারের দুইজন অংশীদার। তারা ৪ : ৩ অনুপাতে লাভ-লোকসান বণ্টন করে। ১ জানুয়ারি ২০২১ তারিখে তাদের মূলধন হিসাবের উদ্বৃত্ত ছিল যথাক্রমে ২,০০,০০০ ও ১,৫০,০০০ টাকা। সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য বেলাল মাসিক ১,৫০০ টাকা বেতন পায়। বছরের মাঝামাঝি সময়ে বেলাল ৫০,০০০ টাকা অতিরিক্ত মূলধনস্বরূপ কারবারে আনয়ন করে। ১ জুলাই, ২০২১ তারিখে রবি ৬০,০০০ টাকা ঋণস্বরূপ প্রদান করে। প্রত্যেক মাসের শুরুতে রবি ও বেলাল যথাক্রমে ১,০০০ টাকা ও ৮০০ টাকা করে উত্তোলন করে। মূলধন ও উত্তোলনের উপর যথাক্রমে ৫% ও ১০% হারে সুদ ধার্যের সিদ্ধান্ত গৃহীত হয়। উপরিউক্ত সমন্বয়সাধনের পূর্বে ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য কারবারে নিট মুনাফা হয় ১,২৫,০০০ টাকা।

ক. রবি এর ঋণ হিসাব প্রস্তুত কর। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. অংশীদারগণের চলতি হিসাব প্রস্তুত কর। ৪

৮ ▸ অনুপ লি.-এর কারখানার একটি গুদামে ২০২১ সালের জুন মাসে কাঁচামালের আগমন ও নির্গমন নিম্নরূপ :

| তারিখ | বিবরণ | একক | হার টাকা |
|---|---|---|---|
| ২০২১ | | | |
| জুন ১ | প্রারম্ভিক জের | ১,০০০ | ১০ |
| " ৫ | ক্রয় | ৮৫০ | ১১ |
| " ৮ | ইস্যু | ৪৫০ | .. |
| " ১২ | ইস্যু | ১,২০০ | .. |
| " ১৫ | ক্রয় | ৯০০ | ১২ |
| " ২৫ | ইস্যু | ১,১০০ | .. |
| " ৩০ | সমাপনী মজুদ | ৩০০ | .. |

ক. অতিরিক্ত অথবা ঘাটতি এককের পরিমাণ নির্ণয় কর। ২

খ. আগে আসলে আগে যায় পদ্ধতিতে মাল খতিয়ান তৈরি কর। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান তৈরি কর। ৪

৯ ▸ স্টার লিমিটেডের ২০২১ সালের উৎপাদন ব্যয় সংক্রান্ত উদ্বৃত্তসমূহ দেওয়া হলো :

| বিবরণ | ১-১-২০২১ টাকা | ৩১-১২-২০২১ টাকা |
|---|---|---|
| উৎপাদিত পণ্য (প্রারম্ভিক মজুদ ২০০ একক) | ৪০,০০০ | |
| কাঁচামাল | ১৫,০০০ | ১২,০০০ |
| আংশিক উৎপাদিত পণ্য | ১৫,০০০ | ১৪,০০০ |
| সংশ্লিষ্ট বছরে অন্যান্য তথ্য ছিল নিম্নরূপ : | | |
| মজুরি | | ২,২৫,০০০ |
| কাঁচামাল ক্রয় | | ৩,০০,০০০ |
| কারখানা উপরিব্যয় | | ১,৫০,০০০ |
| প্রশাসনিক উপরিব্যয় | | ৪৫,০০০ |
| বিক্রয় উপরিব্যয় | | ৫০,০০০ |
| বিক্রয় (২৩০০ একক) | | ৯,২০,০০০ |
| উৎপাদিত পণ্যের সমাপনী মজুদ (২০০ একক) | | |

ক. রূপান্তর ব্যয় নির্ণয় কর। ২

খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

গ. বিক্রীত পণ্যের ব্যয়ের উপর ৩০% মুনাফা ধরে আয় বিবরণী প্রস্তুত কর। ৪

১০ ▸ ACI লিমিটেডের উৎপাদন বিভাগের ৩ জন কর্মচারীর ডিসেম্বর ২০২১ সালের বেতন খাতে আয় ও কর্তনসমূহ নিম্নে দেওয়া হলো :

| বিবরণ | কর্মচারীদের নাম | | |
|---|---|---|---|
| | কামাল | জামাল | কালাম |
| বেতন (মূল বেতন) | ১৮,০০০ | ১৬,০০০ | ১৫,০০০ |
| বাসা ভাড়া (মূল বেতনের উপর) | ৪৫% | ৫০% | ৫০% |
| চিকিৎসা ভাতা | ১,৫০০ | ১,৫০০ | ১,৫০০ |
| ওভারটাইম | ৫,০০০ | ৩,৫০০ | ৩,০০০ |
| ভবিষ্যৎ তহবিলে জমা | ১০% | ১০% | ১০% |
| কল্যাণ তহবিলে জমাদান | ৩০০ | ২৫০ | ২০০ |
| গ্রুপ বিমা | ২০০ | ২০০ | ২০০ |
| অগ্রিম বেতন কর্তন | ১,০০০ | ৯০০ | ৬০০ |

ক. নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত বাসা ভাড়া ভাতার পরিমাণ নির্ণয় কর। ২

খ. কর্মচারীদের মোট উপার্জনের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. প্রত্যেক কর্মচারীর নিট উপার্জনের পরিমাণ নির্ণয় কর। ৪

১১ ▸ জবা ও বেলি একটি অংশীদারি কারবারের সমান অংশীদার। ১ জানুয়ারি ২০২১ তারিখে তারা যথাক্রমে ১,৮০,০০০ টাকা ও ১,৫০,০০০ টাকা মূলধন হিসাবে সরবরাহ করে। মূলধনের উপর ৫% হারে সুদ ধার্য করার সিদ্ধান্ত গৃহীত হয়। তারা প্রত্যেকে মাসের শুরুতে ১,৫০০ টাকা করে উত্তোলন করে। জবা ৪,০০০ টাকার পণ্যদ্রব্য উত্তোলন করে। উত্তোলনের উপর ১০% হারে সুদ ধার্যের সিদ্ধান্ত গৃহীত হয়। বছর শেষে উল্লিখিত সমন্বয়সাধনের পূর্বে প্রতিষ্ঠানের নিট মুনাফা হয় ১,৫৬,০০০ টাকা। এছাড়াও জুলাই মাসের ১ তারিখে বেলি ১০,০০০ টাকা অতিরিক্ত মূলধন হিসেবে কারবারে সরবরাহ করে।

ক. জবা ও বেলির মূলধনের সুদ নির্ণয় কর। ২

খ. অংশীদারদের লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

## ৮ দিনাজপুর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 4

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ নওরোজ কোম্পানি লিমিটেডের রেওয়ামিল হতে নিম্নের তথ্যাদি পাওয়া গেল :

**নওরোজ কোম্পানি লিমিটেড**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (৫০,০০০ শেয়ার প্রতিটি ১০ টাকা হারে) | | ৫,০০,০০০ |
| সুনাম | ২,০০,০০০ | |
| অফিস সরঞ্জাম | ৮,০০,০০০ | |
| বেতন | ১,৪০,০০০ | |
| অগ্রিম বিমা | ১,৪০,০০০ | |
| অফিস সাপ্লাইজ | ২,৩০,০০০ | |
| বিজ্ঞাপন | ১,৭০,০০০ | |
| লভ্যাংশ | ৪০,০০০ | |
| সেবা আয় | | ৭,২০,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | | ৬০,০০০ |
| পুঞ্জীভূত অবচয় (অফিস সরঞ্জাম) | | ৮০,০০০ |
| কমিশন | | ৪০,০০০ |
| রক্ষিত আয় | | ২,০০,০০০ |
| প্রদেয় মজুরি | | ১,২০,০০০ |
| | ১৭,২০,০০০ | ১৭,২০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) অনুপার্জিত সেবা আয় ৩০,০০০ টাকা উপার্জিত হয়েছে; (২) বিজ্ঞাপন ৮০,০০০ টাকা অগ্রিম প্রদত্ত হয়েছে; (৩) অফিস সাপ্লাইজ ব্যয় হয়েছে ১,০০,০০০ টাকা এবং বিমা খরচ ৪০,০০০ টাকা; (৪) ১০% হারে লভ্যাংশ ঘোষণা করা হয়েছে; (৫) অফিস সরঞ্জামের অবচয় বার্ষিক ৮০,০০০ টাকা।

ক. অনুপার্জিত সেবা আয় ও ঘোষিত লভ্যাংশের পরিমাণ কত? ২

খ. নওরোজ কোম্পানি লি.-এর আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. নওরোজ কোম্পানি লি.-এর আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

২ ▸ সাদমান কোম্পানি লিমিটেডের রেওয়ামিলটি নিম্নরূপ :

**সাদমান কোম্পানি লিমিটেড**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (প্রতিটি শেয়ার ১০ টাকা) | | ৪,০০,০০০ |
| সুনাম | ১,০০,০০০ | |
| ভূমি ও দালান | ২,০০,০০০ | |
| কলকব্জা ও যন্ত্রপাতি | ১,৩০,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২৬,০০০ | |
| পণ্য ক্রয় | ২,২৫,০০০ | |
| ব্যাংক জমার উদ্বৃত্ত | ৬০,০০০ | |
| আয়কর | ১০,০০০ | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ৫,০০০ | |
| আন্তঃফেরত | ১০,০০০ | |
| পরিচালন ব্যয় | ৬৫,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৭৫,০০০ | |
| সঞ্চিতি তহবিল | | ৫০,০০০ |
| রক্ষিত আয় উদ্বৃত্ত | | ২০,০০০ |
| প্রদেয় হিসাব | | ৫০,০০০ |
| বিক্রয় | | ৩,৮৬,০০০ |
| | ৯,০৬,০০০ | ৯,০৬,০০০ |

**অন্যান্য তথ্যাবলিসমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য মূল্যায়িত হয়েছে ৭৫,০০০ টাকা; (২) অলিখিত বিক্রয়ের পরিমাণ ৪,০০০ টাকা; (৩) শেয়ার মূলধনের উপর ১০% হারে লভ্যাংশ ঘোষিত হয়েছে; (৪) নিট লাভের ১২,০০০ টাকা সঞ্চিতি তহবিলে স্থানান্তর করতে হবে।

ক. নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. নিট মুনাফা ১,৭২,০০০ টাকা ধরে রক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণীর দায় ও মালিকানাস্বত্ব পার্শ্ব প্রদর্শন কর। ৪

### খ বিভাগ

৩ ▸ লিরা, হিরা এবং মিরা একটি অংশীদারি ফার্মের তিনজন অংশীদার। তারা কারবারের লাভ-লোকসান ৩ : ২ : ১ অনুপাতে বণ্টন করে নেয়। ১ জানুয়ারি ২০২১ তাদের মূলধনের পরিমাণ ছিল লিরা ৬০,০০০ টাকা, হিরা ৪৫,০০০ টাকা এবং মিরা ৩০,০০০ টাকা। কারবার পরিচালনার কাজে লিরা বার্ষিক ১২,০০০ টাকা বেতন পাবে। অংশীদারগণ মূলধনের উপর বার্ষিক ৫% হারে সুদ পাবে। মুনাফার প্রত্যাশায় অংশীদারদের বছরে উত্তোলনের পরিমাণ ছিল যথাক্রমে লিরা ৯,০০০ টাকা, হিরা ৬,০০০ টাকা এবং মিরা ৩,০০০ টাকা। ১ জুলাই ২০২১ তারিখে লিরা কারবারে ৩০,০০০ টাকা অতিরিক্ত মূলধন আনয়ন করে। মূলধনের উপর সুদ ও বেতন ডেবিট করার পূর্বে ৩১ ডিসেম্বর ২০২১ তারিখে কারবারের নিট লাভ দাঁড়ায় ৮৫,৫০০ টাকা।

ক. লিরা ও মিরার মূলধনের সুদ নির্ণয় কর। ২

খ. অংশীদারদের লাভ-লোকসান বণ্টন হিসাব তৈরি কর। ৪

গ. অংশীদারদের মূলধন হিসাব তৈরি কর। ৪

৪ ▸ আলীবাবা কোম্পানি লি. ৫,০০,০০,০০০ টাকা মূলধন নিয়ে নিবন্ধিত, যা প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ৫০,০০,০০০ শেয়ারে বিভক্ত। কোম্পানি ৫০% শেয়ার ২ টাকা অধিহারে বিক্রয়ের জন্য বিবরণপত্র প্রচার করে। সর্বমোট ২৮,০০,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি বণ্টন করা হয় এবং অতিরিক্ত আবেদনের টাকা ফেরত প্রদান করা হয়।

ক. শেয়ার অধিহার এবং ফেরতকৃত অর্থের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা প্রস্তুত কর। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৫ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে মাহমুদ কোম্পানির উদ্বর্তপত্র নিম্নরূপ ছিল :

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৭,০০,০০০ | স্থায়ী সম্পদ | ৮,৫০,০০০ |
| সঞ্চিতি তহবিল | ২,০০,০০০ | মজুদ পণ্য | ৫০,০০০ |
| ১০% ঋণপত্র | ২,০০,০০০ | প্রাপ্য হিসাব | ১,৮০,০০০ |
| প্রদেয় হিসাব | ১,০০,০০০ | প্রাপ্য নোটস | ৭০,০০০ |
| প্রদেয় নোটস্ | ৪০,০০০ | নগদ ও ব্যাংক জমা | ১,৫০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৬০,০০০ | | |
| | ১৩,০০,০০০ | | ১৩,০০,০০০ |

ক. মালিকানাস্বত্বের পরিমাণ কত? ২

খ. কার্যকরী মূলধন অনুপাত ও অগ্নি পরীক্ষা অনুপাত নির্ণয় কর। ৪

গ. দায় মালিকানা অনুপাত এবং মূলধন গিয়ারিং অনুপাত নির্ণয় কর। ৪

৬ ▸ সাদিয়া মিলস্ লি.-এর উৎপাদন ব্যয়সংক্রান্ত তথ্যাবলি নিম্নে প্রদত্ত হলো :

| বিবরণ | টাকা |
|---|---|
| কাঁচামালের মজুদ (০১.০১.২০২১) | ৬০,০০০ |
| উৎপাদিত পণ্যের মজুদ (০১.০১.২০২১) | ৮০,০০০ |
| কাঁচামাল ক্রয় | ৭,২০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ৫,০০,০০০ |
| পরোক্ষ মজুরি | ৮০,০০০ |
| কারখানা উপরিব্যয় | ১,২০,০০০ |
| কাঁচামালের মজুদ (৩১.১২.২০২১) | ৮০,০০০ |
| উৎপাদিত পণ্যের মজুদ (৩১.১২.২০২১) | ৯০,০০০ |
| বিক্রয় খরচ | ৭০,০০০ |
| অফিস ও প্রশাসনিক খরচ | ১,৪০,০০০ |
| উৎপাদিত পণ্যের বিক্রয়মূল্য | ২০,০০,০০০ |

ক. ব্যবহৃত কাঁচামালের ব্যয় নির্ণয় কর। ২

খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

গ. আয় বিবরণী প্রস্তুত কর। ৪

৭ ▸ রিয়া মিলস্ লিমিটেড একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান। তাদের হিসাব বই হতে নিম্নলিখিত লেনদেনসমূহ সংগৃহীত হয়েছে :

২০২১

জানু. ১ প্রারম্ভিক মজুদ মাল ৪০০ একক, প্রতি একক ১০ টাকা।

" ১২ কারখানায় পণ্য ইস্যু ২৫০ একক।

" ১৮ পণ্য ক্রয় ৪০০ একক, প্রতি একক ১২ টাকা।

" ২৫ কারখানায় পণ্য ইস্যু ৪৫০ একক।

" ৩০ পণ্য ক্রয় ২৫০ একক, প্রতি একক ১৩ টাকা।

ক. ৩১ জানুয়ারি ২০২১ এর উদ্বৃত্ত (একক) নির্ণয় কর। ২

খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

৮ ▸ A, B ও C একটি কারবারের তিনজন অংশীদার। ০১ জানুয়ারি ২০২১ তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ১,৮০,০০০ টাকা, ১,৫০,০০০ টাকা ও ১,২০,০০০ টাকা। তাদের লাভ-লোকসান বণ্টনের অনুপাত ৩ : ২ : ১। মূলধন ও উত্তোলনের ১০% হারে সুদ ধার্য করা হয়। সার্বক্ষণিক কারবার পরিচালনার জন্য B ও C যথাক্রমে মাসিক ১,৫০০ টাকা ও ১,০০০ টাকা করে বেতন পাবে। সম্ভাব্য মুনাফার প্রত্যাশায় প্রত্যেক অংশীদার প্রতি মাসের শেষ তারিখে ১,০০০ টাকা করে নগদ উত্তোলন করেছে। C-এর বেতন চার্জ করার পর কিন্তু অন্যান্য সমন্বয়সাধনের পূর্বে ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে কারবারের নিট লাভ ছিল ১,২১,৩৫০ টাকা।

ক. অংশীদারদের উত্তোলনের সুদ নির্ণয় কর। ২

খ. অংশীদারদের লাভ-লোকসান বণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. অংশীদারদের চলতি হিসাব প্রস্তুত কর। ৪

৯ ▸ প্রতীক কোম্পানি লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ২৫,০০,০০০ শেয়ারে বিভক্ত ২,৫০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে গঠিত। কোম্পানি ১৫,০০,০০০ শেয়ার ১০% অধিহারে বিক্রয়ের উদ্দেশ্যে প্রচারপত্র বিলি করল। কোম্পানি মোট ১৮,০০,০০০ শেয়ারের আবেদন পেল। যথারীতি শেয়ারসমূহ বণ্টিত হলো এবং অতিরিক্ত আবেদনের টাকা ফেরত প্রদান করা হলো। শেয়ার প্রতি ০.১০ টাকা অবলেখকের কমিশন ও ০.০৬ টাকা করে ব্যাংক চার্জ ধার্য করা হলো।

ক. অবলেখকের কমিশন ও ব্যাংক চার্জের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা দেখাও। ৪

গ. ব্যাংক জমা ১,৬২,৬০,০০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

১০ ▸ দিদার লিমিটেডের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক বিবরণী নিম্নরূপ :

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ১,২০,০০০ | দালানকোঠা | ১,৫০,০০০ |
| রক্ষিত আয় | ৬০,০০০ | মজুদ পণ্য | ২৫,০০০ |
| ১০% ঋণপত্র | ৪০,০০০ | প্রাপ্য হিসাব | ৫০,০০০ |
| প্রদেয় হিসাব | ৩০,০০০ | অগ্রিম খরচ | ৫,০০০ |
| | | ব্যাংক জমা | ১৫,০০০ |
| | | বিলম্বিত বিজ্ঞাপন | ৫,০০০ |
| | ২,৫০,০০০ | | ২,৫০,০০০ |

উক্ত বছরে মোট বিক্রয়ের পরিমাণ ছিল ৭,৫০,০০০ টাকা।

বিক্রীত পণ্যের ব্যয় ৪,৫০,০০০ টাকা।

পরিচালন ব্যয় ১,৫০,০০০ টাকা।

ক. কার্যকরী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. চলতি অনুপাত ও ত্বরিত অনুপাত নির্ণয় কর। ৪

গ. মোট লাভ অনুপাত ও নিট লাভ অনুপাত নির্ণয় কর। ৪

১১ ▸ সামির একটি কোম্পানির কর্মকর্তা। ২০২১ সালের মার্চ মাসের বেতন সংক্রান্ত তথ্য নিম্নে দেওয়া হলো :

| বিবরণ | |
|---|---|
| মূল বেতন | ২৫,০০০ টাকা |
| বাড়িভাড়া (মূল বেতনের) | ৫০% |
| মহার্ঘ ভাতা (মূল বেতনের) | ২০% |
| চিকিৎসা ভাতা | ৮০০ টাকা |
| যৌথ বিমার কর্তন | ১৫০ টাকা |
| অনুমোদিত ভবিষ্যৎ তহবিলে কর্মীর দান (মূল বেতনের) এবং নিয়োগকর্তাও সমপরিমাণ অর্থ দান করেন | ১০% |

ক. অনুমোদিত ভবিষ্যৎ তহবিলে কর্মীর ও নিয়োগকর্তার দানের পরিমাণ নির্ণয় কর। ২

খ. নিট প্রদেয় বেতনের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. বেতনসংক্রান্ত জাবেদা দাখিলা দাও। ৪

## ৯ ময়মনসিংহ বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 4

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট

**হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন**

পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▶ শাপলা কোম্পানি লি.-এর অনুমোদিত মূলধন ১০,০০,০০০ টাকা যা প্রতিটি ১০ টাকা মূল্যের শেয়ারে বিভক্ত। ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিল ছিল নিম্নরূপ :

**শাপলা লি.**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| আসবাবপত্র | ৬৫,০০০ | |
| কলকব্জা | ১,৮০,০০০ | |
| শেয়ার মূলধন | | ৬,০০,০০০ |
| ১০% বিনিয়োগ | ৩,০০,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ১,২০,০০০ | ৯০,০০০ |
| সাধারণ সঞ্চিতি তহবিল | | ১,৫০,০০০ |
| নগদ তহবিল | ৪০,০০০ | |
| সমাপনী মজুদ পণ্য | ১,৪০,০০০ | |
| ব্যাংকে জমা | ১,৫০,০০০ | |
| আয়কর ও আয়কর সঞ্চিতি | ৯,০০০ | ১৯,০০০ |
| শেয়ার অধিহার | | ২০,০০০ |
| শেয়ার দায় গ্রাহকের কমিশন | ৬০,০০০ | |
| সুনাম | ১,৩০,০০০ | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ৭০,০০০ | |
| নিট লাভ (চলতি বছরের) | | ২,০০,০০০ |
| সংরক্ষিত আয়ের উদ্বৃত্ত (১-১-২০২১) | | ১,৮৫,০০০ |
| | ১২,৬৪,০০০ | ১২,৬৪,০০০ |

**সমন্বয়সমূহ :** (i) শেয়ার প্রতি ২.০০ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করা হয়েছে; (ii) সঞ্চিতি তহবিল ২,০০,০০০ টাকায় উন্নীত করতে হবে; (iii) শেয়ার অধিহারের সম্পূর্ণ অংশ সমানভাবে সুনাম ও দায় গ্রাহকের কমিশনের সাথে সমন্বয়পূর্বক অবলোপন করতে হবে।

ক. শেয়ার মূলধনের উপর ঘোষিত লভ্যাংশের শতকরা হার নির্ণয় কর। ২
খ. সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখে কোম্পানির মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▶ মাসুম কোম্পানি লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ৮০,০০০ শেয়ারে নিবন্ধিত। ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রতিষ্ঠানের আর্থিক তথ্য নিম্নরূপ :

**মাসুম কোম্পানি লি.**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নিষ্কর প্রিমিসেস | ৪,০০,০০০ | |
| যন্ত্রপাতি | ৫০,০০০ | |
| আসবাবপত্র | ৩০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৯০,০০০ | |
| অনাদায়ি পাওনা খরচ | ৬,৩০০ | |
| আয়কর | ১২,০০০ | |
| আয়কর সঞ্চিতি | | ৭,০০০ |
| শেয়ার মূলধন | | ৩,৫০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | | ৫০,০০০ |
| অদাবিকৃত লভ্যাংশ | | ৬,০০০ |
| সংরক্ষিত আয় (০১-০১-২০২১) | | ৮০,৮০০ |
| মোট লাভ (৩১-১২-২০২১) | | ১,৪৪,০০০ |
| বেতন খরচ | ১৯,৫০০ | |
| ভাড়া খরচ | ৩০,০০০ | |
| | ৬,৩৭,৮০০ | ৬,৩৭,৮০০ |

**অন্যান্য তথ্যাদি :** (i) দুই মাসের বেতন বকেয়া রয়েছে; (ii) সাধারণ সঞ্চিতি তহবিলে ১২,০০০ টাকা স্থানান্তর করতে হবে; (iii) শেয়ার প্রতি ১.৫ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করা হয়েছে।

ক. প্রদেয় লভ্যাংশের পরিমাণ নির্ণয় কর। ২
খ. নিট লাভ ৮৫,৫০০ টাকা ধরে মালিকানাস্বত্ব বিবরণী প্রস্তুত কর। ৪
গ. ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখে মাসুম লি.-এর চলতি মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▶ সান, মুন ও স্টার একটি ব্যবসায়ের তিনজন অংশীদার। অংশীদারগণ যথাক্রমে $\frac{১}{২}$ : $\frac{১}{৩}$ : $\frac{১}{৬}$ হারে ব্যবসায়ের লাভ-লোকসান বণ্টন করে নেয়। ২০২১ সালের ১ জানুয়ারি তাদের মূলধন হিসাবের উদ্বৃত্ত ছিল সান ৩,০০,০০০ টাকা, মুন ২,৫০,০০০ টাকা এবং স্টার ২,০০,০০০ টাকা। চুক্তির শর্তানুসারে অংশীদারগণ মূলধনের উপর ১০% হারে সুদ পাবে এবং তাদের উত্তোলনের উপর ১২% হারে সুদ ধার্য করা হবে। সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য স্টার প্রতিমাসে ৬,০০০ টাকা করে বেতন পায়। সান প্রতি মাসের প্রথম তারিখে ৫,০০০ টাকা করে এবং স্টার প্রতি মাসের শেষ তারিখে ৫,৫০০ টাকা করে সারা বছর ধরে নগদ উত্তোলন করে। মুন ৩০-৬-২০২১ তারিখে ৫০,০০০ টাকা অতিরিক্ত মূলধন আনয়ন করে এবং স্টার ৮% সুদে ০১-০৪-২০২১ তারিখে ৭৫,০০০ টাকা ব্যবসায়ে ঋণ বাবদ সরবরাহ করে। উপর্যুক্ত সমন্বয়সমূহ সাধনের পূর্বে ব্যবসায়ের নিট মুনাফা ছিল ২,৮০,০০০ টাকা।

ক. অংশীদারগণের উত্তোলনের সুদের পরিমাণ নির্ণয় কর। ২
খ. পরিবর্তনশীল মূলধন পদ্ধতিতে যে সকল দফা অংশীদারদের মূলধনের সাথে যোগ হবে তার পরিমাণ নির্ণয় কর। (বণ্টনযোগ্য মুনাফা বাদে) ৪
গ. পরিবর্তনশীল মূলধন পদ্ধতিতে মুন ও স্টার এর মূলধন হিসাব প্রস্তুত কর (মুনাফার অংশ : মুন : ২৮,৫০০ টাকা এবং স্টার ১৩,০০০ টাকা ধরে।) ৪

৪ ▶ দুলাল, বেলাল ও হেলাল, 'পালকি এন্টারপ্রাইজ' এর তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-লোকসান যথাক্রমে ৩ : ২ : ১ অনুপাতে বণ্টন করে নেয়। ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল দুলাল ২,০০,০০০ টাকা, বেলাল ১,৫০,০০০ টাকা এবং হেলাল ১,০০,০০০ টাকা। দুলাল এবং হেলাল সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য বার্ষিক যথাক্রমে ২০,০০০ টাকা এবং ২৫,০০০ টাকা বেতন পাবে। মূলধন এবং উত্তোলন এর উপর ১০% হারে সুদ ধার্য করতে হবে। অংশীদারগণ সারা বছর ধরে

প্রত্যেক মাসের শেষ তারিখে যথাক্রমে ২,০০০ টাকা, ১,৫০০ টাকা এবং ১,০০০ টাকা করে নগদ উত্তোলন করে।

মি. দুলাল এবং হেলাল যৌথভাবে বেলালকে এই মর্মে নিশ্চয়তা প্রদান করে যে, মূলধনের সুদ এবং অন্যান্য সুবিধা ছাড়াও মুনাফার অংশ বাবদ বছরে সে কমপক্ষে ৩০,০০০ টাকা পাবে।

২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে ব্যবসায়ের বন্টনযোগ্য মুনাফার পরিমাণ ছিল ৬০,০০০ টাকা।

ক. অংশীদারদের উত্তোলন সুদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. অংশীদারদের মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪

গ. অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৫ ▶ পদ্মা লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ১০,০০,০০০ শেয়ারে বিভক্ত ১,০০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত। কোম্পানি এর ৮০% শেয়ার ২০% অধিহারে বাজারে বিক্রির জন্য বিজ্ঞাপন প্রচার করে। ৯,০০,০০০ শেয়ারের জন্য আবেদন পত্র পাওয়া যায়। ইস্যুকৃত শেয়ারগুলো যথাসময়ে বিলি করা হয় এবং অতিরিক্ত আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেওয়া হয়।

ক. অ-ইস্যুকৃত মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. পদ্মা লি.-এর প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৬ ▶ ময়ূরী লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত মোট ১০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি ৭০,০০০ শেয়ার বিক্রয়ের জন্য পত্রিকায় বিজ্ঞাপন প্রচার করে। সর্বমোট ৬০,০০০ শেয়ারের আবেদন পাওয়া যায় এবং শেয়ারগুলো যথারীতি বণ্টিত হয়। শেয়ার প্রতি ০.৫০ টাকা করে ব্যাংক চার্জ ধার্য করা হয়।

ক. ব্যাংক চার্জের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানি বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৭ ▶ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত জবা লি.-এর আর্থিক অবস্থার বিবরণী ছিল নিম্নরূপ :

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ১০,০০,০০০ | দালানকোঠা | ৮,৫০,০০০ |
| সংরক্ষিত আয়ের উদ্বৃত্ত | ৫,০০,০০০ | আসবাবপত্র | ৪,০০,০০০ |
| ১০% ঋণপত্র | ৪,০০,০০০ | মজুদ পণ্য | ৩,০০,০০০ |
| প্রদেয় নোট | ১,৫০,০০০ | প্রাপ্য হিসাব | ৫,০০,০০০ |
| প্রদেয় হিসাব | ৩,০০,০০০ | নগদ তহবিল | ৩,০০,০০০ |
| | ২৩,৫০,০০০ | | ২৩,৫০,০০০ |

বছরে বিক্রয়ের পরিমাণ ছিল ৩৫,০০,০০০ টাকা।

ক. বিনিয়োজিত মূলধন নির্ণয় কর। ২

খ. চলতি অনুপাত ও ত্বরিত অনুপাত নির্ণয় কর। ৪

গ. দায় মালিকানা অনুপাত নির্ণয় কর এবং এর উপর মন্তব্য কর। ৪

৮ ▶ আকাশ লি.-এর হিসাব বই থেকে নিম্নের আর্থিক তথ্য পাওয়া গেল :

| বিবরণ | টাকা |
|---|---|
| বিক্রয় | ৫,০০,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ২০,০০০ |
| বিনিয়োজিত মূলধন | ৪,০০,০০০ |
| মোট মুনাফা | ১,৬০,০০০ |
| নিট মুনাফা | ৭০,০০০ |
| চলতি সম্পদ | ১,৪০,০০০ |
| চলতি দায় | ৮০,০০০ |

ক. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২

খ. নিট মুনাফা অনুপাত ও বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত নির্ণয় কর। ৪

গ. চলতি দায় পরিশোধের ক্ষমতা যাচাইয়ের জন্য দু'টি অনুপাত নির্ণয় কর। ৪

৯ ▶ শালুক কোম্পানি লি.-এর ২০২১ সালের উৎপাদন ব্যয়সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| ব্যবহৃত কাঁচামাল | ১২,৫০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ৮,০০,০০০ |
| কারখানা উপরিব্যয় | ৩,০০,০০০ |
| প্রশাসনিক উপরিব্যয় | ৪,৫০,০০০ |
| বিক্রয় ও বিতরণ খরচ এককপ্রতি ২ টাকা | |
| তৈরি পণ্যের মজুদ (০১-০১-২০২১) ৫,০০০ একক | ২,৫০,০০০ |

২০,০০০ একক পণ্য বিক্রয় করা হয়। মুনাফা বিক্রয়ের উপর ২০%। তৈরি পণ্যের সমাপনী মজুদ (৩১-১২-২০২১) ৯,০০০ একক।

ক. উৎপাদিত পণ্যের একক নির্ণয় কর। ২

খ. উৎপাদন ব্যয় বিবরণী তৈরি করে বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

গ. আয় বিবরণী প্রস্তুত করে নিট লাভ/লোকসান দেখাও। ৪

১০ ▶ সফিপুর কোম্পানি লি.-এর দুইজন কর্মচারীর ২০২১ সালের জানুয়ারি মাসের বেতনসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | মন্টু | পিন্টু |
|---|---|---|
| মূল বেতন (টাকা) | ১৮,০০০ | ২০,০০০ |
| বাড়িভাড়া (মূল বেতনের) | ৪৫% | ৪৫% |
| চিকিৎসা ভাতা (টাকা) | ১,০০০ | ১,০০০ |
| মহার্ঘ ভাতা (মূল বেতনের) | ২০% | ২০% |
| ভবিষ্য তহবিলে কর্তন (মূল বেতনের) | ১০% | ১০% |
| কল্যাণ তহবিলে কর্তন (টাকা) | ১০০ | ১০০ |

জানুয়ারি মাসে মোট কার্য দিবস ছিল ২৫ দিন। উক্ত মাসে মন্টু ৫ দিন এবং পিন্টু ৩ দিন বিনা বেতনে ছুটি ভোগ করেছেন।

ক. বিনা বেতনে ছুটি বাবদ কর্তনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. জানুয়ারি মাসে প্রতিষ্ঠানের বেতন বিবরণী প্রস্তুত কর। ৪

গ. প্রতিষ্ঠানের বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

১১ ▶ কলমীলতা লি. একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠানের হিসাব বহি থেকে নিম্নবর্ণিত তথ্য সংগৃহীত হয়েছে–

২০২১

মার্চ ১ প্রারম্ভিক মজুদ মাল ২৫০ একক, প্রতি একক ২০ টাকা দরে।

" ১৪ কারখানায় পণ্য ইস্যু ২০০ একক।

" ২১ পণ্য ক্রয় ৩০০ একক, প্রতি একক ২২ টাকা দরে।

" ২৫ কারখানায় পণ্য ইস্যু ২৫০ একক।

" ২৯ কারখানা থেকে ফেরত ১০ একক।

ক. মাস শেষে সমাপনী উদ্বৃত্ত (একক) নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত তথ্য অবলম্বনে FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. উপর্যুক্ত তথ্য অবলম্বনে ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

## ১০ ✓ ঢাকা বোর্ড ২০২১

বিষয় কোড : 2 5 4

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

**হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ সৃজনশীল প্রশ্ন**

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▶ তাশফিয়া কোম্পানি লিমিটেডের অনুমোদিত মূলধন ১০,০০,০০০ টাকা। যা প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত। ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিল নিম্নরূপ :

**তাশফিয়া কোম্পানি লিমিটেড-এর রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২০ তারিখের

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| মজুদ পণ্য (১-১-২০২০) | ৭৫,০০০ | |
| পণ্য ক্রয় ও বিক্রয় (১৫% ভ্যাটসহ) | ৪,৬০,০০০ | ৯,২০,০০০ |
| শেয়ার অধিহার | | ৯০,০০০ |
| বিনিয়োগ | ৫,০০,০০০ | |
| দালানকোঠা | ৭,০০,০০০ | |
| মজুরি | ১,৫০,০০০ | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ৭৫,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ১,০০,০০০ | ৭০,০০০ |
| সুনাম | ১,২০,০০০ | |
| ভ্যাট চলতি হিসাব | | ১৫,০০০ |
| সাধারণ সঞ্চিতি তহবিল | | ১,৯০,০০০ |
| ১০% ঋণপত্র | | ১,০০,০০০ |
| শেয়ার মূলধন (৭০,০০০ শেয়ার) | | ৭,০০,০০০ |
| আয়কর | ২০,০০০ | |
| নগদ তহবিল | ১,০০,০০০ | |
| দাবিহীন লভ্যাংশ | | ৩০,০০০ |
| সংরক্ষিত আয়ের জের (১-১-২০২০) | | ১,৮৫,০০০ |
| | ২৩,০০,০০০ | ২৩,০০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ১,৬০,০০০ টাকা; (২) মজুরি ২ মাসের বকেয়া আছে; (৩) সাধারণ সঞ্চিতি তহবিল ৩০,০০০ টাকা স্থানান্তরিত কর; (৪) শেয়ার মূলধনের ওপর ১০% হারে লভ্যাংশ ঘোষণা করতে হবে;(৫) আয়কর সঞ্চিতি ৩০,০০০ টাকা রাখতে হবে।

ক. ভ্যাট চলতি হিসাব তৈরি কর। ২

খ. আয় বিবরণীর মাধ্যমে মোট লাভ নির্ণয় কর। ৪

গ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির সংরক্ষিত আয়ের উদ্বৃত্ত ৩,৩০,২০০ টাকা ধরে শেয়ারহোল্ডারদের স্বত্ব ও মোট দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▶ কপোতাক্ষ কোম্পানি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ৬০,০০০ শেয়ারে বিভক্ত মোট ৬,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন দিয়ে নিবন্ধিত হয়। ২০২০ সালের ৩১ ডিসেম্বর কোম্পানির রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো :

**কপোতাক্ষ কোম্পানি লিমিটেড-এর রেওয়ামিল**

ডেবিট ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখের ক্রেডিট

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| পণ্য ক্রয় | ৪,৫০,০০০ | পণ্য বিক্রয় | ৬,৭০,০০০ |
| ফেরত | ২৫,০০০ | ফেরত | ৩০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৪০,০০০ | অনাদায়ি পাওনা সঞ্চিতি | ৫,০০০ |
| বেতন | ৬০,০০০ | প্রদেয় হিসাব | ৪৫,০০০ |
| আমদানি শুল্ক | ১৫,০০০ | শেয়ার মূলধন | |
| মনিহারি | ২০,০০০ | (১০ টাকা করে | |
| আন্তঃপরিবহন | ১৫,০০০ | ৪৫,০০০ শেয়ার) | ৪,৫০,০০০ |
| বিজ্ঞাপন | ৬০,০০০ | | |
| অনাদায়ি পাওনা | ৫,০০০ | | |
| ব্যাংক উদ্বৃত্ত | ২,০০,০০০ | | |
| প্রাপ্য হিসাব | ১,২০,০০০ | | |
| প্রাথমিক খরচাবলি | ৪০,০০০ | | |
| আসবাবপত্র | ১,৫০,০০০ | | |
| | ১২,০০,০০০ | | ১২,০০,০০০ |

**সমন্বয় তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ পণ্যের ৪৮,০০০ টাকা; (২) বিজ্ঞাপন খরচের দুই-তৃতীয়াংশ বিলম্বিত করতে হবে; (৩) অনাদায়ি পাওনা ৩,০০০ টাকা; (৪) আসবাবপত্রের ওপর ১০% হারে অবচয় ধার্য করতে হবে।

ক. নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট লাভ ২,২০,০০০ টাকা ধরে কোম্পানির নিট লাভ/নিট ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণীতে মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▶ বিজয় ও স্বাধীন একটি অংশীদারি কারবারের দুজন অংশীদার। তাদের ব্যবসায়ের লাভ-লোকসান ৩ ঃ ২ অনুপাতে বণ্টিত হয়। ব্যবসায়ের অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | বিজয় | স্বাধীন |
|---|---|---|
| (i) ০১-০১-২০২০ তারিখে মূলধন সরবরাহ করে ব্যবসায় আরম্ভ করে (টাকা) | ৬০,০০০ | ৪০,০০০ |
| (ii) ০১-০৭-২০২০ তারিখে ঋণ সরবরাহ করে (টাকা) | | ২০,০০০ |
| (iii) প্রতি মাসে বেতন পাবে (টাকা) | ১,০০০ | ৮০০ |
| (iv) প্রতি মাসের প্রথম তারিখে নগদ উত্তোলনের পরিমাণ (টাকা) | ৭০০ | ৬০০ |
| (v) পণ্য উত্তোলন হিসাবভুক্ত হয়নি (টাকা) | ৪,০০০ | ৩,০০০ |
| (vi) মূলধন ও নগদ উত্তোলনের ওপর সুদ ধার্য | ১০% | ১০% |

স্বাধীনের বেতন চার্জ করার পর কিন্তু অন্যান্য সমন্বয়গুলো হিসাবভুক্ত করার পূর্বে ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য ব্যবসায়ের লাভ ৭৫,০০০ টাকায় উপনীত হয়।

ক. স্বাধীনের ঋণের সুদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. অংশীদারদের লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৪ ▶ নাফিসা কোম্পানি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত যা ১০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানির পরিচালনা পর্ষদ ৮০,০০০ শেয়ার ১০% অধিহারে ইস্যু করে। মোট ৯০,০০০ শেয়ারের আবেদনপত্র পাওয়া গেল। কোম্পানি যথারীতি ৮০,০০০ শেয়ার আবেদনকারীদের মধ্যে বণ্টন করে। অতিরিক্ত আবেদনের অর্থ সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেওয়া হয়।

ক. অধিহারের মোট টাকার পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানির হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৫ ▶ এফ.সি.এস কোম্পানি লিমিটেডের ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক অবস্থার বিবরণী নিম্নরূপ :

| মূলধন ও দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ১৫,০০,০০০ | ভূমি ও দালানকোঠা | ১৫,০০,০০০ |
| সংরক্ষিত আয় | ৩,৩০,০০০ | যন্ত্রপাতি | ২,৫০,০০০ |
| ৮% ঋণপত্র | ৪,৫০,০০০ | ১০% বিনিয়োগ | ১,৫০,০০০ |
| প্রদেয় হিসাব | ১,৫০,০০০ | মজুদ পণ্য | ২,০০,০০০ |
| বকেয়া খরচ | ২০,০০০ | প্রাপ্য হিসাব | ৩,০০,০০০ |
| আয়কর সঞ্চিতি | ৫০,০০০ | নগদ তহবিল | ১,০০,০০০ |
| | ২৫,০০,০০০ | | ২৫,০০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** চলতি বছরে বিক্রয় ২০,০০,০০০ টাকা, বিক্রীত পণ্যের ব্যয় ১৪,০০,০০০ টাকা এবং প্রারম্ভিক মজুদ পণ্য ১,০০,০০০ টাকা।

ক. চলতি মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. চলতি অনুপাত ও মোট লাভ অনুপাত নির্ণয় কর। ৪
গ. মজুদ আবর্তন অনুপাত ও দায় মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

**৬** ▸ বলাকা লিমিটেড একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান। ২০২০ সালের জানুয়ারি মাসে তাদের কাঁচামালের প্রাপ্তি ও নির্গমন নিম্নরূপ :

২০২০
জানু. ১ প্রারম্ভিক মজুদ ৫০০ একক, প্রতি একক ২০০ টাকা দরে।
" ৩ ক্রয় ৩০০ একক, প্রতি একক ১৫০ টাকা দরে।
" ১০ ইস্যু ৪০০ একক।
" ১৩ ইস্যু ২০০ একক।
" ১৫ ক্রয় ২৫০ একক, প্রতি একক ১০০ টাকা দরে।
" ২০ ইস্যু ১০০ একক।
" ২৫ ক্রয় ৩০০ একক, প্রতি একক ২৫০ টাকা দরে।

ক. নিট ক্রয়কৃত মালের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ১, ৩, ১০, ১৫, ২০ তারিখের লেনদেন অবলম্বনে ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪
গ. ১, ১৩, ১৫, ২০, ২৫ তারিখের লেনদেন অবলম্বনে FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

**৭** ▸ রাকিব লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ৩০,০০০ সাধারণ শেয়ার নিয়ে গঠিত। কোম্পানির পরিচালনা পর্ষদ উহা হতে ৮০% শেয়ার প্রতিটি ১০% অবহারে জনসাধারণের নিকট বিক্রয়ের নিমিত্তে প্রচারপত্র বিলি করে। সর্বমোট ২৭,০০০ শেয়ারের আবেদনপত্র পাওয়া যায়। কোম্পানি ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি বণ্টন করে এবং অতিরিক্ত আবেদনের অর্থ ফেরত প্রদান করে।

ক. ইস্যুকৃত শেয়ারের পরিমাণ নির্ণয় কর। ২
খ. কোম্পানির হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪
গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

**৮** ▸ আতিক ও জুয়েল একটি অংশীদারি কারবারের দুজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-ক্ষতি যথাক্রমে ৫ ঃ ৩ অনুপাতে বণ্টন করে নেয়। ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে তাদের হিসাব তথ্য ছিল নিম্নরূপ :

| বিবরণ | আতিক | জুয়েল |
|---|---|---|
| (i) মূলধন উদ্বৃত্ত (১-১-২০২০) (টাকা) | ২,০০,০০০ | ১,৫০,০০০ |
| (ii) চলতি হিসাবের উদ্বৃত্ত (১-১-২০২০) (টাকা) | ৪৫,০০০ ক্রেডিট | ৩৫,০০০ ক্রেডিট |
| (iii) ঋণ হিসাব (১-৭-২০২০) (টাকা) | ৬০,০০০ | |
| (iv) বার্ষিক নগদ উত্তোলন (টাকা) | ২০,০০০ | ১৫,০০০ |
| (v) মূলধন ও নগদ উত্তোলনের ওপর সুদ ধার্য | ১০% | ১০% |

উপরিউক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০২০ সালের ৩১ ডিসেম্বর কারবারের লাভের পরিমাণ ১,০২,০০০ টাকায় উপনীত হয়।

ক. আতিকের ঋণের সুদের পরিমাণ নির্ণয় কর। ২
খ. অংশীদারদের লাভ-ক্ষতি আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪
গ. অংশীদারদের চলতি হিসাব প্রস্তুত কর। ৪

**৯** ▸ জনাব সাকিব ও জনাব তামীমের ব্যবসায়ের ২০২০ সালের হিসাব বই হতে নিম্নলিখিত তথ্য প্রদত্ত হলো :

| বিবরণ | সাকিব (টাকা) | তামীম (টাকা) |
|---|---|---|
| সুনাম | ১২,০০,০০০ | ১৪,০০,০০০ |
| নিট মুনাফা | ৬,৪০,০০০ | ৪,৮০,০০০ |
| প্রদেয় হিসাব | ৪,৮০,০০০ | ৩,২০,০০০ |
| প্রাপ্য হিসাব | ১,২০,০০০ | ১,৬০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ১,৬০,০০০ | ৪,৮০,০০০ |
| নিট বিক্রয় | ৪০,০০,০০০ | ৩২,০০,০০০ |
| বিনিয়োজিত মূলধন | ৪৮,০০,০০০ | ৬৪,০০,০০০ |
| নগদ তহবিল | ৮,৪০,০০০ | ১১,৮৪,০০০ |
| মজুদ পণ্য | ৮০,০০০ | ৯৬,০০০ |

ক. সাকিবের চলতি সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২
খ. সাকিব ও তামীমের কার্যকরী মূলধন অনুপাত নির্ণয় কর। ৪
গ. নিট লাভ অনুপাত নির্ণয় কর। ৪

**১০** ▸ তাজকীন অ্যান্ড কোম্পানির ২০২০ সালের মার্চ মাসের কাঁচামাল ক্রয় ও ইস্যুসংক্রান্ত তথ্য নিম্নরূপ :

| তারিখ | বিবরণ | পরিমাণ (একক) | এককপ্রতি দর (টাকা) |
|---|---|---|---|
| মার্চ ১ | প্রারম্ভিক মজুদ | ১,২০০ | ৪০ |
| " ৫ | ক্রয় | ১,২০০ | ৫০ |
| " ৮ | ইস্যু | ১,১০০ | - |
| " ১২ | ক্রয় | ১,৩০০ | ৬০ |
| " ১৫ | ইস্যু | ১,২২০ | - |
| " ১৮ | ক্রয় | ১,২৫০ | ৭০ |
| " ২৫ | ইস্যু | ১,২৬০ | - |

ক. বিক্রয়যোগ্য পণ্যের পরিমাণ নির্ণয় কর। ২
খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান তৈরি কর। ৪
গ. ভারযুক্ত পদ্ধতিতে মাল খতিয়ান তৈরি কর। ৪

**১১** ▸ রাফি, রিপন এবং কাফি একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তাদের লাভ-লোকসান বণ্টনের অনুপাত যথাক্রমে ২ ঃ ২ ঃ ১। ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধনের পরিমাণ ছিল : রাফি ২,০০,০০০ টাকা, রিপন ১,৫০,০০০ টাকা এবং কাফি ২,০০,০০০ টাকা। রাফি ও কাফি তাদের নিয়মিত দায়িত্ব পালনের জন্য ব্যবসায় হতে যথাক্রমে ৪,০০০ টাকা এবং ৩,০০০ টাকা করে মাসিক বেতন পাবে। মূলধন ও উত্তোলনের ওপর বার্ষিক ৫% হারে সুদ ধার্য করতে হবে। বছরে সম্ভাব্য মুনাফার প্রত্যাশায় প্রত্যেক মাসের শেষ তারিখে রাফি, রিপন ও কাফি ব্যবসায় হতে যথাক্রমে ৬,০০০ টাকা, ৩,০০০ টাকা এবং ৩,০০০ টাকা নগদে উত্তোলন করে। রাফি ও রিপন যৌথভাবে কাফিকে এই মর্মে নিশ্চয়তা প্রদান করে যে, কাফি তার বেতন ও মূলধনের সুদ ছাড়াও লাভের অংশ বাবদ বছরে কমপক্ষে ৩৫,০০০ টাকা পাবে।

উপরিউক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য ব্যবসায়ের লাভ ২,০০,০০০ টাকায় উপনীত হয়।

ক. অংশীদারদের বার্ষিক উত্তোলনে সুদের পরিমাণ নির্ণয় কর। ২
খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব তৈরি কর। ৪
গ. অংশীদারদের মূলধন হিসাব তৈরি কর। ৪

## ১১ ✔ রাজশাহী বোর্ড ২০২১

বিষয় কোড : 2 5 4

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ মেঘনা সিমেন্ট কোম্পানি লি. ৫০,০০০ শেয়ার প্রতিটি ২০ টাকা করে নিবন্ধিত ছিল। ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে ঐ কোম্পানির রেওয়ামিল ছিল নিম্নরূপ :

**মেঘনা সিমেন্ট কোম্পানি লি.-এর রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২০ তারিখের

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| শেয়ার মূলধন (১৬,০০০ শেয়ার প্রতিটি ২০ টাকা হারে) | | ৩,২০,০০০ |
| সঞ্চিতি তহবিল | | ৭০,০০০ |
| আয়কর সঞ্চিতি | | ৭,০০০ |
| সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত (০১-০১-২০২০) | | ১,৩৫,০০০ |
| ইজারা সম্পত্তি (১৫ বছর) | ৩,০০,০০০ | |
| মজুদ পণ্য (০১-০১-২০২০) | ১,০০,০০০ | |
| কলকজা ও যন্ত্রপাতি | ৪০,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৪০,০০০ | ৩৬,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ১,৬০,০০০ | ৩,০০,০০০ |
| বেতন | ৪৮,০০০ | |
| ভাড়া | ৪০,০০০ | |
| প্রাথমিক খরচাবলি | ৫০,০০০ | |
| বিজ্ঞাপন | ৫০,০০০ | |
| আয়কর | ১০,০০০ | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ২০,০০০ | |
| ব্যাংক জমার উদ্বৃত্ত | ১০,০০০ | |
| | ৮,৬৮,০০০ | ৮,৬৮,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে সমাপনী মজুদ পণ্য ১,৫০,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে। উক্ত মজুদ পণ্যের ১০,০০০ টাকা মূল্যের পণ্য আগুনে বিনষ্ট হয়েছে যা বিমা দ্বারা নিশ্চিত ছিল না; (২) প্রাপ্য হিসাবের ৪,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ১০% অনাদায়ি পাওনা সঞ্চিতি রাখতে হবে; (৩) নিট লাভের ২০,০০০ টাকা সঞ্চিতি তহবিলে স্থানান্তর করতে হবে; (৪) আয়কর সঞ্চিতি ১০,০০০ টাকা রাখতে হবে;(৫) শেয়ার মূলধনের ওপর ১০% লভ্যাংশ ঘোষণা করতে হবে।

ক. সমাপনী মজুদের পরিমাণ নির্ণয় কর। ২
খ. নিট লাভ ২,৪০০ টাকা ধরে সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির সম্পত্তির পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▸ জয়া কোম্পানি লি.-এর অনুমোদিত মূলধন ৬,০০,০০০ টাকা যা প্রতিটি ১০০ টাকা মূল্যের ৬,০০০ শেয়ারে বিভক্ত। এ কোম্পানির ৩১ ডিসেম্বর ২০২০ তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ :

**জয়া কোম্পানি লি.-এর রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২০ তারিখের

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| শেয়ার মূলধন | | ৪,০০,০০০ |
| সংরক্ষিত আয় বিবরণী | | ৯৭,০০০ |
| শেয়ার প্রিমিয়াম | | ৪০,০০০ |
| নির্দাবি লভ্যাংশ | | ১০,০০০ |
| আয়কর সঞ্চিতি | | ২,৫০০ |
| সুনাম | ১,৪৪,০০০ | |
| অফিস সরঞ্জাম | ১,৫৩,০০০ | |
| ইজারা সম্পত্তি (১২ বছর) | ১,২০,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৪৪,০০০ | ২৫,০০০ |
| ১০% বিনিয়োগ | ৫০,০০০ | |
| মজুদ পণ্য (০১-০১-২০২০) | ১৫,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৩৭,০০০ | ৭২,০০০ |
| আয়কর | ১,৫০০ | |
| প্রাথমিক খরচ | ২০,০০০ | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ১০,০০০ | |
| নগদ উদ্বৃত্ত | ৫২,০০০ | |
| | ৬,৪৬,৫০০ | ৬,৪৬,৫০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদের ক্রয়মূল্য ১০,০০০ টাকা, কিন্তু বাজারমূল্য ২০% কম; (২) নির্দাবি লভ্যাংশের ৫০% অবলোপন কর; (৩) শেয়ার মূলধনের ওপর ৫% হারে লভ্যাংশ প্রস্তাব করতে হবে; (৪) সাধারণ সঞ্চিতি তহবিল সৃষ্টি করতে হবে ৮,০০০ টাকা;(৫) বিক্রয় অথবা ফেরত শর্তে পণ্য বিক্রয় ৮,০০০ টাকা যা বিক্রয় হয়েছে কি না নিশ্চিত হয়নি যার ক্রয়মূল্য ৬,০০০ টাকা।

ক. প্রস্তাবিত লভ্যাংশের পরিমাণ নির্ণয় কর। ২
খ. চলতি বছরের নিট মুনাফা ১,০০,০০০ টাকা নিয়ে সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে মোট দায় ও মালিকানা তহবিলের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▸ বিকাশ ও বাবুল একটি অংশীদারি ব্যবসায়ের দুজন অংশীদার। ১ জানুয়ারি ২০২০ তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ৯০,০০০ ও ৮০,০০০ টাকা। চুক্তি মোতাবেক মূলধন ও উত্তোলনের ওপর ৫% সুদ ধরতে হবে। বিকাশ প্রতি মাসে ৭৫০ টাকা বেতন পাবেন। সারা বছরে বিকাশ ও বাবুল ব্যবসা থেকে যথাক্রমে ৮,৫০০ টাকা এবং ৮,০০০ টাকা নগদ উত্তোলন করেন। ১ জুলাই ২০২০ তারিখে বাবুল ব্যবসায়ে ৬,০০০ টাকা ঋণ হিসেবে আনেন। উপরিউক্ত সমন্বয়সমূহ হিসাবভুক্ত করার পূর্বে ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে ব্যবসায়ের নিট লাভ ছিল ৭৫,০০০ টাকা।

ক. বাবুলের ঋণ হিসাব প্রস্তুত কর। ২
খ. লাভ-লোকসান বণ্টন হিসাব প্রস্তুত কর। ৪
গ. অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৪ ▸ তীর্থ লিমিটেডের অনুমোদিত মূলধন ৫,০০,০০০ টাকা, যা প্রতিটি ১০০ টাকা মূল্যের ৫,০০০ শেয়ারে বিভক্ত। কোম্পানি মূলধন সংগ্রহের জন্য ৩,০০০ শেয়ার ১০% অধিহারে বিক্রয়ের জন্য বিবরণপত্র বিলি করে। মোট ৩,৫০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। অতিরিক্ত ৫০০ শেয়ার আবেদনের টাকা ফেরত দেয়া হলো। শেয়ার ইস্যুসংক্রান্ত খরচ ৫,০০০ টাকা এবং অবলেখকের কমিশন ১০,০০০ টাকা চেকে পরিশোধ করা হলো।

ক. অসমন্বিত ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যা ব্যতীত) ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

৫ ▸ আশীষ লি. ও অনিমেষ লি. একই ধরনের ব্যবসায়ে নিয়োজিত। আশীষ লি. ও অনিমেষ লি. এর বিশদ আয় বিবরণী নিম্নে প্রদত্ত হলো :

**বিশদ আয় বিবরণী**

২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| | আশীষ লি. | অনিমেষ লি. |
|---|---|---|
| বিক্রয় (৭৫% ধারে) | ৮,০০,০০০ | ৩,২০,০০০ |
| বাদ : বিক্রীত পণ্যের ব্যয় | ৬,০০,০০০ | ২,২০,০০০ |
| মোট লাভ | ২,০০,০০০ | ১,০০,০০০ |
| বাদ : পরিচালন খরচ | ১,৪০,০০০ | ৪০,০০০ |
| নিট লাভ | ৬০,০০০ | ৬০,০০০ |

উভয় কোম্পানির গড় মজুদ পণ্যের পরিমাণ ছিল যথাক্রমে ৬০,০০০ টাকা এবং ২৭,৫০০ টাকা।

ক. নগদ ও ধারে বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট লাভ ও নিট লাভ অনুপাত নির্ণয় কর। ৪

গ. মজুদ আবর্তন অনুপাত নির্ণয় কর। ৪

৬ ▸ আজাদ লি.-এর নিম্নে বর্ণিত তথ্যসমূহ মজুদ বিভাগ প্রদান করে :

২০২০

ডিসে. ১ প্রারম্ভিক উদ্বৃত্ত ৫০০ একক প্রতি একক ১০ টাকা করে।
" ৫ ক্রয় ৭০০ একক প্রতি একক ১২ টাকা করে।
" ৮ ইস্যু (নির্গমন) ৬০০ একক।
" ১৫ ইস্যু ৫০০ একক।
" ২০ ক্রয় ১০০০ এককপ্রতি একক ১৪ টাকা দরে।
" ২২ ইস্যু ৯০০ একক।
" ২৫ ক্রয় ৫০০ এককপ্রতি একক ১৫ টাকা দরে।
" ৩১ সমাপনী মজুদ ৬০০ একক।

ক. মাসের শেষে এককে মালের ঘাটতির পরিমাণ নির্ণয় কর। ২

খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

৭ ▸ ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে সুজন, সুমিতা ও স্বপ্না একটি অংশীদারি ব্যবসায় আরম্ভ করে। ১ জানুয়ারি ২০২০ তারিখে প্রত্যেকেই ৫০,০০০ টাকা করে মূলধন সরবরাহ করেন। প্রত্যেক অংশীদার ৫% হারে মূলধনের ওপর সুদ পাবে। স্বপ্না বছরে ১২,০০০ টাকা বেতন পাবে। ১ জুলাই তারিখে সুমিতা ১৫,০০০ টাকা ব্যবসায়ে অতিরিক্ত মূলধন সরবরাহ করে। সুজন ব্যবসায়ে একই তারিখে ৫০,০০০ টাকা ঋণ প্রদান করে। মূলধনের সুদ, ঋণের সুদ ও বেতন চার্জ করার পূর্বে ব্যবসায়ের নিট লাভের পরিমাণ ছিল ৪৭,৫০০ টাকা।

ক. মূলধনের সুদ নির্ণয় কর। ২

খ. অংশীদারদের লাভ-লোকসান বন্টন হিসাব তৈরি কর। ৪

গ. অংশীদারদের চলতি হিসাব তৈরি কর। ৪

৮ ▸ স্টার সিরামিক কোম্পানি লি. প্রতিটি ২০ টাকা মূল্যের ৫০,০০০ শেয়ারে বিভক্ত মোট ১০,০০,০০০ টাকা মূলধনসহ নিবন্ধিত হলো। কোম্পানি ৪০,০০০ শেয়ার ১০% অবহারে বিক্রির উদ্দেশ্যে প্রচারপত্র বিলি করে। মোট ৪৫,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। অতিরিক্ত আবেদনের অর্থ সংশ্লিষ্ট আবেদনকারীকে ফেরত দেয়া হলো।

ক. শেয়ার প্রতি অবহার ও মোট অবহারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা প্রস্তুত কর। ৪

গ. ব্যাংক জমার উদ্বৃত্ত ৭,২০,০০০ টাকা ধরে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

৯ ▸ এশিয়া ট্রাভেল কোম্পানি লিমিটেডের ৩১ ডিসেম্বর ২০২০ তারিখের আর্থিক অবস্থার বিবরণী দেয়া হলো :

**এশিয়া ট্রাভেল কোম্পানি লিমিটেড**

৩১ ডিসেম্বর ২০২০

| মূলধন ও দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৯,০০,০০০ | স্থায়ী সম্পদ | ৮,০০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ২,০০,০০০ | মজুদ পণ্য | ২,০০,০০০ |
| ১০% ঋণপত্র | ১,০০,০০০ | প্রাপ্য হিসাব | ১,০০,০০০ |
| বকেয়া খরচ | ৫০,০০০ | প্রাপ্য বিল | ৫০,০০০ |
| প্রদেয় হিসাব | ১,৫০,০০০ | নগদ তহবিল | ৫০,০০০ |
| | | ব্যাংক জমা | ২,০০,০০০ |
| | ১৪,০০,০০০ | | ১৪,০০,০০০ |

কোম্পানি বিক্রীত পণ্যের ব্যয়ের ওপর ২৫% লাভে পণ্য বিক্রয় করে। ২০২০ সালের বিক্রয়ের পরিমাণ ছিল ১৮,০০,০০০ টাকা এবং পরিচালন ব্যয়ের পরিমাণ ছিল ৯০,০০০ টাকা।

ক. বিনিয়োজিত মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট লাভ ও নিট লাভ অনুপাত নির্ণয় কর। ৪

গ. চলতি অনুপাত ও তুরিত অনুপাত নির্ণয় কর। ৪

১০ ▸ ২০২০ সালের জানুয়ারি মাসের নিম্নের তথ্যগুলো হেরো ট্রেডার্সের হিসাব বহি হতে সংগ্রহ করা হয়েছে :

২০২০

জানু. ১ প্রারম্ভিক উদ্বৃত্ত ৬০০ কেজি ১০ টাকা দরে।
" ৫ ক্রয় ৫০০ কেজি ১২ টাকা দরে।
" ১০ বিক্রয় ৭০০ কেজি।
" ২০ ক্রয় ৪০০ কেজি ১৩ টাকা দরে।
" ২৭ বিক্রয় ৬০০ কেজি।
" ৩০ পরিবহনে বিনষ্ট ২০ কেজি। (২০ তারিখে ক্রয়কৃত)

ক. ২০২০ সালের জানুয়ারি মাসে মোট পণ্য প্রাপ্তির পরিমাণ কত (কেজি ও টাকায়)? ২

খ. 'আগে আসলে আগে যাবে' পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

১১ ▸ নির্মল, নির্জন ও নিবিড় একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার, যাদের লাভ-লোকসান বন্টন অনুপাত ছিল ৫ : ৪ : ৩। ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন হিসাবের উদ্বৃত্ত ছিল নির্মল ১,২০,০০০ টাকা, নির্জন ১,০০,০০০ টাকা এবং নিবিড় ৮৫,০০০ টাকা।

নিবিড় সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য কারবার হতে বাৎসরিক ১০,০০০ টাকা বেতন হিসাবে পান। মূলধন ও নগদ উত্তোলনের ওপর বার্ষিক ১০% হারে সুদ ধার্য করতে হবে। ঋণের ওপর বার্ষিক ১২% হারে সুদ প্রদান করা হবে। নির্মল ১ অক্টোবর ২০২০ তারিখে কারবার হতে ৬,০০০ টাকা উত্তোলন করেন। নির্জন ১ এপ্রিল ২০২০ তারিখে ৩০,০০০ টাকা প্রতিষ্ঠানকে ঋণ হিসাবে প্রদান করেন। পক্ষান্তরে একই তারিখে নিবিড় প্রতিষ্ঠানে ১৫,০০০ টাকা অতিরিক্ত মূলধন হিসেবে আনয়ন করেন।

বেতন ডেবিট করার পর কিন্তু অন্যান্য বিষয় সমন্বয়সাধনের পূর্বে ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে কারবারের মুনাফা ১,৫৪,১৭৫ টাকায় উপনীত হয়।

ক. মূলধনের সুদ ও উত্তোলনের সুদ নির্ণয় কর। ২

খ. লাভ-লোকসান বন্টন হিসাব তৈরি কর। ৪

গ. মুনাফার অংশ নির্মল ৫০,০০০ টাকা, নির্জন ৪০,০০০ টাকা এবং নিবিড় ৩০,০০০ টাকা ধরে অংশীদারদের মূলধন হিসাব তৈরি কর। ৪

## ১২ যশোর বোর্ড ২০২১

বিষয় কোড : 2 5 4

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ◉ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▶ পদ্মা লিমিটেডের ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

**পদ্মা লিমিটেড-এর রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২০ তারিখের

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| শেয়ার মূলধন (৪০,০০০ শেয়ার প্রতিটি ১০ টাকা করে) | | ৪,০০,০০০ |
| ১০% ঋণপত্র | | ৫০,০০০ |
| পণ্য ক্রয় ও পণ্য বিক্রয় | ৬,০০,০০০ | ৯,২০,০০০ |
| মজুদ পণ্য (০১-০১-২০২০) | ১,৫০,০০০ | |
| ক্রয় পরিবহন | ১০,০০০ | |
| বেতন (১০ মাসের) | ১,২০,০০০ | |
| অফিস খরচাবলি | ৭০,০০০ | |
| বিজ্ঞাপন | ৮০,০০০ | |
| নগদ ও ব্যাংক জমা | ১,১০,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৬০,০০০ | ৪০,০০০ |
| যন্ত্রপাতি | ৩,০০,০০০ | |
| সুনাম | ১,০০,০০০ | |
| সংরক্ষিত আয় (০১-০১-২০২০) | | ১,২০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | | ৭০,০০০ |
| | ১৬,০০,০০০ | ১৬,০০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ২,৮০,০০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে; (২) বিজ্ঞাপন খরচের $\frac{৩}{৪}$ অংশ বিলম্বিত করতে হবে; (৩) প্রাপ্য হিসাবের ৫,০০০ টাকা আদায়যোগ্য নয় এবং অবশিষ্ট প্রাপ্য হিসাবের ওপর ৫% অনাদায়ি পাওনা সঞ্চিতি তৈরি করতে হবে; (৪) সুনামের ১০% অবলোপন করতে হবে;(৫) শেয়ার মূলধনের ওপর ১০% লভ্যাংশ ঘোষণা করতে হবে।

ক. প্রস্তাবিত লভ্যাংশের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট মুনাফা ৪,৪০,০০০ টাকা ধরে নিট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪

গ. সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত ২,৬৩,২৫০ টাকা ধরে কোম্পানির মালিকানাস্বত্ব ও দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▶ মিতালী লিমিটেডের ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

**মিতালী লিমিটেডের রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২০ তারিখের

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| শেয়ার মূলধন (প্রতিটি ১০ টাকা মূল্যের ২০,০০০ শেয়ার) | | ২,০০,০০০ |
| শেয়ার অধিহার | | ৪০,০০০ |
| সুনাম | ৮০,০০০ | |
| যন্ত্রপাতি | ১,৬০,০০০ | |
| ১০% বিনিয়োগ | ১,২০,০০০ | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ১০,০০০ | |
| সাধারণ সঞ্চিতি | | ৫০,০০০ |
| আয়কর | ১০,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৫০,০০০ | ৩০,০০০ |
| ১২% ঋণপত্র (১-৭-২০২০) | | ৬০,০০০ |
| পণ্য ক্রয় ও পণ্য বিক্রয় | ১,৫০,০০০ | ২,০০,০০০ |
| ব্যাংক জমা | ৪৫,০০০ | |
| সংরক্ষিত আয় (১-১-২০২০) | | ৪৫,০০০ |
| | ৬,২৫,০০০ | ৬,২৫,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ৮০,০০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে; (২) শেয়ার অধিহার সুনামের সাথে সমন্বয়পূর্বক অবলোপন করতে হবে; (৩) সাধারণ সঞ্চিতি ৫,০০০ টাকা বৃদ্ধি করতে হবে; (৪) নিট মুনাফার ২০,০০০ টাকা দিয়ে একটি পেনশন তহবিল তৈরি করতে হবে;(৫) যন্ত্রপাতির ১০% অবচয় ধরতে হবে।

ক. বিনিয়োগের সুদ ও ঋণপত্রের সুদ নির্ণয় কর। ২

খ. নিট মুনাফা ১,৩২,০০০ টাকা ধরে সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণীর সম্পদ পার্শ্ব দেখাও। ৪

### খ বিভাগ

৩ ▶ রিমা ও সীমা একটি অংশীদারি কারবারের দুইজন অংশীদার। ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ৪,০০,০০০ টাকা ও ২,০০,০০০ টাকা। তারা কারবারের লাভ-লোকসান মূলধন অনুপাতে বণ্টন করে নেয়। ব্যবসায় পরিচালনার জন্য অংশীদারগণ প্রতিমাসে যথাক্রমে ২,০০০ টাকা ও ১,৫০০ টাকা বেতন পাবে। অংশীদারগণ প্রতিমাসের শেষে যথাক্রমে ২,০০০ টাকা ও ১,২০০ টাকা করে সারা বছর নগদ উত্তোলন করে। মূলধন ও উত্তোলনের ওপর ১০% সুদ ধরতে হবে।

উপর্যুক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে কারবারের নিট মুনাফা দাঁড়ায় ২,০০,০০০ টাকা।

ক. অংশীদারদের উত্তোলনের সুদ নির্ণয় কর। ২

খ. অংশীদারদের লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. রিমার মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৪ ▶ সুমি ও মিমি একটি অংশীদারি কারবারের দুইজন অংশীদার। তারা ৩ : ২ অনুপাতে লাভ-লোকসান বণ্টনের ভিত্তিতে কারবার পরিচালনা করে। ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে তাদের ব্যবসায়ের মূলধন ও চলতি হিসাবের উদ্বৃত্ত নিম্নরূপ ছিল :

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| সুমির মূলধন | ১,০০,০০০ | সুমির চলতি হিসাব (ক্রেডিট) | ১০,০০০ |
| মিমির মূলধন | ৮০,০০০ | মিমির চলতি হিসাব (ক্রেডিট) | ৬,০০০ |

১ জুলাই তারিখে সুমি ১০,০০০ টাকা অতিরিক্ত মূলধন আনয়ন করে। মিমি সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য বার্ষিক ২০,০০০ টাকা বেতন পাবে। সুমি বছরের মাঝামাঝি ৩০,০০০ টাকা ব্যবসায়ে ঋণস্বরূপ আনয়ন করে। উক্ত বছরে সম্ভাব্য মুনাফার প্রত্যাশায় অংশীদারগণ যথাক্রমে ২৫,০০০ টাকা এবং ১৫,০০০ টাকা নগদ উত্তোলন করে। নগদ উত্তোলন ছাড়াও সুমি ৪,০০০ টাকার পণ্য উত্তোলন করে; যা হিসাবভুক্ত হয়নি। মূলধনের ওপর ১০% সুদ ধরতে হবে। উপর্যুক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে ব্যবসায়ের নিট মুনাফা ৮০,০০০ টাকায় উপনীত হয়।

ক. স্থিতিশীল পদ্ধতিতে সুমির মূলধন হিসাব প্রস্তুত কর। ২
খ. অংশীদারদের লাভ-লোকসান আবন্টন হিসাবের ডেবিট দিকের দফাগুলোর পরিমাণ নির্ণয় কর। ৪
গ. মিমির চলতি হিসাব প্রস্তুত কর। ৪

৫ ▶ আলম, আরিফ ও জামান একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-লোকসান ৩ ঃ ২ ঃ ১ অনুপাতে ভাগ করে নেয়। ২০২০ সালের ১ জানুয়ারি তারা যথাক্রমে ২,০০,০০০ টাকা, ১,৩০,০০০ টাকা এবং ১,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করে। ১ জুলাই ২০২০ তারিখে আরিফ ব্যবসায়ে ২০,০০০ টাকা অতিরিক্ত মূলধন আনয়ন করে। জামান সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য প্রতিমাসে ১,৫০০ টাকা করে বেতন পাবে। অংশীদারগণ সারা বছর ধরে কারবার হতে যথাক্রমে ২০,০০০ টাকা, ১২,০০০ টাকা এবং ৮,০০০ টাকা নগদ উত্তোলন করে। অংশীদারদের মূলধন ও উত্তোলনের ওপর ১০% হারে সুদ ধার্য করতে হবে। উপর্যুক্ত সমন্বয়গুলো সাধনের পূর্বে ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে কারবারের নিট মুনাফা দাঁড়ায় ১,৫০,০০০ টাকা।
ক. অংশীদারদের মূলধনের সুদ নির্ণয় কর। ২
খ. অংশীদারদের লাভ-লোকসান আবন্টন হিসাব প্রস্তুত কর। ৪
গ. আরিফের মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৬ ▶ আনান লিমিটেডের অনুমোদিত মূলধন ৩০,০০,০০০ টাকা, যা প্রতিটি ১০ টাকা মূল্যের শেয়ারে বিভক্ত। কোম্পানি অনুমোদিত মূলধনের ৯০% বিক্রয়ের উদ্দেশ্যে ১০% অবহারে ইস্যু করে। ইস্যুকৃত শেয়ারের চেয়ে ৫% অধিক আবেদন পাওয়া গেল। অতিরিক্ত আবেদনের সমুদয় টাকা আবেদনকারীদের ফেরত প্রদান করা হলো।
ক. অতিরিক্ত আবেদনের পরিমাণ (টাকায়) নির্ণয় কর। ২
খ. কোম্পানির হিসাব বইতে জাবেদা দাখিলা দেখাও (ব্যাখ্যার প্রয়োজন নাই)। ৪
গ. ব্যাংক জমার উদ্বৃত্ত ২৪,৩০,০০০ টাকা ধরে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৭ ▶ আলফা লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ৫,০০,০০০ শেয়ারে বিভক্ত ৫০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত। কোম্পানি ৪,০০,০০০ শেয়ার ১০% অধিহারে জনসাধারণের নিকট বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করে। কোম্পানি ২৫% অতিরিক্ত আবেদন পায় এবং অতিরিক্ত আবেদনের সম্পূর্ণ টাকা ফেরত প্রদান করে। ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি আবন্টন করা হয়।
ক. মোট শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয় কর। ২
খ. কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৮ ▶ সোনালী লিমিটেডের ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক অবস্থার বিবরণী নিম্নরূপ :

| সম্পত্তিসমূহ | টাকা | দায়সমূহ | টাকা |
|---|---|---|---|
| স্থায়ী সম্পদ | ৩,২০,০০০ | শেয়ার মূলধন | ৪,০০,০০০ |
| ব্যাংক জমা | ১,৫০,০০০ | ১০% ঋণপত্র | ১,০০,০০০ |
| মজুদ পণ্য | ৬০,০০০ | প্রদেয় হিসাব | ৮০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৯০,০০০ | বকেয়া খরচাবলি | ৪০,০০০ |
| | ৬,২০,০০০ | | ৬,২০,০০০ |

ক. চলতি মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. চলতি অনুপাত ও তারল্য অনুপাত নির্ণয় কর। ৪
গ. কার্যকরী মূলধন অনুপাত ও দায়-মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

৯ ▶ যমুনা লিমিটেডের আর্থিক অবস্থার বিবরণী ও অন্যান্য তথ্যাবলি নিম্নে দেওয়া হলো :

**আর্থিক অবস্থার বিবরণী**
**৩১ ডিসেম্বর ২০২০ তারিখের**

| মূলধন ও দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৩,০০,০০০ | হাতে নগদ | ৪০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ১,২০,০০০ | প্রাপ্য হিসাব | ১,২০,০০০ |
| রক্ষিত আয় বিবরণী জের | ৮০,০০০ | মজুদ পণ্য | ৬০,০০০ |
| ১২% ঋণপত্র | ৬০,০০০ | আসবাবপত্র | ৩০,০০০ |
| প্রদেয় হিসাব | ১,০০,০০০ | যন্ত্রপাতি | ২,০০,০০০ |
| প্রদেয় নোট | ৪০,০০০ | ভূমি ও দালান | ২,৫০,০০০ |
| | ৭,০০,০০০ | | ৭,০০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** উক্ত বছরে মোট বিক্রয়ের পরিমাণ ছিল ১২,০০,০০০ টাকা, বিক্রীত পণ্যের ব্যয় ৭,৫০,০০০ টাকা এবং মোট পরিচালন ও অপরিচালন ব্যয় ৩,০০,০০০ টাকা।
ক. মোট মুনাফা ও নিট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ২
খ. মোট মুনাফার অনুপাত ও নিট মুনাফার অনুপাত নির্ণয় কর। ৪
গ. ত্বরিত অনুপাত ও কার্যকরী মূলধন অনুপাত নির্ণয় কর। ৪

১০ ▶ জামান অটো লিমিটেডের ২০২০ সালের ডিসেম্বর মাসের কাঁচামাল সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ :

ডিসে. ১ প্রারম্ভিক মজুদ ৮০০ একক, প্রতি একক ১০.০০ টাকা দরে।
" ৫ ক্রয় ৯০০ একক, প্রতি একক ৯.০০ টাকা দরে।
" ১০ ইস্যু ৬০০ একক।
" ১৫ ক্রয় ৮০০ একক, প্রতি একক ১১.০০ টাকা দরে।
" ২০ ইস্যু ৯০০ একক।
" ২৫ ৫ তারিখে ক্রয়কৃত পণ্য সরবরাহকারীকে ফেরত ৫০০ একক।

ক. নিট ক্রয়ের পরিমাণ এককে নির্ণয় কর। ২
খ. ডিসেম্বর ১, ৫, ২০ ও ২৫ তারিখের তথ্য ব্যবহার করে FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪
গ. ডিসেম্বর ১, ১০. ১৫ ও ২০ তারিখের তথ্য ব্যবহার করে ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

১১ ▶ সালাম লিমিটেডের ২০২০ সালের জানুয়ারি মাসের কাঁচামাল ক্রয় ও ইস্যুসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

জানু. ১ প্রারম্ভিক মজুদ ৪০০ একক প্রতি একক ৬.০০ টাকা।
" ৪ ক্রয় ৬০০ একক প্রতি একক ৭.০০ টাকা।
" ১০ ইস্যু ৫০০ একক।
" ১৫ ক্রয় ৭০০ একক প্রতি একক ৮.০০ টাকা।
" ২০ ইস্যু ৮০০ একক।
" ২৫ ক্রয় ৯০০ একক প্রতি একক ৯.০০ টাকা।
" ২৮ ইস্যু ৪০০ একক।
" ৩১ ঘাটতি ২০০ একক।

ক. সমাপনী মজুদ পণ্যের পরিমাণ এককে নির্ণয় কর। ২
খ. জানুয়ারি ১, ৪, ১০ ও ১৫ তারিখের তথ্য ব্যবহার করে FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪
গ. জানুয়ারি ১, ৪, ২০ ও ২৫ তারিখের তথ্য ব্যবহার করে ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

# ১৩ কুমিল্লা বোর্ড ২০২১

বিষয় কোড : 2 5 4

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ রহমান কোম্পানি লি.-এর ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

**রহমান কোম্পানি লি.-এর রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২০ তারিখের

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১৫,০০০ | |
| শেয়ার মূলধন (প্রতিটি ১০০ টাকা মূল্যের ১,০০০ শেয়ার) | | ১,০০,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ১,০৫,০০০ | ১,৬০,০০০ |
| ফেরত | ৫,০০০ | ২,০০০ |
| আয়কর | ৩,০০০ | |
| লভ্যাংশ প্রদান | ২,৫০০ | |
| সংরক্ষিত আয় (১-১-২০২০) | | ৫,০০০ |
| বেতন খরচ | ১২,০০০ | |
| সুনাম | ৬০,০০০ | |
| ইজারা সম্পদ (১০ বছর) | ২৫,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৪০,০০০ | ১৫,০০০ |
| ১০% বিনিয়োগ (১-৭-২০২০) | ৩৫,০০০ | |
| শেয়ার অধিহার | | ৮,০০০ |
| ৫% ঋণপত্র | | ২০,০০০ |
| প্রাথমিক খরচ | ৭,৫০০ | |
| | ৩,১০,০০০ | ৩,১০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) অলিখিত বিক্রয় ৫,০০০ টাকা; (২) সমাপনী মজুদ পণ্য ২০,০০০ টাকা; (৩) মুনাফাবিহীন পণ্য বিক্রয় ২,৫০০ টাকা; (৪) শেয়ার অধিহারের অর্ধাংশ দ্বারা সাধারণ সঞ্চিতি তহবিল তৈরি কর;(৫) শেয়ার প্রতি ৫ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করতে হবে।

ক. নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. নিট মুনাফা ৪৮,০০০ টাকা ধরে সংশ্লিষ্ট বছরের সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. উপর্যুক্ত তথ্যের আলোকে কোম্পানির মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▸ আসিফ কোম্পানি লি.-এর অনুমোদিত মূলধন ৬,০০,০০০ টাকা যা প্রতিটি ১০ টাকা মূল্যের ৬০,০০০ শেয়ারে বিভক্ত। আসিফ কোম্পানি লি.-এর ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ :

**রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২০ তারিখের

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| শেয়ার মূলধন | | ৩,৬০,০০০ |
| ১০% ঋণপত্র | | ৬০,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ২,১০,০০০ | ১,২০,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ৩,৩০,০০০ | ৬,৬০,০০০ |
| শুল্ক খরচ | ১৫,০০০ | |
| প্যাকিং খরচ | ৩০,০০০ | |
| শিক্ষানবিশ সেলামি | | ৩০,০০০ |
| লভ্যাংশ প্রাপ্তি | | ১৫,০০০ |
| মজুদ পণ্য | ১,৫০,০০০ | |
| গবেষণা খরচ | ৬০,০০০ | |
| ঋণপত্রের অবহার | ৩০,০০০ | |
| পেটেন্ট | ১,৮০,০০০ | |
| যন্ত্রপাতি | ২,৪০,০০০ | |
| | ১২,৪৫,০০০ | ১২,৪৫,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ পণ্য ২,৪০,০০০ টাকায় মূল্যায়ন হয়েছে; (২) ক্রয় বাবদ অপরিশোধিত বিলের পরিমাণ ১৫,০০০ টাকা; (৩) ০১-০৭-২০ তারিখে ক্রয়কৃত যন্ত্রপাতি ৩০,০০০ টাকা ভুলবশত ক্রয় হিসাবে অন্তর্ভুক্ত আছে; (৪) যন্ত্রপাতির ওপর ৫% অবচয় ধরতে হবে; (৫) নিট মুনাফার ১০% আয়কর সঞ্চিতিতে স্থানান্তর কর; (৬) নিট মুনাফার ৪০,০০০ টাকা দ্বারা একটি লভ্যাংশ সমতাকরণ তহবিল তৈরি কর।

ক. উপর্যুক্ত তথ্য হতে সমাপনী যন্ত্রপাতির পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট মুনাফা ৪,২০,০০০ টাকা ধরে কর-পরবর্তী নিট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪

গ. সমাপনী সংরক্ষিত আয় ৩,৩৪,৬২৫ টাকা ধরে কোম্পানির মোট দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▸ ক, খ ও গ একটি ব্যবসায়ের তিনজন সমান অংশীদার। তাদের ব্যবসায় প্রতিষ্ঠান হতে নিম্নলিখিত তথ্যসমূহ নেয়া হলো :

| বিবরণ | ক | খ | গ |
|---|---|---|---|
| মূলধন (১-১-২০) | ৪০,০০০ | ৩৫,০০০ | ৩০,০০০ |
| মূলধনের সুদ | ৭% | ৭% | ৭% |
| অংশীদার থেকে গৃহীত ঋণ (১-৪-২০) | | ২০,০০০ | |
| মাসিক বেতন | | ৯০০ | ৭০০ |
| নগদ উত্তোলন (প্রতি মাসের ১ম তারিখে) | ৮০০ | ৬০০ | ৪০০ |
| উত্তোলনের সুদ | ৫% | ৫% | ৫% |
| পণ্য উত্তোলন | ৫,০০০ | | ৪,০০০ |

খ প্রতি মাসে বেতন নগদ উত্তোলন করে। গ এর বেতন চার্জ করার পর কিন্তু অন্যান্য সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য ব্যবসায়ের নিট মুনাফা ৫৮,৯৬৫ টাকায় উপনীত হয়।

ক. অংশীদারদের বার্ষিক বেতনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. বছর শেষে ক ও গ-এর মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৪ ▸ সোনালী লিমিটেডের ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের তথ্যাবলি নিম্নে প্রদত্ত হলো :

| বিবরণ | টাকা |
|---|---|
| প্রারম্ভিক মজুদ | ৪,০০,০০০ |
| সমাপনী মজুদ | ৬,০০,০০০ |
| বিক্রীত পণ্যের ব্যয় | ৪৪,০০,০০০ |

বিক্রীত পণ্যের ব্যয়ের ওপর ২০% লাভে পণ্য বিক্রয় করা হয়। মোট লাভের ১০% পরোক্ষ ব্যয়।

ক. ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. মোট লাভ অনুপাত নির্ণয় কর। ৪
গ. নিট লাভ অনুপাত ও মজুদ আবর্তন অনুপাত নির্ণয় কর। ৪

৫ ▸ সাগর কোম্পানি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ৫০,০০০ টি শেয়ারে বিভক্ত ৫,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি ৪০,০০০ শেয়ার ১ টাকা অবহারে বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করল। কোম্পানি ৪০,০০০ শেয়ারের আবেদনপত্র পেল এবং তা যথারীতি বণ্টন করা হলো। কোম্পানির বণ্টনকৃত সকল শেয়ারের পূর্ণমূল্য তলব ও আদায় হয়েছে।
ক. শেয়ার অবহারের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত তথ্যের আলোকে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪
গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৬ ▸ আরিফ লিমিটেডের ২০১৯ সালের জুলাই মাসের মজুদসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

২০১৯
জুলাই ১ প্রারম্ভিক মজুদ ২০০ একক, প্রতি একক ৫ টাকা দরে।
" ৪ ক্রয় ৫০০ একক, প্রতি একক ১০ টাকা দরে।
" ১০ বিক্রয় ৪০০ একক।
" ২০ ক্রয় ৩০০ একক, প্রতি একক ৬ টাকা দরে।
" ২৫ বিক্রয় ৩০০ একক।

ক. বিক্রয়যোগ্য পণ্যের মূল্য নির্ণয় কর। ২
খ. FIFO পদ্ধতিতে মজুদ খতিয়ান প্রস্তুত কর। ৪
গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মজুদ খতিয়ান প্রস্তুত কর। ৪

৭ ▸ মিজান লিমিটেডের ২০১৯ সালের আর্থিক অবস্থার বিবরণী নিচে দেওয়া হলো :

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ১২,০০০ | নিট স্থায়ী সম্পদ | ১৪,০০০ |
| পাওনাদারবৃন্দ | ২,০০০ | মজুদ পণ্য | ৩,২০০ |
| ১০% ঋণপত্র | ২,০০০ | দেনাদারবৃন্দ | ২,৪০০ |
| সাধারণ সঞ্চিতি | ১,৬০০ | ব্যাংকে জমা | ৪০০ |
| সংরক্ষিত আয় | ২,৫৬০ | প্রাথমিক ব্যয় | ১৬০ |
| | ২০,১৬০ | | ২০,১৬০ |

বছরে মোট বিক্রয়ের পরিমাণ ছিল ২৮,০০০ টাকা যার ২০% নগদে বিক্রয়। বিক্রয়ের ওপর ২০% হারে লাভ অর্জিত হয়।
ক. মোট লাভের পরিমাণ নির্ণয় কর। ২
খ. চলতি অনুপাত ও মজুদ আবর্তন অনুপাত নির্ণয় কর। ৪
গ. দেনাদার আবর্তন অনুপাত ও দায়-মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

৮ ▸ সবুজ, কাজল ও উজ্জ্বল একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে অংশীদারদের মূলধন ও চলতি হিসাবের উদ্বৃত্ত নিম্নরূপ ছিল :

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| সবুজের মূলধন হিসাব | ৫০,০০০ | সবুজের চলতি হিসাব (DR) | ৪,০০০ |
| কাজলের মূলধন হিসাব | ৮০,০০০ | কাজলের চলতি হিসাব (CR) | ৩,০০০ |
| উজ্জ্বলের মূলধন হিসাব | ৭০,০০০ | উজ্জ্বলের চলতি হিসাব (DR) | ৬,০০০ |

মূলধন ও উত্তোলন উভয়ের ওপর ১০% সুদ ধরতে হবে। কাজল প্রতি মাসে ৪০০ টাকা হিসাবে বেতন পাবে। কাজলের বেতনের অর্ধাংশ ব্যবসায়ের হিসাবে ডেবিট করতে হবে এবং বাকি অর্ধাংশ উজ্জ্বলের হিসাবে সমন্বয় করতে হবে। তাদের মুনাফা বণ্টনের অনুপাত ৩ ঃ ২ ঃ ১। সবুজ ও উজ্জ্বল, কাজলকে এই মর্মে নিশ্চয়তা দিল যে, কাজল লাভের অংশ বাবদ কমপক্ষে ১৬,০০০ টাকা পাবে। বছরে অংশীদারদের উত্তোলনের পরিমাণ ছিল সবুজ ১৪,০০০ টাকা, কাজল ১২,০০০ টাকা ও উজ্জ্বল ১৪,০০০ টাকা। উপরিউক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে ব্যবসায়ের নিট মুনাফার পরিমাণ ৫৬,৪০০ টাকায় উপনীত হলো।
ক. স্থায়ী মূলধন পদ্ধতিতে অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত কর। ২
খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪
গ. কাজল ও উজ্জ্বলের চলতি হিসাব প্রস্তুত কর। ৪

৯ ▸ আলপনা কোম্পানি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ৮০,০০০ টি শেয়ারে বিভক্ত ৮,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি ৫০,০০০ শেয়ার ৫ টাকা অধিহারে ইস্যু করল। কোম্পানি ৭০,০০০ শেয়ারের আবেদনপত্র পেল এবং যথারীতি ইস্যুকৃত সমস্ত শেয়ার বণ্টিত হলো। অতিরিক্ত আবেদনের অর্থ সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেওয়া হলো।
ক. প্রাপ্ত অতিরিক্ত শেয়ার আবেদনের সংখ্যা ও উক্ত টাকার পরিমাণ নির্ণয় কর। ২
খ. কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪
গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণীতে মূলধন ও দায়ের প্রদর্শন কর। ৪

১০ ▸ আহনাফ কোম্পানি নিত্য মজুদ ব্যবস্থায় পণ্যের হিসাব সংরক্ষণ করেন। ২০২০ সালের ডিসেম্বর মাসে মজুদসংক্রান্ত তথ্যসমূহ নিম্নরূপ ছিল :

| তারিখ | বিবরণ | একক | একক ব্যয় (টাকা) |
|---|---|---|---|
| ডিসে. ১ | প্রারম্ভিক মজুদ | ১০০ | ৫.০০ |
| " ৫ | ক্রয় | ৫০ | ৫.২০ |
| " ৮ | বিক্রয় | ১২০ | - |
| " ১০ | বিক্রয় | ১০ | - |
| " ১৫ | ক্রয় | ৮০ | ৫.৪০ |
| " ১৮ | বিক্রয় | ৫০ | - |

মজুদ পণ্যের গণনায় দেখা যায় যে, ডিসেম্বর ১৬ তারিখে ১০ একক ঘাটতি রয়েছে।
ক. সমাপনী মজুদ পণ্যের পরিমাণ (একক) নির্ণয় কর। ২
খ. আগে আসে আগে যায় পদ্ধতিতে বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. ভারযুক্ত গড় ব্যয় পদ্ধতিতে সমাপনী মজুদ পণ্যের মূল্য নির্ণয় কর। ৪

১১ ▸ ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে সাগর কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী নিচে দেওয়া হলো :

| মূলধন ও দায় | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ১,৬০,০০০ | ভূমি ও দালানকোঠা | ১,০০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ৮০,০০০ | কলকব্জা ও যন্ত্রপাতি | ৬০,০০০ |
| চলতি দায় (১৬,০০০ টাকা ব্যাংক জমাতিরিক্তসহ) | ৯৬,০০০ | চলতি সম্পদ (২০,০০০ টাকা মজুদ পণ্যসহ) | ২,২০,০০০ |
| ১০% ঋণপত্র | ৬৪,০০০ | দায় গ্রাহকের কমিশন | ২০,০০০ |
| | ৪,০০,০০০ | | ৪,০০,০০০ |

উক্ত বছরে বিক্রয়ের পরিমাণ ছিল ৬,০০,০০০ টাকা। মোট মুনাফা বিক্রয়ের ২৫%।
ক. মালিকানা তহবিলের পরিমাণ নির্ণয় কর। ২
খ. তরল ও কার্যকরী মূলধন অনুপাত নির্ণয় কর। ৪
গ. মজুদ আবর্তন ও বিনিয়োজিত মূলধনের আবর্তন অনুপাত নির্ণয় কর। ৪

## ১৪ চট্টগ্রাম বোর্ড ২০২১

বিষয় কোড : 2 5 4

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ মুন কোম্পানি লি.-এর ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ :

**মুন কোম্পানি লি.-এর রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২০ তারিখের

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| শেয়ার মূলধন (২০,০০০ শেয়ার প্রতিটি ১০ টাকা করে) | | ২,০০,০০০ |
| মজুদ পণ্য (১-১-২০২০) | ৪০,০০০ | |
| পণ্য ক্রয় ও ফেরত | ১,৬৫,০০০ | ৫,০০০ |
| বিক্রয় ফেরত ও বিক্রয় | ১০,০০০ | ২,৬০,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৪৭,০০০ | ৩১,০০০ |
| মজুরি | ১২,০০০ | |
| বেতন (৯ মাসের) | ২৭,০০০ | |
| ভাড়া | ২৫,০০০ | |
| যন্ত্রপাতি | ১,৫০,০০০ | |
| অনাদায়ি পাওনা | ৩,০০০ | |
| অনাদায়ি ও সন্দেহজনিত পাওনা সঞ্চিতি | | ৪,০০০ |
| ব্যাংক জমার উদ্বৃত্ত | ৭৫,০০০ | |
| ৮% ঋণ (১-৭-২০২০) | | ৬০,০০০ |
| বিজ্ঞাপন | ৬,০০০ | |
| | ৫,৬০,০০০ | ৫,৬০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ১,০৫,০০০ টাকা যার মধ্যে ৫,০০০ টাকার পণ্য অন্তর্ভুক্ত রয়েছে কিন্তু হিসাবভুক্ত হয়নি; (২) উক্ত বছরে মোট অনাদায়ি পাওনার পরিমাণ ৫,০০০ টাকা এবং প্রাপ্য হিসাবের ওপর ৫% অনাদায়ি পাওনা সঞ্চিতি রাখতে হবে; (৩) বিজ্ঞাপনের উদ্দেশ্যে বিনামূল্যে পণ্য বিতরণ ৪,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি। মোট বিজ্ঞাপন খরচকে ৫টি আর্থিক বছরে অবলোপন করতে হবে; (৪) যন্ত্রপাতির ওপর ১০% অবচয় ধার্য করতে হবে;(৫) অগ্রিম ভাড়ার পরিমাণ ১,০০০ টাকা।

ক. আর্থিক অবস্থার বিবরণীতে প্রদর্শনযোগ্য প্রাপ্য হিসাবের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উক্ত বছরের মোট মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪
গ. মোট মুনাফা ১,৭৪,০০০ টাকা ধরে উক্ত বছরের নিট মুনাফা বা নিট ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▸ জুপিটার কোম্পানি লি.-এর ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের প্রস্তুতকৃত রেওয়ামিল ছিল নিম্নরূপ :

**জুপিটার কোম্পানি লি. রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২০ তারিখের

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| শেয়ার মূলধন (৩০,০০০ শেয়ার প্রতিটি ১০ টাকা করে) | | ৩,০০,০০০ |
| সঞ্চিতি তহবিল | | ১,০০,০০০ |
| প্রদেয় হিসাব | | ১,৬০,০০০ |
| আয়কর সঞ্চিতি | | ৩৫,০০০ |
| সুনাম | ৮০,০০০ | |
| বিনিয়োগ | ১,০০,০০০ | |
| কলকব্জা | ১,৯০,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৫৪,০০০ | |
| চালানি ব্যবসায়ে প্রেরিত পণ্য | ২৫,০০০ | |
| পুঞ্জীভূত অবচয় কলকব্জা | | ৪১,০০০ |
| পণ্য ক্রয় | ২,২০,০০০ | |
| পণ্য বিক্রয় | | ৩,৮০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৩,০৫,০০০ | |
| বেতন | ৩০,০০০ | |
| আয়কর প্রদান | ৪০,০০০ | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ২৭,০০০ | |
| সংরক্ষিত আয়ের জের | | ১,০৫,০০০ |
| ভাড়া | ৫০,০০০ | |
| | ১১,২১,০০০ | ১১,২১,,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্যের মূল্যায়ন করা হয়েছে ৯০,০০০ টাকা; (২) চালানি ব্যবসায়ে প্রেরিত পণ্য প্রতিনিধির ৫% কমিশন সাপেক্ষে ৩০,০০০ টাকায় বিক্রয় করা হয়েছে; (৩) কলকজার ওপর ১০% অবচয় ধার্য করতে হবে; (৪) শেয়ারপ্রতি ১ টাকা করে লভ্যাংশ প্রস্তাব করা হয়েছে;(৫) সঞ্চিতি তহবিল ১,২০,০০০ টাকায় উন্নীত করতে হবে।

ক. চালানি ব্যবসায়ের মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ২
খ. চলতি বছরের নিট মুনাফা ১,৫৭,০০০ টাকা হলে সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. বছর শেষে কোম্পানির মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▸ নাফি, রাফি ও শাফি একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার। ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ৫০,০০০ টাকা, ৪০,০০০ টাকা ও ৩০,০০০ টাকা এবং ঐ তারিখে তাদের চলতি হিসাবের উদ্বৃত্ত ছিল নিম্নরূপ :
নাফি ১৫,০০০ টাকা (ক্রেডিট)
রাফি ১০,০০০ টাকা (ক্রেডিট)
শাফি ৫,০০০ টাকা (ডেবিট)
চুক্তি অনুযায়ী মূলধন ও চলতি হিসাবের উদ্বৃত্তের ওপর বার্ষিক ৫% হারে সুদ ধরতে হবে। নাফি ও শাফি যথাক্রমে বার্ষিক ৬,০০০ টাকা ও ৫,০০০ টাকা বেতন পাবে। নাফি তার বেতন নগদে তুলে নেয়। বছরের মাঝামাঝি সময়ে রাফি ১০,০০০ টাকা ঋণ প্রদান করে। সম্ভাব্য মুনাফার প্রত্যাশায় নাফি, রাফি ও শাফি বছরে যথাক্রমে ৩,০০০ টাকা, ২,০০০ টাকা ও ১,৫০০ টাকা নগদ উত্তোলন করে। উপরিউক্ত সমন্বয়সমূহ সাধন করার পূর্বে সমাপ্ত বছরের জন্য ব্যবসায়ের মুনাফা দাঁড়ায় ৪০,৫০০ টাকা।

ক. রাফির ঋণ হিসাব প্রস্তুত কর। ২
খ. অংশীদারদের লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪
গ. অংশীদারদের চলতি হিসাব প্রস্তুত কর। ৪

৪ ▸ সোনিয়া কোম্পানি লি.-এর হিসাব বই থেকে নিম্নের তথ্যাবলি নেওয়া হয়েছে :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| সমাপনী মজুদ পণ্য | ৬,৩০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন | ২,০০,০০০ |
| নগদ তহবিল | ১,৭০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৪,০০,০০০ |
| প্রদেয় হিসাব | ২,৫০,০০০ |
| প্রদেয় নোটস | ১,০০,০০০ |
| পণ্য বিক্রয় | ৪০,০০,০০০ |
| মোট মুনাফার পরিমাণ | ৯,০০,০০০ |
| নিট মুনাফার পরিমাণ | ২,৬০,০০০ |

ক. বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. চলতি অনুপাত ও তারল্য অনুপাত নির্ণয় কর। ৪
গ. কার্যকরী মূলধন ও কার্যকরী মূলধন অনুপাত নির্ণয় কর। ৪

৫ ▸ সামিয়া কোম্পানি লি.-এর অনুমোদিত মূলধন ১০,০০,০০০ টাকা যা প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত। কোম্পানি অনুমোদিত মূলধনের ৭০% শেয়ার ১০% অধিহারে বিক্রয়ের উদ্দেশ্যে প্রচারপত্র বিলি করল। কোম্পানি জনগণের নিকট হতে ৮০,০০০ শেয়ারের জন্য আবেদন পেল। কোম্পানি ইস্যুকৃত সমস্ত শেয়ার যথারীতি বণ্টন করল এবং অতিরিক্ত আবেদনের টাকা ফেরত প্রদান করল। কোম্পানি অবলেখককে শেয়ার বিক্রয়ের দায়িত্ব গ্রহণ করায় শেয়ারপ্রতি ০.৪০ টাকা হারে কমিশন প্রদান করে।

ক. কোম্পানির সংরক্ষিত শেয়ারের সংখ্যা ও সংরক্ষিত মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানির হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। (ব্যাংক উদ্বৃত্তের পরিমাণ ৭,৪২,০০০) ৪

৬ ▸ ডেল্টা কোম্পানি-এর ২০২০ সালের জানুয়ারি মাসের কাঁচামাল ক্রয় ও ইস্যুসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

২০২০

জানু. ১ প্রারম্ভিক জের ৪০০ একক, প্রতি একক ২০ টাকা দরে।

" ৫ ক্রয় ৬০০ একক, প্রতি একক ২৪ টাকা দরে।

" ৯ ইস্যু ৬৫০ একক।

" ১৮ ক্রয় ৫৪০ একক, প্রতি একক ২৫ টাকা দরে।

" ২৬ ইস্যু ৫০০ একক।

" ৩১ সমাপনী মজুদ পণ্য ৩৫০ একক।

ক. মাস শেষে ঘাটতি এককের পরিমাণ নির্ণয় কর। ২

খ. আগের মাল আগে যাবে পদ্ধতিতে মজুদ খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মজুদ খতিয়ান প্রস্তুত কর। ৪

৭ ▸ আজওয়ান, রিজওয়ান ও সালমান একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-লোকসান যথাক্রমে $\frac{১}{২}, \frac{১}{৩}$ ও $\frac{১}{৬}$ অনুপাতে বণ্টন করে নেয়। ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ২,০০,০০০ টাকা, ১,৫০,০০০ টাকা ও ২,০০,০০০ টাকা। আজওয়ান ও সালমান ব্যবসায়ের সার্বক্ষণিক দায়িত্ব পালন করায় ব্যবসা হতে যথাক্রমে ৪,০০০ টাকা এবং ৩,০০০ টাকা করে মাসিক বেতন পাবে। মূলধন এবং উত্তোলন উভয়ের ওপর বার্ষিক ৫% সুদ ধার্য করতে হবে। প্রত্যেক মাসের শেষ তারিখে সারা বছর ধরে আজওয়ান, রিজওয়ান ও সালমান যথাক্রমে ৬,০০০ টাকা, ৩,০০০ টাকা ও ২,০০০ টাকা করে নগদ উত্তোলন করে। আজওয়ান ও রিজওয়ান যৌথভাবে সালমানকে এই মর্মে নিশ্চয়তা প্রদান করেছে যে সালমান অন্যান্য সুবিধা ছাড়াও মুনাফার অংশ হিসাবে কমপক্ষে ৩০,০০০ টাকা পাবে। উপরিউক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে সমাপ্ত বছর শেষে ব্যবসায়ের নিট মুনাফা ২,০০,০০০ টাকায় উপনীত হয়।

ক. অংশীদারদের বার্ষিক উত্তোলন ও উত্তোলনের সুদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. অংশীদারদের লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. সালমানের মূলধন হিসাব প্রস্তুত কর। (মুনাফার পরিমাণ ৩০,০০০ টাকা) ৪

৮ ▸ ওমর লি.-এর ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত আর্থিক অবস্থার বিবরণী নিম্নরূপ :

**ওমর লি.-এর উদ্বৃত্তপত্র**

ডেবিট ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখের ক্রেডিট

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ১২,০০,০০০ | ভূমি ও দালান | ৮,০০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ৪,০০,০০০ | কলকব্জা ও যন্ত্রপাতি | ৫,০০,০০০ |
| সংরক্ষিত আয় | ২,০০,০০০ | প্রাপ্য হিসাব | ৪,৫০,০০০ |
| প্রদেয় হিসাব | ২,৫০,০০০ | ব্যাংক জমার উদ্বৃত্ত | ১,৫০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ১,২০,০০০ | মজুদ পণ্য | ৪,৫০,০০০ |
| ১০% ঋণপত্র | ৩,০০,০০০ | হাতে নগদ | ১,২০,০০০ |
| | ২৪,৭০,০০০ | | ২৪,৭০,০০০ |

কোম্পানি বিক্রীত পণ্যের ব্যয়ের ওপর ২৫% মুনাফায় পণ্য বিক্রয় করে। ২০২০ সালে বিক্রয়ের পরিমাণ ছিল ৩০,৫০,০০০ টাকা (৭০% ধারে বিক্রয়) ও ধারে ক্রয়ের পরিমাণ ১৫,০০,০০০ টাকা।

ক. কোম্পানির মোট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রাপ্য হিসাব আবর্তন ও মজুদ আবর্তন অনুপাত নির্ণয় কর। ৪

গ. মোট মুনাফা অনুপাত ও দায় মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

৯ ▸ রেনুয়ারা ফুড লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ৫,০০,০০০ শেয়ারে বিভক্ত ৫০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত। কোম্পানি ৫০,০০০ শেয়ারের বিনিময়ে ফাহাদ লি. থেকে একটি যন্ত্রপাতি ক্রয় করে। অবশিষ্ট শেয়ার হতে ৩,০০,০০০ শেয়ার প্রতিটি ১০% অধিহারে জনসাধারণের নিকট বিক্রয়ের জন্য আবেদনপত্র আহ্বান করে। জনসাধারণের নিকট হতে ৩,৫০,০০০ শেয়ারের আবেদন পাওয়া যায়। কোম্পানি যথারীতি ইস্যুকৃত শেয়ারগুলো বিলি করে এবং অতিরিক্ত আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত প্রদান করে।

ক. শেয়ারপ্রতি অধিহার ও মোট অধিহারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। (ব্যাংক উদ্বৃত্তের পরিমাণ ৩,৩০,০০০ টাকা) ৪

১০ ▸ চম্পা ফ্যাশন লি.-এর গুদাম ভাণ্ডার থেকে নিম্নোক্ত তথ্যাদি নেয়া হয়েছে :

| তারিখ | বিবরণ | একক | একক ব্যয় টাকা |
|---|---|---|---|
| ২০২০ | | | |
| মার্চ ১ | প্রারম্ভিক উদ্বৃত্ত | ৮০০ | ৮.০০ |
| " ৫ | ক্রয় | ১,২০০ | ৯.০০ |
| " ৯ | ক্রয় | ৮৫০ | ১০.০০ |
| " ১১ | ইস্যু | ৯০০ | |
| " ১৫ | ক্রয় ফেরত | ১৫০ | |
| " ২৫ | ক্রয় | ৬৫০ | ১১.০০ |
| " ৩১ | ইস্যু | ১,২০০ | |

ক. সমাপনী মজুদ এককের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মার্চ ১, ৫, ১১ ও ১৫ তারিখের লেনদেনের অবলম্বনে FIFO পদ্ধতি ব্যবহার করে একটি মজুদ খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. মার্চ ১, ৯, ১৫ ও ৩১ তারিখের লেনদেন অবলম্বন করে ভারযুক্ত গড় পদ্ধতিতে একটি মজুদ খতিয়ান প্রস্তুত কর। ৪

১১ ▸ অনিম, তানিম ও দানিম একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-লোকসান যথাক্রমে ২ : ২ : ১ অনুপাতে বণ্টন করে নেয়। ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধনের পরিমাণ ছিল যথাক্রমে ২৫,০০০ টাকা, ২০,০০০ টাকা এবং ১৫,০০০ টাকা। দানিম তার সার্বক্ষণিক কাজের জন্য ব্যবসায় হতে মাসিক ৫০০ টাকা করে বেতন পাবেন। অংশীদারদের মূলধন ও উত্তোলনের ওপর ৫% হারে সুদ ধার্য করতে হবে। অনিম, তানিম ও দানিম বছরে ব্যবসায় থেকে যথাক্রমে ৪,০০০ টাকা, ৩,০০০ টাকা এবং ২,০০০ টাকা উত্তোলন করেন। ২০২০ সালের ১ জুলাই তারিখে অনিম ব্যবসায়ের প্রয়োজনে ৫,০০০ টাকা ঋণ সরবরাহ করেন। দানিম তার বেতনের টাকা প্রতিমাসে উত্তোলন করে নেন। উপরিউক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে নিট লাভ হয়েছিল ৩২,৯২৫ টাকা।

ক. অংশীদারদের মূলধনের সুদ নির্ণয় কর। ২

খ. অংশীদারদের বণ্টনযোগ্য মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪

গ. বছর শেষে অংশীদারদের মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪

## ১৫ সিলেট বোর্ড ২০২১

বিষয় কোড : 2 5 4

**হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ◉ সৃজনশীল প্রশ্ন**

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ কোহিনুর কোম্পানি লি. প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে নিবন্ধিত। ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিল নিম্নরূপ :

**কোহিনুর কোম্পানি লি.**
**-এর রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২০ তারিখের

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| প্রাপ্য হিসাব | ৩,৫০,০০০ | |
| সুনাম | ৫,৫০,০০০ | |
| অফিস সরঞ্জাম | ১,০০,০০০ | |
| শেয়ার মূলধন (প্রতিটি ১০ টাকা মূল্যের ৮০,০০০ শেয়ার) | | ৮,০০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | | ১,২০,০০০ |
| সংরক্ষিত আয়ের জের (১-১-২০২০) | | ৩২,০০০ |
| প্রদেয় বিল | | ৩১,৫০০ |
| বহিঃফেরত | | ৫,৫০০ |
| বিক্রয় | | ৬,৯০,০০০ |
| প্রারম্ভিক মজুদ | ১৭,০০০ | |
| ক্রয় | ৫,০০,০০০ | |
| বেতন খরচ | ৫০,০০০ | |
| আয়কর | ৭৪,০০০ | |
| অনাদায়ি পাওনা | ৮,০০০ | |
| মজুরি | ৩০,০০০ | |
| | ১৬,৭৯,০০০ | ১৬,৭৯,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ ৪০,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে; (২) মূলধনের ওপর ২.৫০% হারে লভ্যাংশ ঘোষণা করতে হবে; (৩) সাধারণ সঞ্চিতি তহবিলে নিট লাভের ৩,০০০ টাকা স্থানান্তর করতে হবে; (৪) অফিস সরঞ্জামের ওপর ১০% অবচয় ধার্য করতে হবে।

ক. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২
খ. মোট লাভ ১,৮৮,৫০০ টাকা ধরে নিট আয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. কোহিনুর কোম্পানি লি.-এর মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▸ অক্সফোর্ড কোম্পানি লি.-এর ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিল নিম্নরূপ :

**অক্সফোর্ড কোম্পানি লি.**
**-এর রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২০ সালের

| হিসাবের নাম | ডেবিট টাকা | হিসাবের নাম | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| সুনাম | ৮০,০০০ | শেয়ার মূলধন (প্রতিটি ১০ টাকা) | ২,০০,০০০ |
| ইজারা সম্পত্তি (১০ বছরের জন্য) | ১,০০,০০০ | শেয়ার অধিহার | ৪০,০০০ |
| বিনিয়োগ | ২,০০,০০০ | সাধারণ সঞ্চিতি | ৩০,০০০ |
| অন্তর্বর্তী লভ্যাংশ | ১০,০০০ | অদাবিকৃত লভ্যাংশ | ১৫,০০০ |
| প্রাপ্য হিসাব | ১,২০,০০০ | ঋণপত্র | ৫০,০০০ |
| ভ্যাট চলতি হিসাব | ২৫,০০০ | প্রদেয় হিসাব | ৪০,০০০ |
| ক্রয় (১৫% ভ্যাটসহ) | ২,২০,০০০ | বিক্রয় (১৫% ভ্যাটসহ) | ৪,০২,০০০ |
| প্রারম্ভিক মজুদ | ৫০,০০০ | সংরক্ষিত আয় বিবরণী | ৩০,০০০ |
| জাহাজ ভাড়া | ২,০০০ | | |
| | ৮,০৭,০০০ | | ৮,০৭,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ ৮০,০০০ টাকা; (২) শেয়ার অধিহার সুনামের সাথে সমন্বয়পূর্বক অবলোপন করতে হবে; (৩) সাধারণ সঞ্চিতি ৫০,০০০ টাকায় উন্নীত করতে হবে; (৪) আয়কর সঞ্চিতি ১০,০০০ টাকা রাখতে হবে।

ক. ভ্যাট চলতি হিসাবের উদ্বৃত্তের পরিমাণ নির্ণয় কর। ২
খ. চলতি বছরের মোট মুনাফা নির্ণয় কর। ৪
গ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর সংরক্ষিত আয় বিবরণীর জের ১,৫৪,২৬১ টাকা ধরে মালিকানাস্বত্ব ও দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▸ চন্দ্র, সূর্য, তারকা একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-লোকসান মূলধন অনুপাতে বণ্টন করে নেয়। ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন যথাক্রমে ৩,০০,০০০ টাকা, ২,০০,০০০ টাকা এবং ১,০০,০০০ টাকা। মূলধন ও উত্তোলনের ওপর ৫% হারে সুদ ধার্য করতে হবে। চন্দ্র সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য প্রতি মাসে ২,০০০ টাকা করে বেতন পাবে। সূর্য ব্যবসায়ে ১-৭-২০২০ তারিখে ৮০,০০০ টাকা ঋণস্বরূপ আনয়ন করেন। অংশীদারগণ প্রত্যেকে কারবার হতে প্রতি মাসের শেষে ২,০০০ টাকা করে নগদ উত্তোলন করেন। উপরিউক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের ব্যবসায়ের নিট লাভ ১,৭৫,০০০ টাকা।

ক. সূর্যের ঋণের সুদের পরিমাণ নির্ণয় কর। ২
খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪
গ. চন্দ্র ও সূর্যের মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৪ ▸ ঢাকা অপটিক কোং লি.-এর ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে আর্থিক অবস্থার বিবরণী নিম্নরূপ ছিল :

| সম্পদসমূহ | টাকা | শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ | টাকা |
|---|---|---|---|
| স্থায়ী সম্পদ | ৮,০০,০০০ | শেয়ার মূলধন | ১১,০০,০০০ |
| নগদ | ১,০০,০০০ | সাধারণ সঞ্চিতি | ১,৫০,০০০ |
| ব্যাংক জমা | ১,৫০,০০০ | ৬% ঋণপত্র | ৫,০০,০০০ |
| মজুদ পণ্য | ৩,০০,০০০ | শেয়ার অধিহার | ১,০০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৪,০০,০০০ | বকেয়া খরচ | ৭০,০০০ |
| প্রাপ্য বিল | ২,৫০,০০০ | প্রদেয় হিসাব | ৮০,০০০ |
| | ২০,০০,০০০ | | ২০,০০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) বিক্রয় ২০,০০,০০০ টাকা; (২) বিক্রীত পণ্যের ব্যয় ১৬,০০,০০০ টাকা; (৩) পরিচালন ব্যয় ১,৫০,০০০ টাকা।

ক. মজুদ আবর্তন অনুপাত নির্ণয় কর। ২
খ. চলতি অনুপাত ও তরিৎ অনুপাত নির্ণয় কর। ৪
গ. মোট লাভ অনুপাত ও নিট লাভ অনুপাত নির্ণয় কর। ৪

**৫** ▶ সুরমা কোম্পানি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ২,০০,০০০ শেয়ারে বিভক্ত ২০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়। কোম্পানি মূলধন সংগ্রহের উদ্দেশ্যে ১,৮০,০০০ শেয়ার সমমূল্যে বিক্রয়ের উদ্দেশ্যে জনসাধারণের নিকট আহ্বান করে। ১,৯০,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। ইস্যুকৃত সকল শেয়ার যথারীতি আবণ্টিত হলো। অতিরিক্ত আবেদনের টাকা ফেরত প্রদান করা হলো।

ক. অতিরিক্ত আবেদনের ফেরতকৃত টাকার পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা প্রদান কর। ৪

গ. ব্যাংক উদ্বৃত্ত ১৮,০০,০০০ টাকা ধরে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

**৬** ▶ মেঘনা কোম্পানির মজুদ বিভাগের ক্রয় ও ইস্যুসংক্রান্ত তথ্য নিম্নরূপ :

| তারিখ | বিবরণ | একক | এককপ্রতি দর টাকা |
|---|---|---|---|
| মার্চ, ১ | প্রারম্ভিক মজুদ মাল | ৩০০ | ৩.০০ |
| " ২ | ইস্যু | ১৫০ | - |
| " ৫ | ক্রয় | ২০০ | ৩.৫০ |
| " ৮ | ইস্যু | ২০০ | - |
| " ১২ | ক্রয় | ২৫০ | ৩.২০ |
| " ১৫ | ক্রয় | ২০০ | ২.৫০ |
| " ২০ | ইস্যু | ৩০০ | |
| " ৩১ | ইস্যু | ১৫০ | |

ক. সমাপনী মজুদ পণ্য এককে নির্ণয় কর। ২

খ. ১, ২, ৫, ৮ ও ১৫ তারিখের লেনদেনগুলোর ভিত্তিতে FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. ১, ৮, ১২, ১৫ ও ২০ তারিখের লেনদেনের ভিত্তিতে ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

**৭** ▶ যমুনা কোম্পানি লিমিটেড প্রতি শেয়ার ১০ টাকা করে ২,০০,০০০ শেয়ারে বিভক্ত সর্বমোট ২০,০০,০০০ টাকায় অনুমোদিত মূলধনে নিবন্ধিত হলো। কোম্পানি ১,৭৫,০০০ শেয়ার প্রতিটি ১০% অধিহারে বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করল। কোম্পানি ১,৮০,০০০ শেয়ারের আবেদন পেল। ইস্যুকৃত শেয়ার যথারীতি আবণ্টিত হলো। অতিরিক্ত আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেয়া হলো।

ক. শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানির ব্যাংক হিসাব তৈরি কর। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

**৮** ▶ A, B ও C একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন যথাক্রমে ১,৮০,০০০ টাকা, ১,৫০,০০০ টাকা এবং ১,৩০,০০০ টাকা। তাদের চলতি হিসাবের উদ্বৃত্ত ছিল :

A —২০,০০০ টাকা (ক্রেডিট)

B —৮,০০০ টাকা (ডেবিট)

C —১২,০০০ টাকা (ক্রেডিট)

অংশীদারি চুক্তি অনুযায়ী মূলধনের ওপর ৬% হারে সুদ ধার্য করতে হবে। ১ জুলাই ২০২০ তারিখে C, ২০,০০০ টাকা ব্যবসায়ে ঋণ প্রদান করে। কারবারে সার্বক্ষণিক কাজের জন্য B প্রতিমাসে ৫০০ টাকা করে বেতন পাবে। বেতনের টাকা ডেবিট করার পর ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে কারবারে নিট আয় ছিল ৫৫,২৪০ টাকা।

ক. B-এর বার্ষিক বেতনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. লাভ-লোকসান আবণ্টন বিবরণী প্রস্তুত কর। ৪

গ. অংশীদারগণের চলতি হিসাব প্রস্তুত কর। ৪

**৯** ▶ বর্ষা লিমিটেডের আর্থিক তথ্যাবলি নিম্নরূপ :

| দায় ও শেয়ার মূলধন | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| সাধারণ শেয়ার মূলধন | ৫,০০,০০০ | কলকব্জা | ২,৫০,০০০ |
| অগ্রাধিকার শেয়ার মূলধন | ২,০০,০০০ | ভূমি ও দালান | ৪,০০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ২,৫০,০০০ | আসবাবপত্র | ৪০,০০০ |
| ১০% ঋণপত্র | ৫০,০০০ | মজুদ পণ্য | ১,৫০,০০০ |
| প্রদেয় হিসাব | ৭০,০০০ | প্রাপ্য হিসাব | ২,০৫,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৪০,০০০ | প্রাপ্য বিল | ৪৫,০০০ |
| বকেয়া খরচ | ২০,০০০ | হাতে নগদ | ৩০,০০০ |
| | | অগ্রিম খরচ | ১০,০০০ |
| | ১১,৩০,০০০ | | ১১,৩০,০০০ |

উক্ত বছরে ক্রয় ও বিক্রয়ের পরিমাণ ছিল যথাক্রমে ১২,০০,০০০ টাকা (ধারে ৫০%) এবং ১৬,০০,০০০ টাকা (ধারে ৫০%)।

ক. চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রদেয় হিসাব আবর্তন ও প্রাপ্য হিসাব আবর্তন নির্ণয় কর। ৪

গ. দায়-মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

**১০** ▶ পদ্মা ম্যানুফ্যাকচারিং কোম্পানি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ সাধারণ শেয়ার নিয়ে নিবন্ধিত। কোম্পানি মোট শেয়ারের ৬০% জনসাধারণের নিকট প্রতিটি ৯ টাকা মূল্যে বিক্রয়ের জন্য বিজ্ঞপ্তি প্রচার করল। ৫০,০০০ শেয়ারের জন্য আবেদনপত্র পাওয়া গেল এবং আবেদনকৃত সমুদয় শেয়ার জনসাধারণের মধ্যে বণ্টন করা হলো। অবলেখককে শেয়ার প্রতি ০.৫০ টাকা কমিশন প্রদান করা হলো।

ক. মোট অবহারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. ব্যাংক জমার উদ্বৃত্ত ৪,২৫,০০০ টাকা ধরে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

**১১** ▶ কর্ণফুলি কোম্পানি লি.-এর মজুদ বিভাগ নিম্নলিখিত তথ্য উপস্থাপন করেছে :

| তারিখ | বিবরণ | কেজি | দরপ্রতি কেজি (টাকা) |
|---|---|---|---|
| জুলাই ১ | প্রারম্ভিক মজুদ মাল | ৬০০ | ২০ |
| " ৩ | ইস্যু | ৩০০ | |
| " ৫ | ক্রয় | ৪০০ | ২৫ |
| " ৮ | ইস্যু | ২০০ | |
| " ১২ | ক্রয় | ১০০ | ১৫ |
| " ১৭ | ক্রয় | ২০০ | ২৫ |
| " ২০ | বিনষ্ট পণ্য | ৩০ | |
| " ২৪ | ইস্যু | ২০০ | |
| " ২৮ | ক্রয় | ৩০০ | |
| " ২৯ | ইস্যু | ১০০ | |
| " ৩১ | ঘাটতি | ২০০ | |

ক. ইস্যুকৃত কাঁচামালের পরিমাণ (এককে) নির্ণয় কর। ২

খ. জুলাই ১, ৩, ৮, ১৭ ও ২০ তারিখের লেনদেনের FIFO পদ্ধতিতে মাল খতিয়ান হিসাব প্রস্তুত কর। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে জুলাই ৮ তারিখে ইস্যুকৃত কাঁচামালের মূল্য নির্ণয় কর। ৪

## ১৬ ✓ বরিশাল বোর্ড ২০২১

বিষয় কোড : 2 5 4

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ নাভানা লিমিটেডের অনুমোদিত মূলধন ১০,০০,০০০ টাকা যা প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ সাধারণ শেয়ারে বিভক্ত। ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নে দেওয়া হলো :

**নাভানা লি.-এর রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২০ তারিখের

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| শেয়ার মূলধন (প্রতিটি ১০ টাকা মূল্যের ৫০,০০০ শেয়ার) | | ৫,০০,০০০ |
| নগদ তহবিল | ১,৫০,০০০ | |
| অফিস সরঞ্জাম | ২,৮০,০০০ | |
| শেয়ার অধিহার | | ২০,০০০ |
| শিক্ষানবিশ সেলামি | | ৭,৪০০ |
| আয়কর ও আয়কর সঞ্চিতি | ১৫,০০০ | ৮,০০০ |
| সুনাম | ১,৪৫,০০০ | |
| মজুদ পণ্য (১-১-২০২০) | ১১,০০০ | |
| পণ্য ক্রয় ও বিক্রয় | ২,১০,০০০ | ৩,৮০,০০০ |
| ক্রয় পরিবহন | ১২,০০০ | |
| মজুরি | ১৫,০০০ | |
| বেতন | ১৮,০০০ | |
| অফিস খরচাবলি | ৮,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৬২,০০০ | ১২,৬০০ |
| শেয়ার হস্তান্তর ফি | | ১৪,০০০ |
| রক্ষিত আয় (১-১-২০২০) | | ২৪,০০০ |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ২০,০০০ | |
| সাধারণ সঞ্চিতি | | ২০,০০০ |
| অগ্রিম বিজ্ঞাপন | ৪০,০০০ | |
| | ৯,৮৬,০০০ | ৯,৮৬,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ পণ্য ৩৬,০০০ টাকায় মূল্যায়ন হয়; (২) অগ্রিম বিজ্ঞাপনের ১০,০০০ টাকা অতিবাহিত হয়েছে; (৩) প্রাপ্য হিসাবের ৫,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ৫% অনাদায়ি পাওনা সঞ্চিতি রাখতে হবে; (৪) অফিস সরঞ্জামের ৫% অবচয় ধার্য কর;(৫) সাধারণ সঞ্চিতি তহবিলে ২০,০০০ স্থানান্তর কর; (৬) পরিশোধিত শেয়ার মূলধনের আরও ৫% লভ্যাংশ ঘোষণা করতে হবে।

ক. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২

খ. বিশদ আয়-বিবরণী প্রস্তুত কর। ৪

গ. সংরক্ষিত আয়ের ৩১ ডিসেম্বর তারিখে জের ৮৩,৫৫০ টাকা ধরে শেয়ারহোল্ডারদের স্বত্ব ও মোট দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▸ ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে যমুনা লিমিটেডের রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো :

**যমুনা লিমিটেড রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২০ তারিখের

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| কলকব্জা ও যন্ত্রপাতি | ২,০০,০০০ | |
| আসবাবপত্র | ১২,০০০ | |
| মজুদ পণ্য (১-১-২০২০) | ২৬,০০০ | |
| শেয়ার মূলধন | | ২,২০,০০০ |
| সংরক্ষিত আয় (১-১-২০২০) | | ৩০,০০০ |
| পণ্য ক্রয় ও বিক্রয় | ১,০০,০০০ | ১,৭৮,৪০০ |
| দালানকোঠা | ৫০,০০০ | |
| বেতন | ১০,৪০০ | |
| বিজ্ঞাপন | ১০,১৬০ | |
| বহিঃপরিবহন | ১,৪৪০ | |
| প্রাপ্য হিসাব | ২২,৪০০ | |
| প্রদেয় হিসাব | | ১৩,৬০০ |
| মজুরি | ৮,০০০ | |
| ভাড়া | ২,৮৮০ | |
| বাট্টা | ৪০০ | ৮০০ |
| অনাদায়ি পাওনা সঞ্চিতি | | ৮৮০ |
| | ৪,৪৩,৬৮০ | ৪,৪৩,৬৮০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ পণ্য ৪০,০০০ টাকা; (২) কলকব্জা ও যন্ত্রপাতির ৫% অবচয় ধরতে হবে; (৩) বেতন ২,৪০০ টাকা ও মজুরি ৩,২০০ টাকা বকেয়া রয়েছে এবং ভাড়া ৩০০ টাকা অগ্রিম প্রদত্ত হয়েছে; (৪) বিজ্ঞাপন দুই বছরের জন্য প্রদত্ত হয়েছে; (৫) প্রাপ্য হিসাবের ৫% অনাদায়ি পাওনা সঞ্চিতি ধরতে হবে।

ক. অনাদায়ি পাওনা বাবদ খরচের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট লাভ ১,২০,০০০ টাকা ধরে একটি বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির মোট সম্পত্তির পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▸ ক, খ ও গ একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-লোকসান যথাক্রমে ৪ ঃ ৩ ঃ ১ অংশ অনুযায়ী বণ্টন করে নেয়। ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ২,৫০,০০০ টাকা, ২,০০,০০০ টাকা এবং ১,৫০,০০০ টাকা। মূলধন ও উত্তোলনের ওপর ৫% সুদ ধার্য করতে হবে। 'গ' সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য প্রতি বছর ৩৬,০০০ টাকা বেতন পাবে। 'খ' ব্যবসায়ে ১-৭-২০২০ তারিখে ৪০,০০০ টাকা ঋণ আনয়ন করে। অংশীদারগণ প্রত্যেকে কারবার থেকে প্রতি মাসের শুরুতে নগদ ২,০০০ টাকা করে উত্তোলন করেন।

উপরিউক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে ব্যবসায়ের লাভ ১,৮০,৫৫০ টাকায় উপনীত হয়।

ক. 'খ'-এর ঋণের সুদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব তৈরি কর। ৪

গ. 'ক' এবং 'গ'-এর মূলধন হিসাব তৈরি কর। ৪

৪ ▸ অরুন, বরুন ও কিরণ একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ১,৬০,০০০ টাকা, ১,০০,০০০ টাকা এবং ৬০,০০০ টাকা। তাদের চলতি হিসাবের উদ্বৃত্ত ছিল :

অরুন ২০,০০০ টাকা (ক্রেডিট)

বরুন ৮,০০০ টাকা (ডেবিট)

কিরণ ১২,০০০ টাকা (ক্রেডিট)

অংশীদারি চুক্তি অনুযায়ী তাদের মূলধন ও চলতি হিসাবের উদ্বৃত্তের ওপর ৫% সুদ ধার্য করতে হবে। জুলাই ১, ২০২০ তারিখে কিরণ ৩০,০০০ টাকা ঋণ

প্রদান করে। অরুন বার্ষিক বেতন বাবদ ১২,০০০ টাকা পাবে। ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে কারবারের নিট মুনাফা ছিল ৫০,৬০০ টাকা।

ক. অরুন ও কিরণের চলতি হিসাবের প্রারম্ভিক উদ্বৃত্তের ওপর সুদ নির্ণয় কর। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. অরুন ও বরুনের চলতি হিসাব প্রস্তুত কর। ৪

৫ ▸ আকাশ লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ২,০০,০০০ শেয়ারে বিভক্ত ২০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত। কোম্পানি এর ১,৬০,০০০ শেয়ার ৫ টাকা অধিহারে বাজারে বিক্রির জন্য ইস্যু করে। ১,৭৫,০০০ শেয়ারের জন্য আবেদন পাওয়া গেল। ইস্যুকৃত শেয়ারগুলো যথাসময়ে বিলি করা হলো এবং অতিরিক্ত আবেদনের অর্থ ফেরত দেয়া হলো।

ক. অতিরিক্ত আবেদনের অধিহারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানির হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪

গ. আকাশ লিমিটেডের আর্থিক অবস্থার বিবরণীর দায় ও মালিকানাস্বত্ব অংশ দেখাও। ৪

৬ ▸ পদ্মা লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত ১০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হলো। কোম্পানির ৮০,০০০ শেয়ার প্রতিটি ২ টাকা অবহারে বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করে। সর্বমোট ৯০,০০০ শেয়ারের জন্য আবেদন পাওয়া গেল। ৮০,০০০ শেয়ার যথারীতি বণ্টন করা হলো। অতিরিক্ত ১০,০০০ শেয়ারের টাকা আবেদনকারীকে ফেরত দেওয়া হলো।

ক. শেয়ার আবেদনে প্রাপ্ত অতিরিক্ত টাকার পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৭ ▸ নাহার এগ্রো. লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ২,০০,০০০ শেয়ার নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি ৫০,০০০ শেয়ার জনসাধারণের নিকট বিক্রয়ের জন্য ইস্যু করে। ৫৫,০০০ শেয়ারের আবেদন পাওয়া যায়। অতিরিক্ত আবেদনের অর্থ ফেরত দেয়া হয়। এছাড়া কোম্পানি ২০,০০০ শেয়ার সমমূল্যে ইস্যু করে বাহার লি. হতে একটি মেশিন ক্রয় করে। অবলেখকের দস্তুরি শেয়ার প্রতি ১.০০ টাকা এবং প্রতি শেয়ার ০.৫০ টাকা হারে ব্যাংক চার্জ ধার্য করা হয়।

ক. অবলেখকের দস্তুরি ও ব্যাংক চার্জের পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৮ ▸ ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের গোমতি লি.-এর আর্থিক অবস্থার বিবরণী নিম্নরূপ :

**গোমতি লি.-এর আর্থিক অবস্থার বিবরণী**

৩১ ডিসেম্বর, ২০২০ সালের

| শেয়ারহোল্ডার স্বত্ব ও দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ১,০০,০০০ | কলকব্জা | ১,৫০,০০০ |
| ১২% ঋণপত্র | ৮০,০০০ | মজুদ পণ্য | ৫০,০০০ |
| সংরক্ষিত আয় বিবরণীর জের | ৫০,০০০ | প্রাপ্য হিসাব | ৪০,০০০ |
| প্রদেয় হিসাব | ৩৫,০০০ | নগদ তহবিল | ৩০,০০০ |
| বকেয়া বেতন | ১৫,০০০ | অগ্রিম বিমা সেলামি | ১০,০০০ |
| | ২,৮০,০০০ | | ২,৮০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** নিট বিক্রয় ৩,০০,০০০ টাকা, মোট মুনাফা ৬০,০০০ টাকা, নিট মুনাফা ৩০,০০০ টাকা।

ক. চলতি মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. চলতি অনুপাত ও ত্বরিত অনুপাত নির্ণয় কর। ৪

গ. মোট মুনাফা অনুপাত ও নিট মুনাফা অনুপাত নির্ণয় কর। ৪

৯ ▸ স্টার কোম্পানি লি.-এর ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক অবস্থার বিবরণী নিম্নরূপ :

**স্টার কোম্পানি লি.**

**আর্থিক অবস্থার বিবরণী**

৩১ ডিসেম্বর ২০২০

| সম্পদসমূহ | টাকা |
|---|---|
| স্থায়ী সম্পদ | ১,৭৫,০০০ |
| চলতি (২০,০০০ টাকা মজুদ পণ্যসহ) | ৪৫,০০০ |
| | ২,২০,০০০ |
| **শেয়ারমালিকদের স্বত্ব ও দায়সমূহ :** | |
| শেয়ার মূলধন | ১,০০,০০০ |
| সঞ্চিতি তহবিল | ৬০,০০০ |
| সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত | ৪০,০০০ |
| প্রদেয় হিসাব | ২০,০০০ |
| | ২,২০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** নিট মুনাফার পরিমাণ ২৫,০০০ টাকা।

ক. বিনিয়োজিত মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. চলতি মূলধন অনুপাত ও ত্বরিত অনুপাত নির্ণয় কর। ৪

গ. দায়-মালিকানা অনুপাত ও বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত নির্ণয় কর। ৪

১০ ▸ আয়ান লি.- এর মজুদ বিভাগ নিম্নোক্ত তথ্য উপস্থাপন করেছে :

২০২০

জুন ১ জের ৫০০ একক, প্রতি একক ৮ টাকা দর।

" ৭ ক্রয় ৬০০ একক, প্রতি একক ১০ টাকা দর।

" ১৫ ইস্যু ৭০০ একক।

" ২০ ক্রয় ৩০০ একক, প্রতি একক ১২ টাকা দর।

" ৩০ ইস্যু ৫০০ একক।

৩০ জুন তারিখে কাঁচামালের মজুদ ১৫০ একক।

ক. কাঁচামালের ঘাটতি একক নির্ণয় কর। ২

খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. বিক্রয়ের পরিমাণ ১৫,০০০ টাকা ও অন্যান্য প্রত্যক্ষ খরচ ১,০০০ টাকা হলে মোট লাভের হার নির্ণয় কর। ৪

১১ ▸ একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানের হিসাব বই হতে নিম্নবর্ণিত লেনদেনসমূহ সংগৃহীত হয়েছে :

২০২০

জানু. ১ মজুদ মাল ৪০০ একক, প্রতি একক ১০ টাকা।

" ১০ কারখানায় পণ্য ইস্যু ৩০০ একক।

" ২০ পণ্য ক্রয় ৩৫০ একক, প্রতি একক ১১ টাকা।

" ২৪ কারখানায় পণ্য ইস্যু ৩২০ একক।

" ২৮ কারখানা থেকে পণ্য ফেরত ১২ একক।

" ২৯ পণ্য ক্রয় ২৫০ একক, প্রতি একক ১২ টাকা।

ক. মোট ক্রয়কৃত মালের পরিমাণ ও মূল্য নির্ণয় কর। ২

খ. ভারযুক্ত গড় পদ্ধতিতে ১, ২০, ২৪ ও ২৯ তারিখের লেনদেনের ভিত্তিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. FIFO পদ্ধতিতে বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

## ১৭ দিনাজপুর বোর্ড ২০২১

বিষয় কোড : 254

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট | **হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র • সৃজনশীল প্রশ্ন** | পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ মা সার্ভিস লিমিটেডের অনুমোদিত মূলধন ১০,০০,০০০ টাকা যা ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত। নিম্নে কোম্পানির রেওয়ামিল ও সমন্বয়সমূহ উপস্থাপন করা হলো :

**মা সার্ভিস লিমিটেড-এর রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২০ তারিখের

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| যন্ত্রপাতি | ১,০০,০০০ | |
| ব্যাংক জমা | ২,০০,০০০ | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ১০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৩,০০,০০০ | |
| সঞ্চিতি তহবিল | | ১০,০০০ |
| বিনিয়োগ | ১,৫০,০০০ | |
| সংরক্ষিত আয় (১-১-২০২০) | | ১,৮০,০০০ |
| প্রদেয় হিসাব | | ৭০,০০০ |
| বেতন | ৮০,০০০ | |
| সেবা আয় | | ৮,০০,০০০ |
| সাপ্লাইজ | ২০,০০০ | |
| ব্যাংক ঋণ | | ১,৫০,০০০ |
| অগ্রিম বিমা | ৩০,০০০ | |
| শেয়ার মূলধন | | ৫,০০,০০০ |
| অফিস সরঞ্জাম | ৭,০০,০০০ | |
| বিজ্ঞাপন খরচ | ১,২০,০০০ | |
| | ১৭,১০,০০০ | ১৭,১০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (i) চলতি বছরে সাপ্লাইজ বাবদ খরচ হয়েছে ১৫,০০০ টাকা; (ii) অগ্রিম বিমার ১৫,০০০ টাকার মেয়াদ উত্তীর্ণ হয়েছে; (iii) বিনিয়োগের সুদ অনাদায়ি আছে ৫,০০০ টাকা; (iv) অফিস সরঞ্জামের ওপর ১০% হারে অবচয় ধার্য করতে হবে; (v) শেয়ার প্রতি ২ টাকা করে লভ্যাংশ ঘোষণা করতে হবে।

ক. লভ্যাংশের হার নির্ণয় কর। ২
খ. মা সার্ভিস লিমিটেডের বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখে মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▸ আসমা কোম্পানি লিমিটেডের অনুমোদিত মূলধন ৩০,০০,০০০ টাকা, যা প্রতিটি ১০ টাকা মূল্যের ৩,০০,০০০ শেয়ারে বিভক্ত। ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ :

**আসমা কোম্পানি লিমিটেড-এর রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২০ তারিখের

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| শেয়ার মূলধন | | ১৫,০০,০০০ |
| আসবাবপত্র | ১০,০০,০০০ | |
| কলকব্জা (১-৭-২০২০ নতুন কলকব্জা ক্রয় ১,০০,০০০) | ৮,০০,০০০ | |
| আয়কর | ৩০,০০০ | |
| মজুরি | ১,০০,০০০ | |
| বেতন | ৫০,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১,০০,০০০ | |
| ক্রয় | ৫,০০,০০০ | |
| ভাড়া | ৬০,০০০ | |
| প্রদেয় হিসাব | | ৭২,০০০ |
| কু-ঋণ | ৭,০০০ | |
| আমদানি শুল্ক | ১০,০০০ | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ২৫,০০০ | |
| বিক্রয় | | ৮,০০,০০০ |
| ৬% ঋণপত্র (১ জুলাই, ২০২০) | | ১,০০,০০০ |
| কু-ঋণ সঞ্চিতি | | ১০,০০০ |
| সংরক্ষিত আয় (১-১-২০২০) | | ২,৭০,০০০ |
| | ২৬,৮২,০০০ | ২৬,৮২,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (i) সমাপনী মজুদ পণ্য ২,০০,০০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে। পণ্য বিক্রয় ২০,০০০ টাকা যা সমাপনী মজুদের মধ্যে অন্তর্ভুক্ত আছে কিন্তু ক্রেতার নিকট এখনও সরবরাহ করা হয়নি; (ii) মজুরির মধ্যে নতুন কলকব্জার সংস্থাপন ব্যয় ১৫,০০০ টাকা অন্তর্ভুক্ত আছে; (iii) বেতন বকেয়া ৪,০০০ টাকা; (iv) কলকব্জার ওপর ১০% অবচয় ধার্য করতে হবে।

ক. কলকব্জার অবচয় নির্ণয় কর। ২
খ. আয় বিবরণীর মাধ্যমে মোট লাভ বা মোট ক্ষতি নির্ণয় কর। ৪
গ. আর্থিক অবস্থার বিবরণী দায় পার্শ্ব ছক আকারে প্রদর্শন কর (সংরক্ষিত আয় বিবরণীর সমাপনী উদ্বৃত্ত ২,৩০,০০০ টাকা ধরে)। ৪

### খ বিভাগ

৩ ▸ রহিম, করিম ও মুরাদ একটি ব্যবসায় প্রতিষ্ঠানের তিনজন অংশীদার। তাদের লাভ-লোকসান বণ্টনের অনুপাত যথাক্রমে ৩ ঃ ২ ঃ ১। ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন হিসাবের উদ্বৃত্ত ছিল যথাক্রমে ৫,০০,০০০ টাকা, ৬,০০,০০০ টাকা ও ৪,০০,০০০ টাকা। চুক্তির শর্তানুসারে অংশীদারগণের মূলধনের ওপর ১০% এবং নগদ উত্তোলনের ওপর ৫% হারে সুদ ধার্য হবে। মুরাদ ব্যবসায় হতে মাসিক ১০,০০০ টাকা করে বেতন পায়। প্রত্যেক অংশীদার প্রতি মাসে ৫,০০০ টাকা করে নগদ উত্তোলন করে। রহিম ৬% সুদে ১-৭-২০২০ তারিখে কারবারকে ঋণ প্রদান করে ৫০,০০০ টাকা। উপর্যুক্ত সমন্বয়সমূহ সাধনের পূর্বে কারবারের নিট মুনাফা ৫,০০,০০০ টাকা ছিল।

ক. মুরাদের মূলধনের সুদ নির্ণয় কর। ২
খ. অংশীদারগণের উত্তোলনের সুদ ও ঋণের সুদ নির্ণয় কর। ৪
গ. রহিম ও মুরাদের মূলধন হিসাব প্রস্তুত কর (রহিম ও মুরাদের মুনাফার অংশ ১,১৬,৫০০ ও ৩৮,৮৩৩ টাকা ধরে)। ৪

৪ ▸ A, B ও C একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ১,০০,০০০ টাকা, ১,৫০,০০০ টাকা এবং ২,০০,০০০ টাকা এবং চলতি হিসাবের উদ্বৃত্ত ছিল A ২০,০০০ টাকা (ক্রেডিট), B ৩০,০০০ টাকা (ক্রেডিট) ও C ৪০,০০০ টাকা (ক্রেডিট) অংশীদারি চুক্তি অনুযায়ী মূলধন হিসাবের ওপর ৫% হারে সুদ ধার্য করতে হবে। ১ জুলাই ২০২০ তারিখে A কারবারকে ৫০,০০০ টাকা ঋণ

প্রদান করে। B বেতন বাবদ মোট ৫,০০০ টাকা পাবে। ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে সমাপ্ত বছরের কারবারের নিট মুনাফা ছিল ৪৮,০০০ টাকা।

ক. অংশীদারগণের মূলধনের সুদ নির্ণয় কর। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. অংশীদারগণের চলতি হিসাব প্রস্তুত কর। ৪

**৫** ▸ আবুল, বাবুল ও কাবুল একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তাদের লাভ-লোকসান বণ্টনের অনুপাত সমান। ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে মূলধন হিসাবের উদ্বৃত্ত ছিল : যথাক্রমে ২,০০,০০০ টাকা, ৩,০০,০০০ টাকা এবং ২,০০,০০০ টাকা। আবুল ও কাবুল মাসিক ৫,০০০ টাকা ও ৩,০০০ টাকা বেতন প্রাপ্ত হবেন। মূলধন ও উত্তোলনের ওপর ৫% হারে সুদ ধার্য করতে হবে। প্রত্যেক মাসের শেষ তারিখে আবুল, বাবুল ও কাবুল যথাক্রমে ৪,০০০ টাকা, ৫,০০০ টাকা ও ৬,০০০ টাকা কারবার হতে নগদ উত্তোলন করেছিলেন। আবুল ২০২০ সালের ১ জুলাই ৫০,০০০ টাকা কারবারকে ঋণস্বরূপ প্রদান করে। উপর্যুক্ত সমন্বয়গুলো সাধনের পূর্বে ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য ব্যবসায়ের নিট লাভ ৩,০০,০০০ টাকায় উপনীত হয়।

ক. আবুলের ঋণের সুদ গণনা কর। ২

খ. লাভ-লোকসান বণ্টন হিসাব তৈরি কর। ৪

গ. আবুল ও কাবুলের মূলধন হিসাব তৈরি। ৪

**৬** ▸ আবরার লিমিটেডের ২০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন যার প্রতিটি শেয়ার ১০ টাকা অভিহিত মূল্যে নিবন্ধিত। কোম্পানি ১,০০,০০০ শেয়ার ২০% অধিহারে জনসাধারণের নিকট বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করে। কোম্পানি ৩০% অতিরিক্ত আবেদন পায়। ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি বণ্টন করা হলো এবং অতিরিক্ত আবেদনের অর্থ ফেরত প্রদান করা হলো।

ক. অতিরিক্ত আবেদনের টাকার পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. আবরার লিমিটেডের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

**৭** ▸ আনান লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ৫,০০,০০০ শেয়ারে বিভক্ত অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি ১,০০,০০০ শেয়ার মেশিনারিজ ক্রয়ের জন্য স্কাই লি. কে ইস্যু করে। অবশিষ্ট শেয়ারের ৫০% শেয়ার জনসাধারণের জন্য অবহিত মূল্যে ইস্যু করে। কোম্পানি ইস্যুকৃত শেয়ার যথারীতি বণ্টন করে।

ক. ইস্যুকৃত শেয়ারের সংখ্যা ও টাকার পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

**৮** ▸ নাফিসা লি.-এর ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক অবস্থার বিবরণীর তথ্যসমূহ নিম্নরূপ :

| বিবরণী | টাকা | বিবরণী | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ২,০০,০০০ | আসবাবপত্র | ৫০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ৫০,০০০ | সমাপনী মজুদ | ৩৩,০০০ |
| সংরক্ষিত আয় | ৩০,০০০ | প্রাপ্য হিসাব | ২৫,০০০ |
| ১০% ঋণপত্র | ১,২৫,০০০ | নগদ তহবিল | ২০,০০০ |
| প্রদেয় হিসাব | ২৫,০০০ | ব্যাংক জমা | ৫০,০০০ |
| সুনাম | ২,০০,০০০ | | |
| দালানকোঠা | ৫,০০,০০০ | | |
| যন্ত্রপাতি | ৮০,০০০ | | |

**অন্যান্য তথ্যাবলি :** (i) প্রারম্ভিক মজুদ পণ্য ৩০,০০০ টাকা; (ii) নিট বিক্রয় ৫,০০,০০০ টাকা; (iii) বিক্রয়ের ওপর মোট লাভের হার ২০%।

ক. মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ২

খ. চলতি অনুপাত ও তৃরিত অনুপাত নির্ণয় কর। ৪

গ. কার্যকরী মূলধন অনুপাত ও দায়-মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

**৯** ▸ নাসির কোম্পানি লিমিটেডের আর্থিক অবস্থার বিবরণী নিম্নরূপ :

| সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|
| ভূমি ও দালানকোঠা | ১৫,০০,০০০ |
| আসবাবপত্র | ৫,০০,০০০ |
| সরঞ্জাম | ২,০০,০০০ |
| বিনিয়োগ | ৫,০০,০০০ |
| মজুদ পণ্য | ২,৫০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৩,০০,০০০ |
| নগদ | ১,০০,০০০ |
| | ৩৩,৫০,০০০ |
| **মূলধন ও দায় :** | |
| শেয়ার মূলধন | ১৫,০০,০০০ |
| সংরক্ষিত আয় | ৫,০০,০০০ |
| ঋণপত্র | ৫,০০,০০০ |
| প্রদেয় হিসাব | ৪,০০,০০০ |
| বকেয়া ব্যয়সমূহ | ৪,৫০,০০০ |
| | ৩৩,৫০,০০০ |

চলতি বছরের বিক্রয় ২৫,০০,০০০ টাকা।
বিক্রীত পণ্যের ব্যয় ১৫,০০,০০০ টাকা।
পরিচালন ব্যয় ৫,০০,০০০ টাকা।
প্রারম্ভিক মজুদ পণ্য ৩,৫০,০০০ টাকা।

ক. কার্যকরী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানির চলতি অনুপাত এবং তারল্য অনুপাত নির্ণয় কর। ৪

গ. কোম্পানির মোট লাভ অনুপাত এবং নিট লাভ অনুপাত নির্ণয় কর। ৪

**১০** ▸ পদ্মা কোম্পানি লি.-এর গুদামের তথ্যাবলি নিম্নে উপস্থাপন করা হলো :
২০২০

জানু. ১ প্রারম্ভিক মজুদ ৫০০ একক, প্রতি একক ২০০ টাকা দরে।
" ১০ ক্রয় ৫০০ একক, প্রতি একক ২২০ টাকা দরে।
" ১৫ কারখানায় ইস্যু ৬০০ একক।
" ২০ কারখানায় ইস্যু ২০০ একক।
" ২৫ ক্রয় ৪০০ একক, প্রতি একক ২১০ টাকা দরে।
" ২৮ কারখানায় ইস্যু ৩০০ একক।

ক. নিট ক্রয়কৃত মালের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপরিউক্ত লেনদেনগুলোকে ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. উপরিউক্ত লেনদেনগুলোকে FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

**১১** ▸ ২০২০ সালের মার্চ মাসে মৌমিতা লি.-এর পণ্য ক্রয় ও ইস্যুসংক্রান্ত তথ্য নিম্নে প্রদান করা হলো :

মার্চ ১ প্রারম্ভিক মজুদ ৩০০ একক, প্রতি একক ১০ টাকা দরে।
" ২ ক্রয় ৩০০ একক, প্রতি একক ১১ টাকা দরে।
" ৩ ইস্যু ৪০০ একক।
" ৭ ইস্যু ১০০ একক।
" ১০ ক্রয় ৪০০ একক, প্রতি একক ১২ টাকা দরে।
" ২৫ ইস্যু ২০০ একক।

ক. সমাপনী মজুদ পণ্যের একক নির্ণয় কর। ২

খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

## ১৮ ময়মনসিংহ বোর্ড ২০২১

বিষয় কোড : 2 5 4

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▶ জাগ্রত লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ৩,০০,০০০ টি সাধারণ শেয়ারে নিবন্ধিত হয়। ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিল প্রদত্ত হলো :

**জাগ্রত লি.**
**এর রেওয়ামিল**

ডেবিট ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখের ক্রেডিট

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| ক্রয় | ৫,০০,০০০ | শেয়ার মূলধন | |
| প্রারম্ভিক মজুদ | ১০,০০,০০০ | (প্রতিটি ১০ টাকা মূল্যের | |
| মজুরি ও বেতন | ৩০,০০০ | ২,০০,০০০ শেয়ার) | ২০,০০,০০০ |
| বিজ্ঞাপন | ৫০,০০০ | উপভাড়া (১০ মাসের) | ৬০,০০০ |
| আন্তঃপরিবহন | ৮,০০০ | পাওনাদার | ৩০,০০০ |
| বহিঃপরিবহন | ৭,০০০ | বিক্রয় | ১২,০০,০০০ |
| দেনাদার | ২,০৫,০০০ | শেয়ার অধিহার | ১০,০০০ |
| হাতে নগদ | ১৫,০০,০০০ | | |
| | ৩৩,০০,০০০ | | ৩৩,০০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ পণ্য ৪,০০,০০০ টাকা যার বাজার মূল্য ৪,২০,০০০ টাকা; (২) মজুরি ও বেতন ৪,০০০ টাকা বকেয়া রয়েছে; (৩) বিজ্ঞাপনের অর্ধাংশ বিলম্বিত করতে হবে।

ক. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২

খ. মোট লাভ ৫৮,০০০ টাকা ধরে নিট লাভ নির্ণয় কর। ৪

গ. সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত ৯৮,০০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

২ ▶ চন্দ্রদীপ লি.-এর ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের রেওয়ামিলটি নিম্নরূপ। কোম্পানির অনুমোদিত মূলধন ২,০০,০০০ টাকা যা প্রতিটি ১০ টাকা মূল্যের ২০,০০০ শেয়ারে বিভক্ত :

**চন্দ্রদীপ লি.**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২০ তারিখের

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৪০,০০০ | |
■ **উদ্দীপকটি পড় এবং পরবর্তী তিনটি প্রশ্নের উত্তর দাও :**
তাকিব লি.-এর আর্থিক তথ্যাবলি নিম্নরূপ :
বিক্রয় ৪,০০,০০০ টাকা, বিক্রীত পণ্যের ব্যয় ১,৬০,০০০ টাকা, বিক্রয় ও বিপণন খরচ ৪০,০০০ টাকা, অফিস খরচ ৪০,০০০ টাকা, আয়করের হার ৫০%।

**৬. করপূর্ব নিট মুনাফা নির্ণয়ের সূত্র কোনটি?**
K বিক্রয়– বিক্রীত পণ্যের ব্যয় – অফিস খরচ – বিক্রয় ও বিপণন খরচ
L বিক্রয়– বিক্রীত পণ্যের ব্যয় – অফিস খরচ – আয়কর
M মোট লাভ – অফিস খরচ – আয়কর
N মোট লাভ – বিক্রীত পণ্যের ব্যয়

**৭. কোম্পানির মোট লাভের পরিমাণ কত টাকা?**
K ২,৪০,০০০ L ১,৮০,০০০
M ১,৬০,০০০ N ৮০,০০০

**৮. করবাদ নিট মুনাফার পরিমাণ কত টাকা?**
K ২,৪০,০০০ L ২,০০,০০০
M ১,৬০,০০০ N ৮০,০০০

**৯. শেয়ার অধিহারকে অন্য কী নামে অভিহিত করা যায়?**
K মূলধনজাতীয় ব্যয় L মুনাফাজাতীয় আয়
M অতিরিক্ত পরিশোধিত মূলধন
N কার্যকরী মূলধন

**১০. কোনটি হাইব্রিড সিকিউরিটি?**
K সাধারণ শেয়ার L অগ্রাধিকার শেয়ার
M ঋণপত্র N বোনাস শেয়ার

**১১. বিক্রয় খরচ ও প্রশাসনিক খরচের সংমিশ্রণকে কী বলা হয়?**
K সাধারণ খরচ L অন্যান্য খরচ
M পরিচালন খরচ N মোট খরচ

**১২. অবলেখককে অভিহিত মূল্যে শেয়ার ইস্যু করা হলে জাবেদা দাখিলা হবে—**
i. প্রাথমিক খরচ ডেবিট
শেয়ার মূলধন ক্রেডিট
ii. সংগঠন খরচ ডেবিট
শেয়ার মূলধন ক্রেডিট
iii. কমিশন ডেবিট
শেয়ার মূলধন ক্রেডিট
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii
*[বি.দ্র : সঠিক উত্তর : iii]

**১৩. সমমূল্যের শেয়ারের বিনিময়ে সম্পত্তি ক্রয় করার জাবেদা কোনটি?**
K সম্পত্তি হিসাব ডেবিট
শেয়ার মূলধন হিসাব ক্রেডিট
L সম্পত্তি হিসাব ডেবিট
সরবরাহকারী হিসাব ক্রেডিট
M শেয়ার আবেদনকারী হিসাব ডেবিট
শেয়ার মূলধন হিসাব ক্রেডিট
N শেয়ার মূলধন হিসাব ডেবিট
সরবরাহকারী হিসাব ক্রেডিট

**১৪. শেয়ার মূলধন, সঞ্চিতি ও উদ্বৃত্ত-এই দুটি দফা যৌথমূলধনী কোম্পানির কোন আর্থিক বিবরণীর সাথে সম্পর্কিত?**
K বিশদ আয় বিবরণী L মালিকানাস্বত্ব বিবরণী
M নগদ প্রবাহ বিবরণী N সংরক্ষিত আয় বিবরণী

**১৫. অর্থনৈতিক মূল্য নেই এরূপ অস্পর্শনীয় সম্পদ কোনটি?**
K পেটেন্ট L ট্রেডমার্ক
M শেয়ার অবহার N সুনাম

**১৬. শেয়ারপ্রতি আয় (EPS) কীভাবে নির্ণয় করা যায়?**
K $\frac{\text{নিট মুনাফা}}{\text{সাধারণ শেয়ার সংখ্যা + অগ্রাধিকার শেয়ার সংখ্যা}}$
L $\frac{\text{নিট মুনাফা – অগ্রাধিকার লভ্যাংশ}}{\text{সাধারণ শেয়ার সংখ্যা}}$
M $\frac{\text{নিট মুনাফা – অগ্রাধিকার লভ্যাংশ}}{\text{অগ্রাধিকার শেয়ার সংখ্যা}}$
N $\frac{\text{নিট মুনাফা – অগ্রাধিকার শেয়ার সংখ্যা}}{\text{সাধারণ শেয়ার সংখ্যা}}$

**১৭. দায় মালিকানা অনুপাত কী নির্দেশ করে?**
K মুনাফা অর্জন দক্ষতার মাত্রা
L কার্যকলাপের মাত্রা
M তারল্যের মাত্রা N সচ্ছলতার মাত্রা

**১৮. পণ্যের মূল্যের ক্রমাবনতি হতে থাকলে নিম্নের কোন পদ্ধতিতে মজুদ পণ্যের হিসাবরক্ষণ করা উচিত?**
K লাইফো L ফাইফো
M সাধারণ গড় N ভারযুক্ত গড়

**১৯. "প্রারম্ভিক মজুদ + ক্রয় – ইস্যু – সমাপনী মজুদ" – এই সমীকরণের মাধ্যমে কী নির্ণয় করা যায়?**
K সরবরাহকারীকে প্রদত্ত ফরমায়েশের পরিমাণ
L বিক্রয় একক
M নিরাপত্তা মজুদ N ঝাড়তি মজুদ
*[বি.দ্র : সঠিক উত্তর : ঘাটতি মজুদ]

■ **উদ্দীপকটি পড় এবং পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও :**
আবদুল্লা লি. জুন ১০, ১৫ ও ১৮ তারিখে যথাক্রমে ১০ টাকা হারে ২০০ একক, ১১ টাকা হারে ২৫০ একক এবং ১২ টাকা হারে ৩০০ একক কাঁচামাল ক্রয় করে।

**২০. "আগের মাল আগে যাবে" পদ্ধতিতে জুন ২০ তারিখে ১০০ একক মাল ইস্যু করা হলে তার মোট মূল্য কত টাকা হবে?**
K ১,০০০ L ১,১০০ M ১,১৫০ N ১,২০০

**২১. ভারযুক্ত গড় পদ্ধতিতে জুন ৩০ তারিখে এককপ্রতি মজুদ পণ্যের মূল্য কত হবে?**
K ১০ টাকা L ১০.৫০ টাকা
M ১১ টাকা N ১১.১৩ টাকা

**২২. সমাপনী মজুদ পণ্যের মূল্য বেশি দেখানো হলে—**
i. নিট মুনাফা বাড়ে ii. বিক্রীত পণ্যের ব্যয় কমে
iii. আয়করের পরিমাণ বাড়ে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২৩. নিত্য মজুদ পদ্ধতিতে 'ক্রয় ফেরত'-এর জাবেদা কোনটি?**
K পাওনাদার হিসাব ডেবিট
ক্রয় ফেরত হিসাব ক্রেডিট
L পাওনাদার হিসাব ডেবিট
মজুদ পণ্য হিসাব ক্রেডিট
M ক্রয় হিসাব ডেবিট
ক্রয় ফেরত হিসাব ক্রেডিট
N ক্রয় হিসাব ডেবিট
মজুদ পণ্য হিসাব ক্রেডিট

**২৪. অংশীদারি ব্যবসায়ে যে হিসাবের মাধ্যমে বাদ পড়া বিষয় ও ভুলসমূহ সমন্বয়সাধন করা হয় তাকে কী বলে?**
K লাভ-লোকসান হিসাব
L লাভ-লোকসান সমন্বয় হিসাব
M চলতি হিসাব N মূলধন হিসাব

**২৫. অংশীদারি ব্যবসায়ে একজন সীমাবদ্ধ অংশীদার নিচের কোনটি করতে পারে না?**
K মুনাফা বণ্টনে অংশ নিতে
L ব্যবসায়ের হিসাব পরীক্ষা করতে
M ব্যবসায় পরিচালনায় অংশ নিতে
N নিজস্ব মূলধন ফেরত নিতে

■ **উদ্দীপকটি পড় এবং পরবর্তী চারটি প্রশ্নের উত্তর দাও :**
মিল্কী, মিল্টন ও হোসাইন যথাক্রমে ৫,০০,০০০ টাকা, ৩,০০,০০০ টাকা এবং ৪,০০,০০০ টাকা মূলধন নিয়ে ব্যবসায় আরম্ভ করল। মিল্টন কারবার পরিচালনার জন্য মাসিক ১০,০০০ টাকা বেতন পাবে। চুক্তি অনুযায়ী মূলধনের ওপর ১০% হারে সুদ ধরতে হবে। উপরিউক্ত বিষয় সমন্বয়ের পূর্বে হিসাব বছর শেষে কারবারের নিট মুনাফার পরিমাণ ছিল ৪,০৫,০০০ টাকা।

**২৬. চুক্তির অবর্তমানে মুনাফা কীভাবে বণ্টিত হবে?**
K মূলধন অনুপাতে L সমান হারে
M সক্রিয় অংশীদারদের সিদ্ধান্ত অনুযায়ী
N আলোচনা সাপেক্ষে

**২৭. অংশীদারদের মূলধনের সুদের সমষ্টি কত টাকা?**
K ৩০,০০০ L ৪০,০০০
M ৫০,০০০ N ১,২০,০০০

**২৮. উক্ত কারবারের বণ্টনযোগ্য মুনাফা কত টাকা?**
K ১,২৫,০০০ L ১,৫৫,০০০
M ১,৬৫,০০০ N ২,৮৫,০০০

**২৯. উক্ত ব্যবসায় হতে মিল্কীর মুনাফার পরিমাণ কত?**
K ৫৫,০০০ টাকা L ৮৫,০০০ টাকা
M ৯৫,০০০ টাকা N ১,৩৫,০০০ টাকা

**৩০. যে প্রতিষ্ঠান কমিশনের বিনিময়ে কোনো পাবলিক লিমিটেড কোম্পানির সমস্ত বা আংশিক শেয়ার বিক্রি করে দেয়ার নিশ্চয়তা প্রদান করে তাকে কী বলে?**
K সিকিউরিটি এন্ড এক্সচেঞ্জ কমিশন
L স্টক এক্সচেঞ্জ
M স্টক ব্রোকার N অবলেখক

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | M | ৩ | K | ৪ | N | ৫ | M | ৬ | K | ৭ | K | ৮ | N | ৯ | M | ১০ | L | ১১ | M | ১২ | * | ১৩ | K | ১৪ | L | ১৫ | M |
| ১৬ | L | ১৭ | N | ১৮ | L | ১৯ | * | ২০ | K | ২১ | N | ২২ | N | ২৩ | L | ২৪ | L | ২৫ | M | ২৬ | L | ২৭ | N | ২৮ | M | ২৯ | K | ৩০ | N |

# ৩৫ দিনাজপুর বোর্ড ২০২১

বিষয় কোড : 2 5 4

সময়—৩০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. অংশীদারদের চলতি হিসাব পৃথকভাবে সংরক্ষণ করার কারণ—**
i. বিনিয়োগকৃত মূলধনের পরিমাণ জানা যায়
ii. লাভ-ক্ষতি নির্ণয় ও বণ্টন সহজ হয়
iii. চলতি দেনা-পাওনা সম্পর্কে স্বচ্ছ ধারণা পাওয়া যায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২. কী কারণে ব্যবসায় প্রতিষ্ঠানে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করা হয়?**
K এর মাধ্যমে ব্যবসায়ের প্রকৃত আর্থিক অবস্থা জানা যায়
L এর মাধ্যমে কেবল ব্যবসায়ের সম্পদের পরিমাণ জানা যায়
M এর মাধ্যমে ব্যবসায়ের মোট লাভ জানা যায়
N এর মাধ্যমে ব্যবসায়ের নিট লাভের পরিমাণ জানা যায়

**৩. কোনটি কোম্পানির মূল সনদ?**
K শেয়ার L ঋণপত্র
M স্মারকলিপি N নিবন্ধনপত্র

**৪. আজমল তার ব্যবসায়ের আর্থিক অবস্থার সচ্ছলতা বজায় রাখার জন্য প্রতিটি হিসাবকাল শেষে আর্থিক বিবরণী প্রস্তুত করেন। কিন্তু কিছু কারণে তার প্রতিষ্ঠানটি কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জন করতে পারছে না। এক্ষেত্রে তার কী পদক্ষেপ নেওয়া উচিত?**
K আর্থিক চিত্র উপস্থাপন করা
L তথ্য সরবরাহ করা
M আয়-ব্যয় বিশ্লেষণ করা
N আর্থিক বিবরণী বিশ্লেষণ করা

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
মিতালী লি. ২০২০ সালের জানুয়ারি ১ তারিখে ১০ টাকা মূল্যের ২,৫০,০০০ শেয়ারে নিবন্ধিত হয়। কোম্পানি প্রতি শেয়ার ১০% অবহারে ১,৫০,০০০ শেয়ার জনসাধারণের নিকট বিক্রয়ের জন্য প্রচারপত্র বিলি করেন। ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি বণ্টন করা হলো।

**৫. শেয়ার অবহারের পরিমাণ কত?**
K ৪,০০,০০০ টাকা L ২,৫০,০০০ টাকা
M ১,৫০,০০০ টাকা N ১,০০,০০০ টাকা

**৬. শেয়ার অবহারের ফলে কোম্পানির—**
i. চলতি সম্পদ হ্রাস পাবে
ii. মূলধনীয় ক্ষতি বৃদ্ধি পাবে
iii. মালিকানাস্বত্ব প্রভাবিত হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৭. অংশীদারি ব্যবসায় কোন ব্যবসায়ের অনুরূপ?**
K সমবায় L রাষ্ট্রীয়
M একমালিকানা N কোম্পানি

**৮. একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানের সর্বাধিক তরল সম্পদ কোনটি?**
K নগদ উদ্বৃত্ত L প্রাপ্য হিসাব
M প্রাপ্য নোটস N মজুদ পণ্য

**৯. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয়ের সূত্র কোনটি?**
K প্রারম্ভিক মজুদ + নিট ক্রয় + প্রত্যক্ষ খরচ – সমাপনী মজুদ
L প্রারম্ভিক মজুদ + নিট ক্রয় – প্রত্যক্ষ খরচ – সমাপনী মজুদ
M প্রারম্ভিক মজুদ + নিট ক্রয় – সমাপনী মজুদ
N প্রারম্ভিক মজুদ – নিট ক্রয় – প্রত্যক্ষ খরচ + সমাপনী মজুদ

**১০. প্রারম্ভিক মজুদ পণ্য ১২,৫০০ টাকা, ক্রয় ৭৫,০০০ টাকা, বিক্রীত পণ্যের ব্যয় ৮৫,০০০ টাকা এবং মোট লাভ ২০,০০০ টাকা হলে বিক্রয়ের পরিমাণ কত?**
K ১,০৫,০০০ টাকা L ৯৭,৫০০ টাকা
M ৯৫,০০০ টাকা N ৮৭,৫০০ টাকা

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
মারিয়া লি. এর ২০২০ সালের প্রারম্ভিক মজুদ পণ্য ৫০,০০০ টাকা, বিক্রয় ৪,৬০,০০০ টাকা ও সমাপনী মজুদ পণ্য ৪০,০০০ টাকা। প্রতিষ্ঠান সর্বদা ক্রয়মূল্যের ওপর ২৫% মুনাফা ধরে বিক্রয় করা হয়।

**১১. মারিয়া লি. এর ২০২০ সালে বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ কত?**
K ৪,৭০,০০০ টাকা L ৪,৫০,০০০ টাকা
M ৩,৬৮,০০০ টাকা N ৩,৪৫,০০০ টাকা

**১২. অন্যান্য বিষয় অপরিবর্তিত রেখে বিক্রয়ের ওপর মোট মুনাফার হার ৩০% হলে তার প্রভাবে—**
i. বিক্রীত পণ্যের ব্যয় হ্রাস পাবে
ii. মোট লাভের পরিমাণ বৃদ্ধি পাবে
iii. ক্রয়ের ওপর কোনো প্রভাব পড়বে না
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৩. আশা ও নিশা একটি অংশীদারি কারবারের দুইজন অংশীদার। তাদের প্রারম্ভিক মূলধন যথাক্রমে ১,৫০,০০০ টাকা ও ১,০০,০০০ টাকা। তারা মূলধনের ওপর ১০% সুদ ধার্য করে। আশা কারবার পরিচালনায় অংশগ্রহণ করে না। আশা কী ধরনের অংশীদার?**
K নামমাত্র অংশীদার L নিষ্ক্রিয় অংশীদার
M সাধারণ অংশীদার N প্রতিবন্ধ অংশীদার

**১৪. নিচের কোনটি প্রাইভেট লিমিটেড কোম্পানির বৈশিষ্ট্য?**
K বিবরণপত্র তৈরি ও প্রচার করা
L নিবন্ধনপত্র পাওয়ার পরই কাজ শুরু করতে পারে
M আইনগত কড়াকড়ির মাত্রা বেশি থাকে
N কোম্পানির শেয়ার অবাধে হস্তান্তরযোগ্য

**১৫. ব্যবসায় প্রতিষ্ঠানের স্বাভাবিক ক্রয়-বিক্রয় প্রক্রিয়ায় যে পরিমাণ বিক্রয়যোগ্য পণ্য একটি নির্দিষ্ট তারিখে অবিক্রীত অবস্থায় থাকে তাকে কী বলে?**
K ক্রয়কৃত পণ্য L সংরক্ষিত পণ্য
M মজুদ পণ্য N বিক্রয়যোগ্য পণ্য

**১৬. যে মূলধন অংশীদারদের স্বার্থ সংশ্লিষ্ট দেনা-পাওনা দ্বারা হ্রাস-বৃদ্ধি পায় না তাকে কী বলে?**
K স্থায়ী মূলধন L পরিবর্তনশীল মূলধন
M চলতি মূলধন N প্রারম্ভিক মূলধন

**১৭. বৃষ্টি তার অংশীদারি কারবার হতে বার্ষিক ৪০,০০০ টাকা নগদ উত্তোলন করে। এছাড়া কারবার হতে ৫,০০০ টাকা মূল্যের পণ্য উত্তোলন করে যা এখনও হিসাবভুক্ত হয়নি। বৃষ্টির উত্তোলনের ওপর ৫% হারে সুদ কত?**
K ২,২৫০ টাকা L ১,১২৫ টাকা
M ২,০০০ টাকা N ১,০০০ টাকা

**১৮. কোম্পানির মূলধন সংগ্রহের প্রধান উৎস কোনটি?**
K ঋণপত্র বিক্রয় L শেয়ার বিক্রয়
M পণ্য বিক্রয় N ব্যাংক ঋণ গ্রহণ

**১৯. বিক্রীত পণ্যের ব্যয়ের সাথে মোট লাভ যোগ করলে কী পাওয়া যায়?**
K ক্রয় L বিক্রয়
M পরিচালন ব্যয় N পরিচালন আয়

**২০. মোট চলতি সম্পদ ৫,০০,০০০ টাকা, মোট চলতি দায় ২,০০,০০০ টাকা, মজুদ পণ্য ১,০০,০০০ টাকা এবং অগ্রিম খরচ ২০,০০০ টাকা হলে তড়িৎ অনুপাত কত?**
K ২ : ১ L ২.১ : ১ M ১.৯ : ১ N ২.৫ : ১

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
সোয়ান লি. এর ৩১ ডিসেম্বর ২০২০ সালের তথ্যসমূহ নিম্নরূপ :
বিক্রয় ৪,১০,০০০ টাকা, বিক্রয় ফেরত ৬,০০০ টাকা। বিক্রয় বাট্টা ৪,০০০ টাকা এবং মোট মুনাফা ১,৭৫,০০০ টাকা।

**২১. মুনাফার শতকরা হার কত?**
K ৪২.৯৯% L ৪২.৬৮%
M ৪৩.৪২% N ৪৩.৭৫%

**২২. যদি বিক্রয় ৪,৬০,০০০ টাকা হয় –**
i. মোট মুনাফা বৃদ্ধি পাবে
ii. মালিকানাস্বত্ব বৃদ্ধি পাবে
iii. বিক্রীত পণ্যের ব্যয় বৃদ্ধি পাবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৩. পণ্যের দাম ক্রমহ্রাসমান হলে মজুদ পণ্য মূল্যায়নে কোন পদ্ধতি প্রযোজ্য?**
K FIFO L LIFO
M ভারযুক্ত গড় N সরল গড়

**২৪. মজুদ মূল্যায়নে নিম্নের কোনটি বিবেচনা করা হয়?**
K ক্রয়মূল্য ও বাজারমূল্যের মধ্যে যেটি কম
L ক্রয়মূল্য ও বাজারমূল্যের মধ্যে যেটি বেশি
M ক্রয়মূল্য N বাজারমূল্য

**২৫. কোম্পানি আইন অনুযায়ী অগ্রিম খরচ কোন ধরনের সম্পদ?**
K স্থায়ী সম্পদ L চলতি সম্পদ
M বিনিয়োগ N অসমন্বিত ব্যয়

**২৬. নিচের কোনটির জন্য বেশি মূলধন সরবরাহকারী অংশীদার ক্ষতি হ্রাস করতে পারেন?**
K উত্তোলন L উত্তোলনের সুদ
M মূলধন N মূলধনের সুদ

**২৭. সুমন একটি ব্যবসায় প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী। হিসাবকাল শেষে নিয়মিতভাবে তার প্রতিষ্ঠানের মূল্যায়নের উদ্দেশ্য কী?**
K প্রকৃত আর্থিক ফলাফল নির্ণয়
L ব্যবসায়ের বিক্রয় বৃদ্ধি
M ব্যবসায়ের সুনাম বৃদ্ধি N প্রকৃত মালিকানাস্বত্ব নির্ণয়

**২৮. কার্যকরী মূলধন অনুপাত কারবারের কী যাচাই করার জন্য নির্ণয় করা হয়?**
K তারল্যতা L সচ্ছলতা
M মুনাফা অর্জন N দক্ষতা যাচাই

**২৯. আসবাবপত্রের বইমূল্য ১০,০০০ টাকা যা ৮,০০০ টাকায় বিক্রয় করা হয়েছে। রেওয়ামিলে আসবাবপত্র দেওয়া আছে ৫০,০০০ টাকা। আর্থিক অবস্থার বিবরণীতে আসবাবপত্রের মূল্য দেখানো হবে–**
K ৬০,০০০ টাকা L ৫০,০০০ টাকা
M ৪২,০০০ টাকা N ৪০,০০০ টাকা

**৩০. বিলম্বিত দাবিযুক্ত শেয়ার সাধারণত কাদের মধ্যে বিলি করা হয়?**
K উদ্যোক্তাদের মধ্যে L পরিচালকদের মধ্যে
M ব্যবস্থাপকদের মধ্যে N কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | K | ৩ | M | ৪ | N | ৫ | M | ৬ | K | ৭ | M | ৮ | K | ৯ | K | ১০ | K | ১১ | M | ১২ | N | ১৩ | L | ১৪ | L | ১৫ | M |
| ১৬ | K | ১৭ | N | ১৮ | L | ১৯ | L | ২০ | M | ২১ | N | ২২ | K | ২৩ | K | ২৪ | K | ২৫ | L | ২৬ | L | ২৭ | K | ২৮ | K | ২৯ | N | ৩০ | K |

## ৩৬ ✓ ময়মনসিংহ বোর্ড ২০২১

বিষয় কোড : 2 5 4

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. কালান্তিক মজুদ পদ্ধতিতে কখন সমাপনী মজুদ পণ্যের পরিমাণ নির্ণয় করা হয়?**
K হিসাবকালের শুরুতে
L হিসাবকালের শেষে
M হিসাবকালের মাঝামাঝি
N প্রত্যেক লেনদেনের পর

**২. প্রারম্ভিক মজুদ বেশি দেখালে কী বেশি দেখানো হবে?**
K সম্পত্তি L নিট ক্রয়
M নিট আয় N বিক্রীত পণ্যের ব্যয়

**৩. সর্বশেষ ক্রয়ের দরে ইস্যুকৃত মালের মূল্য নির্ধারণ করা হয় কোন পদ্ধতিতে?**
K সরল গড় পদ্ধতি L ভারযুক্ত গড় পদ্ধতি
M শেষে আসলে আগে যায় পদ্ধতি
N আগে আসলে আগে যায় পদ্ধতি

**৪. ত্বরিত অনুপাতের আদর্শমান কোনটি?**
K ১ : ১ L ২ : ১
M ১ : ২ N ৩ : ১

**৫. নিট বিক্রয় হতে বিক্রীত পণ্যের ব্যয় বাদ দিলে কী পাওয়া যায়?**
K নিট মুনাফা L মোট মুনাফা
M পরিচালন মুনাফা N নিট পরিচালন মুনাফা

**৬. চুক্তির অবর্তমানে অংশীদারগণ ঋণের ওপর কত হারে সুদ পাবেন?**
K ৪% L ৫%
M ৬% N ৮%

■ **উদ্দীপকটি পড়ে ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও :**
X কোম্পানি লি. এর প্রারম্ভিক মজুদ ৩০০ একক, প্রতি একক ১০ টাকা দরে। প্রতিষ্ঠানটি পণ্য ক্রয় করে ২৫০ একক প্রতিটি ১২ টাকা দরে এবং কারখানায় ইস্যু করে ৩২০ একক। কোম্পানি মজুত পণ্য মূল্যায়ন FIFO পদ্ধতি প্রয়োগ করে।

**৭. সমাপনী মজুদ পণ্যের পরিমাণ কত একক?**
K ২৩০ একক L ২৫০ একক
M ৩০০ একক N ৫৫০ একক

**৮. সমাপনী মজুদ পণ্যের মূল্য কত টাকা?**
K ২,৫০০ টাকা L ২,৭৬০ টাকা
M ৩,০০০ টাকা N ৩,২০০ টাকা

**৯. অদাবিকৃত লভ্যাংশ প্রতিষ্ঠানের জন্য কী?**
K সম্পদ L দায়
M আয় N ব্যয়

**১০. অংশীদারগণ প্রতি মাসের শুরুতে নির্দিষ্ট পরিমাণ অর্থ উত্তোলন করলে উত্তোলনের ওপর কত মাসের সুদ ধরতে হবে?**
K ৫.৫ মাসের L ৬ মাসের
M ৬.৫ মাসের N ১২ মাসের

**১১. কোম্পানির জন্য ঋণপত্র হলো—**
i. অন্তর্দায়
ii. বহির্দায়
iii. দীর্ঘমেয়াদি দায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১২. পরিবর্তনশীল মূলধন পদ্ধতিতে উত্তোলনের সুদ—**
i. চলতি হিসাবে যাবে
ii. লাভ-ক্ষতি আবণ্টন হিসাবে যাবে
iii. অংশীদারদের মূলধন হিসাবে যাবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৩. অদৃশ্যমান সম্পদ কোনটি?**
K দালানকোঠা L কলকব্জা
M ট্রেডমার্ক N বিনিয়োগ

**১৪. চলতি অনুপাতের আদর্শমান কত?**
K ১ : ১ L ২ : ১
M ১ : ২ N ৩ : ১

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
মোহনা পাবলিকেশন্স-এর চলতি মূলধন ২০,০০০ টাকা এবং চলতি অনুপাত ৩ : ২।

**১৫. চলতি সম্পদের পরিমাণ কত?**
K ২০,০০০ টাকা L ৩০,০০০ টাকা
M ৪০,০০০ টাকা N ৬০,০০০ টাকা

**১৬. চলতি দায়ের পরিমাণ কত?**
K ২০,০০০ টাকা L ৪০,০০০ টাকা
M ৬০,০০০ টাকা N ৮০,০০০ টাকা

**১৭. অনাদায়ি পাওনা সঞ্চিতি বৃদ্ধি করতে হবে আরও ৩,০০০ টাকা, রেওয়ামিলে অনাদায়ি পাওনা সঞ্চিতি দেওয়া আছে ৪,০০০ টাকা। আর্থিক অবস্থার বিবরণীতে প্রাপ্য হিসাব থেকে কত টাকা বাদ যাবে?**
K ১,০০০ টাকা L ৩,০০০ টাকা
M ৪,০০০ টাকা N ৭,০০০ টাকা

**১৮. বর্তমানে বাংলাদেশে কত সালের কোম্পানি আইন চালু আছে?**
K ১৯১৩ L ১৯৩২
M ১৯৯১ N ১৯৯৪

**১৯. স্মারকলিপিতে উল্লেখ থাকে—**
i. কোম্পানির নাম
ii. কোম্পানির উদ্দেশ্য
iii. কোম্পানির মূলধনের পরিমাণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২০. শেয়ার অবহার কোন ধরনের সম্পত্তি?**
K স্থায়ী সম্পত্তি L চলতি সম্পত্তি
M অলীক সম্পত্তি N স্পর্শনীয় সম্পত্তি

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
আনজুম কোম্পানি লিমিটেড এর অনুমোদিত মূলধনের পরিমাণ ১০,০০,০০০ টাকা যা ১,০০,০০০ শেয়ারে বিভক্ত। কোম্পানি ৮০% শেয়ার মূলধন সংগ্রহের উদ্দেশ্যে ১০% অধিহারে ইস্যু করে। ইস্যুকৃত সকল শেয়ারের টাকা আদায় হয়েছে।

**২১. শেয়ার অধিহারের মোট টাকার পরিমাণ কত?**
K ৭০,০০০ টাকা L ৮০,০০০ টাকা
M ৯০,০০০ টাকা N ১,০০,০০০ টাকা

**২২. ইস্যুকৃত শেয়ারের সংখ্যা কত?**
K ৬০,০০০ L ৭০,০০০
M ৮০,০০০ N ৯০,০০০

**২৩. অংশীদারের চলতি হিসাবের ক্রেডিট উদ্বৃত্ত কী?**
K সম্পদ L দায়
M মূলধন N উত্তোলন

**২৪. চুক্তির অবর্তমানে অংশীদারদের মধ্যে লাভ-লোকসান কীভাবে বণ্টিত হবে?**
K সমহারে
L মূলধন অনুপাতে
M সকলের মতানুযায়ী
N উত্তোলনের অনুপাত অনুযায়ী

**২৫. প্রতি মাসের শেষে ২,০০০ টাকা করে সারা বছর উত্তোলন করলে ১০% হারে উত্তোলনের সুদ কত হবে?**
K ২০০ টাকা L ১,১০০ টাকা
M ১,২০০ টাকা N ২,৪০০ টাকা

**২৬. অংশীদারি কারবারে ব্যাংকিং ব্যবসায়ের ক্ষেত্রে সর্বোচ্চ সদস্য সংখ্যা কতজন?**
K ২ জন L ৭ জন
M ১০ জন N ২০ জন

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
রাজিন, রাফিন ও রাকিন একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। প্রতি মাসের শুরুতে রাজিন ৫০০ টাকা, প্রতি মাসের মাঝামাঝি রাফিন ৫০০ টাকা এবং প্রতি মাসের শেষে রাকিন ৩০০ টাকা উত্তোলন করে। উত্তোলনের সুদ ১০% এবং হিসাবকাল ১ বছর।

**২৭. রাজিন, রাফিন ও রাকিনের মোট উত্তোলনের পরিমাণ কত?**
K ১,৩০০ টাকা L ৭,৮০০ টাকা
M ১৪,৮০০ টাকা N ১৫,৬০০ টাকা

**২৮. রাকিন এর উত্তোলনের সুদের পরিমাণ কত?**
K ১৬৫ টাকা L ৩০০ টাকা
M ৩৬০ টাকা N ৬০০ টাকা

**২৯. যে পদ্ধতিতে আগে ক্রয়কৃত মাল আগে ছাড়া হয় তাকে কী বলে?**
K LIFO পদ্ধতি L FIFO পদ্ধতি
M Weighted Average পদ্ধতি
N Simple Average পদ্ধতি

**৩০. মজুদ মাল নিয়ন্ত্রণের কার্যকরী হাতিয়ার হলো—**
i. বিন কার্ড
ii. মাল খতিয়ান
iii. অবিরত মজুদ তালিকা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | N | ৩ | M | ৪ | K | ৫ | L | ৬ | M | ৭ | K | ৮ | L | ৯ | L | ১০ | M | ১১ | M | ১২ | M | ১৩ | M | ১৪ | L | ১৫ | N |
| ১৬ | L | ১৭ | N | ১৮ | N | ১৯ | N | ২০ | M | ২১ | L | ২২ | M | ২৩ | M | ২৪ | K | ২৫ | L | ২৬ | M | ২৭ | N | ২৮ | K | ২৯ | L | ৩০ | L |

# শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল

## ৩৭ সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

বিষয় কোড : 2 5 4

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

**হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন**

পূর্ণমান—৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। আর্থিক বিবরণী হতে **দুইটি** বাধ্যতামূলকসহ মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▶ অগ্রণী কোম্পানি লি.-এর প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ৩০,০০০ শেয়ারে বিভক্ত ৩,০০,০০০ টাকার অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়েছে। ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিল নিচে দেওয়া হলো :

| ক্র. নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | শেয়ার মূলধন | | | ২,০০,০০০ |
| ২. | ১০% ঋণপত্র | | | ৭০,০০০ |
| ৩. | প্রদেয় হিসাব | | | ৩০,০০০ |
| ৪. | ২০% বিনিয়োগ | | ১,৪৪,০০০ | |
| ৫. | কলকব্জা ও যন্ত্রপাতি | | ১,০০,০০০ | |
| ৬. | মজুদ পণ্য (১-১-১৮) | | ২৫,০০০ | |
| ৭. | ক্রয় | | ১,৮৮,০০০ | |
| ৮. | বিক্রয় | | | ৪,৫০,০০০ |
| ৯. | মজুরি | | ৩০,০০০ | |
| ১০. | বেতন | | ৪৪,০০০ | |
| ১১. | বাড়িভাড়া | | ৫০,০০০ | |
| ১২. | প্রাপ্য হিসাব | | ৪০,০০০ | |
| ১৩. | আন্তঃপরিবহন | | ১৫,০০০ | |
| ১৪. | অনাদায়ি পাওনা | | ২,০০০ | |
| ১৫. | অনাদায়ি পাওনা সঞ্চিতি | | | ৩,০০০ |
| ১৬. | ব্যাংক হিসাব | | ১,১৫,০০০ | |
| | | | ৭,৫৩,০০০ | ৭,৫৩,০০০ |

**সমন্বয়সমূহ :** (i) সমাপনী মজুদ পণ্য ৬৫,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে; (ii) বেতন ১০,০০০ টাকা বকেয়া রয়েছে; (iii) প্রাপ্য হিসাবের ওপর ৫% অনাদায়ি পাওনা সঞ্চিতি ধরতে হবে; (iv) শেয়ার মূলধনের ১০% লভ্যাংশ ঘোষণা করতে হবে; (v) নিট লাভের ৩০,০০০ টাকা সাধারণ সঞ্চিতি তহবিলে স্থানান্তর করতে হবে।

ক. ঘোষণাকৃত লভ্যাংশ পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০১৮ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের কোম্পানির মোট লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. চলতি বছরে মোট লাভ ২,৫৭,০০০ টাকা হলে কোম্পানির নিট লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▶ তাশফিয়া কোম্পানি লিমিটেডের অনুমোদিত মূলধন ১০,০০,০০০ টাকা। যা প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত। ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিল নিম্নরূপ :

**তাশফিয়া কোম্পানি লিমিটেডের রেওয়ামিল**
২০২০ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মজুদ পণ্য (১-১-২০) | ৭৫,০০০ | |
| পণ্য ক্রয় ও বিক্রয় (১৫%) ভ্যাটসহ | ৪,৬০,০০০ | ৯,২০,০০০ |
| শেয়ার অধিহার | | ৯০,০০০ |
| বিনিয়োগ | ৫,০০,০০০ | |
| দালানকোঠা | ৭,০০,০০০ | |
| মজুরি | ১,৫০,০০০ | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ৭৫,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ১,০০,০০০ | ৭০,০০০ |
| সুনাম | ১,২০,০০০ | |
| ভ্যাট চলতি হিসাব | | ১৫,০০০ |
| সাধারণ সঞ্চিতি তহবিল | | ১,৯০,০০০ |
| ১০% ঋণপত্র | | ১,০০,০০০ |
| শেয়ার মূলধন (৭০,০০০ শেয়ার) | | ৭,০০,০০০ |
| আয়কর | ২০,০০০ | |
| নগদ তহবিল | ১,০০,০০০ | |
| দাবিহীন লভ্যাংশ | | ৩০,০০০ |
| সংরক্ষিত আয়ের জের (১-১-২০) | | ১,৮৫,০০০ |
| | ২৩,০০,০০০ | ২৩,০০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ১,৬০,০০০ টাকা; (২) মজুরি ২ মাসের বকেয়া আছে; (৩) সাধারণ সঞ্চিতি তহবিলে ৩০,০০০ টাকা স্থানান্তরিত কর; (৪) শেয়ার মূলধনের ওপর ১০% হারে লভ্যাংশ ঘোষণা করতে হবে; (৫) আয়কর সঞ্চিতি ৩০,০০০ টাকা রাখতে হবে।

ক. ভ্যাট চলতি হিসাব তৈরি কর। ২

খ. আয় বিবরণীর মাধ্যমে মোট লাভ নির্ণয় কর। ৪

গ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির সংরক্ষিত আয়ের উদ্বৃত্ত ৩,৩০,২০০ টাকা ধরে শেয়ারহোল্ডারদের স্বত্ব ও মোট দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▶ সানমুন লিমিটেডের তথ্যাদি নিচে দেওয়া হলো :

| | |
|---|---|
| শেয়ার মূলধন | ৫,০০,০০০ টাকা |
| সংরক্ষিত আয় | ২,০০,০০০ টাকা |
| ১০% ঋণপত্র | ৩,০০,০০০ টাকা |
| মোট মুনাফা | ১,০০,০০০ টাকা |
| নিট মুনাফা | ৭০,০০০ টাকা |
| বিক্রয় | ১০,২৫,০০০ টাকা |
| চলতি সম্পদ | ৮০,০০০ টাকা |
| চলতি দায় | ৫৫,০০০ টাকা |
| সমাপনী মজুদ পণ্য | ২৫,০০০ টাকা |

ক. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২

খ. বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত ও দায় মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

গ. ত্বরিত সম্পদ ও কার্যকরী মূলধন নির্ণয় কর। ৪

৪ ▶ আনান লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ৫,০০,০০০ শেয়ারে বিভক্ত অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি ১,০০,০০০ শেয়ার মেশিনারিজ ক্রয়ের জন্য স্কাই লি. কে ইস্যু করে। অবশিষ্ট শেয়ারের ৫০% শেয়ার জনসাধারণের জন্য অবহিত মূল্যে ইস্যু করে। কোম্পানি ইস্যুকৃত শেয়ার যথারীতি বণ্টন করে।

ক. ইস্যুকৃত শেয়ারের সংখ্যা ও টাকার পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৫ ▸ পূর্বাচল কোম্পানি লিমিটেড প্রতিটি ৫০ টাকা মূল্যের শেয়ার নিয়ে মোট ৫০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হলো। কোম্পানি প্রতি শেয়ার ২০% অধিহারে ৮০% শেয়ার জনসাধারণের কাছে বিক্রয়ের জন্য বিজ্ঞাপন প্রচার করে। ২০১৮ সালের জানুয়ারি মাসে কোম্পানিতে নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়েছিল :

জানু. ৪ ৯০,০০০ শেয়ার ক্রয়ের আবেদন পাওয়া গেল।
" ১০ আবেদনকারীদের মধ্যে ইস্যুকৃত শেয়ার বণ্টন করা হলো এবং অতিরিক্ত আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদেরকে ফেরত দেওয়া হলো।
" ১৫ আস্থা লিমিটেডের কাছ থেকে ধারে ৫,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয়।
" ২০ মেশিন ক্রয়ের দেনা ১০,০০০ শেয়ার সমমূল্যে বণ্টনের মাধ্যমে পরিশোধ করা হয়।

ক. ইস্যুকৃত শেয়ার মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪
গ. ২০১৮ সালের ৩১ জানুয়ারি তারিখে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৬ ▸ জাওয়াদ, নাসিফ ও নবীন একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। ২০১৭ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ৮০,০০০ টাকা, ৬০,০০০ টাকা ও ৫০,০০০ টাকা। ২০১৭ সালের ১ জানুয়ারি তারিখে তাদের চলতি হিসাবের ব্যালেন্স (উদ্বৃত্ত) ছিল জাওয়াদ ৫,০০০ টাকা (ক্রেডিট), নাসিফ ২,৫০০ টাকা (ডেবিট), নবীন ৩,৭০০ টাকা (ক্রেডিট)। সম্ভাব্য লাভের আশায় জাওয়াদ ও নাসিফ ব্যবসায় থেকে প্রতি মাসের শুরুতে ৮০০ টাকা ও ৫০০ টাকা এবং নবীন প্রতি মাসের শেষে ৭০০ টাকা করে নগদ উত্তোলন করে। নগদ উত্তোলন ছাড়াও জাওয়াদ ব্যক্তিগত ব্যবহারের জন্য ৫,০০০ টাকার পণ্য ব্যবসায় হতে উত্তোলন করে যা হিসাব বইতে লেখা হয়নি। নাসিফ সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য মাসে ১,২০০ টাকা করে বেতন পায়। মূলধন ও নগদ উত্তোলনের ওপর বার্ষিক ৬% সুদ ধার্য করা হয়। তারা যথাক্রমে ৩ : ২ : ১ অনুপাতে মুনাফা ও ক্ষতি বণ্টন করে নেয়।

উপরিউক্ত সমন্বয়সমূহ সাধনের পূর্বে ২০১৭ সালের ৩১ ডিসেম্বর মুনাফার পরিমাণ দাঁড়ায় ৫৪,৮০০ টাকা।

ক. অংশীদারদের উত্তোলনের সুদ নির্ণয় কর। ২
খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব তৈরি কর। ৪
গ. নাসিফ ও নবীনের চলতি হিসাব তৈরি কর। ৪

৭ ▸ মাহাথির, মিরাজ ও মিজান একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার। তারা কারবারের মুনাফা যথাক্রমে ২ : ২ : ১ অনুপাতে বণ্টন করে নেয়। ১-১-২০১৮ তারিখে অংশীদারদের মূলধন ছিল যথাক্রমে ২,৫০,০০০ টাকা, ২,০০,০০০ টাকা এবং ১,৫০,০০০ টাকা। মূলধন ও উত্তোলনের ওপর ৫% হারে সুদ ধার্য করতে হবে। মিজান সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য ব্যবসা হতে বছরে মোট ২৪,০০০ টাকা বেতন পাবে। মিরাজ ১-৭-১৮ তারিখে ৫০,০০০ ঋণস্বরূপ আনয়ন করে। অংশীদারগণ প্রত্যেকে কারবার হতে প্রতি মাসের শুরুতে ২,০০০ টাকা করে নগদ উত্তোলন করে। উপরিউক্ত সমন্বয়গুলোর পূর্বে ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য ব্যবসায়ের লাভ ১,৬০,৫৫০ টাকায় উপনীত হয়।

ক. মিরাজের ঋণের সুদের পরিমাণ নির্ণয় কর। ২
খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব তৈরি কর। ৪
গ. অংশীদারদের চলতি হিসাব তৈরি কর। ৪

৮ ▸ কোনো একটি উৎপাদন প্রতিষ্ঠান থেকে নিচের তথ্যাবলি নেওয়া হয়েছে :

প্রমাণ উৎপাদন প্রতি ঘণ্টা ২০ একক

নিয়মিত মজুরি প্রতি ঘণ্টা ১০ টাকা

উৎপাদন ভিত্তিতে পরিবর্তিত মজুরির হার।

(i) স্বাভাবিক উৎপাদনের ক্ষেত্রে কার্যহারের ১০০%।

(ii) উৎপাদনের স্বাভাবিক হারের চেয়ে বেশি উৎপাদনের ক্ষেত্রে কার্যহারের ১২০%।

(iii) উৎপাদনের স্বাভাবিক হারের চেয়ে কম উৎপাদনের ক্ষেত্রে কার্যহারের ৮০%।

সপ্তাহের স্বাভাবিক শ্রম ঘণ্টা ৪৮ ঘণ্টা।

X, Y ও Z এর উৎপাদন - X ১০০০ একক, Y ৯৬০ একক, Z ৯০০ একক

ক. সাপ্তাহিক প্রমাণ উৎপাদন নির্ণয় কর। ২
খ. এককপ্রতি মজুরি হার প্রমাণ উৎপাদনের নিচে মজুরির হার, প্রমাণ উৎপাদনের উর্ধ্বে মজুরির হার নির্ণয় কর। ৪
গ. শ্রমিকদের মোট মজুরি নির্ণয় কর। ৪

৯ ▸ আরিফ লি.-এর উৎপাদন খরচসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| প্রারম্ভিক মজুদ : | |
| কাঁচামাল | ১,০০,০০০ |
| তৈরি পণ্য | ৪০,০০০ |
| সমাপনী মজুদ : | |
| কাঁচামাল | ৮০,০০০ |
| তৈরি পণ্য | ৫০,০০০ |
| কাঁচামাল ক্রয় | ৭,০০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ৪,২০,০০০ |
| বেতন (৩০% কারখানা, ৪০% অফিস ও ৩০% বিক্রয় সংক্রান্ত) | ১,৬০,০০০ |
| বিক্রয় পরিবহন | ৩০,০০০ |
| ভাড়া (২/৫ কারখানা, ২/৫ অফিস ও ১/৫ বিক্রয়সংক্রান্ত) | ৫০,০০০ |
| যন্ত্রপাতি মেরামত | ১২,০০০ |
| পরোক্ষ কাঁচামাল | ১৮,০০০ |

ক. প্রশাসনিক উপরিব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উৎপাদন ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. বিক্রয়ের ওপর ২৫% মুনাফা অর্জন করতে হলে বিক্রয়মূল্য কত হবে নির্ণয় কর। ৪

১০ ▸ ২০২২ সালের জানুয়ারি মাসের পণ্যসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ ছিল :

| তারিখ | বিবরণ | একক | একক ব্যয় (টাকা) |
|---|---|---|---|
| জানু. ১ | প্রারম্ভিক মজুদ | ৮০ | ১.৫০ |
| " ৫ | ক্রয় | ১,০০০ | ২.০০ |
| " ১০ | ইস্যু | ৯০০ | |
| " ১৫ | ক্রয় | ৮০০ | ২.৫০ |
| " ২০ | ক্রয় | ৪০০ | ৩.০০ |
| " ২৫ | গুদামে ফেরত | ৯০০ | |
| " ৩১ | ইস্যু | ১,৮০০ | |

মজুদ মূল্যায়নে কোম্পানি নিত্য মজুদ ব্যবস্থা অনুসরণ করে।

ক. সমাপনী মজুদ পণ্যের পরিমাণ (এককে) নির্ণয় কর। ২
খ. FIFO পদ্ধতিতে সমাপনী মজুদ পণ্যের মূল্য নির্ণয় কর। ৪
গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে খতিয়ান প্রস্তুত কর। ৪

১১ ▸ একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানের হিসাব বই হতে নিম্নবর্ণিত লেনদেনসমূহ সংগৃহীত হয়েছে :

২০২০

জানু. ১ মজুদ মাল ৪০০ একক, প্রতি একক ১০ টাকা।
" ১০ কারখানায় পণ্য ইস্যু ৩০০ একক।
" ২০ পণ্য ক্রয় ৩৫০ একক, প্রতি একক ১১ টাকা।
" ২৪ কারখানায় পণ্য ইস্যু ৩২০ একক।
" ২৮ কারখানা থেকে পণ্য ফেরত ১২ একক।
" ২৯ পণ্য ক্রয় ২৫০ একক প্রতি একক ১২ টাকা।

ক. মোট ক্রয়কৃত মালের পরিমাণ ও মূল্য নির্ণয় কর। ২
খ. ভারযুক্ত গড় পদ্ধতিতে ১, ২০, ২৪ ও ২৯ তারিখের লেনদেনের ভিত্তিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪
গ. FIFO পদ্ধতিতে বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

## ৩৮ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, জাহানাবাদ সেনানিবাস, খুলনা বিষয় কোড : 2 5 4

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। আর্থিক বিবরণী হতে **দুইটি** বাধ্যতামূলকসহ মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ অয়ন, চয়ন ও শিমুল ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে যথাক্রমে ১,০০,০০০ টাকা, ৮০,০০০ টাকা এবং ৬০,০০০ টাকা নিয়ে একটি অংশীদারি ব্যবসায় শুরু করল। তারা ব্যবসায়ের লাভ-লোকসান ৫ ঃ ৪ ঃ ৩ অনুপাতে বণ্টন করবে। চুক্তি অনুযায়ী মূলধনের ওপর সুদ ধার্য হবে না কিন্তু উত্তোলনের ওপর বার্ষিক ৫% হারে সুদ ধার্য করতে হবে। ব্যবসায় পরিচালনায় অংশগ্রহণের জন্য চয়ন ও শিমুল যথাক্রমে মাসিক ১,৫০০ টাকা ও ১,০০০ টাকা করে বেতন পাবে। চয়ন তার বেতন প্রতি মাসে নগদে তুলে নেয় কিন্তু শিমুল বেতনের টাকা নগদে তুলে নেয়নি। বছরে সম্ভাব্য লাভের প্রত্যাশায় অয়ন প্রত্যেক মাসের প্রথম তারিখে ১,০০০ টাকা, চয়ন প্রত্যেক মাসের মাঝামাঝি সময়ে ৮০০ টাকা এবং শিমুল প্রত্যেক মাসের শেষ তারিখে ৬০০ টাকা করে উত্তোলন করে। অয়ন নগদ উত্তোলন ছাড়াও ৪,০০০ টাকা মূল্যের পণ্য উত্তোলন করে। বছরের শেষে বকেয়া ভাড়া ৫,০০০ টাকা এবং অনাদায়ি পাওনা সঞ্চিতি ৩,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি। শিমুলের বেতন ডেবিট করার পর কিন্তু অন্যান্য সমন্বয়গুলোর সাধন করার পূর্বেই ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে ব্যবসায়ের লাভ দাঁড়ায় ৮৮,০০০ টাকা।

ক. উত্তোলনের সুদ নির্ণয় কর। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

২ ▶ তোরাগ কোম্পানি লিমিটেড প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত ১০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হলো। কোম্পানি এর ৭০,০০০ শেয়ার প্রতিটি ১০% প্রিমিয়ামে জনসাধারণের নিকট বিক্রয়ের উদ্দেশ্যে বিবরণপত্র প্রচার করে। কোম্পানি সর্বমোট ৮০,০০০ শেয়ারের জন্য আবেদনপত্র পেল। অতিরিক্ত আবেদনের অর্থ সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেওয়া হলো। শেয়ার প্রতি ১ টাকা করে অবলেখকের কমিশন এবং ০.৫০ টাকা করে ব্যাংক চার্জ ধার্য করা হলো।

ক. অবলেখকের কমিশন ও ব্যাংক চার্জের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. ব্যাংক জমার উদ্বৃত্ত ৬,৬৫,০০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৩ ▶ আসলাম, আঁখি এবং সাজ্জাদ একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-লোকসান যথাক্রমে ২ ঃ ২ ঃ ১ অনুপাতে বণ্টন করে নেয়। উত্তোলনের পরিমাণ, লাভের অংশ এবং সাজ্জাদের বেতন সমন্বয়সাধনের পর ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে তাদের মূলধনের পরিমাণ ছিল : আসলাম ২,৬০,০০০ টাকা, আঁখি ২,১০,০০০ টাকা এবং সাজ্জাদ ১,২৫,০০০ টাকা। পরবর্তী পর্যায়ে দেখা গেল যে, মূলধন ও উত্তোলনের ওপর বার্ষিক ১০% হারে সুদ সমন্বয়করণ বাদ পড়েছে। অংশীদারের বার্ষিক উত্তোলনের পরিমাণ ছিল, আসলাম ৪০,০০০ টাকা, আঁখি ২০,০০০ টাকা এবং সাজ্জাদ ১৫,০০০ টাকা। উত্তোলনের ওপর যথাক্রমে ২,০০০ টাকা, ১,০০০ টাকা ও ৭৫০ টাকা সুদ নির্ধারণ করা হয়েছিল। সাজ্জাদের বার্ষিক বেতন ৩০,০০০ টাকা ডেবিট করার পর কিন্তু মূলধন ও উত্তোলনের সুদ সমন্বয় করার পূর্বে ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য কারবারের লাভ ৫০,০০০ টাকায় উপনীত হয়েছিল। অংশীদারগণ কারবারের মোট মূলধন ৬,০০,০০০ টাকা লাভ-লোকসান বণ্টন অনুপাতে সংরক্ষণ করার সিদ্ধান্ত গ্রহণ করল।

ক. প্রারম্ভিক মূলধনের জের নির্ণয় কর। ২

খ. লাভ-লোকসান সমন্বয় হিসাব তৈরি কর। ৪

গ. অংশীদারদের সমন্বিত মূলধন হিসাব তৈরি কর। ৪

৪ ▶ দিবা-নিশি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত ১০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত। কোম্পানি এর ৬৫% শেয়ার ২ টাকা অবহারে বাজারে বিক্রি করার জন্য বিবরণপত্র ইস্যু করে। ৭০,০০০ শেয়ারের জন্য আবেদনপত্র পাওয়া গেল। ইস্যুকৃত শেয়ারগুলো যথাক্রমে বিলি করা হলো এবং অতিরিক্ত আবেদনের অর্থ সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেওয়া হলো।

ক. ইস্যুকৃত শেয়ার সংখ্যা নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৫ ▶ আলফা কোম্পানি লি.-এর অনুমোদিত মূলধন ১৫,০০,০০০ টাকা যা প্রতিটি ১০০ টাকা মূল্যে ১৫,০০০ শেয়ারে বিভক্ত। আলফা কোম্পানি লি.-এর ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (১২,০০০ শেয়ার) | | ১২,০০,০০০ |
| সংরক্ষিত আয় হিসাব (১-১-১৭) | | ১,১৫,০০০ |
| মজুদ পণ্য (১-১-১৭) | ১,৫০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৮,৭০,০০০ | ১২,১০,০০০ |
| ফেরত | ১৭,০০০ | ৬,০০০ |
| প্রাপ্য হিসাব | ৯০,০০০ | |
| প্রদেয় হিসাব | | ১,৩৫,০০০ |
| কলকজা | ১০,০০,০০০ | |
| পুঞ্জীভূত অবচয়-কলকজা | | ২,৫০,০০০ |
| প্রাপ্য নোট | ৯৫,০০০ | |
| ব্যাংক জমা | ৪,৩০,০০০ | |
| নগর শুল্ক খরচ | ৭৫,০০০ | |
| মজুরি | ৬০,০০০ | |
| কমিশন আয় | | ৪৪,০০০ |
| জাহাজ ভাড়া | ৫৫,০০০ | |
| বিমা খরচ (১৮ মাস) | ৯০,০০০ | |
| শিক্ষানবিশ সেলামি (২ বছরের জন্য) | | ৩০,০০০ |
| ভাড়া খরচ | ৫৮,০০০ | |
| | ২৯,৯০,০০০ | ২৯,৯০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ পণ্য ১,৬০,০০০ টাকা কিন্তু বাজার মূল্য এর চেয়ে ৫% বেশি; (২) প্রাপ্য হিসাবের ৫,০০০ টাকা আদায়যোগ্য নয়; (৩) কলকজার ওপর ৮% অবচয় ধার্য কর; (৪) অলিখিত ধারে ক্রয় ১৫,০০০ টাকা; (৫) পাওনাদারকে ইস্যুকৃত চেক প্রত্যাখ্যাত হয়েছে ৮,০০০ টাকা যা হিসাব বইতে লেখা হয়নি।

ক. নিট প্রদেয় হিসাবের পরিমাণ নির্ণয় কর। ২

খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

গ. মোট মুনাফা ৪,১৪,০০০ টাকা ধরে নিট মুনাফা বা ক্ষতি নির্ণয় কর। ৪

৬ ▶ ২০১৮ সালের ৩১ ডিসেম্বর সততা কোম্পানি লি.-এর আর্থিক অবস্থার বিবরণী নিম্নরূপ :

| মূলধন ও দায় | টাকা | সম্পত্তি ও পরিসম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৩,০০,০০০ | সুনাম | ৩০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ২৫,০০০ | ভূমি ও দালানকোঠা | ১,৬০,০০০ |
| সংরক্ষিত আয়ের উদ্বৃত্ত | ৩০,০০০ | কলকজা ও যন্ত্রপাতি | ১,৪০,০০০ |
| ১০% ঋণপত্র | ৮০,০০০ | আসবাবপত্র | ২৫,০০০ |

| | | | |
|---|---|---|---|
| প্রদেয় হিসাব | ৫০,০০০ | মজুদ পণ্য | ৪০,০০০ |
| প্রদেয় নোট | ৫,০০০ | প্রাপ্য বিল | ৮০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ১০,০০০ | প্রাপ্য নোট | ২০,০০০ |
| | | নগদ উদ্বৃত্ত | ৫,০০০ |
| | ৫,০০,০০০ | | ৫,০০,০০০ |

বিক্রীত পণ্যের ব্যয় ৩,৫০,০০০ টাকা।

ক. চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. চলতি অনুপাত ও তারল্য অনুপাত নির্ণয় কর। ৪

গ. কার্যকরী মূলধন অনুপাত ও মজুদ আবর্তন অনুপাত নির্ণয় কর। ৪

**৭ ▸** সামিয়া কোম্পানি লি.-এর অনুমোদিত মূলধন, প্রতি শেয়ার ১০ টাকা করে ৬,০০,০০০ শেয়ারে বিভক্ত। ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ছিল নিম্নরূপ :

**সামিয়া কোম্পানি লি.-এর রেওয়ামিল**

২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের জন্য

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৪,০০,০০০ | |
| ক্রয় | ১৮,৭৫,০০০ | |
| ভ্যাট চলতি হিসাব | ২,৭৫,০০০ | |
| নগদ তহবিল | ১২,৬৪,৫০০ | |
| আয়কর প্রদান | ২,০০,০০০ | |
| অনাদায়ি পাওনা | ১৫,৫০০ | |
| ভাড়া (১/৪ অংশ কারখানার) | ১,৬০,০০০ | |
| বিক্রয়ের ওপর বাট্টা | ১২,৫০০ | |
| প্রাপ্য হিসাব | ৩৫,৫০,০০০ | |
| শেয়ার মূলধন (১০ টাকা হিসাবে ৩,৫০,০০০ শেয়ার) | | ৩৫,০০,০০০ |
| সঞ্চিতি তহবিল | | ২,০০,০০০ |
| বিক্রয় | | ৩৪,১২,৫০০ |
| ক্রয়ের ওপর বাট্টা | | ২৫,০০০ |
| প্রদেয় হিসাব | | ২,০০,০০০ |
| অনাদায়ি পাওনা সঞ্চিতি | | ২৫,০০০ |
| সংরক্ষিত আয় (১-১-১৬) | | ৩,৯০,০০০ |
| | ৭৭,৫২,৫০০ | ৭৭,৫২,৫০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্যের মূল্যে ৯,৭৫,০০০ টাকা; (২) চলতি বছরের নিট লাভের ৩,৫০,০০০ টাকা সঞ্চিতি তহবিলে স্থানান্তর করতে হবে; (৪) অনাদায়ি পাওনা সঞ্চিতি আরও ১,৫২,০০০ টাকা দ্বারা বৃদ্ধি করতে হবে; (৫) মূলধনের ওপর ১০% লভ্যাংশ ঘোষণা করতে হবে; (৬) শ্রমিকের ক্ষতিপূরণ মামলা ১,০০,০০০ টাকা বিচারাধীন রয়েছে।

ক. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২

খ. নিট মুনাফা ১৭,৯৭,৫০০ টাকা ধরে সংরক্ষিত আয় বিবরণী তৈরি কর। ৪

গ. ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে মোট সম্পদ ও মোট দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

**৮ ▸** ডেলটা কোম্পানি লি. এর ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক অবস্থার বিবরণীর কতিপয় তথ্য নিম্নরূপ :

**ডেলটা কোম্পানি লি.**

**আর্থিক অবস্থার বিবরণী**

৩১ ডিসেম্বর, ২০১৮

| মূলধন ও দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ২,২৫,০০০ | সুনাম | ৫৭,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ৪৫,০০০ | দালানকোঠা | ২,০০,০০০ |
| সংরক্ষিত আয় | ৩৩,৭৫০ | যন্ত্রপাতি | ৮০,০০০ |
| ১০% ঋণপত্র | ১,১২,০০০ | আসবাবপত্র | ৫০,০০০ |
| প্রদেয় হিসাব | ২২,৫০০ | সমাপনী মজুদ পণ্য | ৩৩,৭৫০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৪,৫০০ | প্রাপ্য হিসাব | ২২,৫০০ |
| | | নগদ জমা | ৪,৫০০ |

**সমন্বয়সমূহ :** (i) প্রারম্ভিক মজুদ ২২,৫০০ টাকা; (ii) নিট বিক্রয় ২,২৫,০০০ টাকা; (iii) বিক্রয়ের ওপর মোট লাভের হার ২০%।

ক. মালিকানাস্বত্ব নির্ণয় কর। ২

খ. মজুদ আবর্তন ও দেনাদার আবর্তন অনুপাত নির্ণয় কর। ৪

গ. চলতি অনুপাত ও ত্বরিত অনুপাত নির্ণয় কর। ৪

**৯ ▸** আজাদ এন্ড কোম্পানি লিমিটেড-এর উৎপাদনসংক্রান্ত তথ্য নিচে দেওয়া হলো :

| বিবরণ | টাকা |
|---|---|
| প্রারম্ভিক কাঁচামাল (১-১-১৮) | ২০,০০০ |
| সমাপনী কাঁচামাল (৩১-১২-১৮) | ১০,০০০ |
| কাঁচামাল ক্রয় | ১,৫০,০০০ |
| প্রত্যক্ষ শ্রম | ৬২,৫০০ |
| কারখানা উপরি খরচ | ২৭,৫০০ |
| অফিস ও প্রশাসনিক উপরি খরচ | ২০,০০০ |
| উৎপাদিত পণ্যের প্রারম্ভিক মজুদ (১-১-১৮) | ৬,০০০ |
| উৎপাদিত পণ্যের সমাপনী মজুদ (৩১-১২-১৮) | ১৬,৫০০ |
| বিক্রয় ও বিলি খরচ | ৩০,০০০ |

মুনাফা বিক্রয়মূল্যের ওপর ২০%।

ক. ব্যবহৃত কাঁচামালের ব্যয় নির্ণয় কর। ২

খ. মুখ্য ব্যয় ও উৎপাদিত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

গ. বিক্রীত পণ্যের ব্যয়, মোট ব্যয় ও মুনাফা নির্ণয় কর। ৪

**১০ ▸** একটি অফিসের কর্মচারী তৌফিক ও শফিকের ২০১৮ সালের ডিসেম্বর মাসের বেতনসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | তৌফিক | শফিক |
|---|---|---|
| মূল বেতন | ৩,০০০ | ৩,৫০০ |
| মহার্ঘ ভাতা (মূল বেতনের) | ২০% | ২০% |
| বাড়িভাড়া ভাতা (মূল বেতনের) | ৫০% | ৫০% |
| যাতায়াত ভাড়া | ১৫০ | ২০০ |
| চিকিৎসা ভাতা | ১২০ | ১২০ |
| ওভারটাইম (ঘণ্টা) | ২০ | ১৫ |
| প্রভিডেন্ট ফান্ডে চাঁদা (মূল বেতনের) | ১০% | ১০% |
| আয়কর (মূল বেতনের) | ৫% | ৫% |
| অগ্রিম বেতন | ৩০০ | ৩০০ |

উক্ত মাসে স্বাভাবিক কার্যঘণ্টা ২০০। ওভারটাইম ভাতা মূল বেতন হারের দ্বিগুণ।

ক. ওভারটাইম বেতন হার ও ওভারটাইম নির্ণয় কর। ২

খ. ডিসেম্বর মাসের মোট বেতন নির্ণয় কর। ৪

গ. ডিসেম্বর মাসে নিট প্রদেয় বেতন নির্ণয় কর। ৪

**১১ ▸** সাগরিকা কোম্পানির উৎপাদন বিভাগ থেকে কাঁচামালসংক্রান্ত নিম্নলিখিত তথ্য পাওয়া যায়।

২০১৯

জানু. ১ প্রারম্ভিক উদ্বৃত্ত ৫০ কেজি, প্রতি কেজি ১০ টাকা দরে।

" ৮ কাঁচামাল ক্রয় ১০০ কেজি, প্রতি কেজি ১২ টাকা দরে।

" ১৪ কারখানায় ইস্যু ৬০ কেজি।

" ২০ কাঁচামাল ক্রয় ৮০ কেজি, প্রতি কেজি ১৩ টাকা দরে।

" ২৫ কারখানায় ইস্যু ১২০ কেজি।

ক. জানুয়ারি মাসে কত টাকার মাল ক্রয় করা হয়। ২

খ. FIFO পদ্ধতিতে একটি মাল খতিয়ান হিসাব তৈরি কর। ৪

গ. ক্রয়কৃত ও ইস্যুকৃত কাঁচামালের মূল্যের পার্থক্য নির্ণয় কর। ৪

## ৩৯ ✓ নোয়াখালী সরকারি মহিলা কলেজ

বিষয় কোড : 2 5 4

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। আর্থিক বিবরণী হতে **দুইটি** বাধ্যতামূলকসহ মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ তারা, ঝরা ও হীরা একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তাদের লাভ-লোকসান বণ্টনের অনুপাত ৩ ঃ ২ ঃ ১। ২০২০ সালের ১ জানুয়ারি তাদের মূলধনের উদ্বৃত্ত ছিল তারা ১,৫০,০০০ টাকা, ঝরা ১,০০,০০০ টাকা ও হীরা ৮০,০০০ টাকা। সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য ঝরা মাসিক ৩,০০০ টাকা বেতন পাবে যা তিনি হিসাবকাল শেষে উঠিয়ে নেন। মূলধন ও উত্তোলনের ওপর বার্ষিক ৫% হারে সুদ ধার্য করতে হবে। তারা, ঝরা ও হীরা সারা বছর যথাক্রমে ২০,০০০ টাকা, ১৫,০০০ টাকা এবং ১০,০০০ টাকা নগদ উত্তোলন করে। এছাড়াও হীরা ১,০০০ টাকার পণ্য উত্তোলন করেছে যা হিসাবভুক্ত হয়নি। তারা বছরের মাঝামাঝি সময়ে ২৫,০০০ টাকা কারবারে ঋণ হিসেবে আনয়ন করে। উপরিউক্ত সমন্বয়গুলো সাধনের পূর্বে ২০২০ সালে ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে কারবারের মুনাফা ১,৭০,০০০ টাকায় উপনীত হয়।

ক. তারার ঋণের সুদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. অংশীদারদের লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

২ ▸ রিয়া, পিয়া ও দিয়া একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তাদের লাভ-লোকসান বণ্টনের অনুপাত ২ ঃ ২ ঃ ১। ২০১৭ সালের ১ জানুয়ারি তাদের মূলধনের উদ্বৃত্ত ছিল যথাক্রমে ৪০,০০০ টাকা, ৩০,০০০ টাকা ও ২০,০০০ টাকা। সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য রিয়া ও পিয়া যথাক্রমে ৮০০ ও ১০০০ টাকা করে মাসিক বেতন পাবে। মূলধন ও উত্তোলনের ওপর বার্ষিক ১০% হারে সুদ ধার্য করতে হবে। সম্ভাব্য লাভের প্রত্যাশায় রিয়া প্রতি মাসের শুরুতে ৬০০ টাকা, পিয়া প্রতি মাসের মাঝে ৫০০ টাকা এবং প্রতি মাসের শেষে দিয়া ৪০০ টাকা নগদ উত্তোলন করেন। উপরিউক্ত সমন্বয়গুলো সাধনের পূর্বে কিন্তু রিয়ার বেতন ডেবিট করার পর কারবারের মুনাফা ৫০,০০০ টাকায় উপনীত হয়। রিয়া ব্যক্তিগতভাবে পিয়াকে এই মর্মে নিশ্চয়তা প্রদান করে যে বেতন, মূলধনের সুদ ও অন্যান্য সুবিধা ছাড়াও লাভের অংশ বাবদ বছরে কমপক্ষে ১৪,০০০ টাকা পাবে।

ক. অংশীদারদের মোট উত্তোলনের সুদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. অংশীদারদের লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৩ ▸ মেঘনা কোম্পানি লি. প্রতিটি ১০০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ার দ্বারা নিবন্ধিত হয়। কোম্পানি ১০% অধিহারে ৬০,০০০ শেয়ার বিক্রির উদ্দেশ্যে বিবরণপত্র ইস্যু করে। সর্বমোট ৭০,০০০ শেয়ারের আবেদন পাওয়া যায়। অতিরিক্ত আবেদনের অর্থ সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেওয়া হলো। শেয়ার প্রতি ০.৫০ টাকা করে অবলেখকের কমিশন ধার্য করা হলো।

ক. অবলেখকের কমিশনের পরিমাণ কত? ২

খ. কোম্পানির বইতে প্রয়োজনীয় দাখিলা দেখাও। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৪ ▸ যমুনা লিমিটেড এর অনুমোদিত মূলধন ১,০০,০০,০০০ টাকা। যা প্রতিটি ৫০ টাকা মূল্যের শেয়ারে বিভক্ত। কোম্পানি ৭০% শেয়ার বিক্রয়ের উদ্দেশ্যে ১০% অবহারে ইস্যু করে। ইস্যুকৃত শেয়ার অপেক্ষা ২০% অতিরিক্ত আবেদন পাওয়া গেল। অতিরিক্ত আবেদনের অর্থ সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেওয়া হলো। অবলেখকের কমিশন মূলধনের ২% হারে ধার্য হয়।

ক. শেয়ার অবহারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানির বইতে প্রয়োজনীয় দাখিলা দেখাও। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৫ ▸ চৈতালী লি.-এর ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক অবস্থার বিবরণী :

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৩,০০,০০০ | দালানকোঠা | ২,০০,০০০ |
| সংরক্ষিত আয় | ১০,০০০ | আসবাবপত্র | ৯০,০০০ |
| ৫% ঋণপত্র | ৮০,০০০ | যন্ত্রপাতি | ৯০,০০০ |
| প্রদেয় হিসাব | ৬৮,০০০ | সমাপনী মজুদ পণ্য | ৩৫,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ২০,০০০ | প্রাপ্য হিসাব | ৫৫,০০০ |
| | | নগদ জমা | ৩৮,০০০ |

প্রারম্ভিক মজুদ পণ্য ৩০,০০০ টাকা। বিক্রয় ৪,০০,০০০ টাকা। বিক্রিত পণ্যের ব্যয়ের ওপর মুনাফার হার ২০%।

ক. চলতি অনুপাত নির্ণয় কর। ২

খ. ত্বরিত অনুপাত এবং কার্যকরী মূলধন অনুপাত নির্ণয় কর। ৪

গ. মোট লাভ অনুপাত এবং মজুদ আবর্তন অনুপাত নির্ণয় কর। ৪

৬ ▸ ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রহিম লি.-এর উদ্বর্তপত্র ছিল নিম্নরূপ :

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৯,০০,০০০ | ভূমি ও দালান | ১০,০০,০০০ |
| আয় বিবরণী | ৩,০০,০০০ | আসবাবপত্র | ২,০০,০০০ |
| প্রদেয় হিসাব | ১,৫০,০০০ | প্রাপ্য হিসাব | ২,৫০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ১,০০,০০০ | মজুদ পণ্য | ২,২০,০০০ |
| প্রদেয় নোট | ৫০,০০০ | প্রাপ্য নোটস | ৩০,০০০ |
| ১২% ঋণ | ৩,০০,০০০ | নগদ তহবিল | ১,০০,০০০ |
| | ১৮,০০,০০০ | | ১৮,০০,০০০ |

সারা বছর কোম্পানির বিক্রয়ের পরিমাণ ছিল ৩০,০০,০০০ টাকা।

ক. দেনাদার আবর্তন অনুপাত নির্ণয় কর। ২

খ. চলতি অনুপাত ও তারল্য অনুপাত নির্ণয় কর। ৪

গ. সম্পত্তি আবর্তন অনুপাত ও দায় মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

৭ ▸ সাকিব কোম্পানির উৎপাদনসংক্রান্ত তথ্যাবলি নিম্নে দেওয়া হলো-

| বিবরণ | টাকা |
|---|---|
| ব্যবহৃত কাঁচামাল | ১,০০,০০০ |
| মজুরি | ৬২,০০০ |
| কারখানা উপরিব্যয় | ৫৪,০০০ |

| | |
|---|---|
| প্রশাসনিক খরচ | ৪৮,০০০ |
| বিক্রয় ও বিতরণ খরচ | ২০,০০০ |
| তৈরির মজুদ পণ্য (১-১-২০১৫) ৪,০০০ একক তৈরির | ২০,০০০ |
| মজুদ পণ্য (৩১-১২-২০১৫) ৮,০০০ একক | ? |
| বিক্রয় (২০,০০০ একক) | ৩,৮০,০০০ |

ক. উৎপাদিত পণ্যের একক নির্ণয় কর। ২

খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

গ. আয় বিবরণী প্রস্তুত কর। ৪

৮ ▸ মিতু কোম্পানির উৎপাদনসংক্রান্ত তথ্যাবলি নিম্নে দেওয়া হলো :

| বিবরণ | টাকা |
|---|---|
| ব্যবহৃত কাঁচামাল | ৮০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ৫০,০০০ |
| কারখানা উপরিব্যয় | ২০,০০০ |
| প্রশাসনিক উপরিব্যয় | ৩০,০০০ |

ক. প্রত্যক্ষ মজুরির সাথে কারখানা উপরিব্যয়ের শতকরা হার নির্ণয় কর। ২

খ. বিক্রয়ের ওপর ২০% লাভ ধরে উৎপাদন ব্যয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. দরপত্র বিবরণী তৈরি কর। যার কাঁচামাল ব্যয় ৩০,০০০ টাকা এবং প্রত্যক্ষ মজুরি ২০,০০০ টাকা। ৪

৯ ▸ রয়েল লিমিটেডের ২০২০ সালের মার্চ মাসের মজুদ বিভাগের তথ্য নিম্নরূপ :

মার্চ ১ প্রারম্ভিক উদ্বৃত্ত ১২০ একক, দর প্রতি একক ১০ টাকা।
" ৬ মাল ক্রয় ৬,০০০ একক, দর প্রতি একক ১০.২০ টাকা।
" ১১ মাল ইস্যু ৭১০ একক।
" ১৪ সরবরাহকারীর নিকট পণ্য ফেরত ৩০ একক।
" ১৮ ক্রয় ৮০০ একক, দর প্রতি একক ৯.৫০ টাকা।
" ২৪ মাল ইস্যু ৭৭০ একক।
" ২৬ ইস্যুকৃত মাল ফেরত ২০ একক।
" ৩১ সমাপনী মজুদ ৪০০ একক।

ক. ঘাটতি এককের পরিমাণ নির্ণয় কর। ২

খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান তৈরি কর। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান তৈরি কর। ৪

১০ ▸

**গোমতি লিমিটেডের**

**রেওয়ামিল**

২০১৮ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৪০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ১,৬০,০০০ | ২,৪০,০০০ |
| মজুরি (১০ মাস) | ১০,০০০ | |
| শেয়ার মূলধন (১৫,০০০ শেয়ার পূর্ণমূল্যে আদায়কৃত) | | ১,৫০,০০০ |
| বিমা সেলামি | ১২,০০০ | |
| জাহাজ ভাড়া | ১৫,০০০ | |
| ভাড়া আয় | | ৫,০০০ |
| বেতন | ১০,০০০ | |
| আসবাবপত্র | ১,০০,০০০ | |
| সুনাম | ৪০,০০০ | |
| রক্ষিত আয় | | ৮,০০০ |
| শেয়ার অধিহার | | ১০,০০০ |
| শেয়ার হস্তান্তর ফি | | ৭,০০০ |
| নগদ তহবিল | ২৮,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ১৫,০০০ | ১০,০০০ |
| | ৪,৩০,০০০ | ৪,৩০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ৩৫,০০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে; (২) শেয়ার মূলধনের ওপর ১০% হারে লভ্যাংশ ঘোষণা করতে হবে; (৩) ভাড়া ১,০০০ টাকা অগ্রিম পাওয়া গিয়েছে।

ক. লভ্যাংশের পরিমাণ নির্ণয় কর। ২

খ. হিসাবকাল শেষে কোম্পানির মোট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪

গ. সংরক্ষিত আয় বিবরণীর জের ১৫,০০০ টাকা ধরে কোম্পানির মালিকানাস্বত্ব নির্ণয় কর। ৪

১১ ▸ জনতা লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ৩,০০,০০০ টি সাধারণ শেয়ারে নিবন্ধিত হয়। ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিল প্রদত্ত হলো।

**জনতা লিমিটেডের**

**রেওয়ামিল**

২০১৮ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| ক্রয় | ৫,০০,০০০ | শেয়ার মূলধন (প্রতিটি ১০ টাকা মূল্যের ২,০০,০০০ শেয়ার) | ২০,০০,০০০ |
| প্রারম্ভিক মজুদ | ১০,০০,০০০ | | |
| মজুরি ও বেতন | ৩০,০০০ | | |
| বিজ্ঞাপন | ৫০,০০০ | উপভাড়া (১০ মাসের) | ৬০,০০০ |
| আন্তঃপরিবহন | ৮,০০০ | পাওনাদার | ৩০,০০০ |
| বহিঃপরিবহন | ৭,০০০ | বিক্রয় | ১২,০০,০০০ |
| দেনাদার | ২,০৫,০০০ | শেয়ার অধিহার | ১০,০০০ |
| হাতে নগদ | ১৫,০০,০০০ | | |
| | ৩৩,০০,০০০ | | ৩৩,০০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ পণ্য ৪,০০,০০০ টাকা যার বাজারমূল্য ৪,২০,০০০ টাকা; (২) মজুরি ও বেতন ৪,০০০ টাকা বকেয়া রয়েছে; (৩) বিজ্ঞাপনের অর্ধাংশ বিলম্বিত করতে হবে।

ক. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২

খ. মোট লাভ ৫৮,০০০ টাকা ধরে নিট লাভ নির্ণয় কর। ৪

গ. সংরক্ষিত আয় বিবরণী উদ্বৃত্ত ৯৮,০০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

## ৪০ স্কলার্সহোম, সিলেট

বিষয় কোড : 2 5 4

সময়—২ ঘন্টা ৩০ মিনিট **হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। আর্থিক বিবরণী হতে **দুইটি** বাধ্যতামূলকসহ মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ **বনিক লিমিটেড**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন | | ৫,০০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৬৩,৫০০ | |
| বিমা সেলামি | ২,৫০০ | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ১৫,০০০ | |
| সংরক্ষিত আয় (১-১-২১) | | ৪২,৫০০ |
| ১০% বিনিয়োগ (১-৪-২১) | ৫০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৭৭,৫০০ | ১,৬৭,৫০০ |
| আন্তঃপরিবহন | ২,০০০ | |
| মনিহারি | ৭,৫০০ | |
| বেতন | ২০,০০০ | |
| শুল্ক | ৪,০০০ | |
| অফিস সরঞ্জাম | ৩,০০,০০০ | |
| অনাদায়ি পাওনা | ৪,৫০০ | |
| ব্যাংক জমা | ১,৬৩,৫০০ | |
| | ৭,১০,০০০ | ৭,১০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ পণ্য ১৫,০০০ টাকা; (২) মোট অনাদায়ি পাওনার পরিমাণ হবে ৮,০০০ টাকা এবং সন্দেহজনক অনাদায়ি পাওনা সঞ্চিতি ১০% ধার্য করতে হবে; (৩) অব্যবহৃত মনিহারি ৮০০ টাকা; (৪) শেয়ারহোল্ডারদের জন্য ৫% লভ্যাংশ ঘোষণা করা হয়েছে; (৫) আয়কর সঞ্চিতি বাবদ ১০,০০০ টাকা রাখতে হবে।

ক. ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখে চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট মুনাফা ৬৫,০০০ টাকা ধরে নিট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখের মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▸ তিতাস কোম্পানি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ৪০,০০০ শেয়ারে বিভক্ত ৪,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়। ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে উক্ত কোম্পানির রেওয়ামিল ছিল নিম্নরূপ :

**তিতাস কোম্পানি লিমিটেডের রেওয়ামিল**
২০২১ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| হিসাবের নাম | ডেবিট টাকা | হিসাবের নাম | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক মজুদ | ৪০,০০০ | শেয়ার মূলধন (২৫,০০০ শেয়ার) | ২,৫০,০০০ |
| কলকব্জা | ২,০০,০০০ | শেয়ার অধিহার | ৩০,০০০ |
| বিনিয়োগ | ২,০০,০০০ | সাধারণ সঞ্চিতি | ৪০,০০০ |
| সুনাম | ১,০০,০০০ | অদাবিকৃত লভ্যাংশ | ১০,০০০ |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ১৫,০০০ | ঋণপত্র | ৬০,০০০ |
| প্রাপ্য হিসাব | ১,২০,০০০ | প্রদেয় হিসাব | ৫০,০০০ |
| ক্রয় (১৫% ভ্যাটসহ) | ২,৩০,০০০ | বিক্রয় (১৫% ভ্যাটসহ) | ৪,৬০,০০০ |
| ভ্যাট চলতি হিসাব | ৩৫,০০০ | রক্ষিত আয় বিবরণীর জের (১.১.২১) | ৪০,০০০ |
| | ৯,৪০,০০০ | | ৯,৪০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ মূল্যায়ন হয়েছে ৯৬,০০০ টাকা। উক্ত মজুদের মধ্যে ৬,০০০ টাকা মূল্যের আগুনে বিনষ্ট পণ্য অন্তর্ভুক্ত আছে এবং বিমা কোম্পানি ৪,০০০ টাকা ক্ষতিপূরণ দিতে রাজি আছে; (২) শেয়ার অধিহার সুনামের সাথে সমন্বয়পূর্বক অবলোপন করতে হবে; (৩) সাধারণ সঞ্চিতি বৃদ্ধি করে ৫০,০০০ টাকা করতে হবে; (৪) আয়কর সঞ্চিতি ১০,০০০ টাকা রাখতে হবে।

ক. ভ্যাট চলতি হিসাবের উদ্বৃত্তের পরিমাণ নির্ণয় কর। ২

খ. চলতি বছরের মোট মুনাফা নির্ণয় কর। ৪

গ. সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত ২,৫৯,০০০ টাকা ধরে ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

### খ বিভাগ

৩ ▸ জুবায়ের, ফারহান ও ফাহিম একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-লোকসান মূলধন অনুপাতে বণ্টন করে নেয়। ২০২১ সালের ১ জানুয়ারি তাদের মূলধনের উদ্বৃত্ত ছিল যথাক্রমে ১,০০,০০০ টাকা, ৬০,০০০ টাকা ও ৪০,০০০ টাকা। চুক্তি অনুযায়ী তাদের মূলধনের ওপর ১০% সুদ ধার্য করতে হবে। উক্ত বছরে ভাড়া বাবদ ২,৫০০ টাকা বকেয়া আছে। ফাহিম প্রতি মাসে ৫০০ টাকা বেতন পাবে। উক্ত বেতনের ১০০ টাকা জুবায়ের ও ২০০ টাকা ফারহান দিবে। এছাড়াও জুবায়ের ও ফারহান ফাহিমকে এই মর্মে নিশ্চয়তা প্রদান করে যে ফাহিম বেতন ছাড়াও লাভের অংশ বাবদ কমপক্ষে ১৫,০০০ টাকা পাবে।

সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০২১ সালের ৩১ ডিসেম্বর মুনাফার পরিমাণ ছিল ৯৪,৯০০ টাকা।

ক. অংশীদারদের মুনাফা বণ্টন অনুপাত নির্ণয় কর। ২

খ. অংশীদারদের লাভ-লোকসান আবণ্টন হিসাব কর। ৪

গ. ফারহান ও ফাহিমের মূলধন হিসাব তৈরি কর। ৪

৪ ▸ A, B ও C একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-লোকসান ৫ ঃ ৪ ঃ ৩ অনুপাতে বণ্টন করে নেয়। ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে বেতন উত্তোলন ও মুনাফার অংশ সমন্বয়ের পর তাদের মূলধনের উদ্বৃত্ত ছিল যথাক্রমে ৩,০০,০০০ টাকা, ২,০০,০০০ টাকা ও ১,০০,০০০ টাকা। পরবর্তীতে দেখা গেল মূলধন ও উত্তোলনের ওপর ৫% সুদ ধার্যকরণ বাদ পড়েছে। চুক্তি অনুযায়ী B প্রতি মাসে ১,০০০ টাকা ও C প্রতি মাসে ৫০০ টাকা বেতন পাবে। A প্রতি মাসের শুরুতে ২,০০০ টাকা, B প্রতি মাসের মাঝামাঝি ১,৫০০ টাকা ও C প্রতি মাসের শেষে ১,০০০ টাকা করে উত্তোলন করে। B বছরের মাঝামাঝি সময় ২০,০০০ টাকা অতিরিক্ত মূলধনস্বরূপ নিয়ে আসে।

অংশীদারদের বেতন সমন্বয়ের পর মুনাফার পরিমাণ ছিল ২,০০,০০০ টাকা।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. অংশীদারদের সমন্বিত লাভ-লোকসান হিসাব প্রস্তুত কর। ৪

গ. অংশীদারদের সমন্বিত মূলধন হিসাব তৈরি কর। ৪

৫ ▶ কাসেম কোম্পানি লি. প্রতিটি ১০০ টাকা মূল্যের ৮০,০০০ টি শেয়ার অনুমোদিত। কোম্পানি তার ৮০% শেয়ার বিক্রয়ের জন্য ১০% অধিহারে বিজ্ঞাপন প্রচার করে। ইস্যুকৃত শেয়ারের ১২০% আবেদন পাওয়া যায় এবং ১০০% শেয়ার বণ্টন করা হলো। শেয়ার দালালের কমিশন শেয়ার প্রতি ২ টাকা।

ক. মোট শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কাসেম কোম্পানির প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. কাসেম কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৬ ▶ তামিম কোম্পানির লি. প্রতিটি ৫০ টাকা মূল্যের ৫০,০০০ টি শেয়ার অনুমোদিত। কোম্পানি ৩০,০০০ শেয়ার ১০% অবহারে জনসাধারণের নিকট বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করে। কোম্পানি মোট ২৮,০০০ শেয়ারের আবেদন পায়। শেয়ার প্রতি ১ টাকা অবলেখকের কমিশন ও ০.৫০ টাকা করে ব্যাংক চার্জ প্রদান করে। এছাড়াও প্রতিটি ৫০ টাকা মূল্যের ৩,০০০ শেয়ারের বিনিময়ে একটি মেশিন ক্রয় করা হয়।

ক. অবলেখকের কমিশন ও ব্যাংক চার্জের পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৭ ▶ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে মুন্না কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী নিচে দেওয়া হলো :

**আর্থিক অবস্থার বিবরণী**

| দায় ও মূলধন | টাকা | সম্পত্তি | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৩,০০,০০০ | দালানকোঠা | ২,০০,০০০ |
| সংরক্ষিত আয় | ৯৮,০০০ | আসবাবপত্র | ১,৭৫,০০০ |
| প্রদেয় হিসাব | ১,৬০,০০০ | যন্ত্রপাতি | ১,২৫,০০০ |
| ১০% ঋণপত্র | ২,৪০,০০০ | মজুদ পণ্য | ১,০০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৯৫,০০০ | হাতে নগদ | ২,০০,০০০ |
| বকেয়া খরচ | ৭,০০০ | প্রাপ্য হিসাব | ৭০,০০০ |
| | | অগ্রিম খরচ | ৩০,০০০ |
| | ৯,০০,০০০ | | ৯,০০,০০০ |

উক্ত বছরে বিক্রয়ের পরিমাণ ৪,৫০,০০০ টাকা (৮০% ধারে)। বিক্রয়ের ওপর ২৫% হারে লাভে পণ্য বিক্রয় করে। প্রারম্ভিক মজুদ পণ্য ২০,০০০ টাকা।

ক. চলতি অনুপাত নির্ণয় কর। ২

খ. কার্যকরী মূলধন অনুপাত ও ত্বরিত অনুপাত নির্ণয় কর। ৪

গ. মন্তব্যসহ মজুদ আবর্তন অনুপাত ও প্রাপ্য হিসাবের আবর্তন অনুপাত নির্ণয় কর। ৪

৮ ▶ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে মিরাজ কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী নিচে দেওয়া হলো :

**আর্থিক অবস্থার বিবরণী**

| দায় ও মূলধন | টাকা | সম্পত্তি | টাকা |
|---|---|---|---|
| প্রদেয় নোট | ৬০,০০০ | মজুদ পণ্য | ১,৮০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৮০,০০০ | হাতে নগদ | ১,৫০,০০০ |
| রক্ষিত আয় | ১,৩০,০০০ | প্রাপ্য হিসাব | ২,০০,০০০ |
| বকেয়া মজুরি | ৫০,০০০ | প্রাথমিক খরচাবলি | ৪০,০০০ |
| শেয়ার মূলধন | ৩,০০,০০০ | দালানকোঠা | ২,২০,০০০ |
| সঞ্চিতি তহবিল | ১,২০,০০০ | আসবাবপত্র | ৮০,০০০ |
| প্রদেয় হিসাব | ১,৬০,০০০ | অগ্রিম বেতন | ৭০,০০০ |
| ১০% ঋণপত্র | ১,০০,০০০ | প্রাপ্য নোট | ৬০,০০০ |
| | ১০,০০,০০০ | | ১০,০০,০০০ |

উক্ত বছরে বিক্রয় ৮,০০,০০০ টাকা ও ক্রয় ২,০০,০০০ টাকা। কোম্পানি বিক্রীত পণ্যের ব্যয়ের ওপর ২৫% হার লাভে বিক্রয় করে। কোম্পানির পরিচালন ব্যয়ের পরিমাণ ৬০,০০০ টাকা।

ক. বিনিয়োজিত মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. নিট লাভ অনুপাত ও প্রদেয় হিসাবের আবর্তন অনুপাত নির্ণয় কর। ৪

গ. বিনিয়োজিত মূলধন আবর্তন অনুপাত ও বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত নির্ণয় কর। ৪

৯ ▶ জহির লিমিটেড এর উৎপাদন সম্পর্কিত তথ্য নিচে দেওয়া হলো :

| | |
|---|---|
| ব্যবহৃত কাঁচামাল | ৮০,০০০ টাকা |
| মজুরি | ৪০,০০০ টাকা |
| কারখানা উপরিব্যয় | ২০,০০০ টাকা |
| প্রশাসনিক উপরিব্যয় | ৮,০০০ টাকা |

উপরের তথ্যের ভিত্তিতে একটি দরপত্র নির্ধারণ করতে হবে যার কাঁচামাল ব্যয় ১০,০০০ টাকা; মজুরি ব্যয় ৬,০০০ টাকা এবং মোট ব্যয়ের ওপর ২০% মুনাফা করা হবে।

ক. বিক্রয়ের ওপর লাভের হার নির্ণয় কর। ২

খ. উৎপাদন ব্যয় বিবরণী তৈরি কর। ৪

গ. দরপত্র মূল্য নির্ধারণ কর। ৪

১০ ▶ জামিলা ও জাহানারার মজুরিসংক্রান্ত তথ্যাবলি নিম্নে প্রদত্ত হলো :

| বিবরণ | জামিলা | জাহানারা |
|---|---|---|
| মূল মজুরি | ১,০০,০০০ টাকা | ৮০,০০০ টাকা |
| বাড়িভাড়া ভাতা | ৪০% | ৪০% |
| মহার্ঘ ভাতা | ১০% | ১০% |
| ওভারটাইম | ৩০ ঘণ্টা | ২০ ঘণ্টা |
| চিকিৎসা ভাতা | ২০০ টাকা | ২০০ টাকা |
| ভবিষ্যৎ তহবিল (কন্ট্রিবিউটরি) | ১০% | ১০% |
| কল্যাণ তহবিল | ১% | ১% |
| অগ্রিম বেতন সমন্বয় | ৩০০ | |

উক্ত মাসে স্বাভাবিক কার্যঘণ্টা ৫০০ এবং স্বাভাবিক হারের ১.৫ গুণ হারে ওভারটাইম মজুরি দেওয়া হয়।

ক. জামিলা ও জাহানারার ভবিষ্যৎ তহবিলে কত টাকা জমা হবে? ২

খ. একটি মজুরি বিবরণী প্রস্তুত কর। ৪

গ. সংশ্লিষ্ট জাবেদা দাও। ৪

১১ ▶ তানিন কোম্পানি লি.-এর ২০২১ সালের ৩১ মার্চ মাসের মজুদসংক্রান্ত তথ্যসমূহ নিম্নরূপ ছিল :

| তারিখ | বিবরণ | একক | দর |
|---|---|---|---|
| ২০২১ | | | |
| মার্চ ১ | প্রারম্ভিক মজুদ | ১,০০০ | ৫.০০ |
| " ৭ | ক্রয় | ৮০০ | ৫.৫০ |
| " ১২ | বিক্রয় | ১,৩০০ | ৮.০০ |
| " ১৮ | বিক্রয় | ২০০ | ৯.০০ |
| " ২০ | ক্রয় | ৭০০ | ৬.০০ |
| " ২৯ | বিক্রয় | ৫০০ | ১০.০০ |
| " ৩১ | সমাপনী মজুদ | ২০০ | |

ক. ঘাটতি মালের পরিমাণ নির্ণয় কর। ২

খ. FIFO পদ্ধতিতে বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

গ. তানিন কোম্পানি লি.-এর নিট লাভ/ক্ষতি নির্ণয় কর। ৪

## ৪১ ✓ সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল

বিষয় কোড : 2 5 4

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। আর্থিক বিবরণী হতে **দুইটি** বাধ্যতামূলকসহ মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

**ক বিভাগ**

১ ▸ কনকর্ড কোম্পানি লি. প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ৪০,০০০ শেয়ারে বিভক্ত ৪,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়। ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিলটি নিম্নরূপ :

**কনকর্ড কোম্পানি লি.**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২০

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৪০,০০০ | শেয়ার মূলধন (প্রতিটি | |
| মজুরি | ১০,০০০ | ১০ টাকা করে) | ১,০০,০০০ |
| আসবাবপত্র | ৫০,০০০ | বিক্রয় (১৫% ভ্যাটসহ) | ৩,৪৫,০০০ |
| যন্ত্রপাতি | ৬০,০০০ | ৬% ঋণপত্র | ১,০০,০০০ |
| বেতন | ৪০,০০০ | সংরক্ষিত আয় (১.১.২০) | ৬,০০০ |
| সুনাম | ৩০,০০০ | সাধারণ সঞ্চিতি | ২০,০০০ |
| ভাড়া | ৩০,০০০ | অদাবিকৃত লভ্যাংশ | ৫,০০০ |
| ঋণের সুদ | ৬,০০০ | | |
| ক্রয় (১৫% ভ্যাটসহ) | ২,৩০,০০০ | | |
| প্রাপ্য হিসাব | ৫৫,০০০ | | |
| নগদ তহবিল | ৫,০০০ | | |
| আয়কর | ২০,০০০ | | |
| | ৫,৭৬,০০০ | | ৫,৭৬,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ২,০০,০০০ টাকায় মূল্যায়ন করা হলেও এর বাজারমূল্য ১,৫০,০০০ টাকা; (২) প্রাপ্য হিসাবের ৫,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ৫% সঞ্চিতি কাটতে হবে; (৩) মজুরি ৩,০০০ টাকা বকেয়া আছে। ভাড়া ১০,০০০ টাকা অগ্রিম প্রদান করা হয়েছে; (৪) আসবাবপত্র ও যন্ত্রপাতির ওপর ১০% অবচয় ধরতে হবে; (৫) সাধারণ সঞ্চিতি ২৫,০০০ টাকায় উন্নীত করতে হবে।

ক. ক্রয় ও বিক্রয় ভ্যাট গণনাপূর্বক ভ্যাট নির্ণয় কর। ২

খ. মোট লাভ নির্ণয় কর। ৪

গ. সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত ১,০০,০০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী তৈরির মাধ্যমে মালিকানাস্বত্ব ও মোট দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▸ কোরাল কোম্পানি লি.-এর ২০২০ সালের রেওয়ামিলটি নিম্নরূপ :

**কোরাল কোম্পানি লি.**
৩১ ডিসেম্বর, ২০২০

| হিসাবের নাম | ডেবিট টাকা | হিসাবের নাম | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১৭,০০০ | শেয়ার মূলধন (প্রতিটি | |
| শেয়ার দায় গ্রাহকের কমিশন | ৮,০০০ | ১০ টাকা মূল্যের | |
| ইজারা সম্পত্তি | ৬০,০০০ | ২০,০০০ শেয়ার) | ২,০০,০০০ |
| সুনাম | ৪৫,০০০ | প্রদেয় হিসাব | ২০,০০০ |
| কলকব্জা | ৬০,০০০ | ক্রয় ফেরত | ১,০০০ |
| প্রাপ্য হিসাব | ২০,০০০ | বিক্রয় | ৬৭,০০০ |
| মজুরি | ১৫,০০০ | সঞ্চিতি তহবিল | ২৪,০০০ |
| ক্রয় | ২৫,৭০০ | ১২% বন্ধকি ঋণ | ২৫,০০০ |
| বেতন | ১১,০০০ | (১.৯.২০) | |
| ব্যাংক জমা | ৫০,০০০ | | |
| আসবাবপত্র | ২৫,০০০ | | |
| আমদানি শুল্ক | ৩০০ | | |
| | ৩,৩৭,০০০ | | ৩,৩৭,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) ২৯ ডিসেম্বর তারিখে ১০,০০০ টাকার পণ্য আগুনে বিনষ্ট হয় যা বিমা দ্বারা নিশ্চিত করা ছিল না; (২) সমাপনী মজুদ পণ্য ৩৯,০০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে; (৩) কলকজার ওপর ১০% অবচয় ধার্য করতে হবে; (৪) সুনামের ১০% অবলোপন কর; (৫) প্রদেয় কমিশন ১,৩৭৫ টাকা; (৬) শেয়ার দায় গ্রাহকের কমিশন অর্ধেক অবলোপন কর।

ক. বন্ধকি ঋণের সুদ নির্ণয় কর। ২

খ. মোট লাভ ৫৩,০০০ টাকা ধরে বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. রক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত ২১,১২৫ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

**খ বিভাগ**

৩ ▸ আফজাল এবং কবির দুইজন সমান অংশীদার। ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে তারা যথাক্রমে ১,০০,০০০ ও ৯০,০০০ টাকা মূলধন নিয়ে ব্যবসায় শুরু করেন। চুক্তির শর্তানুযায়ী তারা কারবার থেকে ৮% হারে মূলধনের সুদ পাবেন। সারা বছর ধরে তারা প্রত্যেকে প্রতি মাসে ২,০০০ টাকা করে উত্তোলন করেন। এছাড়া উত্তোলনের ওপর ১০% হারে সুদ ধার্য করতে হবে। আফজাল, কবিরকে এই মর্মে নিশ্চয়তা প্রদান করেন যে, কবির বার্ষিক মুনাফা বাবদ ২৬,০০০ টাকার কম পাবেন না। উপর্যুক্ত সমন্বয়সাধন করার পূর্বে কারবারের মুনাফা ছিল ৮৫,০০০ টাকা।

ক. কবিরের উত্তোলনের সুদ নির্ণয় কর। ২

খ. উত্তোলনের সুদ, মূলধনের সুদ এবং বণ্টনযোগ্য মুনাফা/ক্ষতির জাবেদা দেখাও। ৪

গ. আফজালের মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৪ ▸ ক, খ ও গ একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-ক্ষতি ২ : ২ : ১ অনুপাতে বণ্টন করে। ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে উত্তোলন, মুনাফার অংশ এবং বেতন বাবদ প্রয়োজনীয় সমন্বয়সাধনের পর তাদের মূলধন ছিল যথাক্রমে ৮০,০০০, ৯০,০০০ এবং ৫৩,০০০ টাকা। পরবর্তীতে দেখা গেল, চুক্তি অনুযায়ী মূলধন ও উত্তোলনের ওপর বার্ষিক ১০% সুদ বাদ পড়েছে। তাদের উত্তোলন ছিল ১২,০০০, ১৪,০০০ এবং ১০,০০০ টাকা। ক এর বার্ষিক বেতন ১৫,০০০ টাকা ডেবিট করার পর কিন্তু অন্যান্য সমন্বয়গুলো সাধন করার পূর্বে কারবারের লাভের পরিমাণ ছিল ৫৮,০০০ টাকা। অংশীদারি ব্যবসায়ের মোট মূলধন ১,৬০,০০০ টাকা সংরক্ষণ করে লাভ-ক্ষতি বণ্টন অনুপাতে মূলধন সংরক্ষণ করতে তারা একমত হয়েছিলেন।

ক. প্রারম্ভিক মূলধন নির্ণয় কর। ২

খ. লাভ-ক্ষতি সমন্বয় হিসাব প্রস্তুত কর। ৪

গ. অংশীদারদের পুনঃসমন্বিত মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৫ ▶ বরিশাল ফার্মাসিউটিক্যালস কো. লি. এর অনুমোদিত মূলধন ১,০০,০০,০০০ টাকা যা প্রতিটি ১০ টাকা মূল্যের ১০,০০,০০০ শেয়ারে বিভক্ত। কোম্পানি অনুমোদিত মূলধনের ৮০% শেয়ার ১০% অবহারে বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করল। ইস্যুকৃত শেয়ারের চাইতে ১৫% অধিক আবেদনপত্র পেয়েছিল। অতিরিক্ত আবেদনের সম্পূর্ণই সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেওয়া হয়। সানরাইজ এ্যাসোসিয়েটস শেয়ার বিক্রয়ের দায়িত্ব গ্রহণ করায় তাদেরকে শেয়ার প্রতি ০.৫০ টাকা করে কমিশন বাবদ পরিশোধ করা হয়।

ক. সানরাইজ এ্যাসোসিয়েটসকে কমিশন বাবদ কত টাকা পরিশোধ করা হয়েছিল তা নির্ণয় কর। ২

খ. কোম্পানির হিসাবের বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৬ ▶ মুকুল কোম্পানি লি. প্রতিটি ১০০ টাকা মূল্যের ২০,০০০ শেয়ারে বিভক্ত মোট ২০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হলো। কোম্পানি ২০% অধিহারে অনুমোদিত শেয়ার মূলধনের ৭০% শেয়ার বিক্রয়ের উদ্দেশ্যে নিম্নোক্তভাবে প্রসপেক্টাস ইস্যু করে :

* কোম্পানি ২,৪০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করে এর মূল্য বাবদ ২,০০০ শেয়ার অধিহারসহ হস্তান্তরপূর্বক পরিশোধ করল।

* কোম্পানি অবশিষ্ট শেয়ারের জন্য ১২,০০০ আবেদনপত্র পেল।

ক. শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. কোম্পানির হিসাবের বইতে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৭ ▶ কীর্তনখোলা লি.-এর ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে আর্থিক অবস্থার বিবরণী নিম্নরূপ :

| সম্পদসমূহ | টাকা | মালিকানাস্বত্ব ও দায় | টাকা |
|---|---|---|---|
| স্থায়ী সম্পদ | ১৫,০০,০০০ | শেয়ার মূলধন | ১২,০০,০০০ |
| মজুদ পণ্য | ৪,০০,০০০ | সাধারণ সঞ্চিতি | ৪,০০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৩,০০,০০০ | ১০% ঋণ | ৫,০০,০০০ |
| নগদ তহবিল | ১,০০,০০০ | প্রদেয় হিসাব | ১,৫০,০০০ |
| অগ্রিম কর | ৩০,০০০ | ব্যাংক জমাতিরিক্ত | ১,৫০,০০০ |
| প্রাথমিক খরচ | ৭০,০০০ | | |
| | ২৪,০০,০০০ | | ২৪,০০,০০০ |

কোম্পানি বিক্রীত পণ্যের ব্যয়ের ওপর ২৫% লাভে পণ্য বিক্রয় করে। ২০২০ সালে বিক্রয়ের পরিমাণ ছিল ২৯,০০,০০০ টাকা এবং পরিচালন ব্যয় ১,৪৫,০০০ টাকা।

ক. চলতি সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. অগ্নি পরীক্ষা অনুপাত এবং দায়-মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

গ. মজুদ আবর্তন অনুপাত এবং বিক্রয়ের ওপর নিট মুনাফার অনুপাত নির্ণয় কর। ৪

৮ ▶ একটি অফিসের ৩ জন কর্মচারীর ২০২০ সালের মে মাসের বেতন সংক্রান্ত তথ্য নিম্নরূপ :

| বিবরণ | আলম | কালাম | বাবর |
|---|---|---|---|
| মূল বেতন | ১০,৫০০ | ৯,৫০০ | ৮,০০০ |
| বাড়িভাড়া (মূল বেতনের) | ৫০% | ৪০% | ৪০% |
| চিকিৎসা ভাতা (মূল বেতনের) | ৫% | ৫% | ৫% |
| মহার্ঘ ভাতা (মূল বেতনের) | ২৫% | ২০% | ১৫% |
| বোনাস (মূল বেতনের) | ২০% | ২০% | ২০% |
| প্রভিডেন্ড ফান্ড (মূল বেতনের) | ১০% | ১০% | ১০% |
| কল্যাণ তহবিল | ১০০ টাকা | ৭৫ টাকা | ৭৫ টাকা |
| আয়কর (মূল বেতনের) | ২% | ২% | ২% |

ক. প্রত্যেক কর্মচারীর মহার্ঘ ভাতার পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপরিউক্ত তথ্য হতে বেতন বিবরণী তৈরি কর। ৪

গ. বেতনসংক্রান্ত জাবেদা দাখিলা দেখাও। ৪

৯ ▶ কোনো একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানে ৪৮ ঘণ্টা সপ্তাহ অনুসরণ করা হয়। প্রতি ঘণ্টার প্রমাণ উৎপাদন ১০ একক এবং ঘণ্টাপ্রতি প্রমাণ মজুরি ৪০ টাকা। প্রতিষ্ঠানটির মজুরি প্রদানের পদ্ধতি নিম্নরূপ :

প্রমাণ উৎপাদনের ৯০% এর নিম্নে উৎপাদনের জন্য প্রমাণ মজুরির ৮০% প্রদান করা হবে। প্রমাণ উৎপাদনের ৯০% থেকে ১১০% পর্যন্ত উৎপাদনের জন্য প্রমাণ মজুরির ১০০% প্রদান করা হবে। প্রমাণ উৎপাদনের ১১০% এর উপরে উৎপাদনের জন্য প্রমাণ মজুরির ১২০% প্রদান করা হবে। সপ্তাহে শ্রমিকদের প্রকৃত উৎপাদনের পরিমাণ : কামাল ৪০০ একক, জামাল ৫০০ একক, সালমা ৫৩০ একক এবং জুয়েল ৫৫০ একক।

ক. সাপ্তাহিক প্রমাণ উৎপাদন এবং একক প্রতি স্বাভাবিক মজুরির হার নির্ণয় কর। ২

খ. সাপ্তাহিক প্রমাণ উৎপাদনের সাথে তুলনা করে শ্রমিকদের দক্ষতা পরিমাপ কর। ৪

গ. দক্ষতাভিত্তিক মজুরির ভিত্তিতে শ্রমিকদের মোট মজুরির পরিমাণ নির্ণয় কর। ৪

১০ ▶ করিম ম্যানুফ্যাকচারিং কোম্পানির উৎপাদনসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| কাঁচামালের মজুদ (১.১.২১) | ৩২,০০০ | কাঁচামালের মজুদ (৩০.৬.২১) | ২৫,০০০ |
| কাঁচামাল ক্রয় | ৭৭,০০০ | ক্রয়কৃত কাঁচামাল ফেরত | ৬,০০০ |
| উৎপাদন মজুরি | ১৪,০০০ | বকেয়া মজুরি | ৩,০০০ |
| কারখানার পরোক্ষ মজুরি | ৫,০০০ | অফিসের বেতন | ৮,০০০ |
| কাঁচামাল ক্রয়ের বহন খরচ | ৩,০০০ | বিক্রয় পরিবহন | ৪,০০০ |
| কারখানার ভাড়া | ৫,০০০ | কারখানার জ্বালানি | ৩,০০০ |
| যন্ত্রপাতি মেরামত | ৩,০০০ | যন্ত্রপাতির অবচয় | ৩,০০০ |
| অফিস খরচ | ৩,০০০ | অফিস ভাড়া | ৩,০০০ |
| বিজ্ঞাপন খরচ | ৩,০০০ | বিক্রয় | ১,৭২,০০০ |

ক. ব্যবহৃত কাঁচামালের ব্যয় নির্ণয় কর। ২

খ. উৎপাদিত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

গ. মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪

১১ ▶ রায়হান কোম্পানি এর ২০২০ সালের জুন মাসের কাঁচামাল ক্রয় এবং ইস্যুসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

জুন ১ উদ্বৃত্ত ২০০ একক, প্রতি একক ১০ টাকা।
" ৪ কাঁচামাল ক্রয় ১৫০ একক, প্রতি একক ১১ টাকা।
" ৮ কাঁচামাল ইস্যু ৩০০ একক।
" ১৫ কাঁচামাল ক্রয় ১৫০ একক, প্রতি একক ১২ টাকা।
" ২০ কাঁচামাল ইস্যু ১০০ একক।
" ২৫ কাঁচামাল ক্রয় ২০০ একক, প্রতি একক ১৩ টাকা।
" ২৬ ঘাটতি পাওয়া গেল ২০ একক।
" ৩০ কারখানা হতে ফেরত ২০ একক।

ক. জুন মাসের মোট ক্রয়ের পরিমাণ কত? ২

খ. ১, ৪, ৮ ও ২৬ তারিখের তথ্য ব্যবহার করে FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. ১, ৪, ২০ ও ২৫ তারিখের তথ্য ব্যবহার করে ভারযুক্ত পদ্ধতিতে একটি মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

Part 01

# এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

প্রশ্নের ধরন ও মানের ধারণার জন্য প্রদত্ত

## ৪২ আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

বিষয় কোড : 2 5 4

সময়– ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. কারখানার উপরিব্যয় বলতে বুঝায়–**
i. পণ্য নকশার ব্যয়
ii. কারখানার গ্যাস ও পানি
iii. কারখানা মেরামত ব্যয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২. প্রত্যক্ষ খরচ হলো–**
i. মেশিনের অবচয় ii. মেশিনের জ্বালানি
iii. মেশিনের ভাড়া
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M iii N i, ii ও iii

**৩. মুখ্য-ব্যয় নির্ণয়ের সঠিক সূত্র কোনটি?**
K প্রত্যক্ষ কাঁচামাল + প্রত্যক্ষ মজুরি + কারখানার উপরিব্যয়
L প্রত্যক্ষ কাঁচামাল + কারখানার উপরিব্যয় + অফিস উপরিব্যয়
M প্রত্যক্ষ কাঁচামাল + কারখানার মজুরি + প্রত্যক্ষ খরচ
N ব্যবহৃত কাঁচামাল ব্যয় + মজুরি ব্যয় + পরোক্ষ খরচ

**৪. ১৫টি চেয়ারের উৎপাদন ব্যয় ১৮,০০০ টাকা। যদি কোম্পানি বিক্রয়মূল্যের উপর ২০% মুনাফা করতে হয় তবে প্রতিটি চেয়ারের বিক্রয়মূল্য কত টাকা হবে?**
K ৯৬০ টাকা L ১,২০০ টাকা
M ১,১৪০ টাকা N ১,৫০০ টাকা

**৫. কোন পদ্ধতি পণ্যের মূল্যায়ন অপেক্ষা কম/বেশি হতে পারে?**
K FIFO L LIFO
M ভারযুক্ত গড় N স্থিরকৃত মূল্য

**৬. মজুত মূল্যায়নের পদ্ধতি হলো–**
i. কালান্তিক মজুদ পদ্ধতি
ii. শেষের মাল আগে ছাড়া
iii. আগের মাল আগে ছাড়ার পদ্ধতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৭. FIFO পদ্ধতির অসুবিধা হলো–**
i. উঠতি বাজারের সাথে অসঙ্গতিপূর্ণ
ii. অধিক মুনাফা প্রদর্শিত হয়
iii. অধিক আয়কর প্রদান করতে হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮. কালান্তিক মজুদ পদ্ধতিতে মজুদ মূল্যায়ন কীভাবে করা হয়?**
K প্রতি মাসের শেষে L প্রতি দিনের শেষে
M ৬ মাস অন্তর অন্তর
N মজুদ পণ্যের সাথে সম্পর্কিত লেনদেন সংঘটিত হলে

**৯. নিম্নের কোনটি আর্থিক সুবিধা নয়?**
K মহার্ঘ ভাতা L চিকিৎসা ভাতা
M চিকিৎসা সুবিধা N বোনাস

**১০. ভবিষ্যতে তহবিল কেন তৈরি করা হয়?**
K শ্রমিক ও কর্মচারীদের ভবিষ্যতের উন্নয়নের জন্য
L শ্রমিক ও মালিক সংঘ তৈরির জন্য
M শ্রমিক ও মালিক মিলে পরবর্তীতে ব্যবসা করার জন্য
N শ্রমিক ও মালিকের দূরত্ব কমানোর জন্য

■ **উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**
XYZ কোম্পানিতে রনি একজন কর্মকর্তা। তার মূল বেতন মাসিক ১০,০০০ টাকা। মহার্ঘ ভাতা ২০%, সাপ্তাহিক আপ্যায়ন ভাতা ২০০ টাকা। জুলাই মাসে মূল বেতনের সমপরিমাণ টাকা বোনাস হিসাবে পেয়েছিলেন।

**১১. মহার্ঘ ভাতার পরিমাণ কত?**
K ২,০০০ টাকা L ৩,০০০ টাকা
M ৩,৫০০ টাকা N ৪,০০০ টাকা

**১২. মাসে আপ্যায়ন ভাতার পরিমাণ কত টাকা?**
K ২০০ টাকা L ৩০০ টাকা
M ৬০০ টাকা N ৮০০ টাকা

**১৩. জুলাই মাসে বেতনের পরিমাণ কত টাকা?**
K ১০,০০০ টাকা L ১২,০০০ টাকা
M ১২,২০০ টাকা N ২২,৮০০ টাকা

**১৪. বিশদ আয় বিবরণীতে সর্বশেষ কী পাওয়া যায়?**
K মোট মুনাফা L অপরিচালন মুনাফা
M নিট মুনাফা N পরিচালন মুনাফা

**১৫. মুনাফাবিহীন বিক্রয় আয় বিবরণী প্রস্তুতকালে–**
i. ক্রয় থেকে বাদ দিতে হবে
ii. সমাপনী মজুদ হতে বাদ দিতে হবে
iii. বিক্রয় হতে বাদ দিতে হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৬. A ও B দু'জন অংশীদার। তারা ৩ : ২ অনুপাতে লাভ-ক্ষতি বন্টন করে। উক্ত বছরে মুনাফার পরিমাণ ৮০,০০০ টাকা। B এর মুনাফার অংশ কত?**
K ১৬,০০০ টাকা L ৩২,০০০ টাকা
M ৪৮,০০০ টাকা N ৮০,০০০ টাকা

■ **উদ্দীপকটি পড়ে নিচের দুটি প্রশ্নের উত্তর দাও :**
অরুণ, বরুণ ও কিরণ একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। প্রতি মাসের শুরুতে অরুণ ৫০০ টাকা, প্রতি মাসের মাঝামাঝি বরুণ ৫০০ টাকা এবং প্রতি মাসের শেষ তারিখে কিরণ ৩০০ টাকা উত্তোলন করে। উত্তোলনের উপর ১০% সুদ ধরতে হবে।

**১৭. অরুণ, বরুণ ও কিরণের মোট উত্তোলনের পরিমাণ কত?**
K ১,৩০০ টাকা L ৭,৮০০ টাকা
M ১৪,৮০০ টাকা N ১৫,৬০০ টাকা

**১৮. কিরণের উত্তোলনের সুদের পরিমাণ কত?**
K ১৬৫ টাকা L ৩০০ টাকা
M ৩৬০ টাকা N ৬০০ টাকা

**১৯. অংশীদারদের মূলধন স্থায়ী হলে তৈরি করতে হয়–**
i. লাভ-লোকসান হিসাব
ii. অংশীদারদের চলতি হিসাব
iii. অংশীদারদের মূলধন হিসাব
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২০. শেয়ার অবহার কোন ধরনের সম্পত্তি?**
K স্থায়ী সম্পত্তি L চলতি সম্পত্তি
M অলীক সম্পত্তি N স্পর্শনীয় সম্পত্তি

■ **উদ্দীপকটি পড়ে নিচের দুটি প্রশ্নের উত্তর দাও :**
মাহি লি.-এর অনুমোদিত মূলধন ৫০,০০০ টাকা। প্রতিটি ১০ টাকা মূল্যের ৫,০০০ শেয়ারে বিভক্ত। কোম্পানি ৫% অবহারে ৩,৫০০ শেয়ার ইস্যু করে।

**২১. কোম্পানির মোট আদায়কৃত মূলধনের পরিমাণ কত?**
K ৫,০০০ টাকা L ৪৭,৫০০ টাকা
M ৩৫,০০০ টাকা N ৩৩,২৫০ টাকা

**২২. কোম্পানি অবহারে শেয়ার ইস্যু করলে অবহারের পরিমাণ আর্থিক অবস্থার বিবরণীতে কোন হিসাবখাতকে প্রভাবিত করবে?**
K স্থায়ী সম্পদ L ভুয়া সম্পদ
M মালিকানাস্বত্ব N দীর্ঘমেয়াদি দায়

**২৩. একটি শেয়ারের অভিহিত মূল্য ও বিক্রয়মূল্যের পার্থক্যকে বলা হয়–**
i. শেয়ার অধিহার ii. শেয়ার বাট্টা
iii. মূলধন সঞ্চিতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২৪. দায় মালিকানা অনুপাত কী নির্দেশ করে?**
K চলতি দায় পরিশোধ ক্ষমতা
L দীর্ঘমেয়াদি দায় পরিশোধ ক্ষমতা
M মুনাফা অর্জন ক্ষমতা
N মূলধন ব্যবহারের ক্ষমতা

■ **উদ্দীপকটি পড়ে নিচের দুটি প্রশ্নের উত্তর দাও :**
বিক্রয় ৬,০০,০০০ টাকা, মোট লাভ ২,৭০,০০০ টাকা, বিক্রয় ফেরত ৪০,০০০ টাকা, বিক্রয় বাট্টা ২০,০০০ টাকা, নিট লাভ ১,২০,০০০ টাকা।

**২৫. নিট বিক্রয়ের পরিমাণ কত?**
K ৫,০০,০০০ টাকা L ৫,৪০,০০০ টাকা
M ৬,৬০,০০০ টাকা N ৬,৮০,০০০ টাকা

**২৬. মোট লাভের অনুপাত কত?**
K ২০% L ৩০% M ৪০% N ৫০%

**২৭. কোনটি দ্বারা স্বল্পমেয়াদি ঋণ পরিশোধের ক্ষমতা যাচাই করা হয়?**
K সম্পদ আবর্তন অনুপাত
L শেয়ার মূলধন অনুপাত
M মোট খরচ N তারল্য অনুপাত

**২৮. ভ্যাট চলতি হিসাবের ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করে–**
K দায় L ব্যয় M আয় N সম্পদ

**২৯. দায় গ্রাহকের কমিশন আর্থিক অবস্থার বিবরণীর কোথায় দেখাতে হয়?**
K বিশদ আয় বিবরণীতে
L সংরক্ষিত আয় বিবরণীতে
M আর্থিক অবস্থার বিবরণীতে সম্পদ পাশে
N আর্থিক অবস্থার বিবরণীর দায় পাশে

**৩০. অলীক সম্পদ হলো–**
i. অবলেখকের দস্তুরি ii. প্রাথমিক খরচ
iii. সুনাম
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | N | ৩ | N | ৪ | N | ৫ | M | ৬ | K | ৭ | N | ৮ | M | ৯ | M | ১০ | K | ১১ | K | ১২ | N | ১৩ | N | ১৪ | M | ১৫ | L |
| ১৬ | L | ১৭ | N | ১৮ | K | ১৯ | N | ২০ | M | ২১ | M | ২২ | L | ২৩ | K | ২৪ | L | ২৫ | L | ২৬ | N | ২৭ | N | ২৮ | N | ২৯ | M | ৩০ | K |

## ৪৩ মোহাম্মদপুর প্রিপারেটরি স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 5 4

### হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়— ৩০ মিনিট পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. অংশীদারি ব্যবসায় সদস্য সর্বোচ্চ কতজন?**
K ২ L ৭
M ২০ N ১৫

**২. কোন পদ্ধতিতে আগে ক্রয়কৃত চালান বিক্রয় হয়?**
K ভারযুক্ত গড় L ফাইফো
M লাইফো N বিন কার্ড

**৩. মজুদ পণ্যের সংরক্ষণ পদ্ধতি কয়টি?**
K ২ L ৩
M ৪ N ৫

**৪. চুক্তি না থাকলে অংশীদারি ব্যবসায় মুনাফা বণ্টিত হয়?**
K ১ ঃ ১ L ২ ঃ ১
M ৩ ঃ ২ ঃ ১ N ৩ ঃ ২

**৫. সংরক্ষিত আয় বিবরণীতে নিচের কোনটি যাবে?**
K অন্তর্বর্তীকালীন লভ্যাংশ
L বেতন
M শেয়ার মূলধন
N অবহার

**৬. কার্যকরী মূলধন কী?**
K মূলধন বাদ উত্তোলন
L মজুদ যোগ মনিহারি
M চলতি সম্পদ বাদ চলতি দায়
N পরিচালন মুনাফা

■ **উদ্দীপকটি পড়ে ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও :**
শেয়ার মূলধন ২০,০০০ টাকা, যন্ত্রপাতি ৫,০০০ টাকা। যন্ত্রপাতি উপর ৫% হারে অবচয় ধার্য করতে হবে এবং ১০% লভ্যাংশ ঘোষণা করতে হবে।

**৭. ঘোষিত লভ্যাংশ কত?**
K ১৯,০০০ L ১,৯০০
M ২,০০০ N ২,২০০

**৮. ক্রমহ্রাসমান হারে অবচয় ধার্য হলে ২য় বছরের অবচয় কত?**
K ২৩৮ L ৪০০
M ৪৫০ N ৫৫০

**৯. কোন অনুপাত সচ্ছলতা নির্দেশক অনুপাত?**
K চলতি L মুনাফার হার
M ঋণ মূলধন N দ্রুত

**১০. অংশীদারি ব্যবসায়ে ঋণের উপর সুদ প্রদান কত সালে বাধ্যতামূলক করা হয়েছে?**
K ১৯১৩ L ১৯৩২
M ১৯৮৪ N ১৯৯৪

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
রিণা লি.-এর নগদ ৩,০০০ টাকা, ব্যাংক জমা ১,০০০ টাকা, সমাপনী মজুদ ১,০০০ টাকা, দেনাদার ১,০০০ টাকা, পাওনাদার ২,০০০ টাকা, প্রদেয় বিল ১,০০০ টাকা।

**১১. চলতি সম্পদের পরিমাণ কত টাকা?**
K ৪,০০০ L ৫,০০০
M ৩,০০০ N ৬,০০০

**১২. চলতি দায়ের পরিমাণ কত টাকা?**
K ১,০০০ L ২,০০০
M ৩,০০০ N ৪,০০০

**১৩. শেয়ার বিক্রির সময় "বাট্টা" কী অর্থ প্রকাশ করে?**
K কম মূল্যে বিক্রয় L বেশি মূল্যে বিক্রয়
M সমহারে বিক্রয় N কম মূল্যে ক্রয়

**১৪. বাংলাদেশে কয়টি শেয়ারবাজার আছে?**
K ২ L ৫
M ৪ N ৩

**১৫. অবহার কী জাতীয় হিসাব?**
K মূলধন
L মুনাফা
M বিলম্বিত মুনাফা
N বিলম্বিত মূলধন আয়

**১৬. মূলধনের ক্ষুদ্র অংশকে কী বলে?**
K শেয়ার L স্টক
M ঋণপত্র N বন্ড

**১৭. শেয়ার সনদ কত দিনের মধ্যে প্রদান করতে হয়?**
K ৬০ L ৪৫
M ৭৫ N ৯০

**১৮. চলতি অনুপাতের আদর্শ শিল্পগড় মান কত?**
K ৩ ঃ ১ L ২ ঃ ২
M ২ ঃ ১ N ৪ ঃ ১

**১৯. করিম, রহিম, মাসুম ৩ জন অংশীদার, মুনাফা হয় ৬০,০০০ টাকা। বণ্টন হার ১/২, ১/৩, ১/৬ হলে, মাসুম কত টাকা পায়?**
K ১০,০০০ L ২০,০০০
M ৩০,০০০ N ৪০,০০০

**২০. দরপত্র বিবরণী হতে পারে—**
i. একক দরপত্র
ii. সীমিত দরপত্র
iii. দৈত দরপত্র
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২১. কারখানা ব্যয় কোন ব্যয়ের সমষ্টি—**
i. মুখ্য ব্যয়
ii. প্রত্যক্ষ ব্যয়
iii. কারখানা ব্যয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
প্রতি একক উৎপাদন সময় ৬ মিনিট, ঘণ্টা প্রতি নিয়মিত মজুরি ৪০ টাকা। প্রমাণ উৎপাদনের নিম্নে কার্যহার ৮০%, কার্যঘণ্টা প্রতি দিন ৬ ঘণ্টা সপ্তাহে ৬ দিন কাজ হয়।

**২২. সাপ্তাহিক প্রমাণ কাজের সময় কত ঘণ্টা?**
K ৩৬ L ৪৮
M ৫০ N ৫৬

**২৩. প্রমাণ উৎপাদনের নিম্ন মজুরি হার কত?**
K ৩.২০ L ৪.০০
M ৪.৮০ N ৪০

**২৪. পণ্যের উপর কত ভাগ ভ্যাট ধরা হয়?**
K ১৫% L ২০%
M ১০% N ইচ্ছেমতো

**২৫. মূল মজুরি ১,০০০ টাকা, মহার্ঘ ভাতা মূল মজুরির ৮%, মূল মজুরির ১০% বসবাস ভাতা হলে মোট উপার্জন কত?**
K ১,০০০ L ১,১৮০
M ১,৮০০ N ১,১০০

**২৬. অনুপাত কী?**
K দুটি রাশির যোগফল
L দুটি রাশির গুণফল
M দুটি রাশির ভাগফল
N দুটি রাশির বিয়োগফল

**২৭. বিন কার্ডে কী তথ্য থাকে?**
K পণ্যের মূল্য
L বাট্টার পরিমাণ
M বিক্রয়ের পরিমাণ
N পণ্য আগমন ও নির্গমন তথ্য

**২৮. অবিরত তালিকা পদ্ধতিতে মজুদ পণ্যের হিসাব রাখা হলে মালের পরিমাণের তথ্য কখন জানা যায়?**
K মাস শেষে L তিন মাস পর
M বছর শেষে N যেকোনো সময়

**২৯. অংশীদারদের কারবারে বকেয়া খরচ বাবদ দায় হিসাবভুক্তকরণ বাদ পড়লে—**
i. কারবারের মুনাফা বৃদ্ধি
ii. অংশীদারদের মূলধন বৃদ্ধি পাবে
iii. কারবারের সম্পদ বৃদ্ধি পাবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৩০. অবলেখক কে?**
K যে কোম্পানির শেয়ার প্রচার করে
L যে কোম্পানির শেয়ার প্রচার লেখে
M যে কোম্পানির শেয়ার বিক্রয় করে
N যে কোম্পানির শেয়ার ক্রয় করে

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | L | ৩ | K | ৪ | K | ৫ | K | ৬ | M | ৭ | M | ৮ | K | ৯ | M | ১০ | L | ১১ | N | ১২ | M | ১৩ | K | ১৪ | K | ১৫ | K |
| ১৬ | K | ১৭ | N | ১৮ | M | ১৯ | K | ২০ | K | ২১ | M | ২২ | K | ২৩ | K | ২৪ | K | ২৫ | L | ২৬ | M | ২৭ | N | ২৮ | N | ২৯ | K | ৩০ | M |

## ৪৪ সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

বিষয় কোড : 2 5 4

সময়— ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. শেয়ার মালিকগণ ব্যবসায় থেকে অর্জন করে কোনটি?**
K মুনাফা L সুদ M লভ্যাংশ N আয়

**২. যখন মজুরি অনুমোদিত হয় তখন উহা লিপিবদ্ধকরণে—**
i. মজুরি হিসাব ডেবিট
ii. প্রদেয় মজুরি হিসাব ক্রেডিট
iii. অগ্রিম মজুরি হিসাব ক্রেডিট
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩. কোম্পানির জন্ম সনদ কোনটি?**
K পরিমেল নিয়মাবলি L নিবন্ধনপত্র
M কার্যারম্ভের অনুমতিপত্র N সংঘস্মারক

**৪. কোন ধরনের শেয়ারের মূল্য নির্দিষ্ট সময় শেষে ফেরতযোগ্য?**
K বোনাস শেয়ার L সাধারণ শেয়ার
M রাইট শেয়ার N অগ্রাধিকার শেয়ার

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
চাঁদ তারা বেভারেজ লি. ১২,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন প্রতিটি ১০০ টাকা মূল্যের ১২,০০০ শেয়ারে বিভক্ত। কোম্পানি ১০% অধিহারে শেয়ার বিলির বিবরণপত্র প্রচার করে। ১০,০০০ শেয়ারের আবেদনপত্র পাওয়া গেল এবং যথাসময়ে বিলি করা হলো।

**৫. চাঁদ-তারা বেভারেজ লিমিটেডের শেয়ার অধিহারের পরিমাণ কত?**
K ১০,০০০ টাকা L ১,০০,০০০ টাকা
M ১,২০,০০০ টাকা N ১১,০০,০০০ টাকা

**৬. চাঁদ-তারা বেভারেজ লিমিটেড কখন অধিহারে শেয়ার বিলি করতে পারে?**
K প্রচুর মুনাফা অর্জন ও সুনাম বৃদ্ধি
L বহির্দায় মেটানোর জন্য
M কোম্পানির আকর্ষণ বৃদ্ধির জন্য
N আর্থিক অবস্থা উন্নয়নের জন্য

**৭. মাল খতিয়ান হতে জানা যায়—**
i. প্রাপ্ত মালের পরিমাণ, দর ও মূল্য
ii. উদ্বৃত্ত মালের পরিমাণ, দর ও মূল্য
iii. ইস্যুকৃত মালের পরিমাণ, দর ও মূল্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮. বিন কার্ড সংরক্ষণ করেন কে?**
K গুদামরক্ষক L ফোরম্যান
M ক্যাশিয়ার N হিসাবরক্ষক

**৯. কালান্তিক মজুদ পদ্ধতিতে কখন সমাপনী মজুদ পণ্যের পরিমাণ নির্ণয় করা হয়?**
K হিসাবকালের শুরুতে L হিসাবকালের শেষে
M ক্যাশিয়ার N হিসাবরক্ষক

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
নিটল মেশিন টুলস ফ্যাক্টরিতে একজন শ্রমিক জনাব রিয়াজ ঘণ্টা প্রতি ১০ টাকা হারে মজুরি পায়। প্রমাণ সময় প্রতিদিন ৮ ঘণ্টা। তিনি সাপ্তাহিক (৬ দিন) ৫৬ কর্মঘণ্টা কাজ মজুরি পায়। তিনি ওভারটাইম মজুরি পায় মূলমজুরি হারের দ্বিগুণ। তার মূল মজুরি হতে ১০% প্রভিডেন্ট ফান্ডে জমা দেন এবং নিয়োগকর্তাও সমপরিমাণ টাকা জমা দেন।

**১০. শ্রমিক রিয়াজের মূল মজুরি কত টাকা?**
K ৪০০ L ৫৬০ M ৫০০ N ৪৮০

**১১. শ্রমিক রিয়াজের ওভারটাইম মজুরি কত টাকা?**
K ২২০ L ১৬০ M ৮০ N ১২০

**১২. শীলা ও নীলা কারবারের মুনাফা ২ : ১ অনুপাতে বণ্টন করে থাকে। তাদের মূলধনের সমাপনী জের যথাক্রমে ১,৮০,০০০ টাকা ও ১,০০,০০০ টাকা। বছর শেষে নিট লাভ ৪৫,০০০ টাকা। শীলা ও নীলার প্রারম্ভিক মূলধন কত টাকা?**
K ১০,০০০ ও ৮,৫০০
L ১,৫০,০০০ ও ৮৫,০০০
M ২,১০,০০০ ও ১,১৫,০০০
N ২,০০,০০০ ও ১,১৫,০০০

**১৩. অংশীদারি কারবারের বকেয়া খরচ বাবদ দায় হিসাবভুক্তি বাদ পড়লে—**
i. কারবারের মুনাফা বৃদ্ধি পাবে
ii. অংশীদারের মূলধন বৃদ্ধি পাবে
iii. কারবারে সম্পদ বৃদ্ধি পাবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
নিশাত, মুসা ও ফৌজিয়া একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। কারবারের লাভ-লোকসানের ১/২ নিশাত, ১/৩ অংশ মুসা এবং ১/৬ অংশ ফৌজিয়া পায়। নিশাত ও মুসা যৌথভাবে ফৌজিয়াকে এই মর্মে নিশ্চয়তা প্রদান করেছে যে, ফৌজিয়া লাভের অংশ বাবদ কমপক্ষে ২৫,০০০ টাকা পাবে। বছর শেষে কারবারের লাভের পরিমাণ দাঁড়ায় ১,২০,০০০ টাকা।

**১৪. নিশাত মুসা ও ফৌজিয়ার লাভ-লোকসান বণ্টন অনুপাত কত?**
K ২ : ৩ : ৬ L ৬ : ৩ : ২
M ১ : ২ : ৩ N ৩ : ২ : ১

**১৫. ফৌজিয়ার নিশ্চয়তার অর্থ ঠিক রাখতে নিশাতকে কত টাকা ছাড় দিতে হবে?**
K ২,০০০ টাকা L ২,৫০০ টাকা
M ৩,০০০ টাকা N ৫,০০০ টাকা

**১৬. চুক্তিপত্রে উল্লেখ না থাকলেও অংশীদারগণ নিচের কোনটির অধিকারী হবেন?**
K প্রদত্ত ঋণের উপর সুদ
L বিনিয়োজিত মূলধনের উপর সুদ
M ব্যবস্থাপনার জন্য মাসিক বেতন
N বিক্রয় বৃদ্ধির উপর কমিশন

**১৭. সান ও মুনের লাভ-ক্ষতি বণ্টন অনুপাত ২ : ১। স্টারকে নতুন অংশীদার হিসাবে কারবারের লাভের ১/৪ অংশ প্রদান করা হলে তাদের কারবারের লাভ-ক্ষতি বণ্টন অনুপাত কত হবে?**
K ৩ : ১ : ১ L ২ : ২ : ১
M ২ : ১ : ১ N ১ : ১ : ১

**১৮. স্থায়ী মূলধন পদ্ধতিতে অংশীদারদের কমিশন দেখাতে হবে—**
i. লাভ-লোকসানের আবণ্টন হিসাবে ডেবিট
ii. অংশীদারদের মূলধন হিসাবে ক্রেডিট
iii. অংশীদারদের চলতি হিসাবে ক্রেডিট
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯. মুনাফাবিহীন পণ্য বিক্রয় বাদ দিতে হয়—**
i. সমাপনী মজুদ থেকে
ii. ক্রয় থেকে
iii. বিক্রয় থেকে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২০. ১৫% ভ্যাটসহ পণ্য ক্রয় ৩৬,৫০০ টাকা এবং ক্রয় ফেরত ২,০০০ টাকা হলে ক্রয় ভ্যাটের পরিমাণ কত টাকা?**
K ৪,৫০০ টাকা L ৫,১৭৫ টাকা
M ৫,৪৭৫ টাকা N ৫,৭৭৫ টাকা

**২১. ১ টাকার ভ্যাট ফ্যাক্টর কত?**
K ১৫/১০০ L ৩/২৩ M ২/৩০ N ৩/২৭

■ **উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
মমতা লিমিটেড এর ২০১৮ সালের বিক্রয় ১,৮০,০০০ টাকা, প্রারম্ভিক মজুদ পণ্য ৩৬,০০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ৩০,০০০ টাকা এবং বিক্রীত পণ্যের ব্যয় ১,৩০,০০০ টাকা।

**২২. মমতা লিমিটেড এর ক্রয় কত?**
K ১,২৪,০০০ টাকা L ১,৩০,০০০ টাকা
M ১,৩৬,০০০ টাকা N ১,৯৬,০০০ টাকা

**২৩. সমাপনী মজুদ পণ্য ৩৪,০০০ টাকা হলে এর প্রভাব—**
i. ক্রয়ের পরিমাণ বৃদ্ধি পাবে
ii. ক্রয়ের পরিমাণ হ্রাস পাবে
iii. মোট আয় অপরিবর্তিত থাকবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৪. এক্সিম লিমিটেডের সমাপনী মজুদ পণ্য ৫০,০০০ টাকা মূল্যায়নের পর ১০,০০০ টাকার পণ্য আগুনে বিনষ্ট হয়ে যায়। দফাটিকে সমন্বয় করতে হবে—**
i. সমাপনী মজুদ থেকে ১০,০০০ টাকা বাদ দিয়ে
ii. আগুনে বিনষ্ট পণ্য হিসাবে ১০,০০০ টাকা দেখিয়ে
iii. আগুনে বিনষ্টজনিত ক্ষতি হিসাবে ১০,০০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৫. চলতি অনুপাত ২ : ১, ত্বরিত অনুপাত ২.৫ : ১ ও চলতি সম্পদ ১,০০,০০০ টাকা হলে ব্যাংক জমাতিরিক্ত কত টাকা?**
K ৬০,০০০ টাকা L ৫০,০০০ টাকা
M ৪০,০০০ টাকা N ১০,০০০ টাকা

**২৬. বিলম্বিত বিজ্ঞাপন কোন ধরনের সম্পদ?**
K চলতি L স্থায়ী
M কাল্পনিক N অস্পর্শনীয়

**২৭. মূলধন গিয়ারিং অনুপাত হলো—**
K ব্যবসায় কার্যকলাপ অনুপাত
L তারল্য অনুপাত
M সচ্ছলতা অনুপাত
N মুনাফা অর্জন ক্ষমতা অনুপাত

**২৮. পারস্পরিক তুলনাযোগ্য দুটি ঘটনার সংখ্যাত্মক প্রকাশকে কী বলে?**
K ব্যবসায় বিশ্লেষণ L হিসাব বিশ্লেষণ
M অনুপাত বিশ্লেষণ N মুনাফা বিশ্লেষণ

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
একটি আর্থিক অবস্থার বিবরণী দফাসমূহ নিম্নরূপ :
মজুদ পণ্য ৬০,০০০ টাকা, হাতে নগদ ৩০,০০০ টাকা; আসবাবপত্র ৫০,০০০ টাকা; প্রাপ্য হিসাব ২৫,০০০ টাকা; প্রদেয় হিসাব ৩০,০০০ টাকা; অফিস সরঞ্জাম ৮০,০০০ টাকা; ব্যাংক জমাতিরিক্ত ২০,০০০ টাকা; ব্যাংক ঋণ ৭৫,০০০ টাকা; প্রদেয় নোট ২০,০০০ টাকা এবং অনুপার্জিত আয় ২০,০০০ টাকা।

**২৯. চলতি সম্পত্তির পরিমাণ কত হবে?**
K ২,৪৫,০০০ টাকা L ১,৬৫,০০০ টাকা
M ১,১৫,০০০ টাকা N ৯০,০০০ টাকা

**৩০. চলতি মূলধনের পরিমাণ কত হবে?**
K ১,৬৫,০০০ টাকা L ১,৫৫,০০০ টাকা
M ৮০,০০০ টাকা N ২৫,০০০ টাকা

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | K | ৩ | L | ৪ | N | ৫ | L | ৬ | K | ৭ | N | ৮ | K | ৯ | L | ১০ | N | ১১ | L | ১২ | L | ১৩ | K | ১৪ | N | ১৫ | M |
| ১৬ | K | ১৭ | M | ১৮ | L | ১৯ | M | ২০ | K | ২১ | L | ২২ | K | ২৩ | L | ২৪ | N | ২৫ | N | ২৬ | M | ২৭ | M | ২৮ | M | ২৯ | M | ৩০ | N |

## ৪৫ বি এ এফ শাহীন কলেজ, যশোর

বিষয় কোড : 2 5 4

সময়– ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. অংশীদারদের মূলধন হিসাব সংরক্ষণের পদ্ধতি কয়টি?**
K ২টি L ৩টি
M ৪টি N ৫টি

**২. অংশীদারি কারবারের ক্ষেত্রে প্রত্যেক মাসের শেষ তারিখে নগদ উত্তোলন করলে কত মাসের সুদ ধরতে হয়?**
K ৫ মাসের L ৫.৫ মাসের
M ৬ মাসের N ৬.৫ মাসের

**৩. ১৫% হারে ১ বছরের বিনিয়োগের সুদ পাওয়া গেল ৯,০০০ টাকা। বিনিয়োগের পরিমাণ কত?**
K ৫০,০০০ টাকা L ৬০,০০০ টাকা
M ৯০,০০০ টাকা N ১,২০,০০০ টাকা

**৪. অংশীদারদের মূলধন স্থায়ী থাকলে লাভ-ক্ষতির অংশ, মূলধনের সুদ ও উত্তোলনের সুদ লিপিবদ্ধ হবে—**
K চলতি হিসাবে L মূলধন হিসাবে
M উত্তোলন হিসাবে N বণ্টন হিসাবে

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
মালি, জলি ও পলি যথাক্রমে ২,০০,০০০ টাকা, ১,০০,০০০ টাকা এবং ৩,০০,০০০ টাকা মূলধন নিয়ে ব্যবসায় শুরু করেন। জলি মাসে ২,৫০০ টাকা বেতন পাবে। মূলধনের উপর ১০% হারে সুদ ধরতে হবে। উপরিউক্ত সমন্বয় সাধনের পূর্বে কারবারের মুনাফা ছিল ১,৫০,০০০ টাকা।

**৫. অংশীদারগণের মূলধনের সুদের সমষ্টি কত?**
K ২০,০০০ টাকা L ৩০,০০০ টাকা
M ৫০,০০০ টাকা N ৬০,০০০ টাকা

**৬. উক্ত ব্যবসায়ের বণ্টনযোগ্য মুনাফা কত হবে?**
K ৬০,০০০ টাকা L ৭০,০০০ টাকা
M ৮০,০০০ টাকা N ৯০,০০০ টাকা

**৭. বাংলাদেশের শেয়ারবাজার নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান কোনটি?**
K BSCE L BILO
M BSEC N BWHO

**৮. যখন কোম্পানি নিজের শেয়ার ক্রয় করে, তখন তাকে বলে—**
K ট্রেজারি শেয়ার L বোনাস শেয়ার
M রাইট শেয়ার N সাধারণ শেয়ার

**৯. একটি যৌথ মূলধনী কোম্পানি—**
i. চিরন্তন অস্তিত্বসম্পন্ন
ii. নিবন্ধিত
iii. সীমাহীন দায়বিশিষ্ট
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
একমি কোম্পানি লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে নিবন্ধিত হয়। কোম্পানি ১০% অবহারে ৭৫,০০০ শেয়ার জনসাধারণের নিকট বিলি করে। ইস্যুকৃত সমুদয় শেয়ারের টাকা যথারীতি পাওয়া গেল।

**১০. কোম্পানির মোট আদায়কৃত মূলধনের পরিমাণ কত?**
K ৬,৭৫,০০০ টাকা L ৭,৫০,০০০ টাকা
M ৯,০০,০০০ টাকা N ১০,০০,০০০ টাকা

**১১. বাট্টার পরিমাণ কত?**
K ৬৭,৫০০ টাকা L ৭৫,০০০ টাকা
M ৯০,০০০ টাকা N ১,০০,০০০ টাকা

**১২. কোম্পানির নামের শেষে লিমিটেড শব্দটি লেখার অর্থ কী?**
K পরিচালকের দায় সীমিত
L কোম্পানির মূলধন সীমিত
M শেয়ারহোল্ডারদের দায় সীমিত
N কোম্পানির কার্যক্ষেত্র সীমিত

**১৩. ম্যানেজার তার কমিশন চার্জ করার পূর্ববর্তী মুনাফার উপর ৫% কমিশন পাবে। নিট লাভ ২,১০,০০০ টাকা হলে ম্যানেজারের কমিশন কত?**
K ১০,০০০ টাকা L ১০,৫০০ টাকা
M ২১,০০০ টাকা N ১১,০৫২ টাকা

**১৪. ট্রেডমার্ক হচ্ছে ব্যবসায়ের—**
i. স্থায়ী সম্পত্তি
ii. অস্পর্শনীয় সম্পত্তি
iii. অলীক সম্পত্তি
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M i ও ii N i, ii ও iii

**১৫. বিজ্ঞাপন খরচের এক-চতুর্থাংশ অবলোপন করা হলে (রেওয়ামিলে বিজ্ঞাপন ৪,০০০ টাকা) আর্থিক অবস্থার বিবরণীতে বিলম্বিত বিজ্ঞাপনের জের কত টাকা দেখাতে হবে?**
K ১,০০০ টাকা L ২,০০০ টাকা
M ৩,০০০ টাকা N ৪,০০০ টাকা

**১৬. অনুপাত বিশ্লেষণের অন্যতম সীমাবদ্ধতা কী?**
K নির্দিষ্ট নীতির অভাব
L স্থায়ী তথ্যের অভাব
M আদর্শমানের অভাব
N মুদ্রাস্ফীতি

**১৭. নিচের কোনটি কারখানা উপরিব্যয়?**
K প্রত্যক্ষ মজুরি L প্রত্যক্ষ কাঁচামাল
M বেতন N পরোক্ষ মজুরি

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
কেংগারু কোম্পানির চলতি সম্পদ ৫০,০০০ টাকা এবং চলতি অনুপাত ৫ : ২।

**১৮. উক্ত প্রতিষ্ঠানে চলতি দায় কত টাকা?**
K ১০,০০০ টাকা L ২০,০০০ টাকা
M ৩০,০০০ টাকা N ৪০,০০০ টাকা

**১৯. উক্ত প্রতিষ্ঠানে চলতি মূলধন কত?**
K ১০,০০০ টাকা L ২০,০০০ টাকা
M ৩০,০০০ টাকা N ৪০,০০০ টাকা

**২০. নিয়োগকর্তা কর্মীদের পক্ষে যে সকল ব্যয় বহন করেন তার মূল্যকে কী বলে?**
K আর্থিক সুবিধা L পরিপূরক সুবিধা
M বোনাস N আনুতোষিক

**২১. যদি বিক্রয় ২৫,০০০ টাকা হয় এবং মুনাফার হার ক্রয়মূল্যের উপর ২৫% হয়, তবে বিক্রীত পণ্যের ব্যয় কত?**
K ২০,০০০ টাকা L ২২,৫০০ টাকা
M ২৩,৭৫০ টাকা N ২৫,০০০ টাকা

**২২. FOB এর পূর্ণরূপ কী?**
K Free Of Board L Free On Bill
M Free Of Bill N Free on Board

**২৩. পণ্যের দাম কমে গেলে, কোন মজুদ পদ্ধতি সর্বাধিক বিবেচ্য?**
K সরল গড় পদ্ধতি L ভারযুক্ত গড় পদ্ধতি
M LIFO N FIFO

**২৪. ১৯৯৪ সালের কত কোম্পানি আইনের কত ধারায় আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত সম্পর্কে বলা হয়েছে?**
K ১৮২ ধারায় L ১৮৩ ধারায়
M ১৮৫ ধারায় N ১৮৭ ধারায়

**২৫. চলতি মূলধন নির্ণয়ের সূত্র কোনটি?**
K তারল্য সম্পদ - তারল্য দায়
L চলতি সম্পদ - চলতি দায়
M তারল্য সম্পদ/২
N চলতি সম্পদ/২

**২৬. মুদ্রাস্ফীতি বা দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য যে ভাতা দেওয়া হয় তাকে কোন পদ্ধতি বলে?**
K মহার্ঘ ভাতা L দুর্মূল্য ভাতা
M জীবিকা ভাতা N চিকিৎসা ভাতা

**২৭. ক্রয়মূল্যের উপর মুনাফার হার ২০% হলে, বিক্রয়মূল্যের উপর কত?**
K ১৬.৬৬% L ২৫%
M ৩৩.৩৩% N ২০%

**২৮. বিন কার্ডের বৈশিষ্ট্য হলো—**
i. কাঁচামাল ক্রয় ও ইস্যু লিপিবদ্ধকরণ
ii. মজুদ মালের হিসাবরক্ষণ
iii. বিক্রয়মূল্য লিপিবদ্ধকরণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৯. দায় মালিকানা অনুপাত এর আদর্শমান কত?**
K ২ : ১ L ১ : ১
M .৩৩ : ১ N .৫০ : ১

**৩০. নয় মাসের অফিস ভাড়া প্রদত্ত হয়েছে ২৯,২৫০ টাকা। বকেয়া ভাড়ার পরিমাণ কত?**
K ৮,৪৫০ টাকা L ৯,৫৫০ টাকা
M ৯,৭৫০ টাকা N ১০,২৫০ টাকা

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | L | ৩ | L | ৪ | K | ৫ | N | ৬ | K | ৭ | M | ৮ | K | ৯ | K | ১০ | L | ১১ | L | ১২ | M | ১৩ | L | ১৪ | M | ১৫ | M |
| ১৬ | M | ১৭ | N | ১৮ | L | ১৯ | M | ২০ | L | ২১ | K | ২২ | N | ২৩ | N | ২৪ | L | ২৫ | L | ২৬ | K | ২৭ | K | ২৮ | K | ২৯ | N | ৩০ | M |

## ৪৬ আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা

বিষয় কোড : 2 5 4

সময়– ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. যৌথমূলধনী কোম্পানি কারা গঠন করেন?**
K মালিক L পরিচালকবৃন্দ
M সরকার N উদ্যোক্তা

**২. ঋণপত্রের মাধ্যমে সংগ্রহ করা হয়ে থাকে—**
K মূলধন L অতিরিক্ত মূলধন
M লভ্যাংশ N ঋণ

**৩. শেয়ার ইস্যু খরচ কী হিসেবে লিপিবদ্ধ করা হয়?**
K মুনাফাজাতীয় ব্যয় L মূলধনজাতীয় ব্যয়
M মুনাফাজাতীয় আয় N মূলধনজাতীয় আয়

**৪. মতিন, যতীন ও রথিন একটি অংশীদারি কারবারে যথাক্রমে ৪ : ২ : ১ অনুপাতে মুনাফা ও ক্ষতি বণ্টন করে নেয়। মতিন রথিনকে বছরে ১০,০০০ টাকা মুনাফা দেওয়ার নিশ্চয়তা দেয়। বণ্টনযোগ্য মুনাফা ৫৬,০০০ টাকা হলে মতিনের প্রাপ্য মুনাফার পরিমাণ কত?**
K ৩২,০০০ টাকা L ৩০,০০০ টাকা
M ২২,০০০ টাকা N ১৬,০০০ টাকা

**৫. সংরক্ষিত আয়ের সমাপনী ডেবিট উদ্বৃত্ত কী?**
K মোট ক্ষতি L নিট ক্ষতি
M দায় N অলিক সম্পত্তি

**৬. উৎপাদন ব্যয় বিবরণীতে কয়টি মজুদ দেখানো হয়?**
K ১ টি L ২ টি
M ৩ টি N ৪ টি

■ **উদ্দীপকটি পড়ে ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও :**
ঘোষ এন্ড সন্স কো. লি.-এর অনুমোদিত মূলধন ৫০,০০,০০০ টাকা। যার প্রতিটি শেয়ার ১০০ টাকা মূল্যে নিবন্ধিত হয়। যার ৮০% শেয়ার ১০% বাট্টায় বা অবহারে বিক্রয়ের জন্য ইস্যু করা হয়। কোম্পানি ইস্যুকৃত শেয়ার বিলি করে মূলধন বাবদ সংগ্রহ করে।

**৭. শেয়ার অবহারের পরিমাণ কত টাকা?**
K ২,০০,০০০ L ৩,০০,০০০
M ৪,০০,০০০ N ৫,০০,০০০

**৮. কোম্পানির ইস্যুকৃত শেয়ার সংখ্যা কত?**
K ২০,০০০ টি L ৩০,০০০ টি
M ৪০,০০০ টি N ৫০,০০০ টি

**৯. কোন ধরনের শেয়ারমালিকদের লভ্যাংশ সব সময় অনিশ্চিত ও পরিবর্তনশীল?**
K সঞ্চয়ী অগ্রাধিকার
L অংশগ্রহণকারী অগ্রাধিকারযুক্ত
M বিলম্বিত দাবিযুক্ত N সাধারণ

**১০. কোনটি মুখ্য ব্যয়ের উপাদান?**
K প্রত্যক্ষ কাঁচামাল L কারখানা ভাড়া
M অফিস খরচ N বিক্রয় খরচ

**১১. বহিঃপরিবহন কোন ধরনের উপরিব্যয়?**
K কারখানা উপরিব্যয় L প্রশাসনিক ব্যয়
M বিক্রয় উপরিব্যয় N প্রত্যক্ষ ব্যয়

**১২. বিনিয়োজিত মূলধনের আবর্তন অনুপাত নির্ণয়ের সূত্র—**
K নিট বিক্রয়/বিনিয়োজিত মূলধন
L বিনিয়োজিত মূলধন/নিট বিক্রয়
M নিট বিক্রয়/কার্যকরী মূলধন
N বিনিয়োজিত মূলধন/কার্যকরী মূলধন

**১৩. একটি কোম্পানি বিক্রয়ের উপর ২৫% লাভে পণ্য বিক্রয় করলে ক্রয়ের উপর কত % লাভ অর্জিত হবে?**
K ৩০% L ৩৩.৩৩%
M ২০% N ২২%

**১৪. আর্থিক বিবরণী বিশ্লেষণের প্রদান উদ্দেশ্য হলো—**
K সম্পত্তি দায়ের সঠিক তথ্য সরবরাহ করা
L তারল্যনীতি বজায় রাখার ক্ষমতা সম্পর্কে অবহিত করা
M লাভ-লোকসান অর্জন ক্ষমতা পর্যালোচনা করা
N ব্যবস্থাপনাকে সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করা

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
সোনালী লিমিটেড-এর ২০১৪ সালের চলতি দায় ২,৫০,০০০ টাকা এবং চলতি অনুপাত ২.৫ : ১।

**১৫. সোনালী লিমিটেড-এর চলতি সম্পত্তি কত?**
K ৩,০০,০০০ টাকা L ৫,০০,০০০ টাকা
M ৬,২৫,০০০ টাকা N ৬,৫০,০০০ টাকা

**১৬. সোনালী লিমিটেড-২০১৫ সালে চলতি দায় সঠিক রেখে চলতি অনুপাত ২ : ১ অর্জন করতে চাইলে কী করতে হবে?**
K চলতি সম্পদ ১,২৫,০০০ টাকা বাড়াতে হবে
L চলতি দায় ১,২৫,০০০ টাকা কমাতে হবে
M চলতি সম্পদ ১,২৫,০০০ টাকা কমাতে হবে
N চলতি দায় ১,২৫,০০০ টাকা বাড়াতে হবে

**১৭. কোন প্রকারের অংশীদারের দায় সীমাবদ্ধ?**
K সক্রিয় L নিষ্ক্রীয়
M সীমিত N নামমাত্র

**১৮. অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুতকরণের পদ্ধতি নয় কোনটি?**
K পরিবর্তনশীল পদ্ধতি L ভাসমান পদ্ধতি
M স্থায়ী পদ্ধতি N গড় পদ্ধতি

**১৯. আইনানুযায়ী অংশীদারির কাজে অংশীদারগণ একে অন্যের কী?**
K প্রতিদ্বন্দ্বী L শরিক
M প্রতিনিধি N প্রতিযোগী

**২০. অংশীদারি ব্যবসায়ের সুনাম কী?**
K অতিরিক্ত মুনাফা অর্জনের ক্ষমতা
L অংশীদারদের ব্যক্তিগত সুনাম
M সম্পদের মূল্য বৃদ্ধি
N সম্পদ ও দায়ের পার্থক্য

**২১. অংশীদারদের বেতন কখন মূলধন হিসাবে দেখানো যায় না?**
K নগদ গ্রহণ করলে
L নগদে গ্রহণ না করলে
M বেতন ডেবিট করার পর
N বেতন ডেবিট করার পূর্বে

■ **উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
২০১৪ সালে একটি অংশীদারি কারবারের অংশীদার ক প্রতি মাসের শেষে সারা বছর ধরে ১,০০০ টাকা এবং খ ১-১০-১৪ তারিখে ১৫,০০০ টাকা নগদ উত্তোলন করে। উভয়ের উত্তোলনের উপর বার্ষিক ১০% হারে সুদ ধার্য করতে হবে।

**২২. অংশীদারদের উত্তোলনের উপর সুদের পরিমাণ কত?**
K ১,২০০ টাকা ও ১,৫০০ টাকা
L ১,০০০ টাকা ও ১,২০০ টাকা
M ৫৫০ টাকা ও ৩৭৫ টাকা
N ২২৫ টাকা ও ২৫০ টাকা

**২৩. উত্তোলনের উপর সুদের হার ১০% এর স্থলে ৫% ধার্য করলে হিসাবের উপর কী প্রভাব পড়বে?**
i. বণ্টনযোগ্য লাভের পরিমাণ হ্রাস পাবে
ii. অংশীদারি মূলধনের পরিমাণ বৃদ্ধি পাবে
iii. অংশীদারি মূলধনের পরিমাণ হ্রাস পাবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২৪. তারল্য অনুপাতের আদর্শমান কোনটি?**
K ১ : ১ L ২ : ১ M ১ : ২ N ৩ : ২

**২৫. কাঁচামালের রূপান্তর ব্যয়—**
K প্রত্যক্ষ কাঁচামাল+প্রত্যক্ষ শ্রম
L প্রত্যক্ষ শ্রম+কারখানা উপরিখরচ
M প্রত্যক্ষ মাল-প্রত্যক্ষ শ্রম+প্রত্যক্ষ খরচ
N মুখ্য ব্যয়+কারখানা উপরিখরচ

**২৬. IPO পূর্ণরূপ কী?**
K Initial Public Offering
L Initial Public Office
M Initial Public Officer
N Initial Public Ofering

**২৭. কোন ধরনের শেয়ারমালিকদের লভ্যাংশ সব সময় অনিশ্চিত ও পরিবর্তনশীল?**
K সঞ্চয়ী অগ্রাধিকার
L অংশগ্রহণকারী অগ্রাধিকারযুক্ত
M বিলম্বিত দাবিযুক্ত N সাধারণ

**২৮. উৎপাদনকারীর বিক্রীত দ্রব্যের ব্যয়=**
K উৎপাদিত পণ্যের ব্যয় + প্রারম্ভিক চলতি কার্য - সমাপনী চলতি কার্য
L উৎপাদিত পণ্যের ব্যয় + সমাপনী চলতি কার্য - প্রারম্ভিক চলতি কার্য
M উৎপাদিত পণ্যের ব্যয় + প্রারম্ভিক তৈরি পণ্যের মজুদ - সমাপনী তৈরি পণ্যের মজুদ
N উৎপাদিত পণ্যের ব্যয় + সমাপনী তৈরি পণ্যের মজুদ-প্রারম্ভিক তৈরি পণ্যের মজুদ

**২৯. অগ্রাধিকারযুক্ত শেয়ারহোল্ডার অগ্রাধিকার পায়—**
i. লভ্যাংশ প্রাপ্তিতে
ii. মূলধন প্রত্যর্পণে
iii. পরিচালক নির্বাচনে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. সমাপনী মজুদ পণ্য ভুলবশত বেশি মূল্যায়ন করলে বিক্রীত পণ্যের ব্যয় এবং নিট আয়ের উপর কী প্রভাব পড়ে?**
K ব্যয় কম প্রদর্শিত হয়, আয় বেশি প্রদর্শিত হয়
L ব্যয় কম প্রদর্শিত, আয় কম প্রদর্শিত হয়
M ব্যয় বেশি প্রদর্শিত হয়, আয় বেশি প্রদর্শিত হয়
N ব্যয় বেশি প্রদর্শিত হয়, আয় কম প্রদর্শিত হয়

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ N | ২ N | ৩ L | ৪ L | ৫ N | ৬ M | ৭ M | ৮ M | ৯ N | ১০ K | ১১ M | ১২ K | ১৩ L | ১৪ M | ১৫ M |
| ১৬ M | ১৭ M | ১৮ N | ১৯ M | ২০ M | ২১ L | ২২ M | ২৩ M | ২৪ K | ২৫ L | ২৬ K | ২৭ N | ২৮ M | ২৯ K | ৩০ K |

## ৪৭ নোয়াখালী সরকারি মহিলা কলেজ

বিষয় কোড : 2 5 4

**হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা**

সময়– ৩০ মিনিট — পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. চুক্তির অবর্তমানে অংশীদারের প্রদত্ত ঋণের সুদের হার কত?**
K ৫% L ৬%
M ৭% N ৮%

■ **উদ্দীপকটি পড়ে দুইটি প্রশ্নের উত্তর দাও :**
ক ও খ একটি ব্যবসায়ের দুজন অংশীদার। তাদের মুনাফা বণ্টনের অনুপাত ৩ঃ২। ২০২০ সালে খ এর মাসিক বেতন ২,৫০০ টাকা হারে ধার্য করার পূর্ববর্তী নিট মুনাফা ছিল ৭৫,০০০ টাকা। তারা ১/৫ অংশ হারে মুনাফা প্রদানের শর্তে গ কে নতুন অংশীদার হিসেবে গ্রহণ করে।

**২. খ এর মুনাফার পরিমাণ কত?**
K ১৮,০০০ L ২৪,০০০
M ৩০,০০০ N ৪২,০০০

**৩. ক, খ, গ-এর নতুন মুনাফা বণ্টনের অনুপাত কত?**
K ৫ঃ৮ঃ১২ L ৮ঃ১২ঃ৫
M ১২ঃ৮ঃ৫ N ১২ঃ৫ঃ৮

**৪. ১০০টাকা মূল্যের শেয়ার ৯০ টাকায় ইস্যু করা হলে শেয়ার মূলধনে কত টাকা করে হিসাবভুক্ত হবে?**
K ১০ L ৯০
M ১০০ N ১১০

■ **উদ্দীপকটি পড়ে দুইটি প্রশ্নের উত্তর দাও :**
গামা কোম্পানির অনুমোদিত মূলধন প্রতিটি ১০ টাকা মূল্যে ১,০০,০০০ শেয়ারে বিভক্ত। প্রথম বছর কোম্পানি ১ টাকা অধিহারে ৬০,০০০ শেয়ার ইস্যু করে। ৮০,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল।

**৫. শেয়ার অধিহারের পরিমাণ কত টাকা?**
K ২০,০০০ L ৪০,০০০
M ৬০,০০০ N ৮০,০০০

**৬. শেয়ার আবেদনের কত টাকা পাওয়া গেল?**
K ৬,০০,০০০ L ৬,৬০,০০০
M ৮,০০,০০০ N ৮,৮০,০০০

**৭. যদি চলতি মূলধন ৩১,৫০০ টাকা এবং চলতি অনুপাত ৫:২। চলতি দায়ের পরিমাণ কত?**
K ২১,০০০ L ১৯,৫০০
M ১২,৬০০ N ৯,০০০

■ **উদ্দীপকটি পড়ে দুইটি প্রশ্নের উত্তর দাও :**
শেফালী লি. বিক্রয়মূল্যের উপর ২৫% মোট লাভে পণ্য বিক্রয় করে থাকে। ব্যবসায়ের বিক্রীত পণ্যের ব্যয় ৭,৫০,০০০ টাকা এবং পরিচালন খরচ ১,৫০,০০০ টাকা।

**৮. কোম্পানির বিক্রয়ের পরিমাণ কত?**
K ৯,৩৭,৫০০ L ১০,০০,০০০
M ১১,৫০,০০০ N ৯,০০,০০০

**৯. ব্যবসায়ের নিট মুনাফার পরিমাণ কত?**
K ৮৪,৩৭৫ L ১,০০,০০০
M ১,৫০,০০০ N ২,৫০,০০০

**১০. বিনামূল্যে পণ্য বিতরণ করলে—**
i. ক্রয় হ্রাস পায়
ii. বিজ্ঞাপন খরচ বৃদ্ধি পায়
iii. সম্পদ হ্রাস পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১১. নিচের কোনটি কাল্পনিক সম্পদ?**
K সুনাম L পণ্যস্বত্ব
M ট্রেডমার্ক N ঋণপত্রের অবহার

■ **উদ্দীপকটি পড়ে দুইটি প্রশ্নের উত্তর দাও :**
জামান লি.-এর প্রারম্ভিক মজুদ ৪,৫০,০০০ টাকা, সমাপনী মজুদ ৩,৫০,০০০ টাকা, পণ্য ক্রয় ১১,০০,০০০, মোট লাভ ২,৮০,০০০ টাকা।

**১২. বিক্রীত পণ্যের ব্যয় কত?**
K ১৫,৫০,০০০ L ১৪,৫০,০০০
M ১৩,৮০,০০০ N ১২,০০,০০০

**১৩. মজুদ আবর্তন অনুপাত কত?**
K ২.১৭ বার L ৩.০০ বার
M ৩.৪৩ বার N ৩.৪৫ বার

**১৪. অংশীদারির ভিত্তিতে ব্যাংকিং ব্যবসায়ের সর্বোচ্চ সদস্য সংখ্যা কত?**
K ২ L ৭
M ১০ N ২০

■ **উদ্দীপকটি পড়ে দুইটি প্রশ্নের উত্তর দাও :**
পলি, মলি, জলি তিনজন সমান অংশীদার। পলি প্রতি মাসের প্রথমে ৬০০ টাকা, মলি প্রতি মাসের মাঝে ৮০০ টাকা এবং জলি প্রতি মাসের শেষে ১,০০০ টাকা করে উত্তোলন করে।

**১৫. এক বছরে অংশীদারদের মোট উত্তোলনের পরিমাণ কত?**
K ১৭,২০০ L ১৯,৬০০
M ২৮,৮০০ N কোনোটিই নয়

**১৬. উত্তোলনের উপর সুদের হার ১০% হলে জলি মোট কত টাকা সুদ হিসেবে প্রদান করবে?**
K ১,২০০ L ৬০০
M ৫৫০ N ৫০০

■ **উদ্দীপকটি পড়ে দুইটি প্রশ্নের উত্তর দাও :**
বাটা লি.-এর বিক্রয়ের পরিমাণ ৭,২০,০০০ টাকা। পরিচালন খরচ ৫০,০০০ টাকা, মোট লাভ ২,২০,০০০ টাকা এবং অপরিচালন আয় ২০,০০০ টাকা।

**১৭. বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ কত?**
K ৪,৫০,০০০ L ৫,০০,০০০
M ৫,৭০,০০০ N ৯,৪০,০০০

**১৮. নিট লাভ অনুপাত কত?**
K ২০% L ২৬.৩৯%
M ৩৩.৩৩% N ৩৪.৭২%

**১৯. তরল সম্পদ হলো—**
i. হাতে নগদ
ii. প্রারম্ভিক মজুদ পণ্য
iii. প্রাপ্য হিসাব
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২০. উৎপাদন ব্যয়ের প্রধান উপকরণ কোনটি?**
K বিক্রয় খরচ L কারখানা উপরিখরচ
M অফিস খরচ N কাঁচামালের খরচ

**২১. কোনটি উৎপাদন ব্যয় বিবরণীতে অন্তর্ভুক্ত হয় না?**
K প্রারম্ভিক মজুদ পণ্য L অফিসের বেতন
M মূলধনের সুদ N মজুরি

**২২. লভ্যাংশ হিসেবে নগদ টাকার পরিবর্তে কোন শেয়ার প্রদান করা হয়?**
K বোনাস শেয়ার L প্রাথমিক শেয়ার
M রাইট শেয়ার N অগ্রাধিকার শেয়ার

**২৩. নিচের কোনটিকে কোম্পানির গঠনতন্ত্র বলা হয়?**
K বিবরণপত্র L নিবন্ধনপত্র
M পরিমেল নিয়মাবলী N স্মারকলিপি

■ **উদ্দীপকটি পড়ে দুইটি প্রশ্নের উত্তর দাও :**
কাঁচামাল ১,০০,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরি ৪০,০০০ টাকা, কারখানা উপরিব্যয় মজুরির ৫০%, বিক্রয় ও বিতরণ খরচ ১৫,০০০ টাকা, মুনাফা বিক্রয়ের ২০%।

**২৪. মুনাফার পরিমাণ কত?**
K ৪৩,৭৫০ L ৩৫,৭৫০
M ৩২,৭৫০ N ২৩,৭৫০

**২৫. উৎপাদন ব্যয়ের উপর অফিস ও প্রশাসনিক উপরিব্যয়ের শতকরা হার কত?**
K ৮.৫৭% L ৯.৩৮%
M ৭.৫% N ১৩.৩%

**২৬. গাড়ির ফুয়েলিং স্টেশনে নিচের কোন পদ্ধতিটি সবচেয়ে বেশি গ্রহণযোগ্য?**
K FIFO L LIFO
M সাধারণ গড় N ভারযুক্ত গড়

**২৭. FOB-এর পূর্ণরূপ কী?**
K Free on bill L Free of board
M Free on board N Free of bill

**২৮. ৬% হারে ৩ মাসের বিনিয়োগের বকেয়া সুদ ৩০০ টাকা হলে বছরে বিনিয়োগের পরিমাণ কত?**
K ৭,২০০ L ৩,৬০০
M ১৪,৪০০ N ২০,০০০

**২৯. নিচের কোনটি তারল্য অনুপাত?**
K চলতি অনুপাত
L মোট লাভ অনুপাত
M দায় মালিকানা অনুপাত
N মজুদ আবর্তন অনুপাত

**৩০. কোনটি অনগদ লেনদেন?**
K যন্ত্রপাতির অবচয় L সম্পত্তি বিক্রয়
M শেয়ার ইস্যু N ঋণপত্র বিলি

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | K | ৩ | M | ৪ | M | ৫ | M | ৬ | N | ৭ | K | ৮ | L | ৯ | L | ১০ | K | ১১ | N | ১২ | N | ১৩ | L | ১৪ | M | ১৫ | M |
| ১৬ | M | ১৭ | L | ১৮ | K | ১৯ | L | ২০ | N | ২১ | M | ২২ | K | ২৩ | N | ২৪ | K | ২৫ | L | ২৬ | L | ২৭ | M | ২৮ | N | ২৯ | K | ৩০ | K |

## ৪৮ ✓ সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম

বিষয় কোড : 2 5 4

সময়– ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ◆ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. চুক্তির অবর্তমানে অংশীদারগণ কর্তৃক নগদ উত্তোলনের উপর সুদ ধরতে হবে কীভাবে?**
K ১০% হারে পূর্ণ বছরের
L ৬% হারে পূর্ণ বছরের
M ৬% হারে অর্ধ-বছরের
N সুদ ধরতে হবে না

**২. অংশীদারদের চলতি হিসাবের ব্যালেন্স–**
i. ডেবিট হবে
ii. ক্রেডিট হবে
iii. শূন্য হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩. স্থায়ী মূলধন পদ্ধতিতে অংশীদারদের মূলধন হিসাবে অন্তর্ভুক্ত হয়–**
i. শুরুতে অংশীদারদের যে মূলধন থাকে
ii. অংশীদারগণ যে পরিমাণ ঋণ সরবরাহ করে
iii. চলতি বছরের নতুন করে যে বিনিয়োগ করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
রাশেদ, মোর্শেদ ও জিহাদের মূলধনের প্রারম্ভিক উদ্বৃত্ত যথাক্রমে ৮০,০০০ টাকা, ৭০,০০০ টাকা ও ৫০,০০০ টাকা। বছরের শেষ কোয়ার্টারের ১ম তারিখে জিহাদ আর ১০,০০০ টাকা মূলধন সরবরাহ করে। মূলধনের উপর সুদের হার ৬%।

**৪. জিহাদের মূলধনের উপর ধার্যকৃত সুদ কত টাকা?**
K ৪,৮০০ টাকা L ৪,২০০ টাকা
M ৩,১৫০ টাকা N ৩,০০০ টাকা

**৫. অংশীদারদের মূলধনের সুদ–**
i. ব্যবসায়ের একটি ব্যয়
ii. সূত্র (মূলধনের পরিমাণ × সুদের হার × সময়)
iii. লাভ-ক্ষতি আবণ্টন হিসাবে ডেবিট হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৬. ঋণপত্রের মালিকদের অর্জন কী?**
K সুদ L লভ্যাংশ টাকা
M ভাতা N সম্মানি

**৭. ইস্যুকৃত শেয়ার মূলধন থেকে বেশি হতে পারে না–**
i. অনুমোদিত শেয়ার মূলধন
ii. বিলিকৃত শেয়ার মূলধন
iii. তলবকৃত শেয়ার মূলধন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮. প্রাইভেট লি. কোম্পানি হতে পাবলিক লি. কোম্পানির বাড়তি সুবিধা হলো–**
i. অবাধে শেয়ার হস্তান্তর
ii. সর্বোচ্চ সংখ্যক সদস্য সংগ্রহ
iii. তুলনামূলকভাবে সহজ ঋণ প্রাপ্তি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
X কোং লি.-এর নিবন্ধিত মূলধন ২,০০,০০০ টাকা এবং শেয়ার সংখ্যা ২০,০০০ কোং ৪০% মূলধনকে সঞ্চয় রেখে অবশিষ্টাংশ ১০% অবহারে ইস্যু করল।

**৯. প্রতি শেয়ারের অভিহিত মূল্য কত টাকা?**
K ৯ টাকা L ১০ টাকা
M ৪০ টাকা N ৬০ টাকা

**১০. ইস্যুকৃত শেয়ার সংখ্যা কত?**
K ২,০০,০০০ L ২০,০০০
M ১২,০০০ N ৮,০০০

**১১. কোনটি আর্থিক অবস্থার বিবরণীতে দেখানো হয় না?**
K চলতি দায় L সম্ভাব্য দায়
M চলতি সম্পদ N স্থায়ী সম্পদ

**১২. আর্থিক অবস্থার বিবরণীর রিজার্ভ ফান্ডের (Reserve Fund) মালিক কে?**
K কোম্পানি L ব্যাংক
M শেয়ারহোল্ডারগণ N পরিচালকবৃন্দ

**১৩. রেওয়ামিলে অগ্রিম বিমা ৩০,০০০ টাকা। সমন্বয়ে অগ্রিম বিমার এক-তৃতীয়াংশ মেয়াদ অনুত্তীর্ণ। বিমা খরচের পরিমাণ কত টাকা?**
K ১,০০০ L ২০,০০০
M ৩০,০০০ N ৪০,০০০

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**

রেওয়ামিলে **(আংশিক)**

| ক্র. নং | হিসাবের নাম | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|---|
| ১ | আয়কর | ৩,০০০ | — |
| ২ | আয়কর সঞ্চিতি | — | ৩,৭০০ |
| ৩ | নিট লাভ | — | ২০,০০০ |

সমন্বয় নিট লাভের ৪০% আয়কর সঞ্চিতি রাখতে হবে।

**১৪. কর পরবর্তী নিট লাভ কত টাকা?**
K ২৮,০০০ L ২০,০০০
M ১২,০০০ N ৮,০০০

**১৫. সংরক্ষিত আয় বিবরণীতে অতিরিক্ত আয়কর সঞ্চিতির পরিমাণ কত হবে?**
K ৭০০ L ৩,০০০
M ৩,৭০০ N ৮,০০০

**১৬. চলতি দায় পরিশোধ করার ক্ষমতা কোনটি দিয়ে পরিমাপ করা যায়?**
K মোট লাভের অনুপাত
L অগ্নিপরীক্ষা অনুপাত
M নিট লাভের অনুপাত
N মজুদ আবর্তন অনুপাত

**১৭. টয়োটা কোং চলতি মূলধন ৩১,৫০০ টাকা এবং চলতি অনুপাত ৫ঃ২ হলে কোম্পানির চলতি দায় কত?**
K ৯,০০০ L ১২,৬০০
M ২১,০০০ N ৩১,৫০০

**১৮. মজুদ আবর্তন অনুপাত–**
i. বিক্রীত পণ্য ব্যয় ও গড় মজুদের সম্পর্ক নির্দেশ করে
ii. মজুদ ব্যবস্থাপনার দক্ষতা মূল্যায়ন করে
iii. ৮ গুণের বেশি হলে সন্তোষজনক
**নিচের কোনটি সঠিক?**
K i ও iii L i ও ii M i, ii ও iii N ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
সাধারণ শেয়ার মূলধন ৫,১০,০০০ টাকা
অগ্রাধিকার শেয়ার মূলধন ২,০০,০০০ টাকা
১২% ঋণপত্র ৩,০০,০০০ টাকা
চলতি সম্পত্তি ৯০,০০০ টাকা
চলতি দায় ৫০,০০০ টাকা

**১৯. কার্যকরী মূলধন অনুপাত কত?**
K ০.৮ : ১ L ১ : ০.৮
M ১ : ১.৮ N ১.৮ : ১

**২০. বহিঃদায়ের পরিমাণ কত?**
K ৫,০০,০০০ L ৩,৫০,০০০
M ৩,০০,০০০ N ২,০০,০০০

**২১. কোনটি উৎপাদন ব্যয় হিসাবে অন্তর্ভুক্ত হয় না?**
K ভাড়া খরচ L বেতন খরচ
M আয়কর N পরোক্ষ কাঁচামাল

**২২. কারখানা আইন অনুযায়ী ওভারটাইম মজুরি হার স্বাভাবিক হারের কতগুণ হয়?**
K ১ গুণ L ১.৫ গুণ
M ২ গুণ N ২.৫ গুণ

**২৩. অনুমোদিত প্রভিডেন্ট ফান্ডে নিয়োগকর্তার দানের পরিমাণ কর্মীর দানের তুলনায় সাধারণত কী রকম হয়?**
K বেশি হয় L কম হয়
M নির্দিষ্ট হয় N সমান হয়

**২৪. মহার্ঘ ভাতা দেওয়ার পিছনে কারণ হতে পারে–**
i. দ্রব্যমূল্য বৃদ্ধি
ii. রাজনৈতিক অস্থিরতা
iii. মুদ্রাস্ফীতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৫. প্রতিষ্ঠানের মোট ব্যয় ৩,০০,০০০ টাকা। বিক্রয়মূল্যের উপর ২৫% লাভে পণ্য বিক্রয় করা হলে মুনাফা কত টাকা হবে?**
K ৫০,০০০ L ৬২,৫০০
M ৭৫,০০০ টাকা N ১,০০,০০০

**২৬. বিক্রয় ১০,০০,০০০ টাকা, বিক্রয় ফেরত ১,৮০,০০০ টাকা, বিক্রয় বাট্টা ২০,০০০ টাকা এবং বিক্রীত দ্রব্য ব্যয় ৬,০০,০০০ টাকা হলে মোট মুনাফার হার কত?**
K ১৫% L ২৫% M ৫০% N ৭৫%

**২৭. ভারযুক্ত গড় ব্যয় পদ্ধতি–**
i. যখন কোম্পানি একই ধরনের পণ্য বিক্রয় করে
ii. যখন পণ্যের দাম ওঠানামা করে
iii. অনুসরণ করা তুলনামূলক কষ্টসাধ্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৮. উৎপাদনের মূল উপাদান কী?**
K কাঁচামাল L মজুরি
M কারখানা উপরিখরচ N বিক্রয় ও বণ্টন খরচ

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
Y লি.-এর মজুদ সংক্ষিপ্ত তথ্য নিম্নরূপ ঃ

| তারিখ | বিবরণ | পরিমাণ (একক) | একক ব্যয় (টাকা) |
|---|---|---|---|
| ২০২০ জানু. ১ | প্রার: মজুদ | ২০০ | ৬.৫০ |
| মার্চ ১ | ক্রয় | ২৫০ | ৫.৫০ |
| জুলাই ১ | ক্রয় | ৩০০ | ৫.০০ |
| নভে. ১ | ক্রয় | ১৫০ | ৬.০০ |

৩১ ডিসেম্বর তারিখে সমাপনী মজুদ ১০০ একক

**২৯. ফাইফো (FIFO) পদ্ধতিতে সমাপনী মজুদ পণ্যের মূল্য কত টাকা?**
K ৬৫০ L ৬০০
M ৫৫০ N ৫০০

**৩০. ভারযুক্ত গড় পদ্ধতিতে একক গড় ব্যয়ের পরিমাণ কত টাকা?**
K ৫.০০ L ৫.৩৯
M ৫.৬৪ N ৬.০০

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ N | ২ N | ৩ L | ৪ M | ৫ N | ৬ K | ৭ M | ৮ N | ৯ L | ১০ M | ১১ L | ১২ N | ১৩ L | ১৪ M | ১৫ K |
| ১৬ L | ১৭ M | ১৮ M | ১৯ K | ২০ L | ২১ M | ২২ M | ২৩ N | ২৪ L | ২৫ N | ২৬ L | ২৭ K | ২৮ K | ২৯ L | ৩০ M |

## ৪৯ সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম

বিষয় কোড : 2 5 4

### হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়– ৩০ মিনিট পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. অংশীদারগণ প্রত্যেক মাসের মাঝামাঝি সময় একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ উত্তোলন করে। মোট উত্তোলনের ওপর কত মাসের সুদ ধরতে হবে?**
K ৫.৫ মাসের L ৬ মাসের
M ৬.৫ মাসের N ১২ মাসের

**২. অংশীদারি ব্যবসায়ে একজন সীমাবদ্ধ অংশীদার নিচের কোনটি করতে পারে না?**
K মুনাফা বণ্টনে অংশ নিতে
L ব্যবসায়ের হিসাব পরীক্ষা করতে
M ব্যবসায় পরিচালনায় অংশ নিতে
N নিজস্ব মূলধন ফেরত নিতে

**৩. অংশীদারি ব্যবসায় পরিচালনা করে কে?**
K অংশীদার L ব্যবস্থাপক
M পরিচালক N পরিচালনা পর্ষদ

**৪. কোম্পানির সাধারণ শেয়ারহোল্ডাররা–**
i. নির্দিষ্ট হারে লভ্যাংশ পায়
ii. লভ্যাংশ পরে পায়
iii. ভোটাধিকার পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৫. শেয়ার ইস্যুর ক্ষেত্রে সর্বোচ্চ বাট্টার হার কত?**
K ১০% L ১৫% M ২০% N ২৫%

**৬. অগ্রাধিকারযুক্ত শেয়ারহোল্ডাররা অগ্রাধিকার পায়–**
i. লভ্যাংশ প্রাপ্তিতে
ii. মূলধন প্রত্যর্পণে
iii. পরিচালক নির্বাচনে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও :**
রাফি লিমিটেডের অনুমোদিত মূলধন ৫০,০০০ টাকা। প্রতিটি ১০ টাকা মূল্যের শেয়ার দ্বারা বিভক্ত। কোম্পানি ৫% অবহারে ৩,৫০০ শেয়ার ইস্যু করে।

**৭. কোম্পানির মোট আদায়কৃত মূলধনের পরিমাণ কত?**
K ৫০,০০০ টাকা L ৪৭,৫০০ টাকা
M ৩৫,০০০ টাকা N ৩৩,২৫০ টাকা

**৮. কোম্পানির অলীক সম্পদের পরিমাণ কত হবে?**
K ৫,০০০ টাকা L ৩,৫০০ টাকা
M ২,৫০০ টাকা N ১,৭৫০ টাকা

**৯. রেওয়ামিলে পণ্য ক্রয় ৫৬,১৫০ টাকা; ক্রয় ফেরত ১,৫০০ টাকা। ক্রীত পণ্যের মধ্যে ১৫% হারে ভ্যাট অন্তর্ভুক্ত আছে। নিট ক্রয়ের ওপর ভ্যাটের পরিমাণ কত?**
K ৭,১২৮ টাকা L ৭,৫০০ টাকা
M ৮,২৫০ টাকা N ৯,০০০ টাকা

**১০. করহার ১৫%, করপরবর্তী নিট মুনাফা ১,২৭,৫০০ টাকা হলে প্রদেয় কর কত?**
K ২৫,০০০ টাকা L ২২,৫০০ টাকা
M ২১,৬৫০ টাকা N ১৯,২৫০ টাকা

**১১. নিচের কোনটি সঠিক?**
K নিট সম্পত্তি – নিট দায় = নিট মুনাফা
L নিট দায় + নিট সম্পদ = নিট মুনাফা
M নিট আয় – নিট খরচ = নিট মুনাফা
N নিট খরচ + নিট আয় = নিট মুনাফা

■ **উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
মরিয়া লি.-এর ২০২০ সালের প্রারম্ভিক মজুদ পণ্য ৫০,০০০ টাকা; বিক্রয় ৪,৬০,০০০ টাকা ও সমাপনী মজুদ পণ্য ৪০,০০০ টাকা। প্রতিষ্ঠান সর্বদা ক্রয়মূল্যের ওপর ২৫% মুনাফা ধরে বিক্রয় করা হবে।

**১২. মরিয়া লি.-এর ২০২০ সালে বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ কত?**
K ৪,৭০,০০০ টাকা L ৪,৫০,০০০ টাকা
M ৩,৬৮,০০০ টাকা N ৩,৪৫,০০০ টাকা

**১৩. অন্যান্য বিষয় অপরিবর্তিত রেখে বিক্রয়ের ওপর মোট মুনাফার হার ৩০% হলে তার প্রভাবে–**
i. বিক্রীত পণ্যের ব্যয় হ্রাস পাবে
ii. মোট লাভের পরিমাণ বৃদ্ধি পাবে
iii. ক্রয়ের ওপর কোনো প্রভাব পড়বে না
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৪. অসমন্বিত ব্যয়–**
i. বিলম্বিত বিজ্ঞাপন
ii. ট্রেডমার্ক
iii. শেয়ার অবহার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৫. কার্যকরী মূলধন নির্ণয়ের সূত্র কোনটি?**
K চলতি সম্পদ + চলতি দায়
L চলতি সম্পদ – চলতি দায়
M চলতি সম্পদ/চলতি দায়
N স্থায়ী সম্পদ – চলতি সম্পদ

**১৬. কার্যকরী মূলধন অনুপাত কারবারের কী যাচাই করার জন্য নির্ণয় করা হয়?**
K তারল্যতা L সচ্ছলতা
M মুনাফা অর্জন N দক্ষতা যাচাই

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
নিট বিক্রয় ৪২,০০০ টাকা; মোট মুনাফা বিক্রয়ের ২০%। প্রারম্ভিক মজুদ ৪,০০০ টাকা এবং সমাপনী মজুদ ৬,০০০ টাকা।

**১৭. মজুদ আবর্তন অনুপাত কত?**
K ১.৬৮ বার L ৪.২০ বার
M ৬.৭২ বার N ৮.৪০ বার

**১৮. মোট মুনাফা বিক্রীত পণ্যের ওপর ২০% ধার্য করা হলে–**
i. বিক্রীত পণ্যের ব্যয় ৩৫,০০০ টাকা
ii. মোট মুনাফার পরিমাণ ১,৪০০ টাকা কম হবে
iii. বিক্রয়ের ওপর মুনাফার হার হবে ১৬.৬৭%
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**১৯. উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের মুখ্য উদ্দেশ্য কী?**
K ব্যয় নির্ধারণ ও নিয়ন্ত্রণ
L ব্যয় শ্রেণিবিন্যাসকরণ
M ব্যয় লিপিবদ্ধকরণ N ব্যয় নিরীক্ষাকরণ

**২০. কোনটি পরোক্ষ ব্যয়?**
K মজুরি L কারখানা ভাড়া
M ক্রয় পরিবহন N কাঁচামাল ক্রয়

**২১. কোন ব্যয়টি একই সাথে মুখ্য ব্যয় ও রূপান্তর ব্যয়?**
K কাঁচামালের ব্যয় L প্রত্যক্ষ শ্রম
M কারখানা উপরিব্যয় N প্রশাসনিক উপরিব্যয়

**২২. বিক্রয় ৩০,০০০ টাকা এবং ক্রয়মূল্যের ওপর মুনাফার হার ২৫% হলে বিক্রীত পণ্যের ব্যয় কত?**
K ৬,০০০ টাকা L ৭,৫০০ টাকা
M ২২,৫০০ টাকা N ২৪,০০০ টাকা

■ **উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
মান্নান ম্যানুফ্যাকচারিং কোম্পানির হিসাব বইতে ২০১৪ সালের ১ জানুয়ারি তারিখে মালের প্রারম্ভিক মজুদ ৬০,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরি ৪০,০০০ টাকা, কারখানা উপরিব্যয় ২০,০০০ টাকা, কাঁচামাল ক্রয় ৪০,০০০ টাকা এবং কাঁচামালের সমাপনী মজুদ ২০,০০০ টাকা ছিল।

**২৩. মুখ্য ব্যয়ের পরিমাণ কত?**
K ৬০,০০০ টাকা L ৮০,০০০ টাকা
M ১,০০,০০০ টাকা N ১,২০,০০০ টাকা

**২৪. প্রত্যক্ষ মজুরির ওপর কারখানা উপরিব্যয়ের শতকরা হার কত?**
K ৮০% L ৭৫% M ৫০% N ২৫%

**২৫. প্রচুর মুনাফা সত্ত্বেও নগদ ঘাটতির কারণ অতিরিক্ত–**
i. ধারে বিক্রয়
ii. অফিস খরচ
iii. মজুদ পণ্য
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও ii
M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
আর পি গ্রুপের উৎপাদন বিভাগে ৩০ জন শ্রমিক নিয়োজিত আছে। তাদের প্রত্যেকের সাপ্তাহিক ৪৮ ঘণ্টা প্রমাণ সময় স্বাভাবিক মজুরি ১০ টাকা প্রতি ঘণ্টা। ২০১৪ সালের জানুয়ারি মাসে ৬৪ ঘণ্টা কাজ হয়। ওভারটাইম মজুরি স্বাভাবিক মজুরির দেড়গুণ।

**২৬. ওভারটাইম মজুরির হার কত?**
K ১০ টাকা L ১১ টাকা
M ১৩ টাকা N ১৫ টাকা

**২৭. মূল মজুরির মোট পরিমাণ কত?**
K ১৪,০০০ টাকা L ১৪,২০০ টাকা
M ১৪,৪০০ টাকা N ১৫,৪০০ টাকা

**২৮. বিন কার্ড থেকে কী জানা যায় না?**
K মজুদ মালের মূল্য L মজুদ মালের পরিমাণ
M মজুদ মালের প্রাপ্তি N মজুদ মালের নির্গমন

**২৯. ব্যবসায় প্রতিষ্ঠানের যেকোনো দিন বা সময়ে মজুদ পণ্যের পরিমাণ জানা যায় কোন মজুদ পদ্ধতিতে?**
K কালান্তিক মজুদ পদ্ধতিতে
L বাৎসরিক হিসাব পদ্ধতিতে
M নিত্য মজুদ পদ্ধতিতে
N মজুদ পণ্য নির্ণয় পদ্ধতিতে

**৩০. কাঁচামালের দাম ক্রমাগত হ্রাস পেতে থাকলে কোন পদ্ধতিতে ইস্যু করা যুক্তিযুক্ত?**
K আগের মাল আগে ইস্যু
L পরের মাল আগে ইস্যু
M সাধারণ গড়
N ভারযুক্ত গড়

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | M | ৩ | K | ৪ | M | ৫ | K | ৬ | K | ৭ | M | ৮ | N | ৯ | K | ১০ | L | ১১ | M | ১২ | M | ১৩ | N | ১৪ | L | ১৫ | L |
| ১৬ | K | ১৭ | M | ১৮ | N | ১৯ | K | ২০ | L | ২১ | L | ২২ | N | ২৩ | N | ২৪ | M | ২৫ | M | ২৬ | N | ২৭ | M | ২৮ | K | ২৯ | M | ৩০ | K |

## ৫০ সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম

বিষয় কোড : 2 5 4

### হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়– ৩০ মিনিট পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. অংশীদারদের মূলধন হিসাব সংরক্ষণ পদ্ধতি কয়টি?**
K ২টি L ৩টি
M ৪টি N ৫টি

**২. চুক্তির অনুপস্থিতিতে অংশীদারদের লাভ ক্ষতি বণ্টনের হার হবে—**
K মূলধন অনুপাতে
L সমান হারে
M চলতি হিসাব অনুপাতে
N উত্তোলন অনুপাতে

**৩. যৌথমূলধনী কোম্পানির শেয়ার প্রধানত কত প্রকার?**
K ৫ প্রকার L ৪ প্রকার
M ৩ প্রকার N ২ প্রকার

**৪. অংশীদারদের চলতি হিসাবে কোন উপাদানটি অন্তর্ভুক্ত হয় না?**
K উত্তোলন L উত্তোলনের সুদ
M মূলধন N অংশীদারদের বেতন

**৫. উত্তোলন ব্যয় হলো একটি—**
K পরিচালন ব্যয় L অপরিচালন ব্যয়
M প্রত্যক্ষ ব্যয়
N মূলধন সংগ্রহসংক্রান্ত ব্যয়

**৬. শেয়ার অবহারের সর্বোচ্চ হার হলো—**
K ৯% L ১০%
M ১১% N ১২%

**৭. উৎপাদন ব্যয় নির্ধারণের কলাকৌশলকে কী বলা হয়?**
K Cost Accounting L Posting
M Costing N Operating Cost

**৮. নিট মজুদ পদ্ধতিতে বিক্রয় ফেরতের কয়টি জাবেদা দাখিলা আবশ্যক?**
K একটি L দুইটি
M তিনটি N চারটি

**৯. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয়ে কোন দফাটি আসে না?**
K ক্রয় L মজুরি
M ক্রয় পরিবহন N রপ্তানি শুল্ক

**১০. কার্যকরী মূলধন বলতে বোঝায়—**
K বিনিয়োজিত মূলধন
L মূলধন বাদ উত্তোলন
M চলতি সম্পত্তি বাদ চলতি দায়
N স্থায়ী সম্পত্তি বাদ চলতি দায়

**১১. উত্তম অংশীদারি চুক্তিপত্র হচ্ছে—**
i. লিখিত
ii. মৌখিক
iii. নিবন্ধিত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**১২. সাধারণ শেয়ারের বৈশিষ্ট্য হলো এর মালিকগণ—**
i. লভ্যাংশ পরে পায়
ii. নির্দিষ্ট হারে লভ্যাংশ পায়
iii. পরিচালক নির্বাচনে অংশ নিতে পারে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
আমিন লিমিটেডের ২০২১ সালের বিক্রয়ের পরিমাণ ৩ লক্ষ টাকা, পরিচালন ব্যয় ও অপরিচালন আয়ের পরিমাণ যথাক্রমে ২৫ হাজার টাকা ও ৫ হাজার টাকা। কোম্পানির বিক্রয়ের উপর মোট লাভের হার ২৫%।

**১৩. বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ কত টাকা?**
K ৩,০০,০০০ L ২,৭৫,০০০
M ২,৫০,০০০ N ২,২৫,০০০

**১৪. কোম্পানির করপূর্ব মুনাফার পরিমাণ কত টাকা?**
K ৭৫,০০০ L ৫৫,০০০
M ৫০,০০০ N ৪৫,০০০

**১৫. একটি প্রতিষ্ঠানের প্রারম্ভিক ও সমাপনী মজুদের পরিমাণ যথাক্রমে ১০,০০০ এবং ২৪,০০০ টাকা। নিট ক্রয়ের পরিমাণ ৭০,০০০ টাকা হলে বিক্রীত পণ্যের ব্যয় কত টাকা?**
K ৮০,০০০ টাকা L ৭০,০০০ টাকা
M ৬০,০০০ টাকা N ৫৬,০০০ টাকা

**১৬. কাঁচামাল ব্যয় ২০,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরি ১৬,০০০ টাকা, রূপান্তর ব্যয় ৪২,০০০ টাকা হলে কারখানা উপরিব্যয় কত টাকা?**
K ১৬,০০০ L ২৬,০০০
M ৩৬,০০০ N ৫৮,০০০

**১৭. উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান সফলভাবে ব্যবহার করা যায়—**
i. পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে
ii. পণ্য ক্রয় বিক্রয়কারী প্রতিষ্ঠানে
iii. সেবাদানকারী প্রতিষ্ঠানে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**১৮. চলতি দায়ের অন্তর্ভুক্ত বিষয় হলো—**
i. অগ্রিম প্রাপ্ত আয়
ii. লভ্যাংশ
iii. ব্যাংক জমাতিরিক্ত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
হাবিব কোম্পানির মজুদ পণ্য আছে ২০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ২৪,০০০ টাকা, হাতে নগদ ২৮,০০০ টাকা বিবিধ পাওনাদার ১৫,০০০ টাকা, এবং ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন ২১,০০০ টাকা।

**১৯. কোম্পানির চলতি সম্পদের পরিমাণ কত টাকা?**
K ৭২,০০০ L ৫২,০০০
M ৪৮,০০০ N ২৮,০০০

**২০. কোম্পানির চলতি মূলধনের পরিমাণ কত টাকা?**
K ২১,০০০ L ৩৬,০০০
M ৪১,০০০ N ৪৩,০০০

**২১. মোট মজুরি ও মোট বেতন হতে কর্তন করা হয়—**
i. ভবিষ্যৎ তহবিলে কর্মীর দান
ii. ভবিষ্যৎ তহবিলে নিয়োগকর্তার দান
iii. কল্যাণ তহবিলে কর্মীর দান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**২২. একজন অংশীদার প্রতি মাসের শুরুতে ৫,০০০ টাকা করে কারবার হতে উত্তোলন করে উত্তোলনের সুদের হার ১০% হলে তার উত্তোলনের উপর বার্ষিক সুদের পরিমাণ কত টাকা?**
K ৩,০০০ L ৩,২৫০
M ৩,৫০০ N ৩,৭৫০

**২৩. নিচের কোনটি পরিচালন ব্যয় নয়?**
K ঋণের সুদ L বেতন
M অফিস ভাড়া N বিজ্ঞাপন ব্যয়

**২৪. শেয়ার অবহার অবলোপন অন্তর্ভুক্ত হয়—**
K উদ্বর্তপত্রের সম্পদ অংশে
L উদ্বর্তপত্রের দায় অংশে
M আয় বিবরণীতে
N সংরক্ষিত আয় বিবরণীতে

**২৫. মজুদ পণ্যের ব্যয় নির্ধারণ যে সকল উপাদানের উপর প্রভাব পড়ে, তা হলো—**
i. আয় বিবরণীর উপাদানে
ii. করের উপর
iii. উদ্বর্তপত্রের উপাদানে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**২৬. কোনটি প্রত্যক্ষ খরচ নয়?**
K মজুরি L কর্মচারীর বেতন
M আমদানি শুল্ক N আন্তঃপরিবহন

**২৭. নিচের কোনটি নিট লাভের বণ্টন নয়?**
K লভ্যাংশ প্রদান L আয়কর প্রদান
M সঞ্চিতি তহবিলে স্থানান্তর
N ঋণের সুদ প্রদান

**২৮. রূপান্তর ব্যয়ের অন্তর্ভুক্ত থাকে—**
K কাঁচামাল ও মজুরি
L মজুরি ও কারখানা উপরিব্যয়
M মজুরি ও বিক্রয় ব্যয়
N মজুরি ও অফিস উপরিব্যয়

**২৯. বিক্রয় বাট্টা নিচের কোন জাতীয় হিসাব?**
K রেভিনিউ হিসাব L দায় হিসাব
M খরচ হিসাব
N কন্ট্রা রেভিনিউ হিসাব

**৩০. কোম্পানি আইন ১৯৯৪ এর কোন ধারায় তফসিল ১১ অন্তর্ভুক্ত আছে?**
K ১৮৩ ধারা L ১৮৪ ধারা
M ১৮৫ ধারা N ১৮৬ ধারা

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | L | ৩ | M | ৪ | M | ৫ | N | ৬ | L | ৭ | K | ৮ | L | ৯ | N | ১০ | M | ১১ | M | ১২ | M | ১৩ | N | ১৪ | L | ১৫ | N |
| ১৬ | L | ১৭ | K | ১৮ | M | ১৯ | K | ২০ | L | ২১ | N | ২২ | L | ২৩ | K | ২৪ | M | ২৫ | N | ২৬ | L | ২৭ | N | ২৮ | L | ২৯ | N | ৩০ | M |

## ৫১ ✔ বাংলাদেশ মহিলা সমিতি স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম

বিষয় কোড : 2 5 4

সময়– ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. ইক্যুইটি কী?**
K শুধু মূলধন
L সম্পত্তির ওপর মালিকের দাবি
M শুধু নিট লাভ
N মূলধন + সঞ্চিতি ও উদ্বৃত্ত

**২. কোম্পানি প্রথমে যে শেয়ার বিক্রি করে তাকে কী বলে?**
K IPO L MPO
M RPO N SEC

**৩. লভ্যাংশ হিসেবে নগদ টাকার পরিবর্তে কোন শেয়ার প্রদান করা হয়?**
K অগ্রাধিকার শেয়ার L রাইট শেয়ার
M প্রাথমিক শেয়ার N বোনাস শেয়ার

**৪. বোনাস শেয়ার ইস্যু করলে কোম্পানির–**
i. শেয়ারের সংখ্যা বেড়ে যায়
ii. নগদ তহবিল বেড়ে যায়
iii. সঞ্চিতি তহবিল কমে যায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
প্রাণ লি. প্রতি শেয়ার ১০ টাকা করে ১,০০,০০০ শেয়ার ইস্যু করল। কোম্পানি তন্মধ্যে ৯০,০০০ শেয়ার বণ্টন করেছে।

**৫. প্রাণ লি.-এর বিলিকৃত মূলধন কত?**
K ৯০,০০০ টাকা L ১,০০,০০০ টাকা
M ৯,০০,০০০ টাকা N ১০,০০,০০০ টাকা

**৬. ইস্যুকৃত ও বিলিকৃত শেয়ার মূলধনের পার্থক্য কত?**
K ১০,০০,০০০ টাকা L ৯,০০,০০০ টাকা
M ১,০০,০০০ টাকা N ০ টাকা

**৭. অংশীদারি ব্যবসায়ে অংশীদারগণকে কোন অনুপাতে মূলধন বিনিয়োগ করতে হয়?**
K সমান অনুপাতে
L একটি নির্দিষ্ট অনুপাতে
M মুনাফা বণ্টন অনুপাতে
N অংশীদারি চুক্তি অনুযায়ী

**৮. প্রতি মাসের শেষে ৩,০০০ টাকা করে সারা বছর উত্তোলন করলে ১০% হারে উত্তোলনের সুদ কত হবে?**
K ৩০০ টাকা L ১,৬৫০ টাকা
M ১,৮০০ টাকা N ৩,৬০০ টাকা

**৯. মূলধনের সুদ চার্জ করা–**
i. বাধ্যতামূলক
ii. ঐচ্ছিক
iii. চুক্তির উপর নির্ভরশীল
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M iii N i, ii ও iii

**১০. অংশীদারগণ যদি প্রতি মাসের শেষ তারিখে উত্তোলন করে তবে গড়ে কত সময়ের সুদ ধরতে হয়?**
K ৬.৫ মাসের L ৫.৫ মাসের
M ২.৫ মাসের N ১.৫ মাসের

**১১. অংশীদারি ব্যবসায়ের ক্ষেত্রে চুক্তির অবর্তমানে নিচের কোনটি সঠিক নয়?**
K সকল অংশীদার সমান হারে লভ্যাংশ পাবে
L অংশীদারগণ মূলধনের ওপর সুদ পাবে না
M ব্যবসায় পরিচালনায় কোনো অংশীদার বেতন পাবে না
N অংশীদার কর্তৃক সরবরাহকৃত ঋণের ওপর ৫% সুদ পাবে

■ **উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আতিক একজন খুচরা ব্যবসায়ী। তিনি আগের মাল আগে ছাড়া পদ্ধতিতে (FIFO) মজুদ পণ্য মূল্যায়ন করেন। তার ২০১২ সালের ডিসেম্বর মাসের লেনদেন নিম্নরূপ :
ডিসে. ১ প্রারম্ভিক উদ্বৃত্ত ২,০০০ একক ৫ টাকা
" ১০ পণ্য ক্রয় ১,০০০ একক প্রতি একক ৬ টাকা।
" ১৫ পণ্য বিক্রয় ১,৫০০ একক প্রতি একক ৯ টাকা।
" ৩১ পণ্য ক্রয় ১,২০০ একক প্রতি একক ৫ টাকা

**১২. জনাব আতিকের ডিসেম্বর মাস শেষে মজুদ পণ্যের মূল্য কত টাকা?**
K ১৩,৫০০ L ১৪,৫০০
M ১৫,৫০০ N ১৬,২০০

**১৩. জনাব আতিকের ডিসেম্বর মাস শেষে মুনাফার পরিমাণ কত টাকা?**
K ৬,০০০ L ৬,৫০০
M ৮,৫০০ N ১০,০০০

**১৪. যেসকল মাল তাড়াতাড়ি বিনষ্ট হয় মজুদ পণ্য হিসাবরক্ষণে সেসব ক্ষেত্রে কোন পদ্ধতি অধিক উপযোগী?**
K আগে আসলে আগে যাবে পদ্ধতি
L পরে আসলে আগে যাবে পদ্ধতি
M অবিরত মজুদ পদ্ধতি
N ভারযুক্ত গড় পদ্ধতি

**১৫. অস্থিতিশীল ও বাজারমূল্য ঊর্ধ্বগামী হলে নির্গত মালের মূল্যায়নে কোন পদ্ধতি সুবিধাজনক?**
K FIFO পদ্ধতি L LIFO পদ্ধতি
M ভারযুক্ত গড় পদ্ধতি
N সাধারণ গড় পদ্ধতি

**১৬. বিন কার্ডের বৈশিষ্ট্য হলো–**
i. কাঁচামালের ক্রয় ও ইস্যু লিপিবদ্ধকরণ
ii. মজুদ মালের হিসাবরক্ষণ
iii. বিক্রয়মূল্য লিপিবদ্ধকরণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৭. সমাপনী মজুদ পণ্য বৃদ্ধির ফলে–**
i. মোট মুনাফা বৃদ্ধি পায়
ii. বিক্রীত পণ্যের মূল্য হ্রাস পায়
iii. নিট ক্রয় বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৮. ১ জানুয়ারি ২০১৫ তারিখে ২০০ একক পণ্য ২৫ টাকা দরে, ১০ জানুয়ারি তারিখে ৩৫০ একক পণ্য ৩৫ টাকা দরে ক্রয় করে এবং ২৫ জানুয়ারি তারিখে ২৫০ একক পণ্য ইস্যু করে। ভারযুক্ত গড় পদ্ধতিতে ইস্যুকৃত পণ্যের মূল্য কত?**
K ৮,৭৫০ টাকা L ৭,৮৪১ টাকা
M ৭৫,০০০ টাকা N ৬,২৫০ টাকা

**১৯. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয়ের সূত্রটি হচ্ছে–**
i. বিক্রয় – মোট আয়
ii. বিক্রয় – প্রারম্ভিক মজুদ – ক্রয়
iii. ক্রয় + প্রারম্ভিক মজুদ – সমাপনী মজুদ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২০. নিচের কোনটির মাধ্যমে প্রকৃত আয় জানা যায়?**
K আয় বিবরণীর মাধ্যমে
L রক্ষিত আয় বিবরণীর মাধ্যমে
M নগদ প্রবাহ বিবরণীর মাধ্যমে
N আর্থিক অবস্থার বিবরণীর মাধ্যমে

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
একটি কারবারে প্রারম্ভিক মজুদ পণ্য ৫০,০০০ টাকা, পণ্য ক্রয় ১,৫০,০০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ৬০,০০০ টাকা, মজুরি ১০,০০০ টাকা এবং মোট লাভ বিক্রীত পণ্যের ব্যয়ের ২০%।

**২১. বিক্রীত পণ্যের ব্যয় কত?**
K ১,৩০,০০০ টাকা L ১,৪০,০০০ টাকা
M ১,৫০,০০০ টাকা N ১,৭০,০০০ টাকা

**২২. মোট বিক্রয়ের পরিমাণ কত?**
K ১,২০,০০০ টাকা L ১,৫০,০০০ টাকা
M ১,৭৫,০০০ টাকা N ১,৮০,০০০ টাকা

**২৩. একই অর্থবোধক নয় কোনটি?**
K ক্রয় পরিবহন/আন্তঃপরিবহন
L আন্তঃফেরত/বিক্রয় ফেরত
M বাট্টা/কমিশন
N দেনাদার/প্রাপ্য হিসাব

**২৪. প্রারম্ভিক মজুদ ২৩,০০০ টাকা, সমাপনী মজুদ ২৭,০০০ টাকা, ক্রয়মূল্যের ওপর ২৫% লাভ ধরে বছরের বিক্রয় ২,০০,০০০ টাকা হলে বছরের ক্রয় কত?**
K ১,৩২,০০০ L ১,৬০,০০০
M ১,৬৪,০০০ N ২,৫০,০০০

■ **উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
বিক্রয় ৬,০০,০০০ টাকা, মোট লাভ ২,৭০,০০০ টাকা, বিক্রয় ফেরত ৪০,০০০ টাকা, বিক্রয় বাট্টা ২০,০০০ টাকা, নিট লাভ ১,২০,০০০ টাকা।

**২৫. নিট বিক্রয়ের পরিমাণ কত?**
K ৫,০০,০০০ টাকা L ৫,৪০,০০০ টাকা
M ৬,৬০,০০০ টাকা N ৬,৮০,০০০ টাকা

**২৬. মোট লাভের অনুপাত কত?**
K ২০% L ৩০%
M ৪০% N ৫০%

**২৭. অনুপাত বিশ্লেষণের উদ্দেশ্য হলো–**
i. প্রতিষ্ঠানের মুনাফা অর্জনের ক্ষমতা যাচাই করা
ii. প্রতিষ্ঠানের বিভিন্ন ক্ষেত্রে দক্ষতা যাচাই করা
iii. বিগত বৎসরের সাথে চলতি বৎসরের তুলনামূলক বিশ্লেষণ করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৮. একটি প্রতিষ্ঠানের চলতি সম্পত্তি ৫০,০০০ টাকা এবং চলতি অনুপাত ৫ : ১, হলে চলতি মূলধন কত?**
K ১০,০০০ L ২০,০০০
M ৪০,০০০ N ৫০,০০০

**২৯. অনুপাত হলো দুটি রাশির–**
K যোগফল L বিয়োগফল
M গুণফল N ভাগফল

**৩০. কোনটি ঋণ পরিশোধে ক্ষমতা নির্দেশক অনুপাত?**
K চলতি অনুপাত
L দায়-সম্পত্তি অনুপাত
M মজুদ আবর্তন অনুপাত
N সম্পদ আবর্তন অনুপাত

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | K | ৩ | N | ৪ | L | ৫ | M | ৬ | M | ৭ | N | ৮ | L | ৯ | M | ১০ | L | ১১ | N | ১২ | L | ১৩ | K | ১৪ | K | ১৫ | L |
| ১৬ | K | ১৭ | K | ১৮ | L | ১৯ | L | ২০ | K | ২১ | M | ২২ | N | ২৩ | L | ২৪ | M | ২৫ | L | ২৬ | N | ২৭ | N | ২৮ | M | ২৯ | N | ৩০ | L |

## ৫২ স্কলার্সহোম, সিলেট

বিষয় কোড : 2 5 4

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র — বহুনির্বাচনি অভীক্ষা

সময়– ৩০ মিনিট　　　　পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. বাংলাদেশে কত সালে অংশীদারি আইন চালু হয়?**
K ১৯১৩　　L ১৯২০
M ১৯৩২　　N ১৯৯৪

**২. রামিম প্রতি মাসের শেষে ৪০০ টাকা করে উত্তোলন করলে ১০% হারে সুদ হবে–**
K ২৬০　　L ২২০
M ২৪০　　N ৪৮০

**৩. অংশীদারদের চলতি হিসাবে অন্তর্ভুক্ত থাকে–**
i. মূলধনের সুদ
ii. উত্তোলনের সুদ
iii. অতিরিক্ত মূলধন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii　　L i ও iii
M ii ও iii　　N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
রহিম, করিম ও জসিম একটি কারবারের তিনজন অংশীদার। তারা লাভ-লোকসান ১/২, ১/৩ ও ১/৬ অনুপাতে বন্টন করে নেয়। রহিম ও করিম যৌথভাবে জসিমকে নিশ্চয়তা দেয় যে, তাঁর লাভের অংশ কমপক্ষে ২৫,০০০ টাকা হবে। বছর শেষে কারবারের লাভ দাঁড়ায় ১,২০,০০০ টাকা।

**৪. অংশীদারদের লাভ-লোকসান অনুপাত কত?**
K ১ঃ২ঃ৩　　L ২ঃ৩ঃ৬
M ৩ঃ২ঃ১　　N ৬ঃ৩ঃ২

**৫. জসিমের নিশ্চয়তার অংশ ঠিক রাখতে রহিমকে কত টাকা ছাড় দিতে হবে?**
K ২,০০০　　L ২,৫০০
M ৩,০০০　　N ৫,০০০

**৬. কোম্পানি প্রথমে যে শেয়ার বিক্রি করে তাকে কী বলে?**
K IPO　　L MPO
M RPO　　N SEC

**৭. ২ টাকা অধিহারে প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ টি শেয়ার ইস্যু করা হলে, ইস্যুকৃত শেয়ার মূলধন কত টাকা?**
K ১০,০০,০০০　　L ১২,০০,০০০
M ৮,০০,০০০　　N ২,০০,০০০

**৮. বাংলাদেশে শেয়ারবাজার নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান কোনটি?**
K DSE　　L CSE
M FASB　　N BSEC

**৯. অবহারে শেয়ার বণ্টন কোন ধরনের লোকসান?**
K মূলধনজাতীয়
L মুনাফাজাতীয়
M বিলম্বিত মুনাফাজাতীয়
N বিলম্বিত মূলধনজাতীয়

**১০. মূলধনের অসমমূল্যের অংশকে কী বলা হয়?**
K স্টক　　L শেয়ার
M সঞ্চয়ী শেয়ার　　N সাধারণ শেয়ার

**১১. দাবিহীন লভ্যাংশ কী?**
K দীর্ঘমেয়াদি দায়　　L চলতি দায়
M আয়　　N চলতি সম্পদ

**১২. কারা কোম্পানি গঠন করে?**
K মালিক　　L উদ্যোক্তা
M সরকার　　N পরিচালকবৃন্দ

**১৩. লভ্যাংশ ঘোষণার কত দিনের মধ্যে অবশ্যই পরিশোধ করতে হবে?**
K ৩০ দিন　　L ৪২ দিন
M ৪৫ দিন　　N ৬০ দিন

**১৪. ক্রয় (ভ্যাটসহ) ১,১৫,০০০ টাকা, ক্রয় ফেরত ২৩,০০০ টাকা হলে ভ্যাটের পরিমাণ কত টাকা?**
K ১২,০০০　　L ১৫,০০০
M ৩,০০০　　N ১৩,৮০০

**১৫. বিক্রয় ভ্যাট যদি ক্রয় ভ্যাট থেকে বেশি হয়, তবে তা কী প্রকাশ করে?**
K আয়　　L দায়
M ব্যয়　　N সম্পদ

**১৬. দায়-মালিকানা অনুপাত নির্ণয়ে প্রয়োজন–**
i. চলতি দায়
ii. দীর্ঘমেয়াদি দায়
iii. মালিকানা তহবিল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii　　L i ও iii
M ii ও iii　　N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
একটি প্রতিষ্ঠানের চলতি সম্পদ ২,০০,০০০ টাকা। সমাপনী মজুদপণ্য ১০,০০০ টাকা। চলতি অনুপাত ৪ ঃ ১।

**১৭. চলতি মূলধন কত টাকা?**
K ১,৫৭,৫০০　　L ৩০,০০০
M ১,৫০,০০০　　N ১,৪২,৫০০

**১৮. তারল্য অনুপাত কোনটি?**
K ৩ ঃ ১　　L ৪.২ ঃ ১
M ৩.৮ ঃ ১　　N ৬.৩৩ ঃ ১

**১৯. মুনাফা অর্জন ক্ষমতা যাচাই অনুপাত কোনটি?**
K দায়-মালিকানা অনুপাত
L মোট লাভ অনুপাত
M অনাদায়ি পাওনা অনুপাত
N মজুদ আবর্তন অনুপাত

**২০. অনুপাত হলো দুটি রাশির–**
K যোগফল　　L বিয়োগফল
M গুণফল　　N ভাগফল

**২১. প্রত্যক্ষ খরচ ও উৎপাদন উপরি খরচকে একত্রে কী বলে?**
K রূপান্তর ব্যয়　　L মুখ্য ব্যয়
M কারখানা ব্যয়　　N উৎপাদন উপরিব্যয়

**২২. অনুমোদিত প্রভিডেন্ট ফান্ড–**
i. মোট বেতনের থেকে কর্তন করা হয়
ii. মোট বেতনের সাথে যোগ করা হয়
iii. মোট বেতনের সাথে একবার যোগ ও একবার বিয়োগ করা হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii　　L i ও iii
M ii ও iii　　N i, ii ও iii

**২৩. নিচের কোনটি অনার্থিক সুবিধা?**
K বেতন　　L মজুরি
M বিনা বেতনে সুবিধা　　N চিকিৎসা ভাতা

**২৪. কোন অনুপাতটি দীর্ঘকালীন সচ্ছলতার পরিচায়ক?**
K চলতি　　L ত্বরিত
M নিট লাভ
N মালিকানা মোট সম্পদ

**২৫. বাংলাদেশে বলবৎযোগ্য কারখানা আইন অনুযায়ী একজন শ্রমিকে দৈনিক কত ঘণ্টা কাজ করতে হয়?**
K ৬　　L ৭
M ৮　　N ৯

**২৬. কোনো শর্ত না থাকলে পরিবহন খরচ কে প্রদান করবে?**
K ক্রেতা　　L বিক্রেতা
M সরবরাহকারী　　N এজেন্ট

**২৭. মাল খতিয়ানের ডান দিকে থাকে–**
i. মালের সর্বোচ্চ সীমা
ii. মালের সর্বোনিম্ন সীমা
iii. পুনঃফরমায়েশ সীমা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii　　L i ও iii
M ii ও iii　　N i, ii ও iii

**২৮. যখন বাজারমূল্য কমে, তখন কোন পদ্ধতি যথাযথ?**
K FIFO　　L LIFO
M গড় ব্যয়　　N ভাড়যুক্ত গড় ব্যয়

**২৯. বিন কার্ডে সংরক্ষণ করা হয় পণ্যের–**
K মূল্য　　L পরিমাণ
M গুণাগুণ　　N মূল্য ও পরিমাণ

**৩০. মাল খতিয়ান কে সংরক্ষণ করেন?**
K উৎপাদন ব্যয় হিসাবরক্ষক
L ভান্ডার রক্ষক
M ক্রয় ব্যবস্থাপক
N বিক্রয় ব্যবস্থাপক

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | L | ৩ | K | ৪ | M | ৫ | M | ৬ | K | ৭ | K | ৮ | N | ৯ | K | ১০ | K | ১১ | L | ১২ | L | ১৩ | K | ১৪ | K | ১৫ | L |
| ১৬ | N | ১৭ | M | ১৮ | L | ১৯ | L | ২০ | N | ২১ | M | ২২ | N | ২৩ | M | ২৪ | N | ২৫ | M | ২৬ | K | ২৭ | N | ২৮ | K | ২৯ | L | ৩০ | K |

## ৫৩ ✓ সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল

বিষয় কোড : 2 5 4

### হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়– ৩০ মিনিট | পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. প্রত্যক্ষ ব্যয়ের উদাহরণ–**
i. কারখানার ভাড়া
ii. বহি:পরিবহন
iii. আন্ত:পরিবহন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :**
ক ও খ দুইজন অংশীদার। তারা লাভ-লোকসান ৩ঃ২ অনুপাতে ভাগ করে নেয়। ২০২০ সালে তাদের বন্টনযোগ্য মুনাফা ৯০,০০০ টাকা। ক, খ কে নিশ্চয়তা দিয়েছে যে, খ তাঁর বার্ষিক বেতন ৮,০০০ টাকাসহ কমপক্ষে ৪৮,০০০ টাকা পাবে।

**২. ক নিশ্চয়তা মোতাবেক কত টাকা খ কে দেবে?**
K ৫,০০০ টাকা L ৪,০০০ টাকা
M ৩,০০০ টাকা N ২,০০০ টাকা

**৩. মুনাফা সমানভাবে ভাগ হলে খ বেতনসহ কত টাকা পেত?**
K ৫৩,০০০ টাকা L ৫৪,০০০ টাকা
M ৫৫,০০০ টাকা N ৫৬,০০০ টাকা

**৪. মাসের শুরুতে উত্তোলন করলে উত্তোলনের উপর কত মাসের সুদ ধরতে হয়?**
K ৫.৫ L ৬
M ৬.৫ N ১২

**৫. মি. সাগর প্রতি মাসে ৬০০ টাকা করে উত্তোলন করলে ১২% হারে উত্তোলনের উপর সুদ কত হবে?**
K ৪২৮ টাকা L ৪৩০ টাকা
M ৪৩২ টাকা N ৪৩৪ টাকা

**৬. বাংলাদেশে কত সালে অংশীদারি আইন চালু হয়?**
K ১৯১৩ L ১৯২০
M ১৯৩২ N ১৯৯৪

**৭. বিদ্যমান শেয়ারহোল্ডারদের মাঝে বিলি করা হয়–**
i. সাধারণ শেয়ার
ii. বোনাস শেয়ার
iii. রাইট শেয়ার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
নেক্সাস লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ৮০,০০০ শেয়ারে নিবন্ধিত হলো। কোম্পানি এর ৮০% শেয়ার ৮% অবহারে ইস্যু করে।

**৮. কোম্পানির ইস্যুকৃত শেয়ারসংখ্যা কত?**
K ৬১,০০০ L ৬২,০০০
M ৬৩,০০০ N ৬৪,০০০

**৯. কোম্পানির সংরক্ষিত মূলধনের পরিমাণ কত টাকা?**
K ১,৬০,০০০ L ১,৭০,০০০
M ১,৭৫,০০০ N ৩,৯২,০০০

**১০. কোম্পানির মূলধনের ক্ষুদ্র ও সমান অংশকে কী বলে?**
K স্টক L শেয়ার
M ঋণপত্র N অধিহার

**১১. ১০ টাকা মূল্যের শেয়ার ১৫ টাকায় ইস্যু করলে মূলধন হিসেবে কত টাকা লিখতে হবে?**
K ৫ টাকা L ১০ টাকা
M ১৫ টাকা N ২৫ টাকা

**১২. অনুমোদিত মূলধনের চেয়ে বেশি হতে পারে না–**
i. ইস্যুকৃত মূলধন
ii. বিলিকৃত মূলধন
iii. আদায়কৃত মূলধন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**১৩. বিক্রয় ১,২০,০০০ টাকা, মোট মুনাফা ৪০,০০০ টাকা, বিক্রয় ফেরত ৮০০ টাকা, বিক্রয় বাট্টা ৪০০ টাকা; নিট মুনাফা ২৬,০০০ টাকা। নিট বিক্রয় কত টাকা?**
K ৯৮,৮০০ L ১,০১,২০০
M ১,১৮,৮০০ N ১,১৯,২০০

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
সজীব লি.-এর প্রারম্ভিক মজুদ পণ্য ২,৪০,০০০ টাকা, সমাপনী মজুদ ১,৭০,০০০ টাকা, ক্রয় ৫,০০,০০০ টাকা এবং মোট লাভ ১,৪০,০০০ টাকা।

**১৪. গড় মজুদের পরিমাণ কত টাকা?**
K ২,০০,০০০ L ২,০৫,০০০
M ২,১৫,০০০ N ২,২০,০০০

**১৫. বিক্রীত পণ্যের ব্যয় কত টাকা?**
K ৫,৭০,০০০ L ৫,৮০,০০০
M ৫,৯০,০০০ N ৬,০০,০০০

**১৬. তরল সম্পত্তির অংশ নয়–**
i. মজুদ পণ্য
ii. অগ্রিম ব্যয়
iii. নগদ তহবিল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৭. চলতি দায় হলো–**
i. আয়কর সঞ্চিতি
ii. সাধারণ সঞ্চিতি
iii. প্রদেয় হিসাব
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৮. বিক্রয়মূল্যের উপর মুনাফার হার ২৫% হলে তা ক্রয়মূল্যের উপর শতকরা কত হার?**
K ১৬.৬৭% L ২০%
M ২৫% N ৩৩.৩৩%

**১৯. নিচের কোনটি অলীক সম্পত্তি?**
K শেয়ার বাট্টা L পেটেন্ট
M ট্রেডমার্ক N সুনাম

**২০. নিচের কোনটি ত্বরিত সম্পদ নয়?**
K নগদ L দেনাদার
M ব্যাংক জমা N অগ্রিম খরচ

**২১. বিন কার্ড হতে তুমি কী জানতে পার?**
K মজুদ পণ্যের মূল্য
L মজুদ পণ্যের পরিমাণ
M ব্যবহৃত মালের পরিমাণ
N মজুদের ঘাটতি

**২২. মাল খতিয়ানের ডান পার্শ্বে থাকে–**
i. মালের সর্বোচ্চ সীমা
ii. মালের সর্বনিম্ন সীমা
iii. পুনঃফরমায়েশ সীমা
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৩. নিত্য মজুদ ব্যবস্থায় কখন সমাপনী মজুদ পণ্যের পরিমাণ জানা যায়?**
K একমাস পরপর L ছয়মাস পরপর
M হিসাবকাল শেষে N যেকোনো সময়

**২৪. সমাপনী মজুদ পণ্যের মূল্য বেশি দেখানো হলে–**
i. বিক্রীত পণ্যের ব্যয় বেশি দেখানো হবে
ii. নিট মুনাফা বেশি দেখানো হবে
iii. চলতি সম্পদ বেশি দেখানো হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**২৫. অস্থিতিশীল ও বাজারমূল্য ঊর্ধ্বগামী হলে নির্গত মালের মূল্যায়নে কোন পদ্ধতি সুবিধাজনক?**
K FIFO পদ্ধতি L LIFO পদ্ধতি
M ভারযুক্ত গড় পদ্ধতি
N সাধারণ গড় পদ্ধতি

**২৬. কোন ব্যবসায়ের মজুদ থাকে না?**
K গার্মেন্টস L ঔষধ
M বিমা N প্রকাশনা

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
রেওয়ামিলে ভ্যাটসহ পণ্য ক্রয় ১,৩০,০০০ টাকা, ভ্যাটসহ পণ্য বিক্রয় ২,৩৫,০০০ টাকা, বিক্রয় ফেরত ৪,০০০ টাকা, বিক্রয় বাট্টা ৬,০০০ টাকা, ক্রয় ফেরত ৫,০০০ টাকা। সমন্বয়ঃ পণ্য উত্তোলন ১০,০০০ টাকা, অলিখিত বিক্রয় ৫,০০০ টাকা।

**২৭. বিক্রয় ভ্যাট কত?**
K ৩৫,২৫০ টাকা L ৩০,৬২৫ টাকা
M ৩০,০০০ টাকা N ২৯,৬৫২ টাকা

**২৮. নিট ক্রয় কত টাকা?**
K ১,৩০,০০০ L ১,২৫,০০০
M ১,১৫,০০০ N ১,০০,০০০

**২৯. কোনটি পরিচালন আয়?**
K আসবাবপত্র বিক্রয় L পণ্য বিক্রয়
M বিনিয়োগের সুদ N কমিশন প্রাপ্তি

**৩০. তাহের ও কামরুল কারবারের মুনাফা ২ঃ১ অনুপাতে বণ্টন করে নেয়। বছর শেষে তাদের মূলধনের জের যথাক্রমে ১,০০,০০০ টাকা ও ১,৮০,০০০ টাকা। বছর শেষে কারবারের নিট লাভ ২৪,০০০ টাকা। তাহের ও কামরুলের প্রারম্ভিক মূলধন কত টাকা?**
K ১,১৬,০০০ ও ১,৮৮,০০০
L ৮৪,০০০ ও ১,৭২,০০০
M ১,০৮,০০০ ও ১,৯৬,০০০
N ১,২৪,০০০ ও ২,০৪,০০০

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | L | ৩ | K | ৪ | M | ৫ | M | ৬ | M | ৭ | L | ৮ | N | ৯ | K | ১০ | L | ১১ | L | ১২ | N | ১৩ | M | ১৪ | L | ১৫ | K |
| ১৬ | K | ১৭ | L | ১৮ | N | ১৯ | K | ২০ | N | ২১ | L | ২২ | N | ২৩ | N | ২৪ | L | ২৫ | L | ২৬ | M | ২৭ | M | ২৮ | N | ২৯ | L | ৩০ | L |

## ৫৪ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর

বিষয় কোড : 2 5 4

সময়– ৩০ মিনিট **হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. স্থায়ী মূলধন পদ্ধতিতে প্রত্যেক অংশীদারের জন্য কয়টি হিসাব খোলা হয়?**
K ২টি L ৩টি M ৪টি N ৫টি

**২. ক ও খ কারবারের মুনাফা ২ ঃ ১ অনুপাতে বণ্টন করে নেয়। তাদের মূলধনের সমাপনী জের যথাক্রমে ১,৮০,০০০ টাকা ও ১,০০,০০০ টাকা। বছর শেষে নিট লাভ ৪৫,০০০ টাকা। ক ও খ এর প্রারম্ভিক মূলধন কত?**
K ২,১০,০০০ ও ১,১৫,০০০ টাকা
L ৮৫,০০০ ও ১,৫০,০০০ টাকা
M ১,৫০,০০০ ও ৮৫,০০০ টাকা
N ২,০০,০০০ ও ১,৫০,০০০ টাকা

**৩. ক, খ ও গ একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার যাদের লাভ-লোকসান বণ্টনের অনুপাত ৪ ঃ ৩ ঃ ২। বছরের মাঝামাঝি সময়ে খ উক্ত অংশীদারি ব্যবসায় থেকে অবসর গ্রহণ করলে ক ও গ এর নতুন অনুপাত কত হবে?**
K ৪ ঃ ২ L ২ ঃ ১
M ৪ ঃ ৩ N ৩ ঃ ২

**৪. অংশীদারদের লাভ-লোকসান আবণ্টন হিসাবে ক্রেডিট পাশে দেখানো হয়–**
i. চলতি বছরের নিট লাভ
ii. উত্তোলনের সুদ
iii. মূলধনের সুদ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
যমুনা লি. কোম্পানি প্রতি শেয়ার ১০০ টাকা হিসাবে ২০,০০০ সাধারণ শেয়ার ১০% বাট্টায় ইস্যু করল। সর্বমোট ৩০,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। এর মধ্যে ২০,০০০ শেয়ার যথারীতি আবণ্টন করা হলো। অবশিষ্ট আবেদনের টাকা আবেদনকারীদের মধ্যে ফেরত দেওয়া হলো। সমুদয় অর্থ পাওয়া যায়।

**৫. আদায়কৃত মূলধন কত?**
K ২০,০০,০০০ টাকা L ১৮,০০,০০০ টাকা
M ১৭,৮০,০০০ টাকা N ১৬,০০,০০০ টাকা

**৬. শেয়ার বাট্টার পরিমাণ কত?**
K ৪০,০০০ টাকা L ৮০,০০০ টাকা
M ১,০০,০০০ টাকা N ২,০০,০০০ টাকা

**৭. অংশীদারি ব্যবসায়ের মূলধনের সুদ ১,৫০০ টাকা এবং উত্তোলনের সুদ ২,৫০০ টাকা বাদ পড়েছে তাহলে কত টাকা লাভ বা ক্ষতি হবে?**
K ১,০০০ টাকা ক্ষতি L ৪,০০০ টাকা লাভ
M ৯০০ টাকা ক্ষতি N ১,০০০ টাকা লাভ

**৮. সরকারি কোম্পানিতে মালিকানার কমপক্ষে কতভাগ সরকারের কাছে থাকে?**
K ৪৫ ভাগ L ৫১ ভাগ
M ৬৫ ভাগ N ৭৫ ভাগ

**৯. মেজবাহ লিমিটেডের মোট শেয়ারসংখ্যা ২৫,০০০ টাকা। প্রতিটি শেয়ারের মূল্য ১০০ টাকা। ১০% উনহারে শেয়ারগুলো ইস্যু করা হলো। মোট দায়ের পরিমাণ কত টাকা?**
K ২২,৫০,০০০ টাকা L ২৫,০০,০০ টাকা
M ২৭,৫০,০০০ টাকা N ২৬,০০,০০০ টাকা

**১০. কোনটিকে কোম্পানির সনদ বলা হয়?**
K পরিমেল বন্ধ L পরিমেল নিয়মাবলি
M নিবন্ধনপত্র N শেয়ার সার্টিফিকেট

**১১. ৩৩.৩৩ টাকার ৩০০% কত টাকা?**
K ১১.১১ টাকা L ২২.২২২২ টাকা
M ১০০ টাকা N ২৩৩ টাকা

**১২. অলীক সম্পত্তি কোনটি?**
K শেয়ার বাট্টা L সুনাম
M পেটেন্ট N ট্রেডমার্ক

**১৩. শেয়ারহোল্ডারদের মালিকানাস্বত্বের উপাদান হলো–**
i. শেয়ার মূলধন
ii. সাধারণ সঞ্চিতি
iii. অবণ্টিত মুনাফা
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও ii M ii ও iii N i, ii ও iii

**১৪. বিক্রয়মূল্যের উপর মুনাফার হার ২৫% হলে ক্রয়মূল্যের উপর মুনাফার হার কত?**
K ৫০% L ৩৩.৩৩%
M ৩০% N ২০%

**১৫. কোম্পানি আইনের ১৮৫ ধারার কত নং তফসিল-এ কোম্পানির আর্থিক অবস্থার বিবরণীর ছক প্রণয়নের উল্লেখ আছে?**
K ১০ নং তফসিলে L ১৩ নং তফসিলে
M ১৫ নং তফসিলে N ১১ নং তফসিলে

**১৬. দায়-মালিকানা অনুপাত নির্ণয়ে প্রয়োজন–**
i. চলতি দায়
ii. দীর্ঘমেয়াদি দায়
iii. মালিকানা তহবিল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
ঢাকা ম্যাচ ম্যানুফ্যাকচারিং লিমিটেড-এর ২০১৪ সালের মোট বিক্রয় ৩,০০,০০০ টাকা এবং বিক্রীত পণ্যের ব্যয়ের উপর মুনাফার হার ২৫%। প্রারম্ভিক মজুদ পণ্য ও সমাপনী মজুদ পণ্য ছিল যথাক্রমে ৪০,০০০ টাকা ও ৩০,০০০ টাকা।

**১৭. ঢাকা ম্যাচ ম্যানুফ্যাকচারিং লিমিটেড-এর মজুদ আবর্তন অনুপাত কত?**
K ৬ বার L ৬.৬৮ বার
M ৬.৮৬ বার N ৮ বার

**১৮. যদি বিক্রয়ের উপর মুনাফার হার ৫% বৃদ্ধি পায় এবং সমাপনী মজুদ পণ্য ১০,০০০ টাকা হ্রাস পায় তাহলে–**
i. বিক্রীত পণ্যের ব্যয় ১৫,০০০ টাকা হ্রাস পাবে
ii. মজুদ আবর্তন অনুপাত ০.৬৪ অংশ হ্রাস পাবে
iii. মজুদ আবর্তন অনুপাত ০.৬৪ অংশ বৃদ্ধি পাবে
**নিচের কোনটি সঠিক?**
K ii L i ও iii M iii N i, ii ও iii

**১৯. মূলধন গিয়ারিং অনুপাত কোন ধরনের অনুপাত?**
K তারল্যতা L কার্যকলাপ
M সচ্ছলতা N মুনাফা অর্জিত ক্ষমতা

**২০. বিক্রয়ের পরিমাণ ৮০,০০০ টাকা এবং বিনিয়োজিত মূলধনের পরিমাণ ১,০৬,২০০ টাকা হলে বিনিয়োজিত মূলধনের আবর্তন অনুপাত কত?**
K ৭৫ L ০.৭৫ M ৭.৫ N ০.৫৭

**২১. যদি বিক্রয় ২৫,০০০ টাকা এবং মুনাফার হার ক্রয়মূল্যের উপর ২৫% হয় তবে বিক্রীত পণ্যের ব্যয় হবে–**
K ২০,০০০ টাকা L ২২,৫০০ টাকা
M ২৩,৭৫০ টাকা N ২৫,০০০ টাকা

**২২. দরপত্র বিবরণী হতে পারে–**
i. এক দরপত্র
ii. সীমিত দরপত্র
iii. দ্বৈত দরপত্র
**নিচের কোনটি সঠিক?**
K ii L i ও ii M iii N i, ii ও iii

**২৩. প্রারম্ভিক মজুদ পণ্য ২৫০ একক, সমাপনী মজুদ ১৫০ একক এবং সারা বছর উৎপাদিত পণ্য ৪০০ একক। পণ্য বিক্রয়ের মাধ্যমে সারা বছরের মুনাফা ১২,০০০ টাকা। এককপ্রতি মোট মুনাফা কত?**
K ১৫ টাকা L ২৪ টাকা
M ৩০ টাকা N ৪০ টাকা

**২৪. যদি এককপ্রতি বিক্রয়মূল্য ৯৬২ টাকা এবং এককপ্রতি মুনাফা ৮৭ টাকা হয় তবে এ উৎপাদন ব্যয়ের উপর মুনাফার হার কত?**
K ১০% L ২০% M ২৩% N ১১.৭৭%

**২৫. উৎপাদন ব্যয় হিসাবের সকল প্রত্যক্ষ ব্যয়ের সমষ্টিকে কী বলে?**
K উৎপাদন উপরিব্যয় L কারখানা ব্যয়
M মুখ্য ব্যয় N উৎপাদন ব্যয়

**২৬. ক্রয় অধিযাচনপত্র কোথায় পেশ করা হয়?**
K ক্রয় বিভাগে L গুদামরক্ষকের নিকট
M ব্যবস্থাপকের নিকট N বিক্রয় বিভাগে

**২৭. মজুদ মূল্যায়নের পদ্ধতি হলো–**
i. কালান্তিক মজুদ পদ্ধতি
ii. নিত্য মজুদ পদ্ধতি
iii. আগের মাল আগে ছাড় পদ্ধতি
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M i ও ii N i ও iii

**২৮. ২০১২ সালের ১ জানুয়ারি তারিখে ৫০০ একক মাল ১০ টাকা দরে এবং ৫ জানুয়ারি তারিখে ৮০০ একক মাল ১১ টাকা দরে ক্রয় করা হয়। ৬ জানুয়ারি তারিখে ৭০০ একক মাল বিক্রয় করা হলে এবং আগের দর আগে ছাড় পদ্ধতি অনুসরণ করা হলে বিক্রয়কৃত মালের মূল্য কত হবে?**
K ৭,০০০ টাকা L ৭,২০০ টাকা
M ৭,৫০০ টাকা N ৭,৭০০ টাকা

**২৯. মজুদ পণ্যের ক্রয়কৃত মূল্যকে কয়টি ভাগে ভাগ করা যায়?**
K দুইটি L তিনটি
M চারটি N পাঁচটি

**৩০. অবিক্রীত পণ্যকে কী বলা হয়–**
K প্রারম্ভিক মজুদ পণ্য L ক্রয়যোগ্য পণ্য
M সমাপনী মজুদ পণ্য N বিক্রয়যোগ্য পণ্য

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | M | ৩ | L | ৪ | K | ৫ | K | ৬ | N | ৭ | N | ৮ | L | ৯ | L | ১০ | K | ১১ | M | ১২ | K | ১৩ | N | ১৪ | L | ১৫ | N |
| ১৬ | N | ১৭ | M | ১৮ | L | ১৯ | M | ২০ | L | ২১ | K | ২২ | L | ২৩ | L | ২৪ | N | ২৫ | M | ২৬ | K | ২৭ | M | ২৮ | L | ২৯ | K | ৩০ | M |

## ৫৫ আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ

বিষয় কোড : 2 5 4

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়– ৩০ মিনিট পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. রিমি ও জিমির লাভ-ক্ষতি বণ্টন অনুপাত: ২ ঃ ১। সুমিকে নতুন অংশীদার হিসাবে কারবারে লাভের ১/৪ অংশ প্রদান করা হলে তাদের কারবারের লাভ-ক্ষতি বণ্টন অনুপাত কত হবে?**
K ৩ ঃ ২ ঃ ১ L ২ ঃ ২ ঃ ১
M ২ ঃ ১ ঃ ১ N ১ ঃ ১ ঃ ১

**২. অংশীদারদের মূলধন হিসাব সংরক্ষণের পদ্ধতি কয়টি?**
K ২টি L ৩টি
M ৪টি N ৫টি

**৩. মাসের শুরুতে উত্তোলন করলে উত্তোলনের উপর কত মাসের সুদ ধরতে হবে?**
K ৫.৫ L ৬
M ৬.৫ N ১২

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
A ও B দুই জন অংশীদার। তারা কারবারের লাভ-ক্ষতি ৩ ঃ ২ অনুপাতে ভাগ করে নেয়। ২০২১ সালের কারবারের বণ্টনযোগ্য মুনাফা ছিল ৯৫,০০০ টাকা। A অংশীদার B কে নিশ্চয়তা দিয়েছে যে, সে তার বার্ষিক বেতন ১০,০০০ টাকা ও মুনাফাসহ কমপক্ষে ৫০,০০০ টাকা পাবে।

**৪. A নিশ্চয়তা মোতাবেক কত টাকা B কে দিবে?**
K ৫,০০০ টাকা L ৪,০০০ টাকা
M ৩,০০০ টাকা N ২,০০০ টাকা

**৫. IPO এর পূর্ণরূপ কী?**
K Initial Public Offer
L Initial Public Officer
M Initial Public Offering
N International Public Offering

**৬. কারা কোম্পানির প্রকৃত মালিক?**
K সাধারণ শেয়ারমালিকরা
L অগ্রাধিকার শেয়ারমালিকরা
M বিলম্বিত দাবি শেয়ারমালিকরা
N ব্যবস্থাপক

**৭. একটি কোম্পানি প্রতিটি ১০০ টাকা মূল্যের শেয়ার ১০% অবহারে ইস্যু করে। ঐ বছর কোম্পানি শেয়ারপ্রতি ১০% লভ্যাংশ ঘোষণা করলে, শেয়ারপ্রতি লভ্যাংশ কত টাকা হবে?**
K ৯ টাকা L ১০ টাকা
M ১১ টাকা N ১২ টাকা

**৮. অবহারে শেয়ার বণ্টন কোন ধরনের লোকসান?**
K মূলধনজাতীয় L মুনাফাজাতীয়
M বিলম্বিত মুনাফাজাতীয়
N বিলম্বিত মূলধনজাতীয়

**৯. শেয়ারের লিখিত মূল্যের চেয়ে বেশি মূল্যে শেয়ার ইস্যুকে বলে–**
i. প্রিমিয়াম
ii. অধিহার
iii. অবহার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১০. যৌথমূলধনী কারবারগুলো লভ্যাংশ প্রদান করে–**
K আদায়কৃত মূলধনের ওপর
L তলবকৃত মূলধনের ওপর
M বিলিকৃত মূলধনের ওপর
N অনুমোদিত মূলধনের ওপর

**১১. যে সকল খরচ ব্যবসায়িক কারণে সংঘটিত হয় না তাকে কোন ব্যয় বলা হয়?**
K বিক্রয় ব্যয় L বিক্রীত পণ্যের ব্যয়
M পরিচালন ব্যয় N অপরিচালন ব্যয়

**১২. IAS-এর পূর্ণরূপ কী?**
K Internal Accounting Standards
L International Accounting System
M International Accounting System
N Important Accounting Standards

**১৩. নিচের কোনটি চলতি সম্পদ?**
K প্রাপ্য নোট L শেয়ার অবহার
M ট্রেডমার্কস N সুনাম

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
২০২০ সালে আলফা কোম্পানি লি.-এর রেওয়ামিলে বিজ্ঞাপন ১৫,০০০ টাকা। সমন্বয়ে বলা আছে প্রচারের উদ্দেশ্যে বিনামূল্যে পণ্য বিতরণ ৫,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি। বিজ্ঞাপন খরচ ৫ বছরে অবলোপন করা হবে।

**১৪. বিনামূল্যে পণ্য বিতরণ করলে–**
i. ক্রয় হ্রাস পায়
ii. নগদ হ্রাস পায়
iii. বিজ্ঞাপন খরচ বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৫. ২০২০ সালে বিলম্বিত বিজ্ঞাপনের পরিমাণ কত টাকা?**
K ৪,০০০ টাকা L ৫,০০০ টাকা
M ১৬,০০০ টাকা N ২০,০০০ টাকা

**১৬. পারস্পরিক তুলনাযোগ্য দুটি ঘটনার সংখ্যাত্মক প্রকাশকে কী বলে?**
K ব্যবসায় বিশ্লেষণ L হিসাব বিশ্লেষণ
M অনুপাত বিশ্লেষণ N মুনাফা বিশ্লেষণ

**১৭. চলতি অনুপাতের আদর্শ মান কত?**
K ১ ঃ ১ L ২ ঃ ১
M ১ ঃ ২ N ১.৫ ঃ ১

**১৮. কার্যকরী মূলধন নির্ণয়ের সঠিক সূত্র কোনটি?**
K মোট সম্পদ – মোট দায়
L চলতি সম্পদ – মোট দায়
M মোট সম্পদ – চলতি দায়
N চলতি সম্পদ – চলতি দায়

**১৯. চলতি অনুপাত ৩ ঃ ১ এবং চলতি সম্পত্তি ১৮,০০০ টাকা হলে চলতি দায় কত?**
K ৪,৫০০ টাকা L ৬,০০০ টাকা
M ১০,৫০০ টাকা N ১২,০০০ টাকা

**২০. বিক্রয়ের ওপর মুনাফার হার ২০% অংশ হলে বিক্রীত পণ্যের ব্যয়ের ওপর মুনাফার হার কত হবে?**
K ৫০% L ৩৩.৩৩%
M ২৫% N ১৬.৬৭%

**২১. কোনটি উৎপাদন ব্যয়ের উপাদান?**
K অফিস ভাড়া L পরোক্ষ কাঁচামাল
M বিজ্ঞাপন ব্যয় N কু-ঋণ

**২২. মুখ্য ব্যয় কী?**
K কাঁচামাল + কারখানা উপরিব্যয়
L কারখানা উপরিব্যয় + প্রশাসনিক উপরিব্যয়
M কাঁচামাল ব্যয় + প্রত্যক্ষ মজুরি ব্যয় + অন্যান্য প্রত্যক্ষ খরচ
N কারখানা ব্যয় + বিক্রয় ব্যয়

**২৩. কোনটি উৎপাদন ব্যয়ের অংশ নয়?**
K প্রত্যক্ষ কাঁচামাল L পরোক্ষ কাঁচামাল
M পরোক্ষ ব্যয় N যন্ত্রপাতির অবচয়

**২৪. প্রত্যক্ষ মাল ৪,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরি ২,০০০ টাকা, উপরিখরচ ৩,০০০ টাকা হলে, রূপান্তর ব্যয় কত?**
K ৫,০০০ L ৭,০০০
M ৬,০০০ N ১০,০০০

**২৫. উৎপাদন প্রক্রিয়া অব্যাহত রাখার জন্য যে পরিমাণ মাল সর্বদাই মজুদ রাখা হয় তাকে কী বলা হয়?**
K সর্বোচ্চ সীমা L সর্বনিম্ন সীমা
M গড় মজুদ N নিরাপত্তা মজুদ

**২৬. FOB এর পূর্ণরূপ কোনটি?**
K Free On Bill L Free On Bard
M Free On Boat N Free On Board

**২৭. বিন কার্ড কোথায় থাকে?**
K অফিসে L ব্যবস্থাপকের নিকট
M গুদামে সংরক্ষকের নিকট
N গুদামে মাল রাখার স্থানে

**২৮. অস্থিতিশীল ও বাজারমূল্য উর্ধ্বগামী হলে নির্গত মালের মূল্যায়নের কোন পদ্ধতি সুবিধাজনক?**
K FIFO পদ্ধতি L LIFO পদ্ধতি
M ভারযুক্ত গড় পদ্ধতি N সাধারণ গড় পদ্ধতি

**২৯. মজুদ পণ্য মূল্যায়নের বিজ্ঞানসম্মত পদ্ধতি হলো–**
i. কালান্তিক মজুদ পদ্ধতি
ii. FIFO পদ্ধতি
iii. ভারযুক্ত গড় পদ্ধতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৩০. বিন কার্ডে উল্লেখ থাকে–**
i. মালের আগমন
ii. মালের নির্গমন
iii. মালের মূল্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | K | ৩ | M | ৪ | N | ৫ | M | ৬ | K | ৭ | L | ৮ | K | ৯ | K | ১০ | K | ১১ | N | ১২ | L | ১৩ | K | ১৪ | L | ১৫ | M |
| ১৬ | M | ১৭ | L | ১৮ | N | ১৯ | L | ২০ | M | ২১ | L | ২২ | M | ২৩ | N | ২৪ | K | ২৫ | N | ২৬ | N | ২৭ | N | ২৮ | L | ২৯ | M | ৩০ | K |

## ৫৬ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, মোমেনশাহী

বিষয় কোড : 2 5 4

সময়– ৩০ মিনিট **হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. মুখ্যব্যয় + কারখানা উপরিব্যয় = ?**
K রূপান্তর ব্যয় L কারখানা ব্যয়
M মোট ব্যয় N বিক্রীত পণ্যের ব্যয়

**২. বিক্রয়মূল্যের উপর মুনাফার হার ২০% হলে উৎপাদন ব্যয়ের উপর মুনাফার হার কত?**
K ২০% L ২৫%
M ৩৩.৩৩% N ৫০%

**৩. অংশীদারি কারবারের উন্নয়নের প্রধান অন্তরায় কোনটি?**
K অসীম দায় L মূলধনের স্বল্পতা
M ব্যক্তিগত দ্বন্দ্ব N অদক্ষ ব্যবস্থাপনা

**৪. কোনো ব্যবসায়ের আইনগত পৃথক ও স্বাধীন সত্তা নেই?**
K কোম্পানি L সমবায়
M রাষ্ট্রীয় N অংশীদারি

**৫. পলি ও মলি একটি অংশীদারি কারবারের দুজন অংশীদার। পলি প্রতি মাসের শেষে কারবার হতে ১,০০০ টাকা করে নগদ উত্তোলন করে। উত্তোলনের সুদ ১০% হলে পলির সুদের পরিমাণ কত?**
K ৫৫০ টাকা L ৬০০ টাকা
M ৬৫০ টাকা N ১,২০০ টাকা

**৬. চুক্তির অবর্তমানে অংশীদারি কারবারের মুনাফা বণ্টন করা হয়–**
K মূলধন অনুপাতে L সমান অনুপাতে
M যোগ্যতা অনুপাতে
N পরিচালনায় কর্মদক্ষতা অনুপাতে

**৭. অলীক সম্পত্তি কোনটি?**
K শেয়ার বাট্টা L সুনাম
M আসবাবপত্র N ট্রেডমার্ক

**৮. কোন ধরনের কারবার কৃত্রিম ও স্বাধীন ব্যক্তিসত্তার মর্যাদা ভোগ করে?**
K অংশীদারি কারবার
L যৌথমূলধনী কারবার
M সমবায় সমিতি
N একমালিকানা কারবার

**৯. একটি যৌথমূলধনী কোম্পানি–**
i. চিরন্তন অস্তিত্বসম্পন্ন
ii. নিবন্ধিত
iii. সীমাবদ্ধ দায়বিশিষ্ট
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
মাহিন লিমিটেড প্রতি শেয়ার ২ টাকা অধিহারসহ ১২ টাকা করে ২০,০০০ শেয়ার জনসাধারণের নিকট বিক্রয়ের জন্য ইস্যু করে। মোট ১০,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল এবং যথারীতি তা বণ্টিত হলো।

**১০. কোম্পানির আদায়কৃত মূলধনের পরিমাণ কত?**
K ১,০০,০০০ টাকা L ১,১৮,০০০ টাকা
M ১,২০,০০০ টাকা N ২,০০,০০০ টাকা

**১১. কোম্পানির মালিকানাস্বত্বের পরিমাণ কত টাকা হবে?**
K ১,০০,০০০ টাকা L ১,২০,০০০ টাকা
M ২,০০,০০০ টাকা N ২,৪০,০০০ টাকা

**১২. কোম্পানির অর্থ সংগ্রহের অভ্যন্তরীণ উৎস হলো–**
K ঋণপত্র বিক্রয় L ব্যাংকের ঋণ
M সংরক্ষিত আয় N বন্ধকি ঋণ

**১৩. অনাদায়ি পাওনা সৃষ্টির কারণ হতে পারে–**
i. প্রাপ্য হিসাবের মৃত্যু
ii. প্রাপ্য হিসাব দেউলিয়া
iii. বিক্রয় হ্রাস
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**১৪. বিক্রয় ভ্যাট যদি ক্রয় ভ্যাটের চেয়ে বেশি হয় তবে তা কী প্রকাশ করে?**
K আয় L দায়
M ব্যয় N সম্পদ

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
মধুমতি কোম্পানি লিমিটেড বিক্রয়মূল্যের উপর ২০% মোট লাভের জন্য বিক্রয় করে। ব্যবসায়ের প্রারম্ভিক মজুদ ২০,০০০ টাকা ও সমাপনী মজুদ ২০,০০০ টাকা ও নিট ক্রয় ৩,০০,০০০ টাকা।

**১৫. ব্যবসায়ের বিক্রয়ের পরিমাণ কত?**
K ৩,৬০,০০০ টাকা L ৩,৭৫,০০০ টাকা
M ৩,৮০,০০০ টাকা N ৩,৭০,০০০ টাকা

**১৬. ব্যবসায়ের পরিচালন ব্যয় ২০,০০০ টাকা এবং অপরিচালন ব্যয় ১০,০০০ টাকা হলে নিট মুনাফা কত?**
K ৪৫,০০০ টাকা L ৫০,০০০ টাকা
M ৪০,০০০ টাকা N ৩৫,০০০ টাকা

**১৭. বিক্রীত পণ্যের ব্যয় ৬৩,০০০ টাকা ও মোট লাভ ২১,০০০ টাকা হলে নিট বিক্রয় কত?**
K ৪২,০০০ টাকা L ৬৩,০০০ টাকা
M ৮৪,০০০ টাকা N ১,০৪,০০০ টাকা

**১৮. নিচের কোনটি সচ্ছলতা অনুপাত?**
K চলতি অনুপাত
L মোট লাভ অনুপাত
M দায় মালিকানা অনুপাত
N পরিচালন আয় অনুপাত

**১৯. চলতি অনুপাতের আদর্শ মান কত?**
K ১ ঃ ১ L ২ ঃ ১
M ১ ঃ ২ N ১.৫ ঃ ১

**২০. বিনিয়োজিত মূলধন নির্ণয়ে অন্তর্ভুক্ত হবে–**
i. শেয়ার মূলধন
ii. প্রদেয় হিসাব
iii. সাধারণ সঞ্চিতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**২১. একটি কোম্পানির ৩১,৫০০ টাকা চলতি মূলধন রয়েছে এবং চলতি অনুপাত ৫ ঃ ২। চলতি দায় কত?**
K ২১,০০০ টাকা L ১৯,৫০০ টাকা
M ১২,৬০০ টাকা N ৯,০০০ টাকা

■ **উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
ময়না কোম্পানির ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে মোট সম্পদ ২০,০০,০০০ টাকা, যার মধ্যে স্থায়ী সম্পদ ১৫,০০,০০০ টাকা। কোম্পানির মোট বহির্দায় ৫,০০,০০০ টাকা।

**২২. কোম্পানিটির মালিকানা তহবিল কত?**
K ১৫,০০,০০০ টাকা
L ১০,০০,০০০ টাকা
M ২০,০০,০০০ টাকা
N ৩০,০০,০০০ টাকা

**২৩. উক্ত প্রতিষ্ঠানের দায় সম্পত্তি অনুপাত কত?**
K ০.২৫ ঃ ১ L ০.৫০ ঃ ১
M ০.৭৫ ঃ ১ N ১ ঃ ১

**২৪. বিন কার্ড কোথায় থাকে?**
K অফিসে
L ব্যবস্থাপকের নিকট
M হিসাবরক্ষকের নিকট
N গুদামে মাল রাখার স্থানে

**২৫. মজুদ মূল্যায়ন পদ্ধতি–**
i. FIFO পদ্ধতি
ii. LIFO পদ্ধতি
iii. ভারযুক্ত গড় পদ্ধতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**২৬. কোন ব্যবসায়ের মজুদ থাকে না?**
K গার্মেন্টস L ওষুধ
M বিমা N প্রকাশনা

**২৭. অস্থিতিশীল ও বাজারমূল্য ঊর্ধ্বগামী হলে নির্গত মালের মূল্যায়নে কোন পদ্ধতি সুবিধাজনক?**
K FIFO L LIFO
M সাধারণ গড় N ভারযুক্ত গড়

**২৮. কোন পদ্ধতিতে বছরান্তে বা নির্দিষ্ট সময়ান্তে মজুদ মাল গণনা করা হয়?**
K কালান্তিক মজুদ পদ্ধতি
L অবিরত মজুদ পদ্ধতি
M নিত্য মজুদ পদ্ধতি
N ভারযুক্ত গড় পদ্ধতি

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
২০১৯
জানু-১ প্রারম্ভিক মজুদ ১০০০ কেজি, প্রতি কেজি ১০ টাকা দরে
জানু-৫ ইস্যু ৬০০ কেজি
জানু-১৫ ক্রয় ১২০০ কেজি, প্রতি কেজি ১০ টাকা দরে।

**২৯. FIFO পদ্ধতিতে সমাপনী মজুদ মালের মূল্য কত?**
K ১০,০০০ টাকা L ১৬,০০০ টাকা
M ২০,০০০ টাকা N ২৫,০০০ টাকা

**৩০. FIFO পদ্ধতিতে সমাপনী মজুদের একক কত?**
K ১২০০ একক L ১৬০০ একক
M ১৮০০ একক N ২০০০ একক

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | L | ৩ | K | ৪ | N | ৫ | K | ৬ | L | ৭ | K | ৮ | L | ৯ | N | ১০ | K | ১১ | L | ১২ | M | ১৩ | K | ১৪ | L | ১৫ | L |
| ১৬ | K | ১৭ | M | ১৮ | M | ১৯ | L | ২০ | M | ২১ | K | ২২ | K | ২৩ | K | ২৪ | N | ২৫ | N | ২৬ | M | ২৭ | L | ২৮ | K | ২৯ | L | ৩০ | L |

# এক্সক্লুসিভ মডেল টেস্ট : সৃজনশীল

## ৫৭ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১

বিষয় কোড : 2 5 4

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ আলফা কোম্পানি লি.-এর অনুমোদিত মূলধন ১৫,০০,০০০ টাকা যা প্রতিটি ১০০ টাকা মূল্যে ১৫,০০০ শেয়ারে বিভক্ত। আলফা কোম্পানি লি.-এর ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ :

**রেওয়ামিল**

২০১৭ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (১২,০০০ শেয়ার) | | ১২,০০,০০০ |
| সংরক্ষিত আয় হিসাব (১-১-২০১৭) | | ১,১৫,০০০ |
| মজুদ পণ্য (১-১-২০১৭) | ১,৫০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৮,৭০,০০০ | ১২,১০,০০০ |
| ফেরত | ১৭,০০০ | ৬,০০০ |
| প্রাপ্য হিসাব | ৯০,০০০ | |
| প্রদেয় হিসাব | | ১,৩৫,০০০ |
| কলকব্জা | ১০,০০,০০০ | |
| পুঞ্জীভূত অবচয়-কলকব্জা | | ২,৫০,০০০ |
| প্রাপ্য নোট | ৯৫,০০০ | |
| ব্যাংক জমা | ৪,৩০,০০০ | |
| নগদ শুল্ক খরচ | ৭৫,০০০ | |
| মজুরি | ৬০,০০০ | |
| কমিশন আয় | | ৪৪,০০০ |
| জাহাজ ভাড়া | ৫৫,০০০ | |
| বিমা খরচ (১৮ মাস) | ৯০,০০০ | |
| শিক্ষানবিশ সেলামি (২ বছরের জন্য) | | ৩০,০০০ |
| ভাড়া খরচ | ৫৮,০০০ | |
| | ২৯,৯০,০০০ | ২৯,৯০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদপণ্য ১,৬০,০০০ টাকা কিন্তু বাজার মূল্য এর চেয়ে ৫% বেশি; (২) প্রাপ্য হিসাবের ৫,০০০ টাকা আদায়যোগ্য নয়;(৩) কলকব্জার ওপর ৮% অবচয় ধার্য কর; (৪) অলিখিত ধারে ক্রয় ১৫,০০০ টাকা; (৫) পাওনাদারকে ইস্যুকৃত চেক প্রত্যাখ্যাত হয়েছে ৮,০০০ টাকা যা হিসাব বইতে লেখা হয়নি।

ক. নিট প্রদেয় হিসাবের পরিমাণ নির্ণয় কর। ২

খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

গ. মোট মুনাফা ৪,১৪,০০০ টাকা ধরে নিট মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▶ তিতাস লিমিটেডের অনুমোদিত মূলধন ১০,০০,০০০ টাকা যার প্রতিটি শেয়ার ১০ টাকা মূল্যের। কোম্পানির ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিল নিম্নরূপ :

**তিতাস লিমিটেড**

**রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ তহবিল | ৬৫,০০০ | |
| প্রাপ্য ও প্রদেয় হিসাব | ৭২,০০০ | ৪৬,০০০ |
| সেবা আয় | | ২,৫০,০০০ |
| ভাড়া আয় | | ১০,০০০ |
| বেতন (৯ মাস) | ১৮,০০০ | |
| শেয়ার মূলধন | | ৭,০০,০০০ |
| যন্ত্রপাতি | ৪,১৭,০০০ | |
| পুঞ্জীভূত অবচয় | | ৪০,০০০ |
| বিমা খরচ | ৪০,০০০ | |
| অফিস সাপ্লাইজ | ৬,০০০ | |
| মেরামত খরচ | ১৫,০০০ | |
| অনুপার্জিত সেবা আয় | | ৮০,০০০ |
| সংরক্ষিত আয় বিবরণীর জের | | ৩০,০০০ |
| ১০% ঋণ (০১-১০-২১) | | ৪৪,০০০ |
| অবলেখকের কমিশন | ৫৮,০০০ | |
| উপযোগ খরচ | ৩৯,০০০ | |
| দালানকোঠা | ৪,৭০,০০০ | |
| | ১২,০০,০০০ | ১২,০০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) ভাড়া আয় ১,০০০ টাকা এখনো অনাদায়ি রয়েছে; (২) মেশিনের ওপর বার্ষিক ১০% হারে অবচয় ধরতে হবে; (৩) অনুপার্জিত সেবা আয়ের ৩/৪ অংশ উপার্জিত হয়েছে।

ক. ঋণের সুদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রতিষ্ঠানের বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণীতে চলতি সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

৩ ▶ অন্তরা, জেবিন ও ফাহিমা একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তারা ২ ঃ ২ ঃ ১ অনুপাতে কারবারের লাভ-লোকসান বণ্টন করে নেয়। ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন হিসাবের উদ্বৃত্ত ছিল যথাক্রমে ১,২০,০০০ টাকা, ৮০,০০০ টাকা এবং ৬০,০০০ টাকা। জেবিন সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য প্রতি মাসে ৫০০ টাকা করে বেতন পাবেন। মূলধন ও নগদ উত্তোলনের ওপর বার্ষিক ১০% হারে সুদ ধার্য করতে হবে। অংশীদারগণ প্রতি মাসে উত্তোলন করেছেন : অন্তরা ৬০০ টাকা, জেবিন ৮০০ টাকা এবং ফাহিমা ৪০০ টাকা। ফাহিমা বণ্টনযোগ্য মুনাফার ওপর ৫% হারে কমিশন পাবেন। জেবিনের বেতন ডেবিট করার পর কিন্তু অন্যান্য সমন্বয়সাধনের পূর্বে ২০২১ সালে কারবারে মুনাফার পরিমাণ ছিল ১,০৮,৯২০ টাকা।

ক. অংশীদারদের উত্তোলনের সুদ নির্ণয় কর। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব তৈরি কর। ৪

গ. জেবিন ও ফাহিমার মূলধন হিসাব তৈরি কর। ৪

৪ ▶ অরুন, বরুন ও কিরণ একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ১,৬০,০০০ টাকা, ১,০০,০০০ টাকা এবং ৬০,০০০ টাকা। তাদের চলতি হিসাবের উদ্বৃত্ত ছিল :

অরুন ২০,০০০ টাকা (ক্রেডিট)

বরুন ৮,০০০ টাকা (ডেবিট)

কিরণ ১২,০০০ টাকা (ক্রেডিট)

অংশীদারি চুক্তি অনুযায়ী তাদের মূলধন ও চলতি হিসাবের উদ্বৃত্তের ওপর ৫% সুদ ধার্য করতে হবে। জুলাই ১, ২০২০ তারিখে কিরণ ৩০,০০০ টাকা ঋণ প্রদান করে। অরুন বার্ষিক বেতন বাবদ ১২,০০০ টাকা পাবে। ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে কারবারের নিট মুনাফা ছিল ৫০,৬০০ টাকা।

ক. অরুন ও কিরণের চলতি হিসাবের প্রারম্ভিক উদ্বৃত্তের ওপর সুদ নির্ণয় কর। ২
খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪
গ. অরুন ও বরুনের চলতি হিসাব প্রস্তুত কর। ৪

৫ ▸ মডার্ন কোম্পানি লিমিটেড প্রতিটি শেয়ার ১০ টাকা মূল্যের ৫০,০০০ সাধারণ শেয়ারে বিভক্ত ৫,০০,০০০ টাকার অনুমোদিত মূলধনসহ নিবন্ধিত হলো। ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে কোম্পানি অনুমোদিত শেয়ারের ৬০% ২ টাকা অধিহারসহ বিক্রয়ের উদ্দেশ্যে বিলিপত্র প্রচার করল। ১০ জানুয়ারি ইস্যুকৃত শেয়ারের তিনগুণ আবেদন পাওয়া গেল। ৩১ জানুয়ারি কোম্পানি ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি বণ্টন করল এবং অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেওয়া হলো। ইস্যুসংক্রান্ত খরচ ২০,০০০ টাকা ব্যাংকের মাধ্যমে পরিশোধ করা হলো জানুয়ারি মাসের ৩১ তারিখ।
ক. ইস্যুকৃত শেয়ারের সংখ্যা এবং আবেদনকৃত শেয়ারের সংখ্যা নির্ণয় কর। ২
খ. কোম্পানির হিসাবের বহিতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৬ ▸ তীর্থ লিমিটেডের অনুমোদিত মূলধন ৫,০০,০০০ টাকা, যা প্রতিটি ১০০ টাকা মূল্যের ৫,০০০ শেয়ারে বিভক্ত। কোম্পানি মূলধন সংগ্রহের জন্য ৩,০০০ শেয়ার ১০% অধিহারে বিক্রয়ের জন্য বিবরণপত্র বিলি করে। মোট ৩,৫০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। অতিরিক্ত ৫০০ শেয়ার আবেদনের টাকা ফেরত দেয়া হলো। শেয়ার ইস্যুসংক্রান্ত খরচ ৫,০০০ টাকা এবং অবলেখকের কমিশন ১০,০০০ টাকা চেকে পরিশোধ করা হলো।
ক. অসমন্বিত ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যা ব্যতীত) ৪
গ. আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

৭ ▸ শাপলা লিমিটেডের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের সম্পত্তি ও দায়সমূহ নিম্নে দেওয়া হলো :

| শেয়ারমালিকদের স্বত্ব ও দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৫,০০,০০০ | দালানকোঠা | ৪,০০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ৩৫,০০০ | আসবাবপত্র | ১,০০,০০০ |
| সংরক্ষিত আয় | ৩০,০০০ | প্রাপ্য হিসাব | ৫০,০০০ |
| ১০% ঋণপত্র | ৪০,০০০ | সমাপনী মজুদ পণ্য | ৬০,০০০ |
| প্রদেয় হিসাব | ২০,০০০ | নগদ তহবিল | ৩০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ১০,০০০ | প্রাথমিক খরচ | ১০,০০০ |
| আয়কর সঞ্চিতি | ১৫,০০০ | | |
| | ৬,৫০,০০০ | | ৬,৫০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) বিক্রীত পণ্যের ব্যয় ৫,৪০,০০০ টাকা; (২) মোট মুনাফা ৬০,০০০ টাকা।
ক. চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. চলতি অনুপাত ও ত্বরিত অনুপাত নির্ণয় কর। ৪
গ. দায় মালিকানা অনুপাত ও মোট মুনাফা অনুপাত নির্ণয় কর। ৪

৮ ▸ অনুপ লি.-এর উদ্বর্তপত্র নিম্নে দেওয়া হলো :

**উদ্বর্তপত্র**
৩১ ডিসেম্বর, ২০২১

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৬০,০০০ | আসবাবপত্র | ৫০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ২০,০০০ | ব্যাংক উদ্বৃত্ত | ১৫,০০০ |
| ঋণপত্র | ২,০০০ | মজুদ পণ্য | ১৫,০০০ |
| প্রদেয় হিসাব | ৮,০০০ | প্রাপ্য হিসাব | ১০,০০০ |
| | ৯০,০০০ | | ৯০,০০০ |

ক. চলতি মূলধন নির্ণয় কর। ২
খ. চলতি অনুপাত ও অগ্নি-পরীক্ষা অনুপাত নির্ণয় কর। ৪
গ. দায় মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

৯ ▸ জননী লিমিটেডের ২ জন শ্রমিকের ২০২৩ সালের ফেব্রুয়ারি মাসের মজুরিসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | আফতাব | মাহতাব |
|---|---|---|
| মূল মজুরি | ১২,০০০ টাকা | ১৫,০০০ টাকা |
| মহার্ঘ ভাতা | ২০% | ২০% |
| বাড়িভাড়া ভাতা | ৪৫% | ৪৫% |
| ওভারটাইম | ২০ ঘণ্টা | ৩০ ঘণ্টা |
| যাতায়াত ভাতা | ৭৫০ টাকা | ১,০৫০ টাকা |
| চিকিৎসা ভাতা | ১,৫০০ টাকা | ১,৫০০ টাকা |
| প্রভিডেন্ট ফান্ডে চাঁদা | ১০% | ১০% |
| কল্যাণ তহবিলে দান | ২% | ২% |
| মজুরি হতে অগ্রিম কর্তন | – | ৭৫০ টাকা |

মাসিক স্বাভাবিক কর্মঘণ্টা ২০০ ঘণ্টা। ওভারটাইম হার স্বাভাবিক হারের দেড়গুণ।
ক. ওভারটাইম মজুরির পরিমাণ নির্ণয় কর। ২
খ. শ্রমিকদের ফেব্রুয়ারি মাসের মোট মজুরির পরিমাণ নির্ণয় কর। ৪
গ. নিট মজুরির পরিমাণ নির্ণয় কর। ৪

১০ ▸ ফাহিম ম্যানুফ্যাকচারিং লি. এর ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের সংগৃহীত তথ্যাদি নিম্নরূপ :
কাঁচামাল (১-১-২২) ৯০,০০০ টাকা; কাঁচামাল ক্রয় ৬,০০,০০০ টাকা; কাঁচামাল (৩১-১২-২২) ১,০০,০০০ টাকা; পরিবহন ১০,০০০ টাকা; মজুরি ৫,০০,০০০ টাকা; মেরামত ৫০,০০০ টাকা; চলতি কার্য (১-১-২২) ৭০,০০০ টাকা; চলতি কার্য (৩১-১২-২২) ৬০,০০০ টাকা; বাণিজ্যিক খরচাবলি ২,০০,০০০ টাকা; কারখানা যন্ত্রপাতির অবচয় ১,০০,০০০ টাকা; সমাপ্ত পণ্য (১-১-২২) ১,২০,০০০ টাকা; সমাপ্ত পণ্য (৩১-১২-২২) ১,০০,০০০ টাকা; অফিস ও প্রশাসনিক উপরিব্যয় ৮০,০০০ টাকা; বিক্রয় ও বিতরণ উপরিব্যয় ৪০,০০০ টাকা; ঋণপত্রের সুদ ৭০,০০০ টাকা; বাট্টা প্রদান ৫,০০০ টাকা; সঞ্চয়পত্রের সুদ ৮৫,০০০ টাকা; ভগ্নাবশেষ পণ্যের বিক্রয়মূল্য ২০,০০০ টাকা এবং বিক্রয়ের পরিমাণ ২৫,৫০,০০০ টাকা।
ক. উৎপাদন ব্যয় বিবরণীতে যে দফাসমূহ অন্তর্ভুক্ত হয় না, তার পরিমাণ নির্ণয় কর। ২
খ. বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. নিট মুনাফা বা ক্ষতি নির্ণয়ের জন্য একটি আয় বিবরণী প্রস্তুত কর। ৪

১১ ▸ সাজিদ লি.-এর ২০২১ সালের জুন মাসে কাঁচামাল ক্রয় এবং ইস্যুসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

২০২১

| | | |
|---|---|---|
| জুন | ৩ | ক্রয় ৫০০ কেজি @ টাকা ৪.০০। |
| ” | ১০ | ইস্যু ৩৫০ কেজি। |
| ” | ১৫ | ক্রয় ৩০০ কেজি @ টাকা ৬.০০। |
| ” | ১৭ | ক্রয় ৪০০ কেজি @ টাকা ৫.০০। |
| ” | ১৮ | ইস্যু ৪৫০ কেজি। |
| ” | ২৭ | ইস্যু ৪০০ কেজি। |

প্রারম্ভিক মজুদ পণ্য ১০০ কেজি ৫.০০ টাকা দরে। ১৮ জুন ইস্যুকৃত পণ্য হতে ২৫ কেজি পণ্য ২৬ জুন তারিখে ফেরত এসেছে। মাসের শেষে গুদামে সমাপনী মজুদ মাল ছিল ৭৫ কেজি।
ক. মাসের শেষে মালের ঘাটতির পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপরিউক্ত তথ্যের ভিত্তিতে FIFO পদ্ধতিতে একটি মাল খতিয়ান দেখাও। ৪
গ. উপরিউক্ত তথ্যের ভিত্তিতে ভারযুক্ত গড় পদ্ধতিতে একটি মাল খতিয়ান দেখাও। ৪

## ৫৮ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২

বিষয় কোড : 2 5 4

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ এস.এম. কোম্পানি লি. এর ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের রেওয়ামিল ছিল নিম্নরূপ :

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| ইজারা সম্পত্তি (১০ বছর মেয়াদ) | ১৬,০০,০০০ | শেয়ার মূলধন : নিবন্ধিত এবং ইস্যুকৃত ৪,০০,০০০ শেয়ার প্রতিটি ১০ টাকা মূল্যের | ৪০,০০,০০০ |
| ১২% বিনিয়োগ (১.৭.২১) | ১৫,০০,০০০ | | |
| মজুদ পণ্য (০১.০১.২১) | ৪,৫০,০০০ | বিক্রয় | ৩৪,০০,০০০ |
| ক্রয় | ১৪,৫০,০০০ | প্রদেয় হিসাব | ৪,০০,০০০ |
| আমদানি শুল্ক | ২,০০,০০০ | অনাদায়ি পাওনা সঞ্চিতি | ৫,০০০ |
| শ্রমিকের মজুরি | ৩,৫০,০০০ | সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত | ৮,১৫,০০০ |
| বাড়িভাড়া | ১,৮০,০০০ | | |
| বিমা সেলামি (বার্ষিক) ৩৫,০০০ টাকা হারে (৩০.০৬.২২) | ৩৫,০০০ | | |
| আয়কর | ২,০০,০০০ | | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ বণ্টন | ৪,০০,০০০ | | |
| প্রাপ্য হিসাব | ৫,০০,০০০ | | |
| ব্যাংক জমা | ১৭,৫৫,০০০ | | |
| | ৮৬,২০,০০০ | | ৮৬,২০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ৮,২৫,০০০ টাকা মূল্যায়ন হয়েছে। কিন্তু এই পণ্যের বাজারমূল্য ১০,০০,০০০ টাকা; (২) শ্রমিকের মজুরি ৩০,০০০ টাকা অপ্রদত্ত রয়েছে পক্ষান্তরে বাড়িভাড়া ২৫,০০০ টাকা অগ্রিম প্রদত্ত হয়েছে; (৩) মুনাফাবিহীন বিক্রয় ১৫,০০০ টাকা; (৪) প্রাপ্য হিসাবের উপর ১০% অনাদায়ি পাওনা সঞ্চিতি রাখতে হবে; (৫) আয়করের জন্য ৫০,০০০ টাকা সঞ্চিতি রাখতে হবে।

ক. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২

খ. সংরক্ষিত আয় বিবরণী তৈরি কর। ৪

গ. চলতি মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▶ বারিন্দ্র সার্ভিস লি.-এর অনুমোদিত মূলধন ১,০০,০০০ টাকা যা ১০ টাকা মূল্যের ১০,০০০ সাধারণ শেয়ারে বিভক্ত। উক্ত কোম্পানির রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো :

**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (৫,০০০ শেয়ার প্রতিটি ১০ টাকা মূল্যের) | | ৫০,০০০ |
| বিজ্ঞাপন খরচ | ৪০,০০০ | |
| অবণ্টিত মুনাফা (১-১-২০২১) | | ২০,০০০ |
| প্রদেয় হিসাব | | ২২,০০০ |
| বেতন খরচ | ৮,০০০ | |
| ডেলিভারি ভ্যান | ৩০,০০০ | |
| সেবা আয় | | ২,০০,০০০ |
| সাপ্লাইজ খরচ | ৪,০০০ | |
| দালানকোঠা | ২,০০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ২৫,০০০ | |
| ১০% ব্যাংক ঋণ (১.৭.২১) | | ১,০০,০০০ |
| ব্যাংক জমা | ২০,০০০ | |
| ১০% বিনিয়োগ | ৫০,০০০ | |
| অগ্রিম ভাড়া | ১০,০০০ | |
| প্রদত্ত আয়কর | ৫,০০০ | |
| | ৩,৯২,০০০ | ৩,৯২,০০০ |

**সমন্বয়সমূহ :** (i) বিনিয়োগের সুদ ১,২০০ টাকা অনাদায়ি; (ii) অগ্রিম ভাড়ার ৫,০০০ টাকার মেয়াদ উত্তীর্ণ হয়েছে; (iii) ডেলিভারি ভ্যানের উপর ১০% অবচয় ধার্য করতে হবে; (iv) ঋণের সুদ সম্পূর্ণ বকেয়া রয়েছে; (v) প্রস্তাবিত লভ্যাংশ ১৫,০০০ টাকা।

ক. উক্ত কোম্পানির চলতি বছরের বহির্দায়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানির আয় বিবরণী তৈরি কর। ৪

গ. বছর শেষে কোম্পানির মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

৩ ▶ জাওয়াদ, নাসিফ ও নবীন একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। ২০১৭ সালের ১লা জানুয়ারি তারিখে তাঁদের মূলধন ছিল যথাক্রমে ৮০,০০০ টাকা; ৬০,০০০ টাকা ও ৫০,০০০ টাকা। ২০১৭ সালের ১লা জানুয়ারি তারিখে তাঁদের চলতি হিসাবের ব্যালেন্স (উদ্বৃত্ত) ছিল জাওয়াদ ৫,০০০ টাকা (ক্রেডিট), নাসিফ ২,৫০০ টাকা (ডেবিট), নবীন ৩,৭০০ টাকা (ক্রেডিট)। সম্ভাব্য লাভের আশায় জাওয়াদ ও নাসিফ ব্যবসায় থেকে প্রতি মাসের শুরুতে ৮০০ টাকা ও ৫০০ টাকা এবং নবীন প্রতিমাসের শেষে ৭০০ টাকা করে নগদ উত্তোলন করে। নগদ উত্তোলন ছাড়াও জাওয়াদ ব্যক্তিগত ব্যবহারের জন্য ৫,০০০ টাকার পণ্য ব্যবসায় হতে উত্তোলন করে যা হিসাব বইতে লেখা হয়নি। নাসিফ সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য মাসে ১,২০০ টাকা করে বেতন পায়। মূলধন ও নগদ উত্তোলনের ওপর বার্ষিক ৬% সুদ ধার্য করা হয়। তাঁরা যথাক্রমে ৩ : ২: ১ অনুপাতে মুনাফা ও ক্ষতি বণ্টন করে নেয়।

উপরিউক্ত সমন্বয়সমূহ সাধনের পূর্বে ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে মুনাফার পরিমাণ দাঁড়ায় ৫৪,৮০০ টাকা।

ক. অংশীদারদের উত্তোলনের সুদ নির্ণয় কর। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব তৈরি কর। ৪

গ. নাসিফ ও নবীনের চলতি হিসাব তৈরি কর। ৪

৪ ▶ আঁখি, মেরী ও লিপি আধুনিকা ফ্যাশন হাউজের তিনজন সমান অংশীদার। ১ জানুয়ারি, ২০২১ তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে—২,০০,০০০ টাকা; ২,৫০,০০০ টাকা ও ৩,০০,০০০ টাকা। অংশীদারি চুক্তি মোতাবেক মূলধন ও উত্তোলনের উপর বার্ষিক ১০% হারে সুদ ধার্য করতে হবে। ১ জুলাই, ২০২১ তারিখে আঁখি ও লিপি প্রত্যেকে ২০,০০০ টাকা করে অতিরিক্ত মূলধন হিসাবে বিনিয়োগ করে এবং একই তারিখে মেরী কারবারে ৩০,০০০ টাকা ঋণস্বরূপ আনয়ন করে যার উপর বার্ষিক ৮% হারে সুদ ধার্য করতে হবে। প্রত্যেক অংশীদার প্রতি মাসের প্রথমে ৪০০ টাকা করে উত্তোলন করে। উপরিউক্ত বিষয়সমূহ সমন্বয়ের পূর্বে ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখে তাদের কারবারের মুনাফার পরিমাণ ছিল ১,৭২,৮২০ টাকা।

ক. ঋণের সুদ নির্ণয় কর। ২

খ. অংশীদারগণের মূলধনের সুদ ও উত্তোলনের সুদ নির্ণয় কর। ৪

গ. লাভ-লোকসান বণ্টন হিসাব তৈরি কর। ৪

৫ ▸ ফাইজার কোম্পানি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ২,০০,০০০ শেয়ারে বিভক্ত ২০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধনসহ নিবন্ধিত হয়। কোম্পানি ২০% অবহারে অনুমোদিত মূলধনের ৭০% বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করে। ইস্যুকৃত শেয়ারের ২৫% অতিরিক্ত আবেদন পাওয়া যায়। শেয়ারগুলো যথাযথভাবে বণ্টন করা হয় এবং অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেওয়ার জন্য রিফান্ড ওয়ারেন্ট ইস্যু করা হয়। কোম্পানির একখণ্ড জমির জন্য একটি ডেভলপার কোম্পানি বরাবর অবহারসহ ৪,০০০ শেয়ার ইস্যু করা হয়।

ক. জমির ক্রয়মূল্য নির্ণয় কর। ২

খ. ফাইজার কোম্পানির হিসাব বহিতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. কোম্পানির হিসাব বইতে ব্যাংক হিসাব এবং মূলধন হিসাব তৈরি কর। ৪

৬ ▸ পূর্বাশা কোম্পানি লি. প্রতি শেয়ার ১০০ টাকা মূল্যের ১০,০০০ শেয়ার নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি অনুমোদিত শেয়ারের ৮০% শেয়ার প্রতি শেয়ার ১০% অধিহারে বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করে। ইস্যুকৃত শেয়ারের চেয়ে ২৫% অধিক আবেদন পাওয়া গেল। ইস্যুকৃত শেয়ারগুলো যথাসময়ে বিলি করা হলো এবং অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেওয়া হলো। কোম্পানি শেয়ার বিক্রয়ের জন্য অবলেখকের কমিশন বাবদ ৫০,০০০ টাকা প্রদান করেছে।

ক. শেয়ার প্রতি অধিহার ও মোট অধিহারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত তথ্যের আলোকে কোম্পানিটির বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

গ. ব্যাংক হিসাবের উদ্বৃত্ত ৮,৩০,০০০ টাকা ধরে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৭ ▸ সাগর লিমিটেডের ৩১ ডিসেম্বর ২০২১ সালের তথ্যাবলি নিম্নে দেওয়া হলো :

| বিবরণ | টাকা |
|---|---|
| শেয়ার মূলধন | ২,৫০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ১,০০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৫০,০০০ |
| প্রদেয় হিসাব | ৫০,০০০ |
| স্থায়ী সম্পদ | ৩,০০,০০০ |
| মজুদ পণ্য | ৮০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৮৫,০০০ |
| নগদ তহবিল | ১০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** বিক্রয় ১০,০০,০০০ টাকা, মোট লাভ ২,৫০,০০০ টাকা, পরিচালন খরচ ১,৫০,০০০ টাকা।

ক. নিট লাভ নির্ণয় কর। ২

খ. চলতি অনুপাত ও কার্যকরী মূলধন অনুপাত নির্ণয় কর। ৪

গ. বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত ও মোট লাভের অনুপাত নির্ণয় কর। ৪

৮ ▸ পপি লি.-এর আর্থিক অবস্থার বিবরণী নিম্নে প্রদত্ত হলো :

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ১৮,০০,০০০ | স্থায়ী সম্পদ | ১৭,০০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ২,০০,০০০ | মজুদ পণ্য | ২,০০,০০০ |
| ১৫% ঋণপত্র | ২,০০,০০০ | দেনাদার | ৩,০০,০০০ |
| পাওনাদার | ২,০০,০০০ | ব্যাংক জমা | ২,০০,০০০ |
| | ২৪,০০,০০০ | | ২৪,০০,০০০ |

ক. বিনিয়োজিত মূলধন নির্ণয় কর। ২

খ. চলতি অনুপাত ও অগ্নি পরীক্ষা অনুপাত নির্ণয় কর। ৪

গ. কার্যকরী মূলধন ও কার্যকরী মূলধন অনুপাত নির্ণয় কর। ৪

৯ ▸ যমুনা কোম্পানি লি. এর ২০২২ সালের উৎপাদনসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| তৈরি মজুদ পণ্য (০১-০১-২০২২) ৪,০০০ একক | ২০,০০০ |
| ব্যবহৃত কাঁচামাল | ১,২০,০০০ |
| মজুরি | ৭২,০০০ |
| কারখানা উপরিখরচ | ২৪,০০০ |
| প্রশাসনিক খরচ | ৪৮,০০০ |
| বিক্রয় ও বিতরণ খরচ | ২০,০০০ |

২০,০০০ একক দ্রব্য বিক্রয় করা হয়। ব্যবসায়ের অর্জিত লাভ বিক্রয়ের ওপর ২৫%। তৈরি পণ্যের সমাপনী মজুদ (৩১-১২-২০২২) ৮,০০০ একক।

ক. উৎপাদিত পণ্যের একক নির্ণয় কর। ২

খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

গ. আয় বিবরণী প্রস্তুত কর। ৪

১০ ▸ হাবিব ফার্নিচার কোম্পানি ২০২১ সালের ১ মার্চ উৎপাদনসংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ :

প্রারম্ভিক মজুদ ১২৫ একক প্রতি একক ১৬,০০০ টাকা

উৎপাদন ৭৫০ একক

বিক্রয় ৬৫০ একক প্রতি একক ২৮,০০০ টাকা

প্রত্যক্ষ মাল ৫,০০০ টাকা প্রতি একক

প্রত্যক্ষ শ্রম ৩,০০০ টাকা প্রতি একক

কারখানা উপরিব্যয় মজুরির ৭৫%

প্রশাসনিক উপরিব্যয় উৎপাদন ব্যয়ের ২৫% এবং বিক্রয় খরচ ৭৫,০০০ টাকা।

ক. মুখ্য ব্যয় নির্ণয় কর। ২

খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

গ. নিট মুনাফার পরিমাণ নির্ণয় কর এবং বিক্রয়ের উপর মোট মুনাফার শতকরা হার নিরূপণ কর। ৪

১১ ▸ আবিদ কোম্পানি লি. ২০২১ সালের ডিসেম্বর মাসের কাঁচামালসংক্রান্ত তথ্যসমূহ নিম্নরূপ :

| তারিখ | বিবরণ | একক | একক ব্যয় টাকা |
|---|---|---|---|
| ২০২১ | | | |
| ডিসে. ১ | প্রারম্ভিক মজুদ | ২০০ | ১০ |
| ” ৬ | ক্রয় | ১০০ | ১০.৪০ |
| ” ৯ | বিক্রয় | ২৬০ | .. |
| ” ১৬ | ক্রয় | ১৬০ | ১০.৮০ |
| ” ২০ | বিক্রয় | ১০০ | .. |

ক. সমাপনী মজুদ পণ্যের পরিমাণ (একক) নির্ণয় কর। ২

খ. FIFO পদ্ধতিতে বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. ১, ৬, ৯ ও ১৬ তারিখের তথ্য ব্যবহার করে ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

## ৫৯ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩

বিষয় কোড : 2 5 4

### হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ◆ সৃজনশীল প্রশ্ন

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ রূপালী কোম্পানি লি. এর অনুমোদিত মূলধন ৪,০০,০০০ টাকা, যা প্রতিটি ১০০ টাকা মূল্যের ৪,০০০ শেয়ারে বিভক্ত। ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ :

**রেওয়ামিল**

২০২১ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| ক্রয় | ১,৭৫,০০০ | শেয়ার মূলধন (২,০০০ শেয়ার) | ২,০০,০০০ |
| মজুরি | ১৫,০০০ | বিক্রয় | ২,৯০,০০০ |
| অন্তর্মুখী বহন খরচ | ১২,০০০ | বহিঃফেরত | ২,০০০ |
| মজুদ পণ্য (০১.০১.২১) | ২০,০০০ | বকেয়া মজুরি | ৭,০০০ |
| অগ্রিম ভাড়া | ৮,০০০ | প্রদেয় হিসাব | ১৫,০০০ |
| বেতন | ২০,০০০ | ব্যাংক জমাতিরিক্ত | ১৫,০০০ |
| প্রাপ্য হিসাব | ৯৩,০০০ | ১০% ঋণ (১.৭.২১) | ২০,০০০ |
| বিমা সেলামি (বার্ষিক ২,৫০০) | ৩,০০০ | প্রাপ্ত ভাড়া | ৫,০০০ |
| কলকব্জা | ৮০,০০০ | | |
| ব্যাংক জমাতিরিক্তের সুদ | ৫,০০০ | | |
| নগদ তহবিল | ৬৮,০০০ | | |
| মনিহারি | ৫,০০০ | | |
| ১০% বিনিয়োগ (০১.০১.২১) | ৫০,০০০ | | |
| | ৫,৫৪,০০০ | | ৫,৫৪,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ পণ্যের মূল্য ১,৪৮,০০০ টাকা; (২) সমাপনী মজুদের মধ্যে ৩,০০০ টাকার পণ্য আছে যা বিক্রীত কিন্তু সরবরাহ করা হয়নি। উক্ত পণ্য বিক্রয় বহিতে লেখা আছে; (৩) বেতন ২ মাসের বকেয়া রয়েছে; (৪) ১.১০.২১ তারিখে ক্রয়কৃত ৫৫,০০০ টাকার মেশিন হিসাবভুক্ত হয়নি, যার সংস্থাপন ব্যয় প্রদত্ত হয় ৫,০০০ টাকা; (৫) স্থায়ী সম্পদের উপর ১০% অবচয় ধরতে হবে। আয়করের জন্য ২০,০০০ টাকা প্রভিশন (সঞ্চিতি) রাখতে হবে।

ক. সমাপনী তারিখে চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২১ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের মোট লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. ২০২১ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের কোম্পানির মোট লাভ ২,১৫,০০০ টাকা নিট লাভ বা নিট ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▶ মেঘনা সিমেন্ট কোম্পানি লি. ৫০,০০০ শেয়ার প্রতিটি ২০ টাকা করে নিবন্ধিত ছিল। ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে ঐ কোম্পানির রেওয়ামিল ছিল নিম্নরূপ :

**মেঘনা সিমেন্ট কোম্পানি লি.-এর**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২০ তারিখের

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| শেয়ার মূলধন (১৬,০০০ শেয়ার প্রতিটি ২০ টাকা হারে) | | ৩,২০,০০০ |
| সঞ্চিতি তহবিল | | ৭০,০০০ |
| আয়কর সঞ্চিতি | | ৭,০০০ |
| সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত (০১-০১-২০২০) | | ১,৩৫,০০০ |
| ইজারা সম্পত্তি (১৫ বছর) | ৩,০০,০০০ | |
| মজুদ পণ্য (০১-০১-২০২০) | ১,০০,০০০ | |
| কলকব্জা ও যন্ত্রপাতি | ৪০,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৪০,০০০ | ৩৬,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ১,৬০,০০০ | ৩,০০,০০০ |
| বেতন | ৪৮,০০০ | |
| ভাড়া | ৪০,০০০ | |
| প্রাথমিক খরচাবলি | ৫০,০০০ | |
| বিজ্ঞাপন | ৫০,০০০ | |
| আয়কর | ১০,০০০ | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ২০,০০০ | |
| ব্যাংক জমার উদ্বৃত্ত | ১০,০০০ | |
| | ৮,৬৮,০০০ | ৮,৬৮,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে সমাপনী মজুদ পণ্য ১,৫০,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে। উক্ত মজুদ পণ্যের ১০,০০০ টাকা মূল্যের পণ্য আগুনে বিনষ্ট হয়েছে যা বিমা দ্বারা নিশ্চিত ছিল না; (২) প্রাপ্য হিসাবের ৪,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ১০% অনাদায়ি পাওনা সঞ্চিতি রাখতে হবে; (৩) নিট লাভের ২০,০০০ টাকা সঞ্চিতি তহবিলে স্থানান্তর করতে হবে; (৪) আয়কর সঞ্চিতি ১০,০০০ টাকা রাখতে হবে;(৫) শেয়ার মূলধনের ওপর ১০% লভ্যাংশ ঘোষণা করতে হবে।

ক. সমাপনী মজুদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. নিট লাভ ২,৪০০ টাকা ধরে সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির সম্পত্তির পরিমাণ নির্ণয় কর। ৪

৩ ▶ কলি, খোকন ও গণি একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তারা যথাক্রমে ১/৩, ১/৪ ও ১/৮ অংশ হিসাবে লাভ-লোকসান বণ্টন করে। ১ জানুয়ারি ২০২২ তারিখে তাদের মূলধন হিসাবের উদ্বৃত্ত ছিল যথাক্রমে ১,২৫,০০০ টাকা; ৯০,০০০ টাকা ও ৭৫,০০০ টাকা। চুক্তি অনুযায়ী শুধু কলি তার মূলধনের উপর বার্ষিক ১০% হারে সুদ পাবে। গণি সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য মাসিক ৬,০০০ টাকা বেতন পায় যা সে নগদে গ্রহণ করে। খোকন প্রতিষ্ঠানের বিপণন বিষয় দেখাশুনা করার কারণে তার কমিশন ধার্য করার পূর্ববর্তী নিট লাভের ওপর ১০% হারে কমিশন পাবে। অংশীদারগণ মুনাফার প্রত্যাশায় যথাক্রমে ৭,৫০০ টাকা; ৪,৫০০ টাকা ও ৩,৫০০ টাকা করে উত্তোলন করে। তাছাড়া খোকন ১,০০০ টাকার পণ্য উত্তোলন করেন। কলি বছরের মাঝামাঝি সময়ে কারবারে নগদ ৩৫,০০০ টাকা অতিরিক্ত মূলধন বিনিয়োগ করেন। গণি এর বেতন ডেবিট করার পর কিন্তু অন্যান্য সমন্বয়সাধন করার পূর্বে কারবারের মুনাফা ছিল ৫০,০০০ টাকা। অংশীদারগণ এ বছর থেকে স্থায়ী পদ্ধতিতে মূলধন হিসাব রাখার সিদ্ধান্ত নেয়।

ক. অংশীদারদের লাভ-লোকসান বণ্টন অনুপাত নির্ণয় কর। ২

খ. ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে অংশীদারদের লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. অংশীদারদের চলতি হিসাব প্রস্তুত কর। ৪

৪ ▶ রবি ও বেলাল একটি অংশীদারি কারবারের দুইজন অংশীদার। তারা ৪ : ৩ অনুপাতে লাভ-লোকসান বণ্টন করে। ১ জানুয়ারি ২০২১ তারিখে তাদের মূলধন হিসাবের উদ্বৃত্ত ছিল যথাক্রমে ২,০০,০০০ ও ১,৫০,০০০ টাকা। সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য বেলাল মাসিক ১,৫০০ টাকা বেতন পায়। বছরের মাঝামাঝি সময়ে বেলাল ৫০,০০০ টাকা অতিরিক্ত মূলধনস্বরূপ কারবারে আনয়ন করে। ১ জুলাই, ২০২১ তারিখে রবি ৬০,০০০ টাকা ঋণস্বরূপ প্রদান করে। প্রত্যেক মাসের শুরুতে রবি ও বেলাল যথাক্রমে ১,০০০ টাকা ও ৮০০ টাকা করে উত্তোলন করে। মূলধন ও উত্তোলনের উপর যথাক্রমে ৫% ও ১০% হারে সুদ ধার্যের সিদ্ধান্ত গৃহীত হয়। উপরিউক্ত সমন্বয়সাধনের পূর্বে ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য কারবারে নিট মুনাফা হয় ১,২৫,০০০ টাকা।

ক. রবি এর ঋণ হিসাব প্রস্তুত কর। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. অংশীদারগণের চলতি হিসাব প্রস্তুত কর। ৪

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ৬০ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪

বিষয় কোড : 2 5 4

সময়– ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র — বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. নিচের কোনটিকে কোম্পানির গঠনতন্ত্র বলা হয়?**
K বিবরণপত্র L নিবন্ধনপত্র
M পরিমেল নিয়মাবলি N স্মারকলিপি

■ **উদ্দীপকটি পড়ে ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :**
জায়ান লি. বিক্রয়মূল্যের ওপর ২৫% মোট লাভে পণ্য বিক্রয় করে থাকে। ব্যবসায়ের বিক্রীত পণ্যের ব্যয় ৭,৫০,০০০ টাকা এবং পরিচালন খরচ ১,৫০,০০০ টাকা।

**২. কোম্পানি বিক্রয়ের পরিমাণ কত?**
K ১,৮৭,৫০০ টাকা L ৯,৩৭,৫০০ টাকা
M ১০,০০,০০০ টাকা N ১১,৫০,০০০ টাকা

**৩. ব্যবসায়ের নিট মুনাফার পরিমাণ কত?**
K ৮৪,৩৭৫ টাকা L ১,০০,০০০ টাকা
M ১,৫০,০০০ টাকা N ২,৫০,০০০ টাকা

**৪. স্থায়ী মূলধন পদ্ধতিতে প্রত্যেক অংশীদারের জন্য কয়টি হিসাব খোলা হয়?**
K ২টি L ৩টি
M ৪টি N ৫টি

**৫. অবহারে শেয়ার বণ্টন কোন ধরনের লোকসান?**
K মূলধনজাতীয়
L মুনাফাজাতীয়
M বিলম্বিত মুনাফাজাতীয়
N বিলম্বিত মূলধনজাতীয়

**৬. নিচের কোনটি চলতি সম্পদ?**
K প্রাপ্য নোট L শেয়ার অবহার
M ট্রেডমার্কস N সুনাম

**৭. বেতন পূরক হলো–**
i. বাড়ি ভাড়া ভাতা
ii. টিফিন ভাতা
iii. বিনিয়োগ ভাতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮. নিচের কোনটি কাল্পনিক বা ভুয়া সম্পদ?**
K সুনাম L ঋণের পত্র অবহার
M ট্রেডমার্ক N পেটেন্ট

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
সুরমা কোম্পানি লি. এর নিট বিক্রয় ৪২,০০০ টাকা, মোট লাভ ৮,৪০০ টাকা, প্রারম্ভিক মজুদ পণ্য ৪,০০০ টাকা এবং সমাপনী মজুদ পণ্যের পরিমাণ ৬,০০০ টাকা।

**৯. সুরমা কোম্পানির বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ কত টাকা?**
K ৩৩,৬০০ টাকা L ৩৫,৬০০ টাকা
M ৪৪,০০০ টাকা N ৪৮,০০০ টাকা

**১০. সুরমা কোম্পানির মজুদ আবর্তন অনুপাত কত?**
K ৩.৩৬ বার L ৪.৩২ বার
M ৫.৬০ বার N ৬.৭২ বার

**১১. একটি কোম্পানির ঋণপত্র–**
K চলতি দায় L স্বল্পমেয়াদি দায়
M বহির্দায় N আন্তঃদায়

**১২. উৎপাদনের মূল উপাদান কী?**
K কাঁচামাল
L মজুরি
M কারখানা উপরিখরচ
N বিক্রয় ও বণ্টন খরচ

**১৩. বিন কার্ড থেকে কী জানা যায় না?**
K মজুদ মালের মূল্য
L মজুদ মালের পরিমাণ
M মজুদ মালের প্রাপ্তি
N মজুদ মালের নির্গমন

**১৪. স্থির খরচযুক্ত তহবিল হলো–**
i. দীর্ঘমেয়াদি ঋণপত্র
ii. প্রদেয় হিসাব
iii. অগ্রাধিকার শেয়ার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৫. শ্রমিক-কর্মচারীদের অনার্থিক সুবিধা কোনটি?**
K বিনোদনের ব্যবস্থা L মহার্ঘ ভাতা
M টিফিন ভাতা N উৎসব ভাতা

**১৬. মজুদ মূল্যায়নের সহজ পদ্ধতি কোনটি?**
K আগে আসে আগে ছাড় পদ্ধতি
L পরে আসে আগে ছাড় পদ্ধতি
M ভারযুক্ত গড় পদ্ধতি
N সাধারণ গড় পদ্ধতি

**১৭. কোন পদ্ধতি পণ্যের মূল্যায়ন অপেক্ষা কম/বেশি হতে পারে?**
K FIFO L LIFO
M ভারযুক্ত গড় N স্থিরকৃত মূল্য

**১৮. নিয়োগকর্তা কর্মীদের পক্ষে যে সকল ব্যয় বহন করেন তার মূল্যকে কী বলে?**
K আর্থিক সুবিধা L পরিপূরক সুবিধা
M বোনাস N আনুতোষিক

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
XYZ কোম্পানিতে রনি একজন কর্মকর্তা। তার মূল বেতন মাসিক ১০,০০০ টাকা। মহার্ঘ ভাতা ২০%, সাপ্তাহিক আপ্যায়ন ভাতা ২০০ টাকা। জুলাই মাসে মূল বেতনের সমপরিমাণ টাকা বোনাস হিসাবে পেয়েছিলেন।

**১৯. মহার্ঘ ভাতার পরিমাণ কত?**
K ২,০০০ টাকা L ৩,০০০ টাকা
M ৩,৫০০ টাকা N ৪,০০০ টাকা

**২০. মাসে আপ্যায়ন ভাতার পরিমাণ কত টাকা?**
K ২০০ টাকা L ৩০০ টাকা
M ৬০০ টাকা N ৮০০ টাকা

**২১. বিন কার্ডে সংরক্ষণ করা হয় পণ্যের–**
K মূল্য L পরিমাণ
M গুণাগুণ N মূল্য ও পরিমাণ

**২২. 'অগ্রিম খরচ' একটি–**
K স্থায়ী সম্পদ L তরল সম্পদ
M অলীক সম্পদ N চলতি সম্পদ

**২৩. কার্যকরী মূলধন অনুপাত কারবারের কী যাচাই করার জন্য নির্ণয় করা হয়?**
K তারল্যতা L সচ্ছলতা
M মুনাফা অর্জন N দক্ষতা যাচাই

■ **উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
করিম, রহিম ও শাপলা একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার। মুনাফার প্রত্যাশায় করিম প্রতি মাসের প্রথম তারিখে ৫০০ টাকা এবং শাপলা প্রতি মাসের শেষ তারিখে ১,০০০ টাকা করে নগদ উত্তোলন করে। উত্তোলনের ওপর ৫% হারে সুদ ধার্য করতে হবে।

**২৪. করিমকে কত মাসের সুদ দিতে হবে?**
K ৫.৫ মাস L ৬ মাস
M ৬.৫ মাস N ১২ মাস

**২৫. উক্ত বছরে শাপলার উত্তোলনের ওপর ধার্যকৃত সুদ অংশীদারি কারবারে নিচের কোনটিকে প্রভাবিত করে?**
K আয় L দায়
M শাপলার ঋণ হিসাব N ব্যয়

**২৬. অংশীদারদের চলতি হিসাবের ডেবিট উদ্বৃত্ত কী প্রকাশ করে?**
K দায় L আয়
M সম্পদ N ব্যয়

**২৭. শেয়ার ইস্যু করা যেতে পারে–**
i. লিখিত মূল্যের সমান মূল্যে
ii. লিখিত মূল্য হতে বেশি মূল্যে
iii. লিখিত মূল্য হতে কম মূল্যে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৮. বর্তমানে বাংলাদেশে প্রচলিত কোম্পানি আইন কত সালে প্রবর্তন করা হয়?**
K ১৯১৩ L ১৯৩২
M ১৯৯১ N ১৯৯৪

**২৯. মহার্ঘ ভাতা প্রদান করা হয়–**
i. জীবনযাত্রার ব্যয় বৃদ্ধির জন্য
ii. মুদ্রাস্ফীতির জন্য
iii. দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. চলতি অনুপাতের আদর্শ মান কোনটি?**
K ২ : ১ L ১ : ১
M ১ : ২ N ৩ : ১

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | M | ৩ | L | ৪ | K | ৫ | K | ৬ | K | ৭ | K | ৮ | L | ৯ | K | ১০ | N | ১১ | M | ১২ | K | ১৩ | K | ১৪ | L | ১৫ | K |
| ১৬ | K | ১৭ | M | ১৮ | L | ১৯ | K | ২০ | N | ২১ | L | ২২ | N | ২৩ | K | ২৪ | M | ২৫ | K | ২৬ | M | ২৭ | N | ২৮ | N | ২৯ | N | ৩০ | K |

## ৬১ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৫

বিষয় কোড : 2 5 4

সময়– ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. ঋণপত্রের মালিকদের অর্জন কী?**
K লভ্যাংশ L সুদ
M ভাতা N সম্মানি

**২. নিচের কোনটি কাল্পনিক সম্পদ?**
K সুনাম L পণ্য স্বত্ব
M ট্রেডমার্ক N ঋণপত্রের অবহার

**৩. নিচের কোনটি উপার্জন?**
K অগ্রিম বেতন L জরিমানা
M যাতায়াত ভাতা N আয়কর

**৪. যৌথমূলধনী কোম্পানিতে মালিকানাস্বত্বের অংশ হচ্ছে–**
i. শেয়ার মূলধন
ii. সঞ্চিতি ও উদ্বৃত্ত
iii. সংরক্ষিত আয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৫. পণ্যের দাম কমে গেলে, কোন মজুদ পদ্ধতি সর্বাধিক বিবেচ্য?**
K সরল গড় পদ্ধতি
L ভারযুক্ত গড় পদ্ধতি
M LIFO
N FIFO

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
কামাল কোম্পানি লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে নিবন্ধিত। কোম্পানি ৩০,০০০ শেয়ার ৩,৭০,০০০ টাকায় এবং ৫০,০০০ শেয়ার ৬,৪০,০০০ টাকায় বিলি করল।

**৬. কামাল কোম্পানি লি. এর মোট অধিহারের পরিমাণ কত?**
K ৭০,০০০ টাকা L ১,৪০,০০০ টাকা
M ২,১০,০০০ টাকা N ২,৭০,০০০ টাকা

**৭. উক্ত কোম্পানির মোট বিলিকৃত মূলধনের পরিমাণ কত?**
K ৩,০০,০০০ টাকা L ৫,০০,০০০ টাকা
M ৮,০০,০০০ টাকা N ১০,০০,০০০ টাকা

**৮. নিচের কোনটি আন্তঃদায়?**
K বকেয়া বেতন L পাওনাদার
M সঞ্চিতি তহবিল N বন্ধকি ঋণ

**৯. কোন আইন অনুযায়ী অংশীদারি কারবার গঠিত হয়?**
K ১৯১৩ L ১৯৩২
M ১৯৯১ N ১৯৯৪

**১০. অংশীদারদের মধ্যে মুনাফা বণ্টিত হয়–**
i. চুক্তি অনুসারে
ii. চুক্তির অবর্তমানে সমানভাবে
iii. চুক্তির অবর্তমানে মূলধন অনুপাতে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১১. কোনটি মালিকানাস্বত্বের অংশ নয়?**
K শেয়ার মূলধন L সাধারণ সঞ্চিতি
M ঋণপত্র N নিট লাভ

**১২. অদাবিকৃত লভ্যাংশ প্রতিষ্ঠানের জন্য কী?**
K সম্পদ L দায়
M আয় N ব্যয়

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
প্রত্যক্ষ কাঁচামাল ১,৪০,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরি ১,০৮,০০০ টাকা, কারখানা উপরিব্যয় ৩২,৪০০ টাকা, অফিস ও প্রশাসনিক উপরিব্যয় ২৮,০৫০ টাকা।

**১৩. মজুরির উপর কারখানা উপরিব্যয়ের শতকরা হার কত?**
K ৩৫% L ৩০%
M ২৫% N ২০%

**১৪. কারখানা ব্যয়ের উপর অফিস ও প্রশাসনিক উপরিব্যয়ের শতকরা হার কত?**
K ১৫% L ১২%
M ১০% N ৮%

**১৫. একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানের মজুদ পণ্যকে কয়ভাগে বিভক্ত করা হয়?**
K ২ ভাগে L ৩ ভাগে
M ৪ ভাগে N ৫ ভাগে

**১৬. কোম্পানির মূলধন সংগ্রহের প্রধান উৎস কোনটি?**
K ঋণপত্র বিক্রয় L শেয়ার বিক্রয়
M পণ্য বিক্রয় N ব্যাংক ঋণ গ্রহণ

**১৭. মজুদ মূল্যায়ন পদ্ধতি হলো–**
i. কালান্তিক মজুদ পদ্ধতি
ii. নিত্য মজুদ পদ্ধতি
iii. আগের মাল আগে ছাড়া পদ্ধতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**১৮. অংশীদারি ব্যবসায় পরিচালনা করে কে?**
K অংশীদার L ব্যবস্থাপক
M পরিচালক N পরিচালনা পর্ষদ

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
আবদুল্লা লি. জুন ১০, ১৫ ও ১৮ তারিখে যথাক্রমে ১০ টাকা হারে ২০০ একক, ১১ টাকা হারে ২৫০ একক এবং ১২ টাকা হারে ৩০০ একক কাঁচামাল ক্রয় করে।

**১৯. "আগের মাল আগে যাবে" পদ্ধতিতে জুন ২০ তারিখে ১০০ একক মাল ইস্যু করা হলে তার মোট মূল্য কত টাকা হবে?**
K ১,০০০ L ১,১০০
M ১,১৫০ N ১,২০০

**২০. ভারযুক্ত গড় পদ্ধতিতে জুন ৩০ তারিখে এককপ্রতি মজুদ পণ্যের মূল্য কত হবে?**
K ১০ টাকা L ১০.৫০ টাকা
M ১১ টাকা N ১১.১৩ টাকা

**২১. পাবলিক লিমিটেড কোম্পানির ক্ষেত্রে সর্বনিম্ন সদস্য সংখ্যা কত জন?**
K ২ জন L ৫ জন
M ৭ জন N ৫০ জন

**২২. বাংলাদেশের শেয়ারবাজার নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান কোনটি?**
K BSCE L BILO
M BSEC N BWHO

**২৩. বিজ্ঞাপন খরচ বিলম্বিত করলে প্রতিষ্ঠানের আয় বিবরণীতে কী প্রভাব পড়ে?**
K মোট ব্যয় বৃদ্ধি
L মোট আয় বৃদ্ধি
M নিট আয় বৃদ্ধি
N বিক্রীত পণ্যের ব্যয় বৃদ্ধি

**২৪. কোনটি ব্যবসায় প্রতিষ্ঠানের সর্বোচ্চ তরল সম্পদ?**
K নগদ উদ্বৃত্ত L মজুদ পণ্য
M প্রাপ্য হিসাব N প্রাপ্য নোটস

**২৫. অংশীদারদের চলতি হিসাবের মধ্যে অন্তর্ভুক্ত থাকে–**
i. মূলধনের সুদ
ii. মুনাফার অংশ
iii. অতিরিক্ত মূলধন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৬. ত্বরিত অনুপাতের আদর্শমান কোনটি?**
K ১ ঃ ১ L ২ ঃ ১
M ১ ঃ ২ N ৩ ঃ ১

**২৭. নিচের কোনটি রূপান্তরিত ব্যয়ের উপাদান?**
K কাঁচামাল L মজুরি
M অফিস ভাড়া N বিজ্ঞাপন

**২৮. ক্রয় অধিযাচনপত্র কোথায় পেশ করা হয়?**
K ক্রয় বিভাগে L গুদামরক্ষকের নিকট
M ব্যবস্থাপকের নিকট N বিক্রয় বিভাগে

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
মারিয়া লি. এর ২০২০ সালের প্রারম্ভিক মজুদ পণ্য ৫০,০০০ টাকা, বিক্রয় ৪,৬০,০০০ টাকা ও সমাপনী মজুদ পণ্য ৪০,০০০ টাকা। প্রতিষ্ঠান সর্বদা ক্রয়মূল্যের ওপর ২৫% মুনাফা ধরে বিক্রয় করা হয়।

**২৯. মারিয়া লি. এর ২০২০ সালে বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ কত?**
K ৪,৭০,০০০ টাকা L ৪,৫০,০০০ টাকা
M ৩,৬৮,০০০ টাকা N ৩,৪৫,০০০ টাকা

**৩০. অন্যান্য বিষয় অপরিবর্তিত রেখে বিক্রয়ের ওপর মোট মুনাফার হার ৩০% হলে তার প্রভাবে–**
i. বিক্রীত পণ্যের ব্যয় হ্রাস পাবে
ii. মোট লাভের পরিমাণ বৃদ্ধি পাবে
iii. ক্রয়ের ওপর কোনো প্রভাব পড়বে না
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | N | ৩ | M | ৪ | N | ৫ | N | ৬ | M | ৭ | M | ৮ | M | ৯ | L | ১০ | K | ১১ | M | ১২ | L | ১৩ | L | ১৪ | M | ১৫ | L |
| ১৬ | L | ১৭ | K | ১৮ | K | ১৯ | K | ২০ | N | ২১ | M | ২২ | M | ২৩ | M | ২৪ | K | ২৫ | K | ২৬ | K | ২৭ | L | ২৮ | K | ২৯ | M | ৩০ | N |

## ৬২ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৬

বিষয় কোড : 2 5 4

### হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়– ৩০ মিনিট পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. কোনটি অংশীদারি ব্যবসায়ের মূল ভিত্তি?**
K চুক্তিপত্র L নিবন্ধনপত্র
M অনুমতিপত্র N ট্রেড লাইসেন্স

**২. যে মূলধন অংশীদারদের স্বার্থ সংশ্লিষ্ট দেনা-পাওনা দ্বারা হ্রাস-বৃদ্ধি পায় না তাকে কী বলে?**
K স্থায়ী মূলধন
L পরিবর্তনশীল মূলধন
M চলতি মূলধন
N প্রারম্ভিক মূলধন

**৩. অংশীদারি ব্যবসায়ের মূল বৈশিষ্ট্য হলো–**
i. চুক্তি
ii. একাধিক সদস্য
iii. অসীম দায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৪. বাংলাদেশের কোম্পানি আইনে কয় ধরনের কোম্পানির উল্লেখ আছে?**
K ৪ L ৩
M ২ N ১

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :**
একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানে সপ্তাহে ৪৮ ঘণ্টা অনুসরণ করা হয়। উক্ত প্রতিষ্ঠানের তথ্যাবলি নিচে প্রদত্ত হলো : প্রতি একক উৎপাদনের প্রমাণ সময় ৫ মিনিট। ঘণ্টাপ্রতি মজুরি ৯ টাকা।

**৫. সাপ্তাহিক প্রমাণ উৎপাদনের পরিমাণ কত?**
K ১৯২ একক L ২৪০ একক
M ৪৩২ একক N ৫৭৬ একক

**৬. প্রতি এককের মজুরি কত?**
K ০.৫৬ টাকা L ০.৭৫ টাকা
M ১,৩৩ টাকা N ১.৮০ টাকা

**৭. কোম্পানির অনুমোদিত মূলধনের সমান ক্ষুদ্র একককে কী বলে?**
K শেয়ার L স্টক
M ঋণপত্র N ওয়ারেন্ট

**৮. কোনটি কোম্পানির মূল সনদ?**
K শেয়ার L ঋণপত্র
M স্মারকলিপি N নিবন্ধনপত্র

**৯. অসমম্বিত ব্যয় হলো–**
i. বিলম্বিত বিজ্ঞাপন
ii. শেয়ার বাট্টা
iii. নিট ক্ষতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১০. ভারতীয় অংশীদারি আইন–**
K ১৯৯৪ L ১৯৮৪
M ১৯৩২ N ১৯১৩

**১১. অবচয় কোন ধরনের ব্যয়?**
K বকেয়া ব্যয় L অনগদ ব্যয়
M মূলধনজাতীয় ব্যয় N নগদ ব্যয়

■ **উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও :**
তাসফিয়া কোম্পানির বিক্রয়ের পরিমাণ ১২,০০,০০০ টাকা, বিক্রয় ফেরত ৮০,০০০ টাকা, বিক্রয় বাট্টা ৪০,০০০ টাকা, মোট লাভ ৪,০০,০০০ টাকা ও নিট লাভ ১,৫০,০০০ টাকা।

**১২. কোম্পানির মোট লাভ অনুপাত কত?**
K ১৩.৮৮% L ৩৩.৩৩%
M ৩৫.৭১% N ৩৭.০৩%

**১৩. মোট লাভ অনুপাত দ্বারা যাচাই করা হয় প্রতিষ্ঠানের–**
K আর্থিক সচ্ছলতা
L ব্যবস্থাপকীয় দক্ষতা
M মুনাফা অর্জন ক্ষমতা
N ঋণ পরিশোধের ক্ষমতা

**১৪. অনুপার্জিত আয় একটি–**
K দায় L সম্পদ
M মালিকানাস্বত্ব N আয়

**১৫. কোনটি অস্পর্শনীয় সম্পত্তি?**
K প্রাপ্য নোট L সুনাম
M প্রাপ্য হিসাব N বিনিয়োগ

**১৬. বিন কার্ডে উল্লেখ থাকে–**
i. মালের আগমন
ii. মালের নির্গমন
iii. মালের মূল্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৭. কোনটি উৎপাদন ব্যয় হিসাবে অন্তর্ভুক্ত হয় না?**
K ভাড়া খরচ L বেতন খরচ
M আয়কর N পরোক্ষ কাঁচামাল

**১৮. কোনটি আর্থিক অবস্থার বিবরণীতে অসমম্বয়কৃত ব্যয় হিসেবে দেখানো হয়?**
K সুনাম L ঋণের সুদ
M শেয়ার অবহার N শেয়ার অধিহার

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
আবরার, আফনান ও হাসান একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। প্রতিমাসের শুরুতে আবরার ৫০০ টাকা, প্রতিমাসের মাঝামাঝি আফনান ৫০০ টাকা এবং প্রতিমাসের শেষে হাসান ৩০০ টাকা উত্তোলন করে। উত্তোলনের সুদ ১০% এবং হিসাবকাল ১ বছর।

**১৯. আবরার, আফনান ও হাসানের মোট উত্তোলনের পরিমাণ কত টাকা?**
K ১,৩০০ L ৭,৮০০
M ১৪,৮০০ N ১৫,৬০০

**২০. হাসানের উত্তোলনের সুদের পরিমাণ কত টাকা?**
K ১৬৫ L ৩০০
M ৩৬০ N ৬০০

**২১. বিক্রয়যোগ্য পণ্যের ব্যয় থেকে সমাপনী মজুদ পণ্য বাদ দিলে কী পাওয়া যায়?**
K প্রারম্ভিক মজুদ পণ্য
L নিট ক্রয়
M নিট বিক্রয়
N বিক্রীত পণ্যের ব্যয়

**২২. নিচের কোনটি ত্বরিত সম্পদ নয়?**
K নগদ L দেনাদার
M ব্যাংক জমা N অগ্রিম খরচ

**২৩. নিচের কোনটি তরল সম্পত্তির অন্তর্ভুক্ত?**
K হাতে নগদ L অগ্রিম বেতন
M বিনিয়োগ N মজুদ পণ্য

**২৪. নিচের কোনটি অনার্থিক সুবিধা?**
K বেতন L মজুরি
M বিনা বেতনে সুবিধা N চিকিৎসা ভাতা

**২৫. অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুতের পদ্ধতি হলো–**
i. স্থায়ী মূলধন পদ্ধতি
ii. সমন্বিত মূলধন পদ্ধতি
iii. পরিবর্তনশীল মূলধন পদ্ধতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২৬. প্রারম্ভিক মজুদ বেশি দেখালে কী বেশি দেখানো হবে?**
K সম্পত্তি
L নিট ক্রয়
M নিট আয়
N বিক্রীত পণ্যের ব্যয়

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
গামা কোম্পানির অনুমোদিত মূলধন প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত। প্রথম বছর কোম্পানি ১ টাকা অধিহারে ৬০,০০০ শেয়ার ইস্যু করে। ৮০,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল।

**২৭. শেয়ার অধিহারের পরিমাণ কত টাকা?**
K ২০,০০০ টাকা L ৪০,০০০ টাকা
M ৬০,০০০ টাকা N ৮০,০০০ টাকা

**২৮. শেয়ার আবেদনে কত টাকা পাওয়া গেল?**
K ৬,০০,০০০ টাকা L ৬,৬০,০০০ টাকা
M ৮,০০,০০০ টাকা N ৮,৮০,০০০ টাকা

**২৯. দ্রব্য মূল্য বৃদ্ধির সাথে তাল মিলানোর জন্য কী প্রদান করা হয়?**
K বেতন L মহার্ঘ ভাতা
M মজুরি N পরিপূরক সুবিধা

**৩০. নিম্নের কোনটি আর্থিক সুবিধা নয়?**
K মহার্ঘ ভাতা L চিকিৎসা ভাতা
M চিকিৎসা সুবিধা N বোনাস

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | K | ৩ | N | ৪ | L | ৫ | N | ৬ | L | ৭ | K | ৮ | M | ৯ | N | ১০ | M | ১১ | L | ১২ | N | ১৩ | M | ১৪ | K | ১৫ | L |
| ১৬ | K | ১৭ | M | ১৮ | M | ১৯ | N | ২০ | K | ২১ | N | ২২ | N | ২৩ | K | ২৪ | M | ২৫ | M | ২৬ | N | ২৭ | M | ২৮ | N | ২৯ | L | ৩০ | M |